

মাসিক পত্র ও সমালোচন।

802 10, 268

শীযোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যার বিদ্যাভূষণ এম্, এ, কর্ত্ব সম্পাদিত

১৪৮নং বারাণদা খোষের ষ্ট্রীট্ সংস্কৃত যন্ত্রের পুস্তকালয় হাইতে প্রকাশিত।

কলিকতো।

জি, নি, বহু কোম্পানি কছুৰ ৩০ নং বেচু চাটুবোর ট্রাই কছু-প্রাচন কুজিত।



ষাসিক পত্ৰ ও সমালো

একে একে

্সাম্র একটী পোয়া, পদী ছিল, त्र दातकः। अलः वृति वृत्वः। अध्यत्रः। বেম্ন ইংরাজ-বিথিত আর্তবর্ষের ইুতি-হাস (মন্ত্রা বিশ্বিক বিংহের চিত্র) পড়িয়া अश्वन काइक्विजयी विषित्र साहित्क श्रुभिनीत मध्य क्वानी तीत नुभावनवावन ন্ধাকি ব্যার, ভারতীয় ব্রিটীশ, গবর্ণমেন্টকে , मूब्लमान, ताबक आर्थका व्यानक श्रंप . छ ९ क झे. बहित, न स्कूमाइड निस्मा कति, छ १-्रिक्शान्त्र शृनानी विषयी क्रांटेवटक वीदा-

ধন বলি, ঝান্সীর রাণীকে অভিসম্পাত कति वास्त्री बीन्मनाक शानि निर्वे, अवः -সিপাহীবিদ্রোহকে ভারতের কলক্ বলিয়: রাজভক্ত হই ও ইংরাজগণের হইজে মহামূল্য পুরস্কার লাভ আমার পাণীটিও দেই রূপ যাহা যাহা, শিপাইরাছিলাম ভাহাই উক্ষারণ করিয়া আমার প্রীতি লাভ করি-য়াছিল। ইংরাজভক বাদালী জাতিকে ारतमन हैं:बोकशक जान वारमन, जानि-্পপ্লগ্য বলি, মালুকুকুনের সুহিত ক্লাইবের । 🔖 তেমনি পাথীটাকে তাল বাসিডাম।

কাটিয়া বাটীর ছাদের উপর গিয়া বসিল। । ঙ্গকে ছাড়িয়া দিব। কিন্তু আবার ভাবি-ছাদে বসিয়া এদিক ওদিক চাহিতেছে এমত সময়ে তাহাকে কডকগুলি কাক আসিয়া তাড়া করিল। আমি তাহাকে ডাকিতে লাগিলাম। পাথীটী ভাল উড়িতে পারিত না, স্তরাং সে ভূপতিত হইয়া আমাকে ধরা দিল। আমি তাহাকে পুন-রায় শৃঙালবদ্ধ করিলাম। সে আবার আমান হইল, আমার হইল বটে, কিন্তু শৃঙ্খল নিৰ্মৃতি হইলে পাথীর তথাবিধ ভাব দেখিয়া আমার সেই অবধি মনে অমুভাপ হইতে লাগিল। ভাবিতে লাগি লাম আমি তাহার স্বাধীনতা হরণ করি-য়াছি বলিয়া দে আর উড়িয়া বনে যাইতে পারিণ না। ইহাতে কি আম্র কিংল্ পাতক নাই? আমি না সাভাবিক স্বাধীনতার অমুরাগী বলিয়া সাধারণ্যে পরিচয় দিই ? আমি না আত্মস্বাধীনতা লাভের ধন্য নিতাস্ত ব্যস্ত হই ? পারি-বারিক ও সামাজিক স্বাধীনতা পরিস্থাপ-নের জন্য সকলকে উত্তেজন বাক্যে উল্লোধন করি ? কিন্তু গৃহে একটি বিহ-জকে অকারণ অধীন করিয়া রাখিয়াছি। তবে যাহার বল আছে গে আমাকে किन अंधीन कतिरव ना ? वांछविक यिन আমি স্বাধীনতার অনুরাগী হইয়া থাকি, তবে একটা বিহঙ্গেরও স্বাভাবিক স্বাধী-নুভা হরণ করা আমার উচিত নহে। সেই বিহঙ্গের অধীনতার চিত্রে আমার मन नी हशामी इहेब्रा यांहेटव। সেই দিন হইতে প্রতিজ্ঞা করিলাম বিহ-

লাম ছাড়িয়া দিলেই সে কি তৎক্ষণাই বনচারী হইতে পারিবে। তবে সে যথন আপনাপনি শৃঙালবিমুক্ত হইয়াছিল, বনে যাইতে পারে নাই কেন ? দৈশবাৰ্ধি শৃঙ্খলবন্ধ থাকিয়া তাহার উড়িবার শক্তি গিয়াছে; গৃহ মধ্যে চিরকাল আবদ্ধ থাকিয়া একণে অনম্ভ আকাশ দেখিলে দে ভয় পায়। অধীনতার তাহার প্রকৃতি বার্গালীর প্রকৃতির ন্যায় বিকৃত হইয়া গিয়াছে। এফণে সে সহসা বনে যাইতে পারিবে না। যাহাতে তাহার স্বাভাবিক স্বাধীনতার ফুর্ত্তি হয় অত্যে এরূপ চেষ্টা কবিভে হইবে। এই ভাবিয়া আমার প্রিয় পক্ষীকে একদিন তরুর নিকট লইয়া रागाम। शकी दौरे वुक्त (मिश्रा वदः ভন্ন পাইল. সে কোন মতে দাঁড়, ছাজিল না। চারিদিন পরে সে দাঁড় ছাড়িয়া একটা নিকটস্থ শাপায় বসিল। কিয়দিন পরে সে এক শাখা হইতে শাখান্তরে উডিয়া যাইতে চাহে। আমি ভাহার দৃথলে দড়ি বাধিলাম। 'পাথী উড়িয়া একটা শাখার অগ্রভাঞ্লে আসিয়া বসিল। বসিয়া যেন উড়িতে চাহে। আমি তাহার দড়ি नम्रा कवित्रा मिनामं। त्म त्मरे वृक्क হইতে নিকটম্ব আর একটা বৃক্ষে উড়িয়া আমিও ভাহার সঙ্গে যাইতে চাহে: সঙ্গে গিয়া দেখিলাম সে অচ্ছদে সেই রক্ষান্তরে আসিয়াছে। তথ্য ভাহাকে আবার বাড়ীতে লইয়া গেলাম। সে আর দাঁড়ে বর্সিয়া থাকিতে চাছে ন।;

কেবল উড়িয়া যাইতে চাহে। তথন
আমি তাহার শৃল্পল কাটিয়া দিলাম
দে অনায়াসে সেই বৃক্ষে উড়িয়া গেল।
আমি তাড়া দিলাম, সে বৃক্ষাস্তরে পলাইয়া গেল। সেথানেও তাড়া দিলাম,
ডাকিলাম; ডাক গুনিল না; সে তথন
তাহার স্থাভাবিক ডাক ডাকিতে ডাকিতে
অনস্ত আকালে উড়িয়া গেল।

এই विश्वकत मुद्रास्त जामि मिथिनाम, স্বাধীনতাই, স্বাধীনতার প্রস্তি ও শিক্ষা-দাত্রী৷ যে চিরকাল অধীন অবস্থায় অবস্থিত, সে সহসা কথন সম্পূর্ণ স্বাধীন হইতে পারে না। বধু 6িরকাল গৃহমধ্যে আবদ্ধা, তিনি একদিনে কথন স্বাধীন সমাজ স্বচ্ছদে বিচুরণ করিরা বেড়াইতে পারেন না। যে ত্রিটনেরা চারি শত রোমানদিগের অধীনস্ত ছিলেন, রোমা-নেরা সহসা তাহাদিগকে পরিত্যাগ করিয়া তৎকণাৎ স্বাধীনতা গেলেও ভাছারা গ্রহণ করিতে পারেন নাই; তথন উাহা-দিগকে অপর জাতির অধীনতার আশ্রয় প্রহণ করিতে হইয়াছিল। আজি যদি ইংরাজগণ সহসা ভারতবাসিগণকে পরি-ভ্যাগ করিয়া যাম, ভারতবাসিগণ কথনই একদিনে স্বাধীনতা গ্রহণ করিতে পারি-বেন না। আবার বিষম গণ্ডগোল ও অরাত্তকতা আসিয়া উপস্থিত হইবে। অরাজকতা উপস্থিত হইবে সভা, কিন্তু **সেইরূপ অরাজকতার** স্বাধীন ভাবে দাড়াইতে না শিথিলৈ তাঁহারা কথন

স্বাধীন হইতে পারিবেন না। বসিয়া যিনি সম্ভরণ-কৌশল উত্তমক্রপে শিক্ষা করিয়া জলে ঝাঁপ দিবেন, ভিনি निम्ठत्र खनमध हहेरवन। किन्क विनि সহস্র বার অলমগ্ন হইয়া সম্ভরণ-কৌশল জলে পড়িয়া শিক্ষা করিয়াছেন, তিনিই মহানন্দৈ তরকু কাটিয়া তীরে উঠিতে পারেন। যে কোন বিষয়েই ছউক এক-मित्न कार्यामकि **डे**९शन इत्र ना ३ कार्या-শক্তির উৎপত্তির নিয়ম এই যে. ভাহা কার্য্য ব্যতীত আর কিছুতেই জন্মিতে পারে না। জ্ঞান ও ইচ্ছা কার্যাশক্তিকে উদ্রিক্ত করিয়া দেয়. কিন্ত কার্যা ও অভ্যাস কার্য্যশুক্তিকে বলবতী করে। জানও ইচ্ছা কার্যোর পূর্কভাব মাত্র; কার্য্যই ক্যর্ষ্ব্যের স্থায়িত্ব বিধান করে।

অধীনতাভাব বাঙ্গালী জাতির কতদ্র
অভ্যন্ত ও স্বাভাবিক হই য়া গিয়াছে ভাহা
আমরা গতবারে "কার্যারুঁ সোপান"
নামক প্রসঙ্গে অনেকদ্র প্রদর্শন করিয়াছি।
আত্মনির্ভরতার ভাব বাঙ্গালীজাতি মধ্যে
একেবারে নির্মাল হই য়া গিয়াছে বলিলে
অত্যক্তি হয় না। আপনার উপর নির্ভর
করিয়া স্বতন্ত্র ও স্বাধীনভাবে কোন কার্যা
করা বাঙ্গালীর সাধ্যাতীত। স্বাধীন বৃত্তি
ও ব্যবসায়ে বাঙ্গালীর হস্তক্ষেপ করিতে
নিতান্ত বিপদ বোধ হয়। তাঁহার বৃত্তিশক্তি হাজার মার্ল্জিত হউক না কেন,
সে বৃত্তি নিজ্ঞ কার্য্যে নিয়োগ করিতে
তাঁহার ভরসা হয় না। পরের চাকরী
করিয়া তিনি সেই বৃত্তি, কিরুপ কৌশলে

চাকরী রক্ষা করিতে হয় ভাহাতেই প্রদর্শন কদিবেন। পৰে স্বাধীন ভাবে কাৰ্য্য করি-বন, বান্ধালী তাঁখাৰ দাস হটিয়া থাকিবেন। উলোব আকাজলী, আমি দাসত্ত্ব শ্রেষ্ঠকা লাভ করিব, আমি দর্শ প্রধান চাকর হইব। িনি কোন মতে চাকৰীৰ গণ্ডী অতিক্ৰম কবিবেন না। এই চাক্ষী কৰিয়া ভাঁহার প্রকৃতি এরপে নীচ হট্যা গিয়াছে যে ঠাছার জ্বোর হইতে উচ্চাশা ও উচ্চাভি-লাৰ সম্লায় নিৰ্মাপিত হটলা গিয়াছে। গে ইচ**োশা ও উচ**চাভিলাৰ যদি কথ**ন** ভাগবিত হয় ভাষা চাকবীর জন্য। পরেব শ্তু সহস্র ডিরহার তিনি অগ্রান্বদনে সহা বনেন। আত্মসন্ম ও, আত্মম্যাদাকে তিনি একেবারে জলাজুলি দিয়া বসিয়া অ।ছেন। **ভাঁ**হাকে যে সকল উ,ক্তি ও যেরূপ বাৰ্গার এবং হতাদর স্হাক্তিত হয়, গ্রাত্মন্যাদার ফুলিঙ্গ সাত্র থাকিলেও তিনি কপনই তাহা সহা করিতে পারিতেন না। কিন্তু এ সমস্ত ব্যবহারে তিনি এন্নপ গভান্ত হ**ইয়া গিয়াছেন** যে তাঁহাব অধীন প্রকৃতিকে একেবারে অসাড় ও নিস্তেজ করিয়া ফেলিয়াছে।

এই জাতি কি মহং হুটবে ? স্বাধীন কার্যাক্ষেত্রে অবতীর্ধ হুইয়া নতুষা-নামের গৌরব বৃদ্ধি করিবে ? যতদিন না বাঙ্গালীজাতি এই অধীনতা পরিত্যাগ করেন, এবং অল্লে আল্লে স্বাধীন ভাব অবলম্বন করিয়া আত্মনির্ভর হয়েন, আত্মম্যাদা শিক্ষা করেন, এবং আত্মস্তরী হইয়া সকল কার্যা আত্মহতে গ্রহণ করেন ততদিন

তাঁহার অভ্যদয়ের কোন সম্ভাবনা নাই। এই অভাদেরের পথ পরিষ্কার পড়িয়া রহিয়াছে। ইহার প্রথম গোপান আত্ম-স্বাধীনতা, দিতীয় সোপান পারিবারিক স্বাধীনতা এবং তৎপরেই সামাজিক স্বাধীনতা বিরাজিত রহিয়াছে। জাতির প্রত্যেকেই এই স্বাধীনতার পথে অগ্রসর না হইলে তাঁহাদিগের সামা-জিক সাধীনতা লাভের কোন আশা নাই। একে একে স্বাধীন হইতে চেষ্টা না ব রিলে কথন স্বাধীন হওয়া যায় না। স্বাধীন হইতে চেষ্টা করাই স্বাধীন হইবার গড়ি উপায়ঃ স্বাধীন ভাব অবসার নাম, তাহা कागा नत्र ; এবং সেই অবস্থায় চির্দিন থাকিতে হইলে, তাহাতে জমে জমে অবস্থিত ইইয়া আত্মনির্ভর্বতা শিক্ষা করা আবশ্যক। যিনি স্বাবীন অবস্থায় থাকিতে চেষ্টা করেন তিনিই চিরসাধীন হইয়া থাকিতৈ সমর্থ হয়েন।

১। আত্ম-স্বাধীনতা। আপনি স্বাদীন না থাকিলে পরকে স্বাধীন করিতে

যাওয়া বৃথা। আপনার মনে স্বাধীনতার ভাবে এরপ উজ্জলিত থাকা চাই,

যে অপরে তাহার নিকটবর্ত্তী হইলেই

সেই ভাবে যেন উদ্দীপিত হইয়া উঠেন।
আপনার কার্য্যে স্বাধীন চেট্টা এবং আপনার কর্ত্ত্বে আত্মনির্ভরতার ভাব শিক্ষা না

দিতে পারিলে অপরকে এই স্বাধীনতার

ন্তন পথে অনুসারী করা যাইতে পারে
না। যে ব্যক্তি বলিয়াছিলেন আমি

যাহা মুথে বলি তাহা কর, যাহা কার্য্যে

করি তাহা করিও না, তিনি মানব প্রক্র-ভির ক্লিছুই বুঝিতেন না; তিনি নিতান্ত অবজ্ঞেয় কণা কহিয়া গিয়াছেন। সতুষা-সমাজ দুষ্টাত্তের যত অনুগামী, শুদ্ধ উপ-দেশের তত অনুগামী নহে। যে ভাব কেবল উপদেশেই নিঃশেষিত হয় সে ভাবের কিছুট ফল নাই, কিন্তু যে তেজ কার্যাক্ষেত্রে উৎসাহের অগ্নিকুণ্ড প্রজ্জলিত করে, তাহা মানবকুলকে কার্য্যক্রে অনি-য়ন করিতে সমর্থ হয়। একা লিম্বনিডাস গ্রীদের সাধীনতা রক্ষার পথে প্রথম 🏿 নায়ক স্বরূপ হইয়া শত সহস্র ব্যক্তির ্ননে স্থদেশাহবাগ উদ্দীপিত ক্রিয়া একা এলেকজাগুারের প্রাচীন পৃথিবীতে ধাবণ করিতে সমর্থ হয় নাই। পিলপিডাস্ একাকী থিবেব উদ্ধার সাধন করেন। টাইমোলিয়ান স্বাধীনতার অমুবাগে এতদূর পূর্ণ ছিলেন, যে তিনি একাকী শত শত স্বদেশীয়গণকে সেই ভাবে উত্তেজিত করিয়া সিসিলির দাসত্ব মোচন করেন#। গ্রাকাই-ষয় যে রব রোমে ধ্বনিত করিয়াছিলেন, আজিও ম্যাট্সিনির ুরোমে ৫ সই রব প্রতি বীরের সঙ্গীতে প্রতিধ্বনিত হই-ওয়ালেস্ এবং ব্রুসের নাম শুনিবা মাত্র পঞ্জবদার বাঙ্গালীর শরীরও আজি লোমাঞ্চিত হয়। ইহঁ।দিগের প্রতি-জনের হাদয় সাধীনতা ও স্বদেশাহুরাগে এরপ উৎসাহিত ছিল, যে ওঁছোরা প্রত্যে-

* vide Plutarch 's life of Timolean

কেই শত সহস্র জনকে সেই ভাবে উৎসাহিত করিয়াছিলেন। শুদ্ধ ভাবে নর,
তাঁহারা প্রভ্যেকেই কার্য্যক্ষেত্রে অবতরণ
করিয়া সেই স্বাধীনভার তেজ চারিধারে,
বিকীর্ণ করিয়াছিলেন; এবং এক এক
জন এক এক দেশকে সেই ভাবে উন্মন্ত
ক্রিয়া দিয়াভিলেন।

স্থাবীনতা লাভের • প্রধান উপার আত্ম-নির্ভরতা। যিনি আপনার উপর নির্ভর করিয়া কার্যা করিতে ন। পারেন তাঁগাকে পরের আন্তগত্য স্বীকার করিতে চইবেই হুটবে, এবং যে পরিমাণে পরের আকুগত্য স্বীকার করিবৈন সেই পরিমাণে পরাধীন হইয়া থাকিবেন। পুরাধীন ভায় মানসিক শক্তি ও প্রবৃত্তি স্থাধীনভাবে কার্য্য করিতে পারে না; কাষ্যশক্তি ফুর্ত্তিবিহীন হইয়া থাকে। কিন্তু যিনি আত্ম-নির্ভরতা করিতে পারেন উ।হাব কার্য্য করিতে সাহস হয়,কার্য্য করিতে সাহস হইলে ক্রমে সর্বপ্রকার মানসিক শক্তিরও ক্^{তি}ইইতে থাকে। মামু নির্ভর তা করিতে পারিলে বিবেচনার উদ্রেক হয়, এবং বিবেচনার সহিত কার্য্য করিতে পারিলে সর্ব্ব বিষয়েই উন্ধতি সাধন হয়। এই আত্ম-নির্ভরতা নাই বলিয়া বাঙ্গালী জাতির সাহস নাই, তাহাদিগের কতদূর শক্তি আছে তাহার জ্ঞান নাই। এই আত্মনির্ভরতানাই বলিয়। বাঙ্গালী জনতি কোন স্বাধীন কাৰ্য্যে প্ৰবৃত্ত হইতে পারেন না; ব্যবসায় ও বাণিজ্যের পথে অগ্রসর হটতে পারেন না। পরাধীনতা ও প্রের চাকরী স্বীকার করিয়া চিরদিন ছ:থে ও

মনস্তাপে কালাতিপাত করেন। ধীনতায় ও পরের চাকরী করিয়া তাঁহা-দিগের স্বাধীন শক্তিও প্রবৃত্তি সকল क्रियमः कृर्विविशेन इरेश गारेएउए, এवः ভাঁহাদিগের শারীরিক ত্র্কলতার সহিত মানসিক হর্মলভারও বুদ্ধি হইতেছে।

কার্যাতেই কার্য্যের শক্তি বৃদ্ধি হয়। অম্পে অম্পে আম্মনির্ভর করিতে না পারিলে বৃহৎ কার্য্যে আত্মনির্ভর জনায় না। আত্মনির্ভর করিয়া কার্য্য করিতে গেলে. সে কার্য্য-পথে অনেক বার পদ-খলন হইবে তাহা নিশ্চয়, কিন্তু সেই প্রকার পদস্থলন না হইলে দাঁড়াইবার मिक्कि इटेर्टन ना अवर माँए। देवांत मिक्कि অস্মিবে না। চিরদিন পরের হাত ধরিয়া চলিলে কি চলিতে শিখা যায় ? স্বত্ত্ত্ব হইয়া চলিতে শিখ অনায়াসে চলিতে পারিবে।

স্বাতন্ত্র আত্মনির্ভরের প্রধান অঙ্গ। বাঙ্গালীর স্বাভন্তা কোন বিষয়েই নাই। कि व्याद्मकार्या, कि পরিবারমগুলে, कि সমাজে বাঙ্গালীর স্বাতন্ত্রা কোন থানে নাই। তিনি আজীবন মৃত্যু পর্যান্ত পরের , হাত ধরিয়া চলিয়া বেড়ান। জীবনের অল কালেই তাঁহার স্বাতগ্র্য হয়, স্বতরাং তাঁহার আত্মনির্ভরের শক্তি জ্যায় না। এক্ষণে আমরা এই প্রস্তাবের দ্বিতীয় বিষয়ে উপস্থিত হইতেছি,—ভাহা পারি-বারিক স্বাধীনতা।

আমাদিগের পারিবারিক ব্যবস্থা

কোন কারণে এই পারিবারিক ব্যবস্থার উৎপত্তি হউক না, আমরা ভারার অন্ত-সন্ধানে প্রবুত্ত হইতে চাহি না। এই পারিবারিক বাবস্থার আমাদিগতে জীবনের অধিকাংশ সময়ই প্রাধীন চইয়া থাছিতে হয়, পরাধীন থাকিয়া আমরা নিতেজ ও নিব্বীষ্য হটরা যাই, ভাহার আর সন্দেহ নাই। সেই বিষয় প্রদর্শন করা আমাদিগের উদ্দেশ্য। একারবর্ত্তি পরি-বারমগুলে যত স্থপ, তাহা একণে সকলে জানিতে পারিতেছেন। ইহার অন্যান্য দোষের বিষয় আমবা উল্লেখ করিতে চাহি না। কিন্তু ইহাতে আমাদিগকে যে চির-কাল পরাধীন করিয়া রাখে, আমাদিগের স্বাধীন কার্য্যশক্তি বিনষ্ট করে, ক্রমশঃ আমাদিগকে পরাধীনঙার আত্তে আন্তে অভ্যস্ত করিয়া আনে. এবং তৎসঙ্গে সঙ্গে নিব্লীষ্য করিয়া ফেলে, ইহাই আমরা উল্লেখ করিতে চাহি; ইহাই এই একান্ন-বর্ত্তি পারিবারিক ব্যবস্থার একটা প্রধান দোষ, এবং এই দোষে বাঙ্গালীজাতি সমু-দায় কেমন হৰ্মল ও পরাধীনতায় অভ্যস্ত হইয়া গিয়াছে, তাহা তাহাদিগের অগ্রে দেখা আবশাক। যত দিন জনক জননীর অথবা অপর কর্তুপক্ষের অধীনে থাকা প্রয়োজনীয় ও বিধেয় আমরা ততদিনের অধীনতা দোষই বলি না. কিন্তু যথন স্ব স্ব ভার গ্রহণে সকলে সমর্থ হয়েন, তৎপর-বন্ত্ৰী কাল হইতে পরের কর্ক্তবে ও সম্পূর্ণ অধীনতায় থাকিলে নিজের স্বাধীন বৃত্তি স্বতন্ত্রতার পর্বে বিষদ অবস্তরায়। যে । ও প্রকৃতি এরূপ দর্মিত হইয়া পড়ে ষে

আপনার সমুদায় তেজবিতা হাস হইয়া

যায় এয়ং য়য়বিষয়ে পরের বশবর্তীতায়
আপনার স্বাধীন অন্তিম সমুদায় বিনষ্ট

ইইয়া পড়ে। এতদ্র বিনষ্ট ইইয়া পড়ে

যে সেই পরিবারমগুলে আপনাকে জড়বং অবস্থান করিতে হয়়। যিনি তিশ

অথবা চলিশ বংসর পর্যাস্ত এইরূপে
অবস্থান করেন তাঁহার জীবনে স্বাধীনতা
ও স্বকর্ত্মের আর কি থাকে ? একায়বর্ত্তী
পরিবারম গুলে অনেকেরই কি এই দশা

ঘটে না ?

আমরা এই পারিবারিক অধীনতার নিতান্ত বিরোধী। বিরোধী এই জনা, যে ইহার কুফল একটি সমগ্র জাতির তেংশ্বিতা একেবারে বিনষ্ট করিয়াছে। अरे दे एन धैमन शीरत शीरत करन. अक-তিকে ক্লমে ক্রমে এমন নীচ ও বিনয় করিয়া েখল, বে কেহই প্রায় ইহা ধরিতে পারে না। আমরা যদি জাতীয় উন্নতি খুঁজি, যদি স্বাধীনতার স্থ্থার্থী হই, তাহা হইলে সেই উন্নতিও স্বাধীনতার পথে যতগুলি কণ্টক আছে, তাহাদিগকে একে একে फ्लिन क्या आवम्भक । हेहा-निरंशत (कहरे मामीना नरह। नाना कातरण कामानिश्वत बाछीय क्वनि हहे-ষাছে। একণে একে একে সেই সমস্ত কারণ সমুৎপাটন করা নিতান্ত কর্ত্তব্য। এবং ক্রমশ: বেমন এক একটির নিরা-कत्रण श्टेर्टित, अमिन त्महे भक्त-श्ख हहेर्ड উদ্ধারের চেষ্টা করাও বিধের। নছিলে এক দিনে ও এঁকেবারে ক্লেছ উদ্বভির

উচ্চশিখরে উঠিতে পারে না। জাতীয় উন্নতির গতি অভি ধীরে ধীরে হয়; এবং নানা উপায়ে তাহা সংসাধিত করিতে হয়। বিনি আত্মসাধীনতা চাহেন, তাঁহার পারিবারিক স্বাধীনতা সংসাধন করা নিতাস্থ আবশাক।

ও । বঙ্গদেশে কেন, ভাবতবর্ষে কখন সামাজিক স্বাধীনতা ছিল না। ভারতবর্ষ চিরকাল সামাজিক অধীনতা 🔅 দাসজে নিপাডিত হইয়া উৎসন্ন গিয়াছে। ভারত-বর্ষ চিরকাল কুচক্রী ব্রাহ্মণদিগের শাসনে দাসত্বের নিগড়ে নিবদ্ধ আছে। আর্যোরা যথন প্রথণে •ভারতবর্ষে পদার্পণ করেন. তথন এই ্রাহ্মণেরা রাজশাসন-ব্রতে ব্রতী হংয়া প্রবল প্রতাপের সহিত প্রভুত্ব করিয়াছিলেন। তাঁহাদিগের একাধিপত্য ও উৎপীড়ন দোবে ক্ষত্রিয়গণ তাঁহাদিগের विजन्द क अञ्चलाजी श्रेटिन्स । नवदन अ নবতেকে উন্মন্ত ক্ষত্রিয়গণ ব্রাহ্মণদিগকৈ সম্পূর্ণ পরাভূত করিয়া দিলেন। পরাভূত করিয়া ভারতবর্ষের শাসন দণ্ড আপনা-দিগের ছল্ডে গ্রহণ করিলেন। ইহাতে সেই একাধিপতা ও-উৎপীড়নের কি প্রতিবিধান হইল? ব্রাহ্মণ ভাতির পরিবর্ত্তে ক্ষত্রিয়কুল সমপ্রভাবে ভারতবর্ষ শাসন করিতে লাগিলেন। ব্যতীত অপের সকলেই সামাজিক দাসত্বে সমভাবে নিপীড়িত হুইতে লাগিলেন। পরশুরাম ক্ষেপিয়া উঠিলেন। জনপদ মাজ নিঃক্ষতিয় করিয়া পরভরাম জ্ঞান করিলেন সমগ্র ভারতবর্ষ নিঃক্ষত্রিয়

ছইয়াছে। অনতিবিলয়ে ভারতবর্ষ পুন-शांत्र (मार्केश প্রতাপশালী ক্ষতিমকুলে পরিপূর্ণ হইল। ক্ষতিয়গণ নির্বিবাদে রাঙ্গত্ব ও প্রভুত্ব করিতে লাগিলেন। কিন্তু চতুর ব্রাহ্মণগণ প্রাভূত হইবার নছে। ত। হারা সিংহাসন বিস্তর্জন করিলেন। ঠালারা অন্য দিকে অন্য উপায়ে লাঁরত वर्ष भागत्मत अञ्चा प्रिचिट्ड वाशित्वन। রাজ্যশাসনের পরিবর্তে তাঁখারা ধর্মাবাজোর একাধিপতা স্থাপিত কবিলেন। এই কৌশলে ব্রাহ্মণেরা আবার সর্কে সর্কা इस्या छिठित्वन। डाहानिश्वत आफ-রাজ-বিধান, ধর্মাণান্ত্রে; পুরারুত্ত এবং সকলই হইল। সায়াজিক আচার ব্যবহার ও নিয়ম।দি তাঁহাদিগেব আদে-শেই পরিবর্দ্ধিত, নিয়মিত ও পরিচালিত হইতে লাগিল। ব্রাহ্মণেরা একদিকে যে ক্ষতিগ্রস্ত হইয়াছিলেন অন্যদিকে তাহার পূর্বণ করিয়া লইলেন। কি রাজকুল কি প্রাকৃত জনগণ দর্ম দাধারণেই বাবাণ দিগের শাসনে শাসিত হইতে লাগিল। তাঁহারা সমাজে 'ঘোর আধিপতা স্থাপন করিলেন। ভারতবর্ষে বিধিধ প্রভুত হাগিত হটল । ক্ষত্রিয়বর্ষের রাজনৈতিক প্রভুত্ব এবং প্রাক্ষণগণের শান্তীয় প্রভূষা জান-সাধারণ ঘোর সামাজিক-দাসতে আবদ্ধ হইল। এই দাসত আজি পর্যান্ত চলিকা আসিভেছে। আজি পর্যান্ত ব্রাহ্মণ-কৌশল-প্রবর্ত্তিত জাতিভেদ ও সমস্তা শাস্ত্রীয় বিধান ভারতবর্ষের জালের জ্যাবহার ও वर्षकर्ण अंत्रिक त्रविद्यादल ध्यार कर

সমাজকে প্রবলরপে শাসন করিতেছে।
ভারতে কত শত রাজকীয় পরিবর্ত্তন
হটয়া গিয়াছে তব্ও ব্রাক্ষণদিগের তিই
সামাজিক শাসনের অনুমাত্র ব্যতিক্রম
ঘটে নাই।

ব্রাক্ষণ জাতির এই প্রকার অবৈধ ক্ষতা ও শাসনে স্মাজের জ:তি সমুদায় তাঁহাদিগের অধানতা ও দাসত্ত্বে নিতান্ত গুর্মল ও নিস্তেজ চইয়া গিগাছে ৭ ক্জিয় কুল পর্যান্ত ভাঁছাদিগো: এই শাসনে ক্ৰশঃ অৱণাসিত হটয়া আগিয়াছে। অবশেষে ইহাব ফল এই দাড়াইয়াছে যে ভাৰতে ব্ৰাহ্মণ কাতি দৰ্শ **শ্রে**ষ্ঠ ও সংবিধিগণ হটয়া দাড়টিয়াছেন। যে ক্ষতিয় জাতি দেশের বল ও দুর্গ সরুপ ছিলেন, ভাঁহারা ক্রমে বাজাণ্দিগেব প্রতাপে পরাভূত হট্ব। মগ্লার মান্সিক তেজ বিসর্জন দিয়াছেন। ক্ষরিয়গণ যথদ **হৰ্ব**ল ≥ইয়া পড়িলেন, যথন প্ৰাক্ষণদিগেব অধানতায় উঁহোরা ক্রমশঃ জীরা-সভাব ও মানসিক-তেভাবিরহিত হইরা পড়িলন, তথন ভারবর্ণ যে নিতাক্ত নিবর্ণীর্যা হইবে তাহার স্বার সন্দেহ কি ৭-ব্রাস্সাণেরা তথ্য তাঁহাদিগের লাগ্রাম ও গর্মার প্রভূষে এত উন্মত হট্মাছিলেন যে তাঁহারা এ অন্যাবিশ প্রভূত্বের আক্রাজনী হর্মেন নাই। তাঁহারা व्ह्वातः श्रीक्षा । १.इक् अः निक्वीया व्यक्ता প্রকিয়াছিলেন, তাহাকে: আর-ক্ষত্ত ধারণে ठाँइक्तित्रवः श्रव्हां स्यानारे । . . (कवन माक्कारनाइनामः अवर देववाशा धरमा उँछिन निरंशतः अकृष्टि अक्रांश केलेल वरेमा शिया-

ছিল যে দেই প্রকৃতি ও জ্ঞান প্রভাবে তাঁহারা অস্ত্র ধারণে অক্ষম হইয়া ছিলেন। এরপ অবস্থায় ভারতবর্ষ যে অরক্ষণীয়া ছইয়া থাকিবে তাহার আর সন্দেহ কি ? ভারতবর্ষ স্কৃতরাং শক্র-হস্তে নিপতিত হইল।

সমাজে এক জাতির অবৈধ প্রভূতা থাকিলে এই ক্লপই ঘটিয়া থাকে। প্রাচীন সমস্ত রাজ্যে সমাজে এক জাতির এঁই প্রকার অবৈধ প্রভুত্ব ছিল, স্বতরাং সমস্ত প্রাচীন রাজা অধংপতিত হইয়াছে। মিশরে ভারতের ন্যায় পুরোহিত জাতির অবৈধ ক্ষমতা, পার্স্য রাজ্যের সৈনিক একাধিপত্য, ফিনিদিয়ার ধন সম্পত্তির প্রভুতা; গ্রীশ বোম ও যুদ্যার এক এক জাতির অযথা বিক্রম, —এই সমুদায় প্রাচীন রাজ্যের বিনাশের কারণ হইয়া-हिला। विरमय अञ्चनकान कतिरल रम्थिए পাওয়া যায় যে. এই সমস্ত রাজ্যে নামা-জিক অসামা বিলক্ষণ প্রচলিত ছিল। সামাজিক সকল জাতির সমান স্বত্ব ও অধিকার স্বীক্ত হইত না। এক ছাতি অত্যস্ত প্রবল, এবং অপরাপর জাতি তাহাদিগের দম্পূর্ণ অধীন, সমস্ত প্রাচীন শ্মাজের এই নিয়ম। সর্বে জাতির স্মান স্বাহ ও অধিকার - এরপ মত কথনট গ্ৰাহ্য হইত না। লাইকাৰ্যণ স্বদেশ মধ্যে সামাজিক সাম্য কিরৎ পরিমাণে স্থাপন করিতে গিয়া হেলট্ নামক দাস লাতি এবং অপরাপর জীক্ লাকিদিগকে একেবারে ভূলিরা গিরাছিলেন । ভারত-

বর্ষ, মিশর ও যুড়িয়ার আতীর উচ্চ নীচতা বিধাতার বিধান বলিয়া গণনীঃ হইত স্থতরাং সে প্রভেদ অল্ড্রনীয় অপরাপর প্রাচীন রাজ্যে এই রাজ শাসনে রাজনৈতিক বিধানে প্রচলিত रहेशां हिल। (य कांत्र वहें इछेक, এहें সামাজিক অসাম্য থাকাতে যে প্রাচীন রাজ্য সমুদায় বিধ্বট্ট হইয়াছে ভাহার व्याद मत्निर नारे। थाहीन नगांक (य ধর্মাধর্মের ভাব অনাবিধ ছিল তা বলিয়া नम्. शाहीन नमाटक (य खानाटनाटकत এবং বীরত্বের অভাব ছিল তা বলিয়া নয়, প্রাচীন গাজো যে সমৃদ্ধির অভাব ছিল তা বালয় নয়, কিন্তু এই সামাজিক অসামা প্রভৃত পরিমাণে ছিল বলিয়া প্রাচীন রাজ্য সমুদায় একে একে লয় প্রাপ্ত হইয়াছে।

ভারতবর্ষে বুদ্ধদেব একবার কেবল এই জাতীয় উচ্চ নীচতা বিনষ্ট করিবার চেষ্টা করিয়াছিলেন। মানবজাতির সকলেই সমান-এই মত বুদ্ধদেব পুণি-বীতে প্রচার করেন। বিধান্তার নিকট সকল মনুষাই দমান, সকলই ভাঁহার সস্তান সম্ভতি, এ সংস্কার পূর্বেক কাহারও यत्न छेन्द्र नाष्ट्र। वक्तत्त्व ं अहे मछ প্রচার করিতে গিয়া ছাতিভেদ বিনাশ করিতে গিয়াছিলেন। किन्छ वृक्तम्व এक देवतांगा ও যোগ भिक्षा निया नकम শুভ উপদেশের মূলে কুঠারাখাত করিয়া-ছিলেন। ভাঁহার সন্মাসী ও বোগীগণ পুণিবীর কোন কার্য্যে আইসে লাই।

সে যাহা ছউক, বৌদ্ধেরা যখন জ্বাতিভেদ বিনাশ করিতে উদ্যত ইংইলেন, ব্রাহ্মণেরা বৌদ্ধধর্মের ঘোর-বিরোগী হইয়া উঠিলেন। এই বিরোধের পরিণাম কি. তাহা সক-লেই অবগত আছেন। আজি ভারতবর্ষে বৌদ্ধ ধর্মা প্রচারিত থাকিলে, ভারতের ভাগ্য কিরূপ হইত তাহা অনুমান করা যায় না।

বৃদ্ধের পর খৃষ্ট এই মত প্রচার করেন।
পৃষ্টীর ধর্মের প্রাত্তান তাহাব অমূলা
উপদেশ। এই ভাব প্রচার দারা ইউরোপীয় জনসমাজ এক নৃতন ভিত্তির
উপর স্থাপিত হইরাছে। এই ভাব প্রচার
দারা ইউরোপের জনসমাজে সামাজিক
স্বাধানতা এখন দাঁড়াইবার স্থল পাইরাছে। আর্কমিডিস্ ্তাঁহার দণ্ড স্থাপনের
ভূমি পাইলেন।

थुरिष्ठेत এই মত ইউরোপীয় সমাজে অলে অলে কেমন বদ্ধমূল হয় তাহা খুই-ধ্বৈর্ব ইতিবত্তে প্রকাশিত আছে। রোমে ষথন এই মত প্রচারিত হটল, ইহার উদারতায় মোহিত হইয়া রোম তথ্ন ক্রষককেও পোপের ধর্মসিংহাসনে উন্নীত করিতে কজ্জিত হয়েন নাই। জনু হস এই অমৃতময় উপদেশ প্রচার করিয়া জিজ্ঞাসা করিলেন, পুরোহিতের সহিত শামান্য লোকের প্রভেদ কি ? नुशान সকলের স্বাধীন মত প্রচাবের ইউস্বোপে কি অগ্নিকাণ্ডই না প্ৰস্কলিভ क्रिशाहित्कन। छन दियात अवः विश्वा-ভিধানিকেরা 🛎 সেই রব প্রতিধ্বনিভ

The Encyclopedists .

করিলেন। এট রব আজিও े। क्या ষিত হইতেছে। আজি - নিধ্ন ও ধনী, সকলেট রাজার সহিত সমস্ত্রাধি কারী হটতে সচেন্ট হইতেছেন। দীরাদেদিন মাত্র রাজ্যের স্বভাধিকারী হইলেন। আজি তজ্জনা ডিদ্রেলী মন্ত্রিত্ব পদে অভিষিক্ত। কিন্ত আক্তিও ইউ রোপীয় সমাজে এই মতের রাজনৈতিক ৰ-দুপরিদমাপ্ত হয় নাই। (महे इस আজিত বিলক্ষণ श्रवल । এ বিষয়ে আমেরিকা অনেকদূর অগ্রসর বলিতে इटेरक।

এই মতের অবলম্বী হইয়া ভারতবর্ষে ইহা প্রচার করিতে ছিলেন। এতদমুসারে তাঁহারা যে একার্যা করিতে পারিবেন আমাদিগের আশা নাই। কিন্তু এতদত্বদারে তাঁহারা কার্য্য করিতে না পারিলে ত্রীটিশ রাজ্যের বোধ হয় আমাদিগের পর্বোলিখিত প্রাচীন রাজ্যের ন্যায় ধ্বংস হটবারই সম্ভাবনা। ষদি ইতিহাসের डेशानम मठा हम्, जात সেই বীটিশ রাজ্যের পরিণাম যে সেই প্রাচীন রাজ্যের পরিণাম হইতে প্রভিন্ন হইবে আৰুলা তাহা বুঝিতে পারি না। **শেই প্রাচীন রাজোর ইতিবৃত্ত স্মক্ষে** বিস্তারিত রাখিয়া যদি ইংরাজরাজ ভাছার উপদেশে আজিও রাল্যতন্ত্রের স্ত্রপাত करत्रन, आमत्रा आमा कति, धात्रारकात मृन मृह-त्थाषिण इहेरव।

ম্যাট্সিনি ও নব্য ইতালী।

(অফ্টম প্রবন্ধ)।

"উনবিং-শ শতাকীর কবিবৃদ্দের প্রতি উক্তির" পর ম্যাট্সিনি নব্য ইতালি পত্রিকায় ''কসিমো ডেল্ফাট্ ণেটর উপর বক্তৃতা," জাতিসাধারণের লাতৃতাব" ' জার্মাণ টিবিউন্,'' "ফরাশি ও জর্মান্ লাতি সম্হের মিলন'' ''জার্মান্ জাতি ও ফরাশি লিবারেল'-দিগের প্রতি নব্য ইতালী সমাজের উক্তি" প্রভৃতি কয়েকটী প্রবন্ধ লিখেন।

ম্যাট্ সিনি' নব্য ইতালী প্রকার প্রথম কয়থানি সংখা বিখ্যাত ঐতিহাসৈক সিস্মণ্ডির নিকট প্রেরণ করিয়া উহার সহকারিতার প্রার্থী হয়েন। এই উপলক্ষে সিস মঞ্জির সহিত উহার কিছুদিন প্রাণ্ডির চলে। পূর্বোক্ত প্রবন্ধগুলির পর সেই প্রগুলি সিস্মণ্ডির অফুরোধে নব্য ইতালী প্রিকার প্রকান্দিত হয়।

সিদ্মন্তি ম্যাট্ সিনির প্রস্তাবে সম্মত হন এবং নবা ইতীলী সমাজের উদার উদ্যমের ভূয়লী প্রশংসী করেন। কিন্তু তিনি ইহাতে নিজের নাম দেওয়ার পুর্বে সম্পাদকের নিকট হইতে ফুইটি বিষয়ের প্রক্রিক্রান প্রথমতঃ এই যে, বে য়াজ্যে এই প্রিক্রি লেখকেরঃ আগ্রম প্রাপ্ত ইইরাছেন, সে রাজ্যের বিক্রছে ইহা
কথন প্রতিক্ল ভার ধারণ করিতে
পারিবে না। বিতীয়তঃ এই পত্রিকার
এমন কোন মত প্রচারিত হইবে না,
বাহাতে জনসাধারণের ধর্মভাবে আঘাত
লাগিতে পারে।

মাট্সিনি ইহার উত্তরে লিপেন যে ''ফরাশি সাময়িক-রাজুনীতিবিষয়ক প্রশ্ন সকলে বাাপৃত পাক্লা এই পত্রিকার লেখক-দিগের উদ্দেশ্য নহে; স্থাতরাং আমি প্রতিজ্ঞা করিয়া বলিতে পারি যে আমরা জনসাধারণের ধর্মভাবের ক্টপর কোন প্রকার হস্তক্ষেপ করিব না। যথন আমি নিজে সেই ভাবে বিচ্ছুরিত,ট্টুতখন আমি কোন্ প্রাণে ইহার মূলে কুঠারাঘাত করিয়া জগতে অরাজকতার বীজ বপন করিব? কোন্ প্রাণেই বা মানব জীবনের একমাত্র উৎস ও অদ্বিতীয় লক্ষ্য এবং একভাস্ত্রের এক মাত্র দুক্লেণ্য গ্রন্থিক দেই ধর্ম ভাবের উচ্ছেদ সাধন পূর্ব্বক জগতের প্রলম্ব সাধন করিব ?''

সিদ্মণ্ডি বিতীয় পত্তে স্পটাক্ষরে নব্য ইতালী পত্তিকার লেখক-শ্রেণীর অন্তভুক্তি হইতে স্বীকৃত হন এবং তাহাতে স্থাপনাকে সাধারণতঃ—বিশেষতঃ ইতালী সম্বন্ধে— সাধারণভান্ত্রিক বলিগা প্রথাতে করেন।

মাটি সিনি তাহার পব নবা ইতালী পত্রিকায় " স্বদেশীয় ভাতগণের নিকট নবা ইতালী পত্রিকাব লেখ গগের নিবে-पन" भीर्षक oob edam निर्यम : "नवा-ইতালী সমাজের ' বিরুদ্ধে প্রতিপক্ষী য়েবা যে বিবিধ আপত্তি উত্থাপিত করেন. ইহাতে দেইগুলি সমালোচিত ও খণ্ডিত হয়: এবং বে সকল মত সভার সভাদি-গের পরিশ্রমের নেদেক ও যে সকল লক্ষা ইহার দাধনের নিয়ামক তাহা অদন্দিগ্ধ-রূপে পরিবাক্ত হয়। ভাঁহারা বলেন শক্তই ইডনু আর মিতাই হউন আমরা ভাঁহাদিগের নিকট পরিচিত হইতে এবং তাঁহাদিগেরও প্রিচয় পাইতে केळा कति।"

"নব্য ইতালী" সমাজের বিরুদ্ধে প্রথম আপি ত্রি এই যে ইহা ইতালীকে "নব্য'ও "প্রাচান" এই ছুই দলে বিভক্ত করিয়া ইতালীর অন্তদে করিয়া ছাই দল একত্রিভ হুইয়া কার্য্য করিলে ইতালীর উদ্ধার সাধন সম্ভব্পর হুইতে পারিভ; কিন্তু এই ছুই দলেব এরূপ বিশিল্প ভাব ইতালীর ভাবী অস্ত-বিলোহের নিদান।

"নব্য ইতালী শ সমাজের বিরুদ্ধে দিত্তীয় আপত্তি এই যে ইলা ইতালীর কার্যাকর জাভীয় প্রশ্নে নিরবচ্ছিত্ররূপে সংক্রদ্ধ না থাকিয়া, কম্পনাবিজ্ঞতিত

ভবিষা ইউরোপীয় সম্মিলনের আশায় বৈদেশিক জাতিসমূহের সহিত সৃদ্মিলনপ্রার্থী হইয়া, ইতালীর লক্ষ্য সাধন ব্যাহত করিয়া তুলিয়াছে। উক্ত সমাজের কর্ত্বর যে বৃথা মত-বিতর্ক পরিত্যাগ করিয়া যাহাতে কার্যাতঃ ইতালীর প্রকৃত হিত সাধন হয় তাহাতেই নির্বচ্ছিয়রূপে ব্যাপৃত থাকে। অবশিপ্ত সমস্তই আপা ভতঃ ভবিষ্যতের হস্তে সমর্পণ ক্রিতে হইবের বৈদেশিক গ্রণ্নেণ্ট হইতে ইতালীর উদ্ধার সাধন হইলে সে সকল তথ্য বিচার করা যাইবে।

ম্যাট্, সিনি—ত্বিতীয় আপতির উত্তরে এই বালয়াছেন ঃ—'বে বদি এই সমাজ হইতে ইতালীর প্রকৃত হিত সাধনের কোন বৌক্তিক আশা থাকে, তাহা হইলে তাহার মূল এই জানিতে হইবে বে এই সমাজের কার্য্যকলাপ এরপ বিশ্বপ্রয়োগসহ নিয়মাবলী দ্বারা স্কালিত ও সংযমিত, যে তাহা ইউ-রোপীর জাতিমাতেরই প্রতি প্রযুক্ত হইতে পারে।

"এক তা—ভোতিক ও নৈতিক উভয় জগতেরই নিয়ন্ত্রী। যদি সামাজিক জীবনের ঘটনানিচয় কোন এক অব্যক্তিনারী মূল নিয়ম ধারা পরিচালিত ও সংযমিত না হয়, তাই ইলৈ অচিরাৎ ঘোরতর ব্যক্তিগত মত-বৈষম্য উপস্থিত হইবে এবং বলই সেই বৈষম্যের একমাত্র নীমাংসক হইবে; স্কৃতরাং যথেচ্ছাচারের পথ পরিষ্কৃত হইবে। বিবিধ বৈষম্যপূর্ণ

বলের সামগুদ্য করণের দিকেই সমাজ মাত্তের স্বাভাবিকী প্রবিণ্ডা। সেই বিষম বল-নিচয়ের অন্যোন্য-সংঘর্ষট সামাজিক পীডার নিদান।

''সামাজিক উন্নতির কাংণ-নিচয়ের আপেক্ষিক সম্বন্ধ নির্ণয় ও স্থাপন করাই ।
প্রত্যেক বিপ্লবের লক্ষ্য।

"নব্য ইতালী সমাজের সভাদিগের বিশ্বাদ যে—খাঁহারা ইতালীর উরুবে
সাধনের প্রকৃত অভিলাষী উঁহো দিগের
পক্ষে উদ্ধার-সাধনোপযোগী উপাদানকারণ সামগ্রীর আলোচনা একান্ত আব
শাক; কিরূপ প্রণালী অবলম্বন করিলে
সেই উপাদানকারণ-সামগ্রীর সর্কোৎকৃষ্ট বিনিয়োগ সম্ভবপর এবং কিরূপ মূলভিত্তির
উপর নৃতন রাজনৈতিক প্রাসাদ প্রতিষ্ঠাপিত হুইবে এ সকলের পর্যালোচনাও
নিতান্ত প্রয়োজনীয়।

" স্বাধীনতা শক্ষের লক্ষ্য ও অর্থ না ব্বিয়া শুদ্ধ " স্বাধীনতা!" " স্বাধী-নতা!—" রব করা উৎপীড়িত দাসের কার্য্য বই স্বার কিছুই নয়।

"প্রতিষ্ঠাপিত শৃঙ্খলার বিরুদ্ধে লক্ষ্যশ্ন্য প্রতিঘাতমাত্রে সংরুদ্ধ থাকিলে
আমরা স্বাধীনতা শব্দের মহৎ উদ্দেশ্যের
মর্মান্ডেদ করিতে॰ পারিব না। এরপ
অর্থে অফুস্ত স্বাধীনতা আমাদিগকে
উৎস্গীকৃত-জীবন (Martyr) মাত্র
করিতে পারিবে, বিজয় প্রদান করিতে
কথনই সমর্থ হুইবে না 1

धरेवना हेजिनीवविश्वत्र व्यक्षापारनव

লক্ষ্য কি ভাষা অগ্রে স্পষ্টাক্ষরে নির্দেশ করিতে হইবে।

" आमता हां है कि ?

" আমরা জাতীয় অস্তিত্ব চাই। আমবা জাতীয় নাম চাই। আমরা আমাদিবের দেশকে প্রভূশক্তি-সম্পন্ন, সক্ষরীক্ষানিত, স্বাবীন ও ক্ষুধী দেখিতে চাই।

' আমবা (জাতীয়) সাধীনতা একতা ও (বাক্তিগত) স্বাতস্থা চাই। "আমরা জানি প্রথমটী সম্বন্ধে মতদ্বৈধ নাই। কারণ ইতালীয় মাত্রেই সমস্বরে ইতালায় গগত,বিদাবিয়া বলিবে— বৈদে-শিক উংীড়ক্দিগাকে দ্বীকৃত কর।

জাতীয় এক ভাঁবা জাতীয় সন্মিলন मञ्चल भटा खड किल बढ़े, कि खु भागि नि-নির দুঢ় বিশ্বাস ছিল যে এ মতান্তর সহ-জেই অপনাত হইতে পারে। কাহারও এরপ ইচ্ছা যে সমস্ত ই গলী এক জাতীয় প্রভুশক্তির অধীন হয়, আবার কাহারও কাহারও বা ইচ্ছা এ ইজালী ম প্রদেশ সকল বিভিন্ন বিভিন্ন প্রভু শক্তির অধীন থাকিয়াও এক প্রাকাত জা-তীয় স্মালনসতে আবদ্ধ হয়। কিন্তু এই প্রভেদ অতি স্কা, ইহার অভ্যস্তরে ঘোর-क्त मठ-मः चर्च नाहै। मकलाहे मुक्क कर्छ স্বীকার করেন যে জাতীয় এক তায় জাতীয় প্রমা কাঠা সংসাধিত হয়; স্ত্রাং জাতীয় একতা সম্ভবপর হইলে তাহাই দৰ্কথা প্ৰাৰ্থনীয়। জাতীয় একতা मुख्य पत्र किना এই विषय नहेशाहे अछा-

स्त ; (कश (कह वतन हेश अमस्त : | system) প্রয়োগ-প্রণালী। আবার কেহ কেহ বলেন ইহা সম্ভব। এই (भारवाक मालाव माधा आवात इहे मन चारक बक मल वर्लन डेश मस्त वरहे, কিন্তু টহা সময়-সাপেক; আর একদল বলেন ইহার সময় আসিয়াছে। কিস্ত किक्रेश भामने अनानी अने नम्बन करिएन বাক্তিগত স্বাধীনতা সুর্ক্ষিত হইতে পাবে তদিসমে খে।বতর মভবৈষ্ম্য আছে। এক भन वर्तम विधिनियञ्जि श्रामभीय-রাজাধিষ্ঠিত রাজতম্ভই ব্যক্তিগত স্বাধীনতা পরিরক্ষণের সবিশেষ উপযোগিনী শাসন-প্রণালী: আর এক দল ধ্বলেন ইতা-লীতে এক্ষণে এরপ প্রভূশক্তিসম্পন্ন ও প্রাচান রাজবংশ-সন্তুত রাজপুরুষ নাই, যাঁহার নিকট সমস্ত ইতালীবাসী নতশির হইতে পারেন, এই জনা ইউরোপের কোন প্রাচীন রাজবংশ হইতে একটা রাজকুমার আনাইয়া ইতালীর দিংহাদনে প্রতিষ্ঠা-পিত করিতে হইবে। আর এক দল वर्णन (य, (य इंडानीय रैमनिकश्रक्य বৈপ্লবিক সমরে বিজয়লক্ষীর সর্বাপেকা অধিকতম প্রেমাস্পদ হইবেন, ভাঁহাকেই ইতালীর রাজচক্রবর্ত্তী করিতে হইবে; আবার সংখ্যায় বহুল আর এক দল বলেন যে সাধারণতম্ব শাসনপ্রণালী ব্যতীত আর कान श्रकात भागनश्रवानीत्र अधीतन ৰাজিগত স্বাধীনতার পূর্ণ প্রতিভূ নাই। ইহা অপেকা লঘুতর প্রশ্ন লইয়াও নানা-প্রকার তর্ক বিতর্ক উপস্থিত হয়। তন্মধ্যে প্রধান, নির্মাচন-রান্ধনীতির (Elective-

প্রতিনিধি সভা একটা, চুইটি বা.ডডো-धिक इंडेरव १ विहात বিভাগে কি পরিমাণে প্রভুশক্তি সন্ন্যস্ত থাকিবে १ এবং এই मकल विवास विमयान अ नलाम लि देवरनिक माळ निर्वात সমকেই অনুষ্ঠিত হইয়া থাকে। শ্ৰুষ এই অন্তর্বিচ্ছেদের স্থুবিধা লইয়া এক এক कविया ममस "नत्नवरे मसक हर्न करतन।

এই ঘোর অন্ধকার ও ভীষণ মত বিদ-श्रामित निवाकत्व मान्ति (कड এরপ প্রস্তাব করেন যে " যতদিন না ইতালীয় জাতি ইহাদিগের প্রাকৃতিক স্ত্ব উপলব্ধ করিতে পারিতেছেন, আইস তত্দিন আমরা সমস্ত মতভেদ পরিত্যাগ করি। যেহেতু বৈদেশিক অধীনতা হইতে ইতালীর উদ্ধাব লাগন বিষয়ে মতদ্বৈধ নাই, আমরা এক্ষণে শুদ্ধ ইহারই অমু-ষ্ঠানে প্রবুত্ত হই ; জাতীয় স্বাধীনতা পুনঃ-স্থাপিত হটলে সে সকল মতভেদের তথন মীমাংসা করা যাইবে।"

এরূপ প্রস্তাব অন্তর্দে বিবল্যের পরি-চায়ক; লব্য ইতালী সমাঞ্চ গুর্মলতা-প্রদর্শনে নিতান্ত আনিচ্ছুক। বাধাবিপত্তি বা সন্দেহের পরিবর্জন ও পরিহরণ ইহার ইচ্ছা নহে; প্রত্যুতঃ দন্দেহের নির্দন ও বাধাবিপত্তির উল্লন্ডন্ট ইহার দৃঢ় ব্রত।

''বাধাবিপত্তি ও সক্ষেছের পরিছরণ করিয়া এবং কোথায় যাইব কিছুই না জানিয়া কেবল "অপ্রসর হও! অপ্রসর इ.७।" विषया त्रव 'करा काश्रुक्ररवत्र কার্য্য-স্থদেশের সঞ্জীবন-কার্য্যে ব্রতী। মহাত্মানিগের কার্য্য নহে।

"বিশেষতঃ লোকে ব্যক্তিগত স্বাধীনতার বিনিময়ে জাতীয় স্বাধীনতার প্রাথী
নহে। যদি তাহারা জানিতে পারে যে
জাতীয় স্বাধীনতা প্রতিষ্ঠাপিত হইলে
বাক্তিগত স্বাধীনতা স্বর্ক্তিত হইবে,
তবেই তাহারা বৈদেশিকদিগের শৃজ্ঞাল
হইতে ইতালীকে উন্মুক্ত করিতে জ্ঞাসর
হহবে।

"শুদ্ধ প্রতিষ্ঠাপিত শৃষ্কালার প্রালয়সাধনে
একটী সমগ্র জাতিকে বিপ্লবে উত্থাপিউ
করা অসম্পব। তাহারা প্রাচীন যথেচ্ছাচার স্থলে নব যথেচ্ছাচার প্রতিষ্ঠাপিত
করিবার জন্য দেহের ক্ষির, গৃহের ধন,
এবং যথাসর্বস্থই বিসর্জ্জন করিতে কথনই
প্রস্তুত হইবে না। যদি জনসাধারণকে
বিপ্লবে উত্তেজিত করিতে চাও, তবে অগ্রে
তাহাদিগের নয়ন-সমক্ষে একটী সংক্ষিপ্ত,
অসন্দিশ্ধ ও পূর্ণ কার্য্যপ্রণালী ধারণ
কর।

"কিপ্রকার শাসনপ্রণালী প্রতিষ্ঠাপিত করিতে হইবে, বিপ্লবের ফ্রুতকার্যাতার পর এ প্রশ্নের মীমাংসা করিতে গেলে বরং নৃত্তন নৃত্তন হুর্গমতা উপস্থিত হুইবে।

''দেই ভীষণ ঝটিকার পর যে ঘোরতর বিশৃত্ধলা উপস্থিত হইবে, ভাষাতে জন সাধারণের প্রকৃত অভিপ্রায় বৃঝিয়া উঠা ভার হইবে। তথন যিনি কৌশলী ভিনিই প্রকাসাধারণকে আয়ুক্ত করিয়া ভাহাদিগ-

ষিক্ত করিতে পারেন। স্থতরাং বিপ্লবের উক্ষেশ্য বিষদা হইকে পারে।

''বিপ্লবের পর এ সকল প্রশ্নের মীমাংনা করার পরীকা,কার্কোনারী সম্প্রদায় কর্ক একবার অনুষ্ঠিত হইমা অকৃতকার্যা হই-शाष्ट्र । अञ्चर्तिष्ठामत (मोनिक अभिष्ठे বিপ্লবের পর দিগুণতর ভীষণ আকার ধারণ করে; কিন্তু দেই মুহুর্কেট আবার লক্ষার একতা ও কার্যাপ্রণালীর ঐকতা-নিকতার বিশেষ ও অপরিহার্য। আবশাকতা। कातन नका अठम इहेटन, कार्या थनानी 9 সতন্ত্র হটবে। ুয়েচেতু বাঁহারা বিধি-নিযন্ত্রিত রাজতন্ত্র প্রতিষ্ঠাপিত ममनाज. डांशीनशदी मानारनजानिक-দিগ হইতে স্বত্ব কার্যাপ্রণালী অবলম্বন করিতে হুটবে। নতুবা कल देवयभा ঘটিবে কেন ? বিভিন্নারণ হইতেই বিভিন্ন বিভিন্ন কার্যোর উৎপত্তি হয়।

''সাধ্য ফলের স্থিরতা ও পূর্ণ অবগৃতিই প্রত্যেক বিপ্লবের মূল ভিত্তি স্বরূপ।

" কি সাধন-প্রণালী অবলম্বন করিলে সেই সাধ্য ফলের উপলব্ধি হটুবে তাহা বিতীয় বিবেচনার স্থল। কিন্তু সাধ্যের সিদ্ধান্ত হইতে সাধনার সিদ্ধান্ত আপনিই প্রস্তুত হয়। এই জন্য অগ্রে সাধ্যের— বিশ্বাস ও লক্ষ্যের—সিদ্ধান্ত করিতে হইবে।

" আমরা সাধারণতন্ত্রকে আমাদিগের সাধ্য স্থির করিলাম।

" य नकन कांत्रप এই निकारस

বলিয়াচি। এক্ষণে আবার সংক্ষেপে বলিতেছি। 🔏 ১ম সাধারণতন্ত্র কতকগুলি মপ্রিবর্ত্তনায় সভ্যের অপরিহার্য্য ও নায়ে-দক্ত ফল; ২য় প্রকৃত স্বাধীনতা ও বিশ্বজনীন একতার সহিত রাজতন্ত্রের সামজস্য নাই: ৩য় অসংখ্য রাজপু দ্ধের বিশ্বাস্থাতকতা; ৪র্থ কোনও विरमस्य नाम श्राप्तिक स्रेशनतन्त्र এমন একটী নিকাণাসম্বতা: ৫ম ধার্ম্মিক, যশসী ও প্রতিভাশালী লোকের অসম্ভ'ব, যিনি ইতালীর সঞ্জীবন কার্যোর অধিনেতা হউতে পাবেন_৷ ৬ ঠ সাধারণ-তন্ত্রের অতীত মহগী অবদান-পরম্পরা कामाभि डेजानीयमिरात चाजिभटे जन-দক্ষরে লিখিত আছে: ৭ম ইতালীয়-দিগের মধ্যে রাজতন্ত্রের অনেক গুলি উপাদান-সামগ্রীর অভাব আছে: ৮ম এবং বিপ্লবেই সমস্ত প্রশ্নের মীমাংসা করার ইচ্ছা—এ সমস্ত কারণই রাজভন্তের প্রতিকৃল; কিন্তু সাধারণভত্তের অমুকৃল। " এই জনাট আমরা সাধারণ-ভরকে আমাদিগের সাধ্য শ্বির করিলাম। স্থতগং যথন আমরা লৌকিক পতাকা গগণে

আমাদিগের সাধ্য দ্বির করিলাম। স্থতরাং
যথন আমরা লৌকিক পতাকা গগণে
উডডীন করিলাম, তথন আমাদিগের
সমস্ত আশা লোক সাধারণের উপরই
নির্ভর করিতে হইবে। তাহাদিগের
প্রাকৃতিক স্বত্ব তাহাদিগের স্বাধীন
কার্য্যের প্রতিরোধ করিব না, কিন্তু তাহা
দিগের করিয়াবলীকে সংগণ্থে লইরা

কিক, জাতীয় গেরিলা যুদ্ধ খ্যাপন কবিব, যে কোন শক্তরত এক্সণ সাধ্য হইবে না যে তাহার প্রমুখীন তর। এই জন্য আমরা সর্কাপ্রকার মর্যাদার মূলে কুঠারাঘাত করিব; সাম্যবাদকে একটী ন্তন ধর্ম্ম বলিয়া শিক্ষা দিব; এবং সর্কাপ্রকার শ্রেণী বৈষম্য পদদলিত করিরা একটী প্রকাণ্ড জাতীয় সন্মিলন সংস্থাপিত করিব।

''এই জনা আমরাকেবল রাজার সাহায্য-थाथी इहेव ना, अथवा देवामिक ताझ नोर्डि ও कृष्टे मञ्जनाकात्वत छे अत्र निर्धत করিয়া স্বাধানতা প্রাপ্তির রুথা আশায় व्यविक्ष इवेव ना, आमता देवामिक देवरम भिक রাজদুতের यश्चिम ल নিকট মুক্তি ভিক্ষা চাহিব কারণ আমরা জানি যে যথন আমরা সাধারণভল্লের নামে বৈপ্লবিক পতাকা উডডীন করিয়াছি, তথন আমরা ইউ-রোপীয় রাজনীতির সহিত অনিবার্যা ও অপরিসংহরণীয় বিবাদে প্রবুত হইতেছি; এ বিপ্লব কৃট মন্ত্ৰণাঞ্জালে বা মুগ্ধ সন্ধিতে সংসাধিত इहेबात नट्ह, मानिত বেয়ন-টের স্ক্রাগ্রেই ইহা সংলাধিত করিতে হইবে। জনসাধারণেরই সহিত আমা-দিগের সম্বন্ধ, স্থতরাং তাহাদিগকে লইরাই আমরা লড়িব। তাহারাই আমা-क्षिश्यक वृक्षित्व।"

ম্যাট্দিনি প্রথম আপত্তির উত্তরে এইরূপ বলিয়াছেন ং— কার উপর "নবা ইতালী" এই সক্ষেত্ত অঙ্কিত, করিয়াছি তাহার কারণ এই যে ইহাই আমাদিগের মতে সঞ্জীবিত ও অভ্যাদরোমুথ ইতালীয় জাতির জাতীয় নামের উপযুক্ত সক্ষেত।

" যাঁহারা সামাজিক বিপ্লবের অভিমুখে জনসাধারণের বলবতী ইচ্ছাকে मञ्जीर् সংস্কার-সীমায় আবদ্ধ করিতে চেষ্টা করেন: যাঁহারা মর্যাদা বা সম্রান্তি (Aristocracy) কপ প্রাচীন ফটোলিকার ধ্বংসাবশৈষ্কে লোকভানিক ন্বীন প্রামানের সোধান প্রস্তর করিতে চান; যাহারা মতীত বহু দর্শনের অথগুনীয় প্রতিকৃল প্রমাণ সত্ত্বও, বংশপরস্পরাগত বাজতম্বেব প্রচারে অস্থলিত-যত্ত : যাঁহারা জন সাধারণের মৃত দেহের উপর নবীন যথেচ্ছাচার প্রতি-ষ্ঠাপিত করিবার জন্য জন সাধারণকে মুহামুখে উত্তেজিত করিয়া থাকেন; ষাঁহারা সর্বপ্রকার রাজনৈতিক মধ্যদা ও অসমতার বিরুদ্ধে উচ্চরব হইমাও, অধ্যা-শরীর রাজা, বংশপরস্পরাগত সভ্য-সমাকুল সভা এবং নির্বাচনী শ্রেণী রূপ রাজ-নৈতিক মর্যাদা ও অসমতার মূলভিত্তির উপর নৃতন শাসন-প্রণালী প্রতিষ্ঠাপিত क्तिएक हारहन ; याहात्रा अक्ही खनानीत मगुरवारभाषेन क्रिंदन दनिया लास्क्र নিকট ভান করেন, অথচ সেই প্রণালীর क्लक्षि मयरक मश्तकि क करतन ; याँ हाता একটা সম্গ্র জাতির অনুষ্ঠনেমির পরি-বর্তনের অধিকার আপনাদিগেরই হত্তে রাখিতে চান, অথচ বিপৎ ও মৃত্যুর সৃষ্ণ

খীন হইতে কম্পিত-কলেবর যাঁহারা ষড় বিংশতি মিলীয়ান ইতালীয়কে বিপ্লবে সম্খিত করিতে চাহেন, অথচ কোথায় যাইতে হটবে এবং কি করিতে • হটবে তাহা জানেন না: যাঁহার৷ আপনা-দিগকুে এত দুর নিরবন্ছিন্নরূপে ইতালীয় वित्रा शक्त कतिया थारकन (य. देवराणिक অত্যক্ত জ্বেছ মুণা প্রকাশ করিয়া থাকেন, অথচ বৈদেশিক মন্ত্রিসভার অন্ত-গ্রহের উপরই যাঁহারা সময় বিজয়াশা निर्देश करतन, धवः बाठीय (मना नहेया বিপ্লবপতাকা উডডীন করা অবিম্ধা-কারিতা বলিয়া থাপেন করেন; ঘাঁহারা রাজনৈতিক স্বাধীনতার পক্ষপাতী চইয়া ০ সাহিত্য, দুশ্ন 🧇 ধর্মবিষয়ক স্বাধীনতার প্রতিকল—ভাঁহাদিগকেই – ভাঁহারা ব্য়সেরই ছটন, বে অবস্থারই হটন, যে প্রদেশেরই হউন—কেবল তাঁহাদিগকে ট আমবা 'প্ৰাচীন ইতালী" নামে অভিচিত कदिलाम। छाँशां अ शै व नृत्रात (लाक , তাঁহাদিগের বুদ্ধিবুদ্তি জাতীয় উন্নতির ভীষণ শক্ত।

ইহাঁদিগের হইতে আমরঃ " নব্য
ইতালী "—যাহাদিগের মন অনস্ত উন্নতি,
অসীম ভবিষ্যৎ ও অনিষন্তিত স্বাধীনতার
দিকে প্রবলবেগে প্রধাবিত—যে ব্যুসেরই,
যে অবস্থারই এবং যে প্রদেশেরই হই না
কেন—আমরা চিরকালেব জন্য আমাদিগকে সম্পূর্ণরূপে পৃথক্ প্রিন্তি শাপন
করিলাম 1

আমরা ব্যক্তিমাতেরট জনা চাকবি-ষ্য়িক স্বাধীনত। চাই। আমবা দায়াজিক ও রাজনৈতিক অধিকার ও কর্ত্তব্যনিচয়ের অবৈষম্য চাই।

আমবা জগতের উন্নতিসাধন-ব্রতে ব্রতী যাবভীয় লোক লইবা, সমস্ত জাতি একত্র মিলিত হইয়া, একটী প্রকাণ্ড মানহসমাজ গঠন করিতে চাই। ইহাই আমাদিগের সংক্ষত, ইহাই আমাদিগের লক্ষা, ইহাই আমাদিগের কঠোর ব্রত।

যিনি আমাদিগকে ইহা অপেকা কিছু ভাল শিথাইতে পারেন তিনি অগ্র-সর হউন। তাঁহারই কর্ত্তব্য তাহা থাপন করা।

বিনি আমাদিগ অপেক্ষা কিছু ভাল না জানেন, আস্ত্রন্ তিনি আমাদিগের সহযোগী হউন্, আমাদিগের ভ্রাতা হউন।

যাঁহারা এ উভয়ের অন্যতর কিছুই
করিবেন না, ভাঁহারা মকর্মণা হটয়। এক
পাখে দাঁড়াইয়া থাকুন্ তাহাতে আমাদিগের কোন আপত্তি নহে; কিন্ত তাঁহারা
যেন আমাদিগের নিকট নিস্তর্কতা ও
জড়তার উপদেশ দান রূপ ধৃষ্টতা প্রকাশ
লা করেন।

জনসাধারণই আমাদিগের এই নবীন ধর্মের মূলমন্ত্র; ইহাই সামাভিক পিরা-মিডের ভিত্তিভূমি; ইহাই মানবসন্মিলনের মধ্য বিন্দু; ইহাই সেই সংহিত মানব— যাঁথাকে লক্ষ্য করিয়া আমরা ইতালীয় বিপ্লব বা সঞ্জীবন কার্য্যের বিষয় বলি বা চিজ্ঞা করি।

জনসাধারণ দক্ষে আমরা সেই জন-

সমষ্টি বৃঝি যাহাছাবা এই জাতিটা সংগ্ৰ ঠিত।

কতকগুলি লোক চইলেই একটা **कांशिमित्रिय महिंग योग** জাতি হয় না। একটা সাধারণ লক্ষা ना शांक, रामि ভাহারা এফ সাধনায় সিদ্ধ না হয়, ৰদি এক প্রকার বিধিমালা দ্বারা ভাহারা সংয-भिष्ठ ना रम्न, जाहा इहेटन जाहापिशतक একটী জাতি বলিতে পারি না। শব্দ একতা বাপ্তক। মতের লক্ষোর একডা এবং অধিকারের এক-তাই কডকগুলি বিসংশ্লিষ্ট লোককে পর-স্পার সম্বন্ধ ও একটা সমগ্র জাতিতে পরি-ণত করিতে পারে।

যথন সেই মত, সেই লক্ষা, সেই অধিকার নিচয়, কোন অবিচলিত ও চির-স্থায়ী ভিত্তির উপর সন্নাস্ত হয়, তখনই সেই কাতিকে প্রকৃত কাতি বলিয়া পরি-গণনা করিব।

যে মতে তাহাদিগের সাধারণ বিশ্বাস, সে মত অথগুনীয় ও উন্নতিশীল ২ওয়া চাই; যেন তাহা সময়ে বা মাকুষের ধেয়ালে বিনষ্ট না হয়।

আর সেই লক্ষ্য নৈতিক লক্ষ্য হওরা চাই; কারণ ভৌতিক লক্ষ্য মাঞ্জই সঙ্কার্ণ, স্থতরাং প্রকৃতিতঃ চিরন্থায়ী সন্মিলনের মূলভিত্তি হওরার সম্পূর্ণ অযোগ্য।

আর সেই অধিকারনি চর যেন মানব প্রকৃতির স্বভাবসিদ্ধ সম্বের নিষ্কর্য হয়; কারণ তাদৃশ অধিকারনিচয়ই কালের করাল চক্রে সংস্কৃত্ত ওৎধালিত হয় না।

মতসামা অনিবন্ধিত ও স্বেচ্চা প্রস্থত इ ७ ज्ञा . हारे ; वटन ७ कोमरन त्य মতুসামা ভাহা বালুকানিশ্বিত সেতৃর নাায় ভাবসগ্নাসমর্থ।

আত্যোরতি ও আত্মবুরিনিচয়ের শৃঙ্খলাবদ্ধ পরিণতিই যেন ব্যক্তিমাত্রের সাধাবণ লক্ষা হয় |

কিন্ত জাতিব লক্ষা চটবে সামাজিক বলনিচয়ের বর্দ্ধনশীল পরিণতি ও কিপ্র-কারিতা সাধন। সমাজ-বন্ধন এই উদ্দেশ্য সাধনেব একটা প্রধান উপায়।

স্বত্ব ও কর্ত্তবো যাহাদিণের সমানু অধিকার, তাহাদিগের মধ্যেই প্রকৃত সমাজ বন্ধন সম্ভব।

যেথানেই স্বত্বের সামা অবাভিচারী नियम नटक, त्मके शिरनके ट्यांनी देवसमा, আধিপত্য, মর্যাদা, দাসত্ব এবং অীধনতা বর্ত্তমান; সেখানে স্বাধীনতা, বা স্মাঞ্জ-वक्कन अक्रवर्भत नत्छ।

সামা, স্বাধীনতা, এবং সমাক্তবন্ধন-এই তিনটা উপাদানেই একটা প্রকৃত জাতি গঠিত।

य वाधीन-नागतिक-श्वदाखांगी व्यक्षि-वांत्रिशन धक छायांत्र कैशा करह, এक প্রকার সামাজিক ও রাজনৈতিক স্বত্বের অধিকারী, এক সাধারণ লক্ষ্যের অনুসরণে वडी-छाहामिरशत नमष्टित्वहे धक्ती ব্ৰাতি বলি।

म्याखवस्त्रम् ७ मच्छ म्हामित्राव मारमात धार्मम भतिगाम এहे इहरव (य

সেই সামাজিক বলনিচয়ের অংশের বা সমগ্রের উপর একাধিপত্য করিতে পারি-(वन ना।

সমাজবন্ধন ও সম্বন্ধ সভাগণের মধ্যে সামা-সংস্থাপনের দ্বিতীয় পবিণাম এই इहेरव (य ;--

कान अनीविरमय वा वाकिविरमय জাতির নিকট হইতে, অবাবহিত আদেশ না পাইয়া সেই সামাজিক বন্ধনিচয়ের সঞ্চালন কার্য্যের গুরুভার গ্রহণ করিতে পারিবেন না।

এইরপে সর্ব্বপ্রকার পুরুষ-পরম্পুরাগত মর্য্যাদা বা আধিখত্যের তিরোধান হইবে। স্থতরাং যে সকল্প ব্যক্তির উপর রাজ্যের শাসনভার অপিত থাকিবে, তাঁহারা জাতির নিয়োজিত ভূতা হটবেন; তাঁহা-দিগের আদেশ জাতি দারা প্রতিসংহরণীয় হইবে: কারণ তাঁহারা পুদমর্যাদা, স্বত্ব প্রভৃতি যাহ। কিছু পাইয়াছেন তাহা জাতি इटेटा है।

জাতিই অপ্ৰতিদ্বন্দী স্বয়ং রাজা।

যে সকল ক্ষমতা জাতি হইছত প্রস্ত হয় নাই, তাহা হঠজত ও অবৈধ বলিয়া পরিগৃহীত হটবে।

यে कान वाकि कानि-निर्मिष्ठ প्रजूजी-भीमा उल्लब्बन कतिरवन, जिनिहे এकसन বিশ্বাস্বাতক ভূত্য বলিয়া পরিগণিত इहेरवन ।

নব বিধিমালার প্রতিষ্ঠাপন এবং প্রাঞ্জি-त्कान পরিবার-বিশেষ বা বাঞ্জিবিশেষ । ঠাপিত বিধিমালার যখন জাতীয় অভাব ও সমার নার্দিবৃত্তির পরিণতির সহিত অসামঞ্জ্যা হয়, ভাহার পরিবর্তুন বা পরি-পুষ্টি সাধন রূপ অনুল্লজ্মনীয় স্বন্ধ কেবল জাতিরই হস্তে নিহিত আছে।

কিন্তু যে হেতু জাতিস্থ ব্যক্তিমাত্তেই
সাধারণ সভায় অধিবেশন করিয়া জাতীয়
বিধিমালার আলোচনা ও তদ্বির মেতামত
প্রকাশ করিতে প্রক্রম, এইজন্য প্রতিনিধি নির্দাচন দ্বারা কার্য্য নির্দাহ করিয়া
থাকেন; ইছ্ঁরো—যাঁহাদিগের উপর
বিশ্বাস আছে—এরপ কতিপয় কর্মচারী
নিযুক্ত করেন। তাঁহাদিগকে জাতীয়
অভাব ও জাতীয় ইচ্ছা বিশেষরূপে প্রতিপ্র করিয়া দেন, এবং শ্লেই জাতীয় অভাবের অনুসরণে সেই জাতীয় অভাবের অনুসরণে সেই জাতীয় ইচ্ছাকেই
বিধির আকারে গঠিত করিতে আদেশ
করেন।

জাতিনিয়োজিত প্রতিনিধি কর্তৃক পরিবাক্ত জাতীয় ইচ্ছাই সেই জাতির প্রত্যেক সভ্যের অধ্তব্য বিধি হুইবে।

জাতি অভিন্ন, স্থানাং দার্থীয় ইচ্ছার পরিব্যক্তিও অভিন্ন। একের অভেদের অভ্যস্তরে অপরের অভেদ নিহিত আছে।

এই প্রকাণ্ড জাতীয় দামিলনের অভ্য-স্তরে সর্বপ্রকার জাতীয় উপাদান ও বল অস্তনির্হিত আছে, যে প্রতিনিধি সর্ব-প্রকার জাতীয় প্রণালী এই সকল জাতীয় উপাদান ও জাতীয় বলের ইচ্ছার অভি-ব্যক্তির মুখ্যস্তব্বরূপ, তাহাকেই আমরা প্রকৃত জাতীয় প্রতিনিধি প্রণালী বলি।

যেই থানেই সেই সকল বলের কোনটা

উপেক্ষিত হয়, সেই থানেই প্রতিনিধি প্রণালী অসম্পূর্ণ হইয়া দাঁড়ায়।. স্তরাং প্রতিনিধি বারা সেই বলের যথায়থ অভি বাক্তি করিতে স্বভাবতই বলবতী ইচ্ছা ও প্রবণতা জন্মে; এই জনাই আবার আমূল সংস্কারের প্রয়োজন হইয়া উঠে। স্বতরাং বিবাদ ও বিপ্লব—শান্তি ও নিস্তর্ক পরিণ্ডির স্থলাভিষ্কিক হয়।

আমাদিগের অধিনয়নে গ্রাতীয় প্রতি-নিধিনির্বাচন প্রণালী সম্পত্তির উপর সন্ন্যস্ত না হইয়া জনসংখ্যারূপ ভিত্তির উপর সংস্থাপিত হইবে।

প্রতিনিধি মনোনীত করণ কালে প্রত্যেক অধিবাদীর মত গ্রহণ করা যাইবে। যিনি প্রতিনিধি মনোনীত করণে আত্মমত প্রদান না করি:বন, তিনি স্বাধীন নাগরিকের স্বস্থ হইতে বিচ্যুত হইবেন।

শিক্ষা ও ক্ষমতার বৈষম্য হেতু বাঁহার।
প্রতিনিধিমনোনীত করণে বিশ্বব্যাপী
অধিকারের প্রতিবাদ করিয়া থাকেন,
তাঁহাদিগের আপত্তি থওনের জন্য আমরা
প্রতিরিধি নির্বাচনের ছইটা অঞ্চ করিব;
প্রথমতঃ বিশ্বব্যাপী অধিকারের বলে
প্রত্যেক অধিবাদী কতকগুলি নির্দিষ্টসংখ্যক লোককে প্রতিনিধি নির্বাচক
মনোনীত করিবেন; বিতীয়তঃ জাতীয়
সভার সভ্যনির্বাচনের ভার তাঁহাদিগেরই
উপর অর্পিত হইবে।

এই সভাগণের উপরই জাতীয় শাসন-ভার নাম্ভ থাকিবে; তাঁহারা জাতীয় কোষ হইতে বেডন পাইবেন; এবং যভদিন, তাঁহারা এই কার্যো ব্রতী থাকি-বেন, ভতদিন তাঁহারা রাজ্যের অন্য কোন পদে অভিষিক্ত হইতে পারিবেন না।

অই জাতীয় সভার সভ্যসংখ্যা যত
ভাষিক হয় ততই ভাল, সভাসংখ্যা
ভাষিক হইলে উৎকোচপ্রথা আপনিই
কমিবে, কারণ সভ্য মনোনীত হওয়ার
সন্তাবনা অধিক থাকিলে উৎকোচদারী
সভ্য মনোনীত হওয়ার তত প্রেয়েজন
থাকিবে না। এই জাতীয় সভার সভ্যসংখ্যার হাসের সহিত ফ্রান্সে ঘাধীনতার
হাস পরিদৃষ্ট হইয়াছে।

প্রতিনিধি-নির্বাচকেরা একতা মিলিভ হইয়া জাতীয় প্রতিনিধি নির্বাচন কবি-বেন; প্রতিনিধিনির্বাচনে তাঁহাদিগের ক্ষমতা অপরিদীম থাকিবে; কারণ দে ক্ষমতা স্বাধা হইলে জাতীয় রাজত্বেব গৌরব নষ্ট হইবে।

সামাজিক বলনিচয়ের পরিণতি, উত্তরোত্তর বর্জনশীল উরতি ও কার্য্যপর-তাই সমাজ-বন্ধনের মূলভিত্তি ও অলজ্য্য জাতীয় বিধি।

সাধারণ হিতের অনুসরণে সেই সামাজিক বলনিচয়ের স্থাসন, স্থানিয়মন,
ও পরিপ্রিসাধনই জাতীর প্রতিনিধিদিগের প্রধান কার্যা। তাঁহারা রাজনৈতিক সামাের পরিরক্ষক, স্থাতরাং তাঁহাদিগকে বিধিমালা এরূপ ভাবে এথিত
করিতে হইবে যে সামাজিক সাম্যেরও
বেন ক্রমে পরিপৃষ্টি সাধন হক্ষা।

এইজন্য দারিজ-২:ধ-প্রপীক্তি অসংখ্য নিম্নশ্রণীর ছংখাপনোদনে তাঁগদিগের অনেক সময় ও অনেক যত্ন ব্যয়িত করিতে হুইবে।

এইজন্য দায়, উইল্ এবং দানাদি বিষয়ুক বিধিগুলি একপ ভাবে গঠিত কবিতে হইবে যেন ব্যক্তিবিশেষের হস্তে অভিশয় টাকা না জ্বামিতে পারে এবং পরিবার বিশেষের অধীনে অভিরিক্ত সম্পত্তির সঞ্চয় না ঘটিতে পারে।

সমস্ত বিধিমালার লক্ষা এই হওয়া চাই যে যাঁহারা রাজ্যের যে পরিমাণ উপ-কার সাধন ক্রীরবেন তাঁহারা সেই পরি-মাণই পুরস্কার পাইবেন।

কর-প্রণালী এরপে সংগঠিত করিতে
হটবে যেন যে সকল বস্তু জীবিকা সাধনের অপরিহার্যা উপযোগী সে সকলের
উপর কোন প্রকার কর সংস্থাপিত না
হয়; কিন্তু যে সকল বস্তু শুদ্ধ বিলাসসাধন সে সকলের উপর পরিমাণামুরূপ
ও ক্রমিক-বর্জনশীল কর সংস্থাপিত হয়।

স্বসমান ব্যক্তিগণ কর্তৃক বিচারের অধিকার হইতে সমুৎপল্প জুরি-বিচার-প্রথা প্রতিষ্ঠাপিত হইবে।

সম্ভবতঃ অধিকতম ব্যক্তিগত সাধীনতার সহিত সম্ভবতঃ অধিকতম জাতীর
সৌভাগোর সামশুদ্য সাধন করাই জাতীর
স্বাধীনতার পরিরক্ষক, জাতীর প্রতিনিধিদিগের প্রধান কর্ত্তব্য।

ভাহা হইলেই ব্যক্তিগত স্বাধীনতার পরিরক্ষণের জন্য ব্যক্তিগত স্বাধীনতার বিরুদ্ধে যত প্রকার অপরাধ অনুষ্ঠিত ছইবে, তাছার গুরুতর দণ্ড বিধান করিতে ছইবে।

় তাহা হইলেই বাক্তিগত-বিবেক বিষয়ক
স্বাধীনতা অস্পৃশ্য রাধিতে হইবে; এবং
ধর্মবিষয়ক সর্বপ্রেকার প্রশ্ন বাক্তিগত
বিশ্বাস ও বিচারের মীমাংসায় অর্পণ
করিতে হইবে।

তাহা হইলেই মুজাবল্পের স্বাধীনতা সম্পূর্ণ ও স্তর্রক্ষিত হইবে।

কিন্তু আমাদিগের জাতি এক্ষণে ইহাতেই
সন্তুই থাকিবে না। সন্দিলিত সমাজে
ক্রমিক উন্নতি সাধনের নিকে ইহার বলবতী ইচ্ছা। সামাজিক বল্নিচন্নের পরিরক্ষণ মাত্রে ইহার পরিভৃপ্তি হইবে লা,
তাহার পরিবর্দ্ধন করা ইহার প্রধান লক্ষ্য
হইবে। প্রভাই ইহার প্রতিনিধিদিগের
ভবিষ্যতের দিকে সর্বাদা লক্ষ্য রাখিতে
হইবে; ভবিষ্য যুগে যে উচ্চতর প্রেণীর
সভ্যতার আবিভাবি হইবে তাহার অন্তুসরণে সত্ত নিযুক্ত থাকিতে হইবে।

স্তরাং সমাজ বদ্ধনের স্বাধীনতা সর্বধা পরিরক্ষিত করিতে হইবে, এবং স্থাশকা হারা সাধারণ মনোর্ত্তির বাহাতে বিশেষ পরিপ্রষ্টি সাধন হর ভাষিরে ব্যাসম্ভব সর্বপ্রকার উপার বিধান করিয়া দিতে হইবে; এরূপ শিকাপ্রগালী প্রতিষ্ঠাপিত করিছে হইবে বাহাতে জ্বাতিত্ব সমস্ভ ব্যক্তিই অস্ততঃ সামান্য শিকাও পাইতে পারে।

वैश्वाता वृद्धिवृद्धित ध्वरः शातिवातिक

ও সামাজিক নীতির উৎকর্ষে শ্রেষ্ঠ, তাঁহা-রাই সাধারণ কর্ম্মে নিযুক্ত হইতে পারি-বেন।

অপরাধীর উন্নতি ও সংস্কার সাধন-রূপ ভিত্তির উপরই দণ্ডুবিধি সন্ন্যন্ত হইবে।

নানা স্থানে যাহাতে সাধারণ পুস্তকালয়, দাময়িক পত্রিকা, বিশ্ব বিদ্যালয় প্রভৃতি প্রতিষ্ঠাপিত হয় তাহার নানা প্রকার উপায় কুরা যাইবে।

স্বাধীন ও স্থাভাল রাজ্যের মূলভিত্তি
স্বরূপ এই গুলি প্রতিষ্ঠাণিত হইলে
ইতালীর দেই সভাতাশৈলের উচ্চতম
শিখরে আরোহণ করিবার পথ পরিষ্কৃত
ইইবে, যাহার জনা আমরা এতদিন প্রাণপণে চেষ্টা করিছেচিলাম : এবং যে
গ্রন্মেণ্ট প্রস্নামাধণের আহ্বানে প্রভ্
ভার আহ্ত হইরাছেন, দে গ্রন্মেণ্ট
স্বশাই এই লক্ষ্য দাধনে সরলভাবে ও
প্রাণপণে চেষ্টা করিবেন্ত নতুবা উহা
কথনই প্রজাসাধারণের প্রীত ও বিশাস ভাক্ষন হইতে পারিবে না।

বিখবটেপী ভোটে যে প্রকার শাসনপ্রণালী নির্বাচিত হুটবে, তাহারই নিকট
আমরা নতশির হুটব; কারণ কাতীর
ইচ্ছার অভ্যন্তরে ব্যক্তিগত ইচ্ছার অন্তর্ধান
সর্বধা প্রার্থনীয়; কিন্তু যদি এ সকল
মত আমাদিগের গ্রন্থেণ্টের মূলভিত্তি না
হয়, তাহা হুইলে আমরা কাভর
অন্তরে দেধিব আরও ক্রুদিন মানব
হুর্বল্ডা ওুমানব প্রমোভন—মানব্লাভি

ও উহার ভবিষ্য সৌভাগ্যের অস্তর্বর্তী ছইয়া দবি নব বিপ্লবের নিত্য আবশ্যকতা ক্ষষ্টি করিবে।

আমাদিগের উত্তর একণে সম্পূর্ণ হটল। আমাদিগের অভিপ্রায় সকল এক্ষণে জগড়ের নিকট বিদিত ছটল; যিনি ইচ্ছা করেন এই সকলের সমালোচনা করিতে পারেন। ''নবা ইতালী'' সমাজ এক্ষণে ইহার পথে অগ্রসর হইবে; ইতালীয় ভবিষ্য 'সেগভাগ্যের ন্যায় ইহা দ্বির ও অবিচলিত; যে স্বাধীনতার চিস্তা হটতে ইহার উৎপত্তি তাহার ন্যায় ইহা অবিনাশী।

"নব্য ইতালী" সমাঞ্চের বিনাশ নাই, বে হেডু বর্ত্তমান যুগের বিখব্যাপী হৃদয়-বেগের সহিত ইহার সামঞ্জদ্য আছে; গবর্ণমেণ্ট বা সম্প্রাদার বিশেষের নির্যাতনে, অথবা ব্যক্তি-বিশেষেয় সন্দেহে ইন্ডালীর যুবকমণ্ডীর উল্লিনমিষা (Aspiration) কথনই দমিত হইবে না।

যদি আমাদিগকে কেহ জিজ্ঞাদা করেন যে নবা ইতালী সমাজ কাহার নিকট হইতে এই ক্ষমতা, এই কার্যাভার প্রাপ্ত হইলেন ? তাহার উপ্তরে আমরা বলিব:—

''আমাদিগের হৃদর প্রতীতির পবিত্রতা এবং আমাদিগের আভ্যস্তরীণ বিখাস ও নৈতিক বল হইতেই আমরা এই কার্যাভার প্রাপ্ত হইয়াছি; বাঁহারা জনসাধারণের স্বন্ধ ও স্বাধীনভার রক্ষার জন্য বন্ধপরি-কর হয়েন, অনন্ত মানব স্বত্বের অধিষ্ঠাত্রী ও দেবতা স্বয়ং প্রকৃতি দেবীই তাঁহাদিগের হল্পেঞ্জন কার্যাভার অর্পণ করেন।

বে সকল মনীষী স্বদেশের উল্পতির সহিত মানবন্ধাতির সামঞ্জস্য বিধানে প্রাণপণে চেষ্টা করিয়াছেন, আমরা প্রকৃতিদেবীর নিকট হইতে যে কার্যাভাব ও ক্ষমতা প্রাপ্ত হইয়াছি, তাঁহাদিগের নিকট হইতেওু তাহার অমুমোদন গ্রহণ করিব।"

যাঁহারা পূর্কী পূর্কী বিশ্লবের পতনের মূল কারণ, অথবা সভাতা ও জ্ঞানালোক ঘাঁহাদিগের হৃদয়ে অন্ধপ্রবেশ মাত্র করিমাছে, এবস্তুত লোকেই ন্যাট্সিনির সেই অকাট্য, সভা সকলের ,বিকদ্ধে আপিন্তি উত্থাপিত করেন—তাঁহাদিগের মতে ইতালীর একতা অসাধ্য কল্পনা মাত্র এবং ইতালীরদিগের ঐতিহাসিক প্রবল্তার সম্পূর্ণ বিপরীত।

কিন্তু কালে প্রকৃত ঘটনা দারা ম্যাট্-সিনির মতের সত্যতা প্রমাণীকুত হইল; স্তরাং ইইাদিণের আপত্তির স্বতই খণ্ডন হইরা আসিল।

क्यणः।



বৈজ্ঞানিক পদার্থবাদ।

ভারতবর্ষ সমগ্র পৃথিবীর ক্ষুদ্র প্রতি-কুতি বলিয়া প্রসিদ। তুষার ও শীত, গ্রীম মণ্ডলের গ্রীম, আফি -কার মকভূমি ও স্কটলভের পার্বতা ভূমি, দক্ষিণ ক্লামেরিকার সাত্রময় প্রদেশ ও ক্সিয়ার সমতল ভূমি, নায় আরি জল উষ্ণ প্রস্রবণ প্রপাত ও আইদলভের সকলই এখানে দেখিতে পাওয়া যায়। কিন্তু এই সকল প্রাকৃতিক,-অবস্থাভেদের আধারত্ব ভিন্ন ও বর্তুমান অবস্থায় আর একটা কারণে ইহার পুর্বোক্ত সংজ্ঞা সম্পূর্ণতা লাভ করিতে পারে। গ্রীস ও রোমের পৌত্তলিকতা হইতে বর্তমান সময় পৰ্য্যস্ত মানবীয় চিস্তা স্ৰোত নানা বিধ আকারে প্রবাহিত হইয়া নানা শাখা প্রশাখায় কখন মিলিয়া কখন বিচ্ছিন্ন হইয়া বেরূপ অবস্থায় নীত হইয়াছে-প্রায় সেই সকল অবস্থা গুলিরই চিত্র বর্তমান छुटे महस्य वा यांग्र । ভারতে দেখা ভতোধিক বংদরে ইয়ুরোপ কোম্তের मानव छाटनत छुटे व्यवहा काठाहेत्र। जुडीरत পড়িয়াছে, পৌত্ত লিকতা হইতে দার্শনিক অবস্থার ভিতর দিয়া বৈজ্ঞানিক সোপানে উঠিয়াছে। ইউরোপে ছুই সহস্র বৎসরে যাহা ঘটিরাছে ইয়ুরোপীয় চিস্তার প্রতি-বিম্ব পড়িয়া অর্দ্ধ শতান্দীর মধ্যে আমাদের **(मर्म जाहा च**ित्रारक এবং

প্রকার নিদর্শন পাওয়া যায়। এই ক্রত পরি-বর্ত্তনে সমাজ একদিকে কতক উপকৃত रुष्टेशारक वढे जावात जना मिटक यर्थ है ফ হি প্রস্ত ইইয়াছে। একদিকে যেমন সমগ্র সমাজকে বৈজ্ঞানিক অবস্থার দিকে অগ্রসর করিয়াছে অপর দিকে তেমনি मगाज्ञ विश्वित कविशा (क्लिशाष्ट्र। অধুনাতন নমাজের অবস্থা দেখ কতকগুলি লোকের পৌত্তলিকতায় বিশ্বাস পূর্কের ন্যায় দৃঢ় আছে, কভকগুলির পূর্বাপেকা হাস হইয়াছে আর কতকগুলির কিছু শেষোক্তের মধ্যে কতকগুলির शृक्वियात्मत शान ठिक शृक्वित नाम শক্তিতে অপর একটি বিশ্বাস আসিয়াছে আর কতকগুলির অল্ল অল্ল আসিয়াছে। আর কতকগুলিয়।কিছুই আসে নাই। এইরপে সমাজের ঐকা অনেক পরিমাণে नहे इहेग्राइ কিন্ত ইহা অপেকা ও আর একটী কারশে অধিক ক্ষতি হইয়াছে। যথন কোন পুরাতন সংস্কার বা বিশ্বাসের म खित र्ाम रस मिटे मरक मरक रस मकन ছবুত্তি তাহার সহিত মিশ্রিত থাকিয়া তাহাকে কার্য্য প্রবণ রাধিয়াছিল সেগুলি निष्ठक इहेश्रा श्रा অপর একটি বিখাস প্রহণ করিলে ও হড়ভি সফলের সে বিশ্বাসের সহিত মিঞ্জিত হইতে ও

পুর্বের ন্যায় সভেজ হইতে সময় লাগে। এইরূপ মান্দিক অবস্থার ফল অনাস্থা ও একটি কার্য্য করিতে উলাম-চীনতা। হইলে শুদ্ধ সেই কার্যাট বৃদ্ধি শক্তির मार्गास्य जान वित्रा वानित्वरे यएष्ठे हम् ना. तम्हे 'जान' विश्वादमत হাৰ ভি মাথাইতে হয় তবে তাহা কাৰ্য্যে পরিণত হয়। মনে কর ভূমি বৃদ্ধিবৃত্তির नाहार्या वृत्रित्न त्य विधवा-विवाह त्व अश উচিত, কিন্তু তোমার এক বিধবা ভাগিনী আছেন তুমি ওাঁহার বিবাহ দিতেছ না এবং তজ্জন্য কোন কষ্টপ্র অমুভব করি-তেছ না। এরপ অবস্থায় তোমার বিশাস কেবল বুদ্ধিবুত্তির উপর স্থাপিত, উহাতে হৃদ্ তি আদৌ মিশ্রিত হয় নাই। কিন্ত यथन प्रिथिटव (य अधिनी व विवाह ना দেওয়ায় তোমার অন্তর ব্যথিত হইতেছে, তথন বিশাসে হুণ্ডির মিশ্রণ আরম্ভ इहेबाट्ड। এই মিশ্ৰণ যথন লাভ করিবে তথন তাহার বেগ অনি-বার্য্য হইবে, তথন তুমি সমস্ত বাধা বিপত্তি তুচ্ছ করিয়া ভগিনার वन्नरमान वर्डमान व्यवसा °रम्थ, मिट्य । দেখিবে প্রাচীন সংস্কার সকল প্রায় আর নাই, তাহার স্থানে নৃতন নৃতন সংস্থার আলিয়াছে, কিন্তু এই সকল সংস্থা-রের সহিত জাজিও হৃদ্ধতি সকলের মিশ্রণ रम नारे। এर जनारे वाकालि कार्कित এত অনাম্বা, নিজেজভা ও উদ্যম-হীনতা। युगनयानि तिरात याद्या श्रीतीन मः स्रोत नकम श्रीगृहे व्यक्त कार्ष धरेकना

তাহাদের এত সতেজতা ও উদ্যমশীলতা।
ফলতঃ বর্ত্তমান সমাজের এ অবস্থা—পরিবর্ত্তন সময়ে অবশাস্থাবী হইদেও—প্রার্থনীয় নহে। স্বন্থ ভি সকল বাহাতে সঞ্জীব
হয় তাহার প্রয়োজন হইয়াছে।

আপাতভঃ (मश्र তুইটি কারণ ইহার বিপক্ষতা করিতেছে। প্রথমতঃ—কোন সংস্কারের সহিত ক্রন্থ ক্রি সকলের মিশ্রণ হুইতে হুইলে উক্ত[°]সংস্কা-বুদ্ধিরূপ ভিত্তিতে দঢগ্ৰথিত হওয়া চাই। এখন আর অন্ধ বিখাদের কাল নাই, যীগুখীষ্টে বিশ্বাস কর নতুবা পরিত্রাণ নাই বলিলৈ আর কেহ খ্রীষ্ট ধর্ম গ্রহণ করে না।° যে •বিখান বৃদ্ধিবৃত্তি সম্পূর্ণরূপে আয়ত্ত করিতে না পারে সে বিশাস এখন আর কার্য্য-প্রবণ হয় না। কিন্তু এক্ষণে অনেককে দেখা যায় জাহারা श्रामानिकवामी, शिज्वामी वा श्रमार्थवामी বলিয়া পরিচয় দেন কিন্তু বাস্তবিক প্রামা-ণিক দর্শনে বা হিতবাদ দর্শনে কি বলে তাহার অম্প আভাস পাইয়াছেন মাত্র বা কোন স্থলে পান ও নাই। কর, পানকর ও আমোদ কর ' এই তিন কথায় যেমন এ পিকিউরস দর্শনের সার উদ্ধ ত হইয়াছিল অনেক স্থলে তাঁছাদের আভাদও দেই প্রকারের হইয়া থাকে। ফলত: ওরপ বিশ্বাদ মনকে ভিজাইতে পারেনা, পদ্ম-পত্রে জলের ন্যায় নিলিপ্রভাবে थाक। धरे मक्ष कांत्रण मकल श्रकांत्र নৃতন মত ফাহাতে স্মুম্পট্রপে প্রচারিত হয় তাহার বিশেষ প্রয়োজন হইয়াছে।

দ্বিতীয়ত:--বর্তমান সময়ের অমুদারতা ও পরস্পর সহাত্তৃতির অভাব গ্রন্থ नकनाक माजब ও मखीव इहाज मिराजाइ না। আমি যাহা বুঝি তাহাই সতা, স্থতরাং যে আমার অমুবর্ত্তন না করে তাহার কথা গুনিব না, সে যাহা করিবে, ভাল इडेक मन इडेक, जाहाट कथन यात्र দিবনা বরং বাধা দিব এক্লপ আচরণ অত্যন্ত আত্মাভিমান ও সন্ধীর্ণতার কার্য্য। ফলত: অধীরতা ও আত্মাভিমান এবং পূর্বোক্তরূপ আভাদ গ্রহণ এই অমুদা-রতা ও সহামুভূতির অভাবের কারণ। এপিকিউরস-দর্শনের পূর্ব্বোক্তরপ সার গ্রহণ করিলে হয়ত ভাহার সহিত আমার महायूज्ि हहेरव ना. किन्ह এक है धोत-তার সহিত যদি আর একটু ভিতরেপ্রবেশ করি হয়ত তাহাতে এমন অনেক দেখিতে পাইব যাহাতে আমার সহাত্ত্তি আছে, এবং অনেক সময় এইরূপই ঘটিয়া থাকে। বর্তুমান সময়ে দেখা যায় যে যাঁহারা ঈশ্বর বাদী তাঁহারা হিত্যাদী, প্রামাণিক वानी, अनार्थ वानी नकनारक है नास्त्रिक वनिया घुगा कत्रिया थाटकन । किन्ह वृत्यिया तम्थितन **। एस्था यात्र व्यामानिक वांमी वा भमार्थ-**বাদী নাস্তিক হইতে যতদুরে ঈশ্বরবাদী रहेट उज्जूद नम्। এই क्रांश (य नक्न অণুতে সমাজ গঠিত অকারণ তাহাদের পরস্পর আকর্ষক বলের নাশ হওয়া অভ্যস্ত এই इहे कांत्रण प्राक्ति व्यवार्थनीय । এ প্রস্তাবের অবতারণা। একটা মতের ভাব নিঃসন্দিথ্যমপে ব্যক্ত করা, ভাহার

প্রীতিকর অপ্রীতিকর সকল পার্ল ভাল করিয়া দেখান ও তাহার পক্ষ সমর্থক-দিগের উপর যে সকল অযথা দোষ অর্পিভ হইয়া থাকে ভাহার কালন করা এবং তাহারা পূর্বে যাঁহাদের অপ্রীতিকর ছিলেন ভাঁহাদের নিকট সহামুভুজির मञ्जावना वृद्धि कता व श्रन्थात्वत्र डिल्म्भा । अमार्थ वाम कि ? अमार्थ वाम काहारक वाल ? देशंत डेखत मिट इहेरन आक-वादि नकल वर्क्डवा श्वील वला मस्रव नग्र। **इ**डे स खाम इन्छ। ভাহা না হওয়ায় যেমন এক দিক বলিতে যাটব অমনি অনেকের সহাক্র-হারাইব, পরে অপর (मथाहेल आह कि इहेर डीहांडा कि আর শুনিবেন ? যাহা হউক পাঠকদিগের ধৈর্যোর উপর আশা করি-লাস এবং তাঁহারা একটু গ্রীরতার সহিত শেষ পর্যান্ত দেখেন ইহাই আমার প্রার্থনা পদার্থ * कि ? বোধোদয়ে পড়িয়াছি 'আমরা ইতন্ততঃ যাহা দেখিতে পাই সকলই পদার্থ আমরা আর ও পডিয়াছি যে 'পদার্থ দকল তিন প্রকার চেতন অচেতন ও উদ্ভিদ'। পদার্থ সম্বন্ধে এই সাধারণ সংস্কার ভ্রম-মূলক নছে। সামান্য বালুকাকণাটী ও পদার্থ আর ঐ উদ্যান-শোভা পুষ্পটী ও পদার্থ, ঐ বালিকার কেশ-নাম্ভ পুষ্পটী ও পদার্থ এবং তাহার

 हेश्त्रांकिरङ Matter मंस त्य चार्य वात्रक्ष इत्र भनार्थ मृस त्महे चार्थ वात्रक्ष हहेम।

विमन मूथकमन ও পদার্থ ইহাতে মত दिश नाहै। जिनिहे यमि अमार्थ इहेन जर्द উদ্ভিদ ও চেতন তিনটা পদে ঐ তিনটার পার্থকা কর কি कता ? यति वत, প्राक्रन-निकिश्व अत-मनिष्ठ व्यञ्जात थन ७ हे:नार्श्यातीत মুকুটোজ্জুলকারি হীরকথণ্ড, গহরবিস্থত পঙ্কিল জলরাশি ও পর্বতচূড়শোভী ধবল তুষাররাশি একই পদার্থ হট্লেও যেমন অবস্থা ভেদে বিভিন্ন রূপ ধারণ করিয়া বিভিন্ন নামে অভিহিত হয় এথানে ও সেই রূপ পদার্থের বিভিন্ন অবস্থায় বিভিন্ন সংযোগ বিয়োগ হইতে এই তিন প্রকার রূপ দৃষ্ট হয় ও তাহারা চেতন, चाराजन. फेलिम এই जिन मध्छात्र অভিহিত্ত হয়—ভাল হইলে জানিব যে তুমি পদার্থবাদ দর্শনের সার বুঝিয়াছ তোমাকে বলিবার আর কিছু নাই।

কিন্তু যদি বল, যে একটা বৃক্ষ আর সেই বৃক্ষেরই এক গাছি যান্ত উভরে একই উপাদানে নির্মিত হইলে ও উভরে এক বিশেব প্রভেদ আছে, যান্ত গাছটা যতদিন রাথ তাহার আর বৃদ্ধি হইবে না কিন্তু বৃক্ষটা বাড়িবে, স্নতরাং যান্ত গাছটীতে কেবল পদার্থ আছে কিন্তু আছে বাছাতে তাহার বৃদ্ধি সম্পার হয়—সেই টুকু তাহার জীবন ইহা পদার্থ হইভে বিভিন্ন এবং এখরিক শক্তি হইতে প্রাপ্ত। আর বৃক্ষ হইতে একটা প্রাণীর প্রভেদ এই যে যেমন

পদার্থে জীবন সংযোগে বুক্ষের উৎপত্তি, रमें क्रि भनार्थ की वन हाड़ा आत अक्र किছू मः योग ना कतित्व लानी इस ना, সেই টুকু ও পদার্থ হইতে বিভিন্ন এবং এখবিক শক্তি হইতে প্রাপ্ত এবং ভাহারই বলে প্রাণিবর্গ আপনাদের শরীর সঞালন করিতে পারে এবং ইচ্ছামত কার্য্য করিতে পারে—यमि ইश वस ভাহার উত্তরে আমি বলিব থেঁ আমি যদি দেখাইতে পারি যে পদার্থ অবস্থা বিশেষে আপ-নার গঠন আপনি করিতে পারে. আপ-নার গতি আপনারই বলে সম্পাদন করিতে পারে ^{*}ভাহা হইলে ভোমার 🖁 এশীশক্তির কৎপনায় প্রয়োজন কি 🥍 প্রমাণ ছাড়িয়া অনুমানে যাইবার আবশা-कछ। कि ? फनछ: आमि याहा वनिनाम প्मार्थवामी । जाहार वालन वार विकान তাহা দৈখাইয়াছে।

পাঠক। কখন একটা ফটিকের (Crystal)
নির্মাণ আহপ্রিক দেখিরাছ ? * কিরুপে
ভাহার আরম্ভ, কিরুপে ভাহার বৃদ্ধি ও
কিরুপে ভাহার সমাপন হয় পর্যাবেক্ষণ
করিয়াছ ? যদি করিয়া থাক তবৈ ভাহার
বৈশ্বিতে পারিবে। পাঠকদিগের
মধ্যে অনেকে বোধ হয় মিছরীর দানা
বাধিতে দেখিয়াছেন ভাহা হইতেও ইছার
কতক উপলব্ধি করিতে পারেন। সামান্যাকারেইছা সকলেই দেখিতে পারেন। একটু
লবণ জলে তাব করিয়া কিছু ক্ষণ রাখিয়া

^{*} See Tyndall's Fragments of science p—115

ভল বাষ্প হইয়া উডিয়া যাইতে লাগিল। ক্রমে উক্ত তরল দ্রব এমন অবস্থায় আদিল যে আর তথন তরল অবস্থায় থাকিতে পারে না, তাহার অণুদিগের মধ্যে পরস্পর আকর্ষণ আরম্ভ হইয়াছে দেখিতে দেখিতে একটা ছুইটা তিনটা অসংখ্য অস্কুর জিমিল, তাহাদের চতুঃপাখে অণু সকল আদিয়া মিলিতে লাগিল। भिनातन कन अक अकरी कृषिक। নিশ্মাণ প্রণালী ও এক একটা ক্ষটিকের গঠন একটা অপুবীক্ষণের সাহাযো দেখ ত সে বিস্ময় আর রাখিবার স্থান থাকিবে না। এক একটীর গায় বেন ধাপে ধাপে সোপানশ্রেণী উঠিতেছে। বস্ততঃ যদি গঠন-সৌষ্ঠব কি **জ্ঞানিতে** চাও, তবে নানাবিধ ক্টিক দেখ। এত পরিকার এত কুন্দর, এত জটিল গঠন জ্যামিতির কম্পেনায় ও আদে না। এ গঠন-দোষ্ঠব क्रेश्वरतत নিৰ্মাণ কৌশলেই উৎপন্ন হউক বা পদাৰ্থ-গুণ হটতেই উৎপদ্ধ হউক আমার নিকট ইহার মোহিনী শক্তি অব্যাহত রহিবে। ফলতঃ হীরক থণ্ড অঙ্গারের রূপাস্তর মাত্র জানিয়া ও কি কেহ হীরকের প্রতি হতা-मत्र इटेग्रा थात्क १

তুমি ভাবিতে পার যে ইহা কোন দেব-যোনির কার্যা। তবে তুমি বুক্ষের ন্যায় (ঐশীশক্তি প্রভাবে) বৃদ্ধিশালী হইলেও নে ক্টিকটাকে জড় পদাৰ্থ ৰলিতে ছাড় না কেন ? দে যাহাহউক বিজ্ঞান ইহার মীমাংসা করিয়াছে। বিজ্ঞান জানিয়াছে যে আকৰ্ষণ ও বিয়োজন এই ছুই বলে অণুদিগের ঐরূপ মিলন। প্রত্যেক অণুই চৌষক ধর্মপ্রাপ্ত, উহার এক দিকে আক-र्संगु ७ व्यात नित्क विरम्नाजन। বলের সামঞ্জন্যে উক্তরূপ গঠন সৌষ্ঠবের শুদ্ধ যে লবণের মত একরাপ পদার্থ থাকিলে ফটিকের উৎপত্তি সম্ভব তাহ। নর ছই বা ততোধিক দ্রব্য মিশ্রিত থাকিলেও ক্ষটিক তাহা হইতে আপনার वर्कतनाभरयां जी ज्वा वाहिया लहेमा वृक्षि প্রাপ্ত হয়।

অপর দিকে দেখ। একটা বীজ মাটিতে রোপণ করিলে। অফুকুল তাপক্রমে কিছু দিন থাকিয়া বীজটী অকুরে পরিণত হইল, মাটি ভেদ করিয়া উঠিল। সেই অকুয় স্থ্যালোকের সাহায্যে বায়ু হইতে আপনার বর্দ্ধনোপযোগী ক্রব্য সকল গ্রহণ করিতে লাগিল ক্রমে ক্রন্ত বুক্লের আকার ধারণ করিল এবং অবশেষে কল প্রাদিবিভ্ষিত হইয়া অপরূপ শোভা বিস্তার করিল। ফটিকের উৎপত্তির সহিত ইহার ভ্লনা কর ঠিকই একরূপ দেখিবে। ফটাকে ও অফুকুল তাপক্রমে অকুর বা মধ্যবিক্ষর প্রথম সঞ্চার, এখানে ও সেই ক্রপে অকুরের সঞ্চার'। ফটকের অকুরেও

षावात (एथ। अशानी भतीत क ठिक এরপ আণবিক শক্তির ফলে গঠিত। कि इक्क कि ध्यांगी मंत्रीरत क्यांथा अक विन् भवमाव्य शह नाहे। वृक्ष देवमन বায়ুতে পরিবৃত হইরা সেই বায়ু হইতে অণু লইয়া আপন শরীর পরিপুষ্ট করে, প্রাণিশরীরও সেইরূপ রক্ত রাশিতে পরি-বৃত থাকিয়া তাহাতে আপনার পুষ্টি সাধন करत (दमहें त्रक जानमा हहेट जाहेरम मा, शामा खरवात छैशत त्रामायनिक किया हरेट हेरात डेंदबंडि। প্রাণিদিগের যে গতিবিধি ভাষা বাঙ্গীর বত্তের পতিবিধির নাায়। ইয়ুরোপে ঠিক মানবাক্কতি যন্ত্র আছে **डाहा शिरमत भाहारका मानरवंत्र मंड हिन्छ** शादा। कन्छः विकान हेश अमान कृति बाह्य द्यायन दिश्य अकर्रे अवस्थानुबन

স্ষ্টি করিতে পারে না সেইক্লপ অধুমাত্র বলেরও সৃষ্টি করিতে পারে না। य গতিবিধি করি. যে বলে কার্যা করি সে কেবল অনা বলের রূপান্তর মাত। কলেব গাড়িতে পাথুরিয়া কয়লার দহনক্সপ রাসায়-নিক ক্রিয়া হইতে তাপের উৎপত্তি, তাপ হইতে জলীয় বাষ্পেব বিততিষা, বিততিষা হইতে গতির উৎপত্তি হয় সেইরূপ আমা-দের খাদ্য দ্রাকের পরিপাক রূপ রাসায়-নিক ক্রিয়া হইতে তাপের উৎপত্তি এবং সেই তাপ হইতেই আমাদেয় কার্যা-কলাপ, গতিবিধি সকলের উৎপত্তি। পরিশ্রম করিকে তোমার ক্ষ্ধা হয় কেন ? পরিশ্রমের অর্থু কি ?—শরীর সঞ্চালন, শরীর যে পরিমাণে সঞালিত হয়, সেই পরিমাণে শরীর হইতে তাপ শোষিত হয় সে তাপ রাসায়নিক ক্রিয়া হইতে আইসে, সে রাসায়নিক ক্রিরার কার্য্য খাদ্যদ্রব্যের পরিপাক। স্থতরাং যে পরিমাণে শরীর मक्षालिक दब मिहे भदियाल थालुसरवात পরিপাক হয়। ফলত: একটা ছাত নাভ ভোমার পাকস্থলীম থাদ্যদ্রবোর একটু शंत रहेरव। एक भारीकिक <u> শানসিক</u> কাৰ্যো ও ইহার হাস वर्खमान भाजीत्रज्छ विमितिरश्र মতে প্ৰত্যেক মানসিক চিস্তান মন্তিক্ষেয় আৰ্থবিক অৰম্বান পৰিবৰ্ত্তিত হতরাং নানসিক কার্যা ও শক্তীরিকের मज গভিবিশেষ, অভতার हेकात मुल्हा-

জবেগর পরিপাক রূপ রাসায়নিক ক্রিয়া আবশাক ভাষা আশ্চর্যা নর। থাদ্যজবোর রাসায়নিক ক্রিয়া আর কিছুই নর
খাদাজব্য মাত্রেই অঙ্গার, যবক্ষারঞান
ও উদজান প্রভৃতি আছে এই সকলের
প্রখাস গৃহীত অমজানের সহিত মিলনই
খাদ্যের পরিপাক। এই রাসায়নিক
সংযোগোৎপদ্ম অঙ্গার বাষ্পা ও জলীয়
বাষ্পাই আমরা নিঃখাস দ্বার্যা বাহির করিয়া
থাকি।

আমরা এভক্ষণে যাহা বলিলাম তা-হাতে ইহা প্রতিপন্ন হইল চেতন, অচে-**छन, উद्धिन मकन्दे व्यर्ग-मम**ष्टि भनार्थ इटेट दक्वन चानतिक वानत माहारयाहे উৎপর। চেতন জ্বেণীর সর্কোচ্চ স্থানীয় মনুষ্য ও এই নিয়মে উৎপন্ন। এই মানব শরীরের চক্ষুকর্ণ প্রভৃতি কতকগুলি ইস্ত্রি-রের নির্মাণ প্রণালীর কটিলতা অথচ প্রত্যেক জটিলাংশের অভিপ্রায় ও কার্যা-कांत्रिका दिश्वा अप्तरक विश्वाम करत्न ध्यन कि कन है बार्चे मिल भर्गत अबू মান করিয়াছিলেন যে এ সকল অভি-প্রায়ের নিশ্চয় কোন অভিপ্রেডা আছে। কিছ যাঁচারা এরপ বিখাস করেন জা-श्राता विषे सन् हे बार्डि मिल्यत या विकान-विम् एहेरजन जाश हहेरन जीशावरे मछ त्र अञ्चानक भन इंहेरछ पृत्र कतिएछ भाविष्ठत। क्षिक्त निर्माण खगानी ও প্রাকৃতিক নির্কাচন এই ছুট্টী ভাবিরা विन् त अस्यामत्क वन इरेड सूत्र मक्स छ्रेशक्तिला ।

क्त विषय शृत्स्ह वना **इहे**या छ। প্রাক্তিক নিকাচনের অর্থ এই বে জগতে যাহা ভাগ অর্থাৎ কার্যাকর ভাচাট থাকিৰে যাছা অকাৰ্যাকর ভাহার ধ্বংস হটবে। হুইটা জাতি আছে এক জাতি অত্যম্ভ প্রবল অপর্টী অত্যম্ভ হর্মল। বে জড়ি প্রবল সেই জাভি থাকিবে অপর জাতির ধ্বংস হইবে। এই রূপ স্বাভাবিক উৎ कर्ष माधन वहकाम हिमाल (य मकन বস্তর্ই অভিপ্রায় থাকিবে তাহাতে আ-শ্চর্যা কি ? কোন বস্তুর অভিপ্রায় বা কার্যা ना शंकितन, त्म वच्च व्यक्तांशकत हहेतन প্রাকৃতিক নির্বাচন-বলে এতদিন ভাচার ধ্বংস হইত। সে যাহা হউক ইছা দেখান श्रेत्राष्ट्र विकान वित्नता अकृति कृतिक. উদ্ভিদ ও প্রাণী শরীরের গঠন ভৌতিক घটना विषय (मर्थन এवर नीह इहेर्ड উচ্চ, मत्रम हरेट खिन मकनरे खोरिक निषय गण्डव यत्न करत्न।

এত ক্ষণ আমরা কেবল বিজ্ঞানের ক্ষমতা কতদ্র তাহাই বলিলাম, পদার্থবাদ দর্শনের এক পার্শ কি তাহাই দেখাইলাম। এক্ষণে বিজ্ঞান কোথায় অক্ষম তাহা ও বলিব, পদার্থবাদ দর্শনের অপর পার্শ কি তাহাও দেখাইব। আমরা পূর্কেই বলিরাচি যে অধুনাতন শারীর তত্তবিদেরা স্বীকার করেন বে প্রত্যেক সংজ্ঞার ও (Consciousness)

আমি কোন বন্ধ দেখিতেছি, বা কিছু
চিন্তা করিতেছি কিন্তু আমি জানিতেছি
বে আমি দেখিতেছি, আমি জানিতেছি
বে আমি চিন্তা করিতেছি এইরপ ভাবই
সংজ্ঞা। ইহার বিপরীর্ভ সংজ্ঞানীনভা।

पूल (Physical basis) ভৌতিক একটি यमि **শিরা** चारक म ৰিশেষ ভাবে কম্পিড হয় ভাহা হইলে তাপের সংজ্ঞা হর। যথনই সেই শিরা সেই ভাবে কম্পিত হইবে তথনই সেইরূপ তা-পের সংজ্ঞা হইবে। সে কম্পন ভৌতিক উপায়ে मोधिङ हहेरमञ रमहे হইবে। চকুতে আঘাত লাগিয়া হঠাৎ আলোকের অমুভূতি হুইতে পারে কেননা চাকুষ শিরার যেত্রপ গতি মন্তিকে •চালিড व्हेटन উक्तन्न आम्बादकद मःछ। इत्र হয়ত ঐ আঘাতে তাহা হইয়াছিলু। ফলতঃ মন্তিক্ষের অণু সকলের সংস্থান **एटा मः का**त्र शास्त्र हरेगा थाटक । किन्क এই আণ্বিক সংস্থান ও সংজ্ঞায় সম্বন্ধ কি ? একটি হইলেই কেন অপরটা হয় ?

এই खरमाञ्जावी (श्रीसान्या श्रेटि छ इहारमत शत्रभात मण्य किहूरे युवा यात्र ना। पिन शिलारे त्रांकि रत्र, त्रांकि छ निन मध्यक यनि चात्र किছू ना कानिश ওজ ইহাই জানিতাম, তাহা হইলে রাত্রির সহিত দিনের যে কি সম্বন্ধ কে ব্ৰিতে পারিত? কিছু পৃথিবীর গোলছ ও ভাছার আবর্তনের বিষয় জানি. জানিয়া যেন উভয়ের বন্ধনী স্ত্র পাই। এ আণবিক সংস্থান ও সংজ্ঞা উভয়ের বন্ধনী স্ত্ৰে কোথাৰ পাইব ? এ উভরের वकि वह छेटक अ अभवी नित्र, मर्था সোপান নাই কেমন করিয়া একটি ছইভে অপরটিতে উঠিব ?

र्वाम व्यामारलयं हे खित्र जकन अछन्त

উৎकर्व थ्राश्च इत्र त्य जावालत्र मार्चारवा আমরা মন্তিকের অণ্ সকল দেৰিতে পাই—শুধু তাহা নয় প্রত্যেক সংজ্ঞায় তাছাদের যেরূপ গতি বিধি ও সংস্থান হয়.. তাহাদের মধ্যে যে তাডিভস্রোভ চলে সকল্ই দেখিতে পাই তাহা হটলে ও ত একটা হইতে অপরটাতে পারিব না। কেহ ধেক সংজ্ঞাকে পদা-ৰ্থের শেষ নিষ্কৰ্ষ (Ultimate essence) বলিয়া থাকেন। কিন্তু ভাষা চইলেইও মীমাংদা হইল কই ? এরপ কম্পেনায় ও যে ঠিক্ পূর্বের মত যুক্তিতে পূর্বের মত वांधा आंडेटम ।"

93

म याश इंडेक दिय भनार्थ इंडेटड আমরা এত গাড়িতেচি সে পদার্থের সে ত্রিষষ্ঠি ভূতের সৃষ্টি কে করিল ? কেই বা .তাহাদিগকে অণু সকলে বিভক্ত করিল ? क्टे वा त्महे अनुष्ठ आकर्षन, विरया-জন প্রভৃতি বল দিল্ । এ বিষয়ের উত্তর কে দিবে ? विद्धात्मत्र गांधा नाहे, বিজ্ঞান ইহাতে অন্ধ। মানবের সে শক্তি নাই, সে শক্তির অঙ্কুর ও নাই বাহা হইতে এ প্রশ্নের মীমাংসা আশা করা যাইতে পারে। ভবে আইস আন্তিক, নান্তিক, षाठाया, উপाठाया, देवळानिक, मार्ननिक সকলে নভ মন্তকে এ বিষয়ে আমালের সম্পূর্ণ অক্সতা স্বীকার করি।

এক্ষণে বিজ্ঞাস্য হইতে পারে যে এ व्यक्क डां कि कथन पृत्र इटेरव ना ? এ व्यक्त-কারের ভিতর কি কথন আলোক দেখি-वना ? देशांत्र छेखांत्र चामि धरे विन (व

কোন কোন বৈজ্ঞানিক বলেন যে জগতের क्राञ्चि (प्रथिया हैश आमा कता गारेट শালে যে মহুযোগ বর্তমান অবস্থাতেই উন্নতির শেষ নয়, কালে মানবের ক্ষমতার আধিক্য হইতে পারে, এক্সণে প্রতিভা-भागी लाटकता मत्नत त्यक्षण मटक छ সঞীব অবস্থা হইতে সময়ে সময়ে নৃতন নৃতন আলোক দেখিতে পান, নৃতন নৃতন তত্ত্ব আবিষ্কার করেন, সেই নতেজ ও সজীব ष्यवश्रामानव मत्नत्र शांत्री व्यवश्रा १६८७ পারে। তথন মানবের চক্ষু এ অন্ধকার ভেদ করিলেও করিতে পারে। অথবা মানব চকু না পাক্ষক পৃথিবীতে এমন কোন জীবের আবিভাব হইতে পারে যাহার নিকট এ বহুসোর মর্মোছেদ সম্ভব। এত-ক্ষণে আমরা দেখাইলাম পদার্থবাদির পক্ষে কতটুকু পরিষার ও কতটুকু অন্ধকার দেখা-हेनाम (य छाँहात कल्लानाय विवर्ष्ठ पुरस्त **मः (यात विद्यार्थ मक्बर इरेटक शांद्र** কিন্তু ত্রিষ্ঠি ভূত কোণা হইতে আসিল वा हेशामत अक छम कक्षत्रमत कार्यात সহিত সংজ্ঞার উৎপত্তির কি সম্বন্ধ তাহা তাঁহার কল্পায় আদে না।

ষধন বিজ্ঞান ইহার নির্ণয় করিতে না পারিল তথন যদি কোন ধর্মধাকক আসিয়। বলেন যে স্পাই দেখা যাইতেছে সক্লই ঈশ্বরের সৃষ্টি, তাহাতে প্রশ্ন হইতে পারে ঈশবের স্টি কে করিল ? তিনি উত্তর क्तिर्वन जिश्वत खग्रस् । किन्द्र यनि खग्रस् কলনা করিয়া অফ্টার অভার দুরকরা যায় তবে ত্রিষ্ঠি ভূত আপনা হইতে হইয়াছে ইহা মনে করিলেইত সকল মীমাংসা হইয়া यात्र। कलाउः अक्रांत्र ত্বীকার করা যুক্তি-সঙ্গত নহে। अभवित्क यनि नास्त्रिक आमिश्रा वटनन (य আমি প্রমাণ করিতে পারি ঈশ্বর নাই তিনিও যে তাঁহার ক্ষমতার অতিরিক্ত বলিতেছেন ও অন্ধিকার-চচ্চী বলিয়া পরিগণিত হইতেছেন ইহা বলা বাছলা। চক্ত লোকের অধিবাদীদিগের মধ্যে কিরূপ শাসন-প্রণালী আছে এরপ প্রশ্ন লইয়া আন্দোলন করা যেমন বুথা উহাও সেই-রপ। এ প্রশ্নের উত্তরে যদি একজন वत्न 'आयि-मानि यर्थक्काहाक खनानी' আর যদি আর একজন বলে ' আমি জানি অম্বাতন্ত্র প্রণালী ' এ বিবাদ যেরূপ হাস্য-কর, আন্তিক ও নান্তিকের বিবাদও সেইরপ।

এরপ অবস্থার পদার্থবাদীর ঈশববাদীর সহিত সহাত্মভূতি কতদ্র আর ওাঁহার ধর্মজাব কিরপ তাহা পর সংখ্যায় লিখিত হইবে।

खैय:--

देशविन्ती।



চপ্রদেশথর গ্রন্থাকাশের উজ্জ্বল তারা देववनिना । গোপনে ভারা ও গোপনে এক চন্দ্রের প্রতি আত্মসমর্পণ শৈশব হইতেই এই করিয়াছিলেন। চল্লের প্রতি শৈবলিনীর অমুরাগ আরুষ্ট হইয়া দিন দিন বদ্ধমূল হইতেছিল। তাঁহারা একত্রে ক্রীডা করিতেন, মালা গাঁথিতেন, অলকেলি করিতেন, সর্বদাই একত্রে থাকিতেন। তারার অন্ধ্র অনুরাগ ক্রমশঃই প্রগাঢতর হইতে লাগিল। চক্স সকলই বুঝিতে পারিলেন: কিন্তু জানিয়া-ছিলেন এ তারার সহিত ভাঁহার পরিণয় হইবার যো নাই। যে সম্বন্ধে তাঁহারা পরস্পর-মিলিত, সেই সম্বন্ধই তাঁহাদিগের ष्यस्त्रवास । हत्य ७३ सना नित्रम (श्रतन । কিন্তু তারাব মন কাঁদিতে লাগিল। প্রতি সন্ধাকালে তারা গগণ দেশে নিয়মিত উদিত হইরা চল্লের জন্য সমস্ত গগণ-ক্ষেত্রে সহস্র চক্ষু উন্মীলিত করিয়া বসিয়া থাকিতেন। চন্দ্র যথন রোহিণীর (রূপ-দীর) পা**খে** হাসিতে ভাসিতে উদিত रहेरजन, जादांत्र महत्य हक् अरक अरक নিমীলিত হইভ। ভবুও ভারা দ্রদেশ হইতে লুকাইয়া লুকাইয়া উচ্ছল ও স্থির নয়নে চল্লের প্রতি তাকাইয়া থাকিতেন। धकितन हक्त अद्भारत अनुभा इंहेलन. ক্ষেক দিন গগণক্ষেত্র মেখময় হইয়া রহিল, ভারার সহিত চল্লের সাকাৎ নাই। ভারা ব্যাকুলা হইয়া উঠিলেন। ভারা গৃহত্যাগিনী হুইয়া সন্ধাবধি চন্দ্রের অন্তে-ষণ করিতে লাগিলেন। শেষ প্রহরে একদিন চন্দ্রেব সহিত তারার সাক্ষাৎ হইল। তারা পূর্বদিকে সরিয়া গিয়া চল্লের সহিত সাক্ষাৎ করিলেন। তথন রূপসী এমেঘের আড়ালে ছিল। চন্দ্রের কোল দিয়া তারা হঠাৎ রাপসীকে मिथिए शाहेतान। दुवितानन, हस कार्थ-शीरक कथन्छे भारताश कारियन मा। তথন ভাঁহারা পৃথক হইলেন, চল্ল রূপ-দীকে সঙ্গে করিয়া পশ্চিমাভিমুখে যাইতে লাগিলেন, তারা অভাগর্ষণ করিতে করিতে পূর্বাভিমুথে একাকিনী আর এক দেবতার আশ্রয় গ্রহণ করিলেন।

চক্রশেশর গ্রন্থে ছইটা পৃথক্ উপন্যাস একতা গ্রন্থিত করা হইয়াছে; কিন্তু ইহাদিগের ঘনিষ্ঠ সম্বন্ধ কিছুই নাই। যে ফল্লফতে ইহারা পরস্পার-আবদ্ধ-তাহাতে এত শুরুভার সহিতে পারে না। বিশে মত: শৈবলিনীর সহিত দলনীর কোন সম্পর্ক নাই; তাহারা কথন কোন ফুলে সম্বন্ধ ও মিলিত হয় নাই। অথচ শৈব লিনীর অন্যাদিকে এরপ একটা স্বেহ্ময়ী তারা উদিত না হইলে, গ্রন্থের শোভা সম্পাদিত হয় না। শুধু শোভা নয়,

পাঠক শৈবলিনীর সহিত কাহারও তুলনা क्तिएक भारतम ना। এक निरक दे भविन-नीत शीत्रव. अनामित्क मलनीत महत्व। দলনীর মৃত্যুকালে একদা তাঁহার মহত্তে শৈবলিনীর গৌরব পরাজিত হইয়াছিল। প্রাবুট,কালীয় रे भविमनीत श्रेषाञ প্রবাহিনীর ন্যায় প্রবলবেগে সমুদ্রাভিমুখে ধাবিত হইতেছে, সমুথে কোন বাধা मानिर्छि ना, এবং স্রোত্য-বেগে প্রবাহ পথ সরল হইয়া যাহতেছে। আসিয়া দলনীর প্রেমস্রোভ ফিরাইয়া দিতেছে; তথাচ দলনীর প্রেম সেই ममूजमूरथरे गारेए हाररे; व्यथह रकान স্রোত্রিনীর সহিক্ তাহা মিলিতে চাহে না। সেই সমুদ্রের সহিত পারিল না বলিয়া আপনি বালুকাভূমিতে বিশুষ্ক হটয়া গেল, তথাপি এক পদ্ধিল প্ৰবাহিনীৰ সহিত মিশিল না। लावना रेमवनिनीत्क यर्थक नहेशा याहे-তেছে. এবং ঘটনাজালকে আপন অমু-কুল পথে ফিরাইয়া আনিতেছে। ঘটনা দশনীকে প্রেমপথ হটতে লইয়া যাই-তেছে। একজন কুটীর বাদিনী বনস্থ-भाजिनी, अनाधन श्रामानस्मनी तार्का-मान श्रामा मिनी। धक क्रमा क र्य (मर्थ সেই বিষ্ণা হয়, অন্যঞ্জন এমত এক নবা-বের মন মোহিত করিয়াছিল যাহার মন শত শত স্থলরীতেও মৃগ্ধ হয় নাই। এক-खन कलकिनो इहेशाउ नित्रभदाधिनी, जना-क्न कनक्रिनी ना इरेबाउ व्यथनार्थनी। **এक्षम धूत्रवक्षा इहेटल (क्षत्र-(शीत्रदर**

উচ্চে উঠিতেছেন, অন্যজন ঐশ্বর্যার উচ্চ শিথর হুটতে তুরবস্থার নিপতিত হুট্যা প্রকৃত প্রেমমহত্তেই সকলকে বিমোহিত করিতেচেন। यिनि वलन, कृषीत्वत হ:থ-বিপণিতে প্রকৃত প্রেম ও স্বর্ণমুদ্রায় বিক্রীত হয়, তিনি শৈবলিনীকে দেখন: যিনি বলেন, ঐশ্বর্যোর বিলাসধানে প্রকৃত পৰিত্ৰ প্ৰেম অতি হল্ল্ভ, তিনি দ্লনী ্বগমের প্রতি দৃষ্টিপাত করুন। একজন পূর্বাপ্রবাগের পরাকাষ্ঠা প্রদর্শন কবিতে-ছেন, অনাজন বিবহে কাত্রা হট্যা প্রাণ প্ৰান্তও বিসৰ্জন দিয়াছেন। ভাগ্যে প্রেমবুক্ষের ফল অতি তিক্ত বোধ १हेन, अनाजानत जाला (नहे कन विशास्त्र रहेशा श्रागमां क रहेल।

व्यत्नक वक्र-तमर्गी देशविनीत नाम অনেক চক্রশেখরকে সামিতে বরণ করিয়া-ছেন। কি করিবেন, ইহা তাঁহাদিগেব বিবাহ-প্রণালী। তাঁহাদিগের এমত সাধ্য নাই, এমত বিবেচনা ও সাহস नारे, य रिष्टे थानानी छक्र कविया अना-বিধ পরিণয় সংস্থারে আবদ্ধ হয়েন। যথন তাঁহাদিগের বিবাহ হয়, তখন তাঁহারা পিতা মাতার সম্পূর্ণ বশবর্ত্তিনী। मिर्गत (ध वस्राम विवाह इस, तम वस्राम श्राधीन कार्यामेख्नि खरंग्रा ना। तत्र व्यादम्ब विवार कि सना धर्माञ्चल इरेग्नाइ रेहा আমরা ভাবিয়া ঠিক পাইনা। যাহা হউক, এ প্রণালী যে সম্পূর্ণ দূষণীয় তাহা আমরা विन ना। हेहात विश्वत त्साय अब्द तिहे माय रहकू जातक मन्यकी पृथिवीरक

চিবকাল অসুখী হইমাছে। ইহার গুণে (कान ट्रकान वन्नवामा स्थिनी इडेग्राट्डन। শুদ্ধ প্রণয়ের উপর বিবাহ নির্ভর করিলেও অনেক দোষ ঘটে। যৌবনের অন্ধশ্রেম অনেক সময় প্রতারিত হয়। ইউরোপীয় সভা সমাবে ইহার ভূরি ভূরি দৃষ্টাস্ত शास इ उया याया। এक প্রণালীতে বলে, বিবাহ কর, প্রণয় তৎপরে আপনাপনি সমাগত হইবে। व्यना श्रामी वरम প্রাণয় হুইতেই বিবাহের উৎপত্তি হুইয়া এই म उत्रयंत्र অনেক স্থলে याथार्था श्राविशानिक इत्र वर्षे, किन्न बारनक् স্তলেও মিথা। হইয়া যায়। অগ্রে প্রণয়ের উৎপত্তি হইয়াছে. দেখানে त्म अवस्क ममन कतिया विवाह मिला বিবাহ কেবল অস্থেরই কারণ চইয়া थाक । जुलिया युन्तती खान अर्घा थ বিদর্জন দিলেন তব্র এমত বিবাহে সম্ভ চইলেন না। তথন তাঁহার বয়স অতি অল্পই ছিল। কিন্তু বয়দে কি করে, তিনি সেই তরুণ বয়সেই সাহসে ভর দিয়া গোপনে গোপনে রোমিওকে বিবাহ করিলেন। প্রণয়ের প্রতিকৃলে । বিবাহ দিতে গেলে কতদুর বিপত্তি ঘটিবার সম্ভাবনা, সেক্সপিয়ার এই জুলিয়েটের मुद्रात्य काहाई श्राप्त्र कविशास्त्र । देवदः विनो उ त्रथा देशाद्रम, প্রণয়ের প্রতিকৃত্ विवाह बहेटम वक्षवामा अक्षिन (मह প্রণমে উত্তেজিত হইয়া কতদুর গ্রঃসাহসি-ककात श्रापुक रुवेटक भारत । े त्राहे श्राभरत তাড়িত हरेसा देनवाननी मध्मात-छात्रिनी

হট্যাছেন, মৃত্যুকে শতবার আহ্বান করিয়াছেন, এবং সর্বপ্রেকার বিপদে ঝদ্প প্রদান করিয়াছেন। এই প্রেম-আবেগে তিনি এতদুর অন্ধ হট্য়াছিলেন, যে তজ্জন্য একজন ইংরাজের সঙ্গে সঙ্গে বেড়াইতেও শক্ষিত হয়েন নাই।

শৈবলিনী প্রাণয়-আবেগের উত্তেজনায় যেরপ ব্যবসায়ে প্রবন্ত হইয়াভিলেন, তাহা সম্ভবনীয় করিবার জন্য, বন্ধিম বাবু (मथावेतारकन (य रेमविननी व क्षाकारभव প্রাণয় অতি শৈশব হইতে দিন দিন বদ্ধিত হইতেছিল। তাহা রোমিও এবং জুলি য়েটের প্রণয়ের । মত সদ্যোজাত নহে। তাহা পরস্পারের সৌন্দর্যাদর্শনেও উৎপন্ন হয় নাই। এ প্রণ্যের মূল বাল্য-স্থাভাব। বয়স-ক্রমে 9 সথাভা ব श्रान्य পরিণত হটয়াছিল। শৈবলিনীর হৃদয় প্রতাপের হৃদয়ের সচিত মিলিত হইয়াছিল। এই মিলন ও আপেয় দিন দিন পরস্পারের হৃদয়ে বদ্ধমল চইতে-ছिল। প্রণয়ের প্রকৃতি এই, যে ইছার প্রথম প্রাবল্যের সময় বাধা পাইলেই সাজ্যাতিক হইয়া পড়ে। প্রভাপ এবং रेमेरिनिनी यथन कनमध हरेया महिएक যান, তথন আমরা এই প্রণয়ের প্রথম প্রাবলা দেখিয়াছিলাম। তথন তাঁহাদি-গের হাদয়ে প্রাপ্রাবেগ অতাক্ত প্রবল। সেই প্রণয় তথন ভরুণ কালের রিপুর नााम कार्या कवित्कि छिल। প্রেমের প্রসাঢ়তা জন্মি। প্রগাঢ়ভার সহিত স্নেহ আসিয়া যোগ

मिल। श्राह्म इरेल्डे (अह আসিয়াতাহার সহিত যোগ দেয়। মায়া প্রাণয়কে শতবন্ধনে বছ করে। **সহিত সহাত্ত্তি এবং** আসঙ্গলিঞা অজ্ঞাতসারে উদর হয়। প্রণয়, মায়া, সহাত্ত্তি এবং আসক্লিপ্সা সকলই শৈবলিনীকে প্রতাপের সহিত স্বৃদ্ৰহ্মনে व्यावक कतिशांक्ष्ता। देशविन्नी धकम्ख প্রতাপকে না দেখিলে থাকিতে পারিতেন না। প্রতাপকে দেখিলেও শৈবলিনীর स्राचाम इंहेज। हेहाता यथन এईक्रम त्थास পরস্পর আবদ্ধ, তথন চন্দ্রশেধরের সহিত (भविनिनीत विवाह शहेन'। এ বিবাহ শবীরের বিবাহ মাত্র, স্তদবের মিলন নহে। তরুণ কালের তরুণ প্রণরের সময় যথন প্রতাপ এবং শৈবলিনী জানিয়াছিলেন, তাঁচাদিগের বিবাহ হইবার যো নাই, তথন নেই নৈরাশ্যে উহোরা জলমগ্ন হইতে পিয়া-ছিলেন। তরুণ প্রণয়ের সম্মুখে বাধা পড়িলে প্রণয় কিন্ধপ কার্য্য করে তাহা এই স্থলে প্রতীত হইয়াছিল। সেই প্রণয়ের গাস্ভীর্য্য জিমলে—সেই প্রণয়ের সহিত স্লেছ, সহাফু-ভৃত্তি এবং আসঙ্গলিপার প্রাবল্য জন্মিলে তাহা বাধা পাইয়া কিরূপ কার্য্য করে, চক্রশেপরের সহিত বিবাহ হুইলে আমরা তাহাই দেখিতে পাই। চক্সশেধরের निक्रे देनविनी मास क्षृष्ण कार्निष्ठन। একি তাঁহার দোষ, তাঁহার হাদয়ের দোষ, #মানৰ প্রকৃতির দোষ; না তাঁহাদিগের ' সেরূপ বিবাহের দোষ ? চক্রশেথর ভাল বাসায় শৈবলিনীর শৈথিল্য আপনার

দোষে আরোপ করিতেন। প্রতাপ যদি निकटि ना थांकिटजन, देनविननी द्वाध रह তাহা হইলে বহুদিন পরে চক্রশেখরের সহিত মিলিয়া যাইতেন। কিন্ত ভাহা ঘটিল না। প্রতাপ নিকটে থাকিয়া रेगवनिनीत धन्य-चार्यम एकीश वार्यमा-ছিলেন। প্রতাপ দেখিলেন, শৈর্লিনীর निकार जाहात अस्ति हि विश्वित हरे-एक । य रेगवनिमी हित्रकान नगरनत ष्यानक्तांत्रिनो छिल्लन. এখन हल्लांभ्यत्त्रत সহিত উাহার বিবাহ হওয়াতে, তিনি অকিশূল হইয়া পড়িলেন। এখন ভাহার নিকট হইতে দূরে যাওয়াই ভাল। প্রতাপ এই স্থির করিয়া দূরে গেলেন। निनी नश्न-जात्र हात्रा हरेतन। विस्करमत প্রথম আবেগ অত্যন্ত ভয়ানক। লিনী অফুক্ষণ পদ্বা দেখিতে লাগিলেন কিরূপে প্রতাপকে পুনরায় দেখিতে পাই-বেন। এমত সময় ফটর আনিয়া জুঠিল। ভানলেন ফটরের কুটা হইতে প্রতা-পকে দেখা যায়। স্ত্ৰীস্থলত অজ্ঞানতা-ৰশত: তিনি ফষ্টরকে ধরা দিলেন।

শৈবলিনী যথন চন্ত্রশেধরের বাটাতে ছিলেন, তথন 'বোধ হর অনেক দিন স্কর্মরীর সহিত একজ্ঞে বসিয়া কথাবার্ত্তা কহিতেন। আমরা 'ইহার দৃশ্যমাত্রও চন্ত্রশেধর মধ্যে দেখিতে পাই নাই। স্ক্রীর নিকট শৈবলিনী কেমন অক্সাং অজ্ঞাভভাবে আধ আধ হৃদয় খোলেন, এবং তৎক্ষণাৎ চতুরভার সহিত তাহা কেমন আধ আধ ঢাঁকিয়া লয়েন, এই

স্থলর দৃশ্যটি বক্ষিম বাবু গোপন রাথিয়া-ছেন। তগোপন রাথিয়াছেন এই জন্য. পাছে পাঠক প্রতাপের প্রতি আজি পর্যাস্ত-ও শৈবলিনীর প্রগাঢ় অমুরাগের আভাস পান। আভাব পাইয়া বুঝিতে পারেন, কেন লৈবলিনী ফটরের সহিত গৃহত্যা-शिनी इडेटनन। वृतिएड शांतिया, स्नतोत महिल यथन देभविननी शृद्ध कितितन ना, তথন শৈবলিনীর উপর যেরূপ রাগার্মী হইয়াছিলেন, পাছে সেই রাগ, সেই অস-**ट्यारवत्र किছ প্রশমত। इत्र। এইজন্য** গ্রন্থকার প্রথমে দ্বৈবলিনীর হৃদয় পাঠকের निक्रे श्रकांभिष्ठ करत्रन नारे। श्रकांभिष्ठ करतन नाई विनया. পঠिक यक्तभ कोज-হল পরতন্ত্র এবং আশ্চর্যান্থিত হইয়া শৈব-লিনীর ভাগ্য দেখিতেছিলেন, সেরপ ভাব कथनरे উजिक हरेड ना। करतन नारे विषया, निविनीत श्रीक रयक्रभ ट्यांश्वत छेन्य हरेयां किन, त्मरे क्लांध (रक्टे ; यथन **डेक्**डा टेमविनी প্রতাপের সমক্ষে হাদয়-কবাট খুলিয়া मिलन, जयन देनविनीत क्रम्य अधिकज्त হুন্দর বোধ হইল ; ষ্থন পাঠক শৈবলিনী-কে কলকে নিরপরাধিনী অভুতাপিনী রূপে मिथिएनन, छथन छाष्ट्रांत यछ मृत मरस्राय ও ष्यांनम (वांध ईहेन, उउपूत्र हहेवांद्र मखादना हिन ना। এইशास्त्र टेमदनिनीत कनत्र-त्नोष्मर्या अधिकछत्र क्षमत्रक्रम कृति-লাষ। ভাবিলাম धरेक्रभ समग्र नरेग्रा गाएका, एक्यानत बना निनिनी भर्गान গমন করিয়াছিলেন। ভাবিলাম এই ভদ্বে

এন্জেলিনা, এড্উইনের জানা বনে বনে অমণ করিয়াছেন।

প্রণর মানবকে সাহসী করে। যথন রিপুতে পরিণত হয়, উৎসাহ ও শাহদ তথন প্রেমের সহিত যোগ দেয়। অন্ধ রেম এককৌ হস্তর সাগর পার হয়. विश्रमाकीर्व अत्रव्य निर्ख्य श्रादम करत, এবং শ্রাকুল অভিসার-পথে অনায়াসে গমন করে। সেঁট প্রেম শৈবলিনীকেও मार्शिनी कतियां हिल। देनविनी तथायत অমুরোধে ফপ্টরের সঙ্গে কথাবার্তা কহিয়া-ছিলেন, প্রেমের অমুরোধে সহিত গৃহ-ত্যাঁগিনী ও হইয়াছিলেন; প্রেমের অন্থলেধে একাকিনী প্রভা-পের উদ্ধারের জন্ম ইংরাজের নৌকাতেও প্রবেশ করিয়াছিলেন। শৈবলিনী ব্ঝিয়া-ছিলেন, ফটার ইংরাজ হউক না কেন, প্রেম তাহার জাতীর রুদ্তা হরণ তिनि मन मिन मिन पिश्री-করিয়াছিল। ছিলেন, ফষ্টর তাহার নিকট বিনয়ী, প্রেম-ভিখারী, নিরীহ ভালমাসুষ মাত। ক্রমে পরিচয় এবং অভ্যাস শৈবলিনীকে ভর-ভাঙ্গা করিয়াছিল। তিনি আর ফটরকে জন্ন করিতেন না। জন্ন করিতেন না এই জন্য, যে তিনি ফষ্টরের অগ্রে প্রভাপকে দেখিতেন: কল্লনাময় প্রতাপ তাঁহার ভয় ভাঙ্গিরা দিয়াছিল। বর্থন ফষ্টরের সহিভ বহিৰ্গত হন, তথন তিনি ফটবকে দেখেন নাই, সমূথে প্রতাপকে দেখিয়াছিলেন। देनविनीत अथनकांत्र क्षत्रजाव भाठित्वत অপোচর থাকাতে, কষ্টরের সহিত লৈবলি-

নীর স্থিলন ঘটনায় তিনি চকিত হইয়া যান। বাঙ্গালি স্ত্রীপোকের সহিত ইংরাজের সন্মিলন ৰটনাকে তিনি নিতান্ত অসম্ভ-वनीय खान करवन। खना खवलाय वास-ৰিক ইহা নিতান্ত অসম্ভব হইত। শৈবলিনী একণে যে অবস্থায় পড়িয়াছি-**लन. (म अवसाय हैश अमुख्य नीय नट्ट)** আমরা তাঁহার অব্সা উাহার নিজকথায় বাক্ত করিব। প্রতাপ বলিলেন " ইদানীং আমি তোমাকে সর্পিণী মনে করিয়া ভয়ে তোমার পথ ছাডিয়া থাকিতাম। তোমার বিষের ভয়ে বেদগ্রাম ত্যাগ করি-ষাছিলাম। তুমি পাপিষ্ঠা, তাই আমার আমি তোমার কি त्नाय नाज। করিয়াছি ? "

देशविननी गर्डिया छेठिएनन-विग्नन. " তুমি কি করিয়াছ? কেন তুমি, তোমার ঐ দেবতা মূর্ত্তি লইয়া আবার আমায় (मधा निशक्ति ? आयात क हेत्नामूथ যৌবন কালে, ও রূপের জ্যোতি: কেন আমার সমুখে জালিয়াছিলে ? যাহা এক-বার ভুলিয়াছিলাম, আবার কেন তাহা উদীপ্ত করিয়াছিলে ? আমি কেন তোমাকে দেবিয়াছিলাম, দেবিয়াছিলাম ত তোমাকে পাইলাম না কেন ? না পাইলাম ত মরি-লাম না কোন ? তুমি কি জান না, তোমা-রই রূপ ধ্যান করিয়া গৃহ আমার অরণ্য स्देशां कि श कान ना, (य **ट्यांबात मरफ मदन तिक्कित रहेरल यहि** ৰুণন তোমায় পাইতে পারি, এই আশায় গৃহত্যাগিনী হইখাছি ? নহিলে কটা

আমার কে ?—কে আমার জীবন অন্ধার মার করিয়াছে ? তুমি। কাছার জন্য হুংখর আশায় নিরাশ ছইয়া, কুপথ স্থপথ-জ্ঞানশূন্য ছইয়াছি ? তোমার জন্য। কাছার জন্য আমি গৃহধর্ম্মেন রাথিতে পারিলাম না ? তোমারই জন্য। নহিলে ফটর আমার কে ?"

धरे अक्षकाशमय जीवतन देशविनी य निर्करे धक्रे जालांक (निश्रंट भारे-লেন সেই দিকে ধাবিত হইলেন। প্রতা-পের জনা তাঁহার গৃহধাম যথন শাশান তুলা হইয়াছিল, যথন তিনি স্থথের আশায় নিরাশ হইয়া কুপথ স্থপথ-জ্ঞানশুন্য হইয়া-ছিলেন, তথন তাঁহার নিকট ফটুরট বা কে আর অন্য লোকই বা কে ? উভয়ই সমান। যে উপায়ে হউক প্রতাপকে লাভ করাই তথন তাঁহার প্রবল ইচ্চা। এই বলবতী ইচ্ছার অমুসারিণী হট্মা তিনি ফষ্টরকে উপায়সরপ গ্রহণ করিয়া-देशविन्नी काना প্রভাপের নিকট আসিতে পারিভেন। কিছ হৈবলিনীর প্রকৃতি এরপ ছিল না, যে তিনি কোন গোপনীয় ষড়য়ন্ত্রে এ কার্য্য निक करतन। माइम कथन लुकारेया कार्या करत ना, क्लान नीहतुष्टि श्रवत्यन ক্রিতে অগ্রসর হয় না। रेनदिन में इ अकृष्टि श्राम खन हिन, जाहा ষ্মবশ্য স্বীকার করিতে হইবে। দাহদ বরং তাঁহাকে প্রকাশ্য পাপ-পথে याहेटल विटब, ख्याह त्रीनजीव नाश याहेटल

मिरव ना। (**शेवरन**त धर्मा **এ**ই यে योवन গোপনীয় বিজ্ঞভাব পথে বড় যাইতে চাহে না। দেই যৌবন ও প্রেম শৈবলিনীর সাহসকে দিগুণিত করিয়াছিল। সেই সাহদ ভবে, যে উপায় প্রথম তাঁহার নিকট উপস্থিত হইল, সেই উপায় অবলম্বন কবিয়া তিনি প্রতাপের নিকট ঘাইতে इहेट्सन । অগ্রসারিণী বস্ক্রিম যথাৰ্থই বলিয়াছেন, এক বালকের প্রকৃতি এইরূপ যে তীহারা জুজু বলিবা মাত্র ভয় পায়, এক এক कन आवात त्मरे कुकु तम्थिए हारह । আমরাও দেখিয়াছি এক এক জন নারীর প্রস্কৃতিই এইরূপ যে তাহারা গুপ্ত অপ্রকাশ্য পথে যাইতে চাহে না। শৈবলিনীর প্রকৃতি এইরপ ছিল। এই জনা তাঁহার প্রকৃতিতে ফটরের সহিত বহিৰ্গমন নিভাস্ত অসম্ভবনীয় বুলিয়া আমাদিগের নিকট প্রতীত হয় নাই।

শৈবলিনী বাঁহার জন্য সর্ব্বত্যাগিনী হইয়াছিলেন, সেই প্রতাপের সহিত সাক্ষাৎ হওয়াতে প্রতাপ হর্ষোৎফুল না হইয়া তাঁহাকে পাপিঠা বলিয়া গালি দিল, তাঁহার প্রণয় এবং কার্যোর জন্য তাঁহাকে ভংগনা করিল। এই সমস্ত - বাক্যে শৈবলিনীর জ্বল শৈলবিদ্ধ হইল। তখন তিনি একান্ত ক্ষ্মা হইলেন। ভাবি-লেন:—

"প্রভাপ আমার কে ? আমি তাহার চক্ষে পাপিঠা—নে আমার কে ? কে ভাকা জানি না—নে শৈবলিনী-পতকের জ্বলন্ত বহি — সে এই সংসার প্রান্তরে আমার পক্ষে নিদাঘের প্রথম বিহাৎ — সে আমার মৃত্যু। আমি কেন গৃহত্যাগ করিলাম, মেদ্ছের সঙ্গে আসিলাম, কেন ফুল্রীর সঙ্গে ফিরিলাম না ৭ °

এইরপ অফুতাপে শৈবলিনী এখন দগ্ধ হইতে লাগিলেন। এখন ব্ঝিতে পরিলেন যে তর্দমণীয় প্রেম ট্রাচাকে এতদুর আনিয়াছে সে পাপ-প্রবৃত্তিকে ভাঁহার দমন করাই উচিত ছিল। পের জনা যাঁহাকে পরিভাগে করিয়া আসিয়াছেন, এখন স্বাভাবিক ভাঁহার निक मृष्टि পि ज़िन। देनविनी ज्यन " কপালে করাখাত •করিয়া করিতে লাগিলেন। বেদগ্রামেব সেই গৃহ মনে পড়িল "সেই দক্ষে সেখানকার সকল সুথ একবার স্মৃতিপটে উদয় হইল। প্রভাপতে মনে পডিল চল্লশেখরের চিস্তার এখন তাঁহার মনে শত সহস্র বৃশ্চিক দংশিতে লাগিল। ভাবিলেন:-

"আমি তাঁহার যোগ্যা নকি বলিয়া আমি তাঁহাকে ত্যাগ করিয়া আদিয়াছি। তাহাতে কি তাঁহার কোন ক্লেশ হঁইরাছে ? জিনি কি হংধ করিয়াছেন ? না—আমি তাঁহার কেহ নহি। পুঁথিই তাঁহার দব। ভিনি আমার জন্য তংধ করিবেন না। একবার নিতান্ত লাব হন্ন দেই কথাটি আমাকে কেহ আদিয়া বলে—ভিনি কেবন আছেন, কি করিতেছেন। জাঁহাকে আমি কথন ভাল বাদি নাই—কথন ভালবাদিতে পারিব না—ভথালি তাঁহার বনে

ষদি কোন ক্লেশ দিয়া থাকি, তবে আমার পাপের ভরা আরও ভারি হইল। আর একটি কথা তাঁহাকে বলিতে সাধ করে,— কিন্তু ফটর মরিয়া গিয়াছে, সে কথার আর সাক্ষী কে? আমার কথার কে বিশ্বাস করিবে ?"

শৈবলিনী-হাদ্যের এই চিত্রথানি কেমন সাভাবিক! কেমন স্থালর ! শৈবলিনী প্রতাপতে হাদ্যের সহিত ভাল বাদিতেন, তাঁহার জন্য সর্বভ্যাগিনা হইয়া তাঁহার নিকট শান্তিলাভের জন্য উপস্থিত হই-লেন: কিন্তু উপস্থিত না হইতে হইতেই সেই ভালবাসার জন্য ভংগিতা হইলেন স্থাতরং তাঁহার স্থান্থ গৈছাকে ভালবাসার হিল না। যে তাঁহাকে ভালবাসার হিল না। যে তাঁহাকে ভালবাসাত, কিন্তু বাঁহার ভালবাসা তিনি তুছে করিয়া মনোত্থ দিয়া আদিয়াছেন, এখন স্থান্থ স্থান্থ তাঁহার প্রতি আকৃষ্ট হইল। তিনি চক্সশেধরের জন্য একবার কাঁদিতে লাগিলেন।

কিছ ভংপরেই ভাবিলেন বে, প্রতাপ আমাকে বাহাই বনুক, সেই প্রতাপ আমাকে ফাইরের হাত হইতে উন্মুক্ত ভরিয়া আনিয়াছেন। প্রভাপ অবলাই আমাকে ভাল বাদে। বে ভালবাদর জন্ত প্রভাপ বেদগ্রাম ভাগে করিয়াছিলেন, সেই ভালবাদা ভাঁহার হৃদরে এখনও সমপ্রভাবে অবলা উন্দীপিত রহিয়াছে। সেই জনা তিনি ইংরাজের নৌকা হইতেও মাহল করিয়া আমাকে উদ্ধার করিয়াছিলেন। উদ্ধার করিয়া

हरशक-इटल वन्नी इहेरन्त । रेमविनी ভাবিলেন विनि आमात सना এত पृत्र कहें कतिया हिन, अमन विभए पिए एनन जिने, आमारक कि ভानवारमन नां ? रेमविनी फिरक्स एमिएनन, প্রতাপ তাঁহার সমুথ इहेर ठ তাঁহার জনা हर तास-इटल वन्नी इहेरन । তাঁহার ছনয় আবার প্রতা-পের জনা মায়ায় উদ্বেল इहेয় উঠিল। তাঁহার সর্বাধ গিয়াছে, এবং প্রতাপপ্র গেল তিনি আর কিদের सন্য সংসারে থাকিবেন। সেই প্রতাপকে উকার করি-বার জন্য তাঁহার মন উদ্বিগ্ন হইল। এমত সময় নবাবের লোক আসিয়া দলনী বেগম শ্রমে তাঁহাকে নবাবের নিকট লইয়া গেল।

करि, देशविनीतं हतिरख दम्शाहेशा-एक (य. कामिनी-क्षप्रा त्थ्राम-बार्वर्ग কত প্রবলরূপে প্রভুষ করে। প্রবন্ধ বে (य अनम्बाक धक्क वसन करत, (म अनम-मिथ्न बक्ज हित्रिंग्तन इ বন্ধনে মিলিত হওয়াই ভাল। তাছাতে যে কতদুর কুফল ফলিভে পারে, देशविनी छाहा अनर्गन कतिबादहन। रेगविनी दिश्रहेशाहिन द्य, द्य तिशूदक ञ्चांत्रत्व ताथिए इटेर्टर, डाहारक श्रमा-সনে না রাখিতে পারিলে সাধনী কুলা-ঙ্গনারও কতদূর বিপদ ঘটবার সম্ভা-वना। जनमित्र প्रकाश (मथारेशां हन, **म्हे तिश्रक कि अकारत ममन क**तिशा রাথিতে হয়। रेमप्रिमी जीक्रमरवर চরিত্র. প্রভাপ পুরুষের মনঃসং ধ্যের

চরিতা। শৈবলিনীর জদয়ে প্রেমের প্রব-লতা ও অধীরতা, প্রতাপের হৃদয়ে প্রেমের শাসন ও ধৈর্যা। শৈবলিনী ছুরিকা হাতে कतियां कारत भागन कतिएक शांदान নাই, গঙ্গার তরজ দল্মখিনী হইয়াও হাদয় শাসন করিতে পারেন নাই, এবং বিপদের উপরে বিপদে পড়িয়া ও জনয় শাসন করিতে তিনি প্রবৃত্তি-স্রোতে পারেন নাই। ভাসিতে ভাসিতে যেখানে গিয়াছেন, সেই থানেই প্রেমতরক্ষ আসিয়া তাঁহাকে বিষম তফানে ফেলিয়াছে। প্রতাপ মনে করি-লেই প্রান্ত-স্রোতে ভাসিতে পারিতেন, কিন্তু যতবার সেই প্রবুত্তি-স্রোত তাঁহার নিকট প্রবল হইয়া উঠিয়াছে, তত-বারই তিনি তাহাকে প্রত্যাখ্যান করিয়া-ছেন। বেদগ্রামে দেখিলেন, শৈবলিনীর জন্য তাঁহার হৃদয় বিষম তুর্দমনীয় হইয়া উঠিতেছে, তিনি সেই ऋषग्रदक प्रमन क्रि-বার জন্য বেদগ্রাম পরিত্যাগ করিলেন। বৈশ্লিনা প্রতাপের জনা সর্বত্যাগিনী হইয়া তাঁহার সমীপে উপস্থিত, প্রতাপ তথনও তাঁহাকে পাপিষ্ঠা বলিয়া পরিত্যাগ করিলেন। শৈবলিনা তাঁহাকে ইংরাজ-হস্ত হইতে বিমুক্ত করিলেন, প্রতাপ তথন দিগুণতর দৃঢ়তার সহিত জ্লয়কে সংযত क्रिया अन्डिविल्य १ भवनिनौरक विनाय मिटनन। देभवनिनोत हतिहत श्रक्तित ধর্ম, প্রতাপের চরিত্রে লোকধর্মের তেজ-धक अन देहत्वारकत माका. षमा खन भवत्वादकव भीवव।

देशविमीत यथम विवाह इटेन, প्राज्ञान

ভাষিলেম, এই বারে শৈবলিনী তাঁচাকে কবিবে। পরিত্যাগ किछ देशविनगी তথাপি প্রভাপতে পরিত্যাগ কৰি-लान ना। देशविन वी यक्ति शह পরিভাগ করিয়া উাহার দৃষ্টপথে না আসিতেন, नर्सनाइ यिन अठान नहेशा जिनि स्थी ना হইতেন, যদি প্রতাপকে দেখিলে তাঁহার নয়ন বিক্ষারিত ও প্রফুল না হইত, যদি প্রভাপের প্রতি তাঁহার মলিনমুখের কটাক্ষ না পড়িত, যদি তিনি চক্রশেখরকে লইয়া ত্বখসচ্ছন্দে সংসার-ধর্ম করিতেন, তাংগ হইলে প্রতাপের বেদগ্রাম ভাগি কবিবার প্রয়োজন হটত না। কিন্তু প্রেছাপ বেদ-গ্রামে দেখিলেন • যে दूर्गविनीत দংশনে তিনি একদণ্ড বেদগ্রামে আর ভিষ্ঠিতে পারেন না। স্বতরাং তিনি বেদ-গ্রাম পরিত্যাগ করিলেন এবং ভাবিলেন देशविनशैदक विश्व कन फिलाम। শেখর তাঁহার যে যে উপকার করিরাছি লেন তাহারই প্রত্যুপকার সাধনার্থ প্রতাপ देशविनगैरक हेश्वारखन त्नीका বিমুক্ত করিয়াছিলেন। কিন্ত বিমুক্তা देशविनी यथन छांशांत निकर क्रारी- व्यापे থুলিয়া দেখাইলেন, যে তাহাকেই লভে করিবার জন্য তিনি আপনিই ফইরের সঙ্গে গৃহত্যাগিনী হইয়। আসিয়াছেন, তথন প্র-তাপ আবার সেই বিষধরীর দংখনে জর্জ্জ-রিত হইলেন। ইংরাজেরা যথন প্রভাপকে বন্দী করিয়া রাখিয়াছিলেন, তথন কি প্রতাপ অহোরাত্র ভারিতেন না কিরুপে শৈবলিনীর হাত হইতে তিনি

চ্টবেন প এক এক দিন নির্জ্জনে বসিয়া থাকিতেন, আর এই চিস্তা তাঁহার মনে উদিত চইত। তিনি সেই খানেই ভাবিয়া-किलन, এবারে শৈবলিনীর সহিত দেখা সাক্ষাৎ হটলে, তাঁহাকে এরপ প্রতিজ্ঞা-বন্ধ করিয়া লইব, যাহাতে তিনি শামাকে ভ্রাতরূপে অথবা পুত্রবৎ ভাবেন। তিনি এই চিম্বায় ব্যাকুল থাকেন এমত সময়ে সহসা একদিন সেই শৈবলিনী তাঁহাকে ইংরাজ-বন্ধন হইতে মুক্ত করিলেন। প্রতাপ সাঁতারিয়া পলাইয়া গেলেন। পশ্চাৎ ফিরিয়া দেখিলেন আর তাঁহার অমুসরণ করেন নাই। কিন্ত मण्याय (प्रथितनन-रेगर्वनिनी। অমনি সহসা সিহরিয়া উঠিপেন। তীরে উঠি-য়াই ত আবার এই ধিষধরীর হাতে পড়িতে হইবে, তৎক্ষণাৎ এই চিস্তা তাঁহার মনে উদিত হইল। পলাইবার উৎকণ্ঠাব কণঞ্চিৎ তিরোভাব না হইতে হইতে এই ভাবনা তাঁহার মনে প্রবল হইল। তথন

তিনি ভাভাতাড়ি সেই উৎকণ্ঠার সময়েই স্থােগে গঙ্গার উপরে শৈবলিনীকে পর্ব-কল্পিড প্রতিজ্ঞায় আবদ্ধ করিবার জনা প্রিয় সন্মাষণ আবন্ধ করিলেন। প্রভাপ তাঁহাকে শৈ বলিয়া সম্বোধন করাছে. শৈবলিনীর হাদয়, গঙ্গার তরক্ত অপেকাও ফুলিয়া উঠিল। যে চক্র গঙ্গার বক্ষে ভাসি-তেছিল তদপেকা শোভনতর চক্র শৈব-লিনীর অদয়ে সহসা উদিত হইল। তৎ-ক্ষণার্থ স্থাতির জ্যোৎসা তাঁহার হৃদয়-মন্দির আলোকিত করিল। কিন্তু কে জানে. ইহা শরতের জ্যোৎসা মান, ইহা নির্বা-নোশ্রথ দীপের শেষ শিখা। যে ঘোর বৈরাশা ও বিষাদের অন্ধর্কার ইহার পরেই रेभविनातेत अनत्र चाठ्यत कतित्व, ভारात গাঢ়তা বাড়াইবার জনাই কবি পুর্বে জ্যোৎস্থাময়ী বজনীতে গঙ্গার শোভা বর্ণন किशास्त्र ।

> ক্রমশ:। শ্রীপূর্ণ——

ভারতে ত্রভিক্ষ।

হার! কি কুদিনে বৈদেশিক চরণ ভারতবক্ষে অপিত হয়। সেই দিনই ভারতবাদিদিগের সৌভাগাস্থ্য অস্তমিত হইয়াছে। সেই দিন হইতেই ভারতবাদিদিগের হঃশ যন্ত্রণাঃ আরক্ষ হইয়াছে।

, ছিদ্রেশ্বনথা বহুলী ভবঙ্কি " একটা ছিত্র

ধরিয়া অনর্থরাশি জণপ্লাবনের ন্যায় ভার-তবর্ষকে প্লাবিত করিতেছে। আজ সাইকোন (ঝড়), আজ জলপ্লাবন, আজ ছর্ভিক্ষ, আজ মহামারী—এইরূপ প্রতি-বৎসরই শুনা যাইভেছে। আমাদিপের প্রাচীন গ্রন্থ সকলে, জন্মদ্দেশীর প্রচলিত

জনশ্রুতিতে এরূপ धात्रावाहिक टेमवी আপৎ-পরম্পরার কোন উল্লেখ দেখিতে পাওয়া যায় না। তাহা যে কখন ঘটত না এরূপ বলিতেচি না. শত বা সহস্র বর্ষে এক আধ ব্যর ঘটিত মাত্র। যে রাজপাপ বিনা সংঘটিত হইত না আর্যোরা তাহা মুক্তকণ্ঠে স্বীকার করিতেন। রাজ্যে কোনপ্রকার দৈবী আপৎ উপস্থিত হইলে, তথনকার রাজারা আপনাদিগকে **ভুরাচার** বলিয়া আশকা করিছতন। তাঁহারা ভাবিতেন অবশাই রাজ্যের শাসন-কার্যো তাঁহাদিগের কোনপ্রকার স্থালন হইয়া থাকিবে, নতুবা এরূপ ঘটিবে কেন। অধিক কি প্রাকৃতিক নিয়মের লভ্যন-জনিত অকালমৃত্যু প্রভৃতিকেও রাজারা তাঁহাদিগের ছঃশাদশের ফল বলিয়া মনে উত্তরবামচরিতের একস্থলে লিখিত আছে—''ততোন রাকাপচার্মস্ত রেণ প্রজায়ামকালমৃত্যুক্তরতীতি আত্ম-দোৰং নিরূপয়তি করুণাময়ে রামভদে**∞**** অর্থাৎ ত্রাহ্মণ বালকের অকালমৃত্যু গুনিয়া করণাময় রামচক্র মনে মনে ভাবিতেছি-**लिन एय ब्रोक्सिय विना कथनके ध्वत**्रश অকালমৃত্যু সম্ভবে নাই ৷ বস্তুত: প্রস্তাদি-গের ছঃখ স্থাের মূল যে রাজা তহিষয়ে আর নন্দেহ নাই। রাজা ভাল হইলে প্রফাদিগের অশেষ মুখ, রাজা মন্দ হইলে अमानिश्वत इः (थत मीमा नाहे। ভাল इहेटल श्रकानिशत्क मर्वाश्वकात দৈবী আপৎ হইভেই রক্ষা করিতে পারেন. এরপ আমরা বলি না।

বলি এই যে রাজা ভাল হইলে সে গুলির অনেক স্থলে পরিহরণ করিতে পারেন। যেখানে নিতান্ত অনিবার্য্য, সেথানে তজ্জ-নিত প্রজাদিগের ছংখের অনেক উপশমন করিতে পারেন। গ্রন্মেণ্ট ঝটকা নিবা-রণ করিতে পারেন না বটে, কিন্তু ঝটিকা-জনিত প্রজাদিগের অশেষ যন্ত্রণা নিবারণ করিতে পারেন। গবর্ণমেণ্ট উপযুক্ত বাঁধ নির্মাণ দারা জলপ্পাবনের পরিহরণ করিতে পাবেন, এবং যেখানে বাঁধভক্ষ বা জলো চ্ছাদের অসাধারণ উচ্চতা নিবন্ধন জলপ্লা-वन निवाद्रात अकास्त्रहे सममर्थ इरवन, সেখানে আন্তরিক চেষ্টা করিলেই জলপ্লা-বন-জানিত অনিষ্টের অনেক পরিমাণে নিরাকরণ করিতে, পারেন। গবর্ণমেণ্ট উৎক্ট পয়ঃপ্রণালী নির্মাণ দারা অনাবৃষ্টি-জ্বনিত ছভিক্ষের পৌনঃপুন্যে আবিভাব দুরপ্রসারিত করিতে পারেন,; এবং জল-প্রসরণ পথ পরিষ্কৃত রাখিয়া ও অন্যান্য বৈজ্ঞানিক উপায় অনেক পরিমাণে মহামারী নিবারণ করিতে যেথানে সেই সেই উপায়ে. त्महे त्महे देनवी आंभर अनिवार्या, (मथात दांककर्या हादि मिर्गद यटक (महे সেই অনিবার্য্য-আপৎ-জনিত প্রজাদিগের অশেষ হঃথের নিরাকরণ হইতে পারে। ইংলিদ গ্ৰণ্মেণ্ট যে সেই সকল দৈবী আ-পৎপরস্পরার নিরাকরণে অথবা নিরাকরণ অসম্ভব হইলে ভজ্জনিত প্রজাদিগের ल्गांहनीय क्वरकात छेशमप्रत विम्माख छ চেষ্টা করেন না, একণা আমরা বলিতে পারিনা। তবে আমরা এই বলি যে

ইংলিস গ্রন্মেন্ট আমাদিগের ছ্রদৃষ্টবশতঃ

বৈদেশিক গ্রন্মেন্ট; স্মৃতরাং আন্তরিক

ইচ্ছা সত্ত্বেও বৈদেশিক কর্মচারিদিগের

স্থাপ্রতাবশতঃ চেষ্টা করিয়াও ফলে

কিছুই করিরা উঠিতে পারেন না।

कान देवानिक शवर्यमणे य देशीय গ্ৰণমেণ্ট অপেক্ষা ভারতের অধিকতর মজলাকাজ্জী ইবে তাহা আমরা বিশাস ক্ষবি না। এই জনা আমৰা কায়মনোবাকো शार्थना कति, यज्जिन आमानिशक देवान-শিক শাসনের অধীনে থাকিতে হইবে, তত-দিন যেন আমাদিগকে অন্য কোন গ্ৰণ-মেণ্টের অধীনে যাইতে মা হয়। আমরা रेवर्लानक शवर्गस्य केतिहरश्च महश्च हेश्लिम गन्निक्टिक मर्त्तर मर्छ ग्रन्थम विन । স্তরাং আমরা বিশেষরূপে তাহার্ই পক্ষপা । কিন্তু তাহা হইলে কি হইবে १ বৈদেশিক শাসমের বিষময় ফল আমাদি-গকে ভোগ করিতেই হইবে। বৈদেশিক শাসনের বিষময় ফল কি. ভাগা বর্ণনা করা এ প্রস্তাবের উদ্দেশ্য নছে। कथा जुलिया छूटे এक है। ना विलया कान्छ থাকা অমুচিত বোধে, যথান্থানে সংক্ষেপে এ প্রস্তাবের উপযোগী ছই একটা বলা याहेता।

এক্ষণে দেখা যাউক ছর্ভিক্ষের কারণ
কি, এবং ছর্ভিক্ষ নিবারণের উপায়ই বা
কি ৷ ছর্ভিক্ষের কারণ কি ৷ প্রশ্নের
উক্তরে আমাদিগকে বলিতে ছইবে—
থাদ্যাভাৰই ছর্ভিক্ষের কারণ অথবা

থাদ্যাভাবই ছডিক্ষ। একণে দেখিতে হইবে খাদ্যাভাব কতপ্রকারে ঘটিতে भारत। य मकन (मर्गत भागानित छे०-পত্তি পর্জন্যদেৰের দয়ার উপর নির্ভর करत, रम मकल मिटल वृचि ना इहेलाई শস্যাদি উৎপন্ন হয় না। ভারতবর্ষ नही मांकृक (मण नरह, এজना मस्ता मस्ता ইহাব স্থানে স্থানে স্থানুষ্টি নিবন্ধন শস্যাদি জন্মে না, এবং ভজ্জনিত খাদ্যা-ভাব সংঘটিত হইয়া সেই সেই প্রদেশে হর্ভিক্ষ উপস্থিত হয়। আমরা জিজ্ঞাসা করি এই ছর্ভিক্ষের জন্য দায়ী কে? व्यामता विल टेमव ७ ताका। किन्न टेमटवत প্রতি আমাদিগের কোন অভিযান ও কোন অমুযোগ চলে না বলিয়া, আমরা রাজস্বাজেই সমস্ত দেশ্য চাপ্টির! তুর্ভিক্ষ ঘটতে না দেওয়া ও ঘটলে তাহার তং-ক্ষণাৎ নিরাকরণ করা এ এইই অনেক পরিমাণে রাজার করায়ত। যাহা ভাঁহার করায়ত্ত ও যতুসাধ্য, তিনি যদি তৎসাধনে উপেক্ষা করেন, তাহা হইলে তিনি ধর্ম্মের নিকট ও মানবজাতির নিকট পতিত।

আমরা দেখাইব ছর্ভিক্ষের অত্যস্তাভাবসাধন ও উপশমন রাজার করারত্ত
ও যত্নসাধ্য কিরপে। ভারতবর্ষত কোন
কালেই নদীমাতৃক দেশ নহে, স্থতরাং
অনাবৃষ্টিনিবন্ধন শস্যাদির অকুৎপত্তি বা
ধ্বংস ত চিরকালই চলিয়া আসিতেছে।
তথাপি পূর্বেই বা কালেভদ্রে কথন ছর্তিক্ষের নাম শ্রুত হইত কেন, আর এক্ষণই বা
বৎসরে বৎসরে ভারতের কোন না কোন

প্রদেশ তুর্ভিক-প্রপীড়িত হইতেছে কেন ? দেবতাথু কি এক্ষণে ভারতের উপর অধি-ক্তর কুপিত হইয়াছেন ? তাহা নহে। ইহার অভ্যস্তবে মানব কারণই নিহিত আছে। ভারতবর্ষের নাায় শসাশালী (मम পৃথিবীতে আর নাই। ইহাতে এত অপর্যাপ্ত শদ্য জন্মে যে এক বৎসরের অনাবৃষ্টিতে ও তজ্জনিত অঞ্জনায় কখন শ্স্যাভাব ও তল্লিবন্ধন তুর্ভিক্ষ সংঘঠি 🕏 হইতে পারে না। পূর্বে অধিবাসিদিগের আহারযোজনা করিয়াও ইহা এত শ্রা সঞ্জ করিয়া রাখিত, যে উপয়া পরি তিন চারি বংগর অনাবৃষ্টি হটলেও, শস্যাভাব বা তচ্চনিত হর্ভিক ঘটতে পারিত না। কিন্তু একণে স্থসভা রাজার অধীনে স্বাধীন বাণিজ্যের অতিশয়° প্রাহর্ভাব হইয়াছে! খাদ্য-সঞ্চর এ সভ্যতার অনুমোদিত নহে। তোমার এ বৎসরের থোরাক চুলিতে পারে এরূপ রাথিয়া তুমি অবশিষ্ট সমস্ত विक्रमार्थ विरम्राम (श्रवन करा। विरम्रामत থাদ্যসোকর্য্য ঘটুক, কিন্তু তুমি আগামী বৎসবে কি থাইবে তাহা ভাবিও না। আগামী বৎসর আসিল বৃষ্টি হইল না, শস্য জন্মিলনা, তুমি[®] রাজার নিকট জিজাসা করিলে কি থাইব ? রাজা বলি-লেন তুমি কি পাইবে, ভাহার ভাবনা ভাবিতে আমি বাধ্য নহি। তবে ভোষা-**मिरिशत ममूह विभ९ (मथिए डिह, व्यान्ह)!** किकिए माहांचा कहा गहिता हाका वछा-কত চাউল জানিয়া সেই অগণ্য খানব-মঙলীর সন্মুখে ধারণ করিলেন। ভাহার।

অনাহারের জালায় অস্থির হইয়া হুইচারিটী করিয়া দানা খুঁটিয়া থাইল। क्रमन-(त्रांग छेठिन! आवात गरानिमा-রিয়া এই চীৎকার ধ্বনি উভিত হুইল-আমরা থাট কি, অনাহারে মরি ষে! অনাহাতে অসংখ্য প্রজার মৃত্যু হইতে আরম্ভ চইল। তথন রাজকর্মচাবিদিগের চৈতনা হইল ! রাজ্ঞীর-সিংহাসন টলিল ! হকুম চইল যে হৈডিক্ষ-প্রপীড়িত প্রদেশে পর্যাপ্ত পরিমাণে খাদা সামগ্রী প্রেরিভ হয়। রাজকোষ হইতে প্রচুব অর্থ প্রদন্ত হইল। তাহার অদ্ধেক বৈদেশিক রিলীফ कर्षाठातिमिरगर छिनतछ ठहेल । अविभिष्ठे অর্কের কিয়দংশ দেশীয় রিলীফু কর্ম-চারিদিগের পাপ ধুনলিঙ্গা চরিতার্থ করিল। যে যৎকিঞ্চিৎ অবশিষ্ট রহিল, তাহাতে ছুর্ভিক্ষ-প্রপীড়িত ব্যক্তিদিগের ছঃখের উপশমন হইল না। ভাহারা দলে দলে মরিতে লাগিল। উপশমনশিবির সকল তাহাদিগের সমাধিমন্দিররূপে পরিণত হইতে লাগিল। গ্রণ্মেট ইতিকর্ত্তব্যবি-মৃঢ় হইয়া তাকাইয়া রহিলেন।

প্রতি ছর্ভিক্ষের সময়ইত এইরপ প্রহ-সন অভিনীত হইয়া থাকে। ইছার জন্য দায়ী কে ? আমরা বলি রাজা। রাজা ইচ্ছা ও যত্ন করিলে হর্ভিক্ষের পরি-হরণও করিতে পারেন, উপশমনও করিতে পারেন।

স্বাধীন বাণিজ্য ভাল বটে, কিন্তু তাহার নিযন্ত্রন ও নিয়মন একাস্ত প্রয়োজনীয়। সেই নিয়মনের শক্তি রাজহন্তে নিহিত আছে; স্থতরাং রাজা যদি তাহার পরি-চালন না করেন, এবং সেই পরিচালনা-ভাবে রাজ্যের যদি কোন অমঙ্গল ঘটে, তাহার জন্য দায়ী রাজা।

এন্তলে রাজার কর্তব্য কি তাহা আমারা বলিভেছি। উদ্বন্ত শদ্য বিদেশে প্রেরণ করিয়া তাছার বিনিময়ে মুদ্রা বা বৈদেশিক পণা আনমন করা প্রার্থনীয় বটে, কিন্তু কি পরিমাণ শস্য বিনা বিপদে প্রেরণ করা যাইতে পারে তাহা নির্ণয় করা ও তদতি-विक विक्राम गाँहेर्ज ना क्लिशा शंकात কর্মবা। এই কর্তব্যের অকরণে রাজার গুরুতর প্রত্যবায় আছে। প্রত্যেক প্রদে-শের, প্রত্যেক জেলার কোকসংখ্যা গ্রহণ করিতে হইবে। প্রত্যেক প্রদেশের প্রত্যেক জেলার লোকসংখ্যা অমুসারে, তত্তৎপ্রদে-শের ও তত্তৎজেলার খাদ্যপরিমাণ নির্ণয় করিতে হইবে। সেই পরিমাণ অন্মুদারে হুই তিন বৎসরের খাদ্য রাখিরা, অতি-রিক্ত অংশ প্রদেশাস্তরে জেলাস্তরে বা দেশান্তরে যাইতে দিতে হইবে। (कांन প্রদেশ বা জেলার শস্য কম জন্মে, खाश इरेटन व्यना अरम्भ वा स्क्रमा इरेटक শস্য আনিয়া সেই অভাব পূরণ করিয়া রা-থিতে হইবে। যথন রাজা ভানিতে পারিবেন যে ভারতের সমস্ত প্রদেশে সমস্ত কেলায় , এইরপে হুই ভিন বৎসরের খাদ্য মজুত হইয়াছে, তথন তিনি অতিরিক্ত শ্সা বিদেশে চালিত কবিতে অমুমতি প্রদান क्षिए भारतम । अक्रभ हामानी कार्या ভারতের কোন অমঙ্গল না হইয়া সৌভা-

গ্যসীমা পরিবর্দ্ধিত হইবে; এবং ছর্চ্চিক্ষের-ও পরিহরণ হইবে।

কিন্ত বৈদেশিক বাণিজ্যের শ্রীবৃদ্ধি সাধন
বাঁহাদিগের ইষ্ট, ভারতের মঞ্চলসাধন
বাঁহাদিগের একমাত্র গুপ্রধান লক্ষ্য নহে,
তাঁহারা যে ভারতের ভাবী জ্ঞানিষ্ট আশ্বনা
করিয়া । বৈদেশিক বাণিজ্যের স্বাধীনতা
সক্ষোচ করিবেন, এরূপ আশা করা যায়
নী। এইজন্যই বলিভেছিলাম বৈদেশিক
শাসনের বিষমর ফল আমাদিগকে ভোগ
করিতেই হুইবে।

অনাবৃষ্টি নিবন্ধন শস্যের অমুৎপত্তি জনা হুর্ভিক্ষের সম্ভাবনার পরিহরণ করার ইহাই সর্বোৎকৃষ্ট উপায়। কিন্তু অনাবৃষ্টি-নিবন্ধন শসোর অনুৎপত্তি যাহাতে না ঘটে. আমরা পুর্বেই বলিয়াছি ভাহার উৎকৃষ্ট উপায় সর্বত পয়:প্রণালী নির্মাণ। এইটা ভারতবর্ষের বিশেষ অভাব। ইংরাজ গবর্ণমেণ্ট যে ইহার আবশাকতা বঝেন না তাহা নিছে। কিন্তু আমাদিগের ত্রভাগ্যবশত: শ্বেত ইঞ্জিনীয়ারগণের উদ-রের আয়তন এত বিস্তুত হইয়াছে, যে সমস্ত একাণ্ডই তাহার অভ্যন্তরে প্রবেশ করিতে পারে। পরঃ প্রণালী নির্মাণের জন্য গবর্ণমেন্ট ্রত কেন অর্থবার কর্মন না, অধিকাংশই খেত " ইঞ্জিনিয়ারদিগের **छेमत्रमा**९ इहेरव । অবশিষ্ট অর্থে যাহা সম্পন্ন হইবে, ভাহাতে এই গুরুতর অভাবের কণা মাত্র বিদুরিত হইবে। হতরাং পয়:প্রণালী নির্মাণ ছারা অনার্-ष्टिनिवद्यन मरगात व्यक्टरशिख निवातर्गत

আশাও সুদ্রপরাহত। তবে যদি আমরা
এক টাক্রার কাষ লইতে পাঁচ টাকা থরচ
করিতে পারি, ভাহা হইলে আমাদিগের
সে আশা পূর্ণ হইতে পারে। কিন্তু
আমরা এত দীন ও তঃস্থ যে এক টাকা
ব্যর করাই আমাদিগের পক্ষে হরহ
ব্যাপার, পাঁচ টাকার ত কথাই নাই।
স্কুতরাং ধরিয়া রাখিতে হইবে যে পয়ঃপ্রণালী নির্মাণ দ্বারা ছর্ভিক্ষ নিবারণের
আমাদিগের কোন আশাই নাই।

এই জন্যই বলিতেছিলাম বৈদেশিক শাসনের বিষময় ফল আমাদিগকে ভোগ কবিতেই হইবে।

ছডিক্ষের পবিহরণের ছইটি উপায় বলি-লাম। এক্ষণে ছডিক্ষের উপশমনের ছই একটী উপায় বলিয়া। প্রস্তাবের উপসংহার করিব।

ছর্ভিক্ষে যদি প্রজানাশ হয়, তাহার

জন্য দায়ী কে ? আমাদিগের মতে রাজা।

যদি ঘাের বিপাকের সময় রাজা তাহা
দিগের প্রাণরক্ষা না করিবেন, তাহা হইলে

রাজার সহিত তাহাদিগের সয়য় কি ?

কি জন্য তাহারা রাজাকে কর দিবে ?

কি জন্যই বা তাহারা জাধীনতার বিনি
ময়ে তাঁহার নিকট অধীনতা কিনিবে ?

প্রজাদিপের প্রাণরক্ষা মথন রাজার কর্তব্য

স্থির হইল, তথন দেখা যাউক ছর্ভিক্ষ

অনিবার্য্য হইলে, রাজা কি কি উপায়ে

ভাহার উপশ্যন করিতে পারেন।

খাদ্যাভাবে ছুডিক উপস্থিত হয়, সেই অভাব দূর করিলে হুডিক্ষের উপশ্বন হয়।

এক্ষণে এই অভাবের দুরীকরণ বণিক-বৃন্দ মারাও হটতে পারে, গবর্ণমেণ্ট মারাও হইতে পারে। বণিকেরা নানা দেশ হইতে খাদ্য আহরণ করিয়া তুর্ভিক্ষ-প্রাপীড়িত प्रतम जानग्रन करतन, शवर्गमण्डे व हेन्छ। করিলে তাহা আনিতে পারেন। উভয়ই যদি ज्यामि जानिया छेक मत्मा (विविध्व वरमन. অতি অম্প লোককেই ভারতে ক্রেতা পাইবেন। কারণ অর্থপাচ্র্য্য থাকিলে ত্রভিক্ষের-প্রভাব কথনই অমুভূত হয় না। দারিদ্রা ছর্ভিক্ষের একটা গৌণ কাবণ। এই জন্য আজ কাল ভারতের এত চর্ভিক। স্থুতরাং সে স্থাল বাণিজ্যের স্বাধীনতার यपि किथिए मुक्षांठ नां कता यात्र, यपि मुला निर्फिष्ठे कतिया ना दिन अया याय, छाडा হটলে দ্রবাদি বিক্রীত হওয়ার কোন ष्यांभा थारक ना। এই जना गवर्गरमण्डे নিজেই সংযোজক (Supplier) হউন, আর বণিকরুন্দই সংযোজক গবর্ণমেণ্টকে একটা স্ভাৰতঃ মুল্য নির্দিষ্ট করিয়া इडेरव। দিতে সম্ভবত ন্যুনতম মূল্য নির্দিষ্ট করিয়া দিলে ক্রেতার সংখ্যা বাড়িবে, স্কৃত্য-সংখ্যার হাস হটবে এবং গবর্ণমেন্টের স্কল্পেও অন্নসংখ্যক কাঙ্গালীর ভার পড়িবে। কিন্ত ইংলিস্ গ্রণমেন্টের একটী গুরুত্র রোগ আছে। লক লক লোকের প্রাণনাশ হইবে সেও ভাল, তথাপি ইহাঁরা বাণি-জ্যের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করি-বেন না।

ছডিক প্রশমনের বিতীয় উপায় ছডিক

প্রশীড়িত প্রদেশে ছুর্ভিক্ষের সময় গুরুতর রপে পূর্ত্তকার্যার অফুষ্ঠান। যত লোক উপন্থিত হউক না কেন, পূর্ণ অশনে বা উপযুক্ত বেতনে, তাহাদিগ দারা কায় লইলে অনাহার-জনিত মৃত্যু প্রায় ঘটিতে পারে না। অনুপযুক্ত বেতনে বা অর্ক অশনে তাহাদিগ দারা ভাল কায় লওয়া সম্ভব নহে, এবং অধিক দিন তাহাদিগকে জীবিত রাখাও সহজ নহে। লীটন্ ও টেম্পাল, এই অর্ক-অশন নীতি অবলম্বন

করিয়া অসংখ্যা লোকের প্রাণনাশ করি-য়াছেন।

যাহা হাউক্ আমরা আর শুদ্ধ বৈদেশিক গবর্ণমেণ্টকে গালি দিয়া দেশহিতৈষিতার পরাকাঠা দেখাইব না। মাল্রাজ ছর্ভিক্ষের অবস্থা ও সেই ছর্ভিক্ষ উপলক্ষে
আমাদিগের কি কর্দ্তবা—এবং ভবিষা ছর্ভিক্ষ সকলের যথাসাধ্য পবিহরণ করিতেই বা আমাদিগকে কি কি ইউপায়
অবলম্বন করিতে হইবে, দ্বিতীয় প্রস্তাবে
আমরা সেই সমস্তের আলোচনা করিব।

প্রাপ্ত গ্রন্থের সংক্ষিপ্ত সমালোচনা।

2000000000

চিতোরের বীরগান।—

শীদ্বকীনক্ষন সেন কর্ত্ক প্রকাশিত। মূল্য
পু
আনা। কবিতাগুলি বীররসোদ্ধীপক বটে।
প্রিয়-বিলাপ।—বিরহবিধুর শ্রীনারারণদাস তপন্দী প্রনীত। প্রিয়মিত্র বিরোগে
এরূপ বিলাপে সন্ধার ব্যক্তি মাত্রেরই
নিকট সহামুভ্তি পাওয়া সম্ভব।


বিশ্রাম-লহরী।—প্রথম খণ্ড।
ভাঁতিবন্দ নিবাসী শ্রীশ্রীগোবিন্দ চৌধুরী
কর্ত্ত্বক প্রণীত ও প্রকাশিত। করপ্রেসে
মৃদ্রিত। মূল্য ॥% আনা। ইহাতে
কণ্ডকগুলি ভানলয়বিভন্ধ গীতি সরি-

বেশিত আছে। গীতিগুলি প্রায়ই শৃঙ্গার-রসাত্মক। ইহার ছুই এক স্থলে কবিত্ব শক্তিরও পরিচয় পাওয়া যায়।

চিকিৎ না-সূত্র !— (হোমিওপ্যা-থিক)। ভাক্তারের নাহাযা ভিন্ন হোমিও-প্যাথিক মতে গৃহচিকিৎনার উপযোগী পুত্তক। শ্রীশরচক্ত দত্ত কর্তৃক সম্বলিত। ইন্ডিয়ান্ মিরার যন্ত্রে মৃক্তিভ। ইহা বিজ্ঞানবিশুক হইরাছে কি না আমরা জানি না; কিন্তু প্রতিভিত্ত গৃহত্তের গৃহেই যে এরূপ একধানি পুত্তকের অন্তিভ প্রার্থনীয় ভবিষয়ে আরু সন্দেহ নাই।

ম্যাট্সিনি ও নব্য ইতালী।

(নবম প্রবন্ধ ।



অসাধারণ অধ্যবসায় ও অশ্রাস্ত আত্ম ত্যাগের শক্তি ছনি বার্যা। নিবভিসুদ্ধি ধর্ম্মের বেগ অসম্বরণীয়। নিঃস্বার্থ সভ্যের প্রচার রোধ করে কাহার সাধ্য ?

অসংখ্য প্রতিবন্ধক, অসংখ্য বাধা-বিপত্তি স্বত্বেও ম্যাটসিনির অধ্যবসার্থ ও ম্যাট্দিনির কার্য্যপরতার বিন্দুমাত্রও হ্রাদ ছইল না। ভবিষাতের প্রতি অনিচলিত বিখাদ নিবন্ধন তাঁহার উৎসাহোমাদ বরং দিন দিন অধিকতর পরিবর্দ্ধিত হইতে লাগিল। তাঁহার লেখনী হইতে একটা প্রবন্ধের পর আর একটা প্রবন্ধ° বাহির হইতে লাগিল। তাঁহার উত্তেজনায় চতু-দিকে অসংখ্য গুপ্ত সমাজ প্রতিষ্ঠাপিত হইতে লাগিল। ম্যাটসিনি জেনোয়া ও লেগ্হরণে যে দকল সহযোগী বন্ধুগণকে রাথিয়া আসিয়াছিলেন ভাঁহাদিগের নিকট विविध नियुगावली ও উপদেশমালা পাঠা-ইতে লাগিলেন। জেনোয়ায় রুবিনী ভাতৃ-গণের যত্নে এবং লেগ্ছরণে বিনি ও গোয়ে-রাট জির উদ্যোগে ছইটী সর্বপ্রথম সমাজ প্রতিষ্ঠাপিত হইল। এই চুইটীই ইতা-দীতে গুপ্ত সমাজ বিস্তারের কেন্দ্রীভূত इरेग।

নব্য ইতালী সমাজের গঠন-প্রণালী।

সমান্তের গঠনপ্রণালী যতদ্র সরল ও সক্তেশুনা করা সম্ভব তাহা করা হটল। কার্কোনারোদিগের গুরুপরম্পরার অসংখ্য শ্রেণী-বিভাগ পরিত্যাগ করিয়া ইহাতে দীক্ষাগুরু ও দীক্ষিত্র এই ত্টটিমাত্র সম্প্রদার প্রতিষ্ঠাপিছ হটল। বাহারা দীক্ষাগুরু, এই সম্প্রদারে নব নব শিষা দীক্ষিত করিবার অধিকার তাঁহাদিগেরই হস্তে প্রদত্ত হটল; কিন্তু বাঁহারা কেবলমাত্র দীক্ষিত তাঁহাদিগের হস্তে সে অধিকার প্রদত্ত ইটল না। নব্য ইতালী সমাজের ভিত্তিত্ত মতসকলে বাঁহাদিগের প্রজাত অ্বাঢ় অনুরাণ, এবং বাঁহাদিগের বৃদ্ধির্ত্তি ও বিজ্ঞতা যথেটিত পরিপুত্ত, তাঁহাদিগকেট দীক্ষা-গুরু করা হইতে লাগিল।

ইতালীর বহির্ভাগে মার্মেলিসে একটি
নাধামিক (Central) সমাজ প্রতিষ্ঠাপিত
হইল। এই সমাজ ইউরোপীর লোকতান্ত্রিক মতাবলখীদিগের পরস্পর মিলনের
সন্ধিস্থল ও "নব্য ইতালী" সমাজের
বিজয়পতাকার কেক্সন্থর হইল। এই

সভা হারাই নবা ইতালীসমাজের শার্থা প্রশার্থার নিয়মন ও ভদ্বাবধান স্কার্য্য চলিতে লাগিল।

ইতালীর প্রায় প্রত্যেক প্রদেশের প্রধান প্রধান নগরের প্রত্যেক উপ বিভাগে নব্য ইতালী সমাজের এক একটা ছপ্তশাখা প্রতিষ্ঠাপিত হইতে লাগিল। একজন দীক্ষাগুরু ও কতিসংখ্যক দীক্ষিত শিষ্য লইয়াই এক একটা শাখা নিৰ্দ্মিত হইল। সকলের সমবেত কার্য্যের বিশৃঙ্খলা না ঘটে, এইজন্য প্রত্যেক নগরের শাখা গুলির উপর এক এক জন তত্ত্বাবধায়ক (Director) নিযুক্ত হইলেন i এবং প্রত্যেক প্রদেশের তত্ত্বাবধায়কদিগের, কার্যাপ্রণালী मिथितात कना अकलन कतिया माधातन তত্বাবধায়ক নিযুক্ত হইলেন। এই সকল শাখার উপর চিঠিপত্র লেখা, পত্রিকা ৰিতরণ করা, নব নব শিষা দীক্ষিত করা প্রভৃতি কার্য্যভার অর্পিত হইল।

মাধ্যমিক সমাজে কোন সংবাদ পাঠাইতে হইলে এই পর্যায়ক্রম অবলম্বন করিছে হইবে। দীক্ষিত শিষ্য হইতে শীক্ষাগুরু, দীক্ষাগুরু হউতে ভন্তগরস্থ তত্বাবধায়ক, নগরস্থ তত্বাবধায়ক হইতে প্রাদেশিক তত্বাবধায়ক, প্রাদেশিক তত্বাবধায়ক হইতে মাধ্যমিক সমাজের সভাপতির নিকট সংবাদ পাঠাইতে হইবে।

নিত্যপরিচায়ক সর্ব্যঞ্জকার সঙ্কেত্তি ই বিপৎসন্থল বলিয়া পরিত্যক্ত ছইল। মাধ্যমিক সভা হইতে প্রাদেশিক সভার, অথবা প্রাদেশিক সভা হইতে মাধ্যমিক সভার কোন দৃত যাইলে, তাঁহাকে একপ্রকার সাঙ্কেতিক শক্ষ উচ্চারণ করিরা,
বিশেষ প্রকারে কাটা এক টুক্রা কাগজ
দেখাইরা, এবং এক বিশেষরকমে হস্তমর্দ্দন করিয়া আত্ম-পরিচয় প্রদান করিতে
হইত। রাজ-নির্যাতনভ্রে এই সকল
সাঙ্কেতিক চিত্র আবার প্রতি তিন মাস
অন্তর পরিবর্ত্তিত করা হইত।

প্রত্যেক সভ্যকে নিজ নিজ ক্ষমতামুসারে কিঞ্চিং কিঞ্চিং মাসিক চাঁদা দিতে হইত। এইরূপে সংগৃহীত অর্থের দ্বিতৃতীয়াংশ প্রা-দেশিক ব্যয়নির্কাহার্থ প্রাদেশিক ধনাগারেই সঞ্চিত থাকিত; অবশিষ্ট একতৃতীয়াংশ সাধারণ শৃজ্ঞলা স্থাপনের ব্যয়নির্কাহার্থ মাধ্যমিক সভার ধন্দাগারে প্রেরিত হইত। এবং প ত্রিকাদির বিক্রায়ে যে টাকা উঠিত তন্দ্বারাইহার মুদ্রান্ধন ব্যয় নির্কাহিত হইত।

উৎস্গীক ত-জীবন মনীষিগণের শ্বনগার্থ একটা করিয়া সাইপ্রেস বৃক্ষের ক্ষ্দ্র
শাথা নব্য ইতালী সমাজের পরিচায়ক
চিক্ত স্বরূপ ব্যবস্থত হইত। নব্য ইতালী
সমাজের মটোয় (Motto) এই কথাগুলি
লিখিত ছিল— (Orae Sempre ie
Now and for ever) এক্ষণে এবং চিরজীবনের মত—অর্থাৎ ''আমরা নব্য ইতালী সমাজের সভাগণ এখন হইতে চিরজীবনের মত স্বদেশের কার্য্যে;জীবন উৎসগীকৃত করিলাম ''।

নব্য ইতালী সমাজের প্রাকা ইভালীর ত্তিবর্লে রঞ্জিত হইরা এক্সিকে স্থাধীমতা সাম্যু ও মানবপ্রেম এবং ভার এক দিকে একতা ও স্বাতন্ত্র এই পদগুলি ধারণ .করিয়াছিল। প্রথম পদগুলি ইতালীর জাতিমধাগত (Itnernational) ব্রতের পরিচায়ক, দিভীয় পদগুলি জাতীয় ব্রতের পরিচায়ক।

নব্য ইতালী সমাজের প্রথম প্রতিষ্ঠাপন দিন ছইডে বহিশ্চর রাজ্য; সকলের
সহিত সম্বন্ধে স্টশ্বর ও মানবজাতি
এবং স্বদেশের সহিত সম্বন্ধে স্টশ্বর ও
জনসাধারণ—ইহার মূলস্ত্রম্বর্গ গৃহীত
হইল।

এই ছই মূলস্ত্র—যাহা প্রক্ত প্রস্তাবে এক মূল স্ত্রেরই প্রয়োগধ্যমাত্র—এই ছই মূল স্ত্রেই নব্য, ইতালী সমাজের যাবতীয় নৈতিক, সামাজিক, রাজনৈতিক ও ব্যক্তিগত বিশ্বাদের ভিত্তিভূমি।

ম্যাট্সিনি সমাজস্থাপনের সেই প্রথম
যুগে বিভিন্ন বিভিন্ন সভার সভাঁগণ প্র
তত্ত্বাবধায়কদিগকে, এবং যে সকল ইতালীয় যুবকমগুলীর সহিত তিনি কোন
প্রকারে সংস্রবে আসিতেন, ভাহাদিগকে
যে সকল উপদেশ প্রদান করিতেন তাহা
ভঙ্ক রাজনৈতিক নক্ষে প্রধানতঃ নীতিমূলক।

দেই সকল নীতিমূলক উপদেশের সংক্ষিপ্ত মন্মার্থ নিয়ে প্রদত্ত হুইল:—

"আষমা ৩% বড়যক্তকারী নহি; বিপ্লাৰ নাধনই বে আমাদিগের একমাত্ত উচ্চেশ্য এরূপ লছে; নৃত্তম ও অস্কৃত স্থাইর অবশ্যস্থাবিভার এবং ভবিষ্যতের উজ্জনতর মূর্ত্তিতে আমাদিগের অবিচলিত বিশ্বাস। ইতালীর সঞ্জীবন সাধনই আমাদিপের একমাত্র ব্রত।

" আমাদিরের প্রথম লক্ষ্য জাতীর
শিক্ষা বিধান। কিন্তু আমাদিগের
দেশের বর্ত্তমান অবস্থার অন্ত্র ও বিজ্ঞোহই সৈই জাতীর শিক্ষা বিধানের একমাত্র
উপায়; এইজন্যই আমরা তাহার আশ্রম
গ্রহণ করিব।. কিন্তু আমরা আমাদিগের
বেরনেটের স্চ্যুগ্রে কোন গভার লক্ষ্য না
রাথিয়া কথনই তাহার ব্যবহার করিব না।

"সে ধ্বংসের কোনও উপকারিতা
নাই, যাহার ক্রলে আমাদিগের রমণীয়তর
প্রাসাদ নির্মাণের কোনও আশা নাই। সে
স্বত্ব ও কর্ত্তব্য কৈবল মাত্র পত্রাক্ষিত
করার ফল কি, যাহা লোকের হৃদরে
অন্ধিত করিব বলিয়া আমাদিগের অবিচবিত অধ্যবসায় ও দুঢ় বিশ্বাস নাই।

"আমাদিগের পিতৃপিতামহেরা এই লক্ষ্য সম্মুথে রাথিয়া কাষ করেন নাই বলিয়াই আজ আমাদিগের এই ছর্দদা; এইজন্য আরও প্রতিমৃহুর্ত্তেই ইহা আমাদিগের জনের ধারণ করিয়া,রাথা উচিত। জন্ধ বিবিধ প্রদেশ সকলকে বিজোহী করিয়া তুলিলেই পর্য্যাপ্ত হইবে না। আমাদিগকে একটা জাতি প্রস্তুত করিয়া তুলিতে হইবে।

" ইহা আমাদিগের ধর্মবিখাস বে ইহ-জগতে ইভালীর জীবন অদ্যাণি ভন্মগাৎ হন্ধ নাই। তাহার ললাটে অদ্যাশি লিখিত আছে যে সে আবার বর্জনশীল মানব- পরিণতির উপাদান-দামগ্রীর সংযোজনা করিবে। ভাবার সে তৃতীয় জীবনের দৌভাগ্য-দোলায় লালিত হইবে। সেই তৃতীয় জীবনের অব গারণা করাই আমা-দিগের এই উদামের এক মাত্র লক্ষা।

"ইতালীর জাতির অন্তরে আমাদিগকে একটা প্রবল ও অক্তরিম বিশ্বাস উৎপাদন করিতে হইবে; তাঁহাদের অন্তরে জাতীর অতাত অবদান-পরস্পরার জলস্ত ভাব প্রকন্দীপিত করিতে হইবে; তাঁহাদিগের অন্তরে আমাদিগের কঠোর ব্রতের উপযোগী আত্মত্যাগ, অবিচলিত্তা এবং একচিত্ততা উত্তেজিত করিতে হইবে।

রাজনৈতিক উপদেশ।

"শিষ্যদিগের অন্তরে গুদ্ধ বৈপ্লবিক ভাব উদ্দীপিত করিয়াই পরিভৃগু পান্ধিলে চলিবে না; নিলক্ষ্য বা অনির্দিষ্টলক্ষ্য উ-দার মতের প্রথ্যাপনার জগতের অনিষ্ট বই ইষ্টের সম্ভাবনা অম্প। প্রত্যেক সভাকে জিজ্ঞাসা করিবে তাঁহার আত্মরিক বিশ্বাস কি; বাঁহাদিগের সহিত হাদর ও প্রতীতি মিলিয়া যাইবে, তাঁহাদিগকেই সভ্য মনো-নীত করিবে। সংখ্যার বহুত্বের উপর বিজ-য়াশা নির্ভর করিও না; যদি কখন বিজয় লাভ হয়, তাহা সংখ্যার বহুত্বে নহে, সামাঞ্জিক বঙ্গনিচয়ের একীভাবে।

"আমাদিগের পরীক্ষা ইতালীর জাতির উপরই অমুষ্ঠিত হইবে। আমাদিগের আশা ভরশা পূর্বে হইতেই প্রতারিত ও বিধ্বস্ত হউক তাহাতেও আমরা প্রস্তত আছি, তথাপি আমরা বৈপ্লবিক নিজ্ঞরের পর দিনই শিবিরাভ্যস্তরে ঘোরতর অস্ত-বিক্রিদ দেখিতে প্রস্তুত নহি।

"তোমাদিগকে একটা নবীন পতাকা উজ্জান করিতে হইবে, স্থুতরাং তোমাদিগকে যুবকমগুলী হইতেই তাহার পক্ষসমর্থক বাছিয়া লইতে হইবে; কারণ
যুবক-মগুলীরই হৃদয় উৎসাহোমাদ, কার্য্যদক্ষতা ও আত্মত্যাগের আধার। তাহাদিগের নিকট পূর্ণ সত্য খ্যাপন কর।
আ্মাদিগের লক্ষ্য ও অভিপ্রায় তাহাদিগকে সমস্ত জানিতে দেও। যদি
আমাদিগের লক্ষ্য ও অভিপ্রায় জানিয়া
তাহারা তাহাতে স্বীকৃত হয়, তাহা হইলে
আমরা নিশ্চয় তাহাদিগের উপর নির্ভর
করিতে পারিব।

''অতীত বিপ্লবের প্রধান ভ্রম এই ইইরাছিল যে ইতালীর অদৃষ্ট কোন অপরিবর্ত্তনীয় মহতী নীতির উপর সম্যুস্ত না হইরা, শুদ্ধ ব্যক্তি-বিশেষের ইচ্ছা ও সাধুতার উপর সমর্পিত হইরাছিল।

" এই ভ্রমের বিরুদ্ধে যুদ্ধ খ্যাপন কর; ব্যক্তি-বিশেষের নাম পরিত্যাগ কর; ইতালীয় জাতিতে, আমাদিগের প্রাকৃতিক স্বন্ধে, এবং ঈশ্বরে জ্ববিচলিত বিশ্বাস প্রচার কর।

" শিষ্যদিগকে শিক্ষা দাও, বাঁহাদিগের বদম বৈপ্লবিক ভাবে অন্ত্প্রাণিত ভাঁহা-দিগের মধ্য হইভেই যেন অধিনেতা মনো-নীত করে; এবং অভীত পদার্থ ও

অতীত প্রণালীর সহিত তাহারা যেন সর্বপ্রকার সংস্রব পরিত্যাগ করে। ১৮৩১ সালের ভ্রম সকল তাহাদিগকে ভন্ন তন্ন कतिया (मथारेता (मछ, शृंख काधितक-বুদ্দের দোব সকল তাহাদিগের নিকট পোপন করিয়া রাথার প্রয়োজন নাই। " ৰারম্বার মুক্তকঠে ঘোষণা কর যে ইতা-লীর আংন-সাধারণ ভিন্ন ইতালীর উদ্ধার সাধন আর কাহারও দ্বারা इहेरव ना। সেই জনসাধারণের কার্যাপরতা—অপ্রাস্ত কার্প্যপরতা—হইতেই এরপ ব্যাপার সংসাধিত হইবে; যেন প্রথম कन-नाधातरणत्र क्षतत्र , जीजि-পরাজয়ে সমাকুল বা হতাশাপ্রপীড়িত না হয়। "সর্বপ্রকার মত-সঙ্কোচ (Compromise) পরিত্যাগ করিবে, কীরণ ইহা নীতি-বিগহিত ও বিপৎসক্ষা।

অষ্ট্রিরার সহিত যুদ্ধ—অতি প্রচণ্ড ও ক্ষরির কর্দমিত যুদ্ধ—পরিহার্য্য বিলিরা আত্মবঞ্চনা করিও না। বরং বে মৃহুর্তে আপনাদিগকে পর্যাপ্ত পরিমাণে প্রবল বলির। মনে করিবে, সেই মৃহুর্তেই অষ্ট্রিরার বিক্ষদ্ধে রণ খ্যাপনা করিতে ক্বত সহর হও। বৈপ্লবিক সমরে প্রত্যাক্রমণ অপেক্ষা আক্রমণই সর্বাধা কর্ত্তব্য । কারণ তুমি প্রথমে আক্রমণ করিলে শক্রদিগের হাদমে ভীতি উন্দীপিত হইবে, এদিকে তোমার বন্ধু বান্ধদিগের অন্তর সাহস ও উৎসাহে পরিপ্রিত হইবে।

"বৈদেশিক রাজ্য সকলের নিকট হইতে কোন সাহায্যের আশা করিও না; ভাহা- দিগের সাহায্য ব্যতীতও তোমরা বিজয় লাভে সমর্থ—এইটা তোমরা বতক্ষণ দেখাইতে না পারিতেছ, ততক্ষণ তাহারা কখনই তোমাদিগকে সাহাধ্য করিতে অগ্রসর ছইবে না।

"কৃট মন্ত্রণার উপর কোনও বিশাস স্থাপন করিও না; একবারেই যুদ্ধে প্রবৃত্ত হইয়া এবং তোমাদিগের লক্ষ্য ও সাধন মুক্তকণ্ঠে বাক্ত করিয়া কৃট মন্ত্রণার মুলো-চ্ছেদ করিবে।

''ইতালীয় জাতির ভিন্ন অন্য কাহারও নামে বৈপ্লবিক পতাকা উড ডীন করিও না। কোন একুটা অবিচলিত নীতির নামে, জাতীয় বল লইয়া ভোমরা যদি প্রথম যুদ্ধে জয় লাভ কর, তাহা হইলে জন-সাধারণে ভোমাদিগকে দিগের অধিনায়ক বলিয়া স্বীকার করিয়া লইবে; এবং দ্বিতীয় যুদ্ধে তাহারা তোমা-দিগের সহিত সমরক্ষেত্রে অকতীর্ণ হইবে। আর যদি নিতান্তই তোমাদিগের পতন হয়, তাহা হটলেও তোমাদিগের এই সাম্বনা থাকিবে যে তে।মরা ম্বদেশীয় ভাতৃগণকে কিন্ধপে জাতীয় সমরের অধি-নয়ন করিতে হয় ত্রিষয়ে শিক্ষা প্রদান করিয়াছ: এবং ভোমরা যে কার্য্য-প্রণালী প্রথাত করিয়াছ, তাহা অবলম্বন করিয়া কার্য্য করিলে ভবিষা পুরুষ অবশাই ইতা-লীর উদ্ধার সাধন করিতে পারিবেন।"

ম্যাট্সিনির পরীক্ষা ফলবতী হইল। জন-নাধারণের বিশ্বজনীন সহাকৃত্তি বিক্রন্ধসভাবলধীদিগের মুখে কালিমা অর্পণ করিল।

অচিরকাল মধ্যেই উস্কানীর প্রধান প্রধান নগরে অসংখ্য সভা সংস্থাপিত হট্তে লাগিল। জেনোয়ায় কবিনি ভাতৃগণ ক্যাম্পানেলা বেনজা প্রভৃত্তি কতিপর সভ্যের যত্নে চতুর্দিকে সভা প্রতিষ্ঠাপিত হইতে লাগিল। এই সকল যুবকর্ন্দের নাম সম্ভ্রম কিছুই ছিলনা স্ত্তরাং সামাজিক আধিপত্য লাভের কোনওপ্রকার উপায় চিল না। তথাপি ইহাঁদিগের অবিচলিত অধ্যবসায় ও অশ্রাম্ভ যত্নে ছাত্র হইতে ছাত্র এবং যুবক হইতে যুবক—সকলেই তাড়িত বেগে এই নবোদ্ধাবিত ধর্মে দীক্ষিত হইতে नाशिन। नवा हेजानी ममास्कत अथम-প্রচারিত পত্তিকা সকল ইচার প্রবর্তক-দিগের নাম সম্ভ্রম ও সামাজিক আধি-পত্যের অভাব বিদ্বিত করিল। যাহারাই সে সকল পড়িতে লাগিল, তাহারাই ইহাতে যোগ দিতে লাগিল। এতদিন লোকে নামের মোহিনী শক্তিতে ভূলিয়া আদিয়াছিল; কিন্তু আজ সভ্যের নিকট,--অথ এনীয় মতের নিকট-ভাষারা পরা-कि इरेन। यात्र बार्डिनिन अकुडि ক্তিপয় নিন্ম युवरकन्न ८वां स सहेल मध्य हें जानी मात्र मिना। বেন ইভালীয় আভির নিজিভপ্রায় উদ্ধি-নমিয়া (Aspiration) এই কাপালিক नभारकत्र ভीष्य भवनाधरम शूनक्रमीनिड हहेग ।

अहे क्रज्यांश्राच त्रहे कांशांतिक मसाक नरीन खेरनारक माणिका छेडित्नन । त्र नक्त खक्जा कर्सवाकांक छोंकांका মন্তকে গ্রহণ করিয়াছিলেন, পরিশ্রম ও আত্মভাগে যতদ্র মন্তব, ভাহাদিগের অনুষ্ঠান করিতে লাগিলেন।

त्य नकन युवकमछनी बाजा त्नहे कांशा-लिक नमांक नःगठिक हिल, - बांदाविरनत ন্যায় উৎস্থীকৃতজ্ঞীবন, পরস্পরের প্রতি অবিচলিত ও গভীর অমুরাপপরায়ণ, এবং প্রতি দিনের ও প্রতি মুহর্তের নৈমিত্তিক সর্বপ্রকার কার্য্যেই একান্ত উদ্যোগশীল, ব্যক্তি সেণ্ট সাইমোনীরগণ ব্যতীত ইউরোপে আর ছিল না-সেই প্রাতঃম্বরণীয়দিগের নাম করিতে হটলে সর্বপ্রথমে ম্যাটুসিনি, লাম্বার্তী, ইউ-সিগুলিয়ো, লুজিনি এবং কবিণি ভাতুগণের नाम कतिएक हत्र, देशं पिरात्र व्यानाकहे मर्फनावानी। देशांता अकाकी, तीकिमक আফিদ নাই, সাহায্যকারী কর্মচারী নাই, এরপ অবস্থায় রাত্রি দিবা ঘোরতর পরিশ্রমে নিময়; কখন পত্রিকার জন্য প্রবন্ধ রচনা করিতেছেন: কথন চিটিপত্র লিখিতেছেন: কথন' পত্ৰিকা! পত্ৰাদ্ধি পাঠাইবার জন্য পরিব্রাজকের জমুসদ্ধান क्तिर्काह्यः अवश अहे जिल्ला कथन वा बांबिक्षिक्षक नृष्डन धर्म होकि क विन रफरहनः; कथन वा विस्तरण शार्शिहेकांत्र बना প্রিকাশুলি তাড়ার ডাড়ার বাঁধিতেছেন; এইব্রপে যাহাতে বুদ্ধিবৃত্তির গভীর আলো-ह्नाद आदाखन स्वरे नकन कार्या इहेटड সামান্য কার্য্য পর্যান্তও তাঁহারা, জন্ধানবদনে कविएक जाशितका।

का निनिविश्वा नावक धककम कष्णिक-

টরের কার্য্য করিতে লাগিলেন; লাম-বার্তী প্রুক্ত্দংশোধনের ভার গ্রহণ করি-লেন; এবং আর একজন সভার প্রচ বাঁচাইবার জন্য পত্রিকাদির বাহকের কার্য্য স্বীকার করিলেন।

७हे मनीविश्य (मास्टर्य नार्य नर्स বিষয়ে সমভাবে একত্র কাল্যাপন করিতে লাগিলেন: ভাঁহারা এক আশা ও এক লক্ষ্যে দীক্ষিত ছিলেন; এবং লক্ষ্যের অবিচলিততা ও পরিশ্রমের অঞ্চাত্ততা হেতু সকলেরই প্রীতি ও ভক্তির ভালন হইয়াছিলেন। তাঁহাদিগকে অনেক সময় निक निक देमनिमन थेत्र इटें उँ। ठी-रेग्रा এই সকল খরচ চালাইতে হইত. এই कना । उाहा मिशक माति एका व वत्र সীমায় উপনীত হইতে হট্যাছিল। তথাপি ভাঁহারা সভত প্রফুল থাকিতেন, এবং ভবিষ্যতে অবিচলিত বিশ্বাস হেতু विक्रनीत नाम हानारतथा তাঁহাদিগের অধরোঠে সভত বিরাজমান থাকিত।

সেই প্রথম ছই বৎসর (১৮৬১-১৮৩৩)
নব্য ইতালী সমাজে শৈশবের সরলভা ও
পবিত্রভা, তারুপার ক্ষুর্তিও তেজ,প্রৌঢ়াবন্ধার ধীর ও প্রশাস্ত প্রক্রতা ও বার্দ্ধরের
গান্তীর্য্য ও আত্মত্যাগ- এ সমন্তই যুগপৎ বিভাষান ছিল। এই সমর সেই কাপালিক সশালচভূর্দ্ধিকে ছুর্দ্ধনীর শক্তবৃংক্ষ পরিবেষ্টিত
ভইরাও অসংখ্য বিপৎপরক্রার মধ্য দিয়া
ধীরে ধীরে সভ্যের পর্থে—বিজ্ঞারের পঞ্জে—
ক্রাসর হইতে লাগিলেন। সৌভাক্ষের বিষয়
থই যে যে সক্ষম শক্তমগুরী এই শব্দর

ভাঁছাদিপের বিরুদ্ধে দ্ঞার্মান হই য়াছি-লেম, ভাঁহারা পরিচিত ও প্রকাশ্য শক্ত। चरमणीत लाजुगरगत मरशा-चरनक नमत जाननामिरात्रहे मरधा-भत्रभरत्र निका. পরস্পারের গ্রানি, পরস্পারের প্রতি সন্দেষ, পরস্পরেদ্ধ প্রতি ক্লতত্বতা; পূর্ব্ধ বন্ধুগণ কর্ত্তক অকারণে তাঁহাদিগের সংসর্গত্যাগ: অধিক কি ইতালীয় বর্তমান পুরুষের প্রার সমস্তই-বাঁহারা ঈশ্বরসাক্ষী করিয়া म्पर्ध कतियाहित्वन कथनहे औहामित्त्रत विश्वात एक कतिरवन ना-डांशामिश कर्डक ७-- (कान ब्रुव विश्वान वण छ: नरह, শুদ্ধ আত্মদৌর্বল্যবোধে বা অভিমানভরে—তীহাদিগের পতাকা-ত্যাগ; এ সমস্ত ঘটনা সেই কাপালিক मभारकत श्रम क् स्यारक अमानि वित्ना-विष्ठ करत नांहे; এ সমস্ত ঘটনা অদ্যাণি গতাবশিষ্ট কভিপয় শবসাধককৈ হতাশা-প্রণীড়িত হটয়াও কর্ত্তবাপ্রণোদিত পরি-শ্ৰমের বোঝা বহন করিতে শিক্ষা দেয় नारे-कर्डवा, वाहात भागन इनंड्या, मुर्खि ভীষণ, স্পূৰ্ণ শীতল! যে মহাত্মাগুণ এই ভीষণ অधिপরীক্ষার উত্তীর্ণ হছরাছিলেন. ষেন অনম্ভ কালের জন্য তাঁহাদিপের প্রাতঃশ্বরণীয় নাম জগতের শ্বভিপটে অন্বিভ থাকে।

किन्नत्म श्रद्धशाद श्रीहानितान भिव्या-मकन देशनीत मर्नाव खातातिष्ठ हरेत्छ भारत, मिरे कांभानिक ममाज बक्स्स बरे खारत्रत मीमारमाम जात्नानिक हरेत्नन। श्रीम्ताहे कांन्यांनीत खरकने, मस्बनाती নামক কোন যুবাপুরুষ নিয়োপলিতীয় বাষ্ণীয়পোতে ইতস্ততঃ পরিভ্রমণ করিছেন। তিনি এবং আর কতিপর ফরাশি নাবিক-क्रष्टे विषय डांडानिशक विस्थवकार्थ সাহায্য করিয়াছিলেন।

যত্তদিন তাঁচাদিণের দিকে গ্রর্থমেণ্টের চকু উন্মীলিত বা উাহাদিগের প্রতি গবর্ণমেণ্টের ক্রোধ উদ্দীপিত না হইয়া-ছিল, তঞ্দিন তাঁহারা যে প্যাকেট্ জেনোয়ায় পাঠাইবেন তাহা লেগ্হরণের কোন অসন্দিগ্ধ বাণিজ্যাগারের নাম দিয়া পাঠাইয়া দিতেন, আবার যাহা লেগুহরণে পাঠাইবেন তাহা দিভিটা ভিচিয়া প্রভৃতি সাক্ষেতিক স্থলেয় নাম দিয়া পাঠ।ইতেন। এইরূপে কিছুদিন তাঁহারা যেখানে যেখানে জাহাজুলাগিত, তথাকার পুলিশ ও কষ্টম-হাউস কর্মচারিদিগের পুজ্ঞারুপুজ্ঞা তদস্তের হস্ত হইতে পাকেট্গুলিকে রক্ষা করিতে লাগিলেন। যথন জাহাজ অভীষ্ট বন্দরে পেঁছিভ, তখন প্যাকেট্গুলি য হার মাং প্রেরিভ হইত ভাঁহারই থাকিত, যতক্ষণ না কাপালিক সমাজের পূর্বেই প্রাপ্তসম্বাদ কোন গুপ্তচর আসিয়া **অভি· সংগোপনে তাহাদিগকে** লইয়া যাইভ।

কিন্তু যখন গবর্ণমেণ্টের চক্ষু সম্পূর্ণরূপে উন্মীলিত হইল, তথন গবর্ণমেণ্ট প্রচার क्तिलन, य याहादा नवा देखानीनमास्कत পত্রিকাদি ধরিষ্ণ দিতে পারিবে ভাহাদি-नत्क यर्थष्ठे श्राक्षात्र त्मल्या बाहेत्व, ध्वः

হওয়া বিষয়ে কোনপ্রকার প্রচারিত সাহাষ্য করিবে তাহাদিগকে শুকুতর দণ্ড প্রদান করা যাইবে; যথন চাল স আলু-বার্টের ক্যাসিয়া পেক্সা প্রভৃতি মন্ত্রিগণ স্বাক্ষ-রিত আজ্ঞালিপি ছোষণা করিল—যে যাহারা মবা ইতালী সমাজের পত্তিকাদি প্রচারের সহায়তা করিবে তাহাদিগের প্রতি গুরুতর অর্ণত্ত ও চুইবৎসর কারাবাসরূপ শারীর मेख श्रमेख हरेक. কিন্ত যাহারা সম্বাদ দিখে তাহাদিগকে সেই অর্থদত্তের অর্প্লেক পারিভোষিক দেওয়া যাইবে অপচ ভাহা-দিগের নাম অপ্রকাশিত থাকিবে; তথনই ইতালীর নীচাশয় গ্রণ্মেণ্টের কাপালিক সমাজ প্রকৃত প্রস্তাবে হন্দ্যুদ্ধে व्यवजीर्व इटेलन; अहे बन्दयूरक यमि छ কাপালিক সমাঞ্জের অনেক শ্রম, অনেক অর্থ রুথা ব্যায়িত হইয়াছিল, তথাপি বিজয়-লৃক্ষী পরিশেষে তাঁহাদিগেরই অক্ষশায়িনী इहेबाहित्नन ।

এখন হইতে পত্রিকাদি পাঠাইতে তাঁহাদিগকে নানাপ্রকার কৌশল অবলম্বন क्रिंडिक इरेग्नाहिन ; পार्ठकिम (भंत दर्को -হল চরিতার্থ করিবার জন্য দৃষ্টাস্ত স্বরূপ त्मरे नकन कोनलात अक्षी नित्र थानक इरेग।

नाना ज्ञात कंत्रिमम् এएक नियुक्त হুইল; চোঙের ভিতর করিয়া নব্য ইতালী সমাজের পত্রিকাসকল তাঁহাদিগের নিকট প্রেরিত হইতে লাগিল। সে সকল চোঙের অভ্যন্তরে কি আছে, কমিসন ্যাহারা সে সকল পত্রিকার ইভালীতে \ এক্ষেক্টেরা তাহা জানিজেন না। এদিকে . সমাব্দের গুপ্তচরদিগকে চতুর্দ্ধিকে লিথিরা পাঠান হইত, তাঁহারা যেন যথা সময়ে সেই সেই কমিসন্ এজেণ্টের নিকট গিরা নির্দ্ধিট মুল্যে সেই সকল চোঙ পরিদ করেন। গুপ্তচরেরা সেই সকল চোঙ পরিদ করিয়া তদভাস্তরত্ব পত্রিকা-গুলি শীক্ষিতদিগের মধ্যে প্রচারিত করিতেন।

পত্রিকাদির শুপ্ত প্রচারে কাপালিক'
সমাল করাশি সাধারণতান্ত্রিক দিক্ষের ও
ইতালীয় বাণিজ্যতরির নাবিকছিগের
নিকট হইতে অনেক সাহায্য পাইতেন।
সাহায্য পাইবেন বলিয়া তাঁহারা ইতালীয়
নাবিকদিগকে বৈপ্লবিক শিক্ষায় দীক্ষিত
করিবার জন্য অশেষ চেষ্টা করিয়াছিলেন
এবং তাঁহাদিগের চেষ্টা অনেকাংশে সফ্লপ্ত হইয়াছিল।

ইতালীয় গবর্ণমেণ্ট শ্বয়ং ইতালীতে কাপালিক সমাজের পত্রিকাদি প্রচার রহিত করিতে অসমর্থ হইরা, মার্সেলিস্ শ্বিত কাপালিকদিগের শ্বর রোধ করিবার জন্য ফরাশি গবর্ণমেণ্টকে অন্তরোধ করেন, ফরাশি গবর্ণমেণ্টক বেস অন্তরোধ রকা করেন।

কাপালিক সমাজের বিরুদ্ধে উভয় গবর্ণমেন্ট বেরূপ দির্ঘাতন প্রণালী অবগখন করেন, তাহা পরে স্বিশেষ বিবৃত্ত হইবে। এক্ষণে এই মাত্র বলিলেই পর্যাপ্ত হইবে যে উভয় গবর্ণমেন্টের ভয়কর নির্যাতন সংৰপ্ত কাপালিক সমাজের গভি বিকুমাত্রও প্রতিহৃত হইল না।

অচিরকাল মধ্যেই ইতালীর প্রার সর্বাত্ত সমাজের প্রভাব অমুভূত হইতে লাগেল। শাধাসমাজের সংখ্যা দিন দিন পরিবর্দ্ধিত হইতে লাগিল। অধিক কি নিরোপলিতান্ সীমা পর্যান্তও গুপ্ত মন্ত্রণা নির্বিধ্যে প্রচা-রিত হইতে লাগিল। কাপালিকসমাজের উপদেশ সংক্রামিত করিবার জন্য, এবং দীক্ষিতদিগের উৎসাহবহ্নি ইন্ধনস্কুক্ষিত রাধিবার জন্য, কাপালিক সমাজের পরি-ব্রাজক গুপ্তচর সকল সর্বাদা ইতালীর ইতন্ততঃ পরিভ্রমণ করিতে লাগিলেন।

সম্বাজের পত্রিকাসকল পাঠ করিবার
ইচ্ছা এতদ্র বলবতী হইয়া উঠিল, বে
যত সংখ্যা পত্রিকা ইতালীতে প্রেরিত
হইত, তাহাতে সাধারণ আকাজ্জা পরিতথ্য হইল না। স্বভরাং জাতীর আকাজ্জার পরিত্থির জন্য চতুর্দ্ধিকে সে সকল
পত্রিকার শুল্ড পুন্মু দ্রাহন এবং শুল্ড প্রিত্ত প্রচার আরম্ভ হইল।

নব্য ইতালী সমাজের আবিভাবে এইরূপে সমস্ত ইতালীয় জাতি কর্ত্ব লোৎসাহে ও সাদরে পরিগৃহীত হইল। জনধিক বর্ষকালের মধ্যেই ইহার প্রভাব
ইতালীর সর্বত্ত পরিবাধ্যে হইয়া পড়িল।
ত জয় ব'জিবিশেষের জয় নহে, মতের
জয়, সভ্যের জয় । নীচকুলোভব, অজ্ঞাতনামা, কপজ্ফশ্ন্য, জজুলিমাতে গণনীয়
কতিপয় মাত্র য্বাপুরুষ—য়্থন জনসাধারবের বিশ্বাসপাত্ত অধিনেতা, সম্লাস্ত,
মান্য, গণ্য, প্লিতশ্বজ্ঞ ব্যক্তিদিগের
চিরলালিত মতের বিক্তে দ্থায়্মান

হইয়াও, এত অল্পদিনের মধ্যেই এক্পণ এক প্রবল সমাজের শীর্ষস্থানীর হইলেন, যাহাকে দমন করিতে সপ্তরাজ্যকে বন্ধ-পরিকর হইতে হইয়াছিল—তথন নিশ্চনরই জানিতে হইবে, তাঁহারা যে পতাঁকা উড্ডীন করিয়াছিলেন, তাহা সভ্যের পতাকা।

যথন মাট্সিনি ও তৎসহচরবৃক্ষ ই তালীর জাতির অস্তরে জাতীয় সমর ও সাধারণতান্ত্রিক জীবনের ভাব উদ্দীপিত করিতে চেষ্টা করিতেছিলেন, তথন ফরাশিরাজ লুই ফিলিপ ও তদীয় সন্ত্রাস্তবর্গ ইতালীয় জাতির মনে বিপ্লব ও সাধারণতান্ত্রের বিক্লফ্কে বিদ্বেষ্তাব উত্তেজিত করিতে অশেষ প্রয়াস পাইতেছিলেন।

মানবজাতির ছভাগা যে, ফালের উন্নতি স্থিতিশীল নহে। ফাঙ্গের অদৃষ্ট-চক্র নিয়তিপথে অনবরত অতিবেগে পরি-ত্রণ করিতেছে। এই দেখিলাম ফান্স জগতে স্বাধীনতার প্রবর্তক, সভ্যতামার্গের উপদেশক, মানবপ্রেমের প্রচারক,; পর मृहुर्खरे व्यावात तिथिनाम क्रांक स्म মোহিনী মূর্ত্তি পরিত্যাগ করিয়া ভীষণ মূর্ত্তি भारत क्रियास्ट्रन। (य क्राफा এक मिन স্বাধীদতার প্রবর্তক ছিলেন, সে কান্স व्याच यर्थक्हाहारमञ् व्यावामञ्जीम, व्याजीम अञ्बद्धार्यात्वत्र व्यक्तिक्त । (य क्षेत्रि এकिन সভাতামার্গের উপদেশক ছিলেন, সেই কৃতি আৰু বৰ্ষরজাতির ন্যায় সভাভার मृजमञ चन्नभ चारीन हा खहारतंत्र विकास विक्रांश्क, (व काका अविनिम भीनवाक्षरिमन

প্রচারক ছিলেন, সেই ফ্রান্স আরু মানব-বেষী। সেই ফ্রান্স আরু সর্বাপ্রকার সঞ্জীবন, সর্বপ্রকার নব শৃত্তার বিরুদ্ধে বন্ধ-পরিকর।

काक छन्न किरेगतनत त्य मिथेत व्यवनयन করিরা উঠিতেছিলেন, আমরা জানি তিনি তাহার উচ্চত্র বিন্তুতে উঠিয়াছিলেন. ন্ম তরাং তাঁহার আর তাহার উপর উঠিবার শক্তি নাই। কিন্তু তাঁহারা উঠিতে পারি-বেন না বলিয়া, যাহারা উন্নতিলৈলের অনাানা শিথর ধরিয়া ভাহার উচ্চতম বিন্দুতে উঠিবার চেষ্টা করিতেছে, নামিয়া তাহাদিগের গতিরোধ করিবার প্রয়োজন কি ? ইঙালীর নবীন অভ্যাখানের প্রতি-কুলে তাঁহার দাঁড়াইবার প্রয়োজন কি ছিল ? উন্নতিলৈলের উচ্চতর শিথরে অন্য কোন জাভি উঠিতেপারে, সে ড তাঁহারই গৌরব, ভাহাতে ত তাঁহারই মুখ উচ্ছল; কারণ তিনি অতদুর উঠিয়া-চিলেন বলিয়াই আর একজাতি তাঁহা উচ্চতর উঠিল। আময়া ভোমান বড় ভাল বাসি, এই জন্য এ সংবাদে—ভোমার এ মীচভায়—ভোমার এ অবনতিতে—আমাদের হৃদয় ফাটিল।

১৮৩২ খৃষ্টাব্দের আগষ্ট আসে ইতালীর গবর্ণমেণ্টের সম্ভোর্য বিধানার্থ ফ্রান্সের মন্ত্রিসভা ম্যাট্সিনির প্রতি নির্বাসনদশু প্রযুক্ত করিলেন। ম্যাট্সিনি মার্সে-লিস্কে ভাছার কার্যাকেন্দ্র করিয়া-ছিলেন। লবা ইভালী সমাজেন্দ্র প্রতি পঞ্জানি তথার মৃত্রিত শু তথা হইতে জ্ঞান্তান রিভ হইভ, এবং ইতালীর সমন্ত নগর
ভারে গাঁথা ছিল; এই জন্য ম্যাট্সিনি
মার্সেলিস্ পরিত্যাগ করিতে মিওাল্ড জনিচ্ছুক হইলেন। ভিনি প্রতিজ্ঞা করিলেন
যে পার্যামাণে মন্ত্রিসভার জানেশ প্রতিপালন করা হইবে না, স্তরাং ভিনি
এরপ ভাবে লুকারিভ হইরা রহিলেন
যাহাতে লোকে মনে করে যে ভিনি
ক্রাজ পরিত্যাগ করিয়া পলায়ন করিয়া
ছেন।

সেই সময় বৈদেশিক নির্মাসিতগণ हे जानी ब व्यादन नकरन (Departments) প্রতিষ্ঠাপিত_হইতেন এবং জীবিকা নির্মা-ट्य क्या गवर्गस्मरणेत निक्छे **रहे**एक य९-কিঞ্চিৎ করিয়া বৃত্তি পণ্টতেন। বৃত্তিভোগী বলিয়া তাঁহাদিপকে কডকগুলি বিশেষ বিধির অধীন চইতে হইত। মাটি দিনি গ্র্থমেন্টের নিকট হুইভে এই বুভি नहेरजन सा, ऋकताः जिनि छाष्ट्रम विरम्ब বিধিয় অধীন ছিলেন না.৷ वह सना তিনি পুলিলেয় প্ৰথম পৰ্য্যবেক্ষণ হইতে দূরে অবস্থিত ছিলেম। তিনি সাধারণতা-खिकिपित्रत मुथ्यबन्दत्रम हिविछेन नामक পত্রিকার ১৮৩২ থ ২০ এ সেপ্টেমরের সংপার মন্ত্রিদলের বিরুদ্ধে নিজ নাম স্বাক্ষর করিয়া এইরূপ একথানি প্রেক্তিবাছ পতা প্রেচারিক করিলেন-

"বে লাজ্যে ব্যক্তিগত ছাথীনভার ও বিদেশবাদের প্রাক্তিক গ্রন্থলীয়া পর্ত্তি বিধি ও অভিকত্তর গতিত নিধিপ্রয়েশ বারা উরজ্বিত হয়; যে রাজ্যে অভিযোগ।
বিচার ও দোবনির্গর একই প্রভূশব্জি
হইতে প্রস্তুত হয় এবং আত্মদোবক্ষাল-থের কোন প্রকার সন্তাবনা প্রদত্ত হয়
না; যেখানে যথেচ্ছাচার ও অধীনতাত্মীকার ভিন্ন আর কিছুরই দৃষ্টাস্ত নয়নগোচর হঁর না;—সেন্তলে প্রত্যেক ব্যক্তিরই, যাহার মনে বিন্দুমাত্রও আত্মগৌরব
ক্রান আছে, •প্রকাশ্যে গ্রন্থেনিকেটর
কার্য্যের প্রতিবাদ করা কর্ত্র্য।

" এরপ প্রতিবাদের উদ্দেশ্য বুথা व्याचारमायकांमण ८५ है। नट्ट, व्यथवा वांहाता সেই অত্যাচারে প্রপীডিত ভাঁহাদিগের মনে সহাত্বভৃতি উদ্রিক্ত করার অভিলাষে नरह। रव প্রভুশক্তি আর্থ্যবলের অপব্যব-হার করিয়াছে তাহার ছণাম ছোষণা করা; যে রাজ্যে ভালুণ ল্যার্বিগৃহি ভ কার্ব্য অত্তিত হইয়াছে, তাহার অপরাধ नक्न এकी এकी क्रिया लाक्त्र नम्न-नमत्क शांत्रनं कता ; जान्म ध्यक्रमंकि त्य জনসাধারণের বিশ্বাস তাহাদিগকে যে অবমানিত ও পদদলিত করিয়াছে, ভাহার অসংখ্য প্রমাণের সহিত ক্ষার একটা প্রমাণের যোগ সাধন করার ঐকান্তিক আবশাকভার উপলব্ধি ভটতেট এক্রপ প্রতিবাদের উৎপত্তি।

" এই জন্যই স্থামি প্ৰাণ্ডিৰাদ্ধ করি-তেচি।

" ফরাশি মন্ত্রিস্তা আমার নিকট যে অফুক্তা পত্ত পাঠাইলাছেন, লেখিলাম সংবাদ-পত্ত সকলে তাহা, এবং যে সকল কারণ হইতে ভাদৃশ অনুজ্ঞা পত্র উদ্ভূত হইরাছে, ভাছাও প্রচারিত হইয়াছে।

" (प्रथिनाम श्वरप्रत्थेत উद्यादम्थितत्र ষডযন্তে লিপ্ত এবং পর ছ পাকা পত্রিকাদির প্রচার ছারা ইতালীয়দিগকে সেই লক্ষ্যে উচ্ছাপিত করার অপরাধ আমার প্রতি আরোপিত করা হইরাছে। ''আমার স্কন্ধে দ্বিতীয় অপরাধ এই সম্বাস্ত হইরাছে বে আমি-একজন কপদ্ধক-শুনা ও বন্ধবান্ধব-বিরহিতী মার্সেলিসের ष्यश्रायी दिश्लिक অধিবাসী—আমি পারিসের সাধারণতান্ত্রিক সভার সভা-দিগের সহিত চিটিপত্র 'লেখালিথি করি. **এবং मেन्छे मित्री क्रहेश्रोदात वीत्रशानत** সহিত গ্রণ্মেণ্টের বিক্লমে পত্ৰাপত্ৰ निशि।

" আমি প্রথম অভিযোগের দারিত্ব मखरक नहेर्छ निक्त वहें छी छ हरेव ना। यि मूजायद्वत माराट्या ऋत्मा चनतिरायी স্বরের প্রচার করার চেপ্তা বভযন্ত্ৰ रत, जारा रहेरण मुक्क कर्छ चौकांत कति-তেছি যে আমি বড়যন্ত্রী। দাসভ্বেইপ্রথে নিজা যাওয়া অপেক্ষা, দাসতের বিরুদ্ধে সমরে প্রাণ বিসর্জন করা সহস্রগুণে (अंदः—विश्वास वाक्शनरक धरे म्हारा अंदर्भ विश्वास वाक्शनरक धरे म्हारा अंदर्भ विश्वस्था वाक्शनरक धरे म्हारा अंदर्भ विश्वस्था वाक्शनरक धरे महारा अंदर्भ विश्वस्था वाक्ष्य वाक्ष वाक्ष वाक्ष वाक्ष्य वाक्ष्य वाक्ष वाक्य वाक्ष वाक উদীপিত করার উদাম যদি বড়যন্ত্র হয়, ভাষা হইলে আমি শতবার বড়যন্ত্রী। স্থির ও দৃঢ়ভাবে সেই সময়ের অপেকা করিয়া थाक, य नमरमम श्वविशा नहेरन अकृति व्यां । अ शक्ती वां जीव शवर्गरमणे तर द्यां-भन क्रिएक भावित्य-विम् श्वामनीय

লাত্গণকে এই মন্ত্রে দীক্ষিত করার প্রয়াস বড়বদ্ধ হয়, তাহা হইলে আমি সহস্রবায় বড়বন্ত্রী।

"মানব প্রাতার গৌরব রক্ষা ও উদ্ধার
সাধনের জন্য বড়যন্ত্র করা ব্যক্তিমাত্তেরই
কর্ত্তব্য। যে গবর্ণমেন্ট আপনাকে উদার
বলিয়া পরিচর দেন, তাঁহার তাদৃশ পবিত্র
চরিত্র ও কর্ত্তব্য-পরায়ণ ব্যক্তির প্রেভি
অপরাধীর ন্যার ব্যবহার করার কোনও
অধিচার নাই। নিভাস্ত যথেচ্ছাচারী
গবর্ণমেন্ট না হইলে আর এ মতের
অবমাননা করিবে না।

"দেখিলাম মন্ত্রিসভার কার্য্য-বিবরণে পুলিশ কর্ত্ত্ব অপহাত কতিপয় পঞা হইতে কয়েক পংক্তি উদ্ধৃত হইমাছে; উাহারা বলেন যে সেই পত্রপ্তলি আমি দেশের অভ্যন্তরিত কতিপয় বন্ধকে লিখিয়াছিলাম।

" মন্ত্রিসভা বলেন বৈ সেই সকল
পত্রে হই ও ৬ই জুনের অভ্যথান-বাপারের আভাস প্রাপ্ত হওয়া যার; তাহাতে

এরপ লিখিত আছে যে 'এই অভ্যথানে
ফরালী সাধারণতান্ত্রিক দলের কোন ও
ক্ষতি হয় নাই; ফরালি দেশহিতৈবিগণ
ভাঁহাদিগের পূর্বকৃত প্রতিজ্ঞাতি অফুরণ
প্রদেশ সকল হইতে পারিসে উপন্থিত
না হওয়াই এই অভ্যথানের পত্তনের
কারণ; আর একটী অভ্যথানের উপাদানসামগ্রী প্রস্তুত হইতেছে, ভাহাও অদ্রে

অফুটিত হইবে; এইরূপে চভূদ্দিক্ হইতে
লুই ফিলিপের সিংহাসনের অস্তর্ভেক

कता इहेबाएइ; धनः व्यनत्मत्व, क्रवामी সাধারণভাদ্রিক সভা হইতে ইডালীর देवश्रविकारिशव महकाविकात सना शाँठ ह्य सन में उद्यक्ति हहेर्द हेजामि।

" वहे हि छिलान दर्भाषा १ भा बिटम १ क्रतानि शवर्गमण्डे कि त्रश्वनि नित्न शुक्र ক্রিয়াছিলেন ? সে পত্রগুলির নকল কি অভিযুক্ত ব্যক্তির নিকট কখন প্রেরিত হইয়াছিণ ? আমার চরিত্রে, আমার कार्या, अवर आमात्र हिष्टिभरत कि शुर्क कथन अमन किছू पृष्टे इहेशांख, यांशांख পূৰ্বোক্ত চিটিগুলি আমা কৰ্তৃকই লিখিত इहेबाटक बारे व्यक्तावनात नमर्थन रहेट পারে १

" ना !-- (नरे हिंछि खिल इहेट ए সকল ভাগ উদ্বত করা হইয়াছে, তাহাতে সাডিনীয় পুলিশেরই মহিমা; মূল পত্ত-श्रीन जांशीनिरभन्ने हत्य तिशारह। यनानि মন্ত্রিসভা প্রেরিড পত্তাংশ হইতেই পংক্তি नकन छेक् छ कतिरछह्न; त्मरे भवाश्म ষে ম্বল পত্তের প্রকৃত অংশ তাহা তাঁহারা সার্ডিনীয় পুলিশের কথাতেই বিশাস कतिराज्या । किन्द्र जाशास्त्र कथा व বিশাসধোগ্য ভাহার প্রশাণ কি ? ফরাশি পুলিশ কি ফরালি গবর্ণমেণ্টের বিরুদ্ধে আমার বড়বছ করার কোন প্রমাণ পাই-मार्डिम ? क्यांनि श्रवीयत्ने विकृत्क বিপ্লব,খ্যাপন খা অভ্যুন্থান করার অপরাধে क्षन कि जामि कुछ या विश्व हरेग्राहि ?

" यथम अस्त जन्म जन्म जन्म कि

পার ভারলম্বন করি গ

" (कान विरमय 'अ निर्मिष्ठे , अखिरया-গের অসভাতা প্রমাণ করা সম্ভরপর। কিন্তু যে অভিযোগ অনির্দিষ্ট ও সাধারণ. এবং সমস্ত জীবনের চিস্তা ও কার্য্যের উপর সন্তান্ত, সে অভিযোগের অসভাতা প্রমাণ করা অসম্ভব। ষে অভিযোগের স্বাপক্ষ্যে কোন প্রকার প্রমাণ প্রদত্ত না इय, (म जिल्लाशित विकक्त जाजमपर्यन করা সম্ভব নতে।

" আমি চাহিয়াছিলাম যে মন্ত্রিসভার সমস্ত চিটিপত্র গুলি যেন আমার নিকট প্রেরিত হয়, কিছ আমার সে প্রার্থন। গ্রাহা হয় নাই°। স্করাং দে দকল অপ-রাধ অস্বীকার, করা ভিন্ন আমার আর উপায়াস্তর নাই, धरे छना ভাহাই করিলাম। আমার কোনও পত্তে মুক্তিভ গণ্ডি সকলের অন্তিম আমি मन्त्र्रां प्रश्नेकांत्र कतिनां ।।

. " > ना जानष्टे जामि मजिवतरक रव পত্র লিখি, ভাহাতেই সেই অসীকার वास्क थाटक। स्थामि मनीत्र भटक उक्ष छ भःकि नकरनत **अखिष मण्णूर्वता**भ अशे-কার করি; এবং সাহস করিরা বলিতেছি (व कतानि । गार्फिनीय श्रानि कथनरे ইহা প্রমাণ করিতে পারিবে না। আমি क वियात शवर्यस्ये कर्डक व्यक्तमसाम প্রার্থনা করি। আমি বিধি অমুসারে বিচার श्व मरश्य शार्थी इटेरछि ।

্ " কিন্তু মন্ত্ৰিবর আমার সে পত্র উত্তর-(कांग्र) बान कविष्यन ना । बार्मिनत्त्रव **अक्टिंग्ले—विनि जामात्क मन्त्रिवरतत्र अक्टा**- ন্তরের অপেকা, করিন্তে বলিয়াছিলেন—
আমাকে সহসা মার্দেলিস্ পরিত্যাগ
করিতে দিতীয় আদেশ প্রদান করিলেন;
আমি অগত্যা তাহাতে স্বীকৃত হইলাম।

" প্রক্লত ঘটনা যাহা ভাহা বলিলাম। " প্রভশক্তিসম্পন্ন ব্যক্তিগণ! একণে জিজাসা করি ভোমরা কি আশা কর ? ভোমাদিগের কণ্টাচারী পবিত্র সন্মি-লনের (Holy alliance) নিকট লজাকর অধীনতা স্বীকার করিয়া, আমরা কি चामरभंत थीं कर्तवा ज्ञाव ? खर्थवा ভোমাদিগের অপ্রান্ত নির্যাতনে হতাপ ও क्रांड क्रेबा, प्यञ्जानत्त्र छित्रा द्यांत्रता যে স্বাধীনভার বিশ্বাস ভঙ্গ ক্রিয়াছ. সেই পবিত্র স্বাধীনভার ভাব কি আমরা क्षमत्र इटेट्ड विस्त्रिक क्रिय ? (क्षांमत्रा कि मत्न कतिशोह (य, र्डायत्र) अकरन বে অবনতিব্ৰভ গ্ৰহণ করিয়াছ, ভোষা-नित्त्रत वर्षकाहाती कार्या-शत्रणत्रात्र (म **बर्फित्र डेम्हापन हरेरव ? अथवा ट्लाबरा** कि विश्वान कतिशाह त्व. त्य जामां मिरशंत মধ্যে প্রাভূত্ববন্ধন দিন দিন দৃঢ়ভর হই-टिंग्स, टिंग्से अपेर व्यामितिक मट्स मत्मा ७ व्यक्तियात्मत्र वीक वर्गम कतिहा भाषानित्रकं विक्ति । विश्वां कतितः १ অথবা যে ফাজ জগভে স্বাধীনতা স্থাপ্র-দ্বপ এত গ্ৰহণ কৰিবা আপনিই ভাহাতে ভল দিয়াছেন. বৈদেশিক স্বলাভিপ্ৰেমিক वास्क्रिगरणत व्यरुरत तमहे क्रांटमात्र वित्ररख **প্ৰভিষাত ভাব উদ্দীণিত করাই জি ভোৱা-**নিপ্রের অভিতান গ

" অথবা ভোমরা কি কখনা কাপুরু-यजात तमवर्की हरेशा अञ्चल कामा कर दर, संशंतिभक्त खामना विभएमांभरतन कृत्न व्यानवन कवित्रा विशासक जमब क्लिबा পলায়ন করিয়াছ-স্তরাং বাহারা ফালে বর্ত্তমান থাকিতে ভোষাদিগের পভীর অমুভাপ ও প্রথম আত্মানির মৃত্রমাত্র विवास नाहे---(महे आसामिश्रक कवानि-ভূমি হইতে বিদ্যাত করিয়া, ভোমাদিপের ললাটাঙ্কিত কলম্বেখা অপনীত করিবে ? दुर्था श्रवाम। (म कलक्र(द्रश्रा--- (म श्रवश्रवभ-कांनिया-चाहेनाचिक मांशदात बनतानि-তেও বিধৌত হইবার নহে। ভোমাদিগের রাজত্বের প্রতিদিনে, নির্মাসিতের প্রতি অভিসম্পাতে, প্রতি ক্রন্সরবে—সে কলম্বরেখা গভীরতর ও সে কালিনা পাচ-खन्न इंटेटल्ट्ड ।

"কর তোমরা! কর যতপার! ভোমরা
আমাদিগের নিকট হইতে প্রির খাবীনতা, ততোধিক প্রিরতর জন্মত্বি, এবং
জীবিকা নির্কালেগবোগী কপর্ককপর্যান্তও
কাভিয়া লইরাছ; একপে আমানিগের
নিকট হতৈে আর কি লইবে? প্রাকৃতিক
অভলাতের মধ্যে একমাত্র বাক্শন্তির
আবীনতা আছে, ইচ্ছা হয় ভাষাও হবপ
কর; গান্তবহ ইতালীক্ষেত্র হইতে গান্ত
আমিরা আমাদিগের নাপারকে, বোধাইতেতে, বিধ পার ভাষাও হরণ কর; আর
নির্কাশিত ইতালীকের ওক্ষমাত্র মান্তনা—
স্কল্য স্থনীল স্থাগ্যন্তের ক্ষমতাত্র মান্তনা
স্কল্য স্থনীল স্থাগ্যন্তের ক্ষমতাত্র স্থান্ত্র

इंजानी (मथा गाँटेरजाइ—विन हेक्स क्ष खाकां पिगारक সে সান্তনা হইভেও আবার বলি, কর তোমরা वक भाव। ध्वःरमञ्ज शर्थ खबमाननात्र পথে-এই রূপে দিন দিল অগ্রসর হও। ভোমরা বে বিকট নরাব্ছার জনসাধা-वर्णत जबरक ट्रांबांनिर्गव নীচতা ও প্রভারণা অবভারিত করিতেছ, জানিও ভাহা জনসাধারণের মঙ্গল অমুকুলেই। ভোমাদিগের আত্মকার্য্য দারাই প্রতিপদ্ম করিতেছ ধে রাজগণের মঙ্গলের সহিত জনসাধারণের মঙ্গলের সামঞ্জস্য অসম্ভব. ইহা সেই পবিত্র সভ্যেরই অমুক্লে।

" কিন্তু যথন জেমাদিগের পাপ পরি-मांच चूर्न इहेटव, यथन कनमांधात्रत्व বিজয়ভেরী স্বাধীনভার রাজ্য উদেবাবিত कतित्व, यथन कांका এक वांदका ट्यांबानि-গকে জিজ্ঞাসা করিবে—এডদিন ভোমা-দিগের হ'ডে যে প্রভুশক্তি সন্মন্ত ছিল, ভোষ্মরা ভাহার কি ব্যবহার করিলে ?-ভখনই ভোমাদিগের আর ক্রংখের পরিদামা थाकिटर मा-जानित उथन बाका थीजा ল কলেই ভোষাদিগ্রকে পরিত্যাগ করিবে। " (अवदा ভোষাদিগের ক্রতবিধাস निक्रभात भाक्ष्मितक चलक्कांको बाब-পুন্দের প্রভারণাজালে আবদ ক্রিয়াছ। ভোৰমা তাহায় বভাৰে অপন্যালয় যোৱা क्षेत्र व विक्रांड । ट्यायस विसंस्वीन অস্থিলমের পরিক্তিয় পরে কন্টক ক্রোপন

করিয়াছ। ভোমরা পৈৰিজ্ঞ সন্ধিলনের?
করাল কবলে জনসাধারণের স্বাধীনতা
রন্ধ নিক্ষেপ করিরাছ। বিপত জ্লাইএর
অভ্যান—স্বাধীনতা পক্ষপাতী ব্যক্তিদিগের অস্তবে যে পবিজ্ঞ বাভ্তাব উদ্দীপিত
করিয়াছল, ভোমরা তাহার গতি প্রতিহত
করিয়াছ; মাছবের মনকে ভোমরা
বিবাক্ত করিয়া তুলিরাছ; সাধুদিগেরও
ভদরকে তোমরা অবিধাস-তিমিরে আচ্চর
করিয়াছ।

" কিন্তু যথন ভোমা দিগের কৃট রাজনীতি ও বিখাসখাতক রচনাবলীর বলিগণ
কন্ধালাবশিষ্ট "ভূতগণের ন্যার ভোমাদিগের নিকট আংসিয়া আশ্রম ভিক্লা করে,
তথন ভোমরা ভাহাদিগের প্রভি ভীষণ
অত্যাতার করিয়া ভাহাদিগকে দেশবহিক্ষ ত করিয়া দাও; তথন ভোমরা আভিথ্য
ও দারিজ্যের অলজ্যা সম্ব ভোমাদিগের
বিধিপ্রান্থ হুইভে একবারে উঠাইয়া
দাও।

"কিন্ত ভোমরা যাহাই করনাকেন কিছুতেই আমাদিগের মনকে বিচলিত করিতে
পারিবে না। আমরা ভাবী বিপ্লবের
ক্তিপর অঞ্চল্ড, সংখ্যার স্বশ্পমাত্র,
দারিত্রা ও বিপৎপরম্পরার পবিত্রবন্ধনে
মুদুসম্বন্ধ—আমরা যে দিন হইতে উৎপীক্ষিতাদিগের উদ্ধার নাধনত্রতে ক্রীবন উৎসর্গ
করিতে প্রতিক্ষণ ক্রীরাহি, সেই দিনই
কীবনের সমন্ত স্থান্ত সমন্ত আনক্রিকা
ক্রীরাহি। ক্রানিস্টকারী বিপ্রক্ষের
ক্রোক্রতি প্রচারাহি। ক্রানিস্টকারী বিপ্রক্ষের
ক্রেক্ত ও প্রচার ক্রেক্তিকার ক্রমন্ত

কলুষত ছইবার নতে। যে দল জনসাধারণের অভ্যতি না লইয়া সহত্তে রাজ্যের
শাসনভার গ্রহণ করিয়াছেন, সে দলের
সহিত জনসাধারণের কোনও সহামুভূতি
ছইতে পারে না। আমরা জনসাধারণের
সহিত সমান কট পাইতেছি, সুতরাং
জনসাধারণের সহিত আমাদিগের পূর্ণ
সহামুভূতি। আম্রা সেই জনসাধারণের

সহিত মিলিত হইরা আমাদিগের দল
পরিপুট করিব এবং বাহাতে যথেচ্ছাচারিণী প্রভূশক্তি ভাহার ছায়। ও স্পর্ণ
করিতে না পারে, ভবিষরে সবিশেব যদ্ধবান হইব। এমন দিন অবশ্যই আসিবে
বে দিনে সকলেরই কাষ্য কলাপ ন্যারের
ত্বন্ধ ভূলাদেও পরিমাপিত হইবে।

टकारमक् गार्हिमिब "

জাতীয়তা।

ষামুষের জাতীয়তা ভাবোৎপত্তির ছুইটি মাত্র প্রকার ভেদ দেখা যায়। একটি. বিভিন্ন স্থানের স্থানীয় বাহ্যশক্তির বৈচিত্র প্রভাবে মানব-শরীরও প্রকৃতির যে ৰিভিন্ন ৰিচিত্ৰ ভাব—তাহা হইতে গণ্য; অপরটি মানবের ব্যবহারিক কার্য্য সম্পা-मन भोकर्यार्थ (य विक्रित्र मः यांश वा একতা সম্বন্ধ—তাহা হইতে গণ্য হইয়া थांक । আমরা প্রথমোক্ত কারণটিকে 'প্রাক্তত্ব' ও শেষোক্ত কারণটিকে 'বাবহা-রিক' সংজ্ঞা প্রদান করিলাম। ভাতীয়তা উৎপত্তির এই চুইটি প্রাক্তিক ও ব্যবহা-विक कांब्राणत अञ्चल वहविध সমবারী कांत्र(व विक्रिक । 'आकृष्ठिक कांत्रव, वानीय भीष, बीय, छर्सत्र, ष्यपूर्वत्र, रेनन--পিক পুলোর প্রাচুর্য্য, গ্লান্তর্য্য, বিরলম্ব লবুৰ প্ৰাকৃতিৰ ভাৰতহৰ্য বিচলিত হইয়া

थाटक । देशांदमत्र विविध देविहत्त्वत्र जात्रसाः ধীন মানবের শারীর ও মানসিক প্রক্লতির যে বিভিন্ন ভাব ভাহা হইতে মানব এক धकि का जिल्लाभ गगा। এডদমুসারে ককেসিয়, মোঙ্গলিয়, ইথিয়োপিও প্রভৃতি তিন হইতে এগার পর্যান্ত জাতিবিশেষ-পণ্ডিত বিশেষের মতে গণ্য হইয়া থাকে। কিছ এই সকল জাতি গণনা কেবল মাজ चान विष्यं निवारम मान्द्वम भन्नीत, गर्जन ও বর্ণের প্রভেনামুদারে গণ্য ছইয়া আসিতেছে, স্থানীয় নৈস্গিক শক্তি ও দৃশ্যের প্রভাবে মানসিক প্রকৃতির প্রভে-माञ्चनाद्य काण्डि भगना व्यमग्रांनि श्वन्तत्र किषुरे मां जात्र मारे। कारा नीकारेल र्मछ जामना नम् शृथिवीत मानवम्थ-मीरक, भन्नीत, शर्कन । वर्णन विकिन्ना পরিত্যাপ করিয়া, প্রধানতঃ ডিন জাভি

পৃথিবীর যে বলিয়া উল্লেখ করিভাম। বে স্থলে দীতের অভাধিকা বা গ্রীমের ष्यक्रांदिका, এবং ভূমি ष्रशूर्वकां, रेनम-র্গিক দৃশ্য বৈচিত্র্য-বিহীন, এবস্থিধ স্থান-निवानी मानववुन्त थांब्रहे नर्खबहे नम-প্রস্কৃতি। তাহারা দরিক্র এবং দরিক্র হেতৃক নিষ্ঠ রাচারী; হিংসা ছেষাদির বশ-বর্ত্তী; প্রবঞ্চনা, শঠতা এবং বিশ্বাস-षाङ्कडा अञ्डि यावनीय अरेनिडिक কার্য্যের দাস। উদরাল্লের সংস্থান হেতুক শীকারাদি হঃসাহসিক কার্যো সতত ব্যাপ্ত থাকার ভাহারা, পরিশ্রমী, কষ্টসহিষ্ণু. এবং নৈদর্গিক भवन ७ भारतिकः শোভার বৈচিত্র্য অভাবে, তাহাদের কলনা व वृद्धिमिकि क्विविशीन। এবম্বিধ স্থানীয় জাতিরাই বর্মীর সংজ্ঞা প্রাপ্ত হটয়া রহিরাছে। যত কাল না ইহাদের অপর কোন সভা জাতির সহিত সংমিশ্রের ততদিন যাবৎ উহারা প্রার একই ভাবাপর शांक । आभि এই श्रुत वक्न मारकरवत्र यसूर्यातिक मरलत बाल्य लहेनाम। আফ ব্লিকার মধ্য ও দক্ষিণ বিভাগের মানব সমূহ; মধ্য আসিয়ায় ভিবৰত, डांडाब, श्रकृडि चत्नक रैन्यवांनी मानव সমূহ; কেন্দ্র-সন্নিহিত তীব্র শীত স্থলের যাবভীর মানব, এইরূপ প্রাকৃতির। স্থভরাং ইহাদিগকে সমগ্র মানবমগুলীর উন্নতি বা **জীর হিসাবে ধরিতে গেলে সর্ব্ধ** নিয় रमाभारमञ्ज ट्यमी वो बाजि विमन्ना छहन्न করিতে পারা বার। এই ভোপীর মান-ध्यक्ष भीरखांखारभत्र नमखा, जृत्रित हर्स-

রতা ও নৈসগিক শোভা এই তিন প্রকার স্ববিধার কোন প্রকারেরই প্রাচুর্য্য উপ্-ভোগ করিতে পারে না। **ভিতীয় শে**ণীর জাতি বা মানব-মণ্ডলী উক্ত ব্রিবিধ সৌকর্যোর আংশিক বা কোনটির পূর্ণ কোনটির অপূর্ণভাব: মাত্র উপভোগ করিয়া থাকেন। তাঁহাদের আত্ম-চেষ্টার উরতি সেই পরিমাণ স্থাংশিক মাত্র হইয়া অবস্থিতি করে শেপরে অপরদিকের কোন প্রকার উন্নতি বা সৌভাগ্যের দৃষ্টাস্ত পাইবা মাত্র অমনি হর্দমা অধ্যবসারে আषा-व्यवशा-जिम्नजित श्रीक मकन वााचा-তের বিরুদ্ধে দিঙায়মান হন। কারণ ইহা-**मित्र आः निक् भोजारगात आश्वामस्य** পূৰ্ণ সৌভাপ্যের লালসা অতীৰ বলবভী **इहेबा উঠে। उधन**ुमामाना উर्त्तत ज्ञित প্রতি উর্বরতা শক্তি বৃদ্ধির ধাহাকিছু উপায় অবলম্বিত হয়, তাহাতেও অভিলম্বিত সৌভাগ্য আয়ত্ত না হটুলে দূরগত দেশে ৰাণিজ্যের আয়োজন্মী বিভিন্ন প্রকার नित्त्रत (ठष्टी, दिनीय कन कृत्व ७ स्नृना তরুলতায় রচিত মনোহর উল্পান সকল নিশ্বিত হইতে থাকে। তথন বুদ্ধি তত্বামুসন্ধায়ী ও মন কলনা-পূর্ণ হইতে थारक।

ইউরোপের অধিকাংশ, দেশবানীরাই প্রায় এটরপ অবস্থার, অন্তর্গত।। ইইা-দেরই আন্ধ কাল নব অভাখান, নব ট্রউৎ-সাহে ইইারা জ্ঞান ও সৌভাগ্যকে আয়ত করিয়াছেন। কিন্ধু ইইাদের মধ্যে প্রকৃতি-গত বিভিন্নতা বিশ্বর। বে দেশবাসী-

দিগের সৌভাগ্য অধিকাংশ বাণিজ্যের | তথন সৌভাগ্যের অমুগামী যে সকল মহৎ উপর নির্ভর করিতেছে, তাঁহাদের প্রকৃতি वानिकाकार्याहिक-मूर्य वानाविक-शृन, चारुत्त (मायग-भागमात कृष्टेकान, कृषय সংক্রীর্ণ,বদান্যতা-কষ্টকর, মৃত্ ও নিস্তেজ, वृक्षमा (नाভर्ड्ड नाञ्चना-मश्क्रि—कर्छात्र-অধ্যবসায়শালী। এরপ প্রকৃতির মানব नर्वक श्राद्याक, नर्वक कार्यााकारतत श्वान नाट्य भद्दे, এবং কার্য্যোদ্ধারের নিমিত্ত লাচতা ও লাঘৰ স্বীকারেও অস-ছুচিত। এরপ ছাতির স্থার দৃষ্টান্ত-ञ्चन देहनी। देश्त्राम প্রভৃতির দাস देहनी জাতি পৃথিবীর জার সকল স্থলেই প্রবেশ कत्रियाद्य, এवः अक्कार्ल देशाय प्रतिस वक् कतिशा, हेडेरब्राभरक सन-मृद्धाल তাহাদের কিরূপ ঘূণিত দৃষ্টিতে পতিত হই-ইংরাজ প্রকৃতির কথা আমরা व्यक्षिक किछूरे विलय ना, छाराता अधन-লালসায় প্রায় পৃথিবীর বছতর দেশে প্রবেশ করিয়াছেন, ভারতবর্ষ আগমনের নৃতনপথ আবিষারের নিমিত্ত তাঁহাদের कर्छात अधावनाम, ভातकवर्ष হওয়ার পর যে সকল উপায়দ্বারা তাঁহারা वरुखत त्राक्षमत्रवादत व्यादम ७ व्याप छात्र-তের একাধিপতা লাভ করেন, তাহার विस्तार्व कार्याकनात्मत्र अश्म याहा कि हू ইতিহাসে প্রকাশ আছে তাহাতেই তাঁহা-দিগের প্রকৃতিগত গুণের পরিচয় সকলেট व्याश इहेट भारतन। যাহা হউক. এক্নপ প্রকৃতির মানবেরা একবার প্রভৃত সৌভাগ্যের অধিপত্তি হইয়া পড়িলে.

গুণ উহা ও কিয়ৎপরিমাণে তাঁছাদিগকে আশ্র করিতে থাকে। হইলে ও তাঁহাদিগের প্রকৃতিগত দেযের আধিকা অপনোদন হয় না। य मकल (मगवांनी लात्कता वानित्कात নির্ভর না করিয়া ক্রবির প্রাবদ্যে সৌভাগা আয়ত্ত ক্রিয়াছেন তাঁহাদের প্রকৃতি উহা হইতে সম্পূর্ণ বিভিন্ন। ক্ষেত্রের কর্ষণে স্বদেশের প্রতি আস্থা. শস্যের পালনে এবং নিতা তাহা-দের বর্দ্ধিষ্ণু শোভা সন্দর্শনে স্বেহ মমতা প্রভৃতি হৃদ্বুত্তি সকলের প্রশন্তি এবং গৃহের আহারীয় **সামগ্রীর** অভিথি-পরায়ণ বদানাভার আবিভাৰ छै। हारमत अनदम रहेम। थारक। জাতির দৃষ্টাস্ত স্থল—ইউরোপে ফরানী, অর্মন প্রভৃতিরা এবং আমেরিকায় উহার व्यक्षिकाः म नवाधिवात्रीशन। व्याद्मविकाव মেক্সিকো প্রভৃতি প্রাচীন সভা অধি-বাসীগণের প্রকৃতির কথা আমরা বিশেষ কিছুই বলিতে পারি না. যেহেতু ইউরো-পীরগণের সহিত উহাঁদের প্রথম সাক্ষা-তের পর হইতেই উইাদের অবস্থার পরি-বর্ত্তন ঘটিতে আরম্ভ হইয়াছে এবং ক্রমে त्नरे **अवसात हत्रम नीह**ात्र मांखारेबाटा। তবে মানব-প্রকৃতির উপর স্থানীয় শক্তির প্রাছ্রভাব দেখাইতে হইলে আমরা ইহা मिथारेट भारत (य, य जिप्नवानीमित्रव প্রকৃতি বিটন ক্ষেত্রে একরপ, উহা আমেরিকার ক্ষেত্রে পরিচালিত ছইয়া

বিভিন্ন মৃত্তি ধারণ করিয়াছে। ব্রিটন সকল বিষয়ের বাছলা আলোচনা আমা छाङार्मित व्यक्षिक्व तम् मम्स्वित मामकः | तम्र व वाक्षार्यत्र व्यास्त्रमित्र नरह। শৃঙ্খল ক্রমে দৃঢ় ও দৃঢ়তর করিতে নিয়ত यञ्चवान, ख्याकात अधिवामीनिरगत त्मोर्या, । कृष्ठीत्र शनवीत विषय आत्नाहना कतिव। वीर्या, विविध-विषयक शाधीन প্রবৃত্তি ও মনুষাত্বের চিহু বাহ। কিছু লোপ করিয়া তাহাদিগকে নিজ্জীব কাষ্ঠপুত্রলিকার ন্যায় নিজের ইচ্ছার ক্রীড়া-পদার্থ করিয়া- ' বৈচিত্র্য উপভোগ করিতেছেন। কোট মহাপ্রদেশের कां नित्छक निक्की व मानव नमृहत्क इक्मांत्र धृति-व्यवन्त्रिक तमिश्रा भागात्नत . স্থদুশো পরিতৃথি লাভ করিকেচেন। ওঃ ! এরপ জাতির ব্যাপক নিষ্ঠু-তা ও ক্রের প্রবৃত্তির আয়তন কে পরিমাণ বা অহভব করিতে সমর্থ গু ঘোর বর্কর জাতির নিষ্ঠ্রতা ইহার তুলনায় অকিঞিৎ-कत्र वा कि इटे नत्र। आवात्र (मथ, (मटे ব্রিটন প্রকৃতি আমেরিকার ক্ষেত্রে প্রতি-ষ্ঠাপিত হটয়া, মাতৃভূমির হাত হঁইতে নিজের স্বাধীনতা উদ্ধার করিয়া এক্ষণে জগৎস্থ যাবতীয় দাস জাতির হংথে হঃথী। रेट्राॅंटिय बाडासतीन कार्याकनान नर्याः-লোচনা করিলেও উদারতা ও মহত্ত্বর প্রশন্ত দৃষ্টান্ত পাওয়া যায়। সর্বপ্রকার মত-বিভিন্নতা এথানে অবিধেষে কার্যো। তাহার কারণ আছে। সে কারণ, আমরা পরিচালিত হইতেছে, ইহা উদারতার ৷ যে কারণের কথা কহিতেছি ভাহারই মহৎ পরিচয়। আবার যে কোনজাতীয়, অন্য রূপ মাত্র। অবস্থার পরিবর্ত্তনে প্রপীড়িত ব্যক্তি উহাঁদের আঞ্রিত হইলে 'ঐ সকল স্থতগ মানব-মগুলীর পূর্বদেশা উহাঁরা তাহার সহিত আত্ম-সৌভাগ্য ও অন্তর্হিত হইয়াছে। আবাস ভূমির জাতীয়তায় সমভোগী হইতে প্রস্তুত, ইহা পরিবর্ত্তন না হইলেও উক্ত আবাস স্থলেই

আমরা একণে প্রাক্তিক জাতীয়ভার এই পদবীর মানবমগুলী, বাঁহারা পূর্ব্বোক্ত শীত গ্রীয়ের সামঞ্জদা, ভূমির উর্বরত্ব ও নৈসর্গিক শোভার প্রাচ্ধ্য ও श्रान्य मानव क्रमुरब्रहे श्राथरम व्यामर्भक्षरन्त বীজ সমস্ত অঙ্কুরিত হয়, এবং তাহারই বৰ্দ্ধিত বৃক্ষের শাখা প্রশাখা বর্ত্তমান পৃথিবীর সর্বত্র বিদাসান। গ্রীয়ের তেকে গ্রাহাদের অন্তঃকরণ সঙ্গু-চিত বা খ্রিমাণ নয়, কিন্তু উহার স্থমন্দ বহিম্কি ও কৃৰ্ভি-বিশিষ্ট, ভাবে মন প্রয়েজনীয় বস্তর প্রাচুর্যোর সহিত মন সৌব্দর্য্যের বিচিত্র উদার ও মহৎ, विकादन मन कण्णना-भूर्व उ स्रथी ; এমন ক্ষেত্রের মানব-প্রক্কৃতি স্বাভাবিক উন্নতির উপধোগিতা আর কি আকাজ্ঞা করিতে পারে । ইহার দৃষ্টাম্ভ স্থল প্রাচীন ভারত, প্রাচীন গ্রীস ও প্রাচীন ইভালী প্রভৃতি। কিছু এই সকল স্থানীয় মানব প্রকৃতির দে দশা আর নাই; নাই উইানিলের মহত্ত্বের মহৎ দৃষ্টাস্ত। এই । তাঁছাদিগকে অসমপ্রাক্ততি বৈদেশিক

উৎপীডন করিতে বাক্তিগণের সহা इडेग्ना इन । अवः कारन दमहे देवस्मिक भक्ति छांशास्त्र अम्रहेत (न डा इहेल, তাঁহাদের স্বকায় স্বাভাবিক স্রোত নিবৃত্ত চটয়া তাঁহাবা অপর নৃতন স্থোতের ভাসমান জঞ্জাল হটয়া পড়িলেন। সেই দিন হটতে ভাঁছাদের জাতীয়তা গেল; নব জাতীয় মানব উাঁহাদের প্রতিষ্ঠিত ছটল, তাঁহারা তথন হইজে সেই নিজ ক্ষেত্ৰেই অপর প্রকৃতির পরিবর্দ্ধনের গলিত অসার ভূমি-সার ২ইতে চলিলেন। সৌভাগ্য-ক্রমে গ্রীদ ও ইতালী, উপযুক্ত সময়ে আপনাব সর্ক্রনাশী অবস্থা বুঝিতে পারিয়া তাহা হইতে মুক্তি লাভেব দৃঢ় ব্রত করিয়া কালে ইটারা ক্তকাৰ্যা হট্যাছেন। আবার আপন লাঘব পুর্ণ শীঘ্রট উংকুই অবস্থা প্রাপ্ত হইবেন। ভাবতের অদুষ্টে কি আছে কে বলিতে পারে ৭ শতাকার উপর শতাকী চলিয়া-গেল, তব ভারতের সেই একই দশা। ভারত এখন এমন নিক্নষ্ট অবস্থায় আসিয়া পডিয়াছে, যে ভারতের আর ছদর নাই। যে ভারতের উচ্চুসিত হৃদয় একদিন উদ্বেশ তবঙ্গায়িত সাগরের ন্যায় প্রতীয়-মান হইত, আজি উহা মক্তৃমি! ভারতের হৃদয় নাট বলিয়াই ভারত আত্ম- অব্ভার উদ্ধার করিতে পারিকেছে না। যাহার হৃদয় নাই ভাহার শক্তি নাই, তাহার সাহস नाहे। इत्युव् मक्ति अं, नाहन ; याहाता বলেন ক্রমিক নিষ্ঠুরাচারে সাহস বৃদ্ধি

হয়, তাঁহারা ইহার বিশেষ তত্ত্ব অনুধাবন करत्रन ना, निर्ध त्राठाती वर्त्तत्र वाङ्गि आधा-विश्रा नर्यमा श्रम, এই श्रमां छाडा-দিগের সাহস: যে মাত্র তাহাদিগকে তাহা-দের বিপদের ভাব অমুভব করাইতে পারা যায়, সেই মাত্রই তাহাদের সর্বাগাহস অন্তর্হিত হইয়া, ছোর ভীক্ষভায় ললাট আচ্ছন হইয়া উঠে। বিশিষ্ট ব্যক্তি আপনার বিপদ জানিয়াও আত্মত্যাগ করিতে সক্ষম; মাতা পুত্রের विश्रम् (मथिता जनस जनस कांश मिर्ड পারেন, ছরারোহ পর্বত-শৃঙ্গে আরোহণ করিতে পারেন। অতএব স্থান্-বিশিষ্ট ব্যক্তির তুল্য প্রকৃত সাহদী ও শক্তিবান কেহই নাই। তাই আমরা বলিতেছি ভারতে হৃদয় নাই, সেই হেতু ভারতের শক্তিও সাহস নাই। ভারত নিজ সমগ্ৰ বংশের বিনাশ **সমুপ**স্থিত দেখিয়া আত্ম-নাশের ভয়ে কাতর ও কম্পিত: সবংশের প্রতি মাতৃত্বেহ কই? ভারত ক্রমে পিশাচী-মূর্ত্তি নির্ম্মন-হাদয় চলিছেছে। হইতে ভারতের অবস্থা-পরিবর্তন যাঁহারা ইচ্ছা করেন, তাঁহারা কেবল ভারতের হান্য স্থাগরুক করণের চেষ্টা করুন, তাহা হইলে জ্বস্ত অনলও তাহার প্রতিবন্ধক हरेए भावित्व ना। धरे कार्या (करन ভারতের কবিকুলের হত্তেই নাস্ত রহি-রাছে। ভারতে মুসলমান পর ক্ষণ হইডেই তাহার প্রাচীন জাতীয়-ভাব লোপ হয়; কিন্তু মুদলমানেরা ক্রমে

ভারতে অধিবাস করিলে, এবং জেত বিজেত্ভাৰ ভ্ৰিক্স গিয়া ভারতবাসীগণের সহিত সমস্বৰে ভারত উপভোগে মিযুক্ত इटेटल (महे जिन इटेटड हिन्दू मूमनमान লইয়া ভারতে এক নব জাতীয়তার উৎ-পত্তি হয়। আভাস্তরীণ বছবিধ গোলযোগ লোপ পাইয়া কালে এই ফাডায়ভার ঐাইদ্ধি হইবার উপক্রম হইতেছিল, এমন সময়ে **ইউরোপীর শক্তি ইহার উপরে পতিত,** इटेन ' धर: हेशंत चान्छित (नडा इंडेन, সতরাং সে জাতীয়তার ও লয় ইইরা গেল। हेश्त्रां क्रिता अक्षितां नाहन, স্তরাং ভাঁহাদের শইরা অপর নৃতর্ন কাতীয়তার 'স্ত্রপাত সম্ভবপর নহে। ভবে ভাঁহারা আমানদর কাতীরভার স্বাভা-বিক বৰ্দ্ধনের ভোত গুলির প্রতি যদি প্রতিবন্ধক না হয়েন; এবং নিস্কার্থপর र्देश क्रां यह श्वासामिश्य व्यक्त्र একটি বিশিষ্ট জাতীয় ডাৰ-প্ৰদানাৰ্থ ইহা হইতে অপস্ত হন, তাহা হইলে তাঁহায়া জগতে অতুলা কীৰ্ত্তিলাভ কৰিতে পারিবেন এবং চিত্তকাল আমাদিগকে মুভজতা পাশে বন্ধ করিয়া রীধিছে পারি-বেন। 'অমিরা 'মূল 'शिखांदের ' भाषा অবলম্বনে বছদুর আসিরা পড়িয়াছি ৷

আমরা যে এই ত্রিবিধ প্রাকৃতিক জাতীয়তার কথা বলিলাম হরত ইহার তাৎপর্যা আভ কেহই জহুবাবন করিবেন না, কিছু আমাদিগের নিশুদ্ধ বোধ হয় যে বর্তমান কালে যত প্রকার জাতীরভার জারণ বর্তমান আছে, রম্ভ লোল হইরা একমাত্র এই প্রাক্কৃতিক কারণে লয়
পাইবে, এবং ত্রিবিধ প্রাক্কৃতিক কারণও
এক কারণে পরিণত হইবে। আমরা ইহার
আভাদ প্রস্তাবের উপসংহাব কালে কিয়ৎপরিমাণে প্রকাশ করিব। আপাততঃ
আমরা ব্যবহারিক কারণের বিষয় কিছু
বলিতেতি।

ष्यामन्ना शृद्धं विवाधि, कार्या-माधन-লৌকার্য্যার্থে মাতুষের সহিত মাকুষের বে বিভিন্ন সংযোগ বা একতা ভাছাই: ব্যব-হারিক জাতীয়তার কারণ। ইহার আভান্তরীণ কারণ, প্রতিবাগিত, ভাষা. ধর্ম প্রভৃতি। প্রতিবাসীর প্রতি প্রতি-ৰাসীর আতুগত্য ও আলাপ পরিচয়ে এক প্রকার সহাত্ত্তি ও বিশাস জন্মে, এই महाकुछि ও विशाम वरण मर्काश्रकात মহৎকার্যা-সাধন মিমিন্ত প্রতিবাসীরা পদ্ স্পার মুতদুর পারে স্থায়ী সংযোগ বা একতান্তরে বদ হয়, ভাহাই ব্যবহারিক কাজীয়তা। সহামুভূতি ও বিখাসই এই লাভীয়তার ভিত্তি। এক ভাষা, এক ধর্ম্ম এক মত, বা এক বংশ প্রভৃতি বিবিধ কারণে এই সহামুভূতি ও বিখাস উৎপত্তি হুইতে পারে। আমরা বলিয়াছি প্রয়োন জন সাধন নিমিন্তই এই একতা বাং লাজী-म्डा। এই প্রয়োজন কুদ্র ও বৃহৎ যত প্রকারের কেন হউক না, ভাছারা প্রধা-নতঃ হুই প্রস্কৃতির বা সংবর্জন ও সংবৃক্ষণ ; এই সংবর্দ্ধন ও সংরক্ষণ কার্য্য পরিচালন করিতে গেলে শব্দি ও বলের সৃষ্টি চাই । चुखताः मक्ति क्रानाहे वहे सावशक्तिक,

জাতীয়ভার অন্তি-মজ্জা। আমি দেখি। জাতীয়তার অধিকার বৃদ্ধি হইতে চলিল। লাম, আমরা পরিচিত্ত একস্থলবাসী যাবদীয় মাতুষ, অথবা এক ভাষা-বাব-হারী, এক ধর্মবা মতাবলম্বী ঘাবলীয় **সামুষ যে ভূমি থণ্ড উপভোগ করিভেছি.** উহা আমাদিগের পোষণের অধিক ভূমি সংস্থীৰ্ণ, উহা অপেক্ষা খণ্ড আম্বত করিতে পারিলে আমার এবং তৎসঞ্চে আমি বাহাদের সহিত সহায়ভূতি করি সকলের সৌভাগা বৃদ্ধি চইতে পারে, আমরা সকলে মিলিত হটয়া এমন একটি मंख्रि तहना कतिलाम, यादारा आमता আকাজ্জিত ভূমি খণ্ডের অধিবাদীগণকে দ্রীভূত করিয়া উহা অধিকার করিতে शादि। चामता मःवर्द्धन श्राद्धांकरनत खंधीन हरेशा खांडीयुडांत सृष्टि कविनाम । অপরদিকে যাহারা আক্রান্ত **इ**हेर् তাহারা ভাহাদের বিরুদ্ধে এই সমবেত মহংশক্তির উদম দেখিয়া এক অবস্থার যাবদীয় মানব যাহারা বিবিধ কারণে পরস্পরের প্রতি সহামুভূতি বা বিশ্বাদ করে একত্রে সন্মিলিভ হইয়া উক্ত আক্র-मनकारी महर्मकित वादा मिछन छेन-ষোপী অপর একটি মহংশক্তির স্ষ্টি ক্রিল। ইহারা সংবক্ষণ প্রয়োজনের অধীন হুইয়া জাতীয়তার সৃষ্টি করিল। धरेक्रभ मःवर्षन ও সংরক্ষণ প্রবৃত্তি हहेए इ यावणीय कृष्ठ व वृहद बाजीयजा बा बाटकात रुष्टि हरेगा थाटक। अकडन মামুবের সৌভাগ্য বৃদ্ধি ও রক্ষা জ্ঞান হইতে বছতর যাসুষের সোভাগা বৃদ্ধি ও রক্ষা

সাধারণ লোকে যে এক ভাষা-ব্যবহারী বা একধর্মাবলম্বী ব্যক্তিগণকে এক জাতি विषया वृद्धिया शास्त्रम, मिष्ठि मण्लुर्ग ভষাত্মক। ভাষা, ধর্ম বা মভ একাকী কথন জাতি সৃষ্টি করিতে পারে না: এবং তাহাদের অভ্যস্তরে জাতীয়তা স্মষ্টির (कान वीक्ष नाहै। তবে সংবর্জন ও সংরক্ষণ প্রবৃত্তির বীঞ্জ ছইতে জাতীরতা অঙ্কুরিত হটলে, ভাষা ধর্মাত প্রভাতি ইহারা ভাহার প্রসরণের ক্লেত্র হটয়া দাঁডার মাতা। मत्न कर. **মুসা বা মহম্মদ মানবজাতির পরিত্রাণ** নিমিত্ত কোন ধর্মমত আবিষ্কার করি-লেন, কডকগুলি লোকের তাহাই নাায়-সঙ্গত বা সভা বলিয়া প্রভার হটল : কিন্ত এই প্ৰভাৱে একতা বা জাতীয়তা সৃষ্টির कांत्र कि चार्ड ? श्रीकांत्र हरेन जानते. আমি ভদমুসারে কার্য্য করিতে লাগিলাম। কিন্তু ভাছা হইতে পারে না; সংসারের বর্তমান ব্দবস্থায় এখনও তাহা হইতে পারে না। বর্ত্তবান বানব সহাজে এখনও হিংসা বেষ ও সঙ্কীৰ্ণতা প্ৰবল। আমি ধে মত বহন কৃরি তোমার হয়ত তাহার প্রতি অতিশর স্থণা, এবং ভূষি যে মত বহন কর, আমার হয়ত ভাহার প্রতি বিষম বিধেষ, এমত স্থাল ক্রমে শব্দতার व्यानको इहेट निक यक मध्त्रक्र ७ मध्य र्कन कना वन श्रष्टित व्याताकन एवं, धरः जारा रहेट अक्डा अवर छेट अक्डा नर्वाधकारत शांती क्रम धात्रव कतिरमरे ফাতীরতা সমুৎপন্ন হইল। এথানে দেখা যাইতেছে, যে স্বরং ধর্ম তবে ফাতীরতা স্পষ্ট করিতে সক্ষম নহে; ধর্মই বল, সার ভাষাই বল, ইহাদের অভাস্তরে কাতীরতা স্প্রির বীজ নাই, কোথার উহার বীজ তাহা আমরা বলিয়াছি।

करण अभूधावत्म (मुथा वाहेरकरक कहे ব্যবহারিক জাতীয়তা মানব প্রকৃতির'চুইটি বিকৃত্ব ভাব হটতে সমুৎপল্ল হইয়া থাকে ৷ একটি সধ্য সংবর্জন অপরটি বৈর সমুৎপাদন। এক দিকে জাতীয়তায় কতকগুলি মানব-সাধারণ স্বার্থে সম্বন্ধ হইয়া এক একটি মানব বহুতর মানবের সহিত সহামুভূতি ও প্রণয় পরিচালন ও অভ্যাস করিতে চলিল। व्यथत मिटक व्यवनिष्ठ श्रुविवीवात्री मानव-গণের সহিত পৃথক । বিধেষ ভাব রক্ষা कतिएक मानिन। धानत्र ७ विषय धरे উভয়ই বাপিক সীমায় ধাবিত হটল। যে পরিমাণে বৃহিন্ধ ব্যক্তিনকলের সৃহিত বিষেষ গাচতর, সেই পরিমাণে জাতীয় সীমার আভ্যস্তরীণ ব্যক্তিগণের সহিত প্রণয় ও সহাত্মভৃতি। বহিন্ত বিৰেষ টুটিলেই विषक अ मिथिन इटेट थाटक।. वदः জাতীয়ভাবন্ধনও শিধিল হইয়া যায়। কিন্ত বর্তমান যুগের স্থানভা মানব মণ্ড-नोत मध्य विकास कात्र वावजीत काजीत-ভার লোপ করিয়া পুথিবীস্থ বাবতীয় भानवरक नहेंबा धक्रि कार्कि बहुना कब्र-**ে** । এবং ভাৰ ভাৰ উদিত হইতেছে। এবং थरे উদ্দেশ্যকে लका क्रिया मिरे कार्या ্মযোগা রূপে আরম্ভ হউক বা না ভউক

কিন্তু প্রকারাস্তরে উহার অস্কুর মানব সমাজে প্রকাশ পাইয়াছে। উন্নতিশীল মানবসমাজ সকলে আককাল হিষ্ণুতা ও সামাভাব দেখা দিয়াছে, কালে এই ছুই ভাব সংসারে হইতে থাকিবে, ততই ইহ'দের সন্মুখে বৰ্তমান জাতীয়ভাৰ জাতীয়তা হটতে পাকিবে। সকলের এত প্রকারভেদ কেবল বৈষম্য ও বিষেষ হেতৃক। ভাষাগত অবস্থাগত, বিবিধ প্রকার বৈধমোর সহিত মত-সহিষ্ণু হারভাব না থাকায় বোর বিদেষ বৰ্ত্তমান। क्रिश्च आक्रकान मानद्वत्र পৃথিবীস্থ সর্বাস্থলে গতিবিধি হওরার স্বিধা হওয়ায় বহুমিপ্রনে ভাষাগত বৈষম্যের অনেক পরিহার পাইয়া আনি-তেছে। মানব বহুতর ভাষা বুঝিতে ও विवाद्यः निष्याद्याहरू अवः भूत्रापर्नात मन উদার হওয়ায় মতগত বা ধর্মগত বৈষম্যে আর বিষেষ উৎপাদন করিতেছে না। অপরদিকে বিভিন্ন জাতির সহিত সহবাস-ঞ্চনিত তাহাদের সহিত স্হাত্তৃতি ও প্রণয় পরিবর্দ্ধন হইতে চলায় প্রভাক বিশ্ব-নাগরিক **इ**डेट्ड মানব ক্রম চलिल। काल এই क्रिश कार्यीय वह-পৃথিবীর পরিচালনে সমস্ত মণ্ডলী একস্বার্থে সমদ্ধ একজাতি হওয়ার बाहेटलट्रह। সূত্রপাত (मथा मिटक मानदित वह्यिले यमि विस्मिष প্রবল হইয়া উঠে এবং সামোর প্রভাবে ष्यद्यात वित्वय दृष्टिया यात्र, তाहा इंडेल

कारण वर्ष अवर भनीत शर्रात्व जांत्रज्यां ভূলিয়া গিয়া মানুষ মানুষের সহিত সাধা-রণো মিলিত হটয়া যে সম্ভান উৎপল্প করিবে, ভাহাদের মধ্যে বর্ণ গঠনের ভার-কালে ভাং চুর হইয়া এক হইতে পারে, আরো বিভিন্ন স্থানে অধিবাদের নিমিত্ত স্থানীয় শক্তির প্রভাবে যে বর্ণ গঠনের ভারতমা উৎপন্ন হইয়া ণাকে, কালে মামুৰ যথন জ্ঞান প্ৰভাবে স্থানীয় শক্তিব প্রভাব সকল, কৌশল প্রভাবে দমন করিতে শক্ত হইবে. তথন সমস্ত পৃথিবী এক রূপ উর্বাবা, এক রূপ विठिख रेनमर्गिक मोन्मर्या भित्रभूर्व ७ একইরাপ শীতোষ্ট্রণ ব প্রল হইয়া উঠিবে ! তথন আর বর্ণ গঠনের এবং উহার সহিত মানসিক প্রকৃতিব তারতমা কিছুই থাকি-বেনা, তথন জগতকু মামুষের ভাব, মামুষ একটি মাতুষ দেখিলেই বুঝিতে পারিবে, ইহাই জাতীয়তার মনসিজ পরিণাম। একণে আমরা বর্তমান জাতীয়ভাব मध्यक वाजानीयात (य (य कूनः कात আছে এবং জাতীয়তাগঠন সম্বন্ধে তাঁহারা যে সকল ভ্রমাত্মক মত অমুধাবন করিতে-एक, आं**यां एत अल अलादित य**क नहेंग्रों আমরা তাহার বিষয় কিছু আলোচনা করিব।

প্রস্তাবের উপসংহারে, আমরা যে জন-সাধারণকে লইরা এক জাতি রচনার মহতী করনার কথা বলিলাম, দেখা যাউক আশু সেই উদ্দেশ্য লক্ষ্য করিবার অধিকার ভারতবাসীদিগের আছে কি না

अधु जीवन्वानी पिराव कन. तारे जिल्ला ও লক্ষ্যের অধিকার পৃথিবীস্থ কোন দাস জাতিরই নাই। বাহারা আত্ম-অবস্থা উদ্ধারে নিজ্জীব, তাহাদের জগতের অব-স্থাব প্রতি ইওক্ষেপের বাদনা অসক্ত। माम कां जिल्लीय। यमि छाँशांश खींयन ধারণ করিতে পারেন তবে ভাঁহাদিগকে व्यार्थ मार्माकिक প्रथम त्माभारन भागित-কেপ করিয়া উত্থান ট্রকরিতে হইবে। ভাঁহাদিগকে আগে সংবৰ্দ্ধন ও সংরক্ষণ अर्ভात्तत अञ्चली हरेगा वावशिक জাতীয়তাই সার লক্ষ্য করিতে হইবে। এবং যখন ভাঁহারা একবার এই অবস্থাগত ক্লতকার্যাতা লাভ করিতে পারিবেন তথ্ন তাঁহারা সর্ব জাতীয়তার লোপাত্তে এক বিশ্বজ্ঞনীন জাতীয়তার অনুপ্র স্কুলর দুশ্য দেখিতে পাইবেন। তথন তাঁহাদের তাহা লক্ষ্য করা সঙ্গুত হইতে পারিবে; সাধীন ব্যক্তির ছাদয়ই উচ্চাভিলাবের যোগা।

এখন তবৈ ভারতবাসীদিগের অবস্থা
কি; এই অবস্থায় তাঁহারা সংবর্জন ও
সংরক্ষণ প্রের্ভির অর্সরণে জাতীর্কভার
কৃষ্টি করিজে 'পারেন কি না। প্রাচীন
ভারতে প্রাক্ষণ ক্ষত্রিয় বৈশ্য শুদ্দ লইয়া
" আর্য্য " নামধেয় যে বিশ্বভর জাতীয়
মৃতি বিরাক করিতেছিল, ধাহার গুরুভার
পৃথিবীর প্রায় সর্কালে উপলব্ধি হইত, সেই
ভগবংম্তি বধন বাহা বিপৎ ও অভাব
পরাক্ষর করিয়া রুম্ভাব পরিহার পূর্কক
প্রাক্ষর করিয়া রুম্ভাব পরিহার পূর্কক

मध ছिल्न, यदमज्ञी नियान त्रहे जमत्य कीशांक बन्ध करत, अवर भत्रासत्र करत। ভিত্ত যবন তাঁহার জীবন নাশ করিতে আদে নাই, তাঁহার শোভন মৃর্তিতে মৃগ্ধ হইয়া তাঁহার আছে স্থান পাইবার নিমিত আসিয়াছিল। এবং তাহা পাইয়া তাঁহার সহিত অঙ্গে অঙ্গ মিশাইয়া এক শরীর হটবার বাসনা করিয়াছিল, এবং সেই দিন হইতে প্রকাণ্ড আর্ঘ্য শরীরে মুসল মানরপী অপর এক অঙ্গ সংলগ্ন হটল। পূর্ণের যেমন আর্যোরা শুদ্র জাতিকে পরা-জয় করিয়া নিজ শরীরের একাক করিয়া. লইয়াছিলেন এখন তেমনি পরাজিত হুইয়া মুদলমানকে অপরাজ করিয়া লইতে ইইল। ক্রমে এই অকের সহিত বছবিধ শিরায় রক্ত সঞ্চার আর্ম্ভ হইতেছিল মাত্র. এমন সময় সাগর পার হইতে নানা লাভি খেত মূর্ত্তি আদিয়া ভারত উপ-क्रम अवजीर्व इक्रमन । क्रेंग्रामत मक-লের তখন, ভিষক বেদিয়ামূর্ত্তি। ঝুলি कांश प्राप्त, मागदक्रल, ननीकृरल, शर्ब পথে, দ্বারে দ্বারে "বাত ভাল করে, সোঁত ভাল করে," মুখে এই রব। ভারত তথন এখার্যা দেবার কিঞ্চিৎ রসীবাতগ্রস্ত হই-য়াছিলেন। বেদিয়ারা গিয়া ছারে দরবার করিল, আমরা আপনার রোগের কথা শুনিয়া সাত সমুদ্র পার হইরা আসিয়াছি। আমাদের আর কোন অভিপ্রায় নাই. কেবল আপনার রোগ শাস্তি করিয়া আপ-নার অমুগ্রহের পাত্র হই, এবং আপনার চরণ প্রান্তে এক একটু স্থল পাইয়া.

করিয়া কর্মিয়া থাই। আপনার সন্ধিত্বলগুলিতে চুঙ্গি বসাইয়া আপনার আধিকা রস মাত্র শোষণ করিব এবং আমাদের যে ঝ,লিব সম্বল এই ছাই ভকা দেখিতেছেন, ইহার আশ্চর্য্য গুণ, ইয়া আপনাকে দেবন করাইয়া শীঘ্র আপনার महीदत्त्व করিব। ভারত যেন অবহেলায় ঈষং হাসিয়া বেদিয়ার চিকৎসায় রাজি হটল। রাজি হইবামাতা বেদিয়াদলস্কল মধ্যে হলুমুল পড়িয়া গেল: কোন বলে, আমরা বকে চুলি বসাইব, অপর দলও তাহারি প্রাণী; দলে দলে তখন কাটাকাটি করিয়া মরিতে লাগিল। কালে অপরাপর দল বিবাদে পরাস্ত হটয়া নগত विमार्य अस्माम श्राप्तम कविता हेश्वा-ক্লের তথন একা প্রভুষ। ইংরাজ কালে এক একটি করিয়া ভারতের শিরায় শিরায় . इक्षि वताहेदलन, श्राथतमें व्याधिका तत শোষণকালে ভারতের আরাম বোধ হইমা-हिल, किन्छ . এथन क्रांत्र कीयनीत्भाष्त्र আরম্ভ হইয়াছে; এখন ভারত ক্রমে তর্কল व्यवनत मृभूर्व ; कीवनवकाव निमित्र हीए-কার করিতেছেন। জীবনীর অভাবে আঞ্চ বাঙ্গালা, কাল বোম্বাই, পর্ণ্য মাদরাজ ছাহাকার করিতেছে, ইংরাজ সাহস দিয়া কহিতেছেন ভয় নাই শীঘ্ৰই আৱাম করিতেছি; সন্ধিস্থল সকলে অস্ত্র করিতে হটবে: ইংরাজ সন্ধিতে সকল চ্ছেদ করি-ভারত এক্ষণে উত্থানশক্তি-য়াছেন। রহিত। ভারত এক্ষণে শ্মশানের শব,

किस है शास्त्र चाकि अ वह नामारनत **मव इहेर्डि छत्र चूर्ट नार्टे।** তিনি श्वित्रशास्त्रच मञ्जीवनी यस वरण নাকি मदल भूनस्तात बीविज इत्र। এই निमिख তিনি প্রত্যেক অঙ্গকেই অনিমেষে লক্ষ্য করিতেছেন, কখন কোন অঙ্গে তাপ হয়, কখন উহাতে স্পন্দন হয়। কিন্তু এই ভয় ইংরাম্বের অকারণ। ভারত জাতীয় জীবনে যদি কথন জাগ্রত হইয়া উঠেন. তবে তিনি ইংরাজের প্রতি সদত রুতজ্ঞই থাকিবেন, এইীন অবস্থাতেও বাস্তবিকই তিনি ইংরাজ হুইতে বছবিধ উপকার প্রাপ্ত হইয়াছেন। ভারতের সম্পত্তি যতই কেন শোষিত হউক না উহার ভূমি যদি বজার থাকে, তবে উহা इंडेएड करबक वर्षा े शूर्क ममुक्ति (नश मिट्य, व्यार्थाकाणिय श्रीमश्च यनि कश्चानाय-(अब (महत्क चाल्य कतिया शेरक, उत्व উহা স্বাধীন হইয়া আর একবার মৃক্ত इहेरन अनि विनासि शूर्स वन अ कृषि ধারণ করিয়া বসিবে। জামরা এ সকল ক্ষতিকে কভি বিবেচনা করি না. কিন্ত ইংরাজ কর্ত্তক আমরা বে উনীপ শতাব্দির পাশ্চাতা উন্নতির অংশভাগী হইয়াছি উহা আমাদিগের অমূল্য র্ডু। ইংরাঞ্চ স্হ-বাতিরেকে व्यामामिरशत के तक আচরণে শতাবি অতিবাহিত বন্ত হইয়া বাইত। এখন বোধ হয় দকলে ব্ৰিয়াছেন, ভারতের বর্তমান मना এথন বোধ হয় কোন্ অধ্যায়ে ভারতের সঞ্জীবনীমন্ত্ৰ আছে ভাহাও সকলে লক্ষ্য

করিতে পারিয়াছেন। এখন ভারতকে
ভাতীর জীবন প্রদান করিতে হইলে কোন্
অধ্যায় খুলিতে হইবে ? আমাদের
বাহা সিদ্ধান্ত ভাহা এই—

আষরা বলি মানব তত্ত্ব হইতে এমনি একটি বীজমন্ত বাছিয়া লওয়া চাই, যাহার উচ্চারণ মাত্রেই চৌম্বকী ক্রীয়ার ন্যায় সমস্ত ভারতের ধাতুকে একরে আরুষ্ট ও व्यावक कतिरव। व्यत्मदक वर्त्वन, धर्म्माधार वाভित्रिक अनाधाता এই वीक्रमञ्ज नाहे. কিন্তু সেইটী ভ্রম। সত্য, ধর্মাশ্রমেই এক দিন ভারতের জাতীয় জীবন অবস্থান কবিয়াছিল, কিন্তু মুদলমানদিগের এখানে আগমন ও অধিবাসের পর হইতেই, জাতীয়তা ধর্মাশ্রয় ছাড়িয়াছেন; সেই দিন হইতেই হিন্দুধর্ম ও ভারতবর্ষের मुननमानधर्म हेहलाकिक कार्याकाविकात বঞ্চিত হইয়া পারলোকিক বিষয় চিন্তা করিতেছেন। ভারতক্ষেত্রে হিন্দু ও মুস লমানের এমন সংমিশ্রণে অধিবাস, যে ভাঁহাদের মধ্যে জাভীয় জীবস্ত বিদেষ (ব্ৰন ও কাফর) জ্ঞান জাগক্ষক থাকিলে উভিন্ন কুলেবই নাশ। সেই জ্ঞান এক-রূপ জাগরুক থাকিতেই পারে না। সক-(नत्रे श्राह्माक्षात नम्का क्रेया यात्र ; हिन् শুসলমানে সহামুকৃতি ও প্রণয় বাতি-রেকে ভারতের সামান্য প্রয়োজনও **সংসাধিত হইতে পারে না, এই নিমিত্ত** लायाकरम नाथा इटेबारे विषय मय भारे-शारक, यनि এই বিষেষ পুনৰ্কার জাগরিত হয় তবে ভারতের প্রতিপদী পর্যন্ত ছিন

ভিন্ন হট্যা যাইবে। এই নিমিত্ত আমরা বলি, যাঁহারা স্বার্থ বা প্রয়োজন ধ্বংসকারী ধর্মবিদ্বেষ পুনর্কার প্রবল করিতে চান, ঠাঁচারা আমাদের মতে ভারতবাদীদিগের পরম শক্ত। এক অবস্থায় ধর্মকে আশ্রর করিয়া সাধিত হইয়াছিল, च्यभत्र व्यवसात्र (महे धर्मा श्रासान्त्र क्षः म कतिएक शादा। मूनलभारनता धर्म-विष्व বলে ভারতাধিকার-প্রয়োজন সাধন করি-লেন. এবং যথন দেখিলেন এখন ধর্ম-विषय शासाबन-ध्वः मकती ৽ইতেছে, অমনি উহা পরিত্যাগ করিয়া সাঞ্জমসো मत्नानित्वमं कतित्वन । यांकाता अत्या-• क्रम नाधरम উপস্থिত-বৃদ্ধি-भूना, जाहा-बारे मूर्थ, थाठीन मःश्वादवव मात्र । थाठीन हिम्नुगर्गत এह वृद्धि खिलिम श्रवन हिन। এই নিমিত্ত ভারতের অবস্থা প্রায় পঞ্চ-বিংশ শতাব্দি যাবৎ পূর্ণ সমুদ্ধিতে বিরাজ করিয়াছিল। উপস্থিত প্রয়োজন সাধনে ধর্ম, নীতি, ও সংস্কার পরিবর্ত্তনে তাঁহারা কেমন পটু, তাহা তাঁহাদের পুরাবৃত্ত अञ्चलीलात विरामय छेनलाक रग्न। वश्म বৃদ্ধির প্রয়োজন আছে, অমনি, স্ত্রীলোক যে কোন অবস্থায় কেন সম্ভান উৎপন্ন করুন না তিনি ও তাঁহার পুত্র সামাজিক मर्याना रातारेत्व मा, देशत मृही स महा-ভারতের কালেও দেখ। महिन विवास माधात्रण खोर्याक्रन ध्वःम रहेरछर, अवनि किन्द्रा करब दोक्टक चार्यनाटमम् अकृष्टि कावकात स्था जान मित्रा हिन्दू ७ (वोक्रथत्यंत्र छाव नमक्षमा कृतिका

এখন আমাদের সেই প্রয়ো-জনসাধিনী উপস্থিত বৃদ্ধির বিশেষ আব-শ্যক; এই সময় নৃতন জাতীয় জীবন প্রদানের সময় আগত, এখন ঘাঁহারা এই কার্যোর নেতা হইতে ইচ্ছা করেন ভাহা-দের সর্বপ্রকার অন্ধ সংস্থার বিবন্ধিত ত হুইয়া উপস্থিত সূত্র সকল ধারণে স্নসন্ধানী হওয়া চাই। আমরা দেখাইলাম ধর্মসূত্র বাঁহারা ধরিতেছেন, ভাঁহার। কেমন ভাস্ত। এখন আমাদের সাম্প্রদায়িক বিভিন্ন সংস্কার সকল বত শিথিল হয় তত্ত্ত ভাল। যাঁহারা এই সাম্প্রদায়িকত। প্রস্কলিত করিতে উদাত, অুথবা ইহার উপর নৃতন সাম্প্রদায়িকতা সৃষ্টি করিতে উদাত. তাঁহারা ছিন্ন ভিন্ন ভারতকে উচ্ছিন্ন দিবার পথ ধরিতেছেন। ইইতে পারে তাঁহাদের অভিপ্রায় ভাল, কিন্তু উাহাদের কার্য্যের कन, कामारमत क्षांशाकरम मन्म मांडाह-তেছে। ভাঁহাদের মধ্যে কেহ হয়ত মনে করিতেছেন, হিন্দু ধর্ম্মের ধূলি মৃষ্টি লইয়া, মন্ত্রপুত করিয়া তাহাতে ফুংকার দিব, অমনি তাহা হইতে সেই শোভনশীল প্রাচীন हिन्दु সৌভাগ্য জাগিয়া উঠিবে। অপর কেহই হয়ত এমন মনে করিভেছেন এই যে নুতন মত সৃষ্টি করিতেছি ইহার জ্যোতির আলোকে সমস্ত ভারত অন্ধকার छाछिया देशांत्र चा भारत मिलिल हरेरव, किन्ह मक्न कार्याहे व्यवका विर्भाष कल श्रमव ক্রিয়া থাকে। আঞ্চলাল ভারভের যে অবস্থা ভাহাতে ইহা কিছুতেই স্থফল উৎপন্ন করা দুরে থাকুক, ইহা কুফল উৎপন্ন করিবে।

এক্ষণে তবে ভারতের পক্ষে কি উপায় অবল্ধিত হইতে পারে ? ভারতের এখন মূলমন্ত্র 'মতুষাত্ব' 'এবং ''ভারতের গৌরব " এই ছই বাকো। এই ছুই বাকো সমস্ত ভারতবাসীর সহাত্ত্তি আছে। এই চুই বাকোর আঘাতে সমস্ত ভারত-वामीत समा कष्टि हरेटा। এবং 'মুদলমান যুগে, এই তুই বিষয়ে ভারত'পৃথিবীর শ্রেষ্ঠ চিলেন। আজকাল व्याभारतत देशहे नाहे। देशद ममू९भ-ত্তির নিমিত্ত আমরা সমস্ত ভারত একতা इहेत, এবং याश किছू हेशा श्राज्यां जिल्ला আমরা উহার রক্ষার নিমিত্ত সমস্ত ভারত তাহার অপনোদনে প্রাণপণ করিব। এই-রাপে সংবর্দ্ধন ও সংরক্ষণ প্রবৃত্তির অমু-সরণে আমরা পুনবর্গি নৃতন জीवन প্রাপ্ত হইব। সর্ব্ধ প্রকার বৈষ-ম্যের ধ্বংস করিয়া তাহা ইইতে এই নৃতন জাতীয় মূর্ত্তি সমুখান করাইব। এই নিষিত্ত নিতা নৃতন রায়বাহাত্র মহারাজার সৃষ্টি দেখিয়া নব্য ভারত আহলাদিত হইবে না, এই নিমিত্ত গুইকু-মারের পতন দেখিয়া নব্য ভারত কাতর হইবে না। নব্য ভারতের ইচ্ছা, ভারত চুৰ্ণ বিচুৰ্ণিত হইয়া এক অবস্থাগত হউক। কি ধর্ম কি রাজনৈতিক কি সামাজিক কি আচারব্যবহারিক ভারতের যাবদীয় শৃश्रम प्रोकृष इडेक, देश इहेल ভারত অবস্থাগত স্বাধীনতা প্রাপ্ত হইবে, সর্বাপ্রকার অবস্থার বন্ধন অপনীত হইলে ভারতর মুক্ত অস্তর তথন সাগরকং

উহার উপরে ভাগিতে থাকিবে তথন তাহার উচ্ছাস, তাহার তরক সকল বিপত্তিকে হেলায় লয় করিতে সমর্থ হইবে। এইরপ না **इ**हेटन ভারতের সম্পূর্ণ আমূল সংস্থার সমাধান হইবে না। আমাদের এই উদ্ধত কথার তাৎপর্যা যিনি না বুঝেন, তিনি প্রাচীন শ্যায় স্থাথ নিদ্রা যাউন, নৃতন ভারত তাঁহার নিদ্রার ব্যাঘাত कतिरव ना। তাঁহারা এখন আবার মুলিত শিরে শিখা, নাকে তিলক, উলগ গাত্রে, চটির চটকে আমাদের সম্মুধে ভাতীয়তা দেথাইতে আস্থন, আমরা ভাঁহাদিগকে নমস্কার করিয়া প্রাচীন ভারতের পারলৌকিক পথ দেখাইয়া দিব।

এখন আবার পূর্ব্ব কথা। ইংরাজ বলিয়া থাকেন, আমাদের উন্নতির সকল পথে তাঁহারা সহায় হইবেন, কোন পথের वाशिक इंदेरिन नां, এवः आंग्रामिश्रक যে যে বিভাগে উপযুক্ত দেখিবেন সেই সেই বিভাগের কর্তৃত্ব তৎক্ষণাৎ প্রদান করিবেন। কিন্তু ইংরাজ পূর্বে তাহার স্চনা করিয়া এখন তাহা হইতে বিরত হইতেছেন। ইংরাজ দেশীয় উচ্চ বিচার কার্য্য সকল আমাদের হস্তে না পতিত হয় তাহার পথে কতই প্রতিবন্ধকতা স্থাপন স্পষ্টাক্ষরে করিতেছেন। সে বলিয়াছেন দেশীয়দিগের হস্তেরাকাতন্ত্র-বিষয়ক গুরুতর বিষয় কিছুই অপিতি হইবে না, এইত হইল আমাদিপের রাজ্য পরিচালন বিষয়ক দক্ষতা প্রাপ্তির পথ-

त्त्राथ। विजीय**ङ, आ**भानिरगत गार्शन-কতাও বৰ্নৈপুণা শিক্ষার নিমিত্ত গে ভলণ্টিয়ার লওনের ব্যবস্থা আছে তদমুসারে এ পর্যান্ত কেন আমাদিগকে त्मरे कार्या नश्ता हरेटक मा. अतिकस আমাদের অনা অস্ত্রশঙ্ক বাবছারের পক্ষে **धक्यांनि दृश्य छुत्रिकां अग्रह मर्ना**तत অধিকার নাই। ইহাতে ইংরাজ আমা-দের সাহসিকভার পথ জোধ কবিয়া क्लिक्टिक । * अश्वन - आव. धक्तिक আমাদিগের সাহিত্যের স্বাধীন ক্র্তিঃ পথ ছাড়িয়া দিতেছেন না । স্বভরাং এখন আমরা দেখিতেছি ইংরাজ আরা-দিগের জাতীর জীবন প্রাপ্তির ব্যাখা ডক है तो क स्थामारमत शृहकी क कथा शिना প্রভাকের প্রতি এক একটির ওল্পন দেখা-ইয়া থাকেন। _ জাঁহারা কছেন, বে আল কাল রাজ্যতন্ত্র বিষয় এমন রূপ ধারণ क्तिटक द्य, काहाटक काहाता (मंगीम मिट्रांत रहेन्द्र तांटबात श्रंक्षण्य-विवृत्र मुक्त সমপিতি করিতে পারেন না। আভাস্তরীণ অর্থ কি তাহা তাঁহারা আমা-निशरक थ्लिया वृदाहेबा रमन ना, धवः ইহার অভ্যন্তরে কোন সৎ অভিপ্রার থাকি-

লেও যতক্ৰ প্ৰাস্ত আমাদিগের নিকট উহা গোপন থাকিবে ততক্ষণ আম্বা তাহার বিরুদ্ধ ভাব গ্রহণ করিতেই বাগা। এইরপে অপর সকল বিষয়েরও অপরি-ষ্ঠার ওক্সর দেখাইয়া থাকেন। আালদের সমস্ত ভারত মিশিয়া গ্রণ্মে-कित निक्र थहे मकरनत प्रशास शाहे-বার প্রার্থনা করাব প্রয়োজন হইয়াছে। মনে কর না গবর্গমেণ্ট আমাদিগের কথায কর্ণাত করিলেন না, আমরা তাহা হইলে কাঁচা ছেলের নাায় ফ্রিয়মাণ মুখে ফিরির। আ'সিব না, উপযুক্ত সম্ভানের নাায় বিজ্ঞা ক্ষরিব, এবং আমরা যে এখন আর অবহেলার পাত্ত-নহি এরপ त्यांगाजा तम्थारेन, जांशी शरेतन गवर्गम-ণ্টকে বাধ্য হটয়াই আমাদিগের কথার কর্ণপাত করিতে হইবে। যোগ্যতার অন্থরূপ कल्वर थात्र कताहे এখন আমাদিগের কর্ত্তবা চুট্রাচে এবং মেই ফলের পরি-চালনোপযোগী শক্তি তাহাতে সমাবেশ করাই কর্ত্তব্য হইয়াছে. তাহা হইলে গ্রব্মেণ্ট আর আমাদিগ্রে অপগগু শিশুর ন্যায় অবহেলা করিবেন না। **बीवामहस्य मूर्याशाया।**

द्रमायन-मृभागवनी।

রাধিকার শয়ন-মন্দির।

সময় অপরাহু।

রাধিকা একাকিনী;—গবাকের উপর
শরীরের ভার বিন্যস্ত কবিয়া 'চিস্তার
নিম্মা।

রাধিকা-জহ কি সুন্দর স্থ্র পশ্চিমে চঞ্চল তরল শত হ্বম শেপর ধবল কাঞ্নসম রঞ্জিত সহস্র রাগে !--রাজিত শেধরে মোহন তপন-রাজ !---कित्री ि वहेमन अपून অমরনাথ মোহন মন্তকে !--व्यथवा है। मिमा थर्ख दाक्षिक रेवनन শিখি পুচ্ছে চূড়ারমে ভার!— —রাধানাথ চূড়ায়মে !—এ মোহন নাম-(রাধা-মনমোহন)-- मिन হम ভার ! এনামে অস্তরে হম নিত নিত ভার (রাধানাথ নামে আহা)—লপ্ৰ নীরবে ! প্রতিধানি স্থির ভব !--- বা ধানবি তুই !---श्वनहे कि नाज धनि नजि त्राकृतन রাধা কি কলক বিনা ? দে কলকে জ্ব লো মধুর প্রতিধ্বনি ! কি ফল ফলব ?-স্মধুর কহি ভোর ওলো প্রতিধান-স্থুমধুরই বট ভোম রাধা কি প্রবণে ! कारन कारन कह यनि कह छटन स्थात्र নতুবা নীরব ভাল—হব বিপরীত !— ष्यनर्थ चंदेव हांग्र सांगव यहांशि ध्यति !-- महत्व मूर्य शांव शांकृत (व ! नरह पूरत ननिनी जिक्नी कि रहन-

তিলে গঠনত তাল ভূপে মহীধন !
কঁদলে আনন্দ তার নারদ ডবার
নিখাসে লকত জন্ম আকাশ-কুফুম !
,গাব এ কলত গীতি কত বদন মে
এক বদন মে হম নামি কহইতে !——
(ক্ষণকাল চিন্তা)

किन व कन कैरिए १-कन करेमत एक इव नाथरन (मात्र श्रद्ध है धरन १ मधरे जनमि किया छात्र (म एमान डेउंडेटव हमाहम १---हा त्याप्त कशाम !--काँट् कमिकी बाधा १---(बायुथी-निःम्छ পবিভ कारूवी याति मनुष बहान च्यूत्रांत कृष्ण्या !---वद्गा वित जिल পরিবর পাদে পাপ পর পুরুখনে---(भन्ने बर्ड नरह त्यांत) नरह निक लार्य ! বাঁধয়ল পিতা ফোর---নহি বাঁধা হম।-त्म वाँध ब्रष्टिव कारह-मागव-माधिजी बरूव कि श्रावाहिबी वहा शस्त्रदा ? কুক্ষগত প্রাণ মোর—কৃষ্ণ পরে ক্রম क्रक शांत्न त्रको एम जनम व्यवधि ! ক্বফ-প্রতিমূর্ত্তি মোর প্রতি লোমকূপে অসার সংসার ছেরি ক্লফণদ বিনা !---ভবে कनश्चिमी कारह १-वहि कनश्चिमी কলম্বিভ ছোম সেই হুর্মার নিয়ম यात्र अक्ट्रबाट्य भाभ--माथा कनकिनी ! পাৰ্থিৰ মা ছোৱ প্ৰেম স্বৰ্গীয় বিষ্ণল !

সে প্রেম সাধনে কাঁহে কলন্ধ ভেরব!

মূর-পূরী-প্রবাহিনী মন্দাকিনী সম

চির পৃত প্রেম তার নীর পরশিরা
ভেরব কি কলন্ধিনী ?-হা মোর কপাল!—

(ক্ষণকাল নিত্তর ও ক্ষণে ক্ষণে দীর্ঘ নিখাস;—সমুখন্ত বক্লকুঞ্জে জীকুফের প্রবেশ।)

প্রীক্ষণ।—(স্বগত)—

হিরা মোর তিরপত ভেরও

নরন উনমলি স্বরগ নিরথও!

কিবা প্যামল অলকা যুগলমঞ্জরী

লোলত মধুরিমে অনিল হিলোলে!
আ!—ভেরতু যদি হম মলর অনিল
(ভার জনম সফল!)—

চিরবাস মলর যুগল মুন্দর

নিচোল মাঝারে থেলতু রে!
অতুরাজ আগুমে আগুমনী ভার
গারতু সুধু হম ছকুল মাঝারে!—

বসস্ত-রূপিনী রাই—
নন্দন কানন মন্দার মই!
ঋতুরাজে সাধই—(সাধন না লাগে—
সেত নাহি ভাজত নন্দন বাসরে!)
মলয় নিবাস মোর মলয় তুতয়াজি
কদাচ গিয়তু হম বিদেশ বিহারে!—
রাধিকা—আও শামা পাথি মোর হৃদয়পিঞ্জরে! কাঁহে য়ম্না কিনারে ?
হিয়া পিন্কর মোর মুক্ত নিমত
শামা রাজ্জুয়া ভরে!

চুমকি চুমকি ভোষ নিত বোলায়ত আৰু অন্তঃ-পিন্ধরে। এ যৌবন কাননে কণ্ড অমৃতের ভক্ত— ভার স্থমধুর ফলে

লভে আমরভা হর---ওহে রাধানাথ রাধা পিঞ্জর কি পাথি

বাধা ভূমা ভরে স্থা রাখা যতনমে !—
পূত প্রবাহিনী প্রেম-গঙ্গা অবিরত
বহতরে মৃত্ নাদে একানন দিরা !—
আও রাধানাথ—ইছ মহাতীর্থ নীরে
—মহাবোগমরী—লভ অবগাহি বঁপা
মহা ফল!-মহা সাধে সাধে রাধা তোয় !—

শ্রীকৃষ্ণ।—(প্রকাশে)—
তীর্থবাত্রী হম রাধে মহাতীর্থময়ী!
হরাশা কি মহা ধ্রন্ধ বছ আয়াসমে
উভন্নি আয়লু অবু সরসী কি কুলে!—
বছন্ত পিয়াস মোর কৃতীর্থ ভূষিতে!

(রাধিকা লক্ষিত ছইরা গবাক হইতে প্রেম্বান) অতিথি দাঁড়োই বারে !— কাহে নিরদমা দয়াবতী ? মরীতিকা ভই কিলো ছদলি হুমারে ?—

(গৰাকে উঠনাভিলাষে বকুল বুকে আরোহণ)

. (সলজ্জ ভাবে গৰাক্ষ নিকট পুন-রাগমন)—

রাধিকা ৷ — শরমমে মরে খুরলীমোহন
ক্ষমতায় ! — শরমমে সরত না ভার
সে শোড়া রসনা ! — পূর্ব্ব স্থকৃতি কি ফলে
তব পদার্পণ আজি দানি স্কৃতীর মে !
আঙ নাবা ! — দাধানাথ — রাধা বোলায়ত !
নয়ন কি নীর পাদ্য অর্থ্য এ বৌধন !
সাকাই রাধক রাধা কর্মনি হতে

ज्या (इंड रह काडिबि! হুদি কুশাসন ছ:খিনীর প্রস্তুতর রে তুয়া লাগি বিশ্রাম বৈঠই !— — (শ্রীক্ষের গবাকে আগমন: রাধিকা লজ্জাবনতা ও বস্ত্র সম্বরণ)---**बीकृष्ठ ।--- मचात अयात अवतिमानूथी** কাঁহে সম্বর অম্বরে মুখ ? कैं किल क्रिया कैंदिक क्य त्ला मचन १ वाँ हिटलं कि एकन-कारह वाँ हिन আছাড় রাধে ? এরপ সাগরে যুগল চটুলা নয়ন তোর ! এ গভীব নীরে সে কাঁতে শিহরে পরাণ সহিত হোর ? (লজ্জাবনতা রাধিকার চিবুক ধরিয়া) अमुथकमन का उरन कारति ভাতুক কান্দালি কাঁছে ? निর্থ নয়নে অন্তাচল পানে 🤜 . তার নয়ন মে নীর বছে! নিচোল মে ঠাই অনিল না পাই कुलांत्र कांछल शीरत ! व्यां हत्न कि एक १-- वृक्षन वृक्षन चाँ हिला नुकारे ब्रह ! শরম কুম্ভীর এ রূপ-সাগরে আলোড়ি তরগ থেলে! नवन हरूना मखरव हक्ष्मा সাগর আলোড়ি ফিরে! কাঁহা অরে শ্বর হান ফুলশর नत्रन ठडूना नीद्रव উত्ना

' आवात (धनव धीरत !--

तारिका ।--- नद्यदम् सति क्रम , व्यवनाय--(गण्डाइ निखका)--শ্রীকৃষ্ণ।—মতিথি ভিকারী তোহার দুয়ারে कन्म खाउँ वी बाहे। হ্রাশা মক্তৃ আয়লু উভরি **शिश्वाटम श्रदाण यात्र** ! वष्ट्रिन रूख हिया कानन स्म এ আশা যতনে পুষণু হম ! রাধা কর দয়া ক্ষ্ধিত অভিথে नजूवा विषद खांन !--हेर वृत्मावत्न अन्नमा कु'वितन কে তোষৰ মোরে রাই ? তৃই লো অরদা প্রেমান্তে প্রিতা **अध्यात भागेल यह !** কাঁহে কুপণতা কর মৌনবতী क्रधार्ख व्यक्ति व वादते १ कारह त्यानवंडी कह तमवंडी विवाप गैनल कारें र खब के स्थापन नवंद्र नवीन यक्षकं अविश श्रीय ! অক্ষয় কি রব কাল নাহি ছোব ? ভোহারে স্বধাই ভাই ! গরিমায় যদি রাধে মৌনবতী প্রিমাত রাধে উচিত নয় ! গরিমার গিরি না রব উল্লভ হব ধরাগত জেন লে৷ নিচয় !---(व्राधिका अक्षरणव कांग भावन श्रृक्तक নাসিকা পর্যাস্থ উত্তোলন করত ছাড়িয়া দেওন ও তৎপ্রতি দৃষ্টি—) শ্ৰীকৃষ্ণ।—(রাধিকার বাম হস্ত বদন · ভুইতে অপস্থত করিরা)

मुर्थत कथां वि त्रार्थ! শুধু মুখের কথাটী রাধে !--यमि कथाती कहिला अमान मरस्राय (म कथा कह नां काँटि ? শ্ৰীমুখ-কমল আঁচলে ঝাঁপই त्रांक कि शांत्रम है।एम १ মুখের কথাটা রাধে! ভধু মুখের কথাটা রাধে !--কথাত কহিলে আকাশ ধরব অনিল নাচাৰ আয়। কোকিল গুনব ভ্ৰমর মাত্ৰ बाक्षावि देवर्घव कृतन ! खधु मुरथत कथांने ब्राट्य !--ভুবন মোহিত সে রবে ভেম্বৰ নীরব কাঁতে লো তবে ! শুধু মুখের কথাটী রাধে !--পাপী বলি যদি নির্দয়া অতি অধনক প্রতি রাধে! পাপী নহি আর এ দেহ পবিত তব দরশনে ভেল ! मुक्ति नत्रभारन-- भत्रभञ्ज यनि জীবন মুকতি মোর! মাথা পাও রাধে মাথা খাও মোর . মোর কিরা কাগে তোয়ও! কিছু নাহি চাই এক ভিক শুধু মুপের কথাটা কও!-धिका। -- শ्रमाय मत्रि कम खबलाञ्च কি কব তুহায় ঠাকুরবর ! হিয়া মে না রহে উছলনে চাহে বাক্যক ভরগ মোর !--

আমোদ-সমীরে নাচত ভরগ

অধীর হিলোলে ভার!
ভারত অঘূধি হিরার ভিতরে
আলোড়ে পালড়ে মোর!
শরম-জাঙাল স্থমেক বিশাল
রোধত তরগ তার!
বাহরিতে নারে আলড়ই ফিরে
বিদর্মেপরাণ মোর!
কিন্তু আমোলে ভূলিয়া যতন করিতে
রতনে ভূললু ছার!
ক্ষম রাধিকার রাধিকা-জীবন
রাধিকা গিরত পার!—

(শ্রীকৃষ্ণ রাধিকাকে গবাক হইতে পালকে উপবেশন করণ ও তংপাশ্বে স্বরং উপবেশন)— •

ছিছি লাজে মরি ছোড অবলার कत मझा कम कूल-विश्विमी! ं भीदन याशन कुन शिक्षवादम किश्र ट्रेक्नन मः नाव हा कानि ! वन्नावन यात्य इय उन्मानिनी काँटि डिग्रामिनी कहत कम्द्रनश् নাচি গাই হাসি যব দিল চায় ? প্রাণ ভরে বোই যব আগে মনে !-যব আয়ে হাসি একলাই হাসি কত হাসি হাসি কেহ নাহি জালে! यमूनात्म याहे अकलाहे जाहे कीवन भिलाइ यमूना-के वतन ! একলাই নাচি একলাই গাই--**क्र कारे (मिथ क्र कारे खिन** ! মন-মাতজিনী যেই দিকে যায় त्महे पिटक याहे हम भागिननी!

সধবা না হই বিধবাও নই
কুমারীও নই বিবাহিতা বটি!
সংসার পাথারে চিনিনা কাহারে
সংধু চিনি এই শ্রীচরণ ছটী!—

(শ্রীক্ষের চরণ মুলে উপবেশন)
বহুদিন হ'তে রাখলু গোপনে
এ সাধ যতনে হিয়ার মাঝে
আজ ভাগ-বলে চাঁদ করতলে
নয়ন কি মূলে অরগ বিরাজে!
তুলসীর জলে প্রদীপ বৈসন
উজলি বৈঠই চরণ তলে!
নয়ন-আসারে হকরে পাকরি
ধোয়য়ব সাধে চরণ-খুগলে!
(শ্রীক্ষের চ্রণ ধারণ, শ্রীকৃষ্ণ
রাধিকার হস্ত ধারণ)

আসেনাত আজি নয়ন মে বারি

এত সাধনেও কাঁহে নাহি জানি!
বিনা সাধনেও বেগে প্রবাহিনী
বহয়ত আগে প্রবোধ না মানি।—

(নেগথেয় শক্ত-বাধিকা সশ্ক্ষিতা

(নেপথে) শক্তন্মাবকা শশাক্তা ও দপ্তায়মানা ;—জীক্তক গবাকের প্রতি দৃষ্টিনিকেপ ; পরক্ষণেই রাধি-কার প্রতি ত্রস্তে দৃষ্টি)

রাধিকা।— (দক্ষিণ হস্তে শ্রীক্কষ্ণের মুখা-বরণ ও বাম হস্তে শ্রীক্কষ্ণের দক্ষিণ হস্ত চাপিয়া)

গরজত গভীরে অই বনয়ারী
সভিনী ননদিনী বাঘিনী সমান
দিবা অবসান আগত যামিনী
আয়ব আয়ান অলপমে গেছে—
অব যাও বনয়ারী

রাধা-হাদয় আঁথারি—

হম আছলু পাসরি রাধা-মন-মোহন

নির্থি তব চক্ত-মূথ-মাধুরী!
অব আয়ল থামিনী ভেরল কাল!
তব আয়ব গেছ মে আয়ান কাল!

(জ্ঞীক্লফের মুখ হইতে হস্ত অপক্ত করণ এবং দাবের প্রতি দৃষ্টি)— জ্ঞীক্লফ।—কাঁহে ডর রাধে ? পবন চতুর হ্মার পাকড়ি হুলাই ঈষদ মাতত তোর ! আঁচল নিচোল অলকা-মুগল অঙের হুকুল নাচাব চায় ! মাথা থাও রাধে না যাবি তাতে কপট চতুর পবন চোর ! কপট অস্করে বোলায়ত তোরে দাগব অধ্বে বাুসনা তার ! রাধিকা।—কহ মোর কইসে আয়লি হরি ? হুয়ারমে মোর বাহিনী প্রহরী

কইনে উত্তরিলি তায় ?

শ্রীকৃষ্ণ।—ভূজ পাকড়ই আপনি মদন
টুতরিল মোয় প্রাচীর পারে!
প্রেমিক-পূথ সতত প্রদর
আপনি হিমাদি রোধইতে নারে!—
রাধিকা।—পেথব যদি অব কুটিলা ভূজগী ?-

' কাল ননদিনী !—ত্ভগ প্রাচীরে

রোধিত এ পাপ কুল অবরোধ!

আয়ব যদি অব আয়ান অধম ?
শিহরি প্রাণ হরি পরিণাম স্মরই
মিনতি করি হম অবতু যাই !—
শ্রীকৃষ্ণ।—রাধে !
ডরত নহি হম ধর তরবারে

भाग (भग भृग **थ**त्र छत्र भरत !

তব যুগ মোহন নয়ন সন্ধানে
পেথত বিপদ ভারি।

কইদে কহ রাখে বিপদ উতরি ?
রাধিকা।

কহ মোয় শাম কইসনে আয়লি ?
হরি আজি মোয় তুই বিসিত করলি !
কুল অবরোধে বন্ধা বিহঙ্গিনী
পবন না জানত বটে !
দারে ননদিনী কইসনে আয়িলি
কহ মোয় ?

—মোর কিরানা করবি ঠাঠ !

•

শ্রীকৃষ্ণ।—শুক মোর পীরিত তোহার

छे अटिम मित्र व स्थादत ! माधना (जन्न मन्या। গিরি বন সাগর কন্মর প্রান্তর বুক পাতি সবে দিল বাট মোয়! তব রূপ জ্যোছনে উজ্লিত ভেল বাট হমারি া জল আশে আয়লু মক্তৃ উতরি! ञ्चत-नत्र इल ज यिन अ मालिक রহইত দূর স্থমেক্র-শেখরে ! সপত সাগর সাঁতারি তথাপি যায়তু নিচয় এমনি প্রয়াস !--রাধিকা। — (শ্রীক্লফের গ্লার বনমালা ধরিয়া) र्ति व वनमाना (क मिन जिल्हादा ? কে এ ভাগবতী গোকুল মাঝারে ? অনস্ত প্রফুল প্রাস্থন গাঁথন রতি-পতি-রভি প্রতি থরে থরে ! অনস্ত নন্দন সৌরভে পুরিত বুন্দাবন বুঝি ভেল !--কহ হরি কে এ ভাগবতী গোকুল মাঝারে

দাসি ভই রাধা পূজব তাহারে !-শ্ৰীকৃষ্ণ।—(বাম হস্তে রাধিকার দক্ষিণ হস্ত ধরিয়া দক্ষিণ হস্তের দ্বারা রাধিকার এক একটী অঙ্গুলি স্পর্শ করিতে করিতে)---ब्राट्स । বুন্দাবনে এক বালা নিরুপম ত্রিভুবন মাঝারে। যোগীক্স-যোগ-ভঙ্গিনী রূপিনী। गम क्रि-जामन वामिनी (प्रती-ভকত জানি মোয় দিল উপহার! অনস্ত প্রফাল কাঁহে নাহি ভেব ? এক নহে- ইশারায় রাধিকার নথ চত्य अङ्गल, निर्फ्श कतिया)-এতি দশ স্থাকর মিলই সঞ্জীবনী সুধা মাথল তায় !--সে কাঁহে মলিন ভেব ? অবস্ত নন্দন-সৌরভে পরিত বুলাবন কাঁহে ত্রিভুকন ভেল !--(রাধিকার চক্ষু পরিভ্যাগ করত বক্ষে কটাক্ষপাত)---যদি অধম আয়সী মলয় বাসে চন্দন হোয়ও! স্থর-নর-তুর্ল ভ ও যুগ মলয় মক্রে বাসি চির চক্ষন সৌরভ কাঁছে নাহি ভেয়ব ? (নেপথ্যে শব্দ, উভয়েই সশঙ্কিত)

तार्थ हत्रनाम निख त्यादत हैं।ह-

পাসরিবি নাহি অব হম যাই !

याभिनी आयण ठामिया डेमयल গ্ৰহণ)-

বিদাম ধোঁড়ত মোর।
বিলাই বিথাদিত স্থবল বোমত
বোয়ত ধেনুদল তৃণদল ত্যুক্তই!
চরণে কোকনদে রেথ মোর ঠাই
বিদায় দেহ মোরে অব হম বাই!—
(দীর্ঘ নিশাস)

(রাধিকা দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ)

: - এক বাত, ভালা আছলু পাসরিউ
মিনতি রাধে দেহি মোর বাঁশরী!
রাধিকা।—(উপাধানের নিমুহইতে বাঁশরী

বাঁশবী কাল হুমারি

হরি বাঁশবী না দিব তোহারে!
তাল মান-হীন নিলান্ধ বাঁশরী
বাজত যব দিল চায়!
কাল ককাল নাহি তার জ্ঞান
দিবা রাতি নাহি ভেদ!
শাশুড়ি ননদিনী মাঝারে রহত
বাঁশরী পসত শ্রবণে!
পরাণ ব্যাকুলিত ভেয়ত অমনি
কুটিলা চাহত মুথ পানে!
তার কুটিল বিলোকন-ফণিনী দংশন
হুদে শুরুতর বাজে!

কাল বাঁশরী আর না দিব ডোহারে !~
(শ্রীক্সফের মুথ হইতে বাঁসরীর প্রতি দৃষ্টি)
কহ শুনি বনরারী
তব বাঁশরি হাম সম্বন্ধিতে নারি !
সম্মোহন উন্মাদন শোষণ তাপন
স্কম্ভন ভীষণ বাণ কহরী

শর্ম মর্ম বিছার জ্লন

জনত অন্তর মাঝারে !

কহ কোন বাট দিয়া কেবা বাছিরায় প কোন বাট দিয়া নিশির সমীর যমুনা উজন বহায়ও ? कान वां पिया (कवा किवा कय 9 ? সচল চাঁদিমা অমনি অচল ভেয়ও !--(নেপথো শব্দ রাধিকা চমকিতা সেই অবসরে একৃষ্ণ বংশী গ্রহণ)-শ্ৰীকৃষ্ণ।-- সিদাম বোলায়ত মোয় অব যায়ৰ রাধে অনুমতি দেহ। মূন প্রাণ মোর রাখি তুয়া পাশ म्न (नश् नशे गांत्रव (शरश ! মিনতি রাধে কহ মোব প্রাণ मृत (मरह श्रेन आंग्रद कव ? (নেপথ্যে শব্দ, উভয়েই বিচলিত চিত্তে গবাক্ষের নিকট পুনরাগনন) রাধিকা ।--পাপ পুরে পুন আয়বি না হরি विभा जीथन यात्रहेल निहति ! वुक्तावन कि वृत्र विभिनाम যুগল ভমাল-রাজ বিরাজে! বকুল-বেঠিত বিরাজিত মাঝারে কুম্বমে রচিত কুঞ্ক হমারি! হুরারে ছ্যারী যুগল তমাল ভার শ্যামল শেখরে বইঠি কোকিল-দম্পতী কুহরই মধুরে বোলায়ত ঋতুনাথে !--রাধানাথ তুই যায়বি তাতে ! সাধভরি ভোর পূক্তব রাধে !— (मोर्च निश्राम)

थीरत मावशास्त्र ।

অব আনব কি আলা ?

আঁধার ভেয়ল ভারি !—
হরি তব বিরহে অব মোর
অন্তর ঘইসন ভেল !—

শ্রীক্লফ।—ভূ' রহ এই ঠাঁই !
তবরূপ কোছনে উব্দলিত মোর
অন্তর বাহির!
অন আলা না লাগে হমারে !
তবরূপ কোছনে বকুল প্রাচীর
উত্রিয়া যাই !

কিন্তু এচাঁদ বিবহে
কটসে জীয়ৰ ভাবই না পাই—
অব চলব রাধে—(দীর্ঘ নিশ্বাস)—
হম হংভাগ
স্থাকরে লভি স্থা নাহি পিয়লু—

(রাধিকার মুখচুম্বন) থিকা । শীবন ক্যাব্যালে ক্রাবিল

রাধিকা I—ধীরে •সাবধানে-—ভরকিভ চরণে—

প্রীক্লঞ্চ ।— (বকুল বুক্লের তলার নামিরা)

হম সাবধান— তু ভেমবি রাধে!

অই হের প্রমর বকুল প্রাপ্তন

তেরাক্লই শুগুরি চলরত মন্থরে

তব স্থা-আকর অধর-কমলে

মধুর প্রারাসে—রোধ ছার রাধে
শেল সম মোর নয়নম্বে রাধে—

(ধীরে ধীরে গ্রমন)

রাধিক ৷—(দীর্ঘ নিরাস)—

মলরানিল ডোয় প্রণমভ রাধা—
রাধা-ছদি-পদ্ধ-মোহন বেশবে

নিরাপদে লগু প্রাচীর পারে। ধোরমুব রাধা তব পদক্ষলে নির্মল সিন্চধ নয়নকি জলে।

(গ্রীক্ষ অনুশা; - রাধিকা দীর্ঘ নিশ্বাস)
(গবাক্ষের উপর বক্ষভার বিন্যস্ত করিয়া
চিস্তা)

নেপথো গীত।
বেহাগ ∤ আড়াঠেকা।
এক কনকবীরণ।
নবীন যুবতী এক কনকবরণী
নিরমল পয়োধরে
রতন আবিদ থারে
নিবিড় নিতম্ব ভবে

व्यंधीत (मिनी।

যৌবন জোরার জলে ক্লপের ভরগ থেলে যেন বরিষার কালে অট্ন-নিম্মিনী।

বঙ্কিম-নরন-শরে বিন্ধিল অস্তবে মোরে ফুটিল মানস-সরে

কনক ৰলিনী
প্ৰেম-কনক নলিনী।
নবীন যুবতী এক—ইত্যাদি]
যবনিকা পতন।

ক্ৰমশঃ--

যৌবনে সন্ন্যাসী।

স্থাের বালকোল কাটিয়া গেল। সরল ভাব, উদার বাবহার, থোলাখুলি প্রবয়, উচ্চ হাসোর দিন শেষ হইল। डे ऋ न ঘর, টানা পাথা, পুস্তক-ভার অধ্যাপকের মিষ্ট প্রিয় উৎসাহ বাকোর সহিত সপ্পর্ক উঠিয়া গেল। ইস্লের লোক আমায় ভূলিয়া গেল। আমি তাহা-দিগকে, किन्न, जुलिতে পারিলাম না। সেই সেই স্থ্প-সময়ের স্মতি আমায় দিবানিশি কষ্ট দিতে লাগিল। সমপাঠীগণের ভাব বিক্লত হইয়াছে। যে ভাবে তাহাদিগের সহিত বেঞ্চের উপর বসিয়া মাষ্টারকে ফাঁকি দিয়া আন্তে আতে গণ্প করিয়া এত পরিতোষ লাভ করিয়াছি, তাঁহাদের এখন আর সে ভাব নাই। কেমন নীরস, (क्यन क्षि, (क्यन এक त्रक्य (क्यन কেমন ভাব হইয়াছে, তাহাদের সহবাদে আর ভৃপ্তি হয় না।

স্থাধর বাল্যকাল কাটিয়া গিয়াছে, কিন্তু
যে কালে পড়িয়াছি ইহাতে ত তৃপ্তি হইতেছে না। আবার সেই কালে দিরিয়া
যাইতে চাই। কিন্তু পারি না কেন
থ আবার ইচ্ছা করে সেই রকম গঙ্গার ধারে
বিদিয়া স্থারেন অমৃত মন্মথ ললিত প্রভৃতির
সঙ্গে গণ্প করি, আর এক বার প্রাণ
ভরিয়া হাসি। তথন কত হাসিতাম,
তথনত হাসির এত দুরকার ছিল না।

এখন ছঃখ-ছর্ভর ছানরে প্রাণ ভরা शिंत जानित्व जानक कृतरात पृःथ লাঘৰ হয়; কিন্তু এখন হাসিতে পারি না কেন ? সেকালের যাহারা ছিল, তাহাদের সক্তে আর হাসিবার যো নাই: একালের বালক্দিগের সঙ্গে মিশি না কেন? মিশিলাম কিন্তু সিং ভেঙে বাছুরের দলে ঢ়কিলাম মাত্র, তাহারা ত আমার জন্য সেকালের স্থরেন নবীন অমূতের মত দহারুভৃতি অহুডব করে না। তাহারা তাহাদের মত লোক চায়; আমি চাই আ-মার সেকালের মত, আমার সঙ্গে তাহাদের (कन भिन इटेरव ? विकृश्यांवान वुड़ा-কালেও বলিত "আমার ইয়ার আঞ্চিও জ্মার নাই " আমিও তাহাই ভ্নিয়া ছেলের দলে মিশিলাল। কি জানি কেন १ কি জানি কোন অভিমানে বা কোন কারণে আমি বিষ্ণু ঘোষালের इटें जि भारिनाम ना। ছেनের দলে मिना হইল না। তাহারা আমার ভাব বুঝিল ना, खादाता व्यामात्र परम महेल ना।

কবিরা যৌবন স্থংখর কাল বলিয়া
গিয়াছেন। তাঁহাবা মাথা মুগু বকিয়া
গিয়াছেন মাত্র, কই আমারত পূর্ণ যৌবন,
আমার কিছুই ভাল লাগে না কেন ?
যৌবন প্রেমের সমর, প্রণরের সময়,
ভাল বাসার সময়; যৌবন কার্যাের সময়

সংসার প্রবেশের সমন্ধ, উন্নতির সমন্ধ, বড় বড় কাল করিবার সমন্ধ, যশোলাভ ও বিদ্যালাভের সমন্ধ। ছাই কিছুই নছে, বৌবন অভ্জ উৎকট লালসার সমন্ধ। এই সেই কাল, যে সমন্ধে কিছুতেই ভৃপ্তি হল না।

गाहे थात. माहे कतिए गाहे, जुलि हम ना। काक कत्रिया कृश्वि दम्र ना, ভाবিয়া তৃপ্তি হয় না, ভাল বাসিয়া তৃপ্তি হয় না, यत्भानात् कृशि इत्र ना, विन्ता नात्व ত্থি হয় না,ধন লাভে তৃথি হয় না। লা-लना जन्मभरे वृक्षि आश्व रहा। आवे छ हारे, **এই টুকু আরও চাই,মন কেবল এই এক** মাত্ৰ জবাব দেয়। আজি একটা কাৰ্যো সফল हरेगांम : मन व्यानत्म नुजा कतिया छेठिंग, ভাবিলাম স্বৰ্গ হাতে। রাত্রি প্রভাত इहेल, कालिकांत्र श्रामम अत्र इहेल। কারণ অনুসন্ধান করিলাম---দেখিলাম এই টুকু—এই রূপ নুত্যকর আনন্দের সঁঙ্গে কি চিরস্থায়ী বন্দোবস্ত হয় না ? মনে কর **डाहे हहेल। आनम हेहा अर्भकां** कि ঘনতর হয় না ? তাহার পর এই কথা মনে হয়, জুखि কিছুভেই হয় না। এযাবন অতৃপ্ত লালসার সময়, উহাতে লেশ মাত্র নাই।

যৌবনে লোককে পাগল করিয়। তুলে।

যিনি স্থণী তিনি স্থপের ভাবনার পাগল,
তাঁহার কিছুতেই স্থপ হয় না। যিনি হঃথী,

তিনি হঃথের ভাবনার পাগল, যিনি
প্রণয়ী তিনি প্রণয়ের জন্য পাগল, যিনি
প্রণয়-শ্না তিনিও প্রণয়ের জন্য পাগল,

ভোমার আছে তুমি বাড়াইবার জন্য পাপল, আমার নাই আমি পাইবার জন্য भागम । কোম্পানি বাহাত্র পাগল শাসিত করিবার জনা বাতৃলালয় স্থাপন করিয়াছেন, কিন্ত সমস্ত দেশটা যথন পাগৰময় তথন ভবানীপুরে একটী বাজু-লালয় করিলে কি হইবে ? বাতুলা-লয়ের ডাক্টার সাহেব ৷ তুমি যৌবনেব বুক চিরিয়া দেখ দেখি তোমার কত বাড়ল রোগী দেশে আছে ? এই যে আমি নবীন পুরুষ কলম ধবিয়া যৌবনে তথ নাই প্রতিপন্ন করিতে বসিয়াছি, যদি আমার মনের পব ভাব গুলি তুর্মি টের পাও, ভবে কি ভূমি আমায় এই খানে বসিয়া থাকিতে দাও ? কখনই না। তবে ভোমার বাতুল আরাম করার চেষ্টা স্কল विक्न।

योक्त मकल हे सियह अवल इय। मकल डेक्सियेडे व्यांडांत • हांया। मकत्वाहे **উक्तां इडेशा উ**र्छ। কেহই আহার পর্যাপ্ত হটল বলিয়া তৃপ্ত হয় না। পর্যাপ্ত হয় আরও তৃষ্ণা বৃদ্ধি হয়, যদি না হয় পর্যাপ্তির জনা বাস্ত হয়। কি জ আসন্ধলিকা সর্বাপেকা বলবতী আবার কাহারই সহবাদে তৃপ্তি হয় না। **ভा**न वांत्रित्क हेळा करत। ভान वांत्रि কিন্তু সুথ হয় না। আজি একটা স্থাদর मूथ (मिथनाम, काविलाम, এই मूर्थन कार्ष क्षिकित्नरे जुशि स्टेरव। जाहात्र কাছে গেলাম সে হয়ত অতি পাষ্ত, ना इत्र (म कामात मक काल वानिल ना ;

কাঁদিতে কাঁদিতে কিরিয়া আসিলাম।
আজি তোমার গুণে মুগ্ধ হইয়া তোমার
ভাল বাসিল।ম। কালি ভোমার দোষ
দেখিয়া ভোমার ভাল করিয়া পলায়ন
করিলাম। আমার ভাল বাসা চিরস্থায়ী
হইল না, আসঙ্গলিক্সা কলবভীও হইল
না. হুখেরও হেতু হইল না।

হয়ত আর একজন—মনের বিচিত্র গভি —আমায় ভাল বাসিল; বধন জানিলাম यन कुछछडा तरम शूर्व रहेन; किन्तु रक्यन আবার মনের গতি—ভাহাকে ভাল বাসিতে পারিলাম না। সংযীবন সঞ্জীগণের সঙ্গে ত্পি হইল না; নিকট গেলাম বুদ্ধগণের, আমার সমবয়স্ক লোক ভাল বাসিতে कारन वृक्षिरिशत रम ध्ववृश्वित थात्र मतिशा গিয়াছে। হয়ত একজন বুদ্ধের নাম যশ সদ-ত্ত্রণ শুনিয়া তাঁহার নিকট গেলাম, যাইবার সময় ভরসা করিয়া গেলাম নিশ্চয়ই সহা-মুভূতি পাইব। হয়ত তাহার মুখ দেখি-য়াই চটিয়া উঠিলাম। না হয় তাহার নীরস নিঃস্নেচ আমন্ত্রণে তৃপ্তি হটল না। ফিরি-লাম, আসক্লিন্সা কোথাও সুথক্রী হইল না। রমণী-সলিধান ধৌকনের প্রধান স্থার কারণ; গেলাম তথায় কিন্তু সকলেই আমার দেখিয়া ঘোমটা দিয়া थनामन कतिन। वाटना टेकटबाटत **ए**य কাদখিনী কত হাসিত কত গল্প করিত. একটা ছেলেকে দিয়া আজ বাহিরে ব্দশ্বাবার পাঠাইরা দিল। कामिश्रमी দিয়াছে ফেলিতে পারি না; কিন্তু তাহার श्राष मवनाक ।

পাঠক মনে কৰিলেন লেখক বিবাহিত নহেন, সে কথায় কাজ নাই। মনে কর শেষ কোণাও স্থান না পাইয়া গৃহিণীয় নিকট উপস্থিত হইলাম। গৃহিণী—আমায় ছাড়া জার কাহাকে ভাল বাসা দেখাইলে দোষ হয় এই জন্য ভাল বাসা দেখাইলেন কিছু আমি কি জানি না যে উভয়ে স্থাধীন না হইলে ভাল বাসা হয় না। ঘত দিন বিবাহ বন্ধন থাকিবে, ততদিন স্ত্রী-প্রণয় প্রণয়ই নহে, একবারের চুক্তিমত কাজ করা মাত্র। চুক্তি যদি কাহার কপালে ভগ্ন হয় তবে সেতু সন্ন্যাসী, আর উত্তর্গ-আসকলিকা আমিও সন্ন্যাসী।

ভাল বাসিলাম সে ক্ষণিক, সঙ্গ করিলাম সে ক্ষণিক, ভক্তি করিলাম সে
ক্ষণিক, স্নেহ করিলাম সেও ক্ষণিক, আশা
মিটিল না, ভৃপ্তি হইল না। চিরস্থায়ী
কিছুই হইল না। মানুবের চঞ্চল স্বভাব,
উহাদের খামখেরালি মেজাজের উপর
আমার স্থাবের ভিত্তি নির্মাণ কথনই উচিত
নহে। অতএব বে প্রশন্ত লইয়া যৌবন
কবি কম্পানার পরম স্থাবের সময় বলিয়া
পরিগাণিত, সে প্রাণম্ব অতি ভূচ্ছে পদার্থ।
ভাহারও আবার মূল্য অভ্যন্ত অধিক—
স্বাধীনতা-বিনিমর—এবং সেও অতি
ক্কিক্ত। এই জ্ঞানটী জ্বিলা, আর সন্ধ্যাসীতে আমাতে প্রভেদ কি চ

মাহ্ৰ থামথেয়ালি, মাহ্ৰ চঞ্চল, মাহ্ৰ নশ্বর, মাহ্বের প্রণয়ের মূল্য অধিক, কিন্ত আমি ভাল না বাদিয়া থাকিতে পারি না। এমন কোন জিনিদ পাইতে চাই যে

কাল্ল কর্মা তাহাকে শইয়া স্থা সময় কাটাইতে পারি। সে জিনিস্টী কি? তবে আকাশকৈ ভালবাস, আকাশ যখনই দেখ নয়ন জুড়ায়, প্রাণ প্রফুল হয়। व्याकां म हक्षत नय, व्यवाशिवृद्धि नरह-অনস্তকালস্থায়ী চন্দ্র ভাব, চন্দ্রকে ভাল বাস। মলয় প্রন। তোমায় অনেক দিন ৰুইল বড়ই ভাল বাসিতে লাগিয়াছি। তুমি যথনই আইস শরীর জুড়ায়, উষ্ণ মস্তক শীতল হয়, মনের অর্দ্ধেক যুদ্ধণা मृत हरा। यथन शीरत थारत शीरत तांकि मन-টার সময় গাঢ় চিস্তার সময় তুমি আমাৰ বকে ও মুথে লাগ তথন তোমায় ভাল না বাসিয়া থাকিতে পারি নাই: কিছু যখন তুমি চাঁদ আর আকাশ আমার ভাল বাসার পাত্র হইলে তথন আ্যার গুহে কাজ কি ? আমিত সল্লাসী—নবীন (योवटन जामि महानी।

যথন ইন্দ্রিয় বিক্লত হয়, যথন অন্তজগতে সদস্ৎ প্রবৃত্তিতে ঘোরতর গৃহবিচ্ছেদ উপস্থিত হয়, যথন নৈরাশ্য হাদ
যের প্রতি কন্দর শূন্য করিয়া কেলে, যথন
দারুণ অভ্কে লালসা সফল করিবার জন্য
পরিশ্রম ও ভাবনায় শারীর ও মানস বৃত্তি
সকল একাস্ত ক্লাস্ত হটয়া পড়ে,—তথন
এক উপায়—এক সুথের উপায়—সভাব-

मोन्दर्भ भर्गात्नाहना। এমনই একটা শক্তি আছে কিছু বৃহৎ প্রকাও, যাহা কিছু নৃতন ও বাহা কিছু স্থানর, আমাদিগের সুথ সমৎ-পাদন করে। কারণ উহা প্রকাণ্ড অনস্ত यमञ्जानवाशी नेषद्वत याज्य माता তবে ভাল কথা সেই ঈশবকেই ভাল বাস না কেন ? দেখ আকাশ মেঘাবত হয়. মলয়-মাক্ত ঋতুমা ক্রায়ী, शाम शाम विश्व, अज्वाव व्याम वक सम লোক লও না যিনি ভোমার মন হইতে অপনীত হইবার নহেন। তাঁহার চিন্তা कत्र ना (कन १ वैथन क्रांख इटेंदि, यथन নিরাশ হইবে, তখন দেই প্রকাণ্ড অনস্ত मर्क्तकानवाभी नेश्वदात हिसा कत ना दकन १ জামু পাতিয়া বা কর উত্তোলন করিয়া অথবা করবোড়ে ঘাড় হেঁট করিয়া বল ना दकन :--

ত্বি স্থাবাক্তরপায় নিপ্ত পায় গুণায়নে।
সমস্ত জগতাধারমূর্ত্ত্যে ব্রহ্মণে নসং॥
বে ক্ষম এখন শ্নাময় ভাবিতেছ, বেধানে
কেবল হঃখ হুর্ভরতা মাএ দেখা ঘাইতেছে, সেইখানে আনন্দ-সিন্দু উথলিয়া
উঠিবে। সে আনন্দ—অক্ষয়—অনস্ত—
পবিত্র; যেহেতু বাঁহার সহবাসে সে আনন্দ
লাভ করিতেছি, তিনি সং—চিং—আনন্দ!

निनगै।

শ্রীঅধরলাল সেন বিরচিত, কলিকাভা নুত্তন বাজালা বন্ধে মুদ্রিত ও প্রকাশিত। অধর বাবুর ললিতাহন্দরী ও মেনকা ভাঁহাকে অনেকের নিকট পরিচিত করি-এই তিন খানি পুস্তক ক্রমানু-वारक । ক্রমোরতির পরিচয় সাবে ভাঁচার 'নলিনী'তে তাঁহার ভাষার मिट उरहा প্রাঞ্জল স্থাপ প্রতিভাত হইয়াছে। हैशाए जिनि नियाम धानरात अक नुजन **८म् थारेबारइन । ८य निताम- अगद्र** िख हरें ड

কেন দেখিলাম
বিস্তুত সরসীমাঝে, বেটিত শৈবাল-রাজে
বিক্তিত ভূজল-দত্তে ফুল-কমলিনী
কেন দেখিলাম দেই সর-সোহাগিনী?'
এইরূপ চিস্তার যে মন অন্তত্ত হয় ও যে
পার্থিব মনে 'রক্ষিত ভূজল-দত্তে' এই বাক্য শেল সম বিদ্ধা হয় দে প্রণয়ের বা সে
মনের চিত্র ইহাতে দর্শিত হয় নাই।
আবার

'ষে মনে তোমার ভাল বাসিরাছি আমি
নিরমল, পাপশূন্য—পাপ আকাজ্জার
নহে কল্বিত তাহা, তুমি কি জাননা আহা
ভালবাসা তরে ভাল বেসেছি তোমার'

সে মনের পরিক্টু, নিঃস্বার্থ ও নির্ম্মণ ভাবের চিত্রও ইছা নছে। আয়েসার নিরাশ-প্রণেরে যে গভীর, নিভ্ত, নিঃসার্থ,

স্বৰ্গীৰ আধ্যাত্মিক ভাব আছে ইহা ভাষা-রও চিত্র নতে। উভার প্রেণ্ডী নলিনীকে ভাল বাসিলেন. তাহার জন্য উন্মন্ত হট-लन. किन्न निनी जान नामिन ना। निन-নীর প্রণয়ে হতাদ হইয়া প্রণয়ী নিরাশ-সাগ্রে ভাসিলেন। ভাসিলেন, কিন্তু ডুবি-লেন না। ভাগিতে ভাগিতে এমত এক স্থানে গিরা উঠিলেন যেথানে স্থপ छ: । আপনার অধীন, কাছারও অমুরাগ বিরাগ বা অবস্থার অমুকৃলতা প্রতিকৃলতার উপর নির্ভব করে না। প্রণয়ী বহির্দ্ধতে निनीक भारेतन ना. ना भारेश वहिर्फ গতের প্রতি তাঁহার অনান্তা জিমাল, উহার অসারভা ও অনিভ্যভা বুঝিলেন, বুঝিয়া অন্তর্কাতের আশ্র লইলেন। महेशा भाखि পाहेतान । तिथितान अशास তাঁহার নলিনী আছে, আরও দেখিলেন এথানে যাহা কিছু আছে সকলই আয়ত্ত. দেখির। অন্তর্জগতের প্রতি ভাঁহার আসা হইল, ক্রমে ড্রিনি অন্তর্জগতের লোক হইয়া পডিলেন. তাঁহার জীবন 'ভাবনার সমাহার' विषया (वाध इहेन; এवः वहिर्फ्श एउत्र সহিত তাঁহার সম্বন্ধ বিশ্বির হটল। 'মানস-সর্গে নলিনীর প্রায়' যাহাকে দেখিলেন সে পার্থিব নলিনী হইতে গঠিত হইলেও ইহার মত ত্র:থম্য বলিয়া তাঁহার বোধ পার্থিব নলিনী তাঁছার নিকট

কণীকাবৃত কমল, যথনই তাহার জন্য হস্ত বাড়াইলাছেন কণীকে ব্যথিত হইয়াছেন। কিন্তু মানস-নলিনী-কণীক শূন্য কমল, যথনই তাহা ধরিতে যান তাহার কোমল দল-স্পার্শে সুখী হন।

এমত অবস্থার ধখন নলিনী আদিয়া ভাহার ভালবাসা ফানাইল তথন ভিনি ভাহাকে বলিলেন

'পাকুক ভোষার অকলম্ব তমু শশী; লোহিত অধরে ' যদি কিছু হুধা ধরে, অন্য কোন মধুকরে করুক তা পান, আমি হ'ব না তোমার . ভরে নলিনী আমার"

"কে জ্ঞানিতে পারে জার কে এনেছে কবে যে প্রেম ডুবিয়ে গেছে বিরাগের জলে" ইত্যাদি

কিন্ত আবার সেই অবস্থার 'মানস-সরসে' যে নলিনীকে দেখিলেন ভাষ্ণকে কহিলেন

"চিস্তার সাগরে তুমি একই লহরী
আশার অমরাপুরী, তাহে এক বিদ্যাধরী
একই কুস্ম তুমি ভাবনা শোভার
ওরে নলিনী আমার
"এস, এস সেই তব রূপের তরক্ষে
ধীরে ধীরে পরশিয়ে, স্মুভয়ু, ভোমার,
রাথিয়া মন্তক তব কোমল উৎসঙ্গে
দেখিব, কেমন এই যামিনী পোহায়

"পোহাবে যামিনী পোহাবে না সে যামিনী ভূমি যার শশী শ্রুথিব একাকী বুলি, অবিরাম পৌর্ণাসী অনস্ত শশাক তলে অনস্ত হামিনী অয়ি আমার নলিনী'

অন্তর্জগৎ-সর্বাধ্ব প্রণায়ীর নিকট বহির্জ-গতের নলিনী আদর পাইল না, সে প্রণায়ী আপনার ভাবেই আপনি বিভার, বহি-জগতের কোন বস্তর নিকট ভাবের আকাজ্জা করেন না; তাঁহার অন্তর্জগতে সকল বস্তই রহিয়াছে, সেইখানে বে নলিনা আছে, সেই নলিনীই তাঁহার যত্তের ধন। বহিন বাব্র 'রজনী'তে এক স্থানে এইরূপ মানসিক ভাব দেখা বার। অমরনাধ বলিতেছেন

" সুথ ছু:খ পিরের হাত না আমার নিলের হাত ? পর, কেবল বহির্জগতের কর্তা—অন্তর্জগতে আমি একা কর্তা। আমার রাজ্য লইয়া আমি সুথী হইডে পারি না কেন ? জড়জগৎ জগং, অস্তর্জগৎ কি জগং নয় ? আপনার মন লইয়া কি থাকা যায় না॰? ভোমার বাহ্য জগতে কয়টা সামগ্রী আছে, আমার অস্তরে কিবা নাই ? আমার অস্তরে বাহা আছে, তাহা তোমার বাহ্যজগৎ দেখাইবে, সাধ্য কি ? যে কুম্ম এ মৃত্তিকায় সুটে, যে বায়ু এ আকাশে বয়, যে চাঁদ এ গগনে উঠে, যে সাগর এ অক্কলারে আপনি মাতে ভোমার বাহ্যজগতে তেমনকাথার ?"

অন্তর্জগতে এইরূপে মিশাইরা বাওরা ভাল কি মল তাহা আমরা বলিতে চাহি না। কিন্তু প্রকৃতি পুরুষের এইরূপ বিচ্ছে দই এক সমরে মোক্ষ প্রাঞ্জিব এক মাত্র

উপায় বলিয়া পরিগণিত ছিল। কিন্ত সে সময় গিয়াছে অধুনাতন হিতবাদ, स्वर्थाम प्रमंग (शक्करक कीवरमत उत्मना मारन ना। সু তরাং ঐরপ সহিত এক্ষণকার মান্দিক অবস্থার **সহামুভ্**তি नाडे আমাদেব ও সহাত্ ভৃতি নাই। কিন্তু তাই বলিয়া আমবা উহাব মহত্ব, উহার উচ্চতা ও উহার সৌন্দর্যা অনুভব করিতে অক্ষম এবং ইহানে যে যথেষ্ট ক্ষমতার আব-भाक छोडा ३ श्रीकांव कति। (१ (म मत्न করিলে অন্তর্জগতে রাজত্ব করিয়া স্থ ভোগ করিতে পারে না। ইয়ুরোপীয় শিক্ষায় যে সকল ভাব, যে সকল ইচ্ছা অন্তরে উঠিয়াছে আমাদের সমাজের অব-তাহাদের অধিকাংশের ত বি সম্ভব। এই সকল স্থলে আমরা সকলেই-অলাধিক পরিমাণে অস্তর্জগতে রাজক্ষকরিয়া থাকি এবং ইহা করি বলিয়াই আমরা जातक श्राम अस्ती इन्ता । सूत्री, नीठ হইয়াও উচ্চ, কিছু নাই তবু রাজা। বহি-জগৎ দক্ষীৰ্ণ হইয়াও আমাদিগকে সীমা-বন্ধ করিতে পারে না। তবে যিনি অন্তর্জ গতের ও বিস্তারঅন্তর্জগতের স্থুখ বহির্জ-গতের বিস্তার ও বহির্জগতের মুধের উপায় স্বরূপ মনে না করেন; পরস্ত তাহাকেই লক্ষ্য ভাবিয়া ভাহাতেই সকল আকাজকা

পরিতৃপ্তি করেন তাঁহার সহিত আমাদের
সহায়ভূতি হইতে পারে না। কিন্তু অনেক
দগ্ধ হাদরের আবার এই অন্তর্জগৎই লক্ষা,
ইহাই আকাজ্ঞা পরিতৃপ্তির একমাত্র স্থল,।
যে মূর্ত্তি যে হৃদয় এক সময় সে দগ্ধ হৃদয়
পূরণ করিয়াছিল এবং একলে শূনা করিয়া
চলিয়া গিয়াছে, সে মূর্ত্তি সে হৃদয় আর
কথন বহিজগতে দেখিবে না, অন্তর্জগতে
ভিন্ন আর কোথাও তাহার অন্তিত্ব নাই;
স্থতরাং এই অন্তর্জগৎই তাহার এক মাত্র
সাস্থনার স্থল এবং এক মাত্র স্থথের
উপার।

পরিশেষে বক্তব্য এই অধর বাবু চিত্রটী তত পরিক্ষুট ও স্থানর করিতে পাবেন নাই। এবং এক দিকে যেমন প্রণায়ীকে ত্লিয়াছেন অপর দিকে তেমনি নামাই য়াছেন। নলিনার প্রণয়ে উপহাস ও নলিনীর অবস্থায় ঈষৎ আহলাদ ভাব তাঁহার মত প্রণায়ীর উপযুক্ত হয় নাই। আর অনেক স্থানেক ভাবের অসক্ষতি ও অনাবাদকতা দেখা যায়। এই কয়টী দোষ পরিহার করিলে চিত্রটী অতি স্থান্দর হইত।, তাঁহার ভাব সকল অতি মনোহর ও স্থানে স্থানে, মধুর-কবিত্ব-পূর্ণ। যে ছই একটী কবিতা উদ্ভ হইয়াছে, বিশেষতঃ 'পোহাবে যামিনী…' ইত্যাদি কবিতা হইতেই পাঠকবর্গ ইহা বুঝিতে পারিবেন।

প্রাপ্ত গ্রন্থের সংক্ষিপ্ত স্বালোচন।।

আৰ্থ্যা দৰ্পণ ৷--- (অৰ্থাৎ আধাঃগ্মিক ঐতিহাসিক উপন্যাস) । **बीरेबमाना**थ বরাট কর্ত্তক প্রণীত ও প্রকাশিত। কাবা প্রকাশ যন্তে মৃদ্রিত। মৃশ্য ॥ । আনা हेहार्ड क्रेश्नंत्रङ्ग, स्ट्रि-ध्रक्त्रन. প্রমান্ত্রার সহিত জীবাত্মার সম্বন্ধ প্রভৃতি কতকগুলি অজ্ঞাত ও অজ্ঞেম বিষয়ের, এবং মানবজাতির আদিম পুরুষ ও আদি বাদস্থান, জাতিস্ষ্টি, দমুদ্রমন্থন, আর্ঘা-জাতির জগতে ক্রমিক বিস্তৃতি, পৌত্রলি--কতার মূল তত্ত্ব প্রভৃতি ছজের বিষয়ের कत्थालकथनष्ट्रल भत्वमना कता रहेगाटह। গ্রন্থকার ইহাতে বিশেষ পাণ্ডিতা ও গভীর অমুসন্ধিৎসা দেখাইয়াছেন। কিন্তু আমা-দিগের বোধ হয় যেন অনেক স্থলে পণ্ডশ্রম করা হইয়াছে। কারণ যে সকল বিধীয়ে অদ্যাবধি তত্ত্ব নিরূপিত হয় নাই এবং হইবার সম্ভাবনাও নাই, তাহাতে আর বৃথা মস্তিছ বিখুর্ণিত করিবার প্রয়োজন কি ? কোন হলে আবার তর্কগুলি অক্ট ও ভ্রান্তিতে পরিপূর্ণ। দৃষ্টান্ত স্বরূপ আমরা निस्त इरे धकी উদारत अमान कतिलाम।

ঈশব সমং জন্মিমাছেন কি না ইছার্
মীমাংসা স্থলে লিখিত আছে "মনে কক্ষন
যদি তিনি স্বয়ং জন্মাইতেন, তবে তিনি
বাস কবিবার নিমিত ও জীব্ন ধারণ জন্য
এই সমস্ত পৃথিবী, চন্দ্ৰ, স্থা, জল্, বায়ু,
অগ্নি ও সর্বপ্রেকার আহারীয় দ্বো ফল

मृत मनापि छौहात चग्नः जनाहेवात शृत्व যে প্রস্তুত করিয়া থাকিবেন তাহা অস্-স্তুব। অতএব তিনি স্বয়ং জাক নন প্রতি-পর হইশ। " এই তর্কটী নিতান্ত অক্ট। তথाপি ইহা হইতে এই অর্থ নিষ্কৃষ্ট করা যাইতে পারে:-্যিনিই জাত, তিনিই আহারাদি-সাপেক। ঈশ্বর জাত, সুতরাং তিনিও আগারাদি-সাপেক্ষ; স্থতরাং আত্ম-अत्यात शृत्र्व डांशांक आश्वातामि शृष्टि করিতে হইয়াছিলঃ কিন্তু আত্মজন্মের পূর্বে আত্মকত স্ষ্টাক্রয়া অস্তব; তিনি স্বয়ং ছাত নন্।—ইহা ভ্রাম্ভিসঙ্কুল। কারণ 'ঈশ্বর স্বয়ং জাত নন্' ইহা এ তর্কে প্রমাণীকৃত হইল না। আমরা স্বীকার ক্রিলাম-জাত জীবমাত্রই পঞ্ভূত চক্র .স্থা ও ফল মূল শস্যাদি আহারীয় সাপেক। ঈশ্বর যদি জাত হন, তাহা হইলে তিনিও उৎमार्शक-हेरां श्रीकांत्र कतिनाम। किन्द जैयेत श्रमः बाज इटेल, छैं। हारक যে আত্মজন্মের পূর্বে সমস্ত সৃষ্টি ক্রিতে হইবে তাহারই বা আবশ্যক্তা কি ৭ যে नभाष जिनि चयः एष्ठे इत्रामन, त्रहे नभाष তাঁহার উপযোগী পৃথিবাদিও স্বয়ং স্টু হইতে পারে। স্থতরাং আত্মগ্রন্মের পূর্বে श्रेश्वत कर्डुक शृथिवानि एष्टि अनस्टब इहे-লেও যে ঈশ্ব স্বরং জাত নন তাহা किकाल श्रीजिभन्न इहेन १

ঈশবের অনাদিত্ব বিষয়ে লিখিত

আছে:—" যদি বলেন ভিনি অনাদি, ভারা ছইলে, তিনি অনস্ত হইতেন।
কারণ বাহার আদি নাই ভাহার অস্তও
নাই, এবং যাহার আদি আছে ভাহার
আন্তও আছে। যথন ভাঁহার অস্ত (দেহভাগে বা মৃত্যু) হইরাছে, তথন অবশাই
ভাহার আদি আছে, কখনই অনাদি নহেন,
অভএব তিনি আমাদিগের আদি জাভ

जिकास कतिए इंडेटर (य क्रेश्न आमा-দিপের আদি জাত পুরুষ। কিছু গ্রন্থকার যে পূর্বপক্ষ অবলম্বন করিয়াছেন, ভাহা হইতে এ সিদ্ধান্তে কির্মেণী উপনীত হওয়া যার বলিতে পারি না এ গ্রন্থকার বিনা श्रमार्ग अविना जृद्यानर्गतन धरे निकास व्यवजातिक कतिरलन त्य--याद्यात व्यापि নাই ভাষার অন্তও নাই, এবং বাহার আদি আছে তাহার অস্তও আছে। আবার কোথা रहेट आनित्न (य-छाशंत अस रहे-য়াছে। তাহা হইতে আবাব দিছাস্ত क्तिएडएम या यथन व्यष्ठ रहेबाटक उथन অবশাই আদি আছে, সুতরাং তিনি ध्यनामि नर्हन। अज्ञेश लास्त्र व्यक्तिकां-श्रद-ম্পরা হইতে গম্ভীরভাবে এক্লপ অপসিদান্ত-অবভারণা করা দিভীয় দুটান্ত আমাদি-গের নম্নগোচর হয় নাই।

এই গ্রন্থে গ্রন্থ আর্যাদিগের পুরাবৃত্ত ও ধর্ম্মতন্ত্ব বিবরে অনেক নৃতন আলোক বিকীর্ণ করিয়াছেন। কিন্তু তৃঃপের বিষয় তিনি আত্মমত সমর্থনের জন্য কোন প্রকার প্রমাণ প্রয়োগ করেন নাই। তিনি ঔপমিক ভাষাতত্ত্বের সাহায্য লইরা শক্ষসাদৃশ্য মাত্র অবলম্বন করিয়া অনেক নৃতন
মত অবতারিত করিয়াভেন। তুই চারিটি
উদাহরণ দিলেই পাঠকগণ ব্ঝিতে পারিবেন। তিনি লিখিয়াছেনঃ—

Jove or Jebova যবা দেবভার উপা-সকলিগকে যবন কচে ৮

যবা দেবতা হইতেই যে যবন শক্ষ
'বাৎপন্ন হইয়াছে তাহা তিনি জানিলেন
কিন্ধণে ? কেহ কেহ বলেন ভারতবর্ষী
আর্যােরা যাওনিয়ান্ (Ionian) দিগকেই
যবন শক্ষে অভিহিত করিছেন, আবার
এক দল বলেন সিদ্ধু নদীর পশ্চিম পান্ন
বর্তী সকলকেই হিন্দুরা সাধারণাে ধবন
শক্ষে নির্দেশ করিতেন। নৃতন মত অবতারণ করার সমরে এই মত্ত্বর থণ্ডন করা
ভাষার উচিত ছিল।

Moloch মলিক দেবের উপাসকের। মেচ্ছ জাতি। ইহা তিনি কোথার পাই-লেন ? ইহার প্রামাণ্য সংস্থাপনের জন্য গ্রন্থকার একটা কথাও বলেন নাই।

(७) श्रक-(भोत्रव-Pharaoh.

মিসর দেশের প্রাবৃত্ত লিখিতে গিয়া গ্রন্থকার লিখিয়াছেন:— "অনস্তর কিছু দিন অতীত ছইলে মহু নামে এক জন প্রবং-শোন্তব রাজপুত্র পিতা, কর্তৃক অভিসম্পা-ভিত হইয়া অনেক অর্থ গ্রহণ পূর্কক তথায় পলায়ন করেন। এ দেশীয় ভার-তীয় নাবিক ও বণিক্গণ যাহারা মিসরে ইভিপুর্কে বাস করিয়াছিল, ভাহারা দেশীয় রাজপুত্র দর্শনে প্লকিত হইয়া ভাঁছাকে ভথাকার বাজসিংহাসনে অভিবেক করিলেন। এই রূপে আর্যারাজ্য হুইতে স্বভন্ত হুইরা মন্ত্র ভথাকার স্বাধীন রাজা ছুইলেন এবং ভাঁছার বংশোদ্ভব রাজনোরা পৌরব নামে বিখ্যাত হুইলেন।"

ইহা শুনিতে অতি মিষ্ট লাগিল; কিন্তু গ্রাহ্মকার কি কি প্রমাণ অবলম্বন করিরা এরূপ সিদ্ধান্তে উপনীত হটলেন তাহা আম্বা কিছুই জানিতে পারিলাম না।

আবার এক স্তলে Babylon শুন্সের বাৎপত্তিতে লিখিয়াছে:—

(৪) বি — বৈষমা, বলন — বাকা, বিবলন — বৈষমাযুক্ত বাক্য — Pabylon or Babel —means confusion of the tongue." ভিনি বলেনঃ—

"জলপ্লাবনের প্রথম ছাই শত বংসর
পরে যথন পুনরার মন্থ্যা জাতিতে ধরা
পরিপূর্ণ ছাই জে লাগিল, তথন কালতিরাদাসিরা পাছে পুনরায় ঐকরপ জলপ্লাবনে
বিনষ্ট হর এই ভরে অর্থ্যে সাবধান হওরাই কর্ত্তব্য বিবেচনা করিয়া এক বৃহৎ
মন্দির নির্দ্মাণ করিতে আরম্ভ করেন,
কিন্তু বহুসংখ্যক লোকের কোলাহল
জন্য সকলেই পরস্পারের বোল বৃথিতে
পারিল না। অভএব সকলে বিবোল অর্থাৎ
পরস্পার উত্তর প্রত্যুক্তর দিতে জসমর্থ
হওয়াতে ঐ মন্দির সম্পূর্ণস্কপে সম্পর্ম
হইল না। সেই জ্বেধি সেই স্থানের
নাম বিবোল অথবা বিবলন হইল।"

এরপ অস্থানে তীক্ত বৃদ্ধি ও উদ্ভাবনী শক্তি প্রকাশ পাইতেছে সভ্য, কিন্তু বিনা প্রমাণে আমরা এরপ অন্তুমানের সভ্যতা স্বীকার করিতে পারি না।

বেদ-প্রকাশিকা বা ঋয়েদসং ছিতা।--ভাষা, সংক্রিপ্ত টীকা, বাঙ্গালা অহ্বাদ এবং বাঙ্গালা টাপপনীর সহিত প্রীরমানাথ সরস্বতী এম, এ কর্ত্তক বিশদী-কত, বৰ্ণখাত, ভাষাস্তরীকৃত ওপ্রকাশিত প্রথম খণ্ড। প্রাচীন আর্যাদিগের অভন कीर्डि अठे अकृत्ता। अडे अग्रवन कि कक-श्वीन क्रांस्मावक मन्ता এहे मन्नश्वीन दश কোন সময় সংরচিত হয়, ভাহা নির্বয় কৰা অসাধা। বোধ হয় ইহার কভক কলি প্রাচীন আর্যান্তিগের ভারতে আগমনের পূর্বে এবং কতকগুলি ভাছার পরে সঃর-िक हत । यांका कड़ेक केबालिएशंव अश्वहत्व কালের নির্ণর অসম্ভব হুটলেও, ইউরো-পীয় ভাষাতস্ত্রবিদেরা এক বাক্যে স্বীকার कंत्रिशाह्म (व थुः शृः हर्जुक्म मंजामीत्छ পরাশর-তনয় ব্যাসদেব তাহাদিগের সঙ্ক-धरे नकल मन रेखांपि नम करतम। (मवश्रातक छेटमान कतिया मित्रामिकामि स्विशनं कर्डक উচ्চातित इहेबाहिन। ध्रे সকল মন্ত্র পাঠ করিলে প্রাচীন আর্য্য-দিগের পুরাবৃত্ত, স্থুরীতি, নীতি, চরিত, সমাজবন্ধন এবং আচার বাবহার জ্ঞাত धारे समा अह e ওয়া যাইতে পারে। ঋগেদসংছিতার বাঙ্গালা অসুবাদ প্রচার একান্ত আবশাক। সরস্তী মহা-भग्न এই মহৎ खरा खाडी बहेगा वश्रवामी हिन्द्रभारवाहर कुछळा। जावन हरेबारहन मत्सर नारे। किन माधातरणत माहाया

বাতীত এরপ মহৎ ব্রতের উদাপেন অস-তব। এই জনা আমরা বঙ্গবাসী হিন্দু মাত্রকেই ইহার গ্রাহকশ্রেণীভূক্ত হইতে অমুরোধ করি। বাহারা গ্রাহক হইতে ইচ্ছা করেন ভাঁহারা যেন অবিলয়ে ২৩নং পটলভাঙ্গা স্থীট মূজাপুরে সরস্থতী মহা-শহের নিকট আপন আপন নাম ধামাদি প্রেরণ করেন। ঋ্থেদ বিষয়ে আমাদিগের অনেক বক্তব্য আছে, ইহার সমালোচন উপলক্ষেপরে আম্রা ভাহা বলিব।

রামায়ণ—মহর্ষি বাল্মীকি প্রণীত।
মূল সংস্কৃত হউতে শ্রীবাজক্ষণ রায় কর্তৃক
বাল্পালা পদো অফ্বাদিত। স্টীক।
কলিকাতা আল্বর্টে প্রেসে মুদ্রিত। মূল্য
১/০ চয় জানা।

মহাভারত — আদিপর্ক। মূল সংস্কৃত হটতে জ্ঞানিমাইচরণ দিংক কর্তৃক পদো অমুবাদিত। প্রীযুক্ত কুমার রাজেন্দ্র-নারায়ণ রাবের বিশেষ আমুকূল্যে প্রকা-শিত। ছগলী বুধোদয় যদ্ধে মুদ্রিত। মূল্য অগ্রিম, বাৎসরিক ৩ টাকা, প্রতি থকেব।/১০।

সংস্কৃত-সাহিত্য-ভাণ্ডারের ছই অমূল্য রত্ব রামায়ণ ও মহাভারত। পৃথিবীতে যে কয়থানি মহাকাব্য আছে, রামায়ণ ও মহাভারত ভাহার যে কোন থানিরও ष्यालका निकृष्टे नाइ जाहा देवानिक পঞ্চিতমগুলীই মুক্তকণ্ঠে স্বীকার করিয়া-আর্যাগণের সেই তই প্রকাণ্ড ছেন। কীর্ত্তিস্কল্পের পদামর প্রতিবিদ্বগ্রহণে রাজ-कृष्ध वर्ष ७ निमारे वावू श्रावृत्त हरेगा-ছেন। ইইাদিগের উভয়েরই অবস্থা নিছান্ত শোচনীয়। উভয়ে যেরপ গুরু-জর ব্রত গ্রহণ করিয়াছেন তাহার উদ্যা-পনে যে গুদ্ধ অসাধারণ কবিত্ব, অসামান্য পাণ্ডিতা ও অবিচলিত ধৈৰ্য্য চাই এরপ नरह ; माधाबर्गत छैरमाह छ धनिक ब्रेनिक विस्मय व्यथमाहाया हाहै। माधात्रत्व छे ९-সাছে ও ধনিকবুলের অর্থসাহায্যে তাঁহারা ষে ব'ঞ্চ হইবেন তদ্বিষয়ে আমাদিগের मत्नर यह । माथावर्गव उदमार अधिनक বুন্দের অর্থসাহায়ে বঞ্চিত ও নিরাশ হও য়ার পর ও তাঁহাদিগের ধৈষ্য যে কত দিন অবিচলিত থাকিবে বলিতে পারি না। আর অমুবাদে মূলের সৌন্দর্যা রক্ষা করা স্বভাব তই তুরুহ ব্যাপার, আবার ছন্দোবন্ধে সেই त्मीक र्या बका कता चात्र व केठिन। **चा**वाइ বাল্মীকি ও ব্যাদের আসাধারণ কবিছের ছায়া মাত্রও প্রতিবিশ্বিত ক্রাও বড় সহজ নহে। এই সকল কারণেই বলিভোটলাম যে রাজকৃষ্ণ বাবু ও নিমাই বাবুর অবস্থা অতি শোচনীয়। যাহা হউক আমরা অস্তরের সহিত প্রার্থনা করিতেছি তাঁহা-निश्तित এই উদার উদাম যেন সফল হয়, তাঁহাদিগের ধৈর্য্য যেন অবিচলিত থাকে. তাঁহারা যেন বাল্মীকি ও ব্যাদের কবিত্বের ভাবে অনুপ্রাণত ইন। অবিকল শাক ष्यस्वीत कथन काम प्रतिन में मक्त नाहे । তাঁহারা খেন অবিকল শাক অমুবাদের দিকে লক্ষ্য না রাখিয়া, যে গভীর ও উদার ভাবে সেই মহাপুক্ষদ্ম উन्मों निंछ दहेशा हिल्नन. (महे ভাবের প্রতিবিম্বনে যত্নপর হয়েন। ছন্দো বন্ধ নের চাতুর্ঘ্য বেন তাঁহাদিগের কবিতার এক মাত্র লক্ষ্য ও এক মাত্র প্রশংসার বিষয় না হয়। এই ছই প্রকাণ এছ আরক্ষাত্র হইয়াছে, এই জন্য আপাততঃ এই গ্রন্থর সম্বন্ধে আমরা কোন মতা मा धार्यकान करिनाम न।। 'रकदन कित्रभ প্রণালীতে ইহাদের অঞ্বাদ-কার্যা সম্পা-দিত হ এয়া উচিত তেলিবয়ে বন্ধভাবে হুট চারিটী উপদেশ দিয়া, এবং ধনিকরুদ্ধে s माधात्रण कमनारक च्यू वानक चरत्रत छे ९ माह वर्द्धनार्थे आंखीन कतियां आंधता निवृष्ठ इंहेनायें।

বিদ্যাপতি বিহ্লণ।

সংস্কৃত সাহিত্য-ভাণার মধ্যে কালি-দাস, ভারবি, ভবভূতি, প্রীংর্থ, প্রাছ্তি কৰিগণের নাম বছকাল হইতে श्रिक बहिबाट अवः डांशिमिश्व कांवा ও নাটকনিচন্ন একাল পর্যান্ত বিদ্যার্থীগণ জ্ঞজিশ্ব আগ্রহের সহিত পাঠ করিয়া বিদ্যা-क्तन क्रिंतिएडहिन : किस क्वियत विस्तर्गत नाम शक्क अप्तरकत कर्व-कृट्दा श्रातम करत नाहे। श्रीनक चानकातिकशरनतन গ্রন্থ মধ্যেও উল্লিখিত কবিনিচয়ের, কাব্য হইতে বহুল পরিমাণে উদাহরণ উদ্বত इहेशारह, किन्र जाहारज विस्तारगत विक्रमा-স্থানের চরিত মহাকাব্য হইতে কোন উদা-इत्र । डेक् छ इत्र नारे-धमन कि व्यत्नक মুগন্ধিত ব্যক্তি এই গ্রন্থের নাম পর্যাক্ত ও ভানিয়াছেন কি না স্বেছ। স্প্ৰুতি অশ্ল মীর ঝৈন ভাণ্ডার হইতে সংস্কৃত विमान-विभावम वृत्रात मत्रामम धक-পানি প্রাচীন হস্ত-লিখিত "বিক্রমান্ধদেব চরিত " প্রাপ্ত হইরা, ভাছাই বিশেষরূপে পরিদর্শনান্তর মুদ্রিত ও প্রচারিত করিয়া-তিনি এতাদৃশ যত্ন করিয়া প্রচার ना कतित्व किছू कांन शृद्ध छहात्र नाम পর্যাম্ভ সাহিত্যসংসার হইতে रहेछ। आमत्रा के मूक्तिल क्ष इ है एक क्वि-वृक्षांस निरम्न महलन क्विलाम।

" विक्लग-शकामिका" धरे नात्म ८० है।

कविछा-शूर्व धक्थांनि कुछ कांवा दकांन কোন স্থানে প্রচলিত আছে। কিছু সেই কবিতা গুলি চোর-কবিক্লত "চোর পঞ্চা শত" वनित्रा এতদেশে প্রসিদ্ধ । "विस्त्रान-পঞ্চাশিকায়' একটা ক্ষুদ্র পূর্বাপীঠিকা তাহা কোন আধুনিক পণ্ডিভের ভাহাতে লিখিত আছে, বিহলণ গুজরাটাধিপতি বীর্দিংছ-তুনয়া চক্রলেখা বা শশিলেখাকে বিদ্যা শিক্ষা দিতেন এবং পরে রাজকুমারী ভাঁহাকে গান্ধৰ্ক বিবাহ করেন। পরাজা এই গোপ-নীয় বিবাহ ব্যাপার অবগত হুইয়া এক কালে ক্রোধে অধীর হ'ওত বিহলণের শির-শ্ছেদনের অনুজ্ঞা প্রদান विस्तर वंश द्रुल नी अस्ट्रेल असे ''नका-শিকা" দারা স্বীর মনের ভাব ব্যক্ত করি-রাছিলেন। রাজা দৃত দারা এই কবিডা প্রাপ্ত হইয়া, পাঠাত্তে পরম স্থাই হওত विस्नात्वत्र ज्ञान मान कतित्रा हसारमश्रादक তাঁহার হত্তে সমর্পণ করেন। চোর-কবি সম্বন্ধেও এইরূপ গণ্প কবিবর ভারত **हेक विमाञ्चलदा शहर क**तिशास्त्र धवर श्रकान (मरम पहे गल्ला) जिन्न अवस्त প্রচলিত আছে। যাহা হউক এগুলি গম্পানাত্র, ইহাতে অণুমাত্র সভা নাই। বিশেষতঃ অনিহীলবারা পদ্তনের নুপতি বীরসিংছ বিহলণের একশন্ত বৎসর পূর্বের

(৯২০ খুটাবে) রাজ্য করিরাছিলেন, স্থতরাং ভাঁহার নাম উল্লিখিত গম্প মধ্যে প্রচারিত হওয়াতে সমুদার অলীক সপ্র-মাণ হইতেছে। এতন্তিম স্থকবি বিহলণ বিক্রমান্ত কাব্যে আপনার বে পরিচয় **बित्राट्डन, छारात्र यट्या "अक्षायिका"** काटवात्र छिरल्थ माज करत्रन नार्ट ; धवः ভিনি যে নানাঞ্গ-সম্পন্না নৃপতি-ভনয়া कतिबाहित्नम, अ विवस्त्रते अ বিবাছ উল্লেখ তাহাতে দেখিতে পাওয়া যায় না, কাজেই "পঞ্চাশিকা" # চোর কবি কৃত विनवा त्वांध हहें एक ए अवर हैनि विस्नव इहेट गुथक वाकि; त्महे कांत्रवह বিহুলণ সম্বন্ধে যে গল পূর্বে পীঠিকায় লিখিত আছে, ভাছাও সম্পূর্ণ মিখা সপ্রমাণ হটতেছে।

বিক্রমান্ধদেব-চরিতের শেষ (১৮শ সর্গে) কবিবর বিহুলণ শীর পরিচর

ভ' ভাল ধর পদ্ধতি' মধ্যে "পঞ্চালিকা''
বিহলণকত বলিরা উদ্ধৃত হইরাছে, কিন্তু
ইতার রচনার সহিত বিক্রমান্ত চরিত
কাব্যের রচনার কিছুমান্ত সৌনাদৃশা নাই।
বিশেষতঃ ভোজদেষ "সরস্বতী কণ্ঠাভরণে' "পঞ্চালিকা" ভইতে শ্লোক উদ্ধৃত
করিয়াছেন; কিন্তু তাহাতে বিক্রমান্ত চরিতের একটা শ্লোকও উদ্ধৃত হর নাই।
স্বতরাং ভালার প্রবর্তী চোর-কবিকৃত
"পঞ্চালিকা" তিনি উদ্ধৃত করিয়াতেন
এবং বিহলণ তাঁহার পরবর্তী কবি, এজনা
তাঁহার গ্রন্থের উদাহরণ ' সরস্বতী-কণ্ঠাভরণে প্রদত্ত হর নাই।

ভরণে প্রদত্ত হর নাই।

ভরণা প্রদত্ত হর নাই।

ভরণা প্রদ্ধান্ত বিক্রমান্ত চরিক্র নাই।

ভরণা প্রদত্ত হর নাই।

ভরণা প্রদ্বান্ত বিক্রমান্ত চরিক্র নাই।

ভরণা প্রদান্ত বিক্রমান্ত চরিক্র নাই

ভরণা প্রদান্ত বিক্রমান্ত বিক্রমান্ত চরিক্র নাই

ভরণা প্রদান্ত বিক্রমান্ত বিক্রমান্ত বিক্রমান্ত চরিক্র নাই

ভরণা প্রদান্ত বিক্রমান্ত বিক্রমান্ত চরিক্র নাই

ভরণা স্বান্ত বিক্রমান্ত বিক্রমান্ত চরিক্র নাই

বিক্রমান্ত বিক্রমান্ত বিক্রমান্ত বিক্রমান্ত চরিক্র নাই

ভরণা স্বান্ত বিক্রমান্ত বিক্র

প্রদান করিয়াছেন। এই সর্গের প্রারম্ভে কাশ্মীরদেশের প্রস্কৃতি, জল, গুল, ভূল, নদী (বিশেষত: বিভস্তা), পর্বতের ও উত্তম বর্ণন আছে। তাহাতে লিখিত আছে কাশ্মীর মধ্যে "প্রবর্গ নামক প্রীই শ্রেষ্ঠ; তৎপরে বিভস্তার পূণ্য সলিলের মধ্যোধারিত বর্ণিত হইয়াছে। কাশ্মীর লাদ্যাণা ভ্বিদ্যাধরী বলিরা সংস্কৃত ভাষা মাড্ভাষার স্যায় জানিত। যথা—

"যত্র স্ত্রীগামপি কিমপরং জন্মভাষের দেব। প্রভ্যাবাসং বিলসভি বচঃ সংস্কৃতং প্রাকৃতঞ্চ॥"

পুনরায় কবি কাশ্মীর রমণী সম্বন্ধে লিপিয়াছেন---

"দৃষ্টা যশিশ্বভিনয়কলা কৌশলং নাট-কেযু

স্বোক্ষীণাং মন্থাকরুণাসঙ্গদ ভালহারম্। রম্ভান্তস্তুং ভন্নতি লভতে চিত্রলেখা ম রেথামূ

ন্নং নাটো ভবতি চ চিরং নোর্কাশী গর্কাশীলা॥ "

व्यर्थाः त्व काणीत-क्र्माकीनित्रतं व्यक्त छक्नो त्वित्त तञ्चा नुकात्रिङ रून, िव-त्वचात्र त्वचात् थात्क ना, छेर्न्सभीत गर्व छ चर्च रुत्र।

ভিনি কাশ্বীরীর কাবোর অভ্যন্ত হথ্যাভি করিয়া বলিয়াছেন "বে ছান হইতে প্রক্লভি-হ্লন্স কাব্য ও কুদুম উৎ-পন্ন হইনা ক্লপভের বন্ধভ ও গ্রন্থ হইরা আছে" বথা—

"कांगः (यकाः श्राकृति-सूक्ष्मः मिर्गठः

कुष्टमकः। हात्तारकवीडविं व्यश्नकाः यद्यकः हृत् कि ॥ "

काजीरवट शामिक मोधनिहासूत गर्धा ভটারক মঠ, হলধর-নির্মিত অগ্রহার. (काम-(जीवीचरतत मन्तित, मः धाम-रक्ष মঠ. রাজ-প্রাসাদ প্রভৃত্তির এই সর্গে উল্লেখ আছে। विकास नगरवर वर्गन ভবিয়া উভিত্তি সমসামন্ত্রিক কাশ্রীবাধি-পতিগণের বিষয় লিপিবছ করিয়াছেন। প্রথমে কাশ্মীরের রাজা অনস্ত দেবের विषय निश्चित्रांट्या । अनुस्तान त्रांभवः-শীয়। ভিনি অসীম পরাক্রম প্রভাবে দারদ ও শকগণকে দমন করিয়া গলার ভীর পর্যাক্ত युक्त गांवा कतियाहित्मन अवः हच्ना, मर्छ-ভিসর, ত্রিগর্ডে সীয় শাসন-প্রণালী স্থাপন করেন। ভাঁছার রাজীর নাম সভট। ইনি অতি পুণাশীলা ছিলেন। ভাঁহার মারা একটা বিদ্যালয় ও বিভস্তার ভীরে निय-मनित खिडिछ इहेमां किन। बास्ती-ভ্রান্তা লোহয়াখণ্ডল বা ক্ষিতিপতি ক্ষত্রিয় মধ্যে অতি তেজনী এবং ভোজের নাার .সুপণ্ডিভ ছিলেন। তিনি বিষ্ণুভক্ত ছিলেন **এवः मर्ज्यमा टेक्क वर्गमः श्रामा शक्टिवष्टिक** থাকিতেন।

নৃপতি জনস্ক দেবের ওরসে ও রাজী স্তত্তির গর্জে কলপুরাজ জন্মগ্রহণ করেন। তিনি শৌর্যাবীর্যাশালী নৃপতি ছিলেন এবং জয়পীড়ের ন্যায় কাশ্মীর-মঙলে খ্যাড হইরা কুরুক্তের পর্যান্ত শীর অধি-কার বিস্তার করিয়াছিলেন। ভাঁহার হর্ব, উৎকর্ষ: ও বিজয়বল্প নামক নানাগুণ-সম্পার তিন পুত্র ছিল। ভাষার মধ্যে হর্বদেব বীরক্ষে পিতার সদৃশ এবং কবিদ্ধে শ্রীহর্বকে-ও পরাভব করিয়াছিলেন। যথা—

" अध्वान भाषिक कवि छ। दक्षीन इर्व-(मव: 1)" डाँशंत लाजा डेंश्कर्स (मन ক্ষিভিপতির লোহার রাজ্য খীর শাসনা-थीरन व्यानमन कतिमा, मृत्रष्ट सिष्ट बायारक পরাভূত করিয়াছিলেন ৷ ইহাঁরা সকলেই প্রবর পুরের রাজসিংহাসনে আসীন हिल्ला । এই क्रम का भी व ना कार नव विषय वर्गन कविता विकल्पण जाशनात वर्ण विवदन লিখিয়াছেন। তিনি লিখিয়াছেন প্রবর-शूरतत हुई रकां में पृरत 'बाबवन' नारम এक স্থান আছে। এক্সানে নাগরাজ ভক্ষকের এক কুও ছিল। তৎস্ত্ৰিকটে 'খোলমুখ' নামক গ্রাম আছে, ভাহাতে প্রচুর পরি-मार्ण कुकूम ও जाका উৎপन्न इहेन्रा थारक। এই প্রামে কৌশিক গোত্রে মুক্তিকলশ নাষক এক মহাত্মা অগ্নগ্ৰহণ করেন। তিনি সারস্বত ব্রাহ্মণ ছিলেন। ভাঁহার পুত্র রাজ-কলশ জগৎমানা মহা ভাষ্যের বাশা প্রস্তুত করিয়াছিলেন। অসংখা ছাত্র ছিল। ইছার স্ত্রীর নাম नागामवी. छांहाबरे गट्ड विस्मार्गत समा हत्र। विस्नान (मय, (वमान, भयां भाषा अ সাহিত্যে বিশেষরূপে শিক্ষিত ছইক্সা-ছিলেন। তিনি স্বীয় বিদ্যা সম্বন্ধে এইরূপ मर्भ ध्वकाण कत्रिवाटकन-

সাঙ্গো বেদঃ ফণিপ্তিদৃশা শব্দশাল্তে বিচারঃ।

প্রাণা যস্য প্রবণস্থলা সাচ সাহিত্যবিদ্যা।

কোবাশক্তঃ পরিগণন্নিতৃং শ্রুরতাং ভচ্চমেত। প্রক্রাদর্শী কিমিতি বিমঙ্গে নাম্নসংক্রাস্ত-মাসীৎ॥"

विस्मन विमा भिकात शत नानारमभ পরিভ্রমণ করত বছ দর্শন লাভের জন্য গ্রহ পরিত্যাগ করিয়াছিলেন। ইংলেও যুবকগণ যেক্সপ বিশ্ববিদ্যালয় হইতে পরী-कात्र छेडीर्न इटेग्न शीम, देवानी, ७ करे-জরলও, পরিভ্রমণ করত প্রাচীন কীর্ত্তি তথা সভাবের মনোছর শোভা সন্দর্শনে. मनरक डेन्नड कतिरङ (हड्डी करतन . এड-দেশেও পূর্বে পণ্ডিতগণ চতুম্পাটী পরি-खाांश कतिया विकास ध्रीयव दृष्टि खना নানা রাজ্য পরিভ্রমণ ক্রিতেন-ও বিবিধ অনপদের আচার বাবহার অবগত হট্মা বচ দর্শন লাভ করিতেন। শ্রীহর্ষচরিত গাঠে অবগত হওয়া যায় কবি বাণভট্ট धनाम वाकि हरेबाड (कवन वहडाजा লাভের জনা বিদ্যা শিক্ষার পর নানা রাজ্য ও অনেক রাজ-সভার গমন করিয়া-ছিলেন। বিহলণ সেইরপ আপনার স্থান-য়কে উল্লভ করিবার মানসে কাম্মীর পরি-ভাগে করিয়া প্রথমে মথুরা, কান্যকুজ প্রায়াগ ও বারাণসী গমন করেন। এই সময়ে ডাইার কুর্বাজের সহিত সাক্ষাৎ হয়, এবং ভাইার রাজ-সভার কিছুকাল অবস্থিতি করিয়া সভাপত্তিত গ্রাধরকে বিচারে পরাস্ত করিয়াছিলেন। কর্ণবাজার মাশ্রে থাকিয়াই তিনি 'রামস্ততি' গ্রন্থ व्रवना करवन व्यवः व्यष्टे शानिहे छाडाँद প্রথম রচনা-কুমুম।

. विकान कर्गबादम्ब निक्रे स्ट्रेट्ड विमान হইয়া ধারাধিপ ভোত্তরাজের সহিত সংক্ষাৎ कतिए हेन्द्रा कतियाहित्नन : किन्त कान देनव इर्बिशांक वण्डः छाष्ट्रांत मानम मकन रव नारे। अरे एकाम मत्रचलीकर्शास्त्रव-প্রণেডা ভোজরাজ নছেন, ভিনি বিজ্ঞা ণের অনেক পূর্বে বর্তমান ছিলেন। বিহলণ অনিহীলবারা পত্তনে গমন করিয়া তথাকার লোকদিগের আচার বাবছার ও ভাষার বিশেষ निन्ता कतिबाद्धन। গোমনাথ পত্তনে গমন করিয়া ভক্তি-সহকারে মহাদেবের মূর্ত্তি উপাসনা করি-য়াছিলেন, এবং তথা হইতে, কভিপন্ন निक्रे वर्षी आंत्र मन्तर्भन क्रिया (म्ब्रू दक्ष ब्रारमध्य छीर्थ भगन करवन । ६ अहेक्स्प ভারতবর্ষের অনেক প্রসিদ্ধ স্থানে এমণ করিয়া অবশেষে বিক্রমের कन्यान नगरत ्रिकांगमन कत्रिवाहित्नन, व्यवः वह शात्रह शक्तित्रह छाडाँत विमान পরিমা উতরোত্তর বৃদ্ধি পাইরাছিল। কল্যাণ রাজধানীভে জিডুবনমন্ন বিজ্ঞমা-मिट्डात चाल्यत श्रेडाहात कीवरनत (चर-कान ऋजियाहिख इत्र। खाँहाँदक हानुका-वाक जिल्लानमा विक्रमानिका 'विनान পত্তি' থাডি প্রদান করিয়াছিলেন। यथा-

"চালুকে**স্কস্তাদণভ**তকৃতী বো**ংত্র** বিদ্যা-পতিত্বম্।"

এই নৃণতিই পুনরার পার্মাড় নামে রাজভরদিনীতে উল্লিখিত হইবাছেন। রাজভরন্ধিনীতে বিহুলণ সম্বন্ধে এইন্দর্শ লিখিত আছে। বথা—

"টুকাখীবেড়ো বিনিৰ্বাস্তং রাজ্যে কলশ-

বিদ্যাপতিং বংকণটিশ্চক্রেপর্নাড়িভ্পতিঃ ।
প্রসর্পতঃ করটিভিঃ কণা টকট কান্তরং।
রাজ্যোগ্রে দদৃশে তুক্তং বলৈয়বাডপ্রারণম্ ॥
ভ্যাগিনংহর্বদেবং স শ্রম্মা স্ক্রবিবাদ্ধরং।
বিজ্ঞাণো বঞ্চনাং মেনে বিভৃতিংভারভান্মণিঃ ॥ "

অধীৎ কলশথাজের রাজ্যে গমনার্থ কাল্মীর হইডে নির্গত হইলে, কর্ণটি গার্মীজিরাজ বাঁছাকে বিদ্যাপতি করিয়া-ছিলেন; কর্ণাট সৈন্যের মধ্যে গমনকারী রাজার সন্মুখে বাতার আতপত্ত দৃষ্ট হইয়া-ছিল;

সেই বিহলণ কবিবাদ্ধব হর্ষদেবকে ভ্যাপথলী প্রবণ করিয়া আপনার ভাবৎ জ্বর্ষাকে বিভ্যনা মনে করিলেন।

বিত্বন-মরদেব ফল্যাণের সিংহাসনে
১০৭৬ হইতে ১১২৭ খৃষ্টাব্দ পর্যান্ত উপবিষ্ট
ছিলেন, ছডরাং বিহলণও এই সময় মধ্যে
ভারতবর্গে বর্জমান ছিলেন, স্থিন হইতেছে। পুনরাম বিহলণ ক্ষরং লিখিয়াছেন কাম্মীরাধিপতি অনম্ভ ও ফল্ল উডরেই ভাইার-সমসাম্বিক।

বাৰতরঙ্গিনীতে কিবিত আছে অনত্ত ৩৫ বংসর রাজ্য করিয়া জীহার পুঞ কল-শকে সাক্ষাভিবিক্ত করত তোঁহার সহিত এক বোগে পুনরার গঞ্চদশ বর্থ রাজ্য করিয়াছিলেন; তংপরে কল্যের অব্দ্রু রিত্রতা প্রবৃক্ত বিরক্ত হইরা ছই বৎসর
ও মাস বিজয়-কেত্রে বাস করের। অবক্রেন নিদারণ কট সহা করিরা আত্মহত্যা
সম্পাদন করিরাছিলেন।" স্বামীর মৃত্যু
সন্বাদে স্থামতী বা স্তত অলস্ত চিভার
আত্ম সমর্পণ করত বৈধবা যন্ত্রণা হঠতে
মৃক্ত হইরাছিলেন। জেনেরেল কণিংহাম
সাহেব কহেন ১০৮০ খৃষ্টাব্দে অন্তদেষ
আত্মহত্যা সম্পাদন করেন এবং ভাঁহার
প্র কল্পরাজ ১০৮৮ খৃষ্টাব্দ পর্যাক্ত রাজ্য
শাসন করিরাছিলেন।

বিদ্যাপতি বিহলণ তাঁহার আগ্রন্থ পাদপ চালুক্য-বংশীয় কঁণাট-রাজের (বিক্রেম) সম্ভোষের জন্য ভচ্চরিক্ত 'বিক্রমান্দেব চরিত্ত' রচনা করিয়াছিলেন বধা—

"তেন প্রীতরে বিরচিতমিদং কাব্য-মব্যাজকান্তং। কর্ণাটেন্দোর্জগতি বিশ্ববাং কণ্ঠভূবাদ্বসভূ॥"

পণ্ডিতবর ব্লার সাঁহেব অক্ষান
করেন এই কাব্য ১০৮৫ খৃষ্টাব্দে রচিড
হইরাছে, ভাছা হইলে বিহলণের প্রাচীন
বয়সে এই কাবা লিখিত হয়।

বিজ্ঞমাদদেব চরিত কাবোর প্রথম সর্গে চালুকা বা চৌলুকা বংশের বিবরণ বিবরত হইরাছে; ভাহাতে লিখিত আছে একার চুলুক অর্কাং আচমনীর কল-পঞ্জ ম হইতে এক বীরপুক্ষ কল্পিরাছিলেন। দেব-ভার হিভের কনাই একা ইন্থাকে স্কন করেন। বথা—

ূৰণ পৰা চিৰাসীৎ স্বভটন্তিলোকনাৰ-প্ৰাৰীন শুলুকাৎ বিগ্লাভঃ।" क्रांत वर्ष-श्वाणको शृथिवीरण वृक्षि ध्येख इरेण। এर वर्रण होतीण ध्यकृष्टि महाचा सम्बद्धाः वर्षन ।

তৎপরে মালব্য। ইনি অসাধারণ রাঝা চিলেন।

ভাছার নাগরথঞ (গুজরাট) রাজধানী ভিল । যথা----

"চক্রপদং নারারখণ্ড চুম্বি পুগজমারাং দিশি দক্ষিণভাষ্।"

करम मानारवात अभक्षम बः । श्री-देखनाथ समा शहन करतन । हेनिहे हानुका **हिला। अल्डर भारत हे हैं वि अर्क्तिक व-क्रांक** गिश्कांत्रत्न अंबिश्क (मेर्च छेशविष्ठ क्रेबा-हिल्लन हेर्गत शुक्त, आह्व यहाराव, कीशंत अभव मात्र देखांका महात्रव। कविचा वेटाँटक विजीव "वाम" विनवा कीर्खन कतिशास्त्रन। हैनि महिबीद नहिस्क পত্ৰ-কামনায় তপ্সা कविश्वाहित्सम् । धकविन देवन-वांगी इहेन " हुनूका-त्रांख !" चात्र ध्यम कतिए हहेरव मा। कर्रम उप পরিভাগে কর অভিনে প্রান্থ দেখিতে পাইবে '' তৎপরে তাঁহার পুত্র জ্বিদ। ইছার নাম সোহদেব রাখিলেল । কিছু কাল পৰে দিভীৰ পুত্ৰ জন্মিলে, জাভার নাম विक्रम (सव वश्विरणम । वासक कारणवे देशेष व्योध ममर्गरम, प्रांका ७ श्रुताहिष छीहात विक्रमाणिका वा विकास मान क्षमान क्षत्रित्मन । देशमा विषय विषय विषय ষাৰ্যদেৰ চরিতে কীৰ্ষিত ছইলাছে। এই यहांकाया बडीएम मर्स मण्यूनी हरात्र

कांति— जुडीरत निश्चित छ स्तीवताका हेकांनि क्रांत्म वर्षिक हहेतार्क् । अहे कांट्या टैनवर्षक जाात शविन्ताम हुई इत्र अवर हेशांत्र चारशाशांख तहनात्र अहंकांत्र विजन्म कविष् श्रेकांम कतित्रां एकत । हेहा टेबककी शैक्टिक तहिक।

''मोर्क पत भक्कि" मत्या विक्रमाण्डल व हिन्न हरेल ध्यमान केक् क वरेन्नाटक । स्थानिक स्थादक करहन, नार्क ध्रेत रुख्-स्थानिक वर्षमान हिर्मिन ।

বিদ্যাপতি বিহুলবের কালিলাসের ন্যায় সন্তানয়তা ছিল লা; তিনি আপনার কবিষ্ট সহজে, আনেক গর্জোন্ডি করিয়া-ছেন। বধা---

"সহপ্রদাঃ সন্ধ বিশাহদানাং বৈদত লীলানিধয়ং প্রবন্ধাঃ। ভথাপি বৈচিত্তারহুসালৃক্ষাঃ শ্রহাং বিধাসান্তি সচেত্তসোহত ॥'' অর্থাৎ রামিও নিপুল ব্যক্তিসিগের বৈদত্ত

অথাৎ রাম্ব নিপুণ ব্যক্তাদগের বৈষ্ণ্ড (রীতি বিশেষ) শীলার আচার স্থানপ অনেক প্রবন্ধ আছে, তাহা থাকিলেও বাহাদের চিক্ত আছে এবং বাহার। রবস্য-লুক্ত, ভাঁহাদিগকে আমার এই এছে অবশা এছা ক্রিক্তে হইলে।

- ं श्रीवडांच-
- " রসধ্বনেরধাসি বে চরস্তি সংক্রান্তরক্রোক্তিরহসারুছাঃ।
- তেইশং প্রস্থানবধারণত্ত কর্মজ খেলা: শুক্রবাজাপার্ন

ন্যায় সকল সমন্ত্রে ও সকল অবস্থার উপযোগী গান আশনি বিরচন করিলা গাছি
ভেছেন, যথন দেখি তিনি ছংগিনীর দৃতী

्रेक हैं के वांक्रावित कि क्षेत्र कांक भूवी कृषि श्रमक क्षेत्र श्रमक क्षेत्र कांक्र भारतन कि मां जरनाह है जिल्ला

হট্যা নাহসভবে সর্বস্থানে গিয়া কার্যা-সিছি ক্রিয়া আসিভেছেন, তথন তাঁছার শ্রীরে ভিথাবিগীর অংশকা অনেক গুণ উচ্চতর ধর্মের সমাহবল দেখি। त्रितिकाश वंत्रत्यक लाद्य विशयाः वर्षाश्रवा, त्रथना सम्बो । काहार व्यावक्रका क्रियातिभीत स्मात । किस शिविकांका वक्तमाराय शामा जियातिनीय माप्त अम ही नरहन। এই थान তাঁহার রক্তিরতা, রসিকভা ও চঞ্চলতা সভলট শোদ্ধা পাইয়াছে। তাঁহাকে विवासिकी देखालका के फेक्सरम जुल-सांटड-१ व्यावाद यथम (मथि त्रिविकादा সন্ধ্রমতার সহিত হেমচন্ত্রের দৃতী হটরা यंनानिनीय नपान चानिया निया उाहाटक कुकी कतिरमञ् । यथन । जिनिः कः थ्यत इ:बिनी इटेबा गृहवाक शतिलाग कतिबा मुनानिनीत निष्ठ (मान क्षान किविटक नानिरनम, मुनानिमीरक, मासमा निर्व मानिरमन, मुंगानिनीत महिन (वम्हासन् विजय मध्य क्या कड अभगान ७ कडे श्रीकात कतिलन, खधन कि आत उाहात्क সামানা ভিথারিণী বলিয়া প্রতীতি করে গ क्थन छाहारक कि अक त्रमनेत्र बनिया त्वांचा इरेटक बादक ना १ तितिकाजा हानिनीय गहारी, त्यामिनन व नावित हुडी बादः कुकामिनी । किशादिशी (बर्ग नवनास्माती वर्गनीवस् ।

আধবীও ভাগিতের জগরে প্রথমগহরী বিভয়ণ করিয়া সাখনা লাল করিছেন। বিভাগিনির পর্মাধনাভরতা বিস্থিয়ায়া অপিকা অধিকতন্ত্ব া মাধবী বিনোদের

ष्पानात्म अवः देनात्मत्र घक्ककृरण त्यन वर्गीय मृषीय नाम महमा छेनि छ। स्टेमा-ছিলেন। লৈলের প্রতি তাঁহার মুমতা ও नशङ्कि प्रिंग त्यां इत्र (यन डाँश्रेत ত্তপে পশুপন্ধীও একদিন ডাঁহার বদী-**छुछ रहेश थाटक । जिनि टेम्प्टाब छ**३८थ क्रांबिनी हहेता व्यानविन्नव्यन मिट्ड व मञ्ज करेबाहित्सन । देशतात তাহার মেহময় ও কাত্রতার কথাবার্ত্তা স্থনিলে অমুমান হয় ডিনি বেন পৃথিবীভে (करण भष्ठः श्राहत्नत्र कनारे वामा शर्भ করিয়াছিলেন: তাঁছার জীবনের আর দিতীয় উর্দেশ্য ছিল না। কোন স্থারবালা উवानिनीरवर्म राम এই পृथिवीत इ:थ-মোচনের জন্য ভ্রমণ করিতেছেন। তিনি महे अक्रकातानारत रेमालव भार्ष नियाः (ययन इ: थिनी इरेबाছिलन, ममुनाय পূর্বী ঘুরিয়াও সে ক্লপ ছ:খিনী হয়েন ना े अधिवीटक त्यव किनि निमासात्रात नाम (वज़ारेटिक्टिनन। (नरे अक्रकृर्भ र्निक्वन प्रःथकात्रागारत रेणरमव भार्ष बित्राः ভावित्वन, शृथिवीत मधा तिहे ठांहात्र मनामण द्वान। नभूनात्र शृथिवी তাঁহাকে ছঃখিনী করিতে পারে নাই। শৈলের সহিত মিলিভ 🛊 হইয়া मुक्तित सना छिनि किहमाल छेमानिनी क्षेत्रम् मा । शिविकाया अञ्चल धनाविध बावहांत्र कविष्ठम । क्सि मांधवीत साम्ब बनाक्रम । इःव हरेटछ अट्यवाटन मुख्य क्ता गांधवीत कावा नरहीं वांधवी विरक् व्यनाथिनी व्यष्टाभिनी हिरमन।

हाकिट के बाहा वह स्वतंति वहांति-নীর ফাছে পিরা চিরক্তর জদরের স্বাধ एतन करवन । शुथिरीत सर्थ डांहात जामा हिम न। प्रिवीर छाएथ जिल इःविनी ্ছ**ইডেই প্রথবোধ ক্**রিভেন। खता सम्बीक्रव काविया है दे छाठा निवि-व्यक्ति थावर्णन कविशास्त्र । किस शि-विषायांत्र क्षप्रवाशी निकत्र वाशी विजया (वांध हरू. (म बाथा जननीज कडेवाव कार् केवन टाटर। मध्यीत कानमयाकः चडड़ शकार । तम वाथा चर्मनीक क्षेत्रक हारक ना, किस हिनकान (शावित इहेटल চাবে: বেৰ পরত্বং কাভরতা পৃথিবীর **टकान क्षमुना धन। माध्यीक्रमदात्र व्हे** वित्मव क्षत्रकात छाव दम्बित्रा कैशिक निविधायां जारनेका त्वांत्रेज्य विनद्द ? साधवी चामित्रा टैनंटमत निक्र পরিচর দিলের "আমি অনাথিনী, ভোয়ার वक् बक्रांतिनी, बामान बान (कर राष्ट्रि) णावि धकाकिनी" रेमन क्रायरत बिनन, 'ব্ৰেছি, ভোৰাৰ কেছ থাকিলে ভোষাৰ क्ति भूषात्म जानिए नित्न, कृषिहे वा কেনু আয়িৰে: অনাধিনী না ছইলে কেন श्रमाथिनीत हु:थ श्रातिरथ १० स्थानाव (एयून बांधवी अक्सरण बनिरक्ट "कृषि अका हिर्ण अभन चामना प्रदेशमा स्टेशांग, जार जामाध्य पानुना कि १ भ्रामान क्रिकेटन केन्द्रक पुत्रांत् अक्टब ब्राजितः बक्टब नद व विव, अकृत्य हान्ति, अकृत्य केलिय. win minican we for get beim mann

थाक्रिय ? चाराव क्रमाडे कि अधारव থাকিতে আদিয়াছ ? এত মন্তাৰ শৰীৰ ? जुनि कि जात वारक जा १^थ वास्ती के स्थ করিলেন ''এ জন্ম বহে া আৰি কোথায় বাব ? আয়ার কে আছে ? বতকাল ভূমি এখানে থাছিবে, ভডজাল আন্তিও এখানে शोकिय ।90

मांथवी क्रमास अकि समात सांच। পিরিভায়া ভ একলা মুণালিকীকে ভালার शृद्ध धवाकियो विक्रांत्रिवीक्कर्म भावेगाः ভিলেন। গিরিভারাও ত মুণালিফীয় পার্ডে वित्रा जातक दिन छैं। होत है: (व क्षेत्र) ত ইয়াছিলেন। কিন্তু, থিবিজাদার ভেটা युगानिबीदक सूची कतिया निर्व सूचिनी रतान । याथवी निरमय ग्रयत्यममा वृ विद्या विकृष्टि । मध्यीत यक व्याप क्षमा ভাবের বিকাশ এ পৃথিবীকে অভি স্বহল্প ভা **চির্দিনের জনা কাহারও ক্রথে ছংথিকী** इटेडि च्रथाबाव दश्वां सम्बो-सम्बक्त चुक्क विमास एवे स्व । रेम्हनस नार्थ वरेट करेवा सारेवात बना नवानी वानिया रथन माध्यीद्व नीवा क्रिक नानिन, उपकारको अस्ति अस्ति । बाद्ध व विश्वन लगायां क्रिकेनिक वर्रेण र व्यक्त वापरीरक कि अवसे नवस्य जामवृत्री ए:बिसी बिनाम द्राप **एटेंड**ी खादांड नारा । धरे श्रम्बः जनायान । वापनीय (क्यम स्वर्कात्रः किया व्यवस्था श्रीकारह----रियम बारमका बोबडी आह मान जारे वरमञ्ज्यातिक अस्तिः हेनलः कीवाकीः "करन नि क्रमि साराज गरम और आरमके वापनी सेनव प्रसानी है जेनव अ

श्रामिट्ड (क्या माहेड मा. माथवी क्यम হাসিভাভা থাকিত নাৰ বাৰবী কথন উচ্চ হাসি হাসিত না অথচ সতত शंत्रिक: सिंहे कथात बकार मुच्छाकि কিছ সে ব্রুদ্ধ নিকটছ বোডানিগের শ্বধপ্ৰতি চাহিয়া হাসিত। আবার যথন অপ্ৰতিত কি লক্ষিত কট্যা হাসিত তথন मुखिकात क्षणि हास्ति। सांपरीय पाटा-তিকের ছাকি জার তাহার তঃধের কারা थांव धक्वेञ्चल दावावेक : वांत्रिएएक कि कैं।बिटकद्रह महत्व छाहा बुवा बाहेक ना । ज्यामारक बिना अर्थत गर्रामत निमित्र **डाहांत्र क्रमात्मक होति द्यांथ हहेछ।** আৰাম কথান কথান ভাহার মুখ আরক্ত स्टेफ । खरमरण निवन्ति, नामाट्य धर्म. अंक्रक्ता त्वथा बाहेक। देगरमा 'अनकम किह्न किन ना: रेनरनत पृष्टि नर्जामारे ভীত্র বোধ হইত। মাধ্বীর নয়ন খভাবত ভীকা, কেব- তাহার চকু প্রতি দৃষ্টিপাত क्षित्य महत्रभूष्य नामिश्रो एः क्रनीर हक् দিপ্তকে আচ্ছাদিত করিত।" উল্লাসনী পিঞ্জিলারার প্রকল্পতা অনাবিধ চিল। निविचाता नम्बल्डे उन्निया । शिविचारा ष्ट्रांसः प्रवित्राकः शक्तिते नगत्र •शक्तिक बरेबा छेश्रद छानिया छानिया विवादगादक श्रांतिएक अविद्यान । विविधान कृत्यन पति वाति असमित्यन । अवस्थानः समस्य द्यवर्गक क्ष्य व्याद्यक्षः द्यावे क्षयः मधाराहे Bellen were to the grant yet निमेत्र-नाव्यःमानित्रा वः अप्रवतीतः नविष

यहत्व प्रवास क्विर्डम। व्यापनात मर्टन प्रायद्य मर्ट्स मर्था क्वेड शीठ शिक्षित्र (वक्रावेड ने एक्सी क्वेड जाराटक छाराटक व्याप्त क्षी किर्देश केविर व्याप्त क्षी किर्देश केविर केविर

সরলা নাধবী বনদেবীর ন্যায় বনে বনে বেড়াইভেন। তির্নি প্রকৃতির সৌল্বা, ও মাধুর্য্যে মোহিত হইভেন। মাপুর্গলকৈত হইলে ''নভম্থে জীবং হারি, নিংহাসিতে মাধবীলভার নবপত্র কোনল অজুলির ঘারা ক্রিক করিবা দাঁলিছারা থাকিতেন।'' কবল উপবনে কডকগুলি লভাপুলা হতে দাঁজাইরা আহেন।" বেন সরলভা ও ধীরজা বন্দেবীবেশে লোকলোচন মোহিত করিতে আসিয়াছেন। কং সারের চললভা ও চাড়ুরী সাধবী জানিতেন না। তাঁহার অলাংসারিক সরলভাব এককা কলেত স্বর্থ অলাংসারিক সরলভাব এককা কলেত স্বর্থ অলাংসারিক সরলভাব এককা কলেত স্বর্থ অলাংসারিক সরলভাব এককা কলেত

शिविकाया देशाय मान्सूर्ग विश्वतीय । शिविकाया नरमारवय अवस्वरम विशक्त

विशक्ष सानित्त । ভিনি চভুরকে 🛭 চাত্রালিতে পরাশ্ব করিতেন। ভাষার প্রগলভতা, প্রকৃত্বতা, ও চাতৃরী, সজ্জাকে ছরণ করিয়াছিল। বন্য সরলভা পিরি-জারাতে নাই। গিরিজারার লক্ষা হাসি ও সমুদার ভাবে সাংসারিক ভাব পরিদৃষ্ট হইত। গিরিজারা যদি কবন লক্ষিত ছটতেন, সেইলক্ষা সংসারিণীর সলজভা। **डाहारिक बाना कांवर्शी क्षिक बार्क ! डाहा याधवीत नत्रनं नव्डा हरेएड गण्युर्ग** বিভিন্ন। পিরিজায়ার চঞ্চলভা, রসিকভা ও প্রফুরভার সংসারিণীর ভাব উপলিরা लेखिड। याधवीत शीत्रका, भंतकः धर्वत -রতা এবং সলজ্জ ভাবে সরলভা প্রচ্ছন্ন ছারে দেখা যাইত। গিরিকারা ক্রিস্থম-শোভিত, ঈষং-বায়ু-কম্পিত, হাসাযুতা छेमानः नाक्ति नका। माधवी, नवकिमनम भाषिण, भवना मत्नागविनी वनामुनिक्श धक्कन हिखाक ध्रीन्ड करते. अनासन मनत्क त्याहिल केंग्रिया त्राय। अक्षानत शोनार्था पर्काटक দেখিতে পার: অনাজনের প্রতি হির-নমনে চাহিয়া থাকিলে তবে ভাহার

সৌন্ধ্য দেখিয়া ক্ৰমে মন স্বোছিড' ছইতে श्रीटक ।

व्यायवा माधवी । त्रितिकाचाव किल चंदनकम्ब जननाम श्रामनिन कतियां (पथा-केमांव। अम्पर्भ त्वांश कृत अहै कहें किटकत বিশেষ ভাষ সকল অনেক পরিক ট ভইয়া थाकित। माधवी कर्श्रमालांत धकथानि क्ष हिंव बर्छ, किन्द्र वह नामाना हिंव প্রস্থকে শোভিও করিয়াছে। আমরা গ্রন্থের শেষভাগে ষেমন অপরাপর टिख्व वर्शन पिथिया विशापिक वहें. মাধবীর চিক্ত দেখিয়া তেমনি আনন্দিত उठेट अकि । अना छलि विवर्ष इहेश চিত্র-ভূমিতে মিশাইয়া যাইভেছে, মাধ্বী क्रमनः উखनवर्ग উद्धानित हरेशा छेहि-তেছে। মাধবীর রূপ-মাধুরী ক্রমে মনো-মন্দির অধিকার করিতে লাগিল। বিনো-**(मंद्र काम-भार्य), मंख दे श्राकां छ** গৌরব এবং সন্ত্যাসীর কঠোরতা जुनिया यारेट जानिनाम। अवेदा है हा-निरगत लार्ष माधवी स्वीमर्कि वनित्रा প্ৰভাসিত হটতে লাগিল।

প্রিপুর্ব বসু।

সেনবংশীয় নুপতিগণের জ্বাতি নিরূপণ।

(পুর্ব্ব প্রকাশিতের পর।)

বছলিবস পড় ভুইল বাখরগঞ वकरण बाबा रकनव (मन-ध्यन्छ क्षक थिक প্ৰাক্তৰ ফলক e পাওয়া নিবাছে। ভাষাতে

Prinsep's Indian

ৰাৎসাগোতীয় ঈশ্বর দৈবল্যা নামক একজন ব্ৰহ্মণকে বাঞ্চলি, বৈভ্ৰাটা ও উদ্যুদ্ধ নামক তিনখানা গ্রাম বিদ্ उन क्रतिया एक अवान क्या किया चाटह । Antiquities Vol II. P. 272. पश्चाल वज्ञान त्मालक नेपदक व्ययन

বিশেষ কিছু গিখিত নাই কিছু অক্ছানে কেবল এট মাত্ৰ লিখা আছে যে তিনি रहकान महाशायक छश्मा कविता मना সেনের মত খণলিবি পুত্র প্রাপ্ত হটমা-हिल्म। (मनवः नीम नुमंदिशन कान् ৰাতীয় ছিলেন ভাহা উহাতে স্পষ্টভাবে किष्ट्रे निया नारे। क्विन शादन २ जाहा-षिश्रीक "मझ श्रीर्फ्षत्र" विद्या निश हरेबारक। धरे "भक्त और ज्वारवर" व्यर्थ खिरकाल मारहत कहे खकात कति-शिष्ट्रन । शिष्य वित महत्र मृत्याद 'भी , डामरा रम डाहा हहेता छेहा (मन ताका-मिरमेर खरणत भतिनात्रक। আবে যদি "শঙ্কর" শঙ্কের 'স' দস্তা হয় তাহা হইলে डेश (जनवः भीत्र ताकाता (व नकत (मित्र) জাতীর ছিলেন তাহার এক প্রমাণ। ক্রিন্সেপ সাহেব বোধ হর এই সিদ্ধান্ত ও मिणीय धार्वाम व्यवस्थन कत्रियारे (मन-अश्मीत त्रांकांविभटक देवनाकां कीत्र विनया निश्वा निश्वाद्या

৯। পূর্ব-ক্ষিত প্রস্তর ধণ্ডের ন্যায়
অনেক কাল অতীত হইল স্থান্তর বনে
লক্ষণ দেন প্রাদত্ত আর একখণ্ড তাত্রশাসন • পাওয়া গিরাছে। ডাহাতে লক্ষ্ণী
সেন কোন্ বংশীয় রাজা এবং তিনি কোন্

্র^ক্রামগ্রি ন্যার্রছের বল ভাবার ইতিরজ দেখ কুলে জন্ম প্রহণ করিন্নছিলেন ভংসক্ষের এবং তাঁহার পিড়া ও পিড়ামহের নাম লিখা আছে। আবার রাজনাহী অঞ্চলেও এই প্রকার প্রাচীন এক প্রস্তর খণ্ড গ পাঞ্ডরা গিন্নছে ভাহাতে বীর দেন প্রভৃতি দেনবংশীর রাজানিগের খণাং কার্ত্তন করিছা উমাপতি ব্রের রচিত ৩৬টা শ্লোক লিখিত আছে। এই উভর প্রস্তর বণ্ডেই সেনবংশীর রাজানিগকে চন্দ্রবংশীর বলিরা উভিধিত আছে।

১০। ভারতাধিপ সমাট্ আকবরের প্রধান মন্ত্রী আধ্লফাজল ঠাঁহার স্বকীয় আইল আকবরী নামক প্রসিদ্ধ গ্রন্থে বল্লাল প্রভৃতি সেনবংশীর রাজাদিগকে কারস্কুলোংপল্ল • বলিরা লিপ্রিয়া গিলাছেন।

একণে নানাবিধ গ্রন্থ হইতে আমরা
সেত্র পীর রাজাদিগের জাভিবিষরক
প্রের্ব, দি গ্রহণ করিলাম। তাহার কারণ
এই কা আজকাল প্রমাণের এত ছড়াছড়ি
পড়িরাছে যে প্রমাণ বাতীত একটা কথাও
বলিবার বো নাই। ৫ বৎসরের শিশু
হইতে অশীতিপর বৃদ্ধ পর্যান্ত সকুলেই
বলিবেন কেন ? 'প্রমাণ কি ?" এই
প্রমাণ চাহিতে গিরা কেন্ত ২ নীলের
অক্তিম্ব পর্যান্ত পরিয়াকেন ।
কারণ ভাঁহারা প্রমাণ না পাইলে কিছুই

ক্ষাব্যেক্সলাল ক্লিক লিখিড সেমধংশ এবং ভাতি মিত্ৰ দেখে।

बाइन जाक्वतीत वल्दाम-विषयक
 क्यांत्र नर्थ।

বিখাস করিবেন না। এই হেড় প্রিয়তা चाक्रकाम राज्यसम्म विलक्षम क्षेत्रम करेका क्षेत्रहारक। विकिन्न मन्त्रकारत्व क क्षांत्रे नाहे : वांदात (माक्क्यां कर्त्र कि किनिन भव कर विक्रम উপদক্ষে কোন नगर कि डेलनशद्द शबनाशंबन क्रिया थाएकन. खर्थवा याहात मामा मामा क तम शर्फन বা পছাল ভিনিও শুনিয়া ২ ব্যতীত কিছ বিখাস না করা অভ্যাস কবিয়াছেন। এই অভ্যাস ভাগ কি ফল আময়া এছলে কিছু বলিৰ না. কেবল এত আন্তবের প্রমাণ বে জিনিশটী কি আময়া चारमो जासात किकिए चारगाठना कविव। ঐতিহাসিক, বৈজ্ঞানিক প্রভৃতি বছবিধ প্রমাণ আছে। ঐতিহাসিক প্রমাণ সম্বন্ধে शिक्डिक कथा वना आमारण व वर्षमान প্রাধের লক্ষ্য। প্রমাণ ও প্রমের পর-স্পর অসুগত। ইহার একটা না পারিলে আর্টী ভিষ্টিতে পারে না। তৃদ্ধির্দ কোন ৰম্ভ বা বাক্তি সম্বন্ধে কিছুপ্ৰাল बंग वन, जटवर जारांत्र वाशार्थात विषदा আমার সন্দেহ ছব্মিতে পারে, তথনই আদি প্রমাণ চাহিলাম। প্রমাণের মধ্যে चार्त हक्त राजवर क्रिय विनाम बाम बावनक वर क्रि-बाह्य यमि मात्र यहन "है। चात्रि तमि-वाकि" जरव हैका नर्वारशका वनवर थमान। जामता जैवन ध्यमानरक मोनिक প্রমাণ নামে অভিচিত কবিলাম। কারণ रेखिसारम बास किছ लाटक टावान समित्रा श्रीश करतन जाश केंग्रम क्षत्राय इहेटकरे

कीरन मांक करता। विकीशकः श्रीयम्बर् व्यमान । अहे श्रमान छेखा श्रम्भावत । हेवां क्वम (क्वेजिक ए क्यांक्य: क्यांक्य । असाव लियशीका चर्डिमा-विरम्पासन जांच्यां जांच्यां जांच्यां ধ্বৰ মৌলিক ও ভব্তির সকলট আলত। ञ्चतार नकन ध्रमात्नत यम योगिक প্রয়াল মৌলিজ-चाकारत बाकिरल लाएक खानाव अधिक আদর করে, কারণ ভাষা প্রায়ী ও সচক্রে লপান্তর চইতে পারে না। কিন্ত শুর স্থতি শক্তির নিকট সমর্পিত ছটলে লোকে कतिया थाटक. कांत्रण खाकांत्र अक्टब्स क्षेत्री-স্থ্য হওয়ার সম্ভাবনা। কিন্তু যে প্রবাদ मकरम এककर्म स भवन्त्रव खिकब जार चार्छ वित्रश थियान करत. छाहा त्वांव हत প্রাপ্তক আছত কোন প্রমাণ অংশকাই जात जात्रवीय नय ।

একণে বন্ধান-ঘটিত প্রমাণের মধ্যে
নিবিত প্রমাণ ও প্রথান উভরই আছে।
লিবিত প্রমাণের মধ্যে একটাও নৌকিষ
প্রমাণ নাই সকলট আক্ষা। ভবে বি না
ইহানের মধ্যে বলের ভারতভা আছে।
লেবকনিংগর বাসহার, বাবসার ও সমর
ইভানি পর্যালোচনা করেই আমরা ইহার
ভারতমা হির করিব। বিনি বাকনেশের
সেই প্রাচীন গৌড, নববীপ, রামণাল
কি তৎসন্নিকট বর্তি প্রাম্বাসী অবহার
সকলে ভারতেই বলবভা। বাবসার সকলে,
বাহারা সামাজিক প্রিবর্তন নিধিরাছেন

कांबारमञ्बे थावना । कांत्रन वरक वेजिवान-दिखा बाहे। जमग्र जबत्क विनि व्यक्षिक व्यक्तिन जांशास्कृष्ट आध्या आंवतं कतिव। खा शक नियमवाता পরিচালিত হইরা निर्देशक छाटव विठात कतारे आमारमत्रे রাজাদিগের অভিপ্ৰাৰ। সেনবংশীয় ভাতি সম্বন্ধে আমরা যে সমস্ত প্রমাণ মেখিতে পাট ভাচার মধ্যে কেহ ভাঁহা-विश्राक देवता, क्षत्र हस्तवः मीत्र व्यवः ভেড বা ভাঁহাদিগকে কায়ন্ত-জাতীয় बनिम्ना अनिविमा शिमाह्य । शृक्त-कथिक मणी श्रवादित मध्य श्रवम शाही तमन-वः भीत्र ताकामिशटक अक वाटका देवना-জাতীয় বলিয়া স্বীকার করিতেছে। বর্চ ও সপ্তম প্রমাণে বদিও বলাল প্রভৃতি নুপতিগণ কোন জাতীয় ছিলেন তাহা স্পষ্ট ভাবে কিছুই লিখিও নাই, তথাপি ঘটমার সভাতা ও ভাবের বিশুদ্ধতা হেতৃ डांशामिशक देवमाका श्रीय विनयारे পतिहत्र मिटिक । कार्डम अमारणत यमि (भारवाक সিদ্ধান্ত সতা হয় তাহা হইলে তাঁহাদিগকে অম্বৰ্ভ-কুলোৎপল্লই বলিতেছে। धामार्ग छांशामिश्रक (कर्म हस्रवःभीव বলিয়া উলেও করিয়াছে। জাতি সম্বন্ধে किहूरे नित्थे नारे। दक्वन प्रभम ध्यमात्भ डीश्रमिशस्य निवंशकं ভाবে कात्रक-काछीत्र বলিয়া লিখিতেছে। এক্ষণে এই সমস্ত व्यमान भुषक् है कतिया चामता नमी-लाह्यां कतिव खरः शास्त र खर्यात्वत ध्यक्षक नहीं रजाहन। कृत्रिया चार्यारमंत्रे वक छापन कतिया वाहेव।

প্রথমেই ज्ञ श्रेवांक चार मध्य গুটিকত विशिशांकि। পূৰ্বে বঙ্গদেশের আপামর সকলেবই বিখাস ছিল যে মহাবাজ বল্লাল সেন বৈশক্ষাতীয় ছিলেন। কিন্তু গত লাণবংসর যাবত এই বিষয় লইয়া ৰঙ্গীর সমাজে নানা তর্ক বিতর্ক উপস্থিত व्हेबाट्ड । **अक्टल** (कह डिं!होटक देवना खवः (कह তাঁহাকে ক্ষত্রিয় বলিয়া ক্রিদান্ত করিয়া-ছেন। আমবা এই বিষয় জানিবার জনা উৎস্ক হইয়া কথোপকথন-চ্ছলে জনৈক বৃদ্ধ ব্ৰাহ্মণ পথিতের নিকট বিজ্ঞানা করিরাছিলাম। জিজ্ঞানা করাতে जिनि छेखत कतिरामन त्य वल्लाम देवमा-বংশীর ছিলেন। আমরা তাহাতে ব্রিক্ত नाम (य এकरन এए समा कारनकारनक ওশিকিত লেখৰ বছবিধ প্রামাণ প্রদর্শন করি🛴 তাঁহাকে (বলালকে) ক্রতিয় আলি । করিরাছেন। ভাহাতে বৃদ্ধ উত্তর করিলেন যে "তাঁহারা যাহাই লিখুন ना (कन वामि बालाकाल इटेट वलाल-**मिन्दक देवगाका** जीव विकास कानि व्यवश এই বিখাদ আমার মন হইতে কথন্ত उमा निष्ठ इटेरव ना।" धाश्रुल आभारतत এগল্প প্রকটন করার আর কোন উদ্দেশ্য नाहे, (क्रवन महाताख वलान (मन देवना-জাতীয় বলিয়া যে প্রবাদটী আছে তাহা কত দূর বন্ধমূল তাহাই প্রমাণ BCRMI 1

পূর্বেই বলা ছইরাছে যে বঙ্গে যবনাধি-কারের পর হইতে বৈদ্যদিগের সামাজিক ত্বসন্থার অভান্ত অবনতি হটরাছে। ইহাতেই এক প্রকার প্রতিপন্ন হইতেছে বে
দেনবংশীর রাজারা যে বৈদাকুল-সভ্ত
বলিরা একটা প্রবাদ আছে তাহা নিভান্ত
অম্লক নহে। বিশেষতঃ আমরা প্র্যেই
বলিরা আদিয়াছি, যে প্রবাদ সকল
একরণেও পরস্পার অবিকল্প ভাবে সভা
বলিয়া বিশাসভলীর হটয়া আদিয়াছে,
ভালা লিখিত প্রমাণ হুটভে কোন
প্রকারেই অনাদরণীয় নয়। আহহা
এক্ষণেও তাহাট বলিতেছি। নিরপেক্ষ পাঠক একবার বিবেচনা করিয়া
ছেবিবেন।

ভাষাদিগের বিতীয়, তৃতীয়, চতুর্থ
বৃথ, পঞ্চম প্রমাণ রাহ্মণ, বৈদ্য প্রভৃতি
ভাতির কুলগ্রন্থ হইতে সংগৃদ্ধীভ হইরাছে।
রাহ্মণদিগের কুলগ্রন্থ সমুদয় কোন্ সময়
লিখিত হইরাছে তাহা নিরূপণ করা
হংসাধ্য। তথাপি এই সমুদয় ব্রন্থ যে
ভাতি প্রাচীন ভবিষয়ে আর অণুমাত্রপ্র
সন্দেহ নাই। প্রায়্ম অই শত বর্ষ অতীত
হইল মহারাজা বল্লাল সেন বঙ্গদেশে
কৌলীনা প্রথা প্রচলিত কয়েল। তিনি
হুর্গবাসী হইলে তৎপুত্র লক্ষ্মণ সেন
সিংহাসনারাড় হইয়া কুলীনদিগকে প্রেণীবিদ্ধ করেন। এই সময়ের অক্ততঃ দেড়া
শত কিল্লা তৃইশত বর্ষের মধ্যে কুলগ্রন্থ
সমুদয় রচিত হওয়ায় সস্তাবনা।

বৈদ্যাদিগের কুলগ্রন্থও সর্ক প্রথমে কোন্[†] সমর রচিত হয় ভাহা জানিবার কোন উপায় নাই। প্রবাদ আছে ছর্জার

দাস নামক কোন একজন লেখক পৃষ্টী দ্ব দাদশ কিলা অয়েশশ শতালীতে বৈল্য-দিগের কুলগ্রন্থ প্রণয়ন করেন। তৎপর কণ্ঠাভরণ-উপাধিধারী জনৈক বৈদ্য এই প্রক্তক হটতে সার সন্ধলন করিবা মেনা একখানা কুলগ্রন্থ প্রচার করেন। কবি-কণ্ঠচার শেষোক্ত পৃত্তক হটতে জ্ঞাভন্য বিষয় সমৃদয় সংগ্রন্থ করিয়া ১৫৭৫ শ্বেক অর্থাৎ ১৬৫৩ খৃ: জ্বেক শ্বীয় প্রসিদ্ধ গ্রন্থ প্রচার করেন।

,'' কবিনা কণ্ঠহারেণ মাজুলোদিত বন্ধ ণা পঞ্চসপ্তাতিমৌ শাকে ক্রিয়তে কুলপঞ্জিক। কণ্ঠহার।

শক্ষরক্রমোছ্ত কারস্থকুলাচার্য্য-কারিকা কোন্তুসময় লিখিত হইরাছে তাহা আমরা অবগত নহি।

একণে যথান আক্ষণ, বৈদা, কাম্বন্থ
প্রভৃতি জাতির কুলগ্রন্থ মহারাজ বজালকে
একবাকো বৈদ্যকুলোৎশঙ্ক বলিরা পরিচর
দিতেছে তথন তাঁহাকে আমরা সহসা
ক্ষাত্রির বলিতে সাহসী হট না। বিশেষতঃ
যদি বলাল প্রকৃত ক্ষাত্রির হইবেন তাহা
হইলে এই সমুলার গ্রন্থে এপ্রকার জিবিত
রহিল কেন? বাঁহারা কুলশান্ত্র নিরূপণ
করিরাছিলেন ভাঁহারা কি এইই অনভিজ্ঞ ছিলেন যে যিনি তাঁহাদের কুল নিরূপণ
করিরাছিলেন ভিনি ট্র কোন্ জাতীর
ছিলেন তাহাই ভাঁহারা কানিতেন না।
ফলক্পা বহুকাল অতীত হইল বে সম্বন্ধ
গ্রেছে মহারাক্ত ব্লাল্কে বিশালাতীর
বিলয়া লিখিবা গিরাছে সে সমন্তকে মিথা এবং ভ্ৰমপূৰ্ণ বলিয়া প্ৰতিপদ্ধ করিতে আমরা কথনও সাহসী হই না।

यहां वाक वलांग (मानव मान ७९ शृत লক্ষ্ণ সেনের যে বিরোগ উপস্থিত হই-য়াছিল এবং বাহাতে বল্দেশস্থ সমস্ত रेबमानन कृष्टे स्थानीटक विख्ल इटेग्रा-किटनन कविषय अवनयन कविषा है यह अ সপ্তম প্রমাণ লিখিত হইরাছে। इक् ब्यानिक कार्तन द्वा अरमान कारी क **अ वक्रम नाटम इटे** ट्यंगीत देवना चाहि। रेशांपत्र शत्रणादत्र मध्य विवासित किश কর্ম হইতে পারে না। বিশেষতঃ রাচীর বৈদ্যাপণ এক্ষণ পর্যাম্বও উপবীতধারী. কিছু বছকাল অতীত হটল বলজ-শ্ৰেণীয় বৈদ্যদিগের উপবীত লোপ হইয়াছে। কি कांत्रल वक्क देवनाश्रालव छेलवी छ लाल इरेब्राटक खादा द्वांध इत अदनक देवना পর্যান্তও অবগত নহেন। ক্ষুক্তরাং আমরা অস্ক্রীচার-চল্লিকা নামক গ্রন্থ (नरे विवय व्यविक्त डिक ड कतिशांकि।

এই অষ্ঠাচার-চক্তিকা নামক গ্রন্থ প্রায় ১৩০ বংসর হটল রচিত হটরাছে।
বংকালে মহারাজ রাজবর্গত কাশী কাণী কাণী কাণী মিথিলা নবদীপ প্রস্তি তান হইতে পতিত-মত্তলী আনাইরা বহু আত্মীয় অগণ সহ প্নর্কার উপবীত গ্রহণ করিয়া-ছিলেন, তৎকালে এই গ্রন্থের ক্ষৃত্তি হয়।
এক্ষণে রাজনগরের কালীবাব্ কৃত অষ্ঠা-ছার-চক্তিকা নামক যে গ্রন্থ আছে তাহা প্রকৃত অষ্ঠাচার-চক্তিকা নাহে, উহার সার সম্ভলন মাত্র।

রামজীবন-কৃত্রকুলপঞ্জিকাতেও বদ্বাল **(मन धवः मक्क (मत्मत्र विवास विस्मत-**রূপ লিখিত আছে। সম্বন্ধনির্পার-প্রণেতা শ্রীযুক্ত পণ্ডিভ লোল মোহন বিদ্যানিষি कुलशक्षिकांत विवात व्यवलयन कतियां है महाताक वलालाक रेवना बनिया श्रित করিয়াছেন। কিন্তু অম্বষ্ঠাচার-চক্রিকা নামক গ্রন্থের সহিত ঐ কুলপঞ্জিকার অনেক মত বিভিন্নতা আছে। অষ্ঠাচার-চন্দ্ৰিকা গ্ৰান্থ বন্ধালসেনীয় সম্প্ৰদায়ের উপবীত লোপ"হৈওয়ার উল্লেখ আছে. কিছ কুলপঞ্জিকার বচনাতুসারে লক্ষণ-সেনীয় সম্প্রদায়ের যজ্ঞাপরীত ছিল হট-बाह्रिल। याहा इडेक (म किश्न नहेंगा उर्क कवा आभारमव & প্রস্তাবের উদ্দেশ্য· নয়। কেবল কুলপঞ্জিকা বল্লালসেনকে কোন ভাতীয় লিখিয়াছে শুদ্ধ তাহাই त्मथा चामात्मद ! उत्मा। **এই कू**न-পঞ্জিকাও শপ্রায় (একশত বৎসর হইল লিখিত ইইরাছে। অষ্টম প্রমাণ সম্বন্ধে আমাদের আর অধিক কিছু বলিবার নাই। আমাদের যে মত তাছা প্রিব্দেপ প্রকার বাক্ত স্করিয়া-সাহেবই এক গিয়াছেন। একণে,উহার বিচারের ভার পাঠকের উপর।

নবম প্রমাণ সম্বন্ধে আমাদের অনেক কথা বলিবার আছে। আমরা পূর্কেই দ্বীকার করিরা আসিয়াছি যে লক্ষণ সেন-প্রদত্ত যে প্রস্তর-ক্ষলক পাওয়া গিয়াছে ভাছাতে সেনবংশীয় রাজাদিগকে চক্সবংশীয় বলিয়া উল্লেখ করিয়াছে। किन्न जात्तरहे अहे जिन्नान जमाक्काल एक विनय विद्यान करत्न ना। कात्रन "हन्तदः म्" अम्ब क्लान मन्न अहे श्रीव्यत-फलक शास्त्रा यांग्र ना। क्लान अक स्थारन '' देवधनाध्यः म" विनया निधिष्ठ चाह्य। यथा—

সেবাবনম্রন্পকোটীকিরীটরোচিরম্বসংপদনথড়াতি বল্পবীভি?।
তেলোবিষজ্বসুষোদ্বিষভাম ভ্রন্
ভূণীভূজঃ ক্টমথৌষধুনাথ বংশে।

এই श्वेषधनाथ वः मात्र अर्थ (कह वा **চ**ट्य वः म थवः क्ट बा देवमावः म विद्या छ স্থির করিয়াছেন। ওষধি এবং ঔষধ শব্দের অর্থের অনেক বিভিন্নতা আছে। সমস্ত বুক্লের ফল পঞ্চ হটলে মৃত্যু হয় रिंगरे अभूतम युक्तरक अविध युक्त करह। কিন্তু ঔষধ শব্দের অর্থ ভাহা নছে। রোগনাশক জবামাত্রই ঔবধ নামে অভি-হিত। চন্দ্ৰকে লোকে ঔষধনাথ বলে না. তাঁহাকে ওষধিনাৰ কিমা ওষধি-পতি কছে। এক্ষণে বিনি ঔষধ প্রথম আবিষ্ণার করেন এবং বাঁছা দ্বারা ইহা রোগনাশক দ্রব্য রূপে পরিণ্ড হয়, তাঁহা-क्टे लाक **खेरधनाथ वनात वि**श्व সম্ভাবনা। স্বতরাং চিকিৎসা-শাস্ত্র-প্রণেতা ভগবান ধ্রম্ভরি সুম্ভবত: এম্বলে ঔষধ-নাথ বলিয়া অভিছিত ছইয়াছেন। যাহা হউকু এবিষয় শইয়া এছলে অনর্থক তর্ক कता अकश्रकात निष्यदाक्त । नाशांत्रण यथन "छेवधनाथ वरानव" वर्ष "हक्षवरन" বলিয়া স্থির করিয়াছেন তথন আমরাও

সেই মতের বিক্ষাচারী হইতে ইচ্ছা করি ना। विषयकः यथन चना এक श्रेष्ठ श्रास्त्रतः कन्तक (मम-वः भीव वाकां पिश्र क म्लंडे-क्रार्थ हताय: भीत विवा केंद्राथ कविवारक তথন ভদ্বিয়ে আয়াদের সলেচ করা অসঙ্গত। বাস্তবিক সেনবংশীয় নুপতিগণ य हक्क वः भीम हिटलन छविषस्य द्वांश ह्य আরু কাহার ও অবিশাস কিমা দিমতি हरेटव ना। किन्ह जः स्थत विषय कहे (य ''চक्ष वः मं' मक छनिशां चे चात्रक इष्ट : বল্লাল প্রভৃতি নুপতিগৃণকে ক্ষত্রিয় বলি-বেন। এই সিদ্ধাস্ত যে নিভাস্ত অমমূলক ও কুসংস্থারে পরিপূর্ণ তদ্বিধরে আর অণুমাত্রও সন্দেহ নাই। বলিতে কি ডাকার শ্রীযুক্ত রাজেল্রলাল মিত্র পর্যাপ্ত ইহার কুহকলাল হটতে এডাইতে পারেন नारे। वस्त्रकः व्यामात्मत्र त्मरण हत्त्वरण **७ श्र्यावः भ भारमत कर्ष कारबरक है** जमान कार्ल कांच नरहन । चारमदकत वहे श्रकांत्र সংস্থাৰ যে কোন ব্যক্তি চক্ত কিছা তুৰ্ঘ্য-বংশোৎপন্ন হইলেই তিনি ক্ষত্রিয় ভ্ইলেনা কিন্তু প্ৰাহ্মৰ, ক্ষতিয়, অষষ্ঠ, বৈশ্য প্ৰভৃতি विक्रगान्त्र माथा (य स्मानाक, हक्क ७ पूर्व) वः भांखव हिल्म छाहा स्राम्ह दांश हव স্বপ্লেও মনে ভাবের না। বাহা হউক একৰে আমরা উপরোক্ত বাকা পুরাণাদি শাস্ত্ৰ হইতে দৃষ্টাস্ত দারা প্রমাণ করিয়া (जनवः नीय बाबाबा (व व्यवह कूरनासुव ছিলেন ভাহা প্রমাণ করিব।

স্টির প্রথমে বর্ণের কোন পার্থক্য ছিলনা। ত্রাহ্মণ ক্ষরির প্রত্তি আ্যার্যণ সকলেই একবংশোদ্ভব ছিলেন। একার
মুখ হইতে আহ্মন, বাহু হইতে ক্ষম্ভির
প্রাভৃতি বাকা কেবল রূপক মাত্র। অর্থাৎ
আপন হ কার্যাকলাপ ধারা আর্যাগণ
চারি বর্ণে বিজক্ত হইয়াছিলেন। মহাভারতে লিখিত আছে—

একবর্ণমিদং পূর্বাং বিশ্বমাসীৎ যুধিটির।
কর্ম্মক্রিয়াবিশেষেণ চাতৃর্বাণাং প্রতিষ্ঠিত্বম্॥
হে যুধিটির। পূর্বো পৃথিবীতে এক
বর্ণই বিদ্যমান ছিল। তৎপর কর্মক্রিয়া
ছারা আর্থ্যগণ চারিবর্ণে বিভক্ত হইরাছেন।
অপিচ—

নবিশেষোন্তি বর্ণানাং সর্বাং ব্রহ্মসারং জগং।
ব্রহ্মপা পূর্ববন্ধীতি কর্মণা বর্ণতাং গভাঃ।
কামভোগপ্রিয়ান্তীক্ষাঃক্রোধনাঃপ্রিয়সাহসাঃ
ভাক্তব্রধর্মা রক্তাঙ্গা ন্তে দিজাঃ ক্রান্তাং
গভাঃ।

গোভো বৃত্তিং সমাস্থার পীতাঃ ক্রযামু-জীবিনঃ।

স্বধর্মারাছাতিঠন্তি তে' বিজাঃ বৈশ্যতাং প্রভাঃ ৪

হিংসান্তপ্রিয়াঃ শুরাঃসর্ককর্মোপজীবিনঃ।
কৃষ্ণাঃ শৌচপরিত্রস্থান্তে বিজাঃ শুত্রতাং
গতাঃ ॥

ইভোজৈ: কণাভিৰ্যান্তা বিদা নগান্তরাং গতাঃ।

' পূর্বে বর্ণের কোন বিশেষ ছিলনা।
সমস্ত জগৎই এজনম ছিল। একা
কর্ত্ত্ প্রথমে সকলের ভাত হয়, সকলেই
এক বর্ণ ছিল। পরে স্বীয় ২ কর্ম্মনারা
বর্ণদ্ধ প্রাপ্ত হইরাছে। বাহারা কাম-

ভোগ প্রিয়, তীক্ষ, ক্রোধন-মভাব, সাহনী, নৈই স্বধর্মতাক্ত (ব্রাহ্মণের ধর্মন্ত ভাক্ত) রক্তবর্ণ বিজেরা ক্ষত্রিয়ত্ব প্রাপ্ত হটয়াছেন। যাঁহারা গোর্ত্তি (গোপালন) অবলমন করিয়াছিলেন এবং কৃষি
জীবী ছিলেন, সেই স্বধর্মতাক্ত (ব্রাহ্মণের ধর্ম তাক্ত) পীতবর্ণ বিজেরা বৈশাত্ব প্রাপ্ত হইরাছিলেন। যাঁহারা হিংসা ও অসভ্য আচরণে রত্ত ও লুক ছিলেন এবং সকল কর্মাই অবলম্বন করিতেন, শৌচাচার-পরিভ্রষ্ট সেই রুফবর্ণ হিলেরাই শুজত্ব প্রাপ্ত হইয়াছেন। এই প্রকার, স্ব স্ব ক্মান্তারা সকলে পরস্পার বিভিন্ন বর্ণ প্রাপ্ত হইয়াছেন। গ

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য প্রভৃতি জাতি স্ কল বে এক-বংশীয় ছিলেন তাহার অনেক প্ৰমাণ পাওয়া यांस् । এই তিন বজোপবীত**ধারী** এবং ছিজ-শব্দ-বাচ্য আর্থাগণের চতুর্বারে বিভক্ত হওয়ার পরেও তাঁহাদিগের পরস্পরের মধ্যে বিবাহাদি ও দান প্রতিদান প্রভৃতি ক্রিয়া প্রচলিত ছিল। व्यवः वह बनाहे वक वाकित्र भूवनन मधा কেহ ব্রাহ্মণ কেহ ক্ষত্রির ও কেহু বৈশ্য হইরাছেন। তাহার কয়েকটা উলাহরণ এন্থলে প্রদর্শন করা বাইতেছে। যথা— এবণুহোত্রস্থতশ্চাপি জর্গে নাম প্রক্ষেকঃ। বৎসাসা বৎসাভূমিস্ত ভৃগুভূমিশ্চ ভাগা্বাৎ। এতেহাঙ্গিরসঃ পুত্রাজাতা বংশেও ভার্গবে ব্ৰাহ্মণাঃ ক্ষতিয়াঃ বৈশ্যা স্তয়ঃ পুৰাসহত্ৰখঃ।

হরিবংশ— ২৯ জ। ভার্গস্য ভার্গভ্মি: ডভঙ্গাতুর্বর্গপ্রবৃত্তি:। " বিষণুপুরাণ প্র আংশ।
ভার্স চন্দ্রবংশীয় ছিলেন। ভার্গের
পুত্র জার্গভূমি, ভার্গভূমি হইতে ব্রাহ্মণ,
ক্ষরিয়, বৈশ্য ও শূদ্র এই বর্ণ চতুইয় উৎপন্ন হইয়াছিল।

চক্রবংশীয়েরা ব্রহ্মার সন্থানা। ব্রহ্মা হইতে অত্তিম্নির উৎপত্তি, অত্তির প্রাঃটিক্র, চক্র হইতে বুধ ও বুধের উরসে ইলার গর্ব্তে পুরোরবা চক্রবংশীয়-দিগের আদিপুরুষের উৎপত্তি। পুরোর বার জ্যেষ্ঠ পুত্তের নাম আয়ু, আয়ুর বংশে গৃৎসমদের জন্ম। গৃৎসমদের পুত্ত শৌ-নক। ইনিটিতুর্কবের প্রবর্তিরিত। ছিলেন। অর্থাৎ শৌনিকবংশীরেরা (চক্রবংশোক্ত্রব) ক্রাহ্মণ, ক্ষত্তির, বৈশা, শ্রু এই চারি বর্ণও প্রাপ্ত হইয়াছিলেন।

'' গৃৎসমদস্য শৌনৰ শ্চাতৃৰ্বৰ্ণস্য প্ৰব-শ্বয়িতাভ্ৎত।''

বিষ্ণুপুরাণ ৪ অংশ পুরোগৃৎ সমদস্যাসীৎ শুনকো বস্যশৌনকঃ। ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়ালৈচব বৈশ্যাঃ শূক্রাস্তবৈধবচ॥

মহাভারত হরিবংশ—২৯ জ।
আয়ুর্কেদপ্রবর্ত্তরিতা বিখ্যাত ধরস্তরিও
চক্রবংশীর বলিয়া কীর্ত্তিত।
" কাশীরাক্রপোত্তে অবতীর্য তুমইধা

म्यागायूद्वनः कतिवानि ।"

বিক্পুরাণ।
পাঠকবর্গ বোধ হয় জ্ঞাত আছেন বে
ভর্গবান ধনুভারি অঘঠ জাতির আদিপুরুষ
ও সমগ্র আয়ু র্কোন-প্রবেগতা।

পুরোরধার পূত্র আমাবস্থর বংশে জাহু র উৎপত্তি। এই বংশে বিখামিতা ঋষির উৎপত্তি হইরাছিল। বিশ্বামিতা চক্ষবং-শীর হইরাও প্রাক্ষণ হইরাছিলেন।

ভতোত্ৰাহ্মণভাং বাভোঃ বিশ্বামিত্ৰোমহা-তপাঃ।

ক্তিরঃ সোপিচ তথা ব্দাবংশস্য কারক:।

মহাভারত ৷'

বিশ্বামিত্তের শুক্রত নামে এক পুত্র ছিল।
'বথা—বিশ্বামিত্র স্থতঃ শ্রীমান্ শুক্রতঃ
পরিপুচ্ছতি।

ভাশত।

কাহারও মতে শুক্রত অষষ্ঠ-জাতীয়
ছিলেন। তিনি অনেক স্থলে ভিষক্
বলিয়া পরিচয় দিয়াছেন। সত্য বটে
আন্ত্রীয়গোতের ব্রাহ্মণগণ স্কুঅনেক স্থলে
বৈদ্য বাবসা করেন ও ভিষক্ বলিয়া পরিচয় দেন কিন্তু শুক্রত কথনও আত্রীয়
গোতের ব্রাহ্মণ ছিলেন না। ইনি চক্রবংশীয় মধ্যে পরিগণিত।
বেপুহোত স্কুভশ্গপি গার্গোটিব নাম বিভাগতঃ।
গার্গাস্য গর্গভূমিন্ত বাৎস্য বৎসস্য ধীমতঃ
'ব্রাহ্মণা: ক্ষত্রিয়াশ্চৈব তয়োঃ প্রাঃ
স্থাম্মিকাঃ॥

বায় প্রাণ ।

বেণুহোতের পুত্র গার্গা তৎপুত্র গর্গভূমি ও বংস্যের পুত্র বাংসা, ইহাদের বংশে অনেক ত্রাহ্মণ হইয়াছিলেন। ত্রাহ্মণের মধ্যে বাংসা-গোত্রীয়্যত লোক সকলই ক্ষত্রিয়বংশীয়। পুরোরবার (চন্দ্রবংশের আদিপুরুষ)
বংশে রস্তনামক মৃথের রস্তস নামক পুত্র
তাঁহার বংশে গভীর এবং সেই গভীরের
বংশে ত্রাহ্মণ অনিয়াছিলেন।

''রস্কুস্য রউসঃ পুরোগভীরশ্চাক্রিয়স্কডঃ। ভদ্য ক্ষেত্রে ব্রহ্মজন্তে———''

ভাগবত ৷

চন্দ্রবংশে ব্যাতির জন্ম । ব্যাতিবংশীর ঋতের র সন্তান রন্ধিনার, তাঁহার পুত্র
তংক্ষ ও অপ্রতিরখ এবং প্রব। অপ্রতিরথের বংশে কণ্ জন্ম গ্রহণ করেন।
কণ্যের পুত্র মেধাতিধি,মেধাতিধি হটতে কা
প্রারনগোত্রীয় ব্রাহ্মণগণ উৎপল্ল হটয়াছেন।
তংক্ষর বংশে ছন্মন্ত ও তৎপুত্র ভরত
জন্ম গ্রহণ করে।

" ঋতয়োঃ রক্ষিনার: পুরোংভূৎ। তংশুং
অপ্রতিরথং প্রেবঞ্চ রুদ্ধিনার: পুরান্
অবাপ। অপ্রতিরথাৎ কণ্: তস্যাপি মেধাতিখি:। ষড: কণ্: দ্বানা দিলা বভূবু:।
তংসোরনিলন্ততো হুমন্তাদ্যাশ্চদ্বার: পুরা
বভূবু:। দ্বান্তাচক্রবর্তী ভরতোংভবং।"
বিফুপুরাণ ৪ অ — ১৯ জ-

মুদগলাচ্চ মৌদ্গল্যাঃ ক্ষজোপেডা হিলা-তয়ো বভূবুঃ।

विकृश्राण।

हर्यात्थेत (हक्ष वः भीत्र) मूलाल नारम এक পূত हिल्ला। (तरहे मूल्गल हरेला स्मोन्गलात्भाजीत्र जाक्षभान छेरला हरेग्नाहिल्ला। এहे वः स्म कुल ३ कृतीत्र क्या। कृतीत পূত क्ष्मथमा। এहे नकल हक्ष्मवः मेश की खिंछ।

উপরোক্ত এই সকল উদ্ধৃত বচন পাঠক বর্গের বিরক্তিজ্ঞনক হইতে পারে, কিন্তু এইসমক্ত বচনছারা চক্রবংশীয়েরাবে কেবল ক্ষত্রিয় ছিলেননা এবং ব্রাহ্মণ ও অন্যান্য জাতির মধ্যেও যে চক্রবংশীয় পরিবার ছিল অভীতদাকী (পুরাণাদি) ইতিহাস তাহা বিস্তুত্তরূপে প্রমাণিত र्श्यादः भौग्रीमत मधा अ ८व व्यत्तरक वांकान ও বৈশ্য ছিলেন তাহারও ভূরি ২ প্রমাণ পুরাণাদিতে দৃষ্ট হয়। কিন্তু তাহা বিবৃত क्ता व्यामात्मत्र এ श्रञात्वत छेत्मभा नम् । (मनवः भीय ताकाता हक्य वः भीय इहेबा **९** (य অষ্ঠ-কুলোৎপল্ল হইজে পারেন ভাহাই প্রতিপল্প করা আমাদের প্রধান উদ্দেশ। ভথাপি বাকা রক্ষার জন্য একটা মাত্র প্ৰমাণ বলিয়াই কান্ত থাকিব।

শ্রীমন্তাগবভের নবম স্থানে উক্ত আছে, নরিষ্যস্তের (ইনি সূর্য্যবংশীয় ছিলেন) রংশে অগ্নিকেশ্যের জন্ম হয়। ইনি কানীন এবং জাতুকর্ণ নামক মহর্ষি বলিয়া থাত ছিলেন। এই অগ্নিবেশ্ম হুইতে অগ্নিবেশ্মায়ন নামে ব্রাহ্মণকুল উৎপল্ল হয়। ইহারা স্থাবংশীয় ছিলেন। ুস্তরাং বল্লাল চক্রবংশীয় ছিলেন এই প্রমাণ তাঁহার অষষ্ঠ কুলোৎপন্ন থাকিবার বি-রোধি নহে, বরং উাহার ভাতি বিষয়ক বিৰরণের অতুপুরক মাতা। দশম প্রমাণ বিস্তরপে ক্ছ সম্বন্ধেও - আমহা विवर। चुलिक है विहाम-त्वथक चा-বুল ফাজল তাঁহার আইন আকৰ্মী নামক প্রসিদ্ধ গ্রন্থে সেনবংশীর নূপতি-

গণকে কারস্থলাতীয় বলিয়া লিখিয়াগিয়াছেন। কিন্তু প্রিক্ষেপ সাহেব তাঁহার
এই কণাতে আস্থা প্রদর্শন না করিয়া
দেনবংশীর নৃপতিপণকে বৈদালাতীয়
বলিয়া লিখিয়াছেন। বাত্তবিক আবৃত্তফাজলের এই সিদ্ধান্ত নিতান্ত ক্রমন্তক।
কিন্তু তথাপি আমরা তাঁহার উপব দোষারোপ করিতে পারি না। কারণ তিনি
সভা লিখিছে গিয়া মিথাার পতিত হইরাভেন। একপে তিনি কি কারণে বৈদ্যাবংশীয় নৃপতিগণকে কায়স্ত-জাতীয় বলিয়া
লিখিয়াছেন এবং উহা কভদ্র ক্রমপূর্ণ
ভাহাই আমরা প্রতিপন্ন করিতে চেষ্টিত
হইব।

১। সেনবংশীর রাঞ্চাদিগের সম্বন্ধে বঁজদেশের যত পুত্তক বর্ত্তমান আছে ভাষার কোনখানেই উক্ত নৃপতিগণ কার-স্কলাতীর ভিলেন এমত কথা বিশিত নাই। আমরা বলীয় সাহিত্য সংসাবের আধুনিক পুত্তক সমূহের কথা বলিতিছি না।

২। আবৃদ ফাজেল কথনও সংস্কৃত জানিজেন না। স্থতরাং তিনি ব্রাহ্মণ, বৈদ্য প্রেভৃতি জাতির কুলগ্রন্থ (অর্থাৎ যাহাতে সেনবংশীর স্পতিগণের জাতির বিষয় লিখা আছে) পাঠ করেন নাই। পাঠ করিলে এপ্রকার কিথিতেন না।

ত। আবৃদ্ধ ফাজল ১৫৯৯ থৃঃ
আইন আক্ৰমী গ্ৰন্থ বচনা করেন।
জীহার মতে বল্লালসেন ১০৬৬ থৃঃঅব্দে
লাক্ষ আবস্ত ক্রেন। স্কুল্লাং বল্লালসেন

আবৃদ্ফাজলের পঞ্চ শস্ত বংসরেরও পুরের রাজত্ব করিয়া গিয়াছেন।

BIE SEE

এরপন্তলে প্রকৃত ইতিহাস বাতীত সকল বিষয় পূঝালুপুঝারূপে অবগত হওয়। কথনও সম্ভব চইতে পারে না।

৪। সেনবংশীয় নৃশ্তিগণের প্রথম স্চনাতেই আবৃলফাজলা, এক ভূল করিয়া গিয়াছেন। তাঁহার মতে শুক্সেন বল্লাল-সেনের পিতা। কিছু স্থান্তবনে লক্ষণ-দেনের প্রদত্ত যে এক থণ্ড তাত্রশাসন ও বাথরগঞ্জ অঞ্চলা, কেশবসেন প্রান্তব্য অপর আর এক থণ্ড তাত্র শাসন † পাওয়া গিয়াছে তাহাতে বিজয় সেনবলালসেনের পিতা এপ্রকার লিখিত আছে।

 "যদীয়ৈরদ্যাপি প্রচিততভুজতেলঃ সহ-চরৈ র্ধশোভিঃ শোভজে পরিধি পরিণদ্ধাঃ করদিশঃ।

ততঃ কাঞীলীলাচতুরচতুরস্কোধি নহরী
পরীতোকীভর্তাহলনিবিজয়সেনঃ স বিজয়ী ॥

প্রত্যক্ষঃ কলিসম্পদামনলসো বেদারনৈ-কাধবগঃ

্যস্থানঃ আহিত জলমাকৃতিরভূবর্লেসেন স্তত: ॥"

লক্ষণসেন প্রদন্ত তাম্রশাসন। রামপতিন্যায়গত্ব প্রশীত বঙ্গভাষার ইতিয়ত দেখা

t "Regarding the Vaidya dynasty of Bengal (so called from its founder being of the medical ৫। আইন আকব বীতে লিখিত আছে
নৰসেন বঙ্গের শেষ রাজা। তৎপরে বঙ্গে
মুসলমানাধিকার হইরাছে। কিন্তু ইতিহাসবেত্তা মিনহাজুদ্দিন লক্ষণিয়াসেন
নামুক রাজাকে বঙ্গের শেষ রাজা স্থির
করিয়াছেন। মার্সমান ও ইয়ার্ট সাহেব
ইয়াকেই লক্ষণসেন বলেন। আবার
শ্রীযুক্ত ডাক্ডার রাজেন্দ্র লাল মিত্র মহাশয়
দেখাইয়াছেন লক্ষণিয়াসেন লক্ষণসেন
নহেন তিনি লক্ষণসেনের পৌত্র, ও
সক্ষবতঃ তাঁহার নাম লাক্ষণেয়।

৬। আবেল ফাজল বলেন লক্ষণী দেন ১১১৬ খৃঃ অক হইতে ১১২৩ খৃঃ অক পর্যায় রাজত্ব করেন। তাহা হইলে তাঁহায় রাজত্ব কাল ৭ বৎসর হইল মাত্র।
"কিন্তু লক্ষণদেনের প্রধান মনী হলায় ধ

caste) there is the same uncertainty as in almost all other portions of Indian history. Some make Adisur the progenitor: he who is stated to have applied to the reighing king of Kanaug or Kanyakubja for a supply of Brahmins for the Bengal provinces; but the catalogues recorded on good authority in Ayinia-Akbarie place the whole of the Bhupala dynasty extending to 698 years between Adisur and Sukhsen the father of Ballal sen who built the fort of Gour. No mention of either of these parties is made in the present inscription, but on the contrary, the father of Ballal

বাক্ষণ-সর্বস্থ গ্রন্থে লিথিয়াছেন, লুক্ষণ দেন কৈশোরাবস্থায় হলায়ুধকে সভা পঞ্জি করেন, যৌবনকালে মহামাত: করেন ও প্রোচাবস্থায় ধর্মাধিকারে নিযুক্ত করিয়াছিলেন। এত ৭ বংসরের বিব-রণ নহে স্থভরাং আবুলফ; সলের নির্দেশ বাক্যে অবশা ভাম আছে।

৭। আবৃলফাজল বঙ্গদেশে কথনও তাদিয়াছিলেন কিনা তাহা সমাক্রপে অবগত হওয়া যায় না। তিনি লোক মুথে শুনিয়া বস্তের ইতিহাস লিথিয়া-ছিলেন এই প্রকাব লোকের বিশ্বাস। তথাপি যদি তিনি কোন সমন্ত্র এদেশে আনিয়া থাকেন তাহা ইইলে সম্ভবতঃ তিনি এতদ্দেশীয় ব্যুকালনিবাসী কোন এক জন সন্ত্রাস্ত্রী মুনলমান অথবা জাতি-বিষয়ক অনভিজ্ঞ কোন একজন পদস্থ বাক্তির নিকট এ বিষয় জিজ্ঞাসা করিয়া

Vijay sen; and as this is I be lieve the first copper-plate record of a grant by the family, we should give it the preference to books or traditions, on a point of history so near its own time; for Kesav sen is but fourth in descent from Vijay on the plate; or the fifth if we take Abul Fuzl's list." Prinseps Indian Antiquities Vol II. page 272.

(৫):(৬) বঙ্গদর্শন কার্ত্তিক ১২৮০।
 জয়দেব চরিত সমালোচনা ৩৩৬পৃদ্ধা

দেখ।

236

পাঠক ! আপনার পাকিবেন। যে সম্ভাট আক্বরের সময় কামসজাতির দোর্দ্ধ প্রতাপ ছিল। কৃষ্ণ নগ্ৰাধিপতি ব্ৰাহ্মণকুলোম্ভব মহারাজা কৃষ্ণচন্দ্ৰ তথনও উদিত হন নাই। মুসিদা-বাদের ধনবান্ ৰণিক্ জগংসেঠ তথনও জন্ম গ্রহণ করেন নাই। নাটোরাধীখনী রাণী ভবানী তথনও ভূলোকে অবতীণা হন নাই। মহারাজ রাজবল্লভ তথ্ন পর্যান্তও ভবের খেল। খেলিতে খারস্ক করেন নাই। বৰ্দ্ধানাধিপতি অত্যন্ত হীনপ্ৰভ ও এক প্রকার নের আফগানের হস্তাধীন ছিলেন। কেবল কামস্ভলাতীয় প্রথলপ্রতাপারিত মহারাজা প্রতাপাদিতা সমস্ত বঙ্গে দোর্ক গু প্রতাপ বিস্তার করিয়াছিলেন; দিল্লীশর আক্বর সাহ পর্যান্তও তাঁচার পরাক্রমে অনেক সময় শশক্ষিত থাকিতেন এবং তাঁহাকে ও পাঠানজাতিকে এবং পর্ত্ত্-গীজ গ্নজানিসকে পরাভব করিবার জনাই মহারাজা মানসিংহ বছদলবল সমেত বঙ্গ দেশে প্রেরিত হন। এই কারণ আমাদিগের মনে বিশ্বাস হুইতেছে (य आंतृनकांकल शाहात श्रामुशंद वज्ञान-সেন প্রভৃতি নুপতিগণকে কায়স্থ কুলো-স্তব বলিয়া শুনিয়াছিলেন তাহা অবশ্য ल्यम्नक।

১ বিদ আইব্লফাজল বঙ্গদেশে
কথনও না আদিয়া থাকেন তাহা হইলে
তিনি প্র্কলিথিত সিদ্ধান্তমতে বল্লালদেনকে কায়স্থ-ক্লোৎপর বলিয়াও
ভিনিতে পারেন অথবা অস্ক্র-জাত্যস্তর্গত

তিনিতে পারেন অথবা অস্ক্র-জাত্যস্তর্গত

বলিয়াও শুনিতে পারেন। কুলোৎপন্ন শুনিয়া তিনি বঙ্গীয় নুপতি-গণকে কিজন্য কায়স্থ লিখিলেন এ বিষয়ে অনেকের মনে সন্দেহ ছইতে পারে। ইহার কারণ আছে। প্রথমত: পশ্চিম দেশে অষষ্ঠ-জাতীয় লোক অভি বিরল (এক প্রকার নাই বলিলেও হয়) \ কালক্রমে ক্রিয় বৈশ্যের লোপ হওয়াতে অমুলোমজ সস্তানগণ মাতবৰ্ণ হইণা তাহাতে এক প্রকার মিশ্রিত হই-য়াগিয়াছে। স্তরাং তৎসময়ে আগ্রা প্রভৃতি স্থানে অম্প্রকাতীয় লো-অধিকাংশই কেরা বৈশাগণের মিশ্রিত ১ইয়া গিয়াছিল। পশ্চিম (पट्रा কায়স্থ জাতির দাদশ শীবান্তব ও অম্বৰ্চকায়ত্ব শ্ৰেণী • মধ্যে গণ দক্ষাপেকা শ্রেষ্ঠ। অম্বর্ত শব্দের অর্থ কেবল অম্বৰ্গ (বৈদ্য) নামক জাতি বিশেষ নহে। ইহার আরও অনেক অর্থ আছে। যথা হস্তিপক, বাসকর্ক্ষ ও অন্বৰ্গ নামক দেশ বিশেষ। এই अध्ये দেশীয় কায়স্থাণকে অষষ্ঠকায়স্থ বলে। এই কারণ রাজা রাধাকাস্ত দেবের শব্দ করজন নামক প্রসিদ্ধ গ্রেছ অম্বর্ত শব্দের व्यर्थ এक द्वारन " शक्तिम तम्बीम काम्रष्ट

^{*} যথা—> মাধুর ২ স্থাধ্যক ৩ অষ্ঠ
৪ ভট্টনাগর ৫ গৌর ৬ নিগম ৭ সকসেনা
৮ করণ ৯ অহিটানা ১০ শ্রীবান্তব
১১কুলশ্রেষ্ঠ ১২ ৰাক্ষীক —জাতিমিত্র
প্রথমভাগ ৯২ পৃষ্ঠা দেখ।

জাতি বিশেষ " লিখা আছে। পণ্ডিত তারানাথ তর্কবাচপ্রতি তাঁহার " বৃহৎ অভিধানে " করণ শব্দের অর্থ প্রকরণে শ্রীবান্তব ও অর্থ্য করিয়াছেন। এই ঠ্রীকারণ আমাদিগের মনে সন্দেহ; চইত্তেছে যে আবৃলফাজল বঙ্গীয় নৃপতিগণকে অন্থর্চকায়ন্ত বলিয়া ভূল করিয়াছেন ঠ্রীতিনি জাতিতে মুসলমান ছিলেন, হিন্দুদিগের জাতি তত্ত্বের বিষয় কথনও বিশেষরূপ অবগত 'ছিলেন, না। এমংস্থলে তিনি যে অন্ধ্র্টজাতিকে অন্ধ্র্ট-কায়ন্ত বলিয়া ভূল করিবেন তাহাতে আর বিচিত্র কি ?

a। (प्रवीवत चंद्रेक वह्नानाम्बरक देवनावः भीम विनम् द्विनिश्या शिवारहर । দেবীবর কোন সময়ের লোক তাহা নির-পণ করা ছ: সাধ্য। তবে তিনি যাঁহাদি-গের মধ্যে মেলবন্ধ করিয়া গিয়াচেন ভাহাদিগের অধন্তন পুরুষ গণনা করিলে দাদশ অথবা ত্রোদশ সম্ভতির অতিরিক্ত (मथा याहरवना। धकरन कहे खाद्यानम श्वरुखंद कान (मार्ज मृति २० वरमव कतिया धतिरल (मवीवत ১०×: ৫ वर्षाए ৩২৫ বংসর পুরের জীবিত ছিলেন এ व्यकात एतथा यात्र। अर्थार एवीवत षाहेन बाकवती धहादतत् अधात्र ४० वर-मत्र शूर्व्य वज्ञानरक देवसमाजीय विनया লিখিরা গিয়াছেন।

উপরে লিথিত এই সমস্ত নানা কারণে আমাদের মনে দৃঢ় প্রতীতি হইতেছে যে আবুলফাজল বরাল প্রভৃতি নুপতিগণকে কারস্থ লিথিয়া বিষম এমে পতিত হইয়াছিলেন। সেনবংশীয় নূপতিগণ যে ক্ষত্রিয় ছিলেন না তাহার আর একটা মালু প্রমাণ প্রদর্শন করিয়াই আমরা এ প্রস্তাব সমাপ্র করিব।

যথন পালবংশীয় নৃপতিগণ সম্প্র বঙ্গদেশে রাজ্যসূত্র-বিস্তাব করিয়াছিলেন. যথন তাঁহাদের জয়পতাকা সমগ্র ভারতে বিস্তারিত হইয়াছিল, এবং এক্ষণ পর্যান্তও य वश्रभंत मङ्गी कीर्डि निनां अभूत প্রভৃতি অঞ্জে প্রভূত পরিমাণে বিদ্যামান আছে, महे महाशुक्यनिराज नभरत तक रमण (वीक धर्म পाविक छिल। স্ত্রাং তৎসময়ে ও তাছার প্রবর্তী অনেক কাল পর্যান্ত এতদ্দেশস্থ ব্রাহ্মণ-नित्त्रत मसी देविषक क्रिया कलाशिन সম্পূর্ণ ক্রপে नुष थाय হইয়াছিল। যথন মহারাজা আদিশূর পালবংশীয় নুপ-তিগণকে পরাস্ত করিয়া বঙ্গের সিংহাসনা-রাচ হটয়াছিলেন তথন এদেশে যে সপ্ত-শত্ত্ব ব্রাহ্মণ ছিলেন তাঁহারা বৌদ্ধদিগের প্রভাবে অতাস্ত নিস্তেজ হইয়া গিয়াছি-লেন এবং বৈদিকক্রিয়াকলাপানুষ্ঠানে নিতান্ত অনভিজ ছিলেন i এরপ কিম্ব-দক্তীযে মহারাজা আদিশূর কোন সময় এক পুত্রেষ্টি যাগের অমুষ্ঠান করেন। কিন্তু তাৎকালিক ব্ৰাহ্মণগণ যজে নিতান্ত অপটু ও অনভিজ্ঞ थाकारङ

বিশেষ অবগতির জন্য সম্বন্ধ-নির্ণয়ে
দেবীবর ঘটকাধ্যার দেখ।

অতিশয় কুক হইয়া কাণুকুজাধিপতি বীরসিংহ রায়ের নিকট পঞ্চ গোত্রের পঞ্জন বেদ্জ, সাগ্নিক, যজ্ঞনিপুণ ও বিদ্বান ব্রাহ্মণ ও পঞ্জ গোত্রের পঞ্চ শূদ্র ভূত্য প্রার্থনা করেন। যথা-নুপতিস্কৃতিসারঃ স্বীরবংশাবতারঃ প্রবলবলবিচাবো বীরসিংহে : । ময়ি বর স্থিতাক্তে ভূমিদেবান্ স্পূজান্ পুনর িমম গৌড়ে প্রাপয় ছং নিতান্তং। আদিশূরের পত্রের শেষভাগ। শব্দ কল্প ক্ষা হটতে উদ্ভ। তুমি নুপতিদিগের মধ্যে স্কুরুভিসার সীয়ৰংশে অবতীৰ্ হইয়াছ, তুমি বীর-দিংস অতিশয় ধীরু এবং তোমার অতি আমাতে তোমার মিতাতা আছে। অতএব আমার গৌড়রাজ্যে শুদ্রদিগের সহিত ব্রাহ্মণগণ্কে নিতাস্তই পুনর্বাব প্রেরণ করিবে। মুদাগন্তকামাঃ পুরাবাদগৌডং সমাহায় কোলাঞ্দেশং কিতীশং। নৃপাজাঞ্চ লকা সদারা: সভূতাাঃ মহাযোগিনত্তে বভূবঃ সশ্দাঃ। কাণুকুজাধিপতির ব্রাহ্মণগণ আজা লাভ করিয়া কোলাঞ্চ দেশ রাজাকে পরিত্যাগ পূর্বক সন্ত্রীক এবং পঞ ভৃতাশূদ্রের সহিত হর্ষযুক্ত হইয়া व्यागमन कतिए हेळ्क इहेग्राहित्नन। হয়মানঃস্মক্ষিহ্যসোপানত্কাঃছিজোত্মাঃ সনারাশ্চ সপুত্রাশ্চ ভৃত্ত্যেরপি সমশ্বিতাঃ। সেই দ্বিজ্ঞাণ অখ্যানে আরু চু ইয়া স্ত্রী পুত্র এবং ভূত্য সহিত এদেশে আদিয়াছিলেন।

আগত পঞ্ত্ৰাহ্মণ মহারাজ কর্ত্ত্ ক কি প্রকার সমাদরে গৃহীত হুইরাছিলেন ভাহা বোধ হয় ৰঙ্গদেশের অশীতিবর্ষের বৃদ্ধ হটতে দশমব্যীয় বালক প্র্যান্ত সকলেই অবগত আছেন। শুভদিবদে মহারাজ পঞ্জাহ্মণ দ্বারা পুত্রেষ্টি মাগ সম্পন্ন করাই-লেন। তাঁহাদের ষাগপ্রভাবে মহিষাগর্ত্তবতী হটলেন ও প্তমুখ অবলোকন করিলেন। এট অলৌকিক ঘটনার পর মহারাজের ভক্তি ও শ্রদ্ধা তাঁহাদিগের উপর দিখাণ বৃদ্ধি প্রাপ্ত হটল। তিনি তাঁহাদিগকে স্বীয় রাজ্যে রাথিবার নিমিক্ত বিনীকভাবে প্রার্থনা করিলেন এবং তাঁহারাও বাজার নির্বার্কারিশয় অভিক্রেম করিতে সমর্থ হইলেন না। অনস্তর রাজা তাঁহাদিগকে স্বৰ্ণ প্ৰভৃতি ৰছমূলা রত্ন দান করিলেন এবং পঞ্চ গ্রামে তাহাদিগের পথক ২ বাদস্থান নিরূপণ করিয়া দিলেন। তদ-বিষ্টি পঞ্চ ব্রাহ্মণ তাঁহাদিগের আত্মীয় কুটুম্বগণ হইতে সমাজচাত হইয়া এদেশে বান করিতে লাগিলেন। এরপ ও প্রবাদ আছে যে ভট্টনারায়ণ প্রভৃতি পঞ্বাহ্মণ রাজকার্য্য সমাপন করিয়া পুনর্কার স্বলেশে ফিরিয়া যান। কিন্তু তাঁহারা আদিশূর হইতে দান প্রতিদান গ্রহণ করাতে সে-খানে সমাজচাত ও অপাঙ্তের হইয়া কিছু काल वाम करब्रन । ७९ भरब श्रामा थाका নিভাস্ত কষ্টকর জ্ঞান করিয়া পুনর্কার স্ত্রী; পুত্ৰ সহ গৌড়রাজ্যে ফিরিয়া আসেন। তথায় আদিশুর কর্ত্ত পুনর্বার সাদরে গুৰীত হইয়া এদেশে বাস করিতে আরম্ভ

করেন। যদি মহারাজা আদিশ্র ক্ষত্রির

হইতেন ভাহা হইতেন রাজাণগণ কথনও

সমাজচ্যুত হইতেন না। কারণ রাজাণেরা

ক্ষত্রির রাজা হইতে দান গ্রহণ করিলে

সমাজচ্যুত হন না। এক্ষণে বোদ হর

ইহা নিশ্চিতরূপে প্রমাণিত হইল যে

মহারাজা আদিশ্র ক্ষত্রের ছিলেন না।

কারণ ভপবান্ মহু বলিয়াছেন—

ন রাজ্ঞঃ প্রতিগৃহিয়াদরাজন্যপ্রস্তিতঃ।

হনা চক্রথক্সবভাং বেশে,নৈব চ জীবিভাং॥

৪ অধ্যায়—৮৫ শোক। অস্য চীকা।

ন রাজ্ঞ ইতি। রাজনাশবং ক্ষত্রিয়বচনঃ
অক্ষত্রিয় প্রস্তুক্য রাজ্ঞোধনং ন প্রতিগৃহীয়াৎ। রজতোধনমধিচ্ছেদিত্যক্তং তস্যায়ৎ বিশেষ উক্তঃ।
ত্রুল কভট্টঃ॥

Sir W. Jones's translation of Manu

বে রাজা ক্তিয়কুলে জন্ম গ্রহণ করেন নাই ভাহা হুইতে গ্রাহ্মণ কথনও বহুমূল্য দান গ্রহণ করিবেন না ইভ্যাদি ——

উপসংহারকালে বৈদ্যবংশীয় নূপর্তি-গণের বংশাবলী সাধারণের জ্ঞাপনার্থ সম্বন্ধ-নির্ণির হইতে উদ্ধৃত করিলাম।

व्यामिन्द्र ও रमनवःरनद ताक्षक्षकान ।

थ्ः थ्ः षामिम् त—२००——२६२ । **ধৃঃ ধৃঃ** ভূফ্র(পুঅ) পুজিকা(কন্যা)৯**৫২**-৯৭০ ।

। খৃঃ খৃঃ অশোকসেন—৯৭০—৯৮১ ।

मृ्वरमन—৯৮১**—৯**৯৪।

ঁ বীরদেন – ৯৯% – ১০১২ । সামস্ভদেন—১০১২ — ১৫৩০ ় ।

८हमखटमन— **>**०७०<mark>०</mark>— >०८৮ ।

বিজ্য়দেন—১০৪৮—১০৬৬ I

वहायरम्-->०७७--->>०)

可報977月一->><> 1

माधवरमन- >>२>- >>२२

८कभवटमन—५>२२ - ५५२७

नाकर्षप्रतन--->>०७

* অনেকের মতে কেশবসেন মাধব-সেনের পুত্র নহে। ইহারা ছই ভাতা এবং উভয়েই লক্ষণসেনের পুত্র। আম্বার রাও এই মতের পক্ষীয়।

ভূস্র নামক পুত্র আদি নুপতির। মুনি পঞ্কের যজে জন্ম যার স্থির॥ ভূসুরে না দেখি পুত্র আদি নৃপমণি। নিজতনরা লক্ষ্মীকে পুত্রিকায় গণি # ভাহার তনয় দেখি যায় স্বর্গপ্র। পুত্ৰ বা কন্যাৰ পুত্ৰ নাহি কিছু দূর ॥ অশোক দৌহিত্র জান আদি নৃপাঁতর। তাহার তনয় হন শূরদেন ধীর॥ যাঁহার ঔরসে জন্মে বীররেন রায়। তাঁহার পুত্র ভূপ সাম্ভ নাম তায়॥

222

সমিক্ষের হেমন্ত নামে তুলা নন্দন। বিষক ভাত বলি যারে করে বন্দন॥ কলিতে ক্ষেত্রজ পাত্র নাহি ব্যবহার। किन्द्र देवनावंश्या अक शाहे ममानात ॥ व्याप्तिम्दतत वश्मध्यक (मनवश्म जांका। বিষক্ষেনের ক্ষেত্রজ পুত্র বল্লালনেন রাজা॥ বলালনৃপের পুত্র নামেতে লক্ষণ। মাধব ভাঁহার পুত্র বৃদ্ধি বিচক্ষণ 🛭 কেশবভূপতি হন মাধ্ব তনয়। তার হত গুণযুত লক্ষ্ণ সে হয়।

কুৎসা।

श्रीत्रकारलंद नीर्च निर्तन, शृहकारी। अभू-দর স্সম্পন্ন করিয়া, পাড়ার দশ বাড়ীর দশ জন, কুটুম্ব সম্পর্কে আগত পাঁচজন, আর বাড়ীর কএক জন রমণী বৈঅপরাছে অক্র মহলের রোয়াকে বসিয়া বিশ্রস্তা-লাপ করিতেছেন। ইইাদের অধিকাংশই বিধবা, এবং কাহারই বয়:ক্রম তিশ বং-সরের ন্যুন নহে। আলুলায়িতকুস্তলাগণ মাথা দেখাইতেছেন, সংযমিতকেশা কএক জন সেই মাথা গুলি—এক এক জন এক এক জনের – দেখিতেছেন। কেছ দীপ-বর্ত্তিকা প্রস্তুত করণে ব্যাপৃতা, কেহ শিশুর কছা সীবনে ব্যস্তা কথার উপর কথা গড়ি-**८७ (इ. नामा कथात्र खात्मामन हरेए७ (इ.**। —" অষুকের সামী অষুককে ভাল বানে না, লোকটার সভাব চরিত্র বড়ই মনা।-

" ভाग वांत्रित्वहे वा कि ? खानवांत्रा **छ मूर्थंद्र कथा नव, र्य लारक** द्र पांच মাগীর ঐ ভ রূপ, গুণের बिरमहे ब्रेम ।

আবার অন্ত নাই; স্বামিকে ভক্তি নাই. ভয় নাই, মুথে মিষ্ট কথা নাই; ভাট-ঠোকুরা লোককে বেমন স্থুথ দের, আপ-নিও তেমনি মুধ পার। আমরাও ত মা शामित घत कतियाहि, मर्भ भत्रक महेबा বাস করিয়াছি, শাশুড়ী, নমদ, জা সভী-নের মন যোগাইয়াছি"- (বিষাহের রা-ত্রিতে বাসর্বরে বক্তার স্বামী সর্পদংশনে প্রাণত্যাগ করেন, স্বতরাং কল্যাণীর কথ-ন ও খণ্ডরালয় দর্শন ঘটিরা উঠে নাই)---" কিন্তু এমন কোথায়ত দৈখি নাই। মুকুক মাগী, আৰি উহাকে হুটী চকে (मिथिए भौति ना । "-

" যে আপনি ভাল, ভাষায় জগৎ ভাল। স্বামির যদি এডট গুণ, ভিনি यमि अमनिके छान माध्य, छावा क्रेटन कि এक है। स्मार माश्रू वर्ष मन नत्रम क-রিতে পারেন না, ভাল বাস্টিরা লইতে পারেন না, ভাষাকে ভাল করিতে পারেন ना १, इत्रक्षण नारे, युत्रखन च्याट्ड, शरवत्र

বাছার চক্ষের জল না দেখিয়া জলগ্রহণ করেন না। লজ্জার কথা বলিব কি, গুণবান্ কথার কান্ত দেন না, তাঁহার হাত ও মধ্যে মধ্যে চলে। আবার ইহার উপর, যদি এক দিন শেষ রাত্রিতে বাড়ী আইদেন, তবে দশ দিনের মৃতু অন্তর্জান; কথার উক্তি করিলেই সর্ক্রাশ! মরুক মিন্সে, গলার দড়ীও যোড়ে না!''—

"যত দোৰ, নন্দঘোৰ; কেৰল পূক্ষের কথা বলিলেই ত হয় না। ছি
ছি! বলিতে লজ্জা, ভানতে লজ্জা, লোকের কাছে মুথ দেখাইতে লজ্জা। পাড়ার
ভিতর বলিলেই হয়, পর নয়, অমুক মাগীই
ছ অমন সোণার চাঁদ ছেলেকে ডেড়া
করিয়া রাথিরাছে। ভবু যদি এক ভিল
লক্ষা থাকে! চাবিশিক্লি এবুলাইয়া,
আঁচলের খুঁটে রিঙ্ভরা, চাবি দোলাইয়া
মাগী যথন হাত নাড়িয়া বাহির হয়, ভথন
ইচ্ছা করে ঝাঁটার বাড়ীতে জন্মের মত
বিষ্ণাত ভালিয়া দিই।"

ত্ত ধরিয়া একে একে (উপস্থিত দল বাদ দিয়া) এ পাড়া, ও পাড়া, গ্রাম, বহিপ্রাম, সর্বত্তের স্ত্রী পুরুষের স্বভাব চরিত্র, রূপ গুণ, আয় বায়, খাদ্যাখাদ্যের বিচার চলিভেছে। যাঁহারা বুলিভেছেন, জাঁহারা শাস্তভাবে, বিনাপক্ষপাতে, প্রমাণের উল্লেখ বা মীমাংসার অপেক্ষা না করিয়া স্বার্থসম্পর্কশ্ন্য হইয়া স্ব স্থ হলয় ভাগ্রের উল্লেখন। ইইটাদের মধ্যে কেই উরিয়া গেলে, আবার তিনি, তাঁহার আ-

ত্মীয় স্বজন প্রসঙ্গাধীন বিচারাধীন ♦ইডে-ছেন। চকু আছে, অথচ এ দৃশা দেখে নাই এমন লোক; কোথায় ?

পঞ্চানন স্বৰ্থার আপন দোকানে বদিয়া রামহরি রায়ের তৃতীয় পক্ষের গৃহি-ণীর পাঁয়তাল্লিশ ভরির সোণার চক্রহারে কাটিতেছে, শিক্ষার্থী একটা বালক মুহমুঁছ ভামাক সাঞ্জিতেছে, আর পঞ্চাননের খুড়া ঠাকুর, দাদা ঠাকুর প্র-ভুতি অনেকগুলি ভজ সন্তান জলপূৰ্ণ গাড় নামাইয়া রাখিয়া প্রাতঃকালে সেই দোকানে বসিয়া ভামাক খাইভেছেন। চ<u>ল</u> হারের প্রসঙ্গে, রামগ্রি দারপরিগ্রহের তৃতীয় সংস্করণ করিয়া যে নিকা্দিতা প্রকাশ করিয়াছেন, এবং তদ্ধেতৃক যে ভোগ ভূগিতেছেন, তাহাব আলোচনী ছইতেছে। রামহরির নিক্রিছা হইতে ভদীয় পত্নীর চতুর-বৃদ্ধিমন্তা, তথা হইতে তাহার চরিত্র, সেই চরিত্র সম্পর্কে ভদীয়া প্রথমা দণত্নীর জোষ্ঠপুল্রেব ব্যবহার, ভা-হার পব সেই পুজের বয়সাবর্গের উচ্ছ ঋ-লতা, প্রভৃতি বিবিধ কথা যথাক্রমে তর্কের বিষয়ীভূত হইতেছে। এ দৃশ্য 🖛 থিয়াছে বলিয়া যে ব্যক্তি স্বীয় বহুদর্শিতার গরিমা করে, সে বাতুল।

রাগ নাই, দেষ নাই, অথচ অযোধাাবাসী না জানিয়া, না শুনিয়া, তথাপি খুঁটিয়া খুঁটিয়া পরিশেষে যাসচক্রকে যে
অবস্থার উপস্থাপিত করিয়াছিল, গুজানকী
সতীকে যে বিপাকে ফেলিয়াছিল, তাহা
কাহারও অবিদিত নাই। আর, বিরলে

বিদিয়া কৰি "বিদ্যাস্থলর" লিখিরাছেন; পঞ্চাননের দোকানে ৰসিবার অবসর পান নাই বলিয়া নবাখ্য-লেখক "বিষর্ক্তে" মনের লাধ মিটাইরাছেন। সম্পাদক এবং পাঠক ভারতবর্ষে, সপ্তাহে সপ্তাহে, মাসে মাসে, বিলাত হইতে সংবাদ পাঠাইতে-ছেন— অমুক লর্ডের অমুক সম্পর্কীয়া এবং তাঁহার অর্থাল একত্র অদৃশ্য হইয়াছেন! কুৎসা নাই কোখার ৪ কুৎসা কে নাকরে?

ৰাস্থিক কুৎসা কালের সীমা, স্থানের সীমা, বাক্তির সীমা জানে না, বা মানে না। তুনি বিজ্ঞতার ভাণ করিয়া গগুন্দীত করিয়া, নাদিকাগ্র কাঁপাইয়া, আমার দিকে অঙ্গুলি হেলাইয়া আরক্তিম চক্ষু দেখাইও না, কারণ তুমিও কুৎসায় লিগু,—হাসিতে হাসিতে কুৎসা করিয়া থাক, কুৎসা শুনিতে তোমার আমোদ হয়। যখন অমান্থবী বিজ্ঞতা তোমার স্করে আনকাচ হয়, কেবল তথনই তোমার ঐ গভীর ভঙ্গী। কুৎসা করিতেছি বলিয়া আমার নিন্দা, আমাকে তিরস্কার করিও না। ক্রিলে ফল হইবে না, আমিও উপহাস করিতে জানি, হাসিয়া তোমার কথা উড়াইয়া দিব।

আনি মন্তবা নামে আত্ম-পরিচয় দিয়া থাকি, প্রকৃতিকে যথাসাধ্য ব। যথাপ্রবৃত্তি লাসন করিয়া থাকি, আহার নিদ্রা প্রভৃতি জীব সাধারণ পর্ম্মের অফ্সরণ বিষয়ে স্থান কালাদির নিয়ম সংস্থাপন করি, অথবা অপরের নিয়ন্তিত মন্ত আত্মচালনা করি; কোন বিশেষ কার্যা কর্ত্বব্য কি না, বিশেষ

পস্থাঅমুদরণীর কি না ৰিষয় বিশেষ হ-ইতে আমার প্রাঙ্মুধ থাকা বা প্রতি-निवृज्ध इत्रा चावभाक कि ना तम विहात করিবার ক্ষমতা আমার আছে; অনেক স্থালে সেক্ষমভার প্রয়োপ করি না, স্ভা; ক্ষতা পরিচালন করিতে পারি বলিয়াযে অভিমান, ভাষা তিলাই ও আ-মার চিত্ত হইতে অবসারিত হয় না। এই প্রক্রতিশাসন, নিয়মসংস্থাপন, কর্ত্তব্যাব-ধারণের সম্ভিকে আমারা মন্ত্রাত্ব বলিয়া थाकि ; आमारमत शर्रनदैविध ब्रह्कुक त्य রুপ, এই মহুষাত্ব হেতৃকত্ত তথাবিধ অপ-রাপর জীব ইহইতে আমরা বিভিন্ন। কিন্ত প্রধানতঃ এ মহুষাছের নিদান কোথায়, ট্চার নিয়াম্ক কে? আমি বলি—— কুৎসা। নেত্র বিক্ষারিত করিও না, তো-মার অধর-প্রাক্তের হাসি অধরেট ধরিয়া রাথ; আমি শিক্ষক, তুমি শিষ্য, আমি পণ্ডিত, তুমি মৃথি, আমার কথা তোমাকে व्यारेश निट्छि ; किन्छ विरम्भीत এक মহাবাকাও এস্থলে ভোমাকে শুনাইয়া রাথি—" আমি বুঝাইতে পারি কিন্তু বোধশক্তি দিতে পারি না।"

জ্ঞানে হউক, অজ্ঞানে হউক, স্বার্থসাধন করিতে গিয়াই হউক বা পরের
হিত্তচেষ্টিতেই হউক, মহুবামাত্রেই অহরহ
সমাজের উপকার সাধন করিতেছে। নরহস্তা, এবং বিচারাসনে বসিয়া বিনি সেই
নরহন্তার প্রাণদণ্ড করেন, এই উভয়ের
মধ্যে কে সংসারের অধিকতর কল্যাণ
সাধন করিভেচে, সহসা এ প্রশ্নের উত্তর

मिल्या यात्र ना वरते : ज्यानि छेल्दारे त्य नमाक निक्रक, डिझ किन्न खनानी बन्त्वन कतिया উভয়েই সংসারকে উপদেশ मि-(छाड, धर मश्मात्र (महे डेलाम न नहें मा পরস্হত ইইতে নৃতন ভাবে আত্মব্যব-हांत्रक मक्षालिक, विभर्गाख, विर्णापिक মার্জিড বা পরিবর্ত্তিত করিতেছে, তদ্বিধয়ে কোন সংশব নাই। নরহন্তা ও তাহার দণ্ডবিধাতা উভয়েই হয় ত ভ্ৰাস্ত; ফলত: ত্রম একের হউক বা উভয়েরই হউক ত্রমণ্ড আমাদের শিক্ষার উপকরণ। নর-হস্কা সীয় কার্য্যের ফলাফল ভাবিয়া তাহার পর লরহত্যা করিয়াছে, বিচারকও ঠিক ভাৰাই করিয়াছেন। আমরা বহিস্থ: लाक, धमम्मुक वाकि, धक्रव मत्त्र मत्त्र विकल हरेबा दक्र नत्रहत्वात दक्र वा विठांत्रक्त, अश्र (कह दूर छेख्द्रग्र देश व बिट्डिंड। धेथन नत्रहस्रा, বিচারক ও चामत्री, नकरनहे छ এ উहात त्राय षिणाम ; दण (पथि, शृद्ध वर्षि अञ्चः शृद-विश्वितीत प्रम ध्वर श्रक्षानत्नत्र कर्मना-লাম্ব্যক্তিপৰ কি ইহা ভিন্ন অন্য কিছু করিভেছিলেন ? পূর্বে যে কুৎসা, এখা-मिल मिहे कूरमा ! शूर्व (य नमाकनमा-লোচন, এখানেও ভাচাই। প্রভেদের मत्था दक्ष ना वृत्यित्रा नमात्मत्र

সাধন করিতেছে, কেহ বা ব্রিয়া করি-তেছে। সমালোচনার শিক্ষা, শিক্ষায় ইউসিন্ধি, এ কথা যে না বুয়ে কেবল দেই ব্যক্তি কুৎসার দোষ দেখে। কুৎসিদ্ভর কুৎসা কেন করিব না? আব, কুংসা করিতে হইলে, পরোক্ষে করি বলিয়াই বা দোষ কি ? গৌণেও কি তাহার ফল সমাজে ফলে না?

ভবে, এক কথা স্বীকার করিতে আধিও প্রস্তুত্ত কুৎসার প্রণালীতে কুৎসাকারির শিক্ষা ও রুচির প্রিচয় পাওয়া যায়, স্কৃতবাং যে ব্যক্তি স্থাপকা এবং স্কুচির অধিকারী বলিয়া অভিমান করে, স্থান কাল পাত্র বিবেচনা করিয়া কুৎসার মৃত্তিভেল করা ভাষার অবশ্য করেবা। মার্জিভ, বিশোধিভ, স্কুচিসম্মোদিত কুৎসার নাম, সমালোচনা! যাহাকে সম্পূর্ণ বিশ্বাস নাই, যাহার কাছে তুমি অক্তম্ম পুলিয়া দিতে পার না, ভাষার সমক্ষে মন্তুব্যের চরিত্রের বা মন্ত্র্যের কার্য্যের করেবা প্রমালোচনা ' করিও, কেই ভাষাতে কুৎসা বলিবে না।

আবহমানকালে কুৎসা চলিটা আসি তেচে, অনস্ত কালের সঙ্গে কুৎসা চলিবে, কুৎসার প্রতাপ অক্স রহক, কুৎসার অর হউক।

विश्वनिम् क।



त्रकालद्य वात्राक्रेमा

·沙安沙 你会会。

সম্প্রতি কর্মন হইল লর্ড লীটন বাহাত্ত্ব বক্ষমণ্ড্রিতে কালীদাপ্রণীত অভিজ্ঞান-শক্তাল নামক নাটকের বন্ধ-ভাষার অভিনর প্রবেশ গমনু করেন। দেই ঘটনার মহামতি মিরার সম্পাদক মিরার পত্রিকার এই মর্ম্মে লিখিয়াছেন যে "বেখানে বারাজনাগণ অভিনর কার্য্যে লিঞ্জ, সেখানে ভারত্ত্বর্ষের গবর্ণর জেন-রেলের উপস্থিত হওয়ার, চ্নীতির উৎসাহ বর্জন করা হইয়াছে। বঙ্গরঙ্গ ইমতে বারা-ক্লনা ঘারা যে অভিনয় কার্য্য সম্পন্ন হয় বোধ হয় লর্ড লীটন বাঁহাত্বর তাহা অবগত ছিলেন না"।

এবিষয়ে মতামত ব্যক্ত করার আমাদিগের এ কিঞ্চিৎ অধিকার আছে। আমাদিগের প্রথম বক্তব্য এই যে অভিনয়প্রথা ডারডে এই প্রথম প্রবর্ত্তিত হয়
নাই। বখন খেতপুরুষেরা নানা বর্ণে
রঞ্জিত হইয়া ভূগভালরে বাস করিতেন,
যথন প্রীইবর্মের মোহিনী শক্তিতে তাঁহারা মানবত্ব প্রাপ্ত হল নাই, হখন সাহিত্যগর্মা নাটক পৃথিবীর আর কোন দেশে
প্রান্থভূতি হয় নাই, তখন অভিনয় প্রান্থ
প্রান্থভূতি ইয়ার্লিভা করিতেন, ছই
একটী উদাহরপ্রশ্বারাই আমর্ক্ত পাঠকদিগতে তাহা বিদিত করিব 1

Teh __

প্রথমতঃ উত্তরনামন্ত্রিতের চতুর্থ আছে জনকলবসম্বাদে এরপ লিখিত আহে :—
' লবঃ। নানং কথাপ্রবিভাগোৎশাভি রন্যেদ বা শ্রুচতপূর্বঃ।

জনকঃ। কিং ন প্রণীতঃ কবিনা ?

কবঃ। প্রণীতো ন প্রকাশিতঃ। ত
কৈয়ৰ কোপ্যেকদেশঃ সম্পর্ভান্তরেণ রসমানভিনেয়ার্থঃ কতঃ, ডঞ্চ স্বহন্তলিখিতঃ মুনিভগবান্ বাস্ত্রভান্তর স্মান্ত্রের্গাত্রিকস্ত্রকারসা।

जनकः। किमर्थम् ?

লব:। স কিল তগৰান্ তমপ্স-রোভিঃ প্রোলরিয়ান্তীতি।"

ইহার মর্দ্ম এই—রামারণের শেষভাগ বাক্ষীকি নাটকাকারে লিখিরা অভিনর করিবার জন্য নাট্যশাক্তকার ভরতমূনির নিকট প্রেরণ করেন। ভরতমূনি সেই নাটকথানি অপ্সর্গাণ দারা অভিনীভ করেন। কুমারসভব ও মেষণ্ড প্রভৃতি করৈতেও এক্লপ উদ্ধৃত করা বাইতে পারে।

ঘণা—
ক্মারসভবের পম সর্গের ১৯ লোক থ
তৌ সন্ধির বাঞ্জিতরভিভেদং
রসাভরবের প্রভিবন্ধরাগন ।
অপদাভামপ্সরসাং মৃত্তিং
প্রলোগমাদ্যং কলিভালভারম র
ইয়ার মর্ম্ এই—ছব্পার্বতী পরিবর্ম

কার্য্য সমাধানন্তর মনোহর অকভঙ্কির
সহিত অপ্সরাগণপ্রহাক্ত নানারসসম্বিত
অভিনর কার্য্য অবলোকন করিয়াছিলেন

এই অপসরাগণ বে বেশ্যালেণীর অভভূকি ছিল, বোধ হুর পাঠকমাত্রই ভাষা
অবগভ আছেন । স্থতরাং বলিতে হইবে
বে বেশ্যা বারা অভিনর কার্য্য সম্পাদন
করার প্রথা ভারতে আধুনিক নহে, অভি
প্রাচীনকাল হউতেই চলিয়াই আসিতেছেই।
এই প্রথা বলিয়া বিবেচিত হইত, তারা
হইলে মুনিবর ভরতাক্তিমাই ভাষার সহিত
সংশ্লিই থাকিতেন না এবং মহর্ষি বাক্তীকিও ভলীর অমৃত্রমর রামারণকে তাহালিগ
বারা কল্বিত্রভইতে দিতেন না।

একণে বিবেচা বে-"কেন এই প্রথার र्श्ट इहेब्राइन १ श्राकील हिन्त्वना-গণ বে অনেক পরিমাণে স্বাধীন ছিলেন खारा द्यांथ एवं जंकरण नेकरण मुक्ककर्त्र. चीकात कतिराम 🖫 चाथीमा ভजनगना गएउ किन विभागण अधिति वी बनिया পরিগৃহীত হইতেন ? এ প্রন্নের একই উত্তর আমাদিগের মনে উদিত হয়। পরের मने । त्याहन क्या वाश्तिर शत् की वनवाळाळ একমাত্র উপার, ভাহারা রক্ষালয়ে সমাগত शर्मक्रमञ्जीदर्शः हिखदिस्मानस्म व्यक्षिकञ्जत मक्त : बहे क्या है श्राष्ट्री करनका द्वमा-গণট অবিকৰ্ডন আদরের সহিত্ত অভিনেত্রী-मार्थः अमिन्ही**च**ंहरे**च** ि भौजनम्मार्थाः विमान रखीएका च विकिट पृष्टकात टार्गा-चन एरेशा बाटका जानि नाविती नहि.

অৰ্চ আমাকে সাবিত্ৰী সাজিয়া সাবিত্ৰীর অতুল পতিভক্তি দেখাইতে ইইবে; আমি রামের ছারা স্পর্শ করার যোগ্য নকি. व्यथे व्यामारक ताम नाविता तारमत केताचा मिथाहेट इंटर । यादा मारे चाहा मा-জিতে, ভাৰার ভাগ করিতৈ যে পরিমাণে প্রোঢ়তা ওু ধৃষ্টতার প্রয়োজন, লজ্ঞাশীলা কুলকামিনীতে সকল সময় সেরূপ প্রো-ঢ়ভা,ও ধৃষ্টতা পরিদৃষ্ট হয় না। এহ জন্যই বোধ হয় পুরাকাক হইতে এরপ প্রথার আবিৰ্ভাৰ হয়। শুদ্ধ যে অভিনয় কাৰ্যোই বারাঙ্গনারা নিয়োজিত হুইত এরপ নছে. (मंचलां नित्र श्वान वस्तां कि छेशलाक्ष अ ইহাদিগের গীতি সর্বান্ত ব্রত্ত হইত। এই প্রথা এখনও চলিয়াই আসিডেচে 1 ञ्चलताः हिन्दुवा यथन भविता देनवकार्या छ वाताक्रनामिशटक नियुक्त कित्रा शांटकन, তখন ঐহিক স্থাধের উৎুপাদন জনা অভি-নয়কাৰ্গো তাহাদিগকে নিযুক্ত হিন্দুসমাজ বা হিন্দু ধর্ম বিগহিত কোন कांच कत्रा इत्र दिन्त्रा आंगानित्रत विश्वाम नार्छ ।

ইউরোপের ন্যায় এথানেও ভট্র মহিলারা অভিনয় কার্য্যে প্রার্থত হন ইহা
আমরা অন্তরের সহিত প্রার্থনা করি।
কিন্তু যত দিন ভাহা না বটিতেছে, ভত
দিন স্তীলোকের অংশ বারাঙ্গনা হারা
অভিনীত হওয়া অনুচিত কি সে আমরা
ব্রিতে পারি না। বাহারা স্তীলোকের
অংশ প্রুষ্থের হায়া অভিনীত হওয়ার
উপদেশ দেন ভাঁহারা অভিনয় শব্দের

অর্থ বুঝেন না। আয়ুল চরিত্রের নকল कदाहे अस्तिरात स्टेक्स्मा। नक्त स्थान-লের যত অভুরূপ হয় ততেই ভাল। পুরুষ बाता जीहितित्वत नकन कथनरे छान स्त না। প্রকৃতি এরূপ কার্ষ্যের প্রতিকৃল। রঙ্গস্তলে পুরুষ স্ত্রীবেশ ধারণ করিয়া আ-সিলে সর্ব্ব প্রথমে স্বর শুনিয়াই আপাদ মস্তক জলিয়া উঠে। কোথায় কামিনীর কোকিল-বিনিন্দিত স্বর শুনিব, না শুনি-লাম বায়সের কর্কশাবর। তাহার পর কিঞ্চিং অভিনিবেশ পূৰ্বক দেখিলেই দেখিতে পাওয়া যায় প্রত্যেক প্রভাকে পুরুষের লক্ষণ বিদামান। ইং দেখিয়া কাছার মনে অভিনেয় স্ত্রীচরিত্রের ৰিভ্ৰম (Illusion) জন্মিতে পাৱে ? অভি-নেতা বা অভিনেত্রীর উপর অভিনীত চৰি ত্রের বিভ্রম না জিনিলে অভিনয়ই হইল স্তরাং স্ত্রীচরিত্রের অভিনয় অভি-নেত্রী ভিন্ন অভিনেতা দারা কথনই হইতে পাতে না। ধখন হইতে পারে না, তখন রক্ষত্তলে অভিনেত্রী আনিতে অবশাই इटेर्द। ভक्त महिलाता অভিনেত্রী হয়েন. পরম স্থাথের বিষয় ৷ কৈন্ত যত দিন ভর্ত্ত মহিলারা এ আসরে না নামিভেছেন, ভ্ত দিন বারাজনারা ভাহাদের অভাব পুরণ করে তাহাতে আমাদের আগতি কি? আর একটা কথা আমরা পুরেই বুলিয়াছি অভিনয়কাৰ্য্যে বেরূপ ছাৰ ভার ভঙ্কি व्यञ्जित वारमायन, गुल्हानीना कृतका-बिनी बाबा टम अलिक शृतक हरेट आदत कि ना এ मिटन छोड़ा जनानि भरीकि इ

হয় নাই। যত দিন পরীক্ষিত্ত না হই-তেছে, তত দিন বাহারা সেই অভিন-রোপবোগী হাব ভাব ভলিতে বিশেষ দীক্ষিত তাহাদিশকে অভিনয়কার্ব্যে নিযুক্ত না করিয়া করিবেন কি ?

ইংলণ্ডেও দিতীরী চারল্সের রাজঘাল পর্যান্ত অভিনর কার্য্য বারাঙ্গনাদিগ দারাই অমুষ্ঠিত হইত। তাহার পর জেনে ক্রেম গৃহত্ব মহিলারা যথন ভাহাদিগের স্লাভিবিক্ত হইলেন, জখন সে ক্লেজ হইতে বারাজনাদিগকে অপসারিভ করা হইল। এ দেশেও যদি কখন ভজ মহিলারা এ বাবসারে অপ্রসর হন, বারাজ্যনার সেই দিন হইতে আপনিই এই ক্লেজ হইতে স্বিরা বাইবে। কিন্তু গত দিন ভজু মহিলারা এ বাবসারে অগ্রসর না হইতে-ছেন, তত দিন অভিনয় ক্লেজ হইতে তাহাদিগকে বিদ্বিত করা সাধ্যাতীত।

আমরা "সাধ্যাতীত" বলিলাম
তাহার কারণ এই যে আমরা দ্রীলাক ও
প্রুষ উভয় ছারাই স্ত্রীচরিত্র অভিনীত
হইতে দেখিরাছি। দেখিরা প্রতীতি জন্মিরাছে যে প্রুষ ছারা স্ত্রীচরিত্র অভিনীত
করার চেটা বিভ্রুলা মাত্র। রে ব্যক্তি
স্ত্রীলোক ধারা স্ত্রীচরিত্র অভিনীত হইতে
এক বার দেখিরাছেন, ভিনি প্রুষ্ক ছারা
ভাহা অভিনীত হওয়া দেখিতে কথনই
পারিবেন না। উল্লোক একটাকে প্রক্রমত
অভিনম্ন বলিয়াও অপ্রতীতক ভাঁড়ানি নাজ্
বলিয়া নিশ্চরই বোধ ক্ইবে। আমরা মুক্তকঠে বলিতে পারি আক্ষ বনি বল-ম্বল

ভূমি ও জাভীর নাট্যশালা হইতে অভিনিজীগণ বিদ্বিভ হয়, কাল সে সকল নাট্যশালার মর্শক জোটা ভার হইবে। একবার বাহারা অভিনেত্রীগণের উৎকৃষ্ট অভিনর দেখিয়া বিমোছিত ছইরাছেন, তাঁহারা কখনই সংদাজার পরিতৃপ্ত হইবেন না। আমরা অনেক বার উভয় নাট্যশালাভেই গমন করিয়াছি, মতরাং আমরা নির্ভ্রে বলিভে পারি যে অভিনেত্রীগণ বারাই উভয় নাট্যশালার গৌরব সবিশেষ পরিরক্ষিত হইরাছে। অভিনেত্রগণ অপেক্ষা যে অভিনেত্রীগণ অভিনয় কার্য্যে অধিকতর দক্ষ ভাহা বোধ হয় আসক্ষপাত্রী দর্শক মাত্র মৃক্ষেকৃত্রে স্বীকার করিবেন।

এই উৎসর্ষের বিশেষ কারণ আছে। লোকে বলে " সাধনায় সিঙ্কি"। অভি-নেতৃগণ নানা কাৰ্য্যে ব্যাপুত থাকায় অভিনয় কার্যো সাধনা করিতে পারেন না। আরও যশোলাভের অন্যান্য হার উদ্ঘাটিত থাকায় অভিনয় দারা লোকের **किव्यविद्यांगन क यत्नामां जारा की**व-हनमा अक माल छित्कना विनश मान करवन वा। किस अकित्मजीमिरशत कीयत्तर जात कि जाना जात्क ? मानवै क्लड यत्मानिशमाः ठित्रिकार्थं क्यांत्र काशिनित्यत बार्व कि छेगांत्र बार्क? अब नम्बन्दन শ্ৰাক হুইতে বৃহিত্ত পিতা নাডা ভাই या वाकी शृक्ष मकन इहरें कि कि वीवतनत ये विक्रिक-एउडानिनीपिरंगर्त (पात्रज-यमाण्डक जीवनगृशीय अछिनय वावनाय

একটী মাত্র আশারশ্মি। তাহাদিগের সম্ভপ্ত জীবনে স্থীজনমনোরঞ্জনই এক মাত্র স্থা। তাহাদিগের জীবনমক্তৃ মিতে সাধুজন-চিত্ত-বিনোদনই এক মাত্র শাস্তিস্থল। স্থভরাং ভাচানা যে প্রাণপণ করিয়া অভিনর কার্য্যে প্রণিষ্ঠা লোভ করিতে চেষ্টা করিবে তাহাতে আব বিচি ত্রতা কি ?

অভিনয় কার্য্যে প্রতিষ্ঠানাভের এই वनवैजी रेष्ट्रा (व जैजित्नजी निश्तक अधना বেশ্যাবৃত্তির অমুসরণ হইতে অনেক পরি-মাণে রক্ষা করিয়াছে, আমরা বিশেষর**পে^ত অ**বগত আছি। ইহাদিপের মনের ভাব এখন এক্রপ দাঁড়াইয়াছে যে मरमञ्ज अ मङ्गलाम भारेल, हेशिक प्राप्त অনেকে ৰোধ হয় এ বাবসায় একেৰাৱে পরিতাাগ করিতে পারে। চরিত সংশোধন ও সংগঠনের জন্য আমরা অনেকবার একটা বোর্ডিং বিদ্যালয় সংস্থা-পনের প্রয়াস পাইয়াছিলাম, করেকজন অভিনেত্রী বেশ্যাব্যবসায় পরিত্যাগ করিয়া আহলাদপুর্বক ভাহাতে প্রথিষ্ট হুইবার ইচ্ছাও প্রকাশ করিয়াছিল, কিন্তু অর্থা-ভাবে আমরা সে কার্যো ক্রতকার্যা হটতে পারি নাই। যদি উভয় নাট্যশালার অধাক: গণ মিলিত হুইয়া তাঁহাদিগের লাভাংশের किश्रमः मं ७ वहें ज्ञान करें। त्वार्जिः विमान नरम मःश्वाभन ও সংदक्षा विनियाकिछ করেন, তাহা হইলে তাঁহারা লোকের এই ক্লপ গালিবর্ষণ হইতে আত্মককাও করিতে পারেন, এবং যে অভিনেত্তীগণ দারা তাঁ-

চাবা বঙ্গেব এত আদেরের ধন ছইরাছেন, তাচাদিগকেইছন্তর শাপপন্থ ছইতে উদ্ধার করিয়া জগতে অতুল যথ ও অনন্ত পুণা সক্ষয় করিতে পারেন।

আর যে মহাত্মাগণ অভাগিনী বিত্রাস্ত (Benighted) বারাঙ্গনাগণের উঠিবাব একটীমাত্র সোপান রুদ্ধ'করিতে বদ্ধপরিকর হুটুয়াছেন,ডাঁহাদিগকে আমবা বিনী হভাবে এই করেকটা প্রশ্ন জিজ্ঞাসা করি—"অভা-शिनी पिश्रक मभाज इँहर विक्कृत वीति-য়াও কি আপনাদিগের প্রতিহিংসাবৃত্তি চরিতার্থ হয় নাই ? অমুতাপেও কি তাহা-দিপের পাপের প্রায়শ্চিত্ত নাই ? যথন তাহারা পাপপন্ধ হইতে উঠিতে চেষ্টা ক-तिर्डिष्ठ, इथन जाशामिशक হস্তাবলম্ব প্রদান কবা উচ্চিত, না আরও নিমগ্ন করিয়া দেওয়া উচিত ? যদি অমুকৃল হস্তাবলম্ব পাইলে সহস্রের মধ্যে একজন ও উঠিতে পারে, তাহাতে জগতের ও সমা-জের মঙ্গল না অমঙ্গল ? যদি পাপস্রোত কমিলে অপতের মক্ল হয়, তাহা হইলে ইহাতে হইবে না কেন ? যথন, আমরা फेक्ट्र अन-श्रजाव खाकुशरवन्न स्तिक 'मःरमा-धरनत्रक्रना विराध्य यञ्जलत समें अ कांक्षिशहक गर्याटकत्र टकाटक श्रीक्षिक क्षित्र वाटका कूश्यह-रेट कितारेट दिल्ली किति खर्म सामताः কোন নীতি ও কেন্ট্রিক অমুসারে বিভান্ত छशिमीश्रादक बाबार बड बर्दक विद्यान कवि. छेडियाँक क्रिडे। केस्टिनं क कार्गातंत्रक আৰ উঠিতে দিই না ? চোর, ডাকাত, मियावित्री, ध्येवकक "वियानशास्त्र, दिन्धा-

শক্ত, অধিক কি নরহন্তা প্রাকৃতিকেও যখন
আমরা সমাজতকর ছারার আত্রীর প্রদান
করি, তথন কোন্ নীতি ও কোন্ ধর্ম
অতুসারে আমরা বারাজনাদিগকৈ আতীবন সমাজ হইতে বহিক্ত করিয়া দিই ?
তাহাদিগের সংখ্যা ও বলের হীনতাই কি
এই সকল অত্যাচারের প্রধান কারণ ময় ?"

রঙ্গভূমির অন্তিত্বের বিরুদ্ধে আরও যে দৈকল আপত্তি উত্থাপিত হটয়াছে তাহার মীমাংগা করিয়া আমরা এ প্রস্তা-বের উপসংহার করিব। কাছারও কাছারও বিশাস যে রঙ্গভূমিতে আমাদিগের অনিষ্ট বই ইন্ট হয় নাই। আমাদিপের বিশাস তাহার সম্পূর্ণ বিপরীত। আধুনিক অঙ্কি-नय श्रीगांनी य कुक्ठित मः भाषम किन्नी উৎকৃষ্ট কৃচির প্রবর্ত্তনা করিয়াছে ভাহাতে আর সংশয় নাই। অভিনয় প্রথা আরম্ভ হওয়ার পর অবধি দাস্তরায়ের পাঁচালী বা জঘন্য যাত্রাদি গুনিছে কাহারও স্পৃতা যাঁহারা শনিবার शंजिए **दिशानित शिव्रो मृतिक व्यारमान औरमारन** मख इटेंटजन, छाहारतत हिंख चालिनहात्रे विश्वक आत्मारम आकृष्टे ए अवात्र, छाहारेन्द्र আর তথার যাইতে প্রবৃত্তি থাকে না। नम्ख नेथीर अतिस्य कतिशा अनियोत मिवन अत्मरक के आध्याम देशामा निश्च र्टेड रेका रत। शूर्य (यभागत याश्रम वाजीज अझवारम त्म आस्मिनम्म हो कि डार्थ कंत्रियात अना डिलाब हिना नहत बारवामण्य हा हतिकार्थ कतिएक रचेनावह शिशां अटनक यूचक द्वनां छ बरम निष्ठां छ

আসক্ত হইয়া পড়িতেন ৷ বক্তমি সৈকল যদি দেশের আর কোনও উপকার না করিয়া থাকে যুবকবুন্দের প্রাবৃত্তিসে তের এইরপে গভি পরিবর্তন ক্রিয়া সমাজের त्य महें दे जिनकात माधन कत्रिशाष्ट्र उदियत्य আর কোন সংশয় নাই। বাঁহারা বলেন " যেথানে গীত বাজনার আমোদ, নেশা বেশাশক্তি যেন সেখানে থাকিবেই মাকিবে" ভাঁহারা অতীত সময়ের ঘটনার উল্লেখ করিয়াছেন। একণে সে স্রোত ফিরিয়াছে। এক্ষণে গীত বাদো অনে-কেই পবিত্র আমোদ অমুভব করিতে শিধিয়াছেন। গীত ও বাদা কবিত্ব অপে. ক্ষাপ্ত যে অধিকতর হৃদয়-উত্তেজক তাহা এক্ষণে সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করিতে-শৃঙ্গার ও শাস্তরস ভিন্ন যে অন্যান্য রস গীড় ও বাদোর বিষয়ীভূত ছইতে পারে তাহাও একণে ঐ সকল রঞ্জ-ভূমিতেই প্রদর্শিত হইতেছে।

রক্ষভূমির অভিছের বিক্লে আর একট আপত্তি—ইহার অভিনেত্গণ সচচ-রিজ নয়। ইহা হঃখের বিষয় বটে, কিন্তু

প্ৰথম অবস্থায় ইহা অনিৰাৰ্য্য। মাজে ইহার উপকারিতা ও পবিত্তার मिन मिन यक উপनिक्कि ब्रोटिंग, क्छिंडे স্থানিকত ও সচ্চবিত্র লোকেরা ইহাতে প্রবিষ্ট হইতে কুঠিত হইবেন না। আমরা व्यास्नाममहकादत श्रेकांम कतिरुक्ति (य তুই চারি জার স্থাশিকিত ও সঞ্চবিত্র লোক উভন্ন বঙ্গভূমিরই সংস্কারকার্য্যে ব্রতী হইয়া-ছেন। আমাদিগের আশা বে ইহাঁদিগের অসাধারণ অধাবদায় ও স্বিশেষ যুতু অভিনেতা ও অভিনেত্রীগণের চরিত্রের সংশোধন ও অভিনয়ের অন্যান্য দোষের অপনয়ন হুইবে। গ্রন্থকার ও সংবাদ-পত্রের সম্পাদকগণ সাধারণো রক্ত্রমিতে উপস্থিত হইয়া অভিনয়ের দোষের উল্লেখ ও গুণের প্রশংসা করিয়া তাহাদিগের উৎসাহ वर्कन कतिल मिटल विद्यार মঙ্গল সাধন করা হইবে ৷ কিন্তু যাঁহারা তাহা না করিয়া রঙ্গালয়ের স্বার রুদ্ধ করিয়া দেশের বিশুদ্ধ আমোদপথে কণ্ঠক রোপণ করিবেন-তাঁহারা নমাজের শক্ত, ভার-

নিত্য-হোমীর অগ্নি-রক্ষা।

·944) (+46·

শ্বশান-সদৃশ মক্সভূমি বঙ্পার্শে বিধ্মিত হন অগ্নি-রেথা;
কড দিন হইতে ও অগ্নিস্থাপিত,
ক্ষেদ্ধানিত আছে তাহা লেখা।

কাজ নাই দেখে সেই চিজ্ঞার,
সে কালের সীমা কি হবে দেখিয়া ?
কোমল মন্তিক নৃতন হালয়
ভা দেখে এখনি যাবে বিদ্যালয়

वाहिन व्यक्तिन मच वा कीवनी, जाल नद हम के जूँ वानरन; मार्छा-हीन हिन्ह मार्छा-हीन स्नब स्मर्थ रम बद्धां मरब रकान वरन १

তাই বলি ভাই কান্ত নাই দেখে,
সহ আবো আলা দৃঢ়কর হিয়া,
ক্রেমে হবে সৈই তত্ত্ব-নির্কাচন,
বে রূপে ও অগ্রি উঠিল জলিয়া।
ব্রিবে যে দিন সে জ্বে কাহিনী।
ব্রিবে যে দিন প্রশ্নের উত্তর,

বুঝিবে যে দিন নিজের অন্তিত্ব

शिर्व (म हिन अपृष्टे-अक्षत्रः

যে দিন ছইতে ঐ শার্গুকুণ্ড জলে মিটিমিটি এ ভূমি ব্যাপিয়া, তার পূর্বাদিন শ্মরিবে যে দিন উঠিবে সে দিন শ্বতঃ শিহরিয়া।

কিন্ত ভাও বলি না জেনে না ভনে, নিৰ্মাণিতবং অনল কণায়, অকালে জালিতে করিও না চেষ্টা, ফুংকার মাত্রকে করিয়া সহায়।

এত কোটা নর মধ্যে তুমি একা
কি করিতে পার, তুমি কোন্ ছার!
তুমি মর ববে দেখিবে সকলে
সেই দিন চেষ্টা করো একবার।

ভোষাতে আৰাকে একতীৰ্থসাধী

ইবা একজে নৰে নাবেনার

এক অন্নিকৃত্তে বাঁগ নিব ক্ষে

লেই বিন চেটা করে। একবার।

কোটা কোটা সায় স্থল নাড়ী জপে

হয়ে অন্ত বল্লীকনিৰে বেদিন

ত্বালি রালি বিদ্ধ বাধা পরিপাক,

প্রকৃত কোগেল লাভি সেই দিন !

তবে বলি ভাই মনে রেথ কথা,

থেকোনা নিশ্চিম্ব এক দিন ভরে,

সাগ্রিক রূপেতে কর অগ্নি-রক্ষা

যত দিন অগ্নি না অগেছিকারে !

नकरन बिनिया स्वीर्षे नियारम

কর প্রধ্মিত কুল অগ্নি-শিশা,
আন্তরিকট্টদার্চা ইন্ধানারিপেতে
কেল দিবানিশি প্রক্য-স্বত-মাথা!
আছে বুরি কিছু পিতৃপুণ্য-বল,
দৈব-তেজ কিছু আছেরে জ্ঞানি,
নতুবা এ অগ্নি থাকিত কোথাম!
দৈত্য নিষ্ঠীবনে যাইত নির্বাণি!
একবার যদি এই উুষানল
কোন দোশ-স্পর্শে বাররে নিবিয়া,
আর জালা ভার;—চিরকাল ভরে
হইবে নিঃশেষ এই বৃছ্নিজেয়া!

चारु विकास क्षेत्र क्

यस नारे मार्थ। स्त्रतिस्त्रक कथा १ वाद महा स्त्रद क्षमहा-नीजन महिरक ना चाहि, द्वांव श्रवशस्त्र विश्व केंद्रिक क्षमिश श्रक्तम ।

ज्या क्रिक्र क्राक्रिमामश्री सगरक सगरक (वरत्र छेत्राविषा, " त्राहा याहा " वनि निवाहिन ट्रांट्स, वे रुरागरम जानत्म हामित्रा! এ কুদ্র-বহি ভক্ষি হতি ত প, छीरन अकाछ काकादा कित्रा. লোলি তাত্র অত্র-পর্শিনী শিখা, ভীম ৰাত্যাম্পর্শে উঠিল নাচিয়া। क्रांस काल हरक कित्रिन कालें (गरे कानानम इरेन निकान: ভরদার স্থলে কণামাত্র তার धुमाकारत के चारक विमामान। चार्छ चारक चारका (महे व्यधि-वीक, रहेउना छारे कड़ आमा-शैम ; धक मृष्टि छै व कतिए निरक्ष ज्वित्रा (थरकाना र्य कान मिन!

হোক ধূম-বৃদ্ধি আরোধুমা ছোক খোর ধুমাচহয় হউক স্কলে।

ভীম-ধূম-রাশি ক্রমশ: বাড়িয়া স্থানীর্ঘ কালেতে গুমারি গুমারি, অকস্মাৎ বেগে দেখ এক দিন জালাময়ী শিখা উঠিবে শিহুরি!

উপযুক্তবালে কাহাকেও কোন যতন করিতে হবেনা হবেনা, অনুনত্ত শিখায় গার্ক্তিয়া আপনি উঠিবে অন্ল; (বাধায় রবেনা)

मश्र चर्ग (चिन छेटिटव ८म मिथा ज्वन-विकम्मी ध्-ध्-ध्-ध् इटव ! इटव यूगास्टव ७ ज्या (म निन सम्म सम्म सम्म (मवगण गाटव ।

দেখিবে সে দিন এই ধ্য-ফল কোন্ শুভ-ফলে হবে পুরিণত, মগতে বসিয়া শত স্বৰ্গ-ফুথ লভিবে সে দিন জনমের মত।

बीताककृष मिन्।

विज्याना।

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

একণে এই অবসরে কেশরকুনীদি-গের বৃদ্ধান্ত কিছু লেখা আবশাক। নতুবা যে যে ছলে কেশরকুনীর উল্লেখ হইবে তথার পাঠকের বিরক্তি অন্মিতে পারে। সে দোব পরিহার জন্য অপ্রেই ভাহার

চাণকো করিয়া স্মরণ

मा अ कृग- शस्त्र के के बानता,

উরেথ করা গেল। কেশরকুনীরা শান্তিল্য গোত্তীয় ভট্টনারারণবংশসমূত।

নিম-লিখিত চতুর্দল ঘর কষ্ট-ভোতিয় মধ্যে পরিগণিত রখা—

পঞ্গোতের মধ্যে শান্তিল্য-গোতীর

দীর্ঘান্দী, পারিহা, কুলভি, গড়গড়ি ও কেশরকুনী এই পাঁচ বর, কাশাণ গোত্রে পোড়ারি, হড় গুড় ও পীতমুঞ্চী এই চারি ঘর; ভরবান্ধ গোত্রে রাই গাঁই ও ডিংসাই এই ছ্যর; বাৎস্য গোত্রে মাহিস্তা ও পিপ্লাই এই ছই গাঁই; সাবর্ণি গোত্রে কেবল ঘণ্টেশ্বরী এই চৌদ্দ গাঁই পূর্বের গোণ কুলীন বলির থ্যান্ড হয়েম। অর্থাৎ ন্যুনমর্ব্যাদা-পল্ল হয়েন।

ख्यथमकाश (२२ a शृष्टी (पथ।) .

এই কয়েক ঘর গৌণ কুলীন মহারাজ লক্ষণসেনের নিকট জ্যোত্রয় সংজ্ঞা পাই-লেন। শ্রোত্রিয়সংজ্ঞা পাইলেন বটে কিন্তু সর্বতোভাবে সিদ্ধজ্ঞাবিয়দিগের সমকক্ষ হঠতে পারিলেন না। কুলশাল্রে পিপ্লাই দীর্ঘাঙ্গী, ভীংসাই এই কয়েক ঘরের সিদ্ধ নাম হইল বটে কিন্তু কার্য্য ত কিছুই হইল না।

সেইরপে মহিস্তা হড় শুড় পারিহাল ইহাঁদিগের নাম সাধ্যশ্রোত্তিরের দলে 'উ-ঠিল বটে, কিন্তু প্রকৃতপক্ষে ইহাঁরা কিছুই করিয়া উঠিতে পারিলেন না।

কেশর, পীতমুঙী, রাইপাঁই, ঘটেশরী, চোংথণ্ডী ও কুলভী ইহাঁরা কুলান্তর বা কুলের জারন্ধপে নিন্দি ই হইলেন। তংকালে ইহাঁদিগের মাম কইলোতির হয়। সমাজে এই করেক বর বেরপে লোকের নিকট জানান্ত জিলা প্রেকাক্ত পিপ্লাই প্রভৃতি আধুনিক ক্টুজোজির মধ্যেই পরিগণিত থাকিলেন।

सर्था ।---

হড় ৩ড় কেশরকুণি মহিস্তা রাইগাই 1'১
ঘণ্টেখনী শীভমুগ্রী শীর্বাদী পিশ্বাই'॥'২
কুলভী চোৎশ্বদী পারিকাল ডিংসাই 1 ৩

🌞 " 🌤 🍅 यें। ছुल कूंन नाहें।। 8

ইইাদিগের সম্বন্ধে যে করেক ঘর ছাই
হইয়াছিলেন জন্মধ্যে করেক ঘরকে দেবীবর ঘটক মেল নির্ম্বাচন কালে ঐ সকল
ঘরকে সেই সেই মেলের উৎপত্তির কারণ
রূপ প্রোত্তিয় সংজ্ঞা দেন। তদমুসারে
টাহারা ঐ সকল মেলের নিক্ষি প্রোত্তিয়
হয়েন। স্বীয় মেলে ঐ সকল শ্রোত্তিরেরা
বিশেষ মান্য।

যেমন হড়, গড়্গড়ী, পিপুলাই ও ডিংসাই এই কয়েক অন্ধ শ্রোত্রিয় থড়দহ মেলের আশ্রয় —

মহিস্তা, সর্বানদী মেলের আশ্রন-গুড় গাঁই, স্থুরাইমেলের নিদান;

কেশর গাঁই সেরপে কোন মেলের
নিদান হইতে পারে নাই সেইছেছু কেশরগ্রামীয় পূর্ববং পশ্চাতেই থাকিলেন।
কিছুকাল পরে রখন কেশরগ্রামী ভবানন্দের বংশের প্রভাপ বৃদ্ধি হইল এবং

থ রাজগণ নবছীপানি চারি সমাজের
অধিপত্তি হইলেন তথন কেশরকুনীয়া চতুংসাগরী কুলজিয়া আরম্ভ করেন। এক্লণে
কেশরকুনিভাবাপত্ত ক্র্লীনের সংখ্যা
যত অধিক এক অস্যা ভারাপত্তের ভাগ
দেখা যার লা।

ত কেশরকুনিয়া এটালেক কোন্ কোন্ স্থান অধিক পরিষাণে বিরাধ করিতেছেন ভাষা কার্জিকের চন্দ্র রার ক্লত বাং ক্লিতীশ-বংশারলী চরিতে সবিজ্ঞার বর্ণিত আছে। পাঠকগণ এ পুস্তক পাঠ করিলে সম্দার জানিভে পারিষেক। এখানে কেবল ঐ বংলের যে সকল বিষয়ে উক্ত পুস্তকে নাই অথবা যে সকল বিষয়ের সহিত আমরা ঐকমত্য অবলন্ধন করিতে পারি না, এবং যে সকল বিষয়ের উল্লেখ না করিলে প্রক্রাস্ত বিষয়ের সামগুদ্য রাথা যাইতে পারে না ভাহারই কেবল উল্লেখ হইবে।

किकोम-वःभावनीत कहेशाधारत-

তিনি (ভট্টনারায়ণ) কাণু কুজাস্তভূত কোন প্রদেশের কিতীশু নামক রাজার পূজা। একারণ বলাধিপতি তাঁহাকে কতিপ্র প্রাম প্রদানের প্রস্তাব কবিলেন। ভট্টনারায়ণের সহিত অপর্য্যাপ্ত অর্থ ছিল। তিনি দান গ্রহণে অসমত হইরা, মূলা প্রদান্পূর্কক প্রস্তাভিত কয়েকথানি গ্রাম গ্রহণ করিলেন। তিনি ইভিপূর্কে মপর লোকের নিকট আরপ্ত কতকগুলি নিজর গ্রামাক্রয় ক্রিয়াছিলেন। এইরপে তাঁহার একটী কুল রাজ্য সংস্থাপিত হয়—

্ৰই সকল বাহা হইতে সংগৃহীত তাহা এই বাক্যঃ—

অধ কাণুকুৰে বিদিতপ্ৰভাব কিতীশনামনবেলপুজ্বা ভটনা লোকাতীত
ক্ষতিভূলং প্ৰিছুটোৱালাক প্ৰতা!
মন্ধা কিছুডো গ্ৰামা বীষ্টে কপুষা তান
গ্ৰহীত্ৰহ দি। ভটঃ প্ৰাহ ছুপ্ৰতিগ্ৰহগ্ৰেহিৱগতিল্লোইছিদ সুহিতা গ্ৰামা ন্যা ন

এইতিবাঃ। রাজাহ অমুগ্রহেণ কিল্পরেণ
ময়া তদা কিং কর্ত্তবাং। মম পারলোকিকদদ্গতির্বা কথং ভবিষাতি। ইতি আফ্রা
ভট্টঃ পুনরাহ—মম ধনানি বছ্নি বিদ্যম্ভে
তৈ মঁয়া কতিচিল্যামাঃ ক্রীয়ম্ভে, ভবতা
বিক্রীয়ভাং, ভবতো যদি মমোপকারে বাছান্তি তবৈত্বব সম্চিতোপকারঃ ক্রিয়ভাং।
অফ্রা রাজহি তবৈধান্ত। ততঃ স্বল্পেন
ম্লোন বহবঃ গ্রামা বিক্রীভাঃ তেরু চ
প্রতিবর্ষলক্ষ্যকরা, গ্রামান্তর্লক্ষ্য করেরু
বর্দ্ধিভাঃ। ভট্টেন চ ক্রীভা গ্রামাঃ চতুবিংশতি বর্ধান্ নিক্ষরং ভূজান্তেমা।

নং কি তাশ-বংশাবলিচরিতম্।
কি তাশ বংশাবলীর এই কথাগুলি
সঙ্গত বলিয়া বোধ ক্য় না। প্রথম ধার্ম্মিক
ও সংক্রিয়াশালী ব্যক্তির নিকট ভূমিদান
গ্রহণ করা যায় তাহাতে পাপস্পর্শ করে
না। ভূমি দান করিলেই তাহার সহিত
গো হিরণা,ও তিল দান করিতে হয় এরপ
বিশেষ নিয়ম নাই। যত প্রকার দান ও
প্রতিগ্রহ আছে ভ্রাধ্যে ভূমিদান ও ভূমির
প্রতিগ্রহে উভয় পক্ষের পুণ্য সঞ্চয়
হয়।

বিতীয়তঃ অধ্বরে দীক্ষিত ব্যক্তিরা যজ্ঞের
দক্ষিণাস্থরপ দান গ্রহণে নিষিদ্ধ নহেন।
তৃতীয়তঃ শাল্পে প্রমাণ আছে যে পরশুরাম
সমস্ত ক্ষিতিমণ্ডল দান করিয়া দিজে সমু
দের কুল আশ্রয় করেন। অধুনাও দেখা
যায়—প্রত্যেক সংক্রিয়াশালী ব্রাক্ষণেই
ব্রক্ষোন্তর গ্রহণ করিয়া আসিতেছেন—তাঁ
হারা কেইই ঐ ভূষির দান গ্রহণকে

ুপুতিগ্রহ মনে করেন না।

যাজ্ঞিক পঞ্চজনের মধ্যে জনা চারি জন ভূমিদান গ্রহণ পূর্বক এদেশে বাস করিলেন, কেবল ভট্টনারায়ণ গ্রাম ক্রম পূর্বক ভ্রামী হইলেন—ইহা সম্ভবপর বোধ হর না। যদি অন্য চারিজন গ্রহণ করিয়া থাকেন স্বীকার করিতে হয় তাহা क हे दल ভটনারায়ণেরও প্রেরিগ্র অস্বীকার যাইতে পারে না। ক্রণ সকলেরও যে গতি, ভাঁহারও সেই চারি জন ভট্ট অপেকা অন্য কোন বিষয়েই হীনকর ছিলেন না। আর এক কারণ এই ভটের সৈম্ভানগণ অন্য চারিজনের সম্ভানগবের ন্যায় রাজদত্ত গ্রাম গ্রহণ পুর্বাক ভত্তৎগ্রামীন হইবেন (कन? जांशा यिन ना इहेज जाद दकन ठाँशवा मान श्राकात कतिरवन। विभिष्ठे কারণ এই যদি ভট্টনারায়ণ ভূসামী হইয়া-ছিলেন তবে কেন তিনি উব্চার প্রথম मञ्जान जानित्राष्ट्रक द्राटकात छर्डं द्राधि-कांब्रिए वक्षना कवित्वन। निर्माष्ट्रमाद्र ত। হারই রাজা প্রাধির সম্ভব। নীপ তৃতীয় পুল, তাহার রাজ্যপ্রাপ্তি সম্ভব বলিয়া (वांध इम्र ना। विभि कि जी नवः नावनी दहना कतां है बाहि लान किनि मतन कतिया-ছিলেন এখন তিনি বাৰা ইত্যাংখ্যিপুৰ্ক-পুরুষগণ রাজা হল তাহা ছইলে বড স্পর্কার विषय। भूकाशकार्य निर्मन विज्ञान मारनद किছ पर्सका इंदेर महन कदिया নিজের আদিপুরুবকে প্রথমাব বিই ভূপামী করিয়া ভূলিয়াছেন। পঞ্চল যাজ্ঞিকটেকই যে দান করিয়াছিলেন ভাষার প্রমাণ এই। ইতি শ্রুতা নূপন্তত্ত মনসা হর্ষমাগভঃ। বিধানেনৈব নির্বন্তা ক্রেডুঞ্ ধর্মসংক্রিডং॥

গ্রামং স্থবর্ণং গাকৈব বস্তানি বিবিধানি চা দক্ষিণার্থে বিজ্ঞাতিভ্যোগ্রশ্রদদৌ সান্পো

অত্ত দেশে কুতাবাসাঃ সর্বেষ্ঠ চ ছিত্তপঞ্চাঃ। বহুবশ্চ প্রকাজাতা নানাদেশনিবাসিনঃ॥

কুলরমার বচন।

নীপ যে ভূতীয় তাহার প্রমাণ ২১৮ পৃঃ দেখ। এখানে সংস্কৃত প্রমাণ গুলি দেওয়া গেল।

আন্যোবন্দাঘটি থাতি রামে। গড়গড়ি স্কৃতঃ
কেশরেনীপ্রক্রোঃ ভূরানাঃ কুস্মকোভবং
পারিহালে। বাটুকোপি কুলভিগু ক্রিনামকঃ
বোষলী চ গুণোনামা দীর্ঘালী গুণুক্তবা॥
ররাজ বৈ মাসচটে গানামা মহ ম তঃ।
রেজে তথা গুলমতি ব্যালবটেবিকর্তনঃ ॥
বস্থারিস্তবা নালো করালে মধুক্তনঃ ।
কুলারিনিছকো নাম বিভ্বিরাজতে দিবৌ ॥
শাঞ্কদ্য শেয়কের বাদো দক্তো ব্পেল বৈ
এতেবাং সহজঃশন্চাই গুণুনামা মহীপতিঃ
বিজ্ঞানীমান্ত্র বর্ষেদ্যামে কুনিকুলো ॥
রাচনেশীকল্পক্তিঃ ।

क्रमण्ड

প্রাপ্তগ্রন্থের সংক্ষিপ্ত সমালোচনা।

ভার্মবরিজয়-কার্য ত্রীগোপাল চন্দ্ৰ চক্ৰৰতী কৰ্ত্ৰ প্ৰণীত ও প্ৰকা-শিত। আল্বাট প্রেসে মুদ্রিত। গুলা ১॥ টাকা মাত্র। গ্রন্থানি অবয়বে প্রায় চারিশত প্রা। এরপ বিস্তুত মহাকাবা বঙ্গভাষায় এই প্ৰেথম প্ৰকাশিত হইল। মহাকাব্যের সমস্ত লক্ষণই ইহাতে বর্তমান चाह्य : (कदन अक्टी (मार्यरे नमल माणि इहेम्राटक। हेबाद (यथादनहे शूनि (महे थारनहे अर्थ (वांध हम्र ना। मःऋ्छ कान महाकारवा अक्रभः भकाष्ट्रपत एरिय নাই। গ্রন্থকার সংস্কৃত কাব্যের অমুকরণ করিতে গিয়া আপনার গ্রন্থথানিকে সং-मुख्य किंगजम काया जात्मा अ किंग-তর করিয়া তুলিয়াছেন। ভিনি কাহা-দিগকে উদ্দেশ করিয়া এরপ গ্রন্থ প্রণয়ন করিয়াছেন আমরা ভাবিয়া স্থির করিতে शांत्रियाम ना । টোলের ছাত্র ও অধ্যাপক-গণ এক্লপ ভাষা ভাল বাসেন বটে, কিন্তু অমিত্রাক্ষর ছল ও মাইকেলী ক্রিয়া-কশাপের উপর উাহারা নিতাস্ত বিরক্ত। স্তরাং ইহা যে ভাঁহাদিগেরও প্রীতিকর **इकेट्स मा दम वित्रदम मध्यत आहा।** एडक जामना शहकारमेन जमाधानन जधान-সার ৩ সহিষ্ট্রার প্রশংসা না করিবা कास इंडेएड भाविनाय ना। नित्य जायदा পাঠকৰণকে হুই একটা স্থল উদ্ধ ত কৰিয়া উপদার প্রদান করিলাম :

श्वनिविष् नीद्रापत नीत्रभत कव क्रमा वाग्य-काम अरस अस्टि उ হ'লে যথা, নতস্থল পুনঃ সুবিমলে শোভে শরতের সমাগ্রে, সুনীলিন,-किश विश्व विश्वक-शान-अवनात ष्यगृ व भवी हि भारत ष्यवनी वााभरत,---বিরামিলে বেপ-বাহী ভাম প্রভঞ্জন আবার প্রকৃতি ধরে পরমা স্থবমা.-অথবা মরুদ-গ্রাম সহিত সংগ্রাম অচল-উত্ত, জতম তরঙ্গণের निवातित्व, किरद्र डेखनीवरस्थाय नम গম্ভার প্রশাস্ত মূর্তি লভে জল-নাথ,-অথবা দামিনী হাদে তম-অপগমে সম্দিলে শশধর, পীষ্য দীধিতি,— কিমা বিভাবত শিখা প্রোজ্জল জ্বলনে ১৫ ভূমাধ্ম-হীন তমু দীপে নিশাগমে,---ভর্কিণী রোধ ভক্তে পদ্ধিল সলিলা আবার প্রবহে ধীর প্রসন্মতা সনে,-ভीग औरम नव-वङ्गिन**का शन्त** मिथी, (मधनान-अञ्चात्री, वत्रा आर्तित, २० नवधन-जन्मर्यात (ध्यन थ्राकृत्व নর্ত্তন-নিরত হয়, পুচ্ছ স্থবিস্তারি यफ टबर विका- शक र'रत नात्र कर,-বিষয়তা দূর হ'লে তেমন সকলে मत्खारमञ्ज मम्बरम र न जेहांनिए। २० व्यानम-शिलन। नार्गितीं किना। জী রামভারণ সানাাল কর্ত্ত কুর লয়ে

वाककीय यंद्ध मृतिष्ठ।

॥ আনা। এই গীতিকার অভিনয় দে-थिया व्यामका विस्तित खी है हरेबाहि। ইহার গান গুলি অতি স্থন্দররূপে সুরুল্যে গঠিত হুইয়াছে। সময়ন্ত্রীর অভিনয় এত মুন্দর হইয়াছিল বে গ্রন্থকর্তা ও অভি-নেত্রীকে আমরা অস্তরের সহিত ধন্যবাদ না দিয়া থাকিতে পাবিলাম না সাহস করিয়া ধলিতে পারি বাঁহারা অভি-নয়ের পরম শক্তর তাঁচাদিপ্রের ও পাষাণ क्षम समग्रकोत शीक अवरण विश्रनिक ক্ইবে। অভিনেতা দ্বো স্ত্রী-অংশ অভি-নীত চটলে দর্শকমঞ্জীর কথনট এরপ চিত্তবিভ্রম ও চিত্তোনাদ ছান্মতে পারে পাঁচালী ও যাত্রার পরিবর্ত্তে এরূপ নাটাগীভিকার অভিনা যে বহুলরপে প্রচারিত হয় আমর। ভাহা অস্তরের সহিত ইচ্ছা করি। স্থতরাং এরপ নাটাগীতি-কার সংখ্যা ষ্ট্রই বাড়িবে. তত্ই আমবা স্থী হইব। এই গীতিকাথানিতে ভাবের তারলা ও অনুপ্রান্মূলক বাক্চাভুর্মোর कि कि पासिका मुद्दे रहा। विषश्री दशका কৃষণবিপ্রালম্ভরস্থাধান, তাহাতে ভারল্য ও বসিকতার এত আধিকা স্মীচীন নতে। रेराट चंदी वन शीनजावाशक रहेवा नाउँद्वा अख्यात्र के दिवन कतिया कृत्न् । ह नगरम नगरम ध्यमन परि त्य अञ्चलाच क्रीसाटक शिवा क्रीमाहेगा क्षाम । के ब्रह्म के द्वांत दकात करन একর বসভল ঘটিয়াছে। আলা করি এখ-कात विजीव शश्चत्वत्व समन त्मवे त्माव পরিহরণ ক্রিবের ।

विश्वतात है कि बुक्त । बी देवनाम চক্র সিংহ প্রণীত। সোমপ্রকাশ যত্তে मुजि । मुना॥ ज्याना माख । এই श्राट निथि जाएक स्य जिश्रतात अधिशिक्ति। যযাতির পুত্র দ্রন্থ্য হইতে অবতার্ব রই-জ্ঞভার পুত্র ত্রিপুর পূর্বদেশে গিয়া রাজা সংস্থাপন করেন. नारमरे फेक बाका जिल्ला नारम आकार হইয়াছে। ত্রিপুরার অধিপতিগণ অনেক দিন পর্যান্ত ত্রিপ্রায় রাজত্ব করিয়া আসি-তেছিলেন। অতি অল দিম মাত হইল স্ক্রাসিনী ব্রিটশ রাজনীতি এই নিরীহ রাজবংশকে স্বাধীনতা-ছারা। করিয়াছেন। এই স্বাধীন রাজ্যের ইতিহাস পাঠ আমা-দিগের পক্ষে একান্ত প্রয়োজনীয়। ইহাতে অতীত গৌরব ও ভবিষ্ণারাজনীতির শিক্ষা হইতে পারে। গ্রন্থকারও ইহাকে স্থাঠা क्रिक राष्ट्रत कृष्टि कार्त्रम नाहे ।

বিশ্বদর্শন। প্রতি ঋতুতে প্রকাশ্য সাময়িক পত্র ও সমালোচন। জী অমরেক্স নাথ সোম কর্তৃক সম্পানিত। ভবানীপুর স্বর্বন প্রেমে মুক্তিও। প্রক্তি সংখ্যার নগদ মূল্য।/০ আনা। ইহাতে স্ক্রনা, মার্থইছি ও দেহাবসান, বসম্ভকুমারী, বীর-তর্পণ, অমুত পঞ্জিকা, সিদ্ধির ঝুলী, পর-কাল প্রভূতি পঞ্জিকা, সিদ্ধির ঝুলী, পর-কাল প্রভূতি সঞ্জিকা, সিদ্ধির ঝুলী, পর-কাল প্রভূতি সঞ্জিকা, সিদ্ধির ঝুলী, পর-কাল প্রভূতি সঞ্জিকা, ক্রিনীর প্রেক্ থাকে ত বিশ্বদর্শন দ্বিতীর প্রেশীর প্রক থানি উৎকৃত্ব পত্রিকা, হুইবে ।কিন্তু দেশের বেরূপ অব্দা আহার স্কালা করা বার না। ইছার ভ্বনমোহিনী-প্রতিভার বেধক বর্ত্ত্ব রচিত বীর তর্পণটী অভি ত্রন্দর হইয়াছে। পাঠকগণের পরিভোষার্থ ভাহা হইতে নিয়ে কিঞিৎ উ দৃত করিলাম:—

3

া যে দিন হইতে ছিন্দু ভাগ্যশশী,
ভাকিয়া ফেবেছে বৰন্-জন্দ,
সে দিন হইতে আছি উপবাসী
আছি তৃষ্ণাতুর; পুত্র বে জল দে !

ه د

"যে দিন ছইতে ট্রিছি'ল্ শৌর্যা স্থ্যা প্রাসিয়া ফেলেছে যবন-রাহতে, সে দিন ছইতে আছি উপবাসী, আছি ভূষঞ্জুর; বিশুদ্ধ কঠেতে!

. .

" যে দিন হইতে হিন্দুরাজলন্মী হরিয়া লয়েছে যবন-তন্ধরে, সে দিন হইতে আছি উপবাসী আছি তৃষ্ণাতুর; আছি প্রাণে মরে!

12

" বে দিন হইতে ইন্দ্রের অমরা পিলাচের স্পর্নে অপুচি হরেছে, সে দিন হইতে আছি উপবাসী, সে দিন হইতে সকলি গিরেছে।

213

" যে দিন হইতে এ ক্নক-প্রী বানরে পোড়ারে করিয়াছে ছাই, সে দিন হইতে আছি উপবাসী
ক্রেদিন হইতে আর কিছু নাই !!

28

"যে দিন ছইতে সিংকের আছার
শুগাল ক্রুরে করেছে ঐভক্ষণ,
সে দিন হইতে আছি উপ থানী
পুত্রে ! বক্লি নিয়তি-লিখন!

20

ে যে দিন ছইতে সোণার সংসার পরের পদেতে বিকায়ে গিরেছে, সে দিন, ছইতে শুখারেছে সিদ্ধু, হিমাদ্রির শৃঙ্গ নত হটরাছে!

39

' যে দিন হইতে যবন সম্জ উত্তাল তরঙ্গে প্রবেশ ভারতে, গিরি দদ নদী সিন্ধু জনপদ ভাসারে দিয়েছে ছর্দম প্রোতেভে!

39

"সে দিন হইতে সব অপবিক্রা পুত্ররে! কাজেই আছি উপবাসী, ্ভারত সমুদ্ধে নাই জলবিন্দু যাহা দেখ উহা হিন্দুরক্তরাশি!

6 38 - INS 19 15

22

নে বিছ লতার ফুটেছে কুইল,

বুক্ষণাণে শোভে স্বদাল ফল;

কেবে শোভে দানা নয়ন বঞ্জন,

কি দেখিছ ? হিন্দু মেল গুলকল!

5 8

ে দেখিছ ফুমেক ,নীল বিলাচল হিন্দুদের অভি কল্পাল প্রমাণ , দেখিছ যে সৰ দেশ অনপদ , কি দেখিছ ? উহা হিন্দুর শ্বণান!

25

" কি দিয়া ভর্পণ করিবিরে পুত্র হিন্দু রক্ত বিনা পানীয় ত নাই, তবে যদি পার, বলি উপদেশ, পার বা না পার চিত্ত দেখি তাই

22

' হেন প্ত বলি জন্ম কোন দিন, ভাঙ্গিরা উঠিতে পারে এ সংসারে, ভারত-সমূত্র সপ্ত নদ নদী ছেঁচিয়া ফেলিতে পারে স্থানাস্তরে!

20

" আবার সগত্ত-বংশ বলি কলে ভীন বাহুবলে আটে পারাবার, বংশ ইছারিভে করে ভগীরও, আনে ক্রম্মী প্রারে আবার!

" আবার বদাপি জন্মে এক ভীর নৰ কুলকেত্তে করেরে তপ্র

A ST TO THE PARTY OF THE STATE OF

আকর্ত্ত প্রিয়া পাল কবি তবে করি যুগাল্ডের ভৃষ্টা লিবারণ !

> £

" আবার বদাপি জন্মে এক রাম নিক্রে কোদ ও-কণায় কাটিয়া সরস্থ আত্রন্ধ প্লাবিয়া করে রে তপ্প তবে তৃটা শাস্তি হতে পারে কিছু!

. 33

'' যে শর-শ্যায় আছিরে শয়িত যে অনল শিথা জলেরে বক্ষেতে, আবার যদাপি জন্মে ধনঞ্চ ভোগবতী গঙ্গা আকর্মী শরেতে!—

29

নিভায় এবহি, তবেই নিভিবে অনাথা এ দাহ দহিবে ভীষণ, (থাক যদি কেহ রাম ধনঞ্জ কর্ণ ভীষদেন করহ তপ্ণ!)

24

' থাক যদি কেহ বংশে ভগীরথ বাজানে হুকুজি আন জাহুবীরে, আবক্ষ প্লাবিষ্যুক্তর বে ভর্গন মুক্তি গভি সবে বাই অগপুরে! "

THE WAR THE WAR WITH THE

The second

देशविन्नी-हित्रज-मगोदनाहरा।

সাহিত্যকাননের অত্যুৎক্ষুষ্ট ও অতি রমণীর कूरूम कविकनकुछ काना । नाहिछा-कानन-त्रभी जनशान्त्र विखितिनाचन जेना, कारा-त्राम खाँशामत समस्यत शतिकृथि जन्मारेवात बना, त्नीन्दर्श खाँशासत्र मन भाजाहेवात জন্য, কাব্যকাননে যে আফুতিক শোভার সমাবেশ, যে অপুর্ব মনোরম দুশোর অব-ভারণ, যে অসীয় সৌন্দর্য্যের সৃষ্টি, তাহাই কবিগণ কুত কাবা। কিন্তু পর্যাটক মাত্রেরই मृद्धि मयान डीक नरह। कविश्रण रय मकन हिंखविरमाञ्च मुस्मात्र मन्निरवण कतिया तार्थन, मकरनहे जाहात्र मण्युर्ग (मोन्हर्य) অমুভৰ করিতে পারেন মা। কেহ কেছ বাহা শোভা দেখিয়াই লক্ষ্ট থাকেন। व्यक्तः हमीनार्थात व्यक्तम्कारम छाहारमत প্রবৃত্তিও ইয় না. তীহারা ভাহার অমুসর-নওকরেন না। আবার কোন কোন দর্শক मृष्टिशाखाई गक्न मोन्नर्या दम्बिए भान, পূর্ণ সৌন্দর্য্য উপভোগ করেন। শ্রেণীর পাঠক কান্ধবিশেষের কেবল গল-त्रहमा, दक्वेन पर्हमा-शत्रम्शतात जाम्हर्श्वा **छेलमासिक चारमंत्रन (मरिवारे॰ नख**है। কাৰ্যকার মন্ত্রা প্রকৃতির অভ্যন্তরে প্রবেশ कर्तित्रो, मञ्चामत्मन अञ्चलन भवी छ प्रविश कि शृह उत्पन्न आविकान केन्नियाहिक, डां-হার। তাহা দেখিতে পান না। প্রকারতে केल टलनीत शार्ठकंवर्ग कार्या मानवक्तरहत्र शीमा त्यां अवर मस्यामत्नम विविध

असः अवहनहे अधान उपालाता मामधी विका यस करवन। छीरावा कावाशार्थ मखिरे धरे धाकादात रेंगोन्सर्ग क्रम्यक्रम করিতে পারেন, স্থতরাং কবিপ্রদত্ত উপ হারের প্রকৃত স্থুপ জাঁহারাই অফুভব করিয়া থাকেন। হয় ত কবি প্রভীভা-বল্বে যে সকল রত্বের স্থান্টি করিয়াছেন তাহা তিনি নিজেই সকল দেখিতে পান নাই। তীক্ষ্ দৃষ্টি পাঠকদের মধ্যে অনেকে কবির অজ্ঞাত সেই সকল রত্ন খুঁজিয়া वाश्ति कदत्रन। त्रीन्तर्ग्यादाधमक्कित्र छात्र-তমা অনুসারে পাঠকগণের শ্রেণীবিভাগ করিতে গেলে শ্রেণীসংখ্যা নির্ণয় করা অসম্ভব হইয়া উঠে। পাঠকসংখ্যা অনস্ত হইলে শ্রেণীসংখ্যাও অনুষ্ঠ বলা অন্যায় নহে। ইহার মধ্যে অধিকাংশ পাঠকই কাব্যের প্রকৃত রস্গ্রন্থণে অসমর্থ। সেই জন্য সাধারণ পাঠককে কাব্যের সৌন্দর্য্য দেখাইবার নিমিপ্ত সমালোচকের আব-শ্যক। সাধারণ পাঠক নিজ শক্তিবলে যে তথ-সম্ভোগে অপারগ, সমালোচক তাঁ-हात्क (मथाहेशा (मन त्महे सूथ (कम्न করিয়া আতাদন করিতে হয়। এজনা সমালোচকের নিকট সাধারণ পাঠক যত ঋণী जीक मार्ड-मन्भन भाठक **उड धनी न**ट्न . কারণ জাঁহার জনাই প্রধানতঃ সমালো-**চকের প্রশেষন: ভারার জনাই প্র**ধানত: স্মালোচকের বত্ন ও পরিশ্রম। তীক্ষ্ দৃষ্টি-

সম্পদ্ধ পাঠকের সমালোচকের নিকট कु ठळ इरेवात किছ्रे नारे जामना अंतर विद्या । (भोनार्य) पर्णत्न त्य स्था, वर्णन-कुमन (कान वाक्ति यथायथ वर्गनदाता সৌন্দর্য্যের দর্বাদ্ধীন বিকাশ করিলে দেই সুথ অনেক পরিমাণে বর্দ্ধিত হয় বালয়া **अ**हारात ुनर्भात्माहक एक धनावाम करा সমালোচকের আর এক কার্য্য । তবীৰ্ছ কাব্যের দোষ গুণ দেখাইয়া পঠিকবর্গের क्रिक-शतिमार्कन करा। जन्मक्रिय नार्धात्रन পাঠকবর্গকে স্থক্যচিসস্পন্ন করিবার নিমিত্ত व्यथना नमारलाहरकत्र विस्नव श्रदेशाजन। আজ কাল আমাদের দেশে বঙ্গভাষায় य সমুদায় উৎকৃষ্ট প্রস্থ প্রণীত হইয়াছে তাহার বিশেষ আদর না করিয়া কুৎসিত নাটকাদিতে আশক্তি. অথবা 'বঙ্গভাষায় পড়িবার যোগা কিছু নাই, বঙ্গভাষায় উৎকৃষ্ট কিছু হইতে শারে না' বলিয়া বঙ্গ-ভাষার প্রতি ঔদাসীন্য—স্থকটির অভাবের কুফল। কবিবর বৃক্তিম বাবু প্রাণীত গ্রন্থ-বিচয়সম্বন্ধে নামা জনের নানা মত। কেহ বা বঞ্জিম বাবুর উপন্যাসগুলিকে সাধারণ গণ্পা ধলিয়া উড়াইয়া দেন। তা-हाता वत्तन निजायशीत्मत जिन्तारन कि-किए जनकात में।रशा केत्रिया विक्रम वानू গ্ৰন্থ হইয়া ব্ৰিক্তিৰ তিহাৰা কলেন তিনি তাহার গ্রহমধ্যে ক্রিন কতক্তলি রসিকতার সমাবেশ করিয়া রাখিয়াছেন; म्बन त्रिक्छ। जीयहर्त आत्र नर्सनाई छना गारेमा पारक। त्कर त्कर आवाम ছর্গেশনব্দিনী কুপালকুগুলা প্রভৃত্তিকে

ইংরেজি গ্রন্থের অমুকরণে লিখিত কয়েক থানি তুক্ত পৃষ্ঠক বলিয়া মনে করেন। যাহারা গম্প বাতীত কিছু বোঝেন না. রসিকতা ভিন্ন কোন তুণ প্রচণ করিতে भीरतम मा, बार्ख विकंड इर्लिन किनी छैं। रामित्र निकंछ त्रांकशूख ও त्राककनात्र গল মাত্র ; কপালকুখলা—দরিত ব্রাহ্মণের সহিত ব্যবাসিনীর দৈবাৎ মিলন বাতীত आत्र किছ् । नामा और किहा कित চক্ষে পাগলিনী; श्रेश्यूषी क्ववन এक জন সতী স্ত্রী; কমলমণি রসিকা চপলা বালা মাত্র: প্রতাপকে জাহারা কেবল नार्ठियात्मत्र मर्फात विनत्र। यत्न करत्रन : বিষরকে তাঁহারা বৃদ্ধি বাবুর বিদ্যা দে-(थन (कवल हांद्रमामी देवकवीरक धवर আলবোলা বর্ণনে। ঘাঁহারা ইংরেজীর অমু-করণ বলিয়া ডুচ্ছ করেন, ভাঁছারা যে नकल हैश्द्रकी श्राष्ट्रक अञ्चलक्र कड़ा हहे-शास्त्र विद्या मत्न कर्दन एम भव शास्त्र-ও গুণগ্রহণ যেরূপ করিছে পারেন এই मकल वालाला करिवाब ७ ७ व ट्रांके व्यक्ति গ্রহণ করিয়া থাকেন। হার। কভদিনে আমরা প্রকৃত গুণের আদর শিথিব।

পূণ বাবু এক জন স্কৃচি-সম্পন্ন স্পক্ষ সমালোচক। উপন্যাসিক কাব্যের প্রকৃত সৌক্ষরা ভিনি ক্ষরকার করিছের সক্ষম। মধ্যে মধ্যে বৃদ্ধিম নাব্র প্রস্তেহর চরিত্র বিশেষের সমালোচনা ক্রিয়া ভিনি বনীর পাঠক মঙুলীর ও বাজনা সাহিত্যের বিশেষ উপকার ক্রিটেছেন। ভাইার

" क्रशान-कृथना " धवर " देभवनिनी " পাঠ করিয়া আমরা নির্ভিশয় প্রীতি লাভ করিয়াছি। জাঁহার এই তই উপহারের জনা আমরা অস্তবে তাঁহাকে কতবার ধনাখাদ বিয়াভি। তিনি দেখাইরাভেন কপালকুগুলা বুদ্ধা পিতামহীদের উপন্যা-সের নাম্বিকা নহে: তিনি দেখাইয়াছেন কপালকুণ্ডলা থামানিকোর স্বিপোনা বা मननकुमारतत मधुमाना नरह; कलान-কুগুলা এক জন উচ্চ শ্ৰেণীর কবির মন্তিকনি:স্ত একটা আশ্চর্যা স্ত্রীচরিত্র সৃষ্টি। কপালকুগুলা-চরিত্তের গৌরৰ কপালকু-গুলা-চরিত্রের গঢ় সৌন্দর্য্য পূর্ণ বাব অনেক পরিমাণে দেখাইয়াছেন। ভিনি তঃখিনী লৈবলিনীর প্রতি বড অত্যাচার করিয়াছেন। শৈবলিনীর প্রতি তাঁচার নির্দয় বাবচারই আমার লেখনী ধারণের কারণ। শৈবলিনীর প্রতি উচ্চার বাবহারে আমরা বাত্তবিক অক্তবে বাথিত क्रेग्राकि। त्लाकश्रद्धाक्रवात्भव श्रीवत्ला প্রতাপ প্রভাপময়-জীবিতা শৈবলিনীকে স্বামীগৃহ পরিত্যাপ জনা তৎ সনা করিয়া-(इन ; रेम्बिनीरक अहन करतन नारे। পূর্ণ বাবু বোধ হয় কঠোরতর লোকধর্ম-নীতির দাস ভাই শৈবনিনীর প্রকি তিনি এত: ক<u>ট</u>কাটবা । প্রয়োগ : করিয়াছেন। श्रिन वलन " शृर्वह देशविनी नवा-ক্ষের অভি পবিজ্ঞ নিরম ভঙ্গ করিয়া এরপ क्ष्मुविक कार्य आमानिश्वत कण्यानाटक अधिकात कित्राह्म स् त अभिविक मः-স্থায় কিছুভেই অপনীত হয় না। শৈবলিনীর

চিত্রে আমরা একটী কুলটা রমণীর চিত্র এরপ উজ্জ্বল বর্ণে দর্শন করি যে ভাহার সাধভাবের সংস্থার আমাদিগের মনে ভত थां छी छ इय नां। टेमविन नीत नाय (कान রমণীর চিত্র আমাদিপের তর্জণীগণের সমকে ধরিজে আমরা সাহসী হই না। । শৈবলিনী যদি প্রভাপকে ङ्गिटक शांतिरका ना । जरव हक्करमंथत्रक বিবাহ করিলেন কেন ? জুলিয়েট স্থানরী প্রাণ পর্যান্ত বিসূর্জন দিয়াছিলেন দাদশব্যীয়া বালিকা এক্লপ বিবাহে সন্মত তন নাই। । যে চক্রশেথ-রের শৈবলিনী ব্যতীত সংসারের আর cकहरे छिल ना, त्य हक्करणथत रेणविल-নীকে প্রাণ্ডুলা ভাঁল বাসিতেন; যাঁহার নির্মাল চরিত্রে কোন দোষ ছিল না. সেই চক্রশেথরকে ভ্যাগ করিয়া যেরূপ শৈব-निनी क्षेट्रा महिन इनिया (शतन, महे ঘটনাটি আমাদিগের কম্পনাকে নিতান্ত हः। किई कविन ।"

যে বৃত্তির প্রাবল্যে মূনি হাদয়ও বিচলিত হয় সেই বৃত্তির বশীভূত হওয়ায়
অশিক্ষিতা যৌবনমদমতা সংসারজ্ঞানশ্না শৈবলিনীর একটুপদথালন হইয়াছিল বটে, কিন্তু শুজন্গা শৈবলিনী

• 'অন্যথা শৈবলিনী রমণীরত্ন' আমিও প্রাক্ত প্রস্তাবে ভাহাই বলিয়াছি। শৈব-লিনীর মানসিক ছর্ম্মলক্সা আমি ক্ষমা ক্রিতে পারি, কিন্ত তাহার অহুমোদন ক্রিতে পারি না। শৈবলিনী কুলটা না

रेभवनिभी প্রেম প্রতলী রমণীরভ रेगविनमी छेक-खनता। छिनि विन छेक-क्रमण मा बहेर्यम जाव जाल वांत्रिक मा পারিয়া যে চফ্রশেধরকে পরিজাগ করিয়া গেলেন, তাঁছার গ্রু-পরিভাগে তাঁহার অভাবে অসুধী হটয়াছেন মনে করিয়া কেন ? চন্দ্রশেখর জাঁহাকে বিবাহ করিয়া-ছিলেন ৰলিয়াই প্ৰাণের প্ৰাণ প্ৰভাপকে পাইলেন না জানিয়াও চক্রশেথকুকে উলেথ করিয়া বলিবেন কেন "আমি তাঁহার যোগ্য নহি বলিয়া আমি ভাঁহাকে ভাগে করিয়া আসিয়াছি। ভাহাতে কি তাঁহাব কোন ক্লেশ হইয়াছে ? তিনি কি হঃথ করিয়াছেন গ তিনি আমার জন্য তঃথ করিবেন না। একবার নিতান্ত সাধ হয় সেই কথাটি আমাকে কেহ আসিয়া বলে—তিনি কেম্বর্ক আ-ছেন, কি করিতেছেন। তাঁহাকে আমি কথনও ভাল বাসি ৰাই-কথ ভাল বাসিতে পারিব না—তথাপি জার্ছার মনে रहेट भारतन, किस छिनि स अर्थनक्ता ভরলমতি বালিকা ভবিষয়ে আর কোন मत्म्य गाँह। देनविनशी-श्रमदेशके देकामण्डा ७ ऐमार्या **अंग्रुक्र**व कति एक आधि शक्त नहि। देनविवित्रीत देखारमत के किछा छ গভীরতাও আমি ছান্মজম ক্রিতে পাবি। প্রতাপের নার চিত্তদংবন থারিকলে দৈব-निनी (व तमगीतफ इटेंटक है भारिटकन তাহাও আমার সম্পূর্ণ বিশ্বাস (

यनि कान क्रिम मिद्रा शकि करव आधाव পাপের ভরা আইও ভারি চটল। " সচয়া-চর প্রণয়-পাত্রের সহিত সন্মিলমের আন্ত-बांग्ररक लाटक प्रशा कवित्रा थाटक। खाश्राव चमकन, छोहांत्र मृजा कामना करतः (म সুথী হইণ কি দু:খী হটল ভৎপ্ৰতি দৃষ্টি-পাত না করিয়া সে বে আত্মস্থের ব্যাঘাত ठेरेया मांडारेसाक अकता चलत चलत তাহাকে শত অভিসম্পাত করে । কিন্ত শৈবলিনীর জনম তাঁহার স্থান্তরায়কে তিনি নিজবাবহারে ত:খ দিয়াছেৰ ভা-विश्रा वाथिक। अक्रभ क्रमस्टक छेक्क विनव ना क (कान समग्रदक वनिव १ रेमविनी না বঝিয়া, প্রণয়-স্রোতে গা ঢালিয়া, এক বার লোকধর্মের বিরুদ্ধাচারিণী হট্যা-ছিলেন সত্য, কিন্তু ভক্ষম্য তিনি যে कीवरस ज्यानक नवक रजान कवियाहन ভাচাই সে পাপের বথের প্রারশ্চিত। এত করের পরেও কি ভারাকে আবার কলটা বলিয়া ভংগনা করিয়া নির্দয়ভার পরিচয় দিতে ছইবে। শৈবলিনীর রমণী-স্থলভ এই সামান্য লোষ যদি আমরা ক্ষমা করিতে না পারিলার ভবে মন্ত্রা-क्षप्रा क्रमा ७० चार्ड वित्रा चामना चन-कात किंद्रिक शांति ना। क्ष्य किंद्र विन-(बन रेजविजनी क जाद अक्रक नामवी नर्दन (य जीवात्र त्मार्यत्र याचीिक में रक्षा नत्व जीशस्य क्या क्रा व्हेन ना বলিয়া এড আক্ষেপ্তেও বাকাবারন ডিনি न जारा हरेल टेन्यनिमीटक नानिही

রাক্সী বলিভাষ।

খদি প্রকৃত মানবী হইতেন, মহুবা মন অতি क्रुक्तन विनिन्ना जीकात्क क्रमी करा गाँठे । जिनि कारबात धकाँ किंव मांज. डांश्र প্রতি নির্দায় বাবছার ছইল বলিয়া এত মার্কমারি কৈন ? আমরা সেরপ বলি না। কবি পাঠকের দয়ার উপযোগী করিয়া ক্ষমার উপযুক্ত করিয়া যে চিত্র অঙ্কিত করেন ভাষা দেখিয়। যদি আমা-দের দরার উদ্রেক না হয় তবে প্রকৃত मग्रात भाक (मशित्व । जागारमत क्टेर्ट मा। याँकात समस्य मधा आह्न উপন্যাস হউক, প্রকৃত ঘটনা হউক, চঃখের কথা হউলেই জাঁহার অন্তর বা-थिक इंदेर्टर. डीहात मत्रा **उथ**िश छेत्रिय ।

পূর্ণ বাবু বলেন "পূর্ব্বেই তিনি (শৈবলিনী) সমাজের অতি পরিক নিয়ম ভঙ্গ
করিয়া এরূপ কল্বিভ ভাবে আমাদের
কর্মনাকে অধিকার করিয়াছেন যে সে
অপবিজ্ব সংস্থার কিছুতেই অপনীত হয়
না ।" স্থতরাং ব্বিভে হইবে তাঁহার

• ক্ষার সহিত সমালোচকের সহন্ধ
নাই। শৈবলিনী চন্দ্রশেধরের নিকট
ক্ষাপ্রাধিনী। চন্দ্রশেধরও শৈবলিনীর
প্রতি দেই ক্ষা প্রদর্শন করিয়া আগনার
ক্ষাবারণ উন্ধান্ত দেখাইরাছেন। সমালোচকও প্রক্রাণ ক্ষাব্যার হর্জ সেই ক্ষা
দেখাইতেন, কিছা প্রক্রাণ ভিনি যে কার্য্যে
বৃদ্ধী, ভাষাতে শৈবলিনী চনিক্রের 'থেড'
ভাষাত প্রক্রাণ প্রাথাকে দেখাইতে
হুইবে। প্রস্থা

প্রতি দয়া, তাঁহার ছঃখে ছঃখও কম হয়। আমরা পূর্ণ বাবকে জিজ্ঞানা করি একথা কি সভ্য ? পূর্ণ বাবু স্বভাবত: কঠিন-জ্বদ-য়ের লোক নছেন। কিন্ত তিনি আপনার হাদর আপনি ব্রিতে পারেন না। তিনি শৈবলিনীর প্রণয়ামরাগ দেখিয়া, প্রভা-পের সহিত শৈবলিনীর প্রণরের দেখে ভলিয়া গিয়াছেন: বে অপবিত্ত সংস্থাৰ জীচাৰ কল্লনাকে অধিকার করিয়াছিল ভাতা অপ্নীত হট্য়াছে। তিনি দৈবলিনীর ত্রংখে ত্রংখিত হইয়াছেন, তিনি শৈবলিনীর জনা কাদিয়াছেন। কিন্ত আমরা বঞ্জিতে পারি না পরিশেষে তিনি কি ভাবিয়া চক্ষের জল মছিয়া হৃদয় কঠিন করিয়া বলিতে বসিয়াছেন-- কৈ আমি কাঁদিলাম কো-থায় ? শৈবলিনীর ন্যায় পাপিষ্ঠার ছ:খে আমি ছ: থিত হইব কেন ? শৈবলিনী कुलहा, तम भाभित्व, तम मग्रात्र भाजी নহে। আমরা বুঝিতে পারি না কেন তিনি বন্ধপরিকর হইয়া যাহার ছঃখে এক বার হঃখিত হইয়াছেন, যাহার জন্য একবার কাঁদিয়াছেন,তাহার মন্তকে আবার কুঠারা-ঘাত করিতে প্রাবৃত্ত। বোধ হয় শৈব-বিনীর ছঃখে ভাঁহার অস্করে যে ছঃখাবেগ উপস্থিত হয় সে আবেগ প্রশমিত হইলে, ভিন্ন এক সময়ে তিনি তাঁহার সমালো-চনার শেষভাগ লিথিয়াছিলেন, নতুবা হৃদয়ের এক্সপ অকন্মাৎ পরিবর্ত্তন আমা-দিগের নিকট স্বাভাবিক বলিয়া বোধ इम्र ना । याश्रत क्रस्थ अवस्त विश्विक हम ভাহার যদি কোন দৌষ দুষ্ট হয় ভবে সে

मार दय दकान अनिवादी-कात्रण अनिक. সে দোষ যে ক্ষমার নিতান্ত উপযুক্ত ভা-হাট প্রমাণ করিবার ইচ্ছা মহুবামনের অন্ততঃ দয়ালু হৃদয়ের স্বাভাবিক গতি। পূৰ্ণ বাৰ যে শৈবলিনীকে অপরাধিনী মনে কবেন না, তিনি যে শৈবলিনীর হঃখে চ:থিত তাহা আমরা তাহার নিজের কথাতেই দেখাইব। দলনীর সহিত শৈব-লিনীর তুলনায় তিনি বলিয়াছেন শৈবলিনী "কল্কিনী হইয়াও নিরপরাধিনী" * কলঙ্ক সত্তেও যাহাকে নিরপরাধিনী বলিয়া মনে করা যায় ভাহার দোষ চকে তত डेक्टन (म्थांत्र ना ; जाहात (मारवत कना ভাহাকে ভৎসনা করিতে প্রবৃত্তি জন্মে ना। रेमविलमी यनि नित्रश्राधिनी उदय ভাহার প্রতি এত ভিরস্কার কেন ? শৈব-लिनी-मधारलाहरनद একস্থলে দেখিতে পাইলাম "চক্রশেথরের নিকট শৈবলিনী দারে কুমড়া কাটীকেন। এ কি তাঁহার দোষ, তাঁহার কদ্যের দোষ, খনের প্রকৃতির দোষ: না তাঁহাদিগের সেরূপ ৰিবাছের দোষ ? " সমালোচকের লিখন-ভক্তিতে আমরা এই বুঝি যে তিনি শৈব-লিনীর দোষ তাঁহার নিজ্ঞদোষ বলিয়া গণ্য

শব্দনী এই জনা, বে তিনি চন্দ্র্শথরকে ত্যাগ করিয়া কুলত্যাগিনী হইয়াছিলেন, কিন্তু কুলত্যাগিনী হইয়াও ফষ্টরের নিক্ট এবং অপরাপর স্থলে সাহসভরে বহাবর সতীত্ব রক্ষা করাতে তাঁহাকে
আমি নিরপরাধিনী বলিয়াছি। অন্য অর্থে
নহে।

করেন না। হয় সেটি মানবপ্রকৃতির দোষ, না হয় তিনি ফেরপ কুৎসিত পরিবয়-প্রাণা-লীতে পরিণয়াবন্ধ হল সেই পরিণয়-প্রণা-ममां(लाठक विविद्याद्वा শৈবলিনীর অপরাধ নাই : তাহা অত্যক্ষ এবং অপ্রতিক্ধা-কারণ-ঘটিত তাই সে দোৰ তাঁহার ক্লেচাপাইতে ८५ करत्रन नाहे । छाहे छ। हार हारक তिनि " कनकिनौ इहेगा अ निवश्वाधिनौ।" তিনি দেখিরাছেন " যখন উদ্ধৃতা শৈব-निनी প্রতাপের সমক্ষে হৃদয় কপাট পুলিয়া দিলেন তথন শৈলিনীর জন্ম অধিকতর স্থানর বোধ হইল।" যথন তিনি শৈব-লিনীকে " কলঙ্কে নিরপরাধিনী অমুতা-পিনীরপে "দেখিলেন তথন অপরিসীম সম্ভোষ ও আনন্দ বোধ হইল। এইথানে পূর্ণ বাব শৈবলিনীর জ্লয়-সে ন্দর্য্য অধিকতর ছাদমক্ষম . করিলেন-ভাবিলেন " এই রূপ ফ্রান্ম লইয়া সাফো ফেয়নের জনা সিসিলী পর্যান্ত গমন করিয়া हिल्म। अरे समस्य धनस्क्रिमा अछ-উইনের জন্য বনে বনে ভ্রমণ করিয়া-"देनदेनिनी चना উপারেও প্রতাপের নিকট আসিতে পারিভেন কিন্তু শৈবলিনীর প্রকৃতি এরপ ছিল না যে তিনি কোন গোপনীয় বড়যঙ্গে এ कार्या निक करत्रमा छिनि ज्युकारेश ो टेलविनी-6विटखंब संशे (श्रीमण्डा

তিব্যলিনী চরিতের বাহা লৌলব্য তাহা আমি প্রসংশা করি, বাহা লোব তাহা অবশ্য নিনা করি; ইহা পুর্বে উক্ত হইয়াছে। শ্রীপঃ— কার্যা করিবার, কোন নীচর্ত্তি অবলম্বন করিতে অগ্রসর হই কার লোক
ছিলেন না।" ইহা দেখিয়া পূর্ণ বাবু লৈবলিনী হাদয়ের নীচভাব-রাহিত্য উপলব্ধি
কবিলেন। কোম্দী-প্রদীপ্ত ভাগীয়থী-বল্দে
প্রতাপ শৈবলিনীর কলোপকথন শুনিয়া
তিনি ভাবিলেন " এত দিনে প্রতাপের
মন বুঝি শৈবলিনীর দিকে বিনত হইয়াছে।" তিনি " এইরূপ প্রত্যাশায়
শৈবলিনীর হৃংথে হৃঃপিত হইয়া প্রতাপকে
প্রীতনয়নে " দেখিতেছিলেন। " এমত্
সময়ে সহসা প্রতাপের কটোর শপথ-বাক্য
শৈবলিনীর নিকট বাক্ত হইল। অমনি
সহসা প্রক্রার সম্দায় ভাব তিরোহিত
হইল।" ভ শৈবলিনীর সহিত তাঁহারও

* শৈবলিনী যথন এত দ্র আসিয়াছেন, যে প্রতাপমিলন ভিন্ন তাঁহাকে
অননাগতি বোধ হয়, তথন সকল
সন্ধান বাজিই ইচ্ছা করিবেন যেন প্রতাপের সহিত তাঁহার মিলন হইয়া যায়।
বাজিবিক যধন তিনি চক্তশেখরকে ত্যাগ
করিয়াছেন, তথন পাঠক মাত্রেই তাঁহার
ভাগা ভাবিয়া চিজিত হইবেন। যথন
ক্যোল ক্ষুক্তরীকে শৈবলিনীর মত প্রতাপের জনা নানা বিপদে বিপল্প প্রেথায়য়য়
ভথন তাঁহার প্রতি সহাম্ভুতি সহজেই
ভক্তি হয়। চক্তশেধর রে ছাহাকে প্নঃপ্রথণ করিবেন ভাহা শৈবলিনীর নিতাল
সৌজাগ্য,ভতদুর পাঠক আজিও প্রভাগা
ভরেন না। সেই জনা প্রতাপের সহিত
প্রতিনা বাটে ইহাই বাঞ্নীয় হইয়া
উঠে।

THE PROPERTY IS IN THE

মনৈ " সহসা কাল মেখে বজু নিনাদ ধ্বনিত जिनि देगविनगैत किय़ १ व्यक्ति । व्हेलिन। **লেন** " কি নিদারুণ বাক্য" প্রতাপের মুখ হইতে বহির্গত হইল। শৈবলিনীর জন্য তিনি कांनित्न। टेमविननीत सामीगृह-পরিত্যাগদোষ তিনি এতদূর ভূলিয়া গেলেন যে আবেগ-পূর্ণ জনম লইয়া ভিনি প্রভাপ-কর্ত্ত্ব পরস্ত্রী-গ্রহণের প্রত্যাশাকে মনে স্থানু দেওয়া অন্যায় বোধ করিলেন না। প্রতাপ তাঁহাতে—যে প্রেমের পুতলি মন প্রাণ সমর্পণ করিয়াছে তাহার প্রেম কবিয়া লোকধর্মানুরাগের প্রত্যাখ্যান পরাকাষ্ঠা প্রদর্শন করিলেন, পরলোকের গৌরব বৃদ্ধি করিলেন, তাহা দেখির তঃথিত হওয়া কুলটার প্রতি অমুচিত দর্ বলিয়া একবারও তাঁচার মনে উদয় হইল না। অন্যত্ত পূৰ্ণ বাৰু বলিয়াছেন, " দৈৰ-লিনীর স্বামী-গৃহ পরিত্যাগ-হেতু যে অপ-বিত্র কল্পনা অধিকৃত হয় তাহা কিছুতেই অপনীত হয় না।" " দৈবলিনীর । চিডে একটা কুলটা রমণীর চিত্র এরপ উজ্জ্বল বর্ণে দৃষ্ট হয় যে ভাহার সাধুভাবের সংস্থার মনে ভঙ প্রতীত হয় না।" " এ চিত্র সর্ব্বদা অপবিত্র সংস্কারে পাঠকের মনে উদয় হয়।" আমরা বুরিতে পারি ना, अभविता भाभिका विनया अथम हहे-তেই যাহার প্রতি মুণা † জন্মে; যাহার

† ঘণা, শৈবলিনীর প্রতি ঘণা আমার কিছুই নাই। কুলটা শক্ত প্ররোপে বে ঘণা ব্ঝায় এমত আমি অফুমান করি নাই।

কথা যনে হটলেই তাহায় ছল্চরিত্রের কথা মনে পড়ে ভাহাব সহিত সহামুভূতি জংখ্য কি প্রকারে—তাহার প্রতি দয়া এবং ভাহার জনা হঃধ হর প্রকৃতির কোন্ नियम अञ्चलादा। श्रुणा अवः समा वा সহামুভুতি এ ছটি পরস্পর-বিরোধিনী বৃত্তি। বেখানে দয়া এবং সহামুভূতি সেণানে ঘুণা থাকিতে পারে না। ঘুণার পাত্রের প্রতি দরা এবং তাহার সহিত সহামুভূতি প্রকৃতি-বিরুদ্ধ। সহাযুক্তি হুই বাজিকে একত্রিত করে, দ্বণায় একজনকে অন্যজন হটতে দূরে লইয়া যায়। সহামুভূতির পাত্রের প্রতি হাদয় আকুষ্ট হয়, দ্বণার পাত্রের বিরুদ্ধে হাদয় বিদ্রোহী হইয়া দাঁড়ায়। দয়া যাহার প্রতি হয় তাহার কোন পাপ থাকিলে সেই পাপের প্রতি স্থা হইতে পারে, কিন্তু সেই বাক্তির প্রতি দ্বর্ণা হওয়া অসম্ভব।

खूनिएम एकती श्रानार अं महीरतत विवाद प्रमाण हन नाहे। त्मवनिनी हरेलन त्कन, देश भून वाद त्वित्छ भारतन ना। आमता विन, क्निएम स्मानी हेडितानीम प्रमासकत, हेडितानीम तावनहार कि के समाणि प्रमासक विवाद कि स्मानीम वादहार कि मान कि स्मानीम वादहार कि के हिंदी निम्मान कि स्मानीम वादहार कि स्मानीम वादहार कि स्मान कि स्मान कि स्मानीम वादहार कि स्मान कि स्मा

ভ্লিয়টের দ্বয় ইউরোপীয় ন্রাল
 বে এতদুর উন্নত ছিল ভারা আমি স্টুলহ

করে পরিণয়-বিষয়ে পিতা মাতা বা গুরুজনের প্রতি নির্ভর করা। প্রবন্ধপ্রকৃতির কার্য্য, স্থতরাং বাঙ্গালীর মেয়েরও প্রাণয় স্বভাবতঃ নিরপেক্ষভাবে জন্মিতে পারে. কিন্তু পরিণয়-বিষয়ে বালালীর মেয়ে আত্ম-নির্ভর কদাচিৎ করিয়া থাকে। আবার রূপ-মোহোৎপর প্রবয় হঠাৎ যত প্রচণ্ড ভাব ধারণ করে দীর্ঘুকাল একতা বাস-জনিত এবং গুণামুরাগোৎপন্ন প্রণয় তাহা করে না। রোমিওর প্রতি জুলিয়েটের জঁরুরাগ রূপ-মোহ হইতে উৎপন্ন। প্রভাপও শৈবলিনীর প্রেমান্থরাগের উৎপত্তির কারণ একত বিবাহান্তে শৈশবে वाम। প্রতাপকে দেখিয়া যথন শৈবলিনীর রূপো-নাত্ততা জনাল বালাসখা যথন রূপবোহ-জাত প্রণয়ে পরিণত হইল, তথনই আ মরা তাঁহার হৃদ্ধের হৃদ্মনীয় বেগ দেখিতে পাইলাম।

পূর্থ বাবু মানব-প্রকৃতি বোঝেন না আমরা এরপ মনে করি না। তথাপি
'বে চক্রশেথরের শৈবলিনী বার্তীত
সংসারে আরু কেইছ ছিল না, বে চক্রশেশবর
করি। ইউরোপের একণকার সামাজিক
ভাব যে জ্লিয়েটের সময়ও বিদাসান
ছিল ভাহার প্রমাণ কি? কিছু সে কর্মা
বাক্। শৈবলিনীর মত রমণীরত্ব যথন
প্রভাপের প্রণয়ে একেবারে নিম্ম ছিলেন
তথন তাহার চক্রশেবরকে বিবাহ না
করাই শোভা পার; সে বিবাহের ছাভ
হতে ভিনি কোন না কোন উপারে মুক্ত
হতে পারিভেন। জার রক্ষনী কি
করিয়াছিলেন ? মুদ্রিও তিনি অরু ছিলেন,
এবং প্রথমট কিছুই দেখিতে পাইতেন না।

শৈবলিনীকে প্রাণত্ল্য ভাল বাসিতেন, বাঁহার নির্মাণ চরিত্রে কোন দোষ ছিল না, সেই চক্রশেণরকে " শৈবলিনী ত্যাগ করিয়া যাওয়ায় তিনি " চমকিত" " ছইজলন কোন আমরা বুঝিতে পারি না। তিনি ছ:খিত হইতে পারেন। ইহাতে চমকিত হইবার কিছুই আমরা দেখি না। আমি একজনকে ভাল বাসিবে—এই যদি প্রক্রা তির নিয়ম হইত, তাহা হইলে পৃথিবীর অনেক ছ:খ কমিয়া যাইত। বলিতে পারি না, বোধ হয়, সেই সঙ্গে দক্ষে অনেক মুখও উঠিয়া যাইত ।

দৈবলিনী-চিত্তের গঢ় তাৎপর্যা পূর্ণ वाव निर्मन कविएल भारतन नाहे। कवि কি উদ্দেশ্যে এ চিত্র ওরূপ করিয়া চিত্রিত করিয়াছেন তিনি তাহা, বুঝিয়া উঠিতে পারেন নাই। শৈবলিনী-চিত্তে বঙ্কিম বাব সমাঞ্চকে निका निवाद्य-- সমাজের কুৎ-সিত ৰিবাহপদ্ধতি হইতে কিল্লপ কুফল ফলিয়া থাকে। শৈবলিনী-চিত্রে ভিনি ত্বীতির দাদ স্বার্থপরায়ণ পিতা মাতাকে रमशेरेग्राट्म, (य लागाधिक। कन्गामिश्रक প্রণয়ের বিফ্লছে পরিণয়াবছ করিলে তা-शास्त्र किक्रभ अमग्रविमात्रक छर्फम्। घिटि পারে। আমরা স্বীকার করি যে কলুবিত চিত্ত পাপ-প্রবৃত্তির উত্তেক্তক, যাহার ধর্ম-रेनिकि दर्गन कन नाहे अथह राहा अवर्मात भर्ष महेत्रा वाहेर्छ भारत, कावा नाठका-দিতে সেরপ চিত্রের অবভারণা না করাই

কিন্ত তাই বলিয়া মানব প্রকৃতির যথায়থ চিত্ত না দেখাইয়া কাব্যোপনাা-সাদির পাত্র মাত্রকেই দংগুণে বিভূষিত করা আমাদের নিকট যুক্তি-সঞ্চ বলিয়া বোধ হয় না। উপন্যাসাদির পাত্র পাত্রী গণকে সাভাবিক বলিয়া প্রতীতি জন্মাই বার জন্য আমরা মঞ্জুষ্য-প্রকৃতিতে যেরূপ দেখিয়া থাঁকি বা সম্ভব বিবেচনা করি সেই রূপ করিয়া তাহাদিগকে চিত্ত করিঙে देशु পৃথিবী দেখিয়া আমাদের বেদ্ধণ জ্ঞান জন্মে, তাহাতে সংগুণের, সাধুভা-বের নিরবচ্ছিন্নতায় আমাদিগের বিশাস शांदक ना। व्यमःश यानव यद्या इहे कक জন সম্পূর্ণ সাধুদ্ধদয় অপাপবিদ্ধ হইতে পারেন এবং পাপস্পর্শ-শ্না সাধুতার ছুই একটি চিত্রে আমাদের বি-শ্বাদও হইতে পারে, কিন্তু উপন্যাদ-সংস্ট ব্যক্তি মাত্রেই অথবা উপন্যাস गांख्य हे नायक नांधिकां नांधु कलक-णृना পাপভাববিরহিত সমস্ত সংগুণের আধার বলিয়া বণিত চটলে সেই সকল চিত্ৰ আমাদের নিকট অস্বাভাবিক বলিয়া প্রতীয়মান হয়। মুরের ইউটোপিয়া বা তদ্ধপ অন্য কোন কান্ননিক সৃষ্টি পৃথিবীর প্রতিকৃতি রূপে আমাদের সমুখে উপ-স্থিত হয়। যাহা স্বাভাবিক ও সম্বৰ্ণর বলিয়া বিখাদ নাজন্মে তৎপাঠে মনের তত অ্থানাই। তাহার অমুকরণে প্রবৃত্তি জন্মে না, সুতরাং তাহাতে সহস্র ধর্মভাব স্মিবিষ্ট থাফিলেও মুমুষা মনে ভাহাতে কোন ধর্মনৈতিক ফল ফলে না।

† কেন १ আমরা ব্ঝিতে পারিলাম না।

জন্য মানব প্রাক্ষতির যথাযথ চিত্রেরই
আমরা অফ্মোদন করি । তবে যে চিত্রে
মনকে পাপের দিকে আকৃষ্ট করে তাহা
অবশ্য নিন্দনীয়। বিদ্যাস্থন্দর এই দোষে
ছষ্ট। পৃথিবীতে প্রায় এমন কোন পাপ
নাই যাহার কোন না কোন রূপে শান্তি

• এ প্রকার চিত্রে বোধ হয় ততদুর ফল দর্শে না। এক্লপ চিত্র প্রতিমূর্তিঅঙ্কন मम् । প্রতিমৃর্তিচিত্র অপেকা উৎকৃষ্ট ভাবময় চিত্রে কি অধিকতর ফল দর্শে নাণ বোধ হয় উৎকৃষ্ট ভাবময় চিত্ৰ মানবস্থান্তকে অধিকতর আকৃষ্ট করিয়া থাকে। এরপ চিত্র একবার হৃদরঙ্গম इहेरन जाहा भीख जुना यात्र ना। अना-বিধ চিত্ৰ ভক্ত অধিককাল স্থায়ী নহে ! সাধুভাবের প্রতিই লোকের লক্ষ্য ফিরান উচিত; দোষভাপ সকলেরই আছে. তাহার উল্লেখ না করিলে যে মানবচিত্র স্বাভাবিক হয় না এমত নহে। আমি একজনের অনেক গুণ গুনিলাম: এবং সেই সকল গুণ গুনিয়া তাহার প্রতি যথেষ্ট ছক্তি চইল। তাহার সহিত আলাপ পরিচয়ে আবার যথন তাহার কতগুলি দোষ দৃষ্ট হইল তথন আর তাহার প্রতি কি আয়ার প্রভিক্তি সমান থাকে, না ক্ষিয়া যায় 👫 যুক্তদিন আমি গুরুর গুণ দেখি, ততদিন শুক্তর প্রতি আমার প্রগাঢ় ভক্তি থাকাতে আমি তাহারই মত হইতে চেষ্টা করি। অনাথা সে গুরুর প্রতি কিছু হতপ্ৰদা হইবেই হুইবে। ইহা মানবপ্ৰকৃতি - এট सना अनिवाधा ত্রীপৃ:--

না হয়, যাহা কোন না কোন ক্লেশের উৎপত্তি না করে, স্থতরাং পাপ এবং পাপের শান্তি উভয়ই যদি উজ্জ্বল বর্ণে চিত্রিত হয় অথবা পাপ-চিত্র যদি এরপ ভাবে প্রদর্শিত হয় যে স্বভাবতই ভাহার প্রতি ঘুণা জন্ম তাহা হইলে কোন কল-ষিত চিত্ৰ পাঠে পাপ-কাৰ্য্যে প্ৰবৃত্তি না रहेम्रा व्यथ्रवृद्धिहे रहेम्। थाटक । य हिन्द অমুকরণীয় তাহাতে কোন কলঙ্ক থাছিলে সেই কলস্ককে কৰি যদি পাঠকের সন্মুখে এরপ ভাবে উপস্থাপিত করিতে পারেন যে পাঠক সেই কলঙ্ক সেই চরিত্রের গুণাং-**(**भंत माथा भंगा नां करतन, वतर (महे সচ্চরিত্তের সেই এক মাত্র অসম্পূর্ণতা মনে করিয়া সেই চরিত্রের অন্যান্যাংশ অমুকরণ করেন এবং দোষাংশ পরিহার জনা তাঁহার প্রবল ইচ্ছা ভদ্মে, তবে সে-রূপ চিত্রকে অধিকতর প্রশংসা করিতে হয়। সাধুতা দেখাইয়া সাধু হইতে প্রবৃত্তি অনে-কেই ল ওয়াইতে পারেন। যে পাপের প্রলো-ভন ছবিবাৰ্য্য তাহাকে নিরতিশন্ন মোহন বেশ পরাইয়া পাঠকের নিকট উপস্থাপিত করিয়া পাঠকের মনে তাহার প্রতি প্রগাঢ় चुनात উদ্রেক বিনি করিয়া দিতে পারেন, াাপীকে ভাল বাদাইরা, পাপীর ছু:খে তু:থ করিয়া পাপীর চরিজের পাপাংশের প্রতি যিনি অপরক্তি ক্রুয়াইরা দিতে পারেন ভাঁহার ক্ষমভারই প্রশংসা সমধিক। বৃদ্ধিম বাবুর গ্রন্থে আমরা যে সকল পাপ চিত্র দেখিতে পাই তাহা এই শ্ৰেণাৰ—তাহা क् अवृत्ति উত্তেজक नष्ट् वतः गण्भृवितात

কুপ্রবৃত্তি-নিবারক। অফুপমর্রপলাবণ্য-वडी पूर्वरंशेवना कुन्सनिमनीत প্রতি নগে-<u>জের</u> আাসজিব চিত্র পাপপ্রলোভনে পরিপূর্ব। কিন্তু কবি সে চিত্র এরপ করিয়া অঙ্কিওঁ করিয়াছেন যে নগেন্তের চিত্তবেগ দমনে শৈথিলা দেখিয়া তাঁহার श्रिष्ठि **भागामित्र** तार्श इत । যাহাকে ভাল বাসি, যে হালমের বন্ধু তাহার চরিত্রে অপ্রিয় কিছু দেখিলে ষেরাপ রাগ হয় এ সেই রূপ রাপ। এ রাগের সহিত ঘুণার লেশ মাত্রও থাকে না-এ রাগ ভাল বাদার রাগ। নগেক্তকে ভাল বাসি, হুর্ঘা-মুখীকে ভাল বাদি, তাই যাহাতে তাঁহা-দের স্থাপর বাাঘাত হইবে তাহা দেখিতে পারি না, ছইমের মধ্যে কাহাকেও তাহা করিতে দেখিলে ভাহার প্রতি রাগ করি। (य कुन्मनिनी कांशामत स्था खतात इहता দাঁড়াইয়াছেন.কবির অসাধারণ শক্তি-গুণে ठीशादक खान वानिए इस । हेव्हा इस कुलनिल्मी अका छः थिनी ना इहेरजन ; ইচ্ছা হয় স্ত্রীকাতির গৌরব স্বরূপ সূর্যা-মুখীর এক্নপ ছুরবন্থা না হইত; শতবার मान इस नार्शास्त्र हतिक कनक्ष्मेना হইভ। কাহাকেও ছাডিতে পারি না. কাহাকেও ছঃধের অবস্থার দেখিতে পারি ना । मकनाकर स्थी (नथिए रेक् कित्। नकनत्करे छान कानि। नकत्नत्र कनारे कामि। व्यथि हेश्रेत मत्या यमि काश्रेत अ 'कोन (नाव चाटक जरत त्म त्नाव जाहात ना रहेख देहाहे हेका रहा त्म ताव व्यक्षकत्रव कत्रिएछ हेम्हा हम ना। विषद्रक

নগেন্দ্র কলক্ষিত পুরুষচবিত্রের চিত্র, চন্দ্র-শেখরে শৈধলিনী কলঙ্কিত স্ত্রীচরিত্তের **मणा। উভয়েরই এক উদ্দেশ্য। একে** বঙ্কিম বাবু পুরুষদিগকে বলিতেছেন, দেখিও ভাই নগেন্তের ন্যায় সর্ব্বগুণালম্ভ হইয়া যেন একমাত্র দোষে এত অনর্থ ঘটাইও না, যে প্রেমময়ী ভার্যা তোমা বই আর জানে না তাহাকে এত কটে ফেলিয়া পরে আত্মগ্রানিতে জলিরা মরিও না, কুন্দনন্দিনীর নাায় কোন ছ:থিনী অনাথিনীর প্রাণহস্তা হইও না। অন্যত্র তিনি রমণীকুলকে সম্বোধন কবিয়া বলিতে-ছেন, দেখিও ভগিনী রমণীরত্ব হইয়া যেন প্রবৃত্তিশ্রোতে ভাসিয়া, তোমার সাধু-হাদয় স্বেহপূর্ণ চন্দ্রশেথরকে ভূলিয়া এত আদরের রমণী নাম কলঙ্কিত না করো. প্রতাপের ন্যায় কোন সাধু ব্যক্তির জীবন নাশের কারণ হইয়া না বলো, জীবন্তে (यन नव्क यञ्जनाम श्रुष्टिमा मित्रिक ना इस । मिथि यन निम कर्मामाय (भाष वह বলিয়া আক্ষেপ করিভে না হয় যে হায় আমি গৃহ পরিত্যাগ করিয়া কি তৃষ্পর্মই করিয়াছি। হায় আমি আপনার স্থথের মূলে আপনি কুঠারাঘাত করিলাম কেন ? এ পৃতিগন্ধময় হৃদয়দাহন নরকে আসিয়া পড়িলাম কেন ? আমি যদি আগে বুঝিয়া कांक कत्रिजांग, हिन्दमयत्तत्र यपि हिडी করিতাম তাহা হইলে আর এ অসহা যদ্রণা ভোগ করিতে হুইত না। বেন শৈবলিনীৰ মত ঠেকিয়া শিখিতে না হয়—যে সামাজিক নিয়ম লজ্বন অশেষ

অনর্থের মূল, অনস্ত তঃখের উৎস। শৈব-निजीत हिता कक्षणीशालत সমক्ষে ধরিতে পুর্বাবর সাহস হয় না। 'পাছে তাঁহারা देन्द्रानीत पृष्टारक जाभन जाभन हजा-শেখর ত্যাগ করিয়া এক এক জন প্রতা-পের জন্য কটবের সজে বাহির হইয়া যান।" আমরা এরপে আশস্কার কোন কারণ দেখিতে পাই না। আমাদেব বিশ্বাস শৈবলিনী পাঠে এরপ ফলোৎপত্তি হটতে পাঁরে না। শৈবলিনী অশেষ গুণের আধার হটয়াও লোকধর্মানুবাগবিহীনতা জন্য ষে ভীষণ নরক ভোগ করিয়াছেন তাহাতে লোকধর্মান্তবাগের প্রয়োজনিতাই শিক্ষা দেয়, সামাজিক পবিত্র নিয়ম ভঙ্গে প্রবৃত্তি আলোধনা। ববং একপ নিয়ম ভক্তের ভয়ানক ফল উক্তলবর্ণে প্রদর্শন করে। লৈবলিনীকে এরূপ ভাবে চিত্রিভ করি-বার আর একটা প্রধান উদ্দেশ্যের কথা আমরা এখনও বলি নাই। সে উদ্দেশ্য প্রভাপ-চরিত্তের গৌরব বৃদ্ধি। 'কেবল রূপের আকর্ষণ হইতে তো অনেকেই यन क कि दा है या नहे एक शादा। नायांगा ভাল বাসায় মুগ্ধ না হইয়া চরিত্র-পবিত্রতা রক্ষা করিতে পারে এরপ লোকেরও স-ম্পূৰ্ণ অভাৰ মাই। প্ৰলোভন যেখানে জনিবার্য্য সেখান হইতে দরে প্লারন করিয়াও কেছ কেছ কলকস্পর্শ হটতে মুক্ত থাকিতে কৃতকার্য্য হয়। কিন্তু প্রভা-পের চিন্তবলের পরিমাণ এ সকল অপেকা अत्नकश्वरण पाक्षिक। रेमणबकाम इटेरक প্রভাপ শৈবলিনীর সহিত প্রণয়ে আর্দ্ধ।

বেদগ্রামে শৈবলিনী আবার যৌবনজনিত পূৰ্ণবিকশিত ৰূপের আলোতে গুড়াপকে মোহিত করিতে লাগিলেন। প্রভাপ দেখিলেন ভাল নয়। ডিনি इटें एक श्रेमायन कविरमन। श्रेमायन किए। त्मन देशविनीत कना. निरकत कना नरह । প্রভাপের নাার क्रमय रेमवलिमीत ক্ষণসাল্লিধোও অবিচলিত থাকিতে পারে हेशहे (म समस्यद (भीतव, हेशहे (म পূর্ণ বাবু প্রভাপ-হৃদ্যের গৌরবের চিত্রের পরিমাণ পারেন নাই. তাই তাঁহার মতে নিজ হৃদয়ের স্থালা নিবারণে প্রতাপের দ্র-গমনের উদ্দেশ্য। আমরা প্রতাপের হাদ-ग्रंक अक्र श्रहा वहा मान कविएक भावि ना । প্রতাপ পলাইলেন বটে किछ लेव-লিনী তাহাতে ও উাহাকে ছাড়িলেন না। তিনি স্থযোগ খুজিয়া প্রভাপের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। পরিশেষে প্রভাপকে তিনি পুনরায় দেখা দিলেন : প্রভাপের সমক্ষে হাদর খুলিয়া ছিলেন। প্রভাপ দেখিলেন তাঁহার প্রতি বৈশ্বলিনীর ভাল-বাসা সামানা ভালবাসা নতে। লৈবলিনী ठाँशंत करा डेगामिनी, देवविनी छाँशंत জন্য গৃহত্যাগিনী, ভাঁছার জন্য শৈবলিনী निश्वितिक खान-पृत्रा श्रे शास्त्रन, व्याहातः जना टेमदिनमी जाशन देशेनिटरेड मानाश-মানের প্রতি দৃষ্টি রাখেন নাই, তাঁহার कना देनविनी बब्रिट्ड विश्वादक । हैवा অপেকা অধিকভার মনগ্রহাকর একেবাড়ন वात कि ब्रेड शहर १ देश व्यापना

অধিকভর তুর্নিবার্য্য জাকর্ষণ আর এ পृथिबोट कि बाह् ? किन् वेशंट क প্রতাপের হৃদর বিচলিত ২ইল না। তাই বলি প্রতাপ-জনরের মহত্তের পরিমাণ করিকা উঠা যার না। প্রবলের মধ্যে প্রবশ্তম প্রলোভনেও তাঁহার চিত্ত টলিল ना। आवात विन इंशाई ८म अन्दात (गीत्रव, हेशहे (म झनरत्रत मह्दु। এই মহত্তে মৃত্তা হট্য়া সংখ্যপৃহাশ্না পরহিত-क्की मनाभी ब्रमानक श्रामी विवश्वाहितन "প্রভাপ ! ব্রহ্মাণ্ড জয় ভোমার এই ইন্দ্রিয় करवत जुना इहेटल भारत ना '' এই মহস্ব **८मधाहेवात बना टेमविमनीटक गृटहत वाहित** कत्रा खायाकन इटेबाहिन। कवित्र व्यमा-धातन-मक्ति-नम्भन यम **এই আব**শাক महरकरे वृक्षिशाहिल विनशा देशविनशैदक সমাজের পবিত্র নিয়ম ভক্ত করাইতে সং (क्वांठ करत नाहे।

আবার প্রতাশ চিত্রে কবির চিত্রনৈপূণা দেখিরা তাঁহাকে সহস্র ধনাবাদ
দিয়াও মনের তৃত্তি জন্ম না। প্রতাপচিত্রের রমণীয়তা সমধিক পরিবর্দ্ধিত করিবার জন্য কবি প্রতাপকে কোমলহাদয়
করিয়া কৃত্তি করিয়াছেন। প্রতাপের হৃদয় ও
প্রেমণ্ড করিয়াছেন। প্রতাপের হৃদয় ও
প্রেমণ্ড করিয়াছেন। প্রতাপের হৃদয় ও
প্রেমণ্ড করিয়াছেন। প্রতাপের হৃদয় ও
করিয়া কৃত্তি না
দেখিতান, আমন্ত্রা বাদি প্রতাপকে অস্তরে
ভারের শৈবদিনীকে ভাল বাদিতে না
দেখিতান, আমন্ত্রা বাদি শৈবদিনীর প্রতি
প্রতাদের ক্রিভারিক আছ্রাণ মা জানিতার, আমরা উহিকে লাম্প্রা বলিয়া
মনে করিছে পারিভার তাহা হইলে ভালার

কতকগুলি কলম্বপূর্ণ রচনা প্রচার করে. এবং দিতীয়তঃ ইহারা অংখনা পোপ-গ্রণ্মে তীর পক্ষ হট্যা আমাদিগের প্ৰিত্ৰ স্থাপীনতা-সমরের উলোগ সকল विक्रम क्तिएक (हर्श करत. নবাইতালী সমাজ অনেক বিবেচনাও বিচারের পর একবাকো ইমিলিয়ানি ও क, विविधित श्रीक श्रीनगर छत्र कारमण थानान कतिरान । भूर्व अभाग ना भा उग्राय লাজাবেচি ও আক্রিয়ানিব প্রতি প্রাণ-मर्थित छोरमण कहा (शल मा, (कनल বেত্রাথাত ব্যবস্থা কথা গোল, এবং লোডেস্সভাব প্তি ভাব হটল ঠাহারা (यन खोशांनिशतक 6िर-नामय-मुखातन আবদ্ধ কবেন। রোডেদ্ সভাব সভা-পতির আংতি এই আনেশ প্রদত্ত হটল----তিনি গেন এফন চাবিজন বাজিকে নিৰ্মা-চিত করেন যাহারা বিশ্দিনের মধ্যে পুर्कीक लाग-मधाका कार्या भित्रिण कहिएक भारत । एकि एकि निरंगत माथा कि অধীকৃত হটলে যেন অচিরাৎ ভাহাকে প্রাণদতে দণ্ডিত করা হয়।

'মানে লিদের প্রধান সভার সন্মুখে ১৮৩২ খুটাবের ১৫ই ডিসেম্বর, রক্ষী বিপ্রধরের সময় এই আদেশ প্রদত্ত হইল। 'মাটিসিনি, সভাপতি।

'দেদিলিয়া, কর্মচারী।"

এই পত্রে যে গুপ্ত হত্যার উল্লেখ আছে তাহা বাস্তবিক ঘটিয়াছিল। ১৮৩২ খ্রীষ্টাব্লের ২০এ অক্টোবর আন্তেকণ প্রদে-শের বোডেজ্নগরের রাজপাধ ইমিলি- য়ানি নামক এক বাক্তি দতা সতাই কতিপর ইতালীয় নির্বাদিত হারা আক্রান্ত ও আছত হয়। কিন্তু সে আত্রতারী প্রাণ্ড আছত হয়। কিন্তু সে আত্রতারী প্রাণ্ড অত্রতাকে পাঁচ পাঁচ বংসব কারালতে দণ্ডিত হয়। এই লভের অনতিকাল পরে ১৮০০ খ্রীরান্তের গছতব লাজারেচি নামক কার এক বাক্তি গাভিন্যালি নামক কোন ইতালীর নির্বাদিত ব্রক্রের হন্তু ১৯ হয়।

হত গুট জনট মডেনার ডিউকের গুপ চব। যংকালে এট হণাকাণ্ড অনুষ্ঠিত হয়, মাটেদিনি হত ও হণাকাবী-দিগের কাহারও অস্তিত্মাত্রও অবগত ছিগেন না।

ইহার অবাবহিত পরেই আভেরণ প্রদেশের 'শুর্ণাল ডি লাভেবন্স' নামক পত্রিকায় এই হত্যাকাণ্ডেলিপ্ত বলিয়া মাটি সিনির নামে এক অভিযোগ প্রকাশিত হয়। মাটিনিনি এই অভিযোগের প্রত্যু-ভরে ট্রিউন্ নামক পত্রিকায় যে পত্র থানি লিংখন ভাহার মর্ম্ম নিম্মে প্রদত্ত হইল:—

"স্বিখ্যাত ট্রিডন্ পত্তের সম্পাদক মহাশন্ন সমীপেষু।

'মহাশয় ! জগাল ডি আডেরন্টের,,
২৭এ অক্টোবর ভারিখেব সংখ্যার ইরা
মডেনার ডিউকের পূর্ব অখপাল ইমিলিয়ানিনামক কোন বাক্তির গুপু হত্যা উপলক্ষে এই রূপ মত প্রকাশ কবিয়াতে :—

"আভেরণের প্রিফেক্ট এই
হতা সহস্কে যে সংবাদ পাইয়াছেন,
তাহাতে এরপ বিশাদ হয় যে হতভাগা
ইমিলিয়ানির আভেতারিগণ নবা ইভালী
নামক স্মাজের অধিনায়ক দগের হস্তে
কব-যন্ন স্কলে (Instruments); যে সহচরগণ তাঁল্লাদিগের নির্মিণ নির্মাবলীতে
বশাভা তীকারে অসম্মান, ইইবো এই
সকল কর-যন্ত্র হারা ভালাদিগের হস্তে
হইতে মৃতি লাভ করেন।

"ট্কু পত্রিকার সম্পাদক যদি এই वोका छनि बार्बा (महे 'नवा हे छ। नी' ममा-জেব প্রতি কটাক কৰিয়াপাকেন—যাতাব माखावः अवि निक्ति वादरेनिकक भार्मा भौकि छ. अक्रमांक रम अर्थ्म छेना-লীর পুনরুদ্ধার সম্ভবপর বলিয়া যাতার সভাদিগের অনিচলিক বিশ্বাস ইতালী' নামক একথানি মাসিক পত্তি-কায় যে সমাজের ভিত্তিভত মত সকল বিব্ৰ ও ব্যাখ্যাত ইট্যা থাকে-ভাষা হটলে অামি মক্তকরে সীকার করিতেছি যে আমি সেই সমাকের একজন অধি নায়ক, এবং সেই পত্রিকার একমাত্র সম্পাদক। সূত্রাং সেই সভাষ্থ অনা-তম স্ভা বলিয়া সেই সভার নামে এই অভিযোগের প্রকাতর দানে আমার অধি-কার আছে। অধিকার আছে বলিয়াই ভামি অসন্দিশ্ব চিত্তে বলিতেচি যে প্রেক্তি পত্রিকার সম্পাদক ও অন্যান্য যে কেহ এরণ অভিষোগ উত্থাপিত किर्याद्या का का निर्मात निर्मात कर नव के कथा

मण्ण्व मिथा।

"আনি মৃক্তকণ্ঠে বলিতেছি যে কেছই এক্সপ লক্ষাকর অভিযোগের স্বাপক্ষ্যে প্রমাণের ছায়াও অবভারিত করিতে পারি-বেন না,—বাঁহাদিগের বিরুদ্ধে এক্সপ অভিযোগ উত্থাপিত হইয়াছে তাঁহারা যে আভেরন্ পত্রিকার সম্পাদদেহর তুলা সম্ভান্ত ত্থিবলৈ আরু সন্দেহ নাই।

"আমি আরও বলিতেছি যে—যে দল আপনাদিগের সংস্থাপিত নিয়ম প্রতিপালনে অক্ষম বা আনিচ্ছুক ব্যক্তিমাত্তেরই উচ্ছেদ সাধনে ক্লন্তসকল, এরপ কোন দলের অন্তিম্ব সম্ভবপর বলিয়া আভেরন্ পত্রিকার সম্পাদক ভির আর কেহই বিশ্বাস করিবেন না। নবা ইতালী সমাজের কর্মন্ত কেহ নাই। যে সকল স্থাধীন প্রক্ষ স্থাধীন ভাবে ইহার মত সকল গ্রহণ করেন, তাঁহাদিগকেই এই সমাজ সভ্য-শ্রেণীর অস্তর্ভুক্ত করেন। ইহার সভ্যেনীর অস্তর্ভুক্ত করেন। ইহার সভ্যেরী যথাকালে কেবল অন্ত্রীর-দিগের বিনাশ সাধন করিবেন বলিয়াই প্রতিজ্ঞাবছ।

"এ-ই আমার উত্তর।

"ফরাসি সম্পাদক যে সকল মার্গহত্যা ব্যাপারের উল্লেখ করিছাছেন, এবং বলি রাছেন যে ফুান্সে এরপ ব্যাপার কথনই জাতীয় আকার ধারণ করিতে পারে না, ইহা উত্তর দানের অযোগ্য। প্রস্তোক ফরাশিলেথক—যিনি লিখিবার পুর্বের এক-বার ভাবেন—ভানেন যে এরূপ মার্গহত্যা জাতিবিশেষের বিশেষ ধর্ম্ম নহে; এবং কোন জাতির জাতীয় আচার ব্যবহারের বিসদৃশ অপরাধ সকলও তাঁহাদিগের দেশে অমুষ্টিত হইয়া থাকে।

"রেমন ও ডেল্পেকের হত্যাকারীরা ইমিলিয়ানির হত্যাকারিদিগের সম-শ্রেণীক।

৩-এ অক্টোবর) আপনার একান্ত অনুগত ১৮৩> খাটান্দ। সাট্দিনি "

মাট্সিনি মনিটর পত্তের উত্তরে নাাস-নাাল্পত্তিকায় এই মর্ম্মে এক থানি পত্ত লিখেন:—

"মহাশয়!—বিগত ৭ই জ্নের মনিটরে
রোডেসের হত্যাসহদ্ধে সত্যের আকারে
কতকগুলি অলীক বিবরণ প্রকাশিত হইয়াছে। তাহার সারাংশ এই—'মার্সেলিন্-স্থিত নায় ইতালী নাম্বক কোন গুপ্ত
সমাজের আদেশেই লাজারেচি ও ইমিলিয়ানির গুপ্তহত্যা সংসাধিত হইয়াছে।'
মনিটায় সেই স্বকপোলক্ষিত আদেশলিপি শ্বসম্পূর্ণ উদ্ধৃত করিয়াছেন এবং
তাহাতে সেই সমাজের সভাপতি বলিরা
আমার নাম সংযোজিত করিয়াছেন।

"য়ে গ্রথমেণ্ট—পিরিনিসে মিথা। শপথ-কারী, আংকানার পুলিসের গুপ্তচর, ফুাল্ক-কোর্টে অপজ্ঞাপক (Informer), এবং প-বিত্র সন্মিলনের (Holy alliance) নামে তাহার উপকারার্থ নির্যাতনকারী—আমার ও মংসদৃশ স্পদেশামুরাগী জন্যান্য নির্বা-সিতের বিকক্ষে এইরূপ যথন যেরূপ প্রয়ো-জন, নৃতন নৃতন আকার ধারণ করিয়াছেন; কোন সাধীন হাদয় তেজস্বী ব্যক্তি অসান্
মানা পৌরুষ ও অধ্যবসার সহকারে ত্
ভূর ত্রঃখভার অবিচলিত চিক্তে বহন
করিতেছেন দেখিলে যে গ্রণ্মেণ্টের অহকার আহত হয়;—নেই গ্রণ্মেণ্ট যে আনি
যাহাতে ত্রংখ পাই এমন কোন যড়গল্পে
নিম্ম হইবেন তাহাতে আর বিচিত্রতা
কি ? যে ফান্সে আমি স্বাধীনভাবে বাস
করিতেছিলাম, সে কান্স হইতে আমি
যে ইবিদ্রিত হই তাহা যে এরূপ গ্রণ
মেণ্ট ইচ্ছা করিবেন তাহাতে আর আশর্মা কি ? এবভূত গ্রণ্মেণ্টের সম্ভিত
আমার মৃত্ত স্বাদশান্ত্রাগিদিগের সম্র
কেবল মরণে অবসিত্ত হইবে।

"কিন্তু গবর্ণমেণ্ট যে তাঁহার শক্রকে আহত করিয়া ক্ষতন্থানে বিষপ্রয়োগ করিবেন; নির্যাতন-তৃণ হইতে এক একটা করিরা সমস্ত বাপ শক্রগাত্তে নিক্ষেপ করিয়া যে
আবার অপষদশর তাহার বিরুদ্ধে নিক্ষেপ
করিবেন; এবং তাহাকে ত্ব্ধ, শান্তি ও
স্বাধীন তায় বঞ্চিত করিয়া অবশেষে গৌরবেও বঞ্চিত করিবেন—এরূপ নীচতা
ঈদৃশ গবর্ণমেণ্টেও আমি সম্ভবপর বলিয়া
মনে করি নাই। সেই কৌশলমুম ও
জ্বন্য রচনার থে যে স্থল পরস্পর বিস্থাদী.
সে সে ত্বল উচ্চুত করিয়া আমি বুথা
সমন্ত্র নই করিতে ইচ্ছা করি না। • * •

" এরপ অভিবোগ বেরপ নীচ স্থান
হইতে উথিত হইরাছে, তাহাতে আমার
পক্ষে দোষক্ষালণ চেষ্টার লাঘৰ স্বীকার
বটে, কিন্তু তথাপি মনিটর যেরপ অসম-

নাহদিকতার সহিত এক জন নিরীহ ভদ্র-লোকের নাম পূর্বোক্ত আদেশলিপির নিমে প্রদান করিয়াছেন, সে অসমসাহ দিকতা, দণ্ড না পাইলে অগতে ছফের অতি প্রাত্ত্র্কাব হটবে। এই জন্য আমি বিচাবালয়ের আশ্রম গ্রহণ কবিব।

" আফ্লি বিচারালয় কেন্দ্র দিয়া জানিব কি সাহসে মনিটর একমাত্র অপ্রমাণীরুত দলিলের উপর নির্ভর করিয়া আমার মৃত একজন নির্মীত ব্যাক্তিকে হত্যাকারী ক' লিয়া নির্দ্দেশ করিলেন।

'যাহা হউক, ইতাবদরে অনেকে স্বেচ্ছাপূর্বক আমার পক্ষ সমর্থন আরম্ভ করিয়াছেন। তাঁহারা যথন স্বেচ্ছা পূর্বক আমার পক্ষসমর্থনের ভার গ্রহণ করিয়াছেন, তথন এ অভিযোগ আমি অস্বীকার করি ইহা বোধ হয় তাঁহারা আশা করিতে পারেন।

"সেই জন্যই আমি স্পষ্টাক্ষরে ইহা অম্বীকার করিতেছি।

"আমি অসন্দিগ্ধভাবে আরোপিত বিৰ-রণ,(দণ্ডাজ্ঞা) এবং সমস্ত বিষয় আমৃল অস্বীকার করিতেছি।

ে আমি মৃক্তকঠে গবর্গমেন্টকৈ ও গবর্গমেন্টের মুখ্যস্তস্তরূপ মনিটরকে মিখ্যা-বাদী বলিতেছে।

' আমি সাহস করিয়া^ৰ বলিভে পারি যে গবর্গমেণ্ট, গবর্গমেণ্টের ভর্মচারী, এবং মদ্বিয়ক অপযশের স্থাটিকর্তা বৈদেশিক প্রিশ—কেহই আমার স্কন্ধে আরোপিত অভিযুক্ত বিষয়ের একবর্ণও প্রমাণ ক- বৈতে পারিবেন না, অপবা বে আদেশলিপি প্রচাৰিত হইয়াছে মলামান্থিত
হাহার আসল লিপি কেটট দেখাইতে
পাবিবেন না। এবং আরোপিত লিপির
থেকটী চত্ত ও দেখিয়া বোধ ছুটুবে না বে
এরণ কার্যা আমা বাবা সম্ভবপর।
ক্রোপেক্য মাটিসিনি।

এই প্রতিবাদে মনিটর প্রস্কৃত্বেরহিত।
আসল দলিল কপনই নাইর করা হয়
নাই। মাটেদিনি তৎকাবোঁ মাসিলিসে
অজ্ঞানবাদ করিতেছিলেন; স্ততরাং
তিনি স্বং উপস্থিত হইতে বা কাহাব ও
উপর একালভনামা দিতে হক্ষম হওরায়
মনিটবের নামে নিগা তপ্যশা-্য হনার
অভিযোগ করিতে অক্ষম হয়েন।

নাহা হউক আদালত এই বিষয়ের অনারূপ মীমাংসা কবিলেন। অ ভেরণের উচ্চতর আদালত বিচারে স্থিব করিলেন যে এই হুডাকাণ্ড পরস্পর বিধানের ফল, এবং পূর্বাভিসন্ধি ব্যতীত অমুষ্ঠিত হুট-রাছে। এই জনা উক্ত বিচারালয় হুডা-কারিদিপের প্রাণদণ্ড না করিয়া গ্যাভি-য়ালির প্রতি চির দাসত্ব দণ্ড ও লা সেনি লিয়াকে পূর্ণ মুক্তি প্রদান করিলেন।

আবার অনুমান ১৮৪০ খ্রীটাবে গিদ-কেট্ নামক এক ব্যক্তি—খিনি ১৮৩৩ খ্রীটাবে প্লিখের প্রিফেক্টের পদে অভিবিক্ত হন—ভদীর জীবনীমালা লিপি-বার সমর ভবিকল্পে পূর্বারোপিত অভি-বোগ ইহার অন্তানিবিট করেন। মাটি-দিনিকে অগ্তাা আদালভের আশ্রম প্রতিগ করিতে হর এবং গিস্কেট্ তথার মুক্তকঠে স্বীকাব করেন যে ভিনি যে মা ট্সিনির বিষয় উল্লেখ কবিয়াছেন সে অন্য বাজি—ইনি অতি স্ক্তরিত্ত এবং এরূপ কোন অধ্বাধ করিতে অক্ষম।

इंडात किছ পরে ১৮৪৫ थीडोस्स লার জেম্প গ্রেহাম নামক একজন ইংল-ीय मञ्जी माहि निनित विकास शास्त्रीक মভিযোগ পুনরুখাপিত করেন। কিন্ত আভেরণের জজের নিকট চইতে এবিষয়ে ্য সম্বাদ পান, ভাহাতে ভাঁহাকে হাউস অব ক্ষন্সে প্রকাশক্রপে মাট নিনিব निकः क्या अर्थना कतित् इस। उपानि भागे मिनित विकास श्राकाना मधानलाक শ নির্ণাম পত্রে বার বার আনেক দিন ধরিয়া ক্রমাগত এরপ কুংলা বাহির হও-থার, ধীরে দীরে অনেকের মনে প্রতীতি জনিল-যে মাট দিনি একজন শোণিত-পিপাত্ত প্রতিহিংসা-পরবর্গ ভীষণ প্রাক্ তির লোক, এবং নবা ইভালী সমাজের দণ্ডবিধিতে শপণ-ভন্নকারী বা গৃহীত মতের বিক্তাচারী স্ভাগণের বিরুদ্ধে ভয়ম্বর দণ্ড ব্যবস্থাপিত আছে। এই ভीষণ অপবাদের বিরুদ্ধে ম্যাট সিনি শ্বরং যাহা বলিয়াছেন ভাগ আমরা নিয়ে অলু-বাদ করিয়া দিলাম :---

"রক্তমোক্ষণ—বাঁহারা আনাকে ভালরপ জানেন তাঁহারা সকলেই বলিবেন
বে—রক্তমোক্ষণ আমি অন্তরের সহিত
র্গা করি এবং আমার বিশাল বে স্ক্
প্রকার ভর প্রদর্শন ভাবি অম্লল নিবা-

রণের অতি নৃশংস, ন্যায়বিগহিত, এবং
নিল উপায়, এই জন্য ইহাও আমার
গভীর ঘুণার বিষয়; অমঙ্গল নিবারণের
সবিশেষ ফলপ্রাদ উপায়—উদার ভাব
সকলের সর্বতোবিকীরণ। এবং আমার
বিশ্বাস যে প্রতিহিংসা বা প্রায়শ্চিতকে
দণ্ডবিধির ভিত্তিভূমি করা নীতি-বিকৃদ্ধ
ও নিক্ষল—এরপ দশ্য ব্যক্তি বিশেষ
ঘারাই প্রাযুক্ত হউক বা সমজ ঘারাই
প্রাযুক্ত হউক। যে গুল্লজ্যা বল মানব
সত্ম ও মানব কর্তবোর উল্লজ্যন করে;
ভাহার বিক্রদ্ধে বদ্ধপরিক ব হওয়ার শোচনীয় আবশ্যকভামান্ত আমি স্বীকার
করে।

"নবা ই তালী সমাক্স কার্ব্বোনারিজম্
সম্প্রদায়ের প্রতিহিংসা-প্রবণ নির্মানলী
ও বাবহাবাবলী অস্থীকার করিয়া বিশ্বাসঘাতকদিগের বিক্লমে পূর্ব্বে যে মৃত্যুভর
প্রদর্শিত হইত তাহা তুলিয়া দিরাছেন।
নব্য ইতালী সমাজের কেন্দ্রভূত সভা
হইতে কেবল একমাত্র দণ্ডবিধি ও
একমাত্র বিধিব্যবস্থা বাহির হইয়া থাকে।
সে দণ্ডবিধি বা বিধি—বাবস্থা সকলেরই
নিকট ধারণ করা হইয়াছে, স্কৃতরাং
সকলেই তাহার ভাল মন্দ বিচার করিতে
পারেন।

'বাহারা গুপ্তচর বা বিশ্বাস ঘাতকদিগের ধ্বংসবিধানের জন্য জ্বসুরোধ
করিতেন, জাঁহাদিগেকে আমি বলিতাম
বে গুদ্ধ সেই সকলের লাম প্রকাশ ক্রিয়া
তাহাদিগের গুণব্যাধ্যা কর—সেই অপ্যশ্ই

তাহাদিগের যথেষ্ট দ্ও হইবে।

"এরপ সন্তব যে কখন কখন আমাদিগের এই সকল নিদ্দিষ্ট নীতির বিরুদ্ধে প্রদেশবিশেষে আমাদিগের অজ্ঞাতসাদ্ধী কোন কোন কার্য্য হইরা থাকে; কখন কখন দলতার্কী বিশ্বাস-ঘাতকদিশীর বিরুদ্ধে কোনও প্রাদেশিক সভা হইতে প্রাণদগুজ্ঞা প্রচারিত হইরাছে; কিন্তু দে দোষ নব্য ইডালী সমাজের উপর আরোপিত করা যুক্তিবি-গহিত।

"নব্য ইহালী সমাজের লক্ষ্য দ্বিধিধ।
প্রথম লক্ষ্য ইতালীর প্রধান বল—একমাত্র আশা—নব্য সম্প্রদায়কে অক্তব্রেম
বৈপ্রবিক মতের অধীনেত্-বৃদ্দের
অধীনে আনা। দ্বিতীয় লক্ষ্য ইহার
অধিনেত্রক্ষ ও প্রতিনিধিগণ বারা
ইতালীর বিভিন্ন বিভিন্ন সম্প্রদায়কে
একতা, প্রাধীনত। ভুপাত্র্য রূপ একলক্ষ্যে একত্রীকৃত করা।

'প্রথম লক্ষ্য সংসাধনের ভার অবস্থা ও মর্য্যাদা অনুসারে নব্য ইতালী সমাজের সমস্ত সভ্যের উপরই বিনাক্ত হইরাছে।

'দিতীর লক্ষ্য সংসাধনের ভার মাধ্য-মিক ও প্রাদেশিক সভা-নিচয়ের উপর প্রাদত ইট্যাছে।

"এই জগৎ জনস্ত উন্নতিরূপ একমাত্র নৈতিক বিধিয়ারা পরিচালিত।

"মৃহতী অবদান-পরক্ষার সংসাধনের জন্য মানবের স্থাষ্ট। তাঁহার বৃত্তিনি-চয়ের পূর্ণ, জনিষব্রিত, এবং শৃত্যানাবস্ত পরিপৃষ্টি দাধনের জন্য তাঁহার স্টি।

"এইলক্ষ্য সংসাধনের জন্য তাঁহাকে যে উপায় প্রদান করা হইয়াছে তাহা— মানবে মানবে মিলন।

'বিথন এক লক্ষ্যে—একু নির্মের শাসনাধীনে মানবগণের একীভূবি সংসা-ধিত হয়, তথনই মানবজাতি সুসম্ভবপর পূর্ণ পরিণতি লাভ করিতে।সক্ষম হন।

"এই জন্য নব্য ইতালী সমাজ, মানব জাতির বিশ্বজনীন সন্মিলাং—স্বাধীন মানবের সমস্ত চেষ্টার চরম ফল বলিরা স্বীকার করেন। ইহা মানব জাতির বিশ্বজনীন জাত্তভাব মৃক্তকণ্ঠে স্বীকার করেন এবং সর্বপ্রকারে তাহা প্রচার করিয়া থাকেন।

'মাহাতে মানব জাতি সাধারণ উল্লভিপথে একত সমবেত হইয়া অবিস্থাদে গমন করিতে পারেন, সেইজন্য ভাহাদিগের সকলকেই একটা. সাধারণ সামাস্থানে উপস্থিত হইতে হইবে। সেই বিশ্বজ্ঞনীন সমাজের সভ্য হওয়ার পূর্বের, ভাহাদিগের একটা স্বতন্ত্র অন্তিত্ব, স্বতন্ত্র নাম এবং স্বতন্ত্র শক্তি চাই।

"মানবজাতি-সাধারণ প্রশ্ন কইয়। বিব্রত হওয়ার পূর্বে জামাদিগকে অগ্রে এক একটা স্বতম জাতিরূপে পরিণত হউতে হউবে।

''কিন্তু একতা ব্যতীত কোন জাতির জাতীয় অভিত্ব অসম্ভব ।

"এবং স্বাভন্তা (Independence) বাতীভণ্ড চিরস্থায়ী একতা সম্বৰণর নহে। যথেচ্ছাচারিগণ—লোকসাধারণের শক্তির হাস করা বাঁচাদিগের একমান্ত লক্ষ্য— লোকসাধারণের বিচ্ছেদসাধনে সভত কন্ধপরিকর।

স্বাধীনতা ব্যতীত ও প্রকৃত স্থাতন্ত্র্য সন্তবপর নহে।

"স্বাতন্ত্র বন্দা করিতে হুইলেই স্বাধীনভার প্রয়োজন। স্বাধীন ব্যক্তি ও স্বাধীন জাতিই স্বাতন্ত্র রক্ষা করিতে সক্ষম। ভাহাদিগেরই স্বাতন্ত্র রক্ষার জন্য স্মান্থবিসর্জ্ঞনে স্বার্থ আছে, ভাহারাই স্বাতন্ত্র রক্ষা করিতে বাধ্য।

"এইজনাই ইতালীর একতা, স্বাতস্ত্রা ও স্বাধীনতা রক্ষা করা নব্য ইতালী-সমাজের অধিতীয় লক্ষা।

"যেথানে প্রভুশক্তি পরিবার্যবিশেষে পুরুষাস্ক্রনে সংক্রাস্ত,দেখানে চিন্নস্থানিনী স্থাধীনতা অসম্ভব।

''প্রভূশক্তির প্রবণতা আক্মপরিবর্দ্ধন ও আত্মঘনীকরণের দিকে।

'বেথানে প্রভুশক্তি পুরুষামুক্রমিক, সেথানে প্রথম পুরুষলক স্থাবিগা গুলি বিতীয় পুরুষের ভিত্তিভূমি হয়। পুরুষামুক্রমিক ক্রমিক প্রভুশক্তিধারয়িতা হইতে লৌকিক মৃলের স্মৃতি বিল্পু করে। পুরুষামুক্রমিক স্থার্থ—শান্তা ও জাতীয় স্বার্থের অন্তর্মেক হয়। ইহাতে একটা সংঘর্ষ উপস্থিত হয়। ইহাতে একটা সংঘর্ষ উপস্থিত হয়। এই সংঘর্ষ অবশেষে বৈপ্লবে পরি-ণত হয়। প্রত্যেক বৈপ্লবিক জাতির কর্তব্য যত্তশীস্ত্র স্থানিবার্য্য বিপ্লবের অবসান করা; এবং পূর্ণ অবসান করার একমাত্র উপায় বিপ্লবের পথ সকল বন্ধ করিয়া ভবিষ্য বিপ্লবের সম্ভাবনা স্থদ্র-পরাহত্ত করা।

'লোকসাধারণের উপকারার্থ লোকসাধারণ কর্ত্বিক বিপ্লব অফুটিত হইয়া
থাকে। বিপ্লব লোকসাধারণের অভীস্পিত করিতে হইলে লোকসাধারণের মনে
এই প্রতীভি উৎপাদন কবিতে হইবে
যে ইহা ভাহাদিগেরই জন্য অফুটিত হইয়াছে।

"এই প্রতীতি উৎপাদন কংছে হইলে অগ্রে লোকসাধারণরকে তাহা-দিগের প্রকৃতিসিদ্ধ স্বত্ব শিথাইতে হইবে ; এবং পরে তাহাদিগকে বলিতে হইবে যে সেই সকল প্রকৃতিসিদ্ধ স্বত্বের অনিযন্ত্রিত পরিভোগের একমাত্র উপায় স্বরূপ তাহা-দিগকে বিপ্লব স্থীকার করিতে হইবে।

"মৃতরাং লোকসাধারণকে স্পষ্টাক্ষরে বলিতে ছইবে—বে সেই বিপ্লবের লক্ষ্য একটা নৃতন লোকিক প্রণালীর প্রবর্তনা, এই লোকিক প্রণালীর কার্য্য— অসংখ্য দীন দরিত প্রকার্তকর অবস্থার উন্ধৃতি সাধন করা; এই প্রণালী স্বাধীন নাগরিক মাত্রকেই তাহাদিগের বৃত্তিনিচয়ের পরি পৃষ্টি সাধনে ও আপন আপন কার্য্যের ব্যবস্থাপনে অনিষন্ত্রিত স্বাধীনতা প্রদান করিবে; এই প্রণালীর ভিত্তিভূমি পূর্ণ সাম্য; এবং স্বাধীন, স্পৃত্তাল, সহস্র ও অল্পনারাধ্য নির্মাচন।

"এই প্রণালী সাধারণভান্তিক। "নয় ইভালী সমাক ঐকাবাদী ও সাধারণভাঙ্গিক।

"ধর্ম বিষয়ে ইছা সর্ব-প্রকার সাম্প্র-দায়িক হা ও শ্রেষ্ঠভন্তভার প্রাক্তিকুল।

"সাধারণ মঙ্গলে ব্যক্তিগত ক্ষমতার
প্রয়োগরাণ অনস্ত বিধি হইতে যে সকল
ব্যক্তিগত স্বস্থ উপলব্ধ নহে, তৎসমন্তের
উচ্ছেদ সাধন করা; শ্রমবিক্রেতা ও শ্রম-ক্রেতার সংখ্যা ক্রমে হ্রাস করা; জাতি-স্টিকারি সার্কশ্রেণীক সংমিশ্রণের দিন নিকটবর্ত্তি করা; ব্যক্তিগত্ত বৃত্তিনিচরের
সম্ভবত: পূর্ণতম পরিপ্টি সাধন করা;
এবং যাহাতে জাতীয় শিক্ষার অনস্ত উন্নতি
হয় ও লোকসাধারণের অভাব বিদ্রিত
হয় এরূপ বিধিয় সংস্থাপনা করা—ইত্যাদি
কার্যাই এই সমান্ধের প্রধান লক্ষ্য।

"যাহা হউক, যতক্ষণ না ৰিপ্লবের প্রথম সোপান— বৈদেশিক অধীনতা হই-তে স্বাতস্ত্রা লাভ—আলক হইতেছে, ততক্ষণ 'নব্য ইতালী সমাজ' সমস্ত চেষ্টা সেই লক্ষ্যে আবদ্ধ রাথার ঔচিত্য স্বীকার করিতেছেন। যতক্ষণ না ইতালীয় ক্ষেত্র বৈদেশিক পাদচারণ হইতে নির্ম্মুক্ত হই-তেছে, ততক্ষণ এই সমাজের একমাজ কার্য্য হইবে ক্ষক্র সংগ্রহ করা এবং সর্বাণা—যুদ্ধ ঘোষণা করা।

" এই রূপে নব্য ইতালী সমাক্ত
অমুটের কর্ত্তব্য ও অতঃসিদ্ধ অছের
খ্যাপনা করিয়া, যতদিন না ইতালী বৈদেশিক অধীনতা হইতে শৃত্যল-মৃক্ত
হইতেছে, ততদিন ভলাভের চেটা হইতে
বৈরত থাকিবেন !

" ইত্যবদরে, আভাখানিক কালে, নবা ইতালী সমাজ প্রত্যেক প্রদেশ হইতে এক এক জন প্রতিনিধি লইয়া. একটা কেন্দ্রীভূত অবজ্যা-শাসন প্রভশক্তি সংস্থা-পনের পোষকতা कतिरवन । यङ्गिन বিপ্লব পরিসমাপ্ত না হয়, ততদিন এই महु । प्राची शाकित्यः हेस्त्र कार्या-সকল সাধারণ মত ও নবা ইতালী সমা-জের দারা নিয়ন্ত্রিত হটবে: অবশেষে विश्वव পরিসমাপ্ত হইলে ইহ, চিরস্থায়ী জাতীয় মভায় পরিণত হইবে। यत. क्षांबनाती विहात. मः योकन अ সংশাসন প্রভৃতি বিষয়ের নিয়মন করা **এই** প্রভুশক্তির সর্ব্ব প্রথম কর্ত্তব্য হইবে। धिमित्क विश्वांश (Political), अञ्चर्ताश (Civil) বিধিমালা সংগঠিত ও শৃদ্ধলাবদ্ধ করিবার নিমিত্ত একটা সমিতি বসিবে। ইতালী—বৈদেশিক শৃঙ্খল হইতে উন্মুক্ত হইলে পূৰ্বোক্ত সমিতি দারা স্থিরীকত विधिमांना विठादत्र নিমিক কাড়ীয় সভায় সমপিত হইবে।

''ইতালীয় ক্লেত্রে একটী শক্ত থাকিতে শক্তদিগের সহিত সদ্ধির প্রস্তাবমাত্রও
অপ্রাব্য। নগরসকলের রক্ষার ভার
নাগরিকদিগের হুছেই সমর্পিত ছুইবে,
এই উদ্দেশ্যে নাগরিকসকলকে অন্ত শক্তে
অসক্তিতও শৃত্বলাবদ্ধ করা ছুইবে, এবং
তাহাদিগকে ক্ষুদ্র ক্লুড় দলে বিভক্ত ক্বিয়া
লাতীয় মহতী সেনার সাহায্যে নিমোক্তিভ
ক্রিতে হুইবে। এই বিভক্ত সেনাই
কুদ্র কুদ্র দলে চতুদ্ধিকে বিভক্ত হুইয়া

শক্রসেনাকে ব্যতিবাস্ত করিয়া তুলিবে।

"প্রথমে অস্ত্র ও জয়; তাহার পর বিধিমালা ও শাসন-প্রণালীর সংগঠন। নব্য ইতালী—সমাজ এই নব ধর্ম প্রচা-রের ভার গ্রহণ করিলেন। অস্ত্র ও নৈতিক শিক্ষা ধারাই নবা ইতালী সমাজ এই ধর্মবিপ্লব সংসাধনের প্রস্তাব করিতেছেন।

"অস্ত্র প্রাপ্তির জন্য নব্য ইতালী। সমাজ ষড়যন্ত্র করিবেন। নৈতিক শিক্ষার জুন্য পত্রিকা, স্থাদ পত্র প্রভৃতি প্রচার করিবেন।

"নব্য ইতালী সমাজের সভ্যের।
লিখেন ও বড়যন্ত্র করেন, এবং ভাঁহাদিগের
বিখাস যে ইতালীর উদ্ধার কেবল ইতালীয় বিপ্লব দারাই সংসাধিত হইতে পারে।
এই জন্য তাঁহারা সর্বপ্রেকার আংশিক
অভ্যথানের প্রতিবাদী। তাঁহাদিগের
বিশাস যে আংশিক অভ্যথানে ইতালীর
অবস্থা বরং অধিকতর শোচনীয় হইবে।

জাতীয় অভ্যুথান কেবল জাতীয় বল ছারাই সংসাধিত হইবে। বৈদেশিকের হস্তে কথনও প্রকৃত ও চিরস্থায়ী স্বাধী-নতা লাভ করা যাইতে পারে না। বৈদে-শিক নোর ইতস্ততঃ সঞ্চালন হইতে নব্য ইতালী সমাজ স্থবিধা লইতে প্রস্তুত আছেন, কিন্তু ইহার উপর ভাঁহারা আপনাদিগের সমস্ত আশা সন্ধাস্ত করিবেন না।

"ন্ব্য ইতালী সমাজের প্রভ্যেক সজ্ঞের উপর এই সকল সাধারণ নিরম প্রচারের ভার অর্পিত হটল।

নবা ইতালী সমাজের গঠনপ্রণালী !

'একটা' কেন্দ্রীভূত বা মাধামিক সভা।

''ইতালীর প্রভোক নগরে এক একটী করিয়। প্রাদেশিক সভা।

"প্রত্যেক নগরে এক একজন করিয়া সংগঠক (Organizer)।

"ক্তক্ণুণি প্ৰচারক ও ক্তক্ণুণি, সভা।

"মাধ্যমিক সভা প্রাদেশিক সভাব সভা নির্বাচন, সেই সভাগণকে সাধারণ উপদেশ প্রদান, সেই প্রাদেশিক সভা গুলির পরস্পর শৃঙ্খলা স্থাপন, এবং সভাগণকে পরস্পর-পরিচায়ক্ল সঙ্কেতাবলী নির্দেশ প্রভৃতি কার্য্য করিবেন। সমাজের পত্র পত্রিকাদির মুদ্যান্ধন ও বিত রণ, সভ্য সংখ্যানির্ণয়, কার্য্যের সাধারণ শৃঙ্খলা স্থাপন প্রভৃতি কার্য্যের ভারও এই মাধ্যমিক সভার উপর বিদ্যান্ত থাকিবে। এই মাধ্যমিক সভা প্রাদেশিক সভাগুলির উপর অন্যায় ও অকারণ ক্ষাধিপত্য করিতে পারিবেন না।

'প্রত্যেক প্রাদেশিক সভা আপন আপন প্রদেশের সমাজ-সম্বন্ধীর বাবতীর কার্যাভার গ্রহণ করিবেন। প্রাদেশিক সভাগণের পরস্পর-পরিচারক সঙ্কেন্ত-চিছের স্থিরকরণ, মাধ্যমিক সভার উপদোশবলীর সংবহন, মাধ্যমিক সভার মাসিক আছোনতিস্চক কার্যাবিবরণ প্রেরণ, কন্ত অর্থ সংগ্রহ হটয়াছে, অবাজ্রর বিভাগসকলের বা মত কি, এবং কি কি উপায়ইবা অবলম্বন করা উচিত ইত্যাদি বিস্তুরে মাধ্যমিক সমাজের নিকট আত্ম-মন্তব্য থ্যাপন — প্রভৃতি কার্যোর ভার প্রায়েশিক সভাগুলির উপরই সমার্পিত হটবে।

"নাগরিক সংগঠক প্রাদেশীয় সভা হারা নির্কাচিত হইবেন। তিনি গ্রোদেশী শিক সভার নিকট এক থানি করিয়া মা-শিক কার্যা-বিবরণ পাঠাইবেন; এবং প্রাদেশিক সভা মাধামিক সভার সহিত যে সকল বিষয়ে জেখালিখি করেন, তিনিও মাধামিক সভার সহিত সেই সকল বিষয়ে জেখালিখি করিতে পারিবেন।

'নাগরিক সংগঠক ও প্রাদেশিক সভা ষারাই প্রচারকগণ নির্মাচিত হই-বেন। বৃদ্ধিমান্ ও সৃত্বদর বাক্তি দেখি-রাই প্রচারক মনোনীত করিতে হইবে। নব ধর্ম্মে সভাগণকে দীক্ষিত করা ও সভার ম্বামন্ত গুলি তাহাদিগের কর্ণকুহরে প্রবেশিত করাই প্রচারকগণের প্রধান কার্যা। প্রভাকে প্রচারকগণের প্রধান কার্যা। প্রভাকে প্রচারক আত্ম-নগর-'সংগঠকের সহিতই চিটি পত্র লেখালিথি করিবেন। নাগরিক সংগঠকে যে যে বিষয়ে প্রাদেশিক সভার সহিত চিটিপত্র লেখা-লিথি করিয়া থাকেন, প্রচারকগণ সেই সকল বিষয়েই নাগরিক সংগঠকের সহিত্ত চিটিপত্র লেখালিথি করিবেন। প্রচারক-গণ নাগরিক সংগঠকের নিকট ভাঁলা- দিগের মাসিক কার্য্য-বিষয়ণ প্রদান করি-বেন এবং জীহার নিকট যে সকল উপ-দেশ প্রাপ্ত হইবে ডাহা দীক্ষিত সভা গণকে প্রদান করিবেন।

শ্পেচাবকগণ সচ্চরিত্র (ছাক দেখিদ্বাই সভ্য নির্বাচিত করিবেন, উটাহাদিগের
অপরকে দীক্ষিত করার উপযোজানী বৃদ্ধি
থাকার প্রয়োজন নাই। দীক্ষিত সভ্যগণ নিজ নিজ দীক্ষা-গুরু প্রচারকের অধীনে থাকিবেন, এবং জাঁহাদের বদি কোন
সন্থাদ থাকে বা মন্তব্য প্রকাশ করার ইছা।
থাকে জাঁহারা দীক্ষাগুরুর নিকটই তাহা
প্রকাশ করিবেন। এই দীক্ষিত সভ্যাণ
নব্য ইতালী সমাজের মূল মন্ত্রগুলি সর্ব্বত্র
প্রচার করিয়া বেড়াইবেন এবং সর্ব্বলা
কার্যের জন্য প্রস্তুত থাকিবেন।

'প্রত্যেক সভোর একটা করিয়া শুপ্ত নাম থাকিবে, যক্ষ্মারা তিনি এই সমাজে পরিচিত থাকিবেন।

"সভার লক্ষ্য আত্ম-বিস্তৃতি। এই
লক্ষ্য সাধনের প্রধান উপায় যুবক সাধারণের—বিশেষতঃ নিয় শ্রেণীর সংখ্যাতীত
যুবকবৃন্দের—নিকট আত্ম-নিবেদন। এই
যুবকবৃন্দের মনেই ভাবী আশা ও বর্ত্তমান
প্রাবতার মূল দৃঢ়বদ্ধ ছইয়া আছে।

'প্রত্যেক সভ্য—বদি সামর্থ্য থাকে—

এক একটা করিয়া রাইফেল বা মস্কেট

বন্দুক ও পঞ্চাশটা করিয়া কার্ট চ্ সংগ্রহ
করিবেন। যদি অসমর্থ হন তাহা হইলে

প্রাদেশিক সভার নিকট আবেদন করিলেই প্রাপ্ত হইবেন।

"প্রত্যেক সভা, যদি তাঁহার অবস্থার অমুযোদন করে, দীক্ষা কালে ও দীক্ষার পর প্রতি মাসে সভার ধনাগারে কিঞিৎ কিঞিৎ অর্থ প্রদান করিবেন।

"এই প্রদন্ত অর্থ প্রাদেশিক ধনাগারে জমা হইবে। প্রাদেশিক সমাল ইহা বারা প্রাদেশিক করিবেন। কেবল পরিব্রালক পাঠান,মুল্রান্ধনবার, অস্ত্রাদি ক্লের প্রভৃতি কার্যা নির্কাহের জনা সেই সঞ্চিত্র ধনের ক্ষুদ্রাংশ মাক্র মাধ্যমিক সমাজে ব্রেগণ করিতে হইবে।

''দীক্ষাকালে কি পরিমাণে অর্থ দিতে হইবে, কিরূপে সেই অর্থের ব্যর করিতে হইবে, এবং কাহাকেই বা সেই দীক্ষাশুক হইতে মুক্তি দিতে হইবে ইত্যাদি বিষয় প্রাদেশিক সভারই বিচার্যা।

"মাধামিক সমাজ অতাস্ত আত্মআধিপত্তা অস্বীকার করেন; একতা ও কার্যা-প্রণা-লীর পূর্ব্বাপর-সঙ্গতি রক্ষার জন্য বেটুকু আধিপত্তা একাস্ত প্রয়োজনীয় ভাঁহারা কেবল সেইটুকু আধিপতাই সংস্থাপন করিবেন।

"নব্য ইতালী সমাত কেবল, তুই প্রকার
সংস্কৃতিক ব্যবহার করিবেন। প্রথম-প্রকার
চিক্ত প্রাদেশিক সভা ও মাধ্যমিক সভা ককৃত নির্বাচিত পরিব্রাজকগণ ব্যবহার
করিবেন। হিতীর-প্রকার চিত্র কেবলমাত্র
প্রাদেশিক সভা কর্ত্ত্ সির্বাচিত সভ্যগণ
ব্যবহার করিবেন এবং ইহা মাধ্যমিত
সভার অঞ্জে জানাইতে হইবে।

"এই সংৰত-চিহ্গুলি প্ৰতি ভিন

মাস অন্তর—এবং প্রবোজন হইলে তাহা
আপেক্ষা অপপ সমরের মধ্যেও — পরিবর্ত্তিত
হইবে। এইরপে এক প্রদেশের চিক্
প্রিলা কর্ত্তক পরিজ্ঞাত হইলেও, অপর
প্রদেশের চিক্ত্তলি প্রিশের নিক্ট সম্পূর্ণ
অপরিজ্ঞাত থাকিবে।

পোপ চতুর্দশ গ্রেগরীয় পত্তের উত্তরে যাজকমগুলীর প্রতি ম্যাট্সিনির উক্তি।

"যে নৈতিক শক্তি দ্বাদশ শতাকী ধরিয়া'
ইউরোপীর একতার কেন্দ্রীভূত হইয়া
আসিয়াছিল, ইউরোপ একণে সে নৈতিক
শক্তির প্রত্যাখ্যান করিতেছেন। ইউরোপ
সেই শক্তির প্রতি এক্ষণে যেরপ উদাসীন তৃষ্ণীস্তাব দেখাইতেছেন ভাহা জপেক্ষা অধিকতর মৃত্যুদ গুজােণ্টহার উপর
প্রযুক্ত হইতে পারে না। পোপীর প্রভূশক্তি অস্তর্ছিত এবং ভাহার সহিত ক্যাথলিক ধর্ম্মও বিলুপ্ত হুইয়াছে।

"এবং পোণও সমং ইহা অবগত
আছেন; পোণীয় প্রভুশক্তির বিলোপ
তিনি স্বভাবজ জ্ঞান ছারা পূর্ক হইতেই
জানিতে পারিয়াছিলেন! তিনি যালুকমণ্ডলীকে (Bishops) যে পত্র লিখি
য়াছিলেন, ভাছাতে ভিনিই সর্কপ্রথমে
এই ধ্বংসের—ছরপনের ধ্বংসের—ধ্বনি
স্বয়ং উত্থাপিত করেন; যাহারা এই
মর্দ্মার্থ ব্রিতে সক্ষম, ভাছারা সকলেই
মৃক্তক্ঠে বলিবেন ভাবী ধ্বংসের ইহা
অপেকা অধিক্তর হৃদয়োঠেজক ভবি-

वाकां नी व्याप्त इस नाहे।

"পোপের পত্তের জলস্ক জক্ষরগুলি
পাঠ কর—বর্ত্তমান যুগের ন্যায় এরপ
দলাদলি, বড়যন্ত্র, পোপীয় রাজ্যের প্রতি
আক্রমণ প্লুভিতি অন্য কোন যুগে পরিদৃষ্ট
হয় নাই। একভাশৃত্যলের এক এক থানি
প্রান্থি যেশী নিন দিন ধসিয়া পড়িভেছে।
ক্যাথলিক ধর্ম প্রকাশার্রণে আক্রাস্ত
হইতেছে। এই অগুভ সর্ব্ধতঃ প্রসারিত
হইতেছে। মুদ্যায়ন্ত প্রাচীন ধর্মমন্তের
বিরোধি মত সকল প্রচার করিতেছে।
বোধ হইতেছে যেন পৃথিবীর উপর ক্লার্থবের কোপানল পতিত হইয়াছে। কুমারী
(Virgin) ও প্রচারকগণের মধ্য দিয়া
কেহ আর এক্ষণে মুক্তিপ্রার্থী হয় না!

''পোপের পত্তত এই বলে।

" এই অবস্থার ক্যাথলিক ধর্মের কিন্তু
একমাত্র আশাস্থল যাহা চিল তাহাও
গিরাছে । ল্যামেনেজ্রের মত সকল
দিনি পোণ গ্রহণ করিছেন, তাহা হইলে
পোণীয় ধর্মের ধ্বংস আরও কিছুকাল বিদ্রিত হইতে পারিত। কিন্তু পোপ ল্যামেনেসের মত সকল প্রভাগ্যাত ক্রুরিয়।
আত্মধ্বংস ত্রিত করিয়াচেন।

' 'ল্যামেনেস প্রভাক্ষ, কর্ত্তবাবৃদ্ধি, হ্বদৃত্তি ও যুক্তির প্রামাণ্য অত্মীকার করেন !
এ সমস্ত ভাঁহার মভের বিরোধী বলিয়া
ভিনি ভাহাদিগের অভিদ্বই শীকার করেন না।

" হিনি কর্তব্যের একমাত্র ভিতিভূমি ও প্রভূশক্তির একমাত্র নিরামক একটা অলভ্যা ও বিশ্বনিয়ামক বিধির অস্তিত্ব স্বীকার কবেন।

' এই বিধি ঈশ্বরের বিধি — আথবা সেই বিধিই ঈশ্বর।

" চর্চ্চ সেই বিদির একমার্ত্তীশ্বাধার ও একমাত্র ব্যাখ্যাতা।

" চর্চের অস্থিত্ব ইহার আচার্টির্যার উপ-রই নির্ভর কবিতেছে। চর্চের আগাাত্মিক প্রেড্রশক্তি পোপেরই হস্তে। কিনিই বিধির বিধিন নিয়ন্তা ধবাতলে কিনিই ঈশ্বর। " স্থাকরাং প্রাক্তোক বাক্তি প্রাক্তোক সম্প্রায় - যাঁহাবা কাগলিক চর্চে ও পোপ

সম্প্রনায় - যাহাবা কাথাল ক চচ্চ ও পোপ ছইছে অপক্ষ হন -- বিদ্রোহী [/]বলিয়া বিবেচিত হইবেন।

" এই গুলিই ল্যামেনেদের প্রধান প্রস্তাব।

"কিন্তু সর্পনাক্ত ত্বকেব নায় ইউ-রোপ ইহা ভাগে কবিয়াছেন, ইউরোপ এই সকল মতের বিকদ্ধে বিপ্লবণুতাকা উড্ডেটীন কবিয়াছেন।

" এক্ষণে গর্মার এই একনাত্র প্রশ্ন আন্দোলিত হইতেছে যে—কি রাজনীতি কি ধর্মানীতি, কি দর্শন, কি সাহিত্য— সকল বিষয়েই সেই সর্ফোপবি বিধি কি অলজ্যা শাসন প্রভূশক্তিসম্পন্ন ব্যক্তিবিশেষের উপর সন্ধান্ত থাকিবে—নাজনসাধারণ তাহার ব্যাথ্যাতা ও সন্ধাসস্থল হইবে প

''লেমেনেস্ধর্মনীতি-বিষয়ক এই প্রশ্নের উত্তরে বলেন বে ধর্মনৈতিক মত সকলই চর্চের ভিত্তিভূমি, স্কুতরাং ধর্মনৈতিক প্রভূশক্তি ইহার আচার্যোরই হতে সন্নান্ত হওয়া উচিত।

" তিনি প্রভূশক্তিকে বিশ্বস্থনীন-প্র-মাণ-সাধ্য বা স্বভঃসিদ্ধ বলিয়া নির্দেশ করিয়াছেন।

" তাঁহার মতে প্রভূশক্তি অভিতীয়, চিরছায়ী, এবং বিশ্ববাপা।

" চর্চ্চ-পরিখ্যাপিত খুীষ্টধর্ম ধর্মনীতি-বিষয়ে সেই প্রভুশক্তির আধার।

" কিন্তু জিজ্ঞাসা করি, কিরুপে এবং কোণায় সেই চচ্চ এক ?

"বিশ্বাদ-পরায়ণ জনসাধারণে কি
চর্চের একতা ? কট জনসাধারণ ত
একত্র মিলিত হইয়া তর্কবিতর্কের পর
কোন মতামত প্রকাশ করে না।

"যাজকমগুলীতে কি চচ্চের একতা ? কই যাজকমগুলীত ঐকমতো কোন কাষ কবেন না: অথবা একতা মিলিত হইয়া বন্ধভাবে তর্ক বিতর্ক করিয়া জনসাধা-রণের ধর্মানৈতিক শাসন প্রস্থালী বিষয়ে কোন বিধি বাবস্থাপিত করেন না।

"তবে কি পোপীয় মন্ত্রিসভাতে চর্চের একতা, কই মন্ত্রিসভাত চিরস্থায়ী নহে। তক্কি পোপ ও মন্ত্রিসভা উভয়েতেই এই একতা ? তাহাই বা কিরূপে বলিব ? পোপ ও মন্ত্রিসভা—ইহাঁলিগের মধ্যে জ্বানক্য ঘটিলে মীমাংসা করে কে ?

"স্তরাং প্রভৃতা পোপেই কেন্দ্রীভৃত। "ল্যামেনেদের এই যুক্তি ও এই মত; এবং যতই কেন যথেজাচারিণী হউক মা এমন প্রভৃশক্তি জগতে বিদ্যমানু নাই,

এই যুক্তিবলে বাহাব অন্তিম বিধি-সঙ্গত ৰলা যাইতে না পারে। ঐ যুক্তির সম্প্রদা-वल क्षांवा वला यांवेटक भारत-यरशक्तांचावि বাজাৰপ্লের একতা প্রজাসাধারণে বিদামান शालिएक भारत नां, कांत्र टांका भानन দিল্ল প্ৰােচাপাল্ডৰ মুখ্যত কখনট গ্ৰীৰ হয় না : কোন জাৰীয় সভায় বিলা-মান আছে ভাল বলিতে পাব মা. কাৰণ কোন জাতীয় সভাৰ অভিতই नार्डे: (य-(कान-श्रकात জাহীয় সভা प राष्ट्रा छे छारा है विमामान अकथ है विलाण भाव मां, कांत्र डेडाजिएशव मासा चारेनका घडिएन मीयांग्ना कतित्व (क ? অৰ্বাং বাজোর একতা রাজাতেই কেন্দ্রী-95 I

"এ যুক্তি ভন্ মাইগেল, মডেনার ডিটক, এবং টিউনিসেব বে'(Bey) প্রজ্ তির নিকটই থাটিতে পাবে; কিন্তু সে দিন বন্ত-দ্ব-বর্তী নয়, যথন প্রক্ষা সাধারণ প্রস্থিকে যক্তির উদ্ভবে বলিবে:—

'বে হেন্তু বাজ্যের একতা তোমার
ন্যার বাক্তি-বিশেষে আবদ্ধ ছত্য়ার
র্ণাস্পদ ও যপোচ্চচারী হইরা উঠিরাছে,
সামনা লোমকে সিংহাননচ্যত ক্রবিরা
বাজ্যের একতা আমাদিরেকেই কেন্দ্রীভূত
কবিব; এবং যদি আমরা ক্রতকার্যা হই,
ভাহা হইলে আমাদিরেক প্রভূতা বিধিবিগর্ভিত ব্লিয়া কে প্রমাণ করিতে
পারিবে?

''লামেনেদের যুক্তি-প্রণালীতে ঔচিত্য-বাদকে অভিত্যবাদের অধীন করা হট- ষাতে—অর্থাৎ ধাচা আছে তাচার উপরই তাঁচার যুক্তি বিনাপ, ধাচা চণ্ডরা উচিত তাচার উপর বিনাক নতে। কিন্তু এ তিক্তিভূমি দৃচ ০ বিশ্বসামী কি না-ইচার টুপিব শোপের শুভূগ বিনাজ বাধা উচিত কি না, ধাজকমগুলী ভাচা বিচার কীকন্।

"প্রবেশক ঘটনার বিদ্যান্ত। প্রক্রতিতঃ পরিবৃত্তনশীল; যে ঘটনা (fact.)
আজ পোপের আধিপত্যের সমর্থন করিতেতে, সেই ঘটনা হয়ত কাল পোপের
আধিপত্যের মূলে কুঠারাঘাত করিবে—
তথন পোপের আয়নিলা করা ভিন্ন আর
গতান্তর থাকিবে না।

'থে পূর্মপক হটতে লামেনেস্পো-পের আধিপতা রূপ দির্গান্ত উপনীত হইয়াছেন, সেই পূর্মপক হটতেই আমরা পোপের ধংসরূপ দিরাত্বে উপত্তিত হইছত পরি।

"এবং লাফেনেস্ ও পোপ উভয়েই
জানিতে পাবিরাছেন—যে অভিত্রতানের
উপর তাঁহাদিগের একমার আশা সন্ধাস্ত
রহিরাছে, সেই অভিত্রাদই একটুন তাঁহাদিগের সর্প্রনাশেশ নিদান হইবে। পো পের প্রভূতা আজ একটা বিদানান ঘটনা বটে—কিন্তু দেই প্রভূতা বগন কাল জনসাধারণ স্বহস্তে গ্রহণ কহিবে , তথন কলাকার বিদামনা ঘটনার লারা অদাকার বিদামান ঘটনা নিবস্ত হইবে। প্রভূতা যে পোপ হইতে জন সাধারণে সংক্রোমিত হটবে দে বিষ্ধে আর সন্দেহ মাত্র নাই. এবং একবার সংক্রামিত হইলে, কোন্ যুক্তি ও কোন্ আশা আর পোপের পকে থাকিবে ?

"পোপও লামেনেস্ উভরেই এই অবশাস্থাবী বিপৎপালের প্রাতীকারৌষ্ধি নির্ণয়ের আবশাকতা উপলব্ধি কবিয়া-ছিলেন; কিন্তু ছুই জনে ছুই স্বন্ধ্য প্রাতী-কারৌষ্ধি স্থিব করিলেন।

''পোপ যথেজানারিনী ু প্রকৃতির বশবর্ত্তী হইয়া একমাত্র আশ্রয়-তর্ত্তর মূলে কুঠারাঘাত করিলেন। তিনি তলীয় পত্রে লামেনেসের যুক্তি সম্পূর্ণরূপে অক্ষীকার করিলেন; একবাব ভাবিয়া দেখিলেন না যে লামেনেসের যুক্তি অস্বীকৃত হইলে, ভাহার স্থলাভিষিক্ত হইতে পারে তাঁহার স্থাপক্ষো এমন আর কোন যুক্তিনাই।

"লামেনেস্, বাক্তিসমষ্টিরূপ জনসাধারণের একটী মাত্র ব্যক্তি; তিনি জানি তুন যে পোপের লেখনীর একটী আঘাতেই জনসাধারণের প্রভূতারূপ প্রকাণ্ড-রক্ষের উন্মূলন অসস্তব। তিনি জনসাধারণের পতাকা উডডান দেখিলেন, দেখিয়া তাহা-তে 'ঈশ্বর এবং স্বাধীন না' এই জ্বলস্ত অক্ষর গুলি অন্ধিত করিয়া দিলেন। জনসাধারণকে বলিশেন হে ঐ অক্ষর গুলি চর্চের অধিনায়ক পোপের শহন্তা-ক্ষিত; এবং সেই পতাকা বুদ্ধ শোপের হন্তে দিয়া বলিলেন—'আপনি এই পতাকা স্বন্ধতে উড্ডীন করিয়া জনসাধারণকে উপশ্বিত ও বশীকৃত কর্না'।

" কিন্তু বৃদ্ধ পোপ লামেশেদের কথা না শুনিয়া সেই শান্তিপ্রদ অক্ষর শুলির উপরে কধির-কলুষিত অঙ্গুলি হারা 'ঈশ্বর এবং যথেচ্ছাচার' এই অক্ষর গুলি লিখি লেন।

'কিন্তু যে লোক-ছাদরে ঈশারের আঙ্গুলি 'সাধীনতা' শক্টী আন্ধিত কবি-য়াছে, সেই হালয় হইতে সেই শক্টী মৃছিয়া ফোলা কোন পোলেই সফলিব সাধানতে।

. 'পোপের পত্তপ্রি হইতে ও লামে-নেসের অতীত মতাবলী ও বর্তমান তৃষ্টী-স্থাব হইতে এই ছইটী নৈতিক সিদ্ধাস্থ করা যাইতে পারে:—

' 'প্রথমতঃ—ল।মেনেস্পোপীর ধর্মের সহিত স্বাধীনতার সামজ্ঞস্য কবিতে গিরা এবং পোপ লামেনেবের মতের প্রতিবাদী হইয়া উভয়েই প্রতিপর কবিরাছেন, বে স্বাধীনতা লারা সমর্থিত না হইলে, কোনও চিরস্থায়িনী প্রভুতা সন্তব্পর নতে।

''দ্বিতীয়তঃ—স্বাধীনতা ও পোপীয় ধর্ম পরস্পর বিরোধী, একের সহিত অপ-বের সামঞ্জন হইতে পারে না।

"্এফণে জিজাস্য, পোপীর ধর্মের সহিক সাধীনতার সমরে কাহার জয়লাভের সম্ভাবনা ?

' পৃথিবী এক্ষণে একভা-পিপাস্থ ; যাগার পভাকা সেই একৃতার লইয়া যাইবে, সেই জয় লাভ করিবে।

'বিশক্তনীন অন্ধুমোদনই একতাব— স্কুতবাং প্রভুতারও—ভিত্তিভূমি। বেখানে নেট বিশ্বজনীন অফুমোদন নাট. দেখ'নে একভাও নাই, প্রভুতাও নাই; সূত্রাং অংগাজকতা দেদীপামান।

"ক্যাপলিক ধর্মে এক্ষণে সেই বিশ্ব জনীন অকুমোদন নাই, স্মতরাং একণে ইহা মৃত। ইহা মৃত, কারণ মানবজাতি একণে আত্ম-স্বাধীনতা প্যাপন কবিয়াছে, এবং ইহা সেই স্বাধীনতার বিরোধী। মা নব জাতি বধন একবার আ অ স্বাধীনতা ধ্যাপন কনিয়াছে, তথন ইহাকে আবার ধাসজ্পুখ্লে আবদ্ধ কবে ক'হার সাধাঁ?

'মানবজাতির উরতি, একতা এবং সন্মিলন—সকল বিপ্লবের মুলেই এই ভাবের প্রাণলা; এবং সেই শুভনিচর সংসাধনেব জনাই বিপ্লব সকলের আব

" যালবলাতির এই গান্তীর ইয়াক্রিনার্গান্দ্রথন সাধান জাতি দেই অপারজ্ঞাত অনির্দিষ্ট দামাজিক জগতের অনির্দ্দর
মুধে গান কবিতে করিতে অগ্রাসর হইকেছে-- সেই গান্তীর সময়ে একটী পর
ভানা যাইতেছে না, একটী লৌকিক উপাদান অন্তর্গিত রহিয়াতে।

" যে সরের কথা বলিছেছি তাহা যাজকমগুলীর; এবং ষে লৌকিক উপাদা-নের কথা বলিয়াছি—তাহা যাজকমগুলী।

"সকল দেশেই বিশেষতঃ ইতালীতে যাজকমণ্ডলা অজ্ঞেয় কছু তির বণী ভূত হু কয়া ধর্মণাস্ত্র অধীকার করেন; এবং যে হতে জনসাধারণকে আশীকাদ করা উচ্চত, সেই হস্ত উত্তোলন করিয়া তাতা

निशंक में। में अमान करतन।

"যাজকম ওলী যে দিন কিউডাল
প্রভুদিগের ও সম্রাটগণের যথেক্ছাচার
হইতে প্রজাসাধারণকে রক্ষা করা একমাত্র ক্রেই বলিয়া মনে করিতেন, সে দিন
ভূলিয়া একণে তাঁহালা যথেক্ছাচারিণী
প্রভুশক্তির প্রধান অবলম্বন হইরা উঠিয়াছেন; একণে তাঁহাবা দেই বৈদেশিকের
চরণে লুট্টিত শির, যে বৈদেশিক একদিন
দ্বিতীয় জুলিয়দের স্বরে কম্পিতকলেবর
হইতেন। একণে তাঁহাবা ছায়ামাজাবশিষ্ট
পলায়মান সাজলক্ষীর— যে রাজলক্ষী
ক্ষির ও মানব উভয় কর্তুকই অধ্যক্ত
হইয়াছেন—পক্ষসমর্থনের জনা নির্যাতক
ও প্রপ্রচরের কার্গো ত্রতী হইয়াছেন।

"নিজ্জাবাদী ও পরস্পর বিচ্ছিয় স্থ-करार क्रेक बंधक हड़ेश एकरन डाहाबा (मर्के पदान छेश्राम्य, अवर भागवधारककरे. ञ्च्दाः विद्यान्तिक्ष, जनस्य क्रिके प्रकल অনপ্ত পরিণতি ও পরিপুটে সাংনের বিরুদ্ধে বন্ধপরিকর—যে উপদেশনালার শিক্ষা अमान ७ (म अविनिहस्त्र अहात अकिन জাহাদিগের জাবনের একমাত্রত ছিল। '' যাতকমণ্ডলী সত। সরূপ ঈশ্বের নামে অজ্ঞান ও অসহ্য প্রচার করিতে-ছেন: এবং সামরিক ঈশ্বরের নামে জখনা অধীনতা শিকা দিতেছেন। তাঁ-হারা বর্ত্তমান সময়ের অধর্ম, অবিশাস ও পাপাচার কইয়া খোরতর আন্দোলন আ-রস্ত কবিয়াছেন; কিছু তাঁহাদিগের জানা উচিত যে অন্যান্য বৈপ্লবিক যুগের ন্যায়

रेनश्च दिक বর্তমান যগও প্রধানতঃ আয়তাগের মহী-য়ান ভাবে देखिक इतेश অগাৰ নামে মানৰজাতিকে ধলি ছইতে তুলিতে চেইা কবিতেছেন এবং মানবমনে নিজ টংপত্তিক রণ ও জীবনব্রতের ভাব डेफी थिड क्रिश निट्राइन, यादकैंग धनो তাঁহাদিগের বিরুদ্ধেও বজ্ঞনিনার উত্থাপিত করিয়াছেন। অবংশবে যথেছাবাঃজনিত বিশৃঙালা নিবারণ ও বিখ্পেমের নামে মানবজাতির একতাসাধন যে সকল অসম-সাহিদক মনীধীর জীবনব্রতের একফাত লক্ষা: ইহাঁদিগের কোপানল তাঁহাদি-গোরও উপর পতিত হইয়াছে।

" কিন্তু এ সমত আমাদিগেব নিকট তণ্বং। অসুলীমাত্রে গণনীয় কতিপয় যালক উন্তিপথে অগ্ৰান্য হটতে অধীকৃত ভটতেতেন বলিয়া মানবলাতির অ**এগা**-মিনী গৰি প্ৰতিষ্ঠ চটবে না; তাঁচাৰা ইচ্চা কবেন ত প্রাচীন ধ্বংসাবশেষের बार्श जाजारा। न करिएक शास्त्र । शा চান ধ্যে বি এবিপ্রিগণ অগ্রের ইইবেন না বলিয়া, মান্বজাতি তাঁথাদিগের সহিত থাকিবেন না। ধন্মের ভাব মনেবজাতির জনাই মানবজাতিতে বিদামান; স্বতরাং •মানবজাতিই জানেন কোন দিকে ইহার গতি এবং कि डेड़ात लका। ध्राम त ल-(कारत असून तरनारकत्म धर्मात खत (करना মানবজাতিই শুনিতে পান; এবং যে গুঢ় খুত্রে মানবজাতির অধান্তর জাহি-निहम अबल्लादम्बद्ध, दमने गृह शृद्धात वक-

মাত্র ধার্মিত্রী মানবজাতি।

"ध्या मुल के ले चादत नाव अविशेष. অনস্ত ও অপরিবর্তনীয়: কিন্তু টছা ব'চা আক্রতি ও পরিণতিতে সাম্মিক বিধি-व्यर्थार गानवविधि—बाहा नियुष्टित । कहे मानवविधि निष्ठश्चिष्ठ धया मानदवत नाष्ट्र, मानवजाडित नाम-जना वृक्ति, शतिवर्तन, পরিণতি, ঝার্কা, মৃত্যু এবং পুনর্জন্ম প্র ভৃতির অধীন। এবং এই অশ্রান্ত পরি-वर्त्तरम, बडे जना मुञ्जात नित्रश्वत विनिम्राय, ই রা ক্রেট অধিক তর পুত, উল্লত ও मुख्यायक क्रेट रहा इकात लका ও हे ९-পত্তি কারণ সেই অসীমভার দিকে ইছা ক্ৰমাগত ধাবিত হটতেছে । ইহা একতা হটতে আনিয়াছে এবং একভার পুনরায় গ্ৰন করিতেছে: ইহা মানবকেল দিয়া গতিপথে পুপিবীকৈ সঙ্গে করিয়া লইয়া যাইতেছে। স্তরাং মানব-ইতিহাসের স হিত ইহার আগু ইতিহাস সম্পৃথ অভিয়া।

" যথন পরিবর্তনের সময় পরিপক হ

ইবে তপন পরিবর্তনের গতি বোধ করা
মানবী শক্তির অসাধা; দিন যাজকমগুলী
সেই পরিবর্তন রুগের অবভারণা করিতে
অ্পীরুত হৈন, ভাহা হইলে মানবজাতি
মানব হুইতে ফিরিয়া ঈখরের নিকট আত্ম
নিবেদন কবিবেন, এবং আপনি আপনাকে যাজক, পোপ ও শ্লুতিকের কার্যো
প্রতিষ্ঠাপিত করিনেন। শ্রেণীবিশেষের
বাজকতা অপেকা মানবজাতির যাজকতা
সহস্রগুণে শ্লেষ্ঠ। কিন্তু আমাদিগের বিস্মুত্ত ওলা উচিত নর বে, যাজকমগুলীও

মানবজাতিব অওনিবিকট, তাঁগবাও আন ধান নাগরিক, ভাঁগবাও আমাদিগোর দেশীর জাণা; স্কুরাং বিনি বৈপ্লবিক প্রকার 'দেশ ও মানবজ্ঞতি অভিক করিয়াভাঁন, তাঁগার কর্ত্বা সকল শ্রেণীকে ও সকল বাজিকেই ভ্রম ও আলসা হুট্ছে ভুলিতে প্রাণপণে চেষ্টা করা।

" যদি আমর। ছুই চারিজন স্থান্ত.
বংশোদ্ধব যাজককে বাদ দিয়া যাজকমণ্ডলীকে ধরি, তাহা হুইলে আমরা তাঁহা
দিগের মধ্যে এমন অসংখ্য লোক দেপিতে
পাইব, যাঁহাদিগের গাউনের নিমে স্থাধীন নাগরিকের ক্রন্ম তর তর বেগে রক্ত সঞ্চালন করিছেছে; যাহাদিগের আ্মা জন্মভূমির অভীত ও বর্ত্তমান ছংখে শোকমগ্ম রহিরাছে; এবং রোমাগ্নাব সেই ভীষণ রক্তশ্রাব ও পোপ-কর্তৃণ্ক অনুষ্ঠিত নির্ব্বাসন ও নরহত্যা যাঁহাদিগের গভীর শোক ও বিশেষ লক্ষার কারণ।

"কেন ইহাঁবা তৃষ্ণীস্থাব ধাবণ করিয়া
রহিয়াছেন ? যে সকল অশুভ ঠাঁহারা
ইচ্চা করিলে নিধাবণ করিছে পারেন
সে সকল অশুভের জন্য কেবল শোক
করিয়া তাঁহারা কেন সম্ভষ্ট রহিয়াছেন ?
হস্ত তুলিয়া সনবেভ মানবের স্থরকে
আশীকাদ না করিয়া কেন তাঁহারা পোপের ম্মতাশূন্য, শুক্ষ ও নিষ্ঠুর বাক্যের
নিকট নভশির ছইতেছেন ?

" বোধ হয় অপাক্ত বিধরণে এ বি-ষয়ে তাঁহারা প্রশারিত হুইয়াছেন, যাঁ-হারা মামাজিক পুনকজীবনের পতাক/ উড্ড ন কণিয় দেন, তাঁছালিগোৰ মক্ষ্য স্থা পৰিব উদ্দেশ্য বিষয়ে বোধ হর কেছ তাঁহাদিগোর মনে সন্দেহ উত্থাপিত কবিয়াছেন।

"বোদ দুই এতদিন কেইই বাঁচালিগােব সহকারিতা প্রাণী হয় নাই। অথবা বছ দিনেব নিজুব নির্যাতনে রাগাাক হইয়া বিপ্লবকারিগা ব্বি ভূলিয়া গিয়াছেন ধে সামা সকলেবুই সম্পত্তি, এবং যে সেনা এতদিন রাজকীয় যথেজচাচাবের প্রধান সমর্থক ছিল, সেই সেনাই একণে আমা দিগােব প্রধান আশাস্তল দাঁড়াইয়াছে।

"একল ত্রম, গুলিঘাতের প্রথম মৃহ র্প্তে তথানিহার্যা; কিন্ধ সাজ্যের আলোকে সে ত্রম শাঁঘট অপনীত হুইবে; এমং মে মৃহুর্কে জন্ন নিংস্পিক্ষ হুইবে সেই মৃহু-র্কেণ্ড গ্রাগ ও স্বিষ্ণুত্রাধ ভাব সর্ক্তর বিরাজমান হুইবে।

'' ১॥ হ এমনও ছটিকে পারে যে
যাজকম ওলী অযৌক্তিক গগান্ধতা পরিবাগন
পূরক অপুনবাগমনেব নিমিত্ব অতীত
আধিপ লার আশার জলাপ্তলি দিয়া এবং
পোপের অন্ধ অধীনতা হউতে আত্ম-বিমোচম করিয়া দেখিতে পাইবেন যে এমন
একটী প্রকাশু সামাঞ্চিক বিপ্লবের যুগ পরিগত হইয়াছে, যে বিপ্লব-নিবারণ মানবী শক্তির অসাধ্য । যথন তাঁহাবা দেখি তে পাইবেন যে একটা ভাব জনসাধারণের জদমে প্রবেশ কবিয়া ভাবার স্তরে স্তরে
গ্রেপ্ত হইয়াছে, ও তথায় সেই অন্সায়

নানা আকার গারণ করিয়া সমাজের প্র
তিবন্ধে প্রবেশ করিয়াছে; নির্মান্ত ন বিদলিত না ভইয়া বরং দিন দিন পরিবর্দ্ধনান
হইতেছে এবং মানব রক্তে কলুমিত না
চইয়া বরং পৃত হইতেছে; মুয়ন তাঁহারা
বৃক্ষিতে পাবিবেন যে সে ভাব মানবচিন্তার ফল নহে— ঈয়র-চিয়া প্রণাদিত।
ইহা মানব হুদয়ে প্রতিবিশ্বেত ঐয়বিক
চিয়া; ইহা ভাবী ঐকাংগ্রের অপ্রদৃত।
বাঁহারা এই সমবেত বিশ্বজনীন গতিকে
সম্প্রদায় বা দলবিশেষের কার্য্য বলিয়া
গালিবর্ষণ করিতে ক্রত্সক্ষপে, তাঁহারা
অনস্ত ঐয়বিক বিধির স্থলে আত্মইচ্ছা
প্রতিষ্ঠাপিত করিবার উদ্দেশেই প্রতিবাদ
কবিরা গাকেন।

তিহাবা শীঘট জানিদে গরিপেন যে এই প্রকাণ বিপ্রন উ হাদিগের সহিত লগনা উহাদিগের বিরুদ্ধে অনুষ্ঠি হটবে। কাল-বিবর্তনে ও ঘটনাম্প্রোতে যে অট্টালিকা দ্যিতভিত্তি হটরা গিরাছে, সেই অট্টালিকাকে বলপূর্বক আমূল পরিকলা করিতে চেষ্টা করার পরিণাম—সমস্ত অট্টালিকার পতন। তাঁহারা খ্রীষ্টধর্ম্মের সহিত পোশীর ধন্মের একীভাব করিয়া পোশীর ধন্মের সহিত খ্রীষ্টধর্ম্মের পতনের পথ স্প্রশস্ত করিতেছেন।

' তাঁহারা ক্রমেই ক্লানিতে পারিবেন বে স্বাধীন চাপিপাস্থ ব্যক্তিবর্গের উপর বে অপষশরাশি আরোপিত করা হটরাছে ভাহা প্রকৃত বটনা সম্বিভ্নতে; ভাঁহা-বিগের দলের সম্ভাক্তপ্রশী যে ভাঁহা- দিগের সহক্ষতায়িতার (credulity)
স্থিধা লইয়া এবিষয়ে তাঁহাদিগকে
প্রবিষ্ঠত করিয়াছেন। উক্ত সম্রাস্ত
প্রেণার ভয় বে স্বাধীনতার ভাব একবার
রাজনীতিতে প্রবিষ্ট হইতে দিলে, সেই
স্বাধীনতার ভাব বথেচ্ছাচারিশী গোপীয়
শাসনপ্রণালীতেও সংক্রামিক হইবে।

"ওঁহোরা জানিতে পারিবেন যে রোমও পোপার ধর্মকে যথেচ্ছাচারী রাণ রন্দের সহিত সংমিঞ্জিত করার, ধন্ম লইয়া ব্যবসার করার, এবং আজ্মনা পরিপূরণে চংচার কর্জক জ্ঞানকে বলি প্রদান করার, পোপের ধর্ম্ম আধি-পত্য বিল্প্ত হইয়াছে।

"তাঁহারা জানিতে পারিবেন যে এক্ষণে ধর্মের বেদি মঞ্জিসভার পাদণীঠ-রূপে পরিণত হটয়াছে; পোপগণের ধদ-য়তস্থী ভায়েনা ও সেন্ট পিট্য বর্গের অসু লিস্পাশেই বাজিয়া পাকে, প্রীপ্তধর্মের আনেশামুসারে কাষ করিতেছি এই প্রমে পোণগণ প্রকৃত প্রস্তাবে রাজরুন্দের গুপ্ত মনোর্থ পূর্ণ ও যথেছাচারিণী ইউ-রোশীয় প্রভুশক্তির সকল সকল সিদ্ধ করেনু।

''তাঁহারা ক্রমেই দেখিতে পাইবেন যে তাঁহারা কভিপয় মাত্র ব্যক্তির হস্তে ক্রীড়নকম্বরূপ; সেই কভিপয় মাত্র ব্যক্তি—পঞ্চদশ শতাধীতে যথন প্রীষ্টের ভাব চর্চ্চ ইন্টতে ভিরোধান করিয়াছিল, এবং প্রহিষ্ঠাপকপণ-কর্ত্ব প্রতিষ্ঠাপিত চর্চ্চ গ্রণমেন্টের উৎক্টপ্ত উদার প্রণালী যখন বিধ্ ষ্ট হইয়াছিল— গ্রামা প্রতিনিধি-প্রেরণ প্রথা উঠাইয়া দিয়া সকল ক্ষমতা আছ্মাৎ করেন ও যাক্সকমগুলীকে সামানা জ্বাছ্মবর্কে পরিণ্ড করেন। তাঁহারা দেখিবের যে পোণ ধর্ম্মের ভাবকে জ্বানা ভূনাও বিশুক্ষ পার্থিবভায়, ধর্ম্মা উপাস-নাকে ক্রয়বিক্রয়ের সামগ্রীতে, এবং যাক্সকমগুলীকে যথেচ্ছাচারিণী প্রভূশক্তির কর্মমন্ত্রণে পরিণ্ড করিয়াছেন।

" रेवश्लविक वाक्तित्रम यनि छ्डे मकन অত্যাচারের প্রতিহিংসা প্রদানে ক্লত-সকল হন, তাহা হটলে প্রতিচিংসার कार्ष व्यात्माहना कतित्म कें। हामिशतक कमा कतिएक इटेंदर बढ़े. किन्न जाहात দল্পীর্ণপ্ত সাংঘাতিক ফল দেখিয়া উ'তারা मिम्हबरे छोडा इटेट्ड विवक हरेदन। डाइा मिर्श्व लका । माधन श्रीहरण हन। করিয়া ভাঁহারা ব্ঝিতে পারিবেন যে বৈপ্লবিক ধর্ম সমাজের প্রত্যেক উপাদান ও প্রত্যেক শ্রেণীর জন্য 'সাধীন' এই भक्ती; इय मकत्नत कमा উक्तांतिक इहेर्द, না হয় কাহারও জনা নয় । এবং যাজক-মঙলীর উপর গালিবর্ষণ করিয়াও তাঁচা-मिर्गित मार्गाया श्रावत अश्रीकृष्ठ इवेगा. তাঁহারা যে পর কার্যাও মতের অসহিফু-তার বিক্ষে অভ্যুঞ্জিত-হইতেছেন, আণ-नातारे त्मरे पार्य पृथि इरेट्ट्इन।

" বিপ্লবকারিদিগের ধেন স্বরণ থাকে যে স্বাধীনভাসমর মভের বিক্লছে অফুটিভ হইবে, ব্যক্তিবিশেষ বা সম্প্রদায়-বিশেষের বিক্লছে নহে। প্রাক্তমতের সমর্থকগণ পোপের চাডুরিতে প্রতারিত হুইয়াছেন; সেই চাডুরি তাঁহাদিগের সমক্ষে ধরিয়া দিয়া তাঁহাদিগের ভ্রমণং-শোধনের যতকণ না প্রোণপণে চেষ্টা করিছেছি, ভূতকণ আমাদিগোর হতাশ হুইবার কারণ নাই।

"ঠাহ দিগেব ্যন মনে থাকে যে গঠনকার্গেব স্মার্থ ও জাবশাক্তা হট লোই, ধ্বস্বার্থা বহিদ কবিতে হইবে; এবং বউমান সময়ে যে বাজি একহন্তে ভাজিতেও অপর হতে গঠিতে অক্ষম সে এই বিপ্লব কার্যোর সম্পূর্ণ অমুপ্রাণী।

"তাঁহাদিগের জানা উচিত যে জনসাধারণের কদথে য ধর্মের দাব কর্ত্তবা-জানে প্রণোদিত হট্যা আজ্ভাব ধারা পরিপুট ইট্যাছে — সে ধর্মের দাব জনসাধারণের হৃদয় হইতে মুছিয়া ফেলার চেষ্টা জনা।;; কারণ মানবজাতি বা জাতিবিশেষের সকল শ্রেণীর নৈতিক ও ভৌতিক সর্ব্বপ্রকার অবস্থাও অভাবের উপযোগী একটীমহান্ত বিশালনীন কদয় ভাব বাতীত মানবজাতির সঞ্জীবন সমস্ত্র।

"উহারা জানিবেন যে দীর্ঘকালব্যাপিনা
যথেচ্চাচারিণী প্রভুশক্তির চাতুরী দারা
মানব জাতির যে হুহুতি ও মনোবৃত্তি
সকল মান ও বিলুপ্তপ্রায়ত্ইয়া নিয়াছে,
সেই গুলির সাধান ব্যবহার পুনঃ প্রাপ্ত
হুওয়ার সর্ব্ব প্রথম সোপান জাস্মাদর প্র

আয়াশাদ্ধা। ললানে যে দাসজ্বেপা অক্সিন্ত প্রহিষাতে ভাষা মৃতিয়া কেলিযা— নে ঈশাদ্ধ আমাৰ অস্কবে জন্মাচ্চাদিত ব্রহিষাতে, সে মহন্ত ভবিষাত্তেৰ গার্ভ আমাৰ পনা নিতিক বৃতিয়াতে, যু কল জ্বা তেজ আমাৰ পন্ত সুতিলক, আমাৰ আপনাকে আপনি দেই প্রতিব্যাল্য হুট্রে।

"আমাদের বাজকমণ্ডলী জংগেন গে
নরহতা। ৭ রক্তপাক কদিশ্যেকরে পোপের
সহস্ত লিখিক আদেশ অন্তুলাবেই অন্তুটিক
চইয়াজে; পোপ নে রাজব্যেকর ক্লে সম্
র্থন করিছেছেন উাহারা আমাদিগের
দেশীয় রাজা নহেন; এবং আমনা যুগন
রাজ্যের অধীয়ার ছিলাম তখন আমাদিগের প্রমত্ত-সহিস্কৃত। ও প্রকার্যসহিষ্ণ না বিমুস্যকাদিশার সীমা
উল্লেখ্য করিয়াছিল। উভাবা জানেন
বে আম্বা স্থানীন নাগ্রিকের শ্রীব
চইতে একবিন্তুর রক্তপাক করি নাই।

"আমাদের যাজকমগুলী লানেন যে
ভালপাকণ লয়নলী আমাদের অকশায়িনী
কিলেন, কণল ও শান্তি ই লিনির সূর্বার
বিরাক্ষান চিল: কানা করার পনিবর্তে
বিধি ও শৃদ্ধাল স্বর্তির স্থাতির্গাণিত হয়:
এবং পরে সে গোলমাল ও বিশৃদ্ধালা উপ
স্থিত হয় ভারা আমাদের দেশেষ মতে.
স্বাধীনভার প্রতিপক্ষাণের গুপ্ত বড়যন্ত্র ও
প্রকাশা বিদ্যোহ নিবন্ধন।

''নীচারা জানেন যে, যে পরিত্র বিষ-রের জনা আমরা অভ্যুখিত হট, ভাচা আমাদের দোবে কদ্বিত বা আমাদের পাপে কথনই কল্ফিক হয় নাই। ° ° ° । তাঁহারা জানেন যে দাসজেব বিশ্ববাপি । উল্লোচনের জনা যাঁহাবা ক্লন্ত সম্ভৱ । তাঁহাদিগের পচাবেক বিষয়ীভূত মুকাবলী প্রধানকঃ প্রা। ° °

"বস্তুদঃ টিলা অতি আক্রাংবার বিষয় যে ঈশবের পরিত্র নামে প্রশিদিন বে সকল জ্বনা পাপাচরণ অন্তুষ্ঠিত হুটাহেছে, ভাহার সামক্ষো, এবং বোমীয় সভার অব নিহি, দ্বিত্তা, কপট্টা ও কুসংস্কারের সন্মুথে, কোন যাজকের ললাট লক্ষারেখা-অক্কিত হয় না ০ ০।

.

"আমরা ধর্মের ধুংসবিধানে সমুদাতে
ইই নাই, ধর্মকে আদি পবিক্রতা ও আদি
লক্ষ্যে লইয়া যাইবার জনাই আমাদিগের
এই উদাম ; যে ধর্ম এক্ষণে জনসাধারণকর্ত্বক আক্রান্ত ও ম্মনিত ইইয়াছে, সেই
ধর্মকে আবার জনসাধারণের প্রেম ও
ভক্তিতে প্রতিষ্ঠাপিত কবিবার জনাই আ
নাদের এই উদাম।

"একতার ধৃংস সাধন কণ আমাকিগের লক্ষা নহে। যেখানে একতা নাই
নেখানে একতা প্রতিষ্ঠাপিত করা, এবং
ইউরোপে শোপ-কর্তৃক অবভারিত ক্ষরাজকতার পরিধর্তে প্রকৃত ও শক্তিমতী
একতা স্থাপন করিয়া, সেই একতার
ভাব ইউরোপীর বিচ্চিন্ন জাতি সমূহে
সংক্রামিত করাই—আমাদিপের একনাত্র

"মাতৃত্মির যাঞ্চকমণ্ডনী! আপনারা কি প্রীষ্ট ধর্মকে অনিবার্য ধ্ংস হইতে রক্ষা করিবেন ? আত্ম-সৌন্দর্য্যে বিচ্ছু-রিত ধর্মকে আপনারা কি মানবজাতির শ্রদ্ধারু পূন: প্রতিষ্ঠাপিত করিতে ইচ্ছুক? যদি রক্ষা করিতে চাহেন, যদি ইচ্ছুক হয়েন, আপনাদিগকে জন সাধারণের শীর্ষত্তানীয় করুন, এবং তাহাদিগকে উন্নতির পথে লইয়া চলুন। যে অন্ত্রীয় বৈদেশিক আপনাদিগকে ও তাহাদিগকে একই শৃঞ্জলে আবদ্ধ করিয়া রাধিয়াছে, মেই বৈদেশিক শৃঞ্জল হইতে আপনাদিগের ও ভাহাদিগের স্বাধীনতা ও স্বাত্তর্য্যের পুনক্ষার সাধন করুন।

"আপনাদিগের কি স্বাধীন নাগরিকের কদর নাই ? আপনাদিগের কি ুমাত্ত্মি নাই ? আপনাদিগের হৃদদে, কি স্বদে-শীর ভাতৃবর্গের প্রতি প্রেম নাই ?

"যদি থাকেত তাহাদিগকৈ ও আপনাদিগকে উদ্ধার করন। যেন মরণ
করিবেন যে অর্থান্ সেনা কর্ত্তক বিধৃষ্ট
মিলান্ নগরের পুননির্মাণের জন্য লয়তে লিগের যে সেনা গমন করে, তাহার
অধিনারক একজন যাজক ছিলেন ।
ইতালীর লীগের (বে সেনা) আল্প্স
শিবরে জাতীর স্থাধীনতা-পতাকা উত্তীন
করিতেছে আপ্নারা এবার সেই সেনার,
নেহা হউন।

"বে ইতালীয় কেত্র আজ দৈত্যপদ-ভলে বিদলিত হইতৈছে, ঈশবের আদেশে এই, কেত্র এক, দিন শাধীন ছিল। আজ আবার সেই ঈশবের আদেশেই আপনারা দিতীর জ্লিরদের নাার সমর-চ্ম্পুভি উদেবাধিত করুন্। জনসাধারণের উপর আপনাদিগের স্বরের সর্বভাম্থী প্রভৃতা। বৈদেশিক উৎপীড়কগণের হল্ডে বিমানিভ ও প্রীত্রই জন্মভূমিকে পূর্ব গৌরবে প্রভিটাপিত , করিতে, স্বদেশীয় আতৃগণের প্রক্তি-লব্ধ স্বত্বের পূর্ণ ও স্বাধীন ব্যবহারের পূন: প্রাপ্তি সাধনের জন্য, জনসাধারণের সহিত আপনাদিগের এবং স্বাধীনতার সহিত চচ্চের নৃত্তন সন্ধি সংস্থাপন করিতে-আপনাদিগের ,ক্ষমভার পূর্ণ বাবহার করুন্।

"জন্মভূমির যাজকমন্ত্রী! আপনাদিগের মধ্যে যিনি সর্ক্ প্রথমে পোপ,
হইতে ঈর্বরে দৃষ্টি নিক্ষেপ করিবেন—
যিনি সর্ক্রপ্রথমে মানব জাতির পুরোহিত
হইরা মানব জাতির স্বরে কর্ণসাত করিবেন—যিনি নিক্ষণক কর্ত্ব্য-জ্ঞানের পবিক্রতায় বলীয়ান্ হইয়া বাইবেল হচ্চে জনসাধারণের সঙ্গে 'সংস্কার' প্রচার করিয়া
বেড়াইবেন—তিনিই প্রীষ্ট ধর্মকে ধৃংস হইতে রক্ষা করিবেন, ইউরোপীয় প্রক্রতার
স্ক্রপাত করিবেন, অরাজকতা বিদ্রিত
করিবেন এবং যাজকম্ভীর সহিত সমাক্রের চির-সৌহার্দ্য সংস্থাপিত করিবেন।

''কিন্তু পুনক্ষের দিন উপস্থিত হওরার পূর্বেবিদি যাজকমগুলীর কাহার ও স্বর শ্রুত না হয়—তাহা হৈইলে—ঈশ্বর বেন না করেন—যাজকমগুলী জনসাধা রণের কোপানলে ভন্মীভূত হইবেন।
কারণ জনসাধারণের প্রচণ্ড কোপানল
একবার উন্দীপিত হইবে কাহারও বন্দালী
নাই। এই জন্য যে মুক্তিমার্গ প্রদর্শন
করিলাম সময় থাকিতে তাহারি অনুসরণ
কর্মন।'

যাজকমঙলীর প্রতি লিখিত পত্রের পর মাট দিনি সম্বার্ডীর যুবক সম্প্রদায়-নবাইতালী ই সমাজের প্রতি-কৰ্ত্ত্ৰ একখানী প্রেরিড পত্রের প্রভাতর লিখেন। তাহার পর ইতালীর অবস্থার অনুরূপ বৈপ্রবিক সমর কি প্রণালীতে অমুষ্ঠান করিতে হটবে তছি-ষয়ে একটা প্রস্তাব লিখেন। কিছকাল পরে মাট্দিনি উক্ত প্রস্তাবের সহিত 'বৈপ্লবিক দেনার প্রতি উপদেশ' নামক প্ৰবন্ধ প্ৰকাশ করেন। এই প্ৰস্তাৰ পাঠ করিরা ইউরোপীর সমর শাস্ত্রবিদ্ । সিক ঘটনা।

সেনাপতিগণ মাট সিনির সামরিক শান্ত-নৈপুণ্যের বিশেষ প্রাশংসা করিয়াছেন। माहि निनि (य नक्ता आयुक्तीवन छे १म-গীকৃত করিয়াছিলেন,সে লক্ষ্য সংসাধনো-পযোগী যাবতীয় উপাদান' যে ওাঁছার করায়ত চিল: তিনি যে আপ্রান্ত যতে देवश्विक. मर्गमिक छ छोतात्रक्त कार्या হইতে বৈপ্লবিক সেনানায়ক ও সামান্য দৈনিকের কার্য্য পর্যান্তও ভাল রূপে বৃঝি-তেন-ইছা তাহাৰ জাজলামান নিদৰ্শন। 'নব্য ইতালী, প্রিকার মাটি সিনি তাহার পর 'হঙ্গেরি' ও 'ইভালীর একজা-' শীৰ্যক তুইটা প্ৰবন্ধ লিখেন ৷ যথন ভিজি 'ইতাদীর একতা' শীর্ষক প্রবন্ধ লিখেন তথন লোকে ইতালীয় একতা কল্পনা মাত্র বলিয়া মনে করিয়াছিলেন। কিছ আল ইতালীয় একতা—একটা ঐতিহা-

-363646-

বিধবার সুখ।*

বেদিন স্থানীর মৃত্যু হইল সে আমার
এক দিন গিয়াছে। সেদিনের কথা মনে
হইলেও চেতনা অকসাৎ বিলুপ্ত হয়!—
বে অন্ধকার বিশ্বকে আচ্ছাদন করিয়াছিল।
ভাবি নাই বে আর কথন তাহা তিরোহিত হইবে। বে মোহ আমাকে আচ্ছন
করিয়াছিল ভাবি নাই যে সে মোহের পর
আবার সংজ্ঞা আদিবে। কিন্ত শ্বেই

বঙ্গদৰ্শনে সভীদাহ সহল্পে গৃইটী
 প্ৰস্তাৰ দৰ্শনে লিখিত হয়।

অন্ধকারের অভান্তরে সেই মোহের মধ্যে যে ছই একটা বাক্য আমার কর্পে প্রবেশ করিয়াছিল আজিও যেন তাহা প্রতিধ্বনিত হইতেছে। তানলাম স্বর্জ্ঞাকীর লিতেছেন মা! আমার হৃদরের ধন যে একা চলিল, তুমি দীয় তাহার অমুগমন কর, দেখিয়া মনকে প্রবেশ দিই; পুষ্ম নাই কনা নাই ভৌমার সহগমনের পথ ত পরিষ্কার সহিয়াছে, আর পুত্র কন্যা থাকিলেই বা বাধা কি ? সংসারের এক

মাত্র অবলম্বন অশ্বের যষ্টি আমার নয়নের মণি হারাইল, তবু যদি সংসার চলে ত তোমার অভাবে সংসারের তাদৃশ ফাতি হইবে না।' জোষ্ঠা জায়া আমায় অতান্ত ভাল বাসিতেন ভনিলাম তিনি বলিতে-ছেন 'ভগিনি ! ভোমার কুম্ম-মুকুমার (मह (य চित्रकांन देवधवा यञ्चभांत्र मका হইবে তাহা ড দেখিতে পারিবনা এক-বারে দগ্ধ হইয়। যায় ভাহা কোনমতে চিৰকাল পুড়িবৈ কিন্তু মরিবে না তাহা অপেকা একবারে পুডিয়া মরাই ভাল '। পুরোহিত ও পণ্ডিতবর্গ বলিতেছেন ' শাস্ত্র যদি সতা হয় আর তুমি যদি কায়মনে পতিকে ভক্তি ও সেবা করিয়া থাক ভ সহমতা হও স্বর্গ ভোমার ' ইহাও শুনিলাম। আরও অনেক কথা শুনিলান। সেই অর্কচেতন অবস্থায় কথাগুলি যে শুদ্ধ কর্ণে লাগিল এমত নর্ম অন্তরে আঘাত করিল। ব্ঝিলাম যে জগতের কীটাণুকীট আমি থাকি আর নাই থাকি সংসার যে-मन চলিতেছে তেমনই চলিবে, ভাল-বাসায় হউক সংস্থারের বর্ণবর্ত্তী হট্যা रेंडेक मकत्वरे आयात अखिष वामीत महिष्क विनुश इब हेटा हेटा करत। चार्यारक जल्ला जला मध्य कतियात काला (र व्यवस हिंडा क्षेत्रक विद्याह ভাছাও দেখিবাল । পণ্ডিতবৰ্গ যে স্বৰ্গ জা-यात विवादन । महे तमनीय वनीय (भाकांक धक्यांत्र क्यांत्र विशंक्तित हरेना किंद् বে কারণেট হউক আমার উপর সে

সকল কথার কোন কার্যা ১ইল না। সভীর গৌরব আমি লাভ করিতে পারিলাম না। আমার এই রীতি-বহিভূতি আচরণে পরে কত রুথা উঠিল। কেই আমার আ-চরণের অস্থুমোদন করিলেন, বলিলেন 'যাহাই বল' সহমরণ একরূপ আত্ম হত্যা। আত্ম হ'ত্যা মহাপাপ, শুধু পাপ কেন আরু হত্যায় আমাদের অধিকারই নাই। রাক্তি মাঝেই সমাজের দাস, প্রভর অমুমতি না লুইরা দাদের মরিবার অধি-কার কি?' আবার কোন প্রতিবেশিনী বলিলেন 'ভগিনি! ভোমার পতি-ভক্তির একমুখে, প্রশংসা করা যায়,না কিন্তু ভক্তি ও ভালবাদা পাতল, তুমি যদি আমার মত পতিকে ভাল বাসিতে তাহা হইলে তুমি পতির অনুগমন না করিয়া থাকিতে পারিতে না'—ইহাও শুনিতে হইল। প্রতিবেশিনীর উত্তরে কেহ বলিলেন "তুমি অন্যায় বলিতেছ ও পতিকে যথেষ্ট ভাল বাসে এখন অনুগমন করিতে পারিল না বটে কিন্তু 'ধ্বংসপুরের শত সহস্র দার রহিয়াছে ' তুমি দেখিবে ও কোন এক স্বার দিয়া স্বামীর সন্থিত মালিত इहेरवहें इहेरव" हैजामि कंड कथा कछ लाक विना। किन्न चानि य तकन মরিলাম না ভাষা ভাষারা বলিবে কি আমিও তথন ব্ঝিতে শারি নাই। পরে **ध**विषया व्यक्तिक ভाविद्रांकि। ভाषित्रा कि के भाव वृतिशाहि (व कि कि कथा যদি আমাকে কেই বলিত ভাহা হইলে আমি নিশ্চয়ই মরিতাম, সে কথাটা যদি

মৰি ৷ ত্ৰখন ও (क्ष वर्ण এখন ও व्यामि दिश्या यञ्जना नहा कतिशां हि धेवः সহ্য করিতে অপ্রস্তুত নহি, আমি পতিকে ভাল বাসিতাম না এ অপবাদ রজের মত হুইলেও পাষাণের মত হৃদ্ধি ধারণ করিয়াছি, আমি ইহলোকে সতীর গৌরব ও পরজোকে স্থর্গের আশাও তাগি করি-য়াছি। কিন্তু যদি কেহ আমায় নিশ্চয় করিয়া বলিতে পারে যে আমি স্বামীর সহিত হৃত জীবনে যে স্বৰ্গ ভোগ করি-য়াছি স্বামীর সভিত মিলিত হট্যা আবার সেই স্বৰ্গ পাইব যদি ইহাতে কেহ আমার বিখাদ জন্মাইয়া দিতে পারে ত দে স্থথের আশা ত্যাগ করি আমার এমন সামর্থ্য নাই। যে স্বর্গ দেব লোকের অধিবাদিত বাহাতে নন্দন কান্দ বিরাজিত তাহার প্রলোভন আমার নিকট কিছু নাই। কিন্তু যে অর্গে আমার দেবতা আমার নন্দন কানন বিরাভিত ছিল সে স্বর্গের প্র-লোভন আমার পক্ষে অনিবার্য। একবার যদি দুঢ় বিশ্বাস হইত যে সে স্বৰ্গ আমার জনা অপেকা করিতেছে ত লগতে এমন কোন বন্ধন দেখিনা যে আমার গতি রোধ করিতে পারিত। ধংসপুরের সহস্র দারের যে কোন স্বার দিয়া আমি প্রবেশ করিতে পারিতাম। তুমি বলিবে আত্মহত্যা মহা পাপ-পাপ হয় হউক আমি সে স্বর্গে গিল্লা যে কোন পাপের শাস্তি লইতে পারি। যদি বল আত্মহতায়ে জীমার অধিকার নাই আমি বলিব আছে ৷ সমা-জের সহিত আমার দাস-প্রভুদ্ধ সম্বন্ধ নয়,

সমাজ আমার বে সকল উপকার করে তাহারই বিনিময়ে আমি সমাজের প্রতি কর্ত্তব্য সাধনে বাধ্য। যতদিন সমাজের নিকট চইতে উপকার লইব ততদিনই সমাজের প্রতি আমার কর্ত্তব্য রচিবে। উপকার লই বা না লই কোন নির্দিষ্ট কাল কর্ত্তব্য সাধন করিব এরপ কোন কথা নাই। স্থতরাং ইচ্ছামত আদান প্রদান বন্ধ করিবার আমার অধিকার আচে।

ফলত: আবাট্যার আমার অধিকার আছে তাহা বুঝিতাম, ইহাতে যদি পাপ इय, कीवन किছ निष्णां नम् शार्णत উপর না হয় আর একটি পাপ বাডিবে তা-হারও জন্য প্রস্তুত ছিলাম। কিন্তু তথাপি এহ:খ ভার বহন করিতেভি কেন ? লো-কের স্থের আশা থাকে ব'লয়া তুঃখ সহিতে পারে আমার তাহাও নাই তবে এক অমুষ্ঠানে সকল তঃখ ক্লেশের অবসান कति नारे (कैंन ? देशत अकरे छेखत-ভবিষ্যতের অনিশ্চয়তা। এ জগতে আমা व्यापका महत्र छन इःशी चाहि। व्यामात ত্ৰ:খ কি ? আমার একটা স্বৰ্গ ছিল সেইটা আমার নিকট হইতে কাডিয়া লইয়াছে এই মাত্র, কিন্তু কত লোক যে নরক-বন্ত্রণা ভোগ করিতেছে। তাহাদিগকেও জিজ্ঞাসা করিয়া দেখিয়াছি তাহারা ও ভবিষাতে নিশ্চর किছ मिथिए नाम ना विमारि मता ना। তবে य इष्टे अकलातत नक्तक यञ्जना এफ অসহা বোধ হয় যে বর্তমান অপেক্ষা **अच्छ किছू इंहेर्ड शारत डाहारमत अज्ञश** विशांत दश मां, खविशात् यादाहे इंडेक

বর্ত্তমান অপেকা ভাল হটনে এট সংস্থারে তাহার। আত্মহতাা করে।

ভি দানাদিতে পাৱেনা । হয় যে ধর্ম-মন্দিরে আরোহণের ক্ষমতা ব্রত উপবাস পূজা জপ হোম ও তর্পণাদি দ্বারা বাহা জগতের ফল ভোগ হর। আধ্যাত্মিক জগতের ফল লাভ কবিতে চটলে যোগ সাধনা অপেকা করে। সলুষ্ট্রোগ দারা উভয় জগতের সামী ছইতে পারেন। এই যোগ হিন্দুশাস্ত্রে দিবিধ উল্লেখিত হইয়াছে। কৰ্ম যোগ আর জ্ঞান যোগ। ভোগী বাজির পঞ্চে কর্ম যোগ প্রশন্ত। যোগীদিগের পক্ষে জ্ঞান যোগ প্রশন্ত। যিনি জ্ঞান যোগ তিনি করেন যোগ সাধনা করিবেন। কর্ম্ম যোগ निष्ठ না হইলে জ্ঞান যোগে অধিকারী হইতে পারেন না। কর্মযোগ তাহাকে বলা যায়. যদারা চিত্তের নির্মালতা জন্মে অর্থাৎ শমদমাদি। ইহাকে ক্রিয়া যোগও বলে। অনেক লোক আছেন ভাঁহারা কেবল চিরকাল কম্ম যোগ করত দেহ ক্ষয় করিয়া বাহ্য জগতে ফলভোগ করিতে-ছেন। অন্তর্জগতের ফল-ভোগী যোগী এ সংসাবে হল छ। সংসারের মধ্যে অগণা প্রাণী আছে।

সংসারের মধ্যে অগণ্য প্রাণী আছে।
তন্মধ্যে মহুষ্য ভিন্ন অন্য কেহই অন্তর্জগতের ফলভোগী হইতে পারে না। এজন্য
মহুষ্য সকল প্রাণীর শ্রেষ্ঠ। অতএব
মহুষ্য মাত্রেরই উচিত যে যাহাতে অন্তবাহ্য উভয় জগতের ফল ভোগ করিতে
পারেন ভদমুন্তান করা। মহুষ্য প্রতিক্ষণে অনুভব করেন যে আমি সর্বদা এক

অলৌকিক পুরুষের অধীন। মুমুষা ভাবে এক, কর্মগতিকে হয় আর; সে চেষ্টাকরে अक, श्राय साम्र जात । **जावक** लाक यिन স্থির চিত্তে আপন আপন জীবন-বুতান্ত চিন্তা করেন তাহা হইলে তিনিং জানিতে পারিবেন যে অনেক কার্যা তাঁহার ইচ্চার বিপরীত ঘটিয়াছে। এত্তিরে আর অনেক দেখা গিয়াছে যে অনেক ক্ষমতাপন্ন ব্যক্তি অক্ষমের ন্যায় কার্য্য করিতেছেন। অতি বৃদ্ধিমান লোক আপন বৃদ্ধি ক্রিয়াও স্বকার্য্য সাধন ক্রিতে পারেন नाहे। व्यत्नक (भो धार्वीधा श्रकाम कवि-য়াও অসম্পূর্ণ মনোরথ হইরা পৃথিবী হ-ইতে বিদায় লইয়াছেন। মহুয়া কেবল ঐল্রজালিক সদৃশ মায়ার আখার। কথন কি ঘটনা যে ঘটে ভাষা কেহই বলিতে পারেন না 🗠 এক সময় আমি রাজা হইয়া সকলের উপর আধিপত্য করিতেছি, আর এক সময় আবার পথের ভিখারী হইয়া লোকের দ্বারে ঘারে ভিক্ষা করিয়া বেডাইতেছি। এরপ ঘটনা সংসার-চক্রের স্বাভাবিক ক্রিয়া। ইহাতে আমরা বুঝি-তেছি यে এक कालो किक शूक्ष आमानि-গের ভার্মার উপর নিয়ন্ত ত করিতেছেন। **ত**াঁহার শক্তি অসীম ও হস্তও অতি প্রশস্ত। তাঁহার হস্ত হইতে নিস্তার পাই-বার কাহারও সাধ্য নাই। এজন্য তাঁহার বাধ্য হইয়া উাহাতে আত্ম-সমর্পণ করা মহুষ্যের অতীব কর্তব্য। এইরূপ আত্ম-সমর্পণ করাকে তন্ত্রশাল্তে যোগ वरन। এই আञ्-र्गमर्भन दर्गात्क म-

সম্ধির অর্থ আধি যোগ বলা যায়। পুনঃ পুনঃ পরমাত্মা চিন্তন 1 সমাধি যোগ সাধনার পুর্বের প্রনাভাাস যোগ সাধনা করিতেন। প্রনাভ্যাস বাতী-ত সমাধি যোগ হয় না। ''যদীজ্ঞ দি ভবা-ন্তর্ভ : কৈশ্চিদেকেন কর্ম্মণ তন্ত্রশাস্ত্র-বিশা-নেন প্রনাভ্যাসমারভেৎ' । यদি একটা ক্মুলারা ভ্রদাগর পার হইতে চাও, তবে তন্ত্রশাস্ত্রের বিধানাতুসারে পবনা-ভাাস আরম্ভ কর ৷ প্রনাভাাস যোগকে প্রাণায়াম করে ৷ তন্ত্রশাস্ত্রে প্রাণা-য়াম বছবিধ তকাধো যাহার দারা প্রাণ-নক্রিয়াকে বদীভূত করা যায় ভাহাকেই প্রাণায়াম জিয়া বলা যাইতেছে। নিঃশাস প্রশাসকে প্রাণনক্রিয়া কছে। নিঃশাদ আর প্রাথানকে বশীভূত করাকে প্রনাভ্যাস বলে। বাহিরের বায়কে শ্রী-রের মধ্যে পরিত করাকে নিঃখাস আর পুরিত শায়কে বাহিরে পরিত্যাগ ক-রাকে প্রশাস বলে। পুরক কুম্ভক আর বেচক—বায়ুতে এই তিন প্রকার ক্রিয়া করাকে প্রাণারাম বলে। বায়ুর ঐ ত্রিবিধ কার্য্যকে যিনি বশীভূত করিতে পারিয়া-ছেন, তিনি প্ৰনাভাগে সিদ্ধ হই রাছেন। প্রকৃতরূপে মিনি প্রনাভ্যাস-যোগ-সিদ্ধ হইয়াছেন, তিনি দুরদর্শন ও দ্বশ্রবণ ও সক্ষ্যান বিচরণ অক্লেশে করিতে পারেন। এত দ্বিল তাঁহার শরীরে রোগ শোক পরিভাপাদি কিছুই থাকে না। বিশেষ এই যোগ ,দেবত্ব পর্যান্ত লাভ

হইতে পারে। এযোগ সাধনা সিদ্ধ না হইতে হইতে বদি দেহত্যাগ হয় ভাহা হইলেও যোগী জন্মান্তরে হয় প্রচুর ধনী নাহয় রাজন হইবে। যথা ধনীনাং শ্রীমতাং গেহে যোগভাষ্টে হিছ জায়তে ৮॥

প্রনীভাাদ যোগ্দাধন করিতে প্রথমে যোগবিদ গুরুর আশ্রম লইতে হটবে। একার্য্য যে 1ুস গুরুর দ্বারা করা কর্ত্তব্য নহে। যিনি নিজে উৎকৃষ্ট গুরুর নিকট যোগ কিয়া বিধিমৎ শিক্ষা কবিয়া যোগা-ভাগি করিয়াছেন তাঁহারি নিকট শিকিত হইয়া যোগ সাধনা কবিবে। পুস্তক দেখিয়া যোগাভ্যাস করিলে অঙ্গ-হানি হইতে পারে। এ নিমিত্ত যোগগুরু দেবদেব মহাদেব শিকা গুরুর আদেশ লইতে বিশেষ অনুরোধ করিয়াছেন। যদিচ বিশ্বগুরু মহাদেব ভ্রাদি শাস্তে নোগ সাধনার কোন বিষয় বলিতে ক্রটি করেন নাই, তথাপি সেই শিব-উক্ত আপনাপনি বুঝিতে যদি ভ্রম জন্মে, এবং ভ্রম জন্মিয়া সাধকের ইষ্টাভাব ঘটে এ নি-মিক অকর উপদেশ লইতে হয়।

অতঃপর সাধকের ও আসানের বিষয় বলা যাইতেছে। ইহার প্রমাণ গুলি পশ্চাৎ বিবৃত্ত হইবে। যিনি যোগাভ্যাস করিবেন তিনি সবল ও অবিকলাঙ্গ ও যুবা হইলে বড়ই ভাল হয়। রোগী কিন্তা বিকলাঙ্গ ও বাল কি বৃদ্ধ হইলে যোগসাধন অত্যক্ত কষ্ট-দায়ক হয়। যিনি যোগ সাধনা করিবেন তিনি যেন ক-

[•] শিবসংছিতা।

[া] ভগবদগীতা।

দাচ কুগঙ্গে না বেড়ান ও মিণ্যা আলাপ ও মিপা। वांका कमांह श्रद्यांश नां कदतन ! যে যে দ্রবা ভোজন করিতে নিষেধ কবা হটবে ভাহা যেন ভোজন করা না হয়। পরনিকা পুরপীড়ন ও চৌর্ঘাদি ছক্ষর্ম একেবারে পরিত্যাগ করিবে মর্থাৎ ঐ স্কল কুক্রিয়া যেন মনেও স্থান না পায়। বেমন কুলোকের সঙ্গে বাব কলা যোগ-শাস্ত্রের বিরুদ্ধ, তেমনই অবিশ্বাসী লো-কের সঙ্গে কখন থাকিবে না। গুরুর প্রতি বিশাস ও ভক্তি শ্রদা সর্বদা করিবে। দেবতা ও গুরুর নিন্দাকারী লোকের সঙ্গে বাসকরা দূবে থাকুক তাহাদিগের সহিত আলাপও করিবে না। এতদ্বিষ অপর যে সকল আচার বাবহার করিতে হইবে তৎসমুদায় প্রমাণস্থলে याहेद्व ।

অতঃপর স্থানের বিষয় বলা যাইতেছে।
যে স্থানের বায়ু নির্দ্ধোষ ও যে স্থান
পবিত্র সেই স্থান নির্দ্ধন হইলে যোগীরা
তথায় যোগ সাধনা করিবেন। কুস্থানে
যোগ সাধনা করিলে যোগের বিদ্ধ
হয়। ইউক-নির্দ্ধিত কিম্বা প্রান্তরনির্দ্ধিত কিম্বা দাক্র-নির্দ্ধিত ক্ষথবা ত্নপর্ণ-নির্দ্ধিত গৃহ হইলেও ক্রাহাতে যোগ
সাধনা করিবে। এই সকল গৃছ জীর্ণ
ও অপরিষ্কৃত যেন না হয়। যোগ
গৃতের ম্বার ও বাত্রায়ন গুলি যেন অপ্রশস্ত
না হয়। যোগ-পৃত্ স্থান্তরম হওয়া আবেশাক, কলাচ যেন ছর্গন্ধ ক্রান্তর না হয়। যে
স্থানে যোগাভ্যাস করিবে তাহার নিকটম্ব

স্থানটী গান-বাদ্য-শূন্য হওয়া অতীব কত্ত্বা। যেমন গান-বাদ্য-রহিত স্থান যোগ
সাধনার পক্ষে প্রশস্ত বলা হইল, সেই প্রকার অসচ্চরিত্র লোকের বাস্প্রান যদি
যোগ-গৃহের নিকটে থাকে ত্বে তথা
হইকে অনাত্র যাইয়া যোগাভ্যাস করিবে।
যে স্থানে গোগ সাধনা করিবে সে স্থানে
শীত বর্ষা রে ডাদির উপদ্রব না থাকে
ভাহার উপার কবা কর্ম্বন।

এইকণ বোগাসনের সংক্রিপ্ট রভাক্ষ বলা যাইতেছে। আসন অনেক-প্রকার আছে তন্মধ্যে পদ্মাসন প্রশাসন কিছা কছলাসনে যোগী বসিয়া পদ্মাসন করিবে। বাম পাদের জজ্মার উপর দক্ষিণ পাদ রাথিবে, তৎপর দক্ষিণ পাদের জজ্মার উপরে বাম পাদে রাথিয়া—নাসাগ্রদর্শন ক-রিবে। এইরূপ করাকে পদ্মাসন কছে। এই পদ্মাসনের বিশেষ বিবরণ সংস্কৃত প্রমাণ ভলে বলা যাইবে।

মহুষ্য যথন আত্মতত্ত্জান-বিহীন
হইয়া থাকেন তথন প্রমাত্মাতে আত্ম
সমর্পণ করিতে না পারার বার্মার জন্ম
পরিগ্রহাকরিয়া অশেষ প্রকার যাতনা
ভালর হইলেও, তাঁহার প্রারক্ত কর্মন
গতিকে দেহধারণ করিয়া হুও ছ:ও ভোগ
করিতে হয় া প্রাক্তন কর্ম্ম হত দিনে
ক্রম না হইবে তত্তিন তাঁহার এ গুর্গতি
ঘ্তিবে না। যথন প্রনাভ্যাস যোগ
দিদ্ধ করিবে, সমাধিসাধনায় পরিপক্ক ইবে,

পরমাত্মতে আত্ম সমর্পণ করত ধর্ম্মের চরম भीমার আরোহণ করিতে পারিবেন। এত দ্রিল অন্য কোন প্রাকারে মোক পদ लाङ कदा बायमा। श्रे वायु उपकारन কে অধিকারী হটতে পারে ?--্ষে ব্যক্তি गाधन-ठ कुछे ब-गल्मन (महे वाकि र वाब-অধিকারী। তত্বজ্ঞানে সাধন-চতুইয় কাহাকে বলে ? নিভানিতা বস্তু বিচার এবং যাবতীর কামনা পরিত্যাগ করিয়া সন্ত্রাস অবলম্বন করা, শম দম উপরতি তিতিকা ধান ধারণা এই ছয় প্রকার যোগান্স সাধনা করা, আর সাতিশয় ভক্তি পুর্বক প্রমাত্মাতে ইচ্ছাকে বলবতী করা এই সকল গুলিকে সাধন চতুইর বলাযার। যাহার জন্ম-জনাম্বীণ পুণাপুঞ্ বিদাসন আচে সে বাজি অরপদেশ বাতীত निज्ञानिका वस्त्र विदवकी अ স্ক্রিমশুনা হইয়া মহাস্যাাদী হওত শম দম উপরতি ধ্যান ধারণায় ক্মনান্ হইয়া প্রমাত্মাতে আত্ম সমর্পণ করিতে नर्वता वास्त इहेरव। এहे श्रकात (लारकत পক্ষে দকল যোগ সাধনই সহজ। । তিছিল यतात शक्त या कि कित। এवकार वायुव े বিষয় বলা যাইতেছে। বায় উনপঞ্চাশৎ প্রকার। তাহার কার্মা গতিকে নামও ত-क्ता । मनुषा-मतीत्रक् वासूत श्रीमानः मन्हि नाम निर्फिष्ठ चार्छ। जोशांत्र मत्था भी होते-यथा क्षान, अभान, नेमान, উদান, वान । त्य বাম জ্বয়স্থিত হইয়া কার্যা করে তাহাকে

প্রাণ বলে। যে বাযু গুছাদেশে থাকিয়া কার্যা করে, ভাহাকে অপান বায় বলে। नाङिएमर्ग थाकिया (य वांध कार्या करत তাহাকে সমান বায়ু, আর কপ্তদেশে थाकिया य वायु क्रांग करत डाहारक छ-দান বায়ু স্কুল। এতদ্ভির অন্যান্য শরীর-স্থিত কাৰ্য্যক্রী বায়ুকে বাান বায় বলে। এত দ্বি, আর পঞ্বায়্যাহা আছে नाग, कृषा, कृकत, তাহাদিগের নাম 40.31 এই পঞ্চপ্রকার। নাগবাযুব কার্যা উদ্পার। কুমা বামর कचा डिगीलन । कुक्त वाशुव कचा कुना। দেবদত বায়ুর কমা তৃষ্ণা। ধনজয় বায়র কথা ভাতন। ED. ক্রিয়াবিশিষ্ট বায়কে যিনি অভাাস হারা বিদ্ধ করিতে পাবেন ইংগ্রেক প্রনাভ্যাদী करह। প্ৰনাভ্যাস मिक्क बहेरत नाजी গুদ্ধি হয়। নাডীর গুদ্ধি হইলে শারীরিক उ मानिमक (कान (मार्य थाटक ना।

এই কণে প্ৰনাভাগে যেরপে করিতে হইবে তাথার ক্রম। প্রথমতঃ দক্ষিণ হতের অসুষ্টের অগ্র পর্বহারা দক্ষিণ নাসাধিবরকে অবরোধকরত বামনার্ধাকাবিবর ছারা যথাশক্তি অল্প অল্প ক-রিয়া বায় পূরণ করিবে। পরে ঐ পূরিত বায়কে দক্ষিণনাসা ছারা অবেগে পরিভাগে করিবে। এই রূপ পুনর্বার বিলোম ক্রমে দক্ষিণ নাসাতে যথাশক্যমুসারে বায় পূরণ করত সেই বায়কে অস্তিত অর্থাৎ বন্ধ করত ঐ শুন্তিত বায়ুকে অক্লেপ আরে বাম নাসা ছারা পরিত্যাগ করিবে।

এইরপ প্রতিদিন প্রাত মধ্যাক্ত সায়াক্ত বিংশতি বার করিয়া করিবে। এবং অর্দ্ধ রাত্তিতেও একবার এইরূপ করিবে। এই প্রাণারাম যোগ একাসনে ক্রমাগত তিনমাদ করিলে সমস্ত দুন্দ্ধ পরিমুক্ত হইয়া অনলদতা প্রাপ্ত হটবে ধ

প্রমাণ। তত্ত দকিণাংক ঠে নি-क्रमा भिक्रलाः ख्र्बीः । क्रेन्ग्या भूवत्यवातुः যথা শক্তা তু কুম্বরেং। তত্তস্তক্ত । পিঞ্চ लग्ना मटेनदार्व न (वर्गकः । > । श्रुनः পিঙ্গলয়াপূর্য্য যথাশক্তা। তু কুস্তায়েং। केष्या (बहुरब्रायः न त्वर्णन भटेनः महेनः। २। हेमः वांशविधातन क्रााहिः-শতি কুস্তকান্। সর্বাদ্ধবিনিমুক্তঃ প্রতাহং বিগভালসঃ। প্রাতঃকালেচ সূর্যান্তে চার্দ্ধরাত্তক। কুর্যাদেবং চতু-नीतः कार्लास्टियु क्छकान्। हेनः मांत्रवार क्यांनिनानतार नित्न नित्न। কতো নাড়ী বিশ্বদ্ধিঃ সাদিবিলম্বেন নিশ্চিত্য।

প্রাচীন আর্যোরা তন্ত্র, জ্যোতিষ ও
চিকিৎসা শান্ত্র দ্বারা ঐতিক পারত্রিকের
যেরপ দীর্ঘকাল ব্যাপি স্থুখসন্ত্রোগ করিয়।
গিয়াছেন তন্ত্রপ স্থুখ সন্ত্রোগ করা অন্য কাহারও ভাগ্যে ঘটিয়াছিল দৃষ্ট হয় না ও লোনা
যার না।যে সময় ঐ শান্তক্রেয় অন্ধ প্রত্যান
স্থুসম্পন্ন ছিল তৎকালে পৃথিনী মধ্যে ভারতীয় আর্য্য কাতিকে ভয় ও মান্য ও প্রাণ্য
না করিয়াছেন এমন লোক দেখিতে পাওয়া যায় না। গ্রন্তৎ সহন্ধে তিনটি
উদাহরণ না লিখিয়া কাত্ত-ইইতে পারি-

লাম না। লর্ড বেণ্টিক বাহাছরের আ-মলে জেলা বাখরগঞ্জ অঞ্চলের সুন্দর কন হইতে যে এক মহাপুরুষকে ভূকৈলাদে আন্যুন করা হয়, সেই মহাপুরুষ প্রুম্ন-ভাাদ যোগ প্রভাবে সমাধিযোগ দিদ্ধ করিয়াছিলেন। তাঁহার সেই যোগ ভঙ্গ করিবার জন্য কলিকাভাস্থ বড় বড় ডাক্তার সাহেবেরা এবং ছাকিমেরা কত প্রকার উপায় উদ্ভাবন করিয়াছিলেন ভাছাতেও তাঁহারা কুতকার্য্য হইতে পারেন নাই। পরে কোন অনিকচনীয় কারণে ভাঁহার যোগ ভঙ্গ হইয়া অলকাল মধ্যে তাঁহার মৃত্যু হয়। মৃত্যুর অব্যবহিত পুর্বের তিনি এইমাত্র প্রকাশ কয়িয়াছিলেন যে, আমি অমুক দিবদ কলেবর পরিত্যাগ করিব। আমার পেহ কেহমুত্তিকাসাৎ বাদগ্রনা করে। তাহা যেন গন্ম কলে ভাসাইয়া দেওয়া হয়। ঐ যোগীবরের বাহা আড়ম্বর বা বাহা ক্ষমতা কিছুই প্রকাশ পায় নাই। কেবল মুল্লিমিত জীবিত পুত্তলিকার নাায় পদ্মাসনে উপ-विष्ठे हिल्लन धुरमाज मुद्रे रहेशाहिल। তিনি যে কতকালের লোক, বাহা লকণে কিছুই প্রকাশ পাইত না। বোধ হইত বেন ৪০ | ৪৫ বছসর তাঁহার বয়ঃক্রম ছিল। তথন তাঁহাকে যে যে ব্যক্তি দেখিয়াছিলেন তাঁহারা সকলেই আশ্চ-র্যাক্তানে ছিন্দু হোগশাস্ত্রের ভূরসী প্রাশংসা করিয়াছিলেন। এরপ ঘটনা কেহ कथन (मर्थन नांहे वा खतन नांहे। ইহার স্বিশেষ বৃত্তান্ত রাজা রামমোহন

রায় একথানি প্যামফ্রেটে প্রকাশ করিয়া किलान। এত जिल के नगरत लारहार देव মহারাজা রণজিৎ সিংহের জীবিতকালে হরিদাস বাবাজী नारम , जभत अक्जन যোগীবর ছিলেন | ভিনি কেবল প্রনা-क्षारमञ्ज পরিশক ছিলেন, সমাধিযোগ সা ধনা করিয়া উঠিতে পারেন নাই। তাঁহার ক্রিয়া হারা এরূপ বোধ হইয়াছিল। মহা-রাজা রণজিৎ দিংহ বাহাত্র লর্ড বেণ্টিশ্বকে হরিদাস বাবাজীর আশ্চর্য্য কাও দেখা-ইবার জন্য তাঁহাকে এক সিন্দুকে বদ্ধ করিয়া ৬ মাস কাল মৃত্তিকার মধ্যে পু-তি লা রাখেন। যে জমীতে ঐ বাবাজীকে সিন্দুকে করিয়া পুতিয়া রাথেন, সেই জমীতে রীথিমত শৃদ্য বপন করাইয়া নেই শদ্য যথাকালে ঐ ভূমি হইতে উঠা-ইয়া শহুবার সময় মহারাজা কলিকাতার বড সাহেবকে মহাসমারোহের সহিত ঐ স্থানে न देशा शिया द्रिमाम वावाजी क के कि ত্রের মধ্য হইতে উঠাইয়া বাকা খুলিয়া मकनटक दम्थान, इतिमाम बोवाजी त्यमन তেমনি রহিয়াছেন ৷ লাট সাহেব ইহার আদ্যোপান্ত সমুদয় বৃত্তান্ত শুনিয়া বলি-লেন এরপ বিশায়কর ব্যাপার দেখা দূরে থাকুক আমরা কথনও কর্ণেও শুনি नारे। धना हिन्द्रमिटशत (याश्रभाद्ध।

পূরক কন্তক রেচকে বাযুধারণাদি-ক্রম। যোগী বথন প্রাণায়ামে বনিবেন তথন দক্ষিণ হন্তের অঙ্গলাঞা দ্বারা জল-ধারা দ্বারা আপনাকে বেইন ক্রিবে। ঐ জলধারাকে অগ্নিপ্রাকার চিন্তা করত: দক্ষিণহত্তের অঙ্গুঠের শেষ পব্দ দারা দক্ষিণ
নাসাংস্কু অবক্ষ করত বাহা বাযুকে
১৬ ষে:ড়শবার ও কার অপ কাল তক
শরীরে পূরণ করিয়া দক্ষিণহত্তের কণিষ্ট ও
অনামিকা অঙ্গুলীর অগ্রপর্ক ১৪ চৌষ্টী
বার ও কার জপ কাল তক ঐ শরীরস্থ,
বাযুকে অবরোধ করিয়া ও বার ও কার
জপকালেব মধ্যে দক্ষিণনাসাধিবর দ্বারা
উক্ত শরীরস্থ বাযুকে অক্ষেপ অলে পরি
ভাগি করিবে। ইছার প্রমাণ সকল পরে
বিবৃত ৬ইলে।

পূর্বাচার্যোরা সপ ও ভেকজাতির কার্যা, দর্শন করিয়া প্রাণারামের নিয়ম নির্দ্ধারিত করিরাছেন। সর্প আর ভেক-জাতির প্রাণ্নক্রিয়া অতাল, এই নিমিত্ত তাহারা দীর্ঘজীবী। সপ ও ভেককুল প্ৰনাভাগন যোগ প্ৰভাবে মৃত্তিকা কি জলমধ্যে কেবল ধায় আহার করিয়া চির-কাল থাকিতে পারে, তাহাতে তাহাদের কোন ক্লেশ হয় না। ভুজাক ভেক সকল প্রনাভ্যাস যোগ সাধনা প্রকৃতিদেবীর নিকট হইতে প্রাপ্ত হইয়াছে 🏲 স্ষ্টি-কর্ত্তা উহাদিগের জিহ্বা এপ্রকার স্থকৌ-भटन निर्माण कविया विद्याद्वन याः 🗬 জিহবা উহারা অক্রেশে উণ্টাইয়া নাসা-রক্ষে প্রবেশ করিয়া দিয়া গ্রহ্মার 👣 - ক্রিড স্থাপান করত চিরদিন স্থথে প্রাণধারণ করিতে পারে। সর্পাপ্রিয় পার্বভীপতি ভগবান মহাদেব সপঁজাতিব প্রনাভাষা প্রক্রিয়া দেখিয়া মানবঞাতির সম্বন্ধেও ঐপ্রকার প্রনাভ্যাস বোগবিধান করিয়া দিয়াছেন। মানবজাতির জিহ্বার ও সর্প ভেকজাতির জিহ্বার আকার প্রকারে অনেক বৈষম্য। সর্প আর ভেকের দ্বিজিহ্বা। তাহারা উভয়ে নাসিকারদ্বের মধ্যে হই জিহ্বা প্রবেশ কর্টিয়া ব্রক্ষারর ই মধ্য পান করত প্রাণ বাবণ করে। মহুযোর একজিল্বা অথচ স্ভূল ও প্রশস্ত। এই জিহ্বা প্রক্রিয়াবিশেষ দ্বারা যোগিগণ দীয় একই হুল্ম করিয়া আস্যমধ্যে উন্টাইয়া ব্রহ্মধদ্ব প্রবেশের যে ছিল্ল আছে (অর্থাৎ টাক্ষা) ভাহাতে প্রবেশ

করাইরা ব্রহ্মরদ্ধু স্থা পান করত ভীবন ধারণ করেন। ইহাকে যোগীরা
প্রাণায়ামের অস্তর্গত থেচরীযোগ বলেন।
এরূপ অবস্থা যোগীদিগের হইলে, সমাধি
তাহাদিগের করতলস্থ হইরা গাকে। ইলা
প্রাণায়ামের চরম সীমা। তন্ত্রশাস্তে বত
যোগের বিষয় বলা হইরাছে, প্রনাভ্যাদ
যোগ সমুদান্ন যোগের মূল। এ যোগ
অভ্যাদ না করিলে কোন যোগেই অধিকার জিমিতে পারে না।

শ্রীরামকমল সার্বভৌম।

আর্য্যজাতির আয়**ুরে দ ও আ**র্থানক চিকিৎসা-প্রণালী।

ইংরেজদিনের ভারত অধিকার করণাবিধি একাল পর্যান্ত তাঁলাদিনের চিকিৎসাপ্রাণালী এইস্থানে ক্রমশঃ প্রবল ইইয়া
উঠিয়াছে। রাজ-প্রসাদ-পৃষ্ট কলেবর এলোপাথি এথন সর্ব্য আদরণীয়। বৎসর
বৎসর ক্রত-বিদ্য ছাত্রগণ পনীকোন্তীন
ইইয়া ভারতবর্ষের নানাস্থানে এলোপাথি
চিকিৎসা প্রচার করিতেছেন, কিন্তু ইহাম্বারা চিকিৎসার উদ্দেশ্য যে পরিমাণে
সাধিত হইতেছে ভাহা এক বার বিশেষ
ক্রপে অমুধাবন করিয়া স্পেথিলে এলোপাথির বাহা সৌয়ব অনেকাংলে ল্যু
বলিয়া প্রতিগল্প হয়। বস্তুতঃ ডাক্টার
মলাশর দিপের অপরিণামদর্শিতাদোবে
রোগ নিরাক্রণ হওয়া দুরে থাকুক অদিক

কাল তাঁচাদিগের ব্যবস্থা হুগারী ও ধধ দেবন করিলে রোগীর শরীর একেবারে অপটু হইয়া পড়ে। যাঁচারা দেশ, কাল, রোগীর বল ও ধাতু বিবেচনা না করিয়া একমাত্র বিদেশীয় শিক্ষকের উপদেশের উপর নির্ভর করিয়া ঔষধ প্রয়োগ করিতে প্রবন্ত হন তাঁথাদিগের দ্বারা, নীরোগ চইবার প্রত্যাশা দ্রে থাকুক প্রত্যুত অন্যান্য রোগের নিদান উদ্ভূত হয়। ইংলণ্ড, শীতপ্রধান দেশ; ইংরেজেরা বলবান্ পুরুষ, স্কুতরাং ইহাঁদের শরীরে বীষ্যবান্ ঔষধ সকল যে পরিমাণে ব্যব-কৃত ভইলে উপকার করে গ্রীমপ্রধান দেশে আমাদিগের মুর্জন শরীরে সেই পরিমাণে শেই সেই ঔষধ প্রযোগ করিলে বে বিষময় ফল উৎপন্ন ছইবে তাহার সলেহ কি ? আমি যে এলোপাথি
চিকিৎসাকে দৃষিত বলিতেছি এরপ
যেন কেছ মনে না করেন। এই প্রবন্ধের
আদোপার্ক পাঠ করিলে প্রস্থাবিত
বিষয় সহজে সকলেরই উপলব্ধি হইবে।

চিকিৎসা-প্রণালীর এইরূপ বিশ অবতা দেখিয়া এতক্ষেণীয় কতিপয স্থাশিকত বাজি, আর্যাদিগের আয়ুর্বেদ পুনজ্জীবিত করিতে যত্ন পাইতেছেন ৷ ম-মুষ্য-শরীরের নিগঢ় তত্ত সকল ও ঔষণের বলাবল যে প্রাচান হিন্দুরা সবিশেষ অব-গত ছিলেন ইহা প্রতিপন্ন করিবার নিমিত্ত তাঁহাদিগের প্রয়ত্তে স্তভ্তত ই জাদি বঙ্গভাষায় অনুবাদিত হইতেছে। আবার আর একদল ইংরাজি বিদ্যার বাং-পল্ল বন্ধীয় যুবক হানিমানের আবিষ্ঠ নুত্র মতের পশাবলম্বন পুর্বক ঐ প্রণালীর চিকিৎসা প্রচার ও প্রবল কবিতে অতার প্রয়াস পাইতেচেন।

আয়ুর্কেদোক চিকিৎসা প্রণালীর সহিত হোমিরপাথির বিভেদ কি, উভ-রেতে কিরূপ সাদৃশা আছে এবং এলো-পাথির সহিতইবা এই উভরের কিরূপ সম্বর্ক, এই সম্বার বিচার করা, এই প্রবন্ধের মুখ্য উদ্বোধা।

এলোপাথি ও আর্য্য-লাতির চিকিৎসা-প্রণালীতে রোগ নিরাময় করিবার জন্য বে যে বর্ম নিয়ত অবলবিত হইয়া থাকে ভন্মধ্যে কোন্টা জ্যেষ্ঠ সর্বাত্যে ভন্মশীলনে প্রবৃত্ত হওয়া যাউক। সক-

লেই অবগত আছেন যে কোন ঔষণ দেবন না কবিয়া অনেক রোগী আপনা আপনি রোগ হইতে মুক্তিলাভ করেন; এইরপে পীড়া আবোগাার্থে প্রকৃতি পথ অহুসরণ দিগের ও । সেই প্রাশস্ত পথ অবলম্বন করা নিতাম্ভ শ্রেয়ম্বর। সকল মতাব-লমীরাই আপনাদিগকে স্বভাবের চারী বলিয়া পরিচয় দিয়া অতএব বিরুদ্ধভাবাপর মত দকল পর্য্যা-লোচনা করিবার পূর্বে প্রকৃতি কি প্রণালী ক্রমে রোগীকে রোগ হইতে মুক্ত করে ইহা নিবিষ্টচিত্তে অমুধাবন করা কর্ত্তবা।

यमन अवेष वृक्षभाशा आवल वाग প্রাকৃতির ছারা স্থানভাষ্ট না হইলে স্বস্থা-নেই থাকে সেই রূপ মানব-দেহের কোন কারণে বিক্লতি না ঘটিলে পরিপাক ও নিখাদ প্রখাদ প্রভৃতি যান্ত্রিক কার্যা निर्मित्य मन्नामित इस। किस यमि त्मरे বুক্ষশাখা বলে নত করিতে চেষ্টা পাওয়া যায় ও ঐ বল যদি উহার সাম্যভাবশক্তি অপেকা অধিকতর হয়, তাহা হইলে উহা অবনত হইয়া পড়িবে :অধিক কণ নত থাকিলে সমতারকণী ক্ষমতা, ক্রমে नहे इहेबा भएए। उथन आकर्षणवल मुतीः ভূত হইলেও শাখা নত অবস্থায় থাকিয়া बाब, किन्द्र यिन व्यक्तकन शदत छाड़िया (म-ওয়া যার ভাহা হইলে পুনরার পুর্বাবভা लाश बहेबा थाटक। कीवनबीदबब कार्वाक ঠিক ঐরপ। অত্যাচার করিলে ইছাতে तांश करमा; किन्ह विन ममरा मि ममरा

রোগের মল কারণ পরিত্যাপ গায়, ভাছা হ*ইলে পুনৰ্*ষার শ্রীর স্বাস্থ্য লাভ করে। অধিকদিন পীড়ার কারণ উপ-স্থিত থাকিলে রোগ নিরাময় ১ছওয়া সুক্-किन। तुक-भाषाटक भोध छाड़िया मिटन যেরপে সমতারকণী শক্তি লাঞ্চী বিপরীত নিকে চালিত হইয়া উহা স্বস্থান অধিকার करत, रत्रांश-निमान पृतीकृ । इटेल (मर्टे-রূপ প্রকৃতির বিক্দ্ধভাবাপন্ন শক্তি দারাঘ পীড়া অরোগ্য হইয়া থাকে। সচরাচর অনেকেই দেখিয়াছেন যে একটা বুক্ষ-শাথা, সবলে নত করিয়া ছাডিয়া দিলে সে স্বস্থান অতিক্রম করিয়া প্রতিক্রিয়া-বলে बिপরী डिमिटक किञ्चिर गमन करत; পরে কিয়ৎক্ষণ হেলিয়া ত্রলিয়া অবশেষে স্বস্তান প্রাপ্ত হয়। বাঁহারা এরও তৈল, তেউ-ড়িব মূল হরিতকী প্রভৃতি বিরেচক ঔষধ-নিচয় সর্বলা ব্যবস্থা করেন তাঁহারা মানব দেহে উহার অকুরূপ প্রতিক্রিয়া দতত নিরীক্ষণ করিয়াছেন। বাস্তবিক বিরেচক ঔষধ মাত্রই পরিণামে ধারক হইয়া উঠে। এই জন্য এলোপাথি ও প্রাচীন আয় র্কেদ, এক বাক্যে স্বীকার করিয়া থাকেন যে রোগের বিক্ষভাবাপর ঔষধ সকল मुक्लिशृर्वक वावक्ष इहेटन छेहा चला-বের প্রতিক্রিয়ার সহিত সন্মিলিত হইয়া রোগ দ্বীভূত করে। কিন্তু এই উভয় চিকিৎসাপ্রণালীর মধ্যে কোন পথ অব-লম্বন করিলে মানব-শরীর নিয়ত সুস্থ थाटक, छाहा (मथिटक त्रांग এলোপাখীর श्वराधत माळा नहेशा आमारभत ঘোর বিবাদ হয়; স্থতরাং ক্রমান্বয়ে এই বিষয়ের মীমাংসার জন্য অনুধাবন করা যাউক।

ঔষধের পরিমাণ।

ঔষধের পরিমাণ বিষয়ে চিকিৎদক-দিগের বিশেষ বিবেচনা করা কর্তব্য: কারণ পরিমাণ নিতাক অল তইলে ঔষ্ধের দারা প্রয়োজনামুরূপ ক্রিয়া শরীরে উত্তে-জিত ভুটতে পারেনা। আবার পরিমাণ অধিক হইলে হিতে বিপরীত ঘটিবার সন্তাবনা। এই জনা কোন প্রাচীন আয়-ব্রেদজ্ঞ ঋষি, নির্দেশ করিয়া গিয়াছেন যে 'মাত্রয়া হীন্য়া দ্রবাং বিকারং ন নিধ-র্ত্তয়েও। দ্রব্যানাং তথা বাহুল্যাও ব্যাপৎ নজারতে প্রকং।।" ডাক্তার মহাশয়-দিগের মাত্রাধিকাদোষে একরোগ আরাম করিতে গিয়া অনেক সময় এইরূপে অন্য রোগের সঞ্চার ১ইতে দেখাগিয়া থাকে। রোগমাতেই, বিশেষতঃ পুরাতন রোগে, ঔষধ সকল অল মাত্রায় সেবন করাইয়া ক্ৰমে পীড়া নষ্ট করিবার কর্ত্তব্য। বানম্পত্য ও ঔব্ধ প্রয়োগ করাই প্রশন্ত, কেননা ইহাদের মাত্রা অল বুদ্ধি হইলে বিপ-রীত পীড়া সহজে উৎপন্ন হয় না। কিন্তু বিষ ও ধাতু ঘটিত ঔষধ मकल कि-ঞিমাতাধিকো শরীরে বিশিষ্ট উৎ-পাত ঘটাইয়া খাকে। হুর্ভাগ্যের বিষয় এই যে অধুনান্তন ডাক্তার মহাশয়েরা আণ্ড রোগ মুক্ত করিবার জন্য বিধ ও ভেলমী ঔষণ বাতীত অনা কিছু বাব-

शत करतन ना; यादाष्टे इडेंक विय-চিকিৎসার একেবারে অবহেলা কর गुक्ति-निक्ष विनया (वाध एक ना । विदय-চমা পূর্বক প্রয়োগ করিলে ইহা দারা বিলক্ষণ উপকার পাত্যা যাইছে পারে। আয়ুর্কেদে স্থানে স্থানে স্পষ্ট উল্লেখ व्याटक (य खेबरधंद गर्भा रा मकल ब्रह्म পরিমাণে ব্যবস্থত হইলে আকাজ্ঞামুরূপ ক্রিয়া উত্তেজিত করে সেই সমস্ত ঔষণই সর্বাপেকা শ্রেষ্ঠ ; যথা "অলমাত্রোপ-ংযোগিতাদকচের প্রসঞ্চতঃ। ক্ষিপ্ৰা-রোগাদামিতাৎ ভেষজেভোগ রসোধিকঃ"। **এই कथा यथार्थ विलया जीकात कतिएक-**গেলে বিষকেই মুখেষধ বলিয়া গণ্য করিতে হয়। ৰাস্তবিক স্থবিজ্ঞ ভিষক-কড় ক প্রযুক্ত হইলে ইহা অমৃতের ন্যায় শরীরকে পোষণ করে। বেশগীর বলা-বল, ধাতু ও পীড়ার যথার্থ ঔষধ নিরূপণ করা তুঃসাধা। মাজা স্থির করাও বড সহজ নহে। এই জনা বানস্পতা স্বল্প বীৰ্যোর ঔষধ বাবহার করিয়াই সামান্য চিকিৎসক দিগের সম্ভষ্ট থাকা কর্ত্তবা; গুশ্রুত ও চরকে রস-চিকি-ৎসা অতি অপেই দৃষ্ট হয়। আয়ুর্কেদে लोइरक भूनः भूनः क्षाञ्च तरम (Tannic acid) ও গোমুৱে অভিষক্ত করত: সহস্র পুট দারা বিশোধিত করিয়া ব্যবহার করিতে উপদেশ আছে।•

ধাতু ঘটত ঔষধ ও বিষদস্কে, প্রাচীন আর্যোন লিথিয়াছেন যে বিশো-ধিত অবস্থায় উপযুক্ত মাত্রায় সেবন করিলে ইহ। দারা রক্ত পরিষ্ঠ, শরীর नवल, वीर्वा दृष्टि ও ममछ वाधित छन-শম হয় এবং সেই বাধির আরোগ্য হটলে কোন্পীড়া দায়ক কাৰ্য্যে (ছাইড়া চার ১ শীল্ল স্বাস্থারকিশী ক্ষমতা নইত্য না। যেম্ক একটা লোহ কিমা মুগায় একক্রমে অত্যন্ত করিয়া যদি শীতেশ বারিতে নিক্ষেপ করা মায় তাহাহইলে উহা যেমন ভঙ্গ-প্রবণ ও অকর্মণা হয় সেইরূপ মান্ব-শ্রীর একেবারে উত্তেজিত করিয়া সহসা প্রতি কুশাচরণ করিলে সেই শরীর একে প্রে চিরকালের জন্য ব্যাধির আকর 🐞 ইম্বা থাকে। রস, রক্ত, মাংস, মেধ, অস্তি. মজ্জা ও শুক্র এই সপ্ত ধাতুর ক্ষমতা একেবারে নিস্তেজ হইয়া পড়ে। একটা ভূতৰ মৃথায় পাত্তে, ক্ৰমে ক্ৰমে মৰু ভাবে জामनित्म (यंगन (मह না চটিয়া দৃঢ়কপে বহুকাল न्दाशी इश्र. সেই রূপ মানব ব্যাধি আক্রমণ করিলে তাহার পীড়ার বিরুদ্ধ-ভাবাপর অত্যত্প ঔষধেই ক্রেমে সেই পীড়াকে করিতে পারিলে শারীর বিলক্ষণ সক্ষ্যুন ও সবল হইতে পারে ও জীবনী শক্তিও রকিত হয়। অধুনা আমাদের দেখে নব জরে কুইনাইন প্রয়োগের আধিক্য হেতু বোধ হয় এইরূপ হুর্ঘটনা ঘটিতেছে। नव खरत कुरेनारेत्नत नाात्र विजीत छे-ষধ যে আর নাই তাহা আমরা অস্বীকার করি না। কিন্তু ডাক্তার

সত্ব রোগ দ্রীকরণাভিলাষে বেরূপ ভয়-হুর মাত্রায় ইছা প্রয়োগ করেন ভাছা (मिश्राल व्यामामित হৃৎকৃষ্প উপস্থিত হয়: একাদশ বৎসরের বালককে প্রতি ঘণ্টার বিরাম অবস্থার ৯। ১০ গ্রেণ কুই-নাইন দিতে আমরা প্রত্যক্ষ দেখিয়াছি। के कुरेनारेन यमि उक्तरम वावरात कतिएड বাবস্থা দেওয়াহয় তাহা স্টলেও আর এতাদশ অনিষ্টাপাতের আশকা থাকে না। অ'্রারা শুদ্ধ ডিক্ত রসই নব জ্বেব এক মাত্র ঔষধ বলিয়া নির্দিশ করিয়া शियारहर । यथा ' लड्चू : (चननः काटना-ষবাগুলিকককোরদঃ। পাচনান্যবিপ-কানং দোষাণাং তরুণছরে"। #

* এক্ষণে সিঙ্কোনা বার্কের গুণা-করিয়া অনেকে মনে করিয়া বলোকন থাকেন (य আর্যাদিগের তত্ত্বে যে মহানিষ (মহানিষ: পর আহী, क्याद्यां कृष्क व्यवह ; क्ल-लिख व्यव-निर्म-ব্ৰ-হিলাদ-নাশকঃ) উলি্থিত তাহাই সিন্কোনা বার্ক। বাস্তবিক পক্ষে विरवहना क्रिएंड शिल महानिष्ठ यहिन्छ निन्त्काना वार्क ना इब किन्त छेहा (य সিন্কোনা বার্ক-সদৃশ-গুণশালী ভাছাতে चात मत्मर नारे। चाधुनिक भगार्थक्य-বিদ পণ্ডিত কৰিদ मां इब निष्यत-প্রতি পক্ষপাতী হইয়া বার্কের সহিত উচার জনম গুণের পরীক্ষা করিয়া লিখিয়া-ছেন বে "आवि ७० जन द्वाशीक जिन-काना धारमात्र कतात्र **कत्र मिव**रमत मरश् আরোগ্য লাভ করিয়াছে ও

ইহ সংসারের যাবভীয় বজাই এক সাধারণ নিয়মের অধীন। (रामन ही-পুরুষের পরস্পার সহযোগ স্বারা পশু প कामि लानिश्वत मस्राम छेरभन हरू. বুক্ষানির ফলোৎপত্তির নিয়মও তদমুরূপ। একটা পুলের মধ্যে স্তীম্বরূপ গর্ভ-কেশরে পুরুষের শুক্রবৎ পরাগ কেশরস্থ রেণুসমূহ পতিত হইয়া ফলোৎপাদন করে। এবং বহির্দ্ধগতে সচরাচরই দেখিতে পাওয়া যায় যে, যে দ্রব্য শীঘ্র বৃদ্ধি প্রাপ্ত হয় তাহা অচিরে বিনষ্ট হইয়া থাকে। ক-দলীবুক্ষ এক বৎসরাস্তেই আশ্চার্য্য রূপে বুদ্ধি পাইয়া সত্তরই ধবংস প্রায় হয়। গা-ভীরা তিন চারি বৎসরের মধ্যেই পূর্ণ যৌ-বন প্রাপ্ত হইয়া নিয়সামুবায়ী সন্তান প্রসব করত শীঘ মৃত্য-গ্রাসে পতিত হয়। কিন্তু মমুষ্য ক্রমে ক্রমে, বৃদ্ধিত চুট্টা এক শত বংসর পর্যাস্ত জীবিত থাকে। ১৩৪ जनक निष्यंत वन कन श्राद्यांग कतात्र ७ किरामत माधा ১०৮ खन আরোগা লাভ করিয়াছে"। যদি সামান্য নিম্বের এতা-দৃশ গুণ থাকে তাহা হইলে মহানিম্বের যে সিন্কোনা সদৃশ জরম ক্ষমতা ছিল ভাহাতে আর সন্দেহ কি ? ভবে যখন দেখিতে পাইতেছি যে এলো-আমরা পাথিক ধ হোমি প্রপেধিক এবং প্রাচীন চিকিৎসক সকলেই জ্বরে क्रेनारेन वा वार्क महम श्रेयाधत श्राज षश्चक, उथन উहात्र माजा वित्वहमा ক্রিয়া প্রয়োগ ক্রিতে পারিলে ক্থনই অনিষ্ঠাপাতের আৰ্থকা নাই।

সেইরপ আভাস্তরিক ক্রিয়াকে যত শীঘ উরেজিত ও বলবতী করিতে চেষ্টা কর। যাটবে উহা শীঘ ধবংস প্রাপ্ত হটবে ! **এই জনাই** श्रांतीन श्रावता व्यक्तित লিথিয়া গিয়াছেন যে ব্ৰহ্মাণ্ডে যে সকল শাবীরিক ধর্ম বিদামান আছে। মদ্য পান করিলে ভাহারা ক্ষণকালের জন্য অনৈ-সর্গিক রাপে উত্তেজিত হয়: কিন্তু তাহা-উত্তেজনা শক্তি অবিলম্বেই তিরোহিত হটয়া আবার স্বভাবের ক্রি-য়াতুদারে মদাপান দারা শরীর যত দুর পর্যাস্ত উত্তেজিত হইয়াছিল পুনর্কার সেই পরিমাণে অবসমতা প্রাপ্ত হয়; আবার স্বভাবকঃ ক্রমে ক্রমে স্বাস্থ্য লাভ করে। কিন্তু স্থাপান করিবার অগ্রে শরীরে যে রূপ যান্ত্রিক কার্যা নির্বাহিত হইত একণে তদপেকা অনেক নানতা প্রার্থ হয়।

সেই রূপ মাত্রাধিক ঔষধ প্রয়োগ করিলে শরীরের পোষণ ক্রিয়া দূরে থাকুক
বরং ভদ্ধারা অনিপ্তই ঘটিয়া পাকে।
আবার সবল শরীর অপেকা ছর্বল শরীরে
ঔষধের ক্রিয়া, অভালতেই প্রকাশ পায়;
বিশেষতঃ বাহাদের সামু ছর্বল ভাহাদের
শরীরে স্বায়ু-উত্তেজক ঔষধ এত অল মাত্রায় কার্য্য-কারক হয় যে ভাহাদিগকে
চিকিৎসা করা অভীব হঃসাধ্য হইয়া
উঠে। একালে অধিক মাত্রায় ঔষধ
সেবিত হইলে যে ফল দৃষ্ট হয় সেই ঔষধ
অল্প মাত্রায় প্রাং পুনঃ ব্যবহান্ত করিলে
সেই ক্রপ ফল দেখিতে পাওয়া বায়। আর্শনিক, ষ্টিক্নিয়া ইত্যাদি বীর্যবান ঔষধ

যদি অল্প মাত্রায় একাদিক্রেমে এক সপ্থা-হের অধিক কাল ব্যবহার করা যায় তাহার বিষের চিত্র ক্রমেই ভূত इंडेएड शिक । এই छेयभ वस ना बाबित्न श्रमान घरिवात সম্ভাবনা তিবেই দেখা যাইতেচে य वीर्यवान छैयन अधिक माजांग श्रयुक হইলে যেকপ'কাৰ্য্য কৰে উহা অপপ মাত্রায় ক্রমে ক্রমে প্রদান করিলেও সেইরপ ফলইপ্রেস্ব করিয়া থাকে। বিজ্ঞ সহসাএকটা বলবতী ক্রিয়া শরীরমধ্যে উৎপাদন করিলে তাহাতে শরীর বিনষ্ট ह्य ।

অল্লমাত্রায় উষণ প্রয়োগ কবিলে তাহার ক্রিয়া ধীরে ধীরে আবিভূতি হইয়া
অধিক সময় পর্যাস্থ বর্তমান থাকে। যে
পর্যাস্থ সেই মাত্রার ক্রিয়ার হ্রাস না হইতে
থাকিবে তাবৎ আরে, ঔষধ দেওয়া স্থবিহিত নর্গে। এই জন্য প্রাচীন বৈদ্যেরা
অধিক সময়েই (বিশেষতঃ প্রাতন
রোগে) দিবসে ছইবার ঔষধ ব্যবহার
করিতে ব্যবস্থা দিয়া থাকেন; তবে যেখানে শীঘ্র প্রমাদ ঘটিবার সম্ভাবনা, সে
ছানে অধিক মাত্রায় পুনঃ পুনঃ ঔষধ
প্রয়োগ করা আবশাক।

পুরাতন ভারতের চিকিৎসা-প্রণালীর সাধারণ তত্বত্ই একটী—এইস্থানে সন্নি-বেশিত হইল। অধিক লেখা আমাদের অভিপ্রেত নহে। বাঁহারা এ বিষয় সমাক্ অবগত হইতে ইচ্ছা করেন তাঁহারা গুঞ্জত পাঠ কর্মন। এই পুস্তক সাধারণের জন্য

অञ्चानिक इटेरक्टि। यनि অম্বদেশীয় ভদ্রসন্তানগণ জাঁহাদের পূর্ব্ধ-পুরুষগণের চিকিৎসা-সম্বন্ধীয় গবেষণাম প্রবৃত্ত হইয়া এক প্রকারে ট্রা গ্রন্থানি সমগ্র পাঠ করেন তাহা হইলে নিশ্চয় দেখিতে পাইবেন যে শ্বেতপু ক্ষদিগের অপেকা তাঁহাদিগের বুদ্ধিশক্তি ও চিন্তা-শক্তি কোন অংশেই ন্যুন ছিল না। জাঁহা-দিগের প্রকটিত পুস্তক পাঠ করিলে, তাঁহা-দিগের প্রথর তর্ক শ্রবণ করিলে, ও গভীর অনুসন্ধান করিলে নিরীক্ষণ মানা বিজ্ঞান সম্পন্ন আর্যাদিগকে কতা-নির্বিশেষে পূজা করিতে কাহার না ইচ্ছা হয় ? তাঁহাদিগের গভীর উপদেশ-নিচয় অশ্বিনীকুমার কিম্বা ধনান্তবির **छे**পদেশের নাায় অলজ্यনীয় বোধ হয়। যথন সমস্ত পৃথিবী অজ্ঞানান্ধকারে আচ্ছর ছিল, সে সময়েও অন্যদেশীয় পণ্ডিতগণ জ্ঞান-জ্যোতিতে ভারত্ব আলো-কিত করিয়াছিলেন। যথন চরক ও শুক্তত প্রভৃতি শাস্ত্রে ঔষধ সকল আবি-**জার করিয়া পরমপৃজ্ঞ্য আর্য্য-চিকিৎসক-**গণ, আর্য্যাবর্ত্ত হইতে রোগনিচয় দুরীকৃত করিয়াছিলেন, তথন পাশ্চাত্য বৈদ্য-শিরোমণি হিপক্রিটিসের জন্ম পর্য্যস্তও इस नाहे। यहि अतीव्राक नीताश कताहे চিকিৎসা-শাসের উদ্দেশ্য হয়. ইহা গর্ক করিয়া বলা যাইতে পারে যে व्यामानिटगंत्र शूर्क शूक्षरागं यखनूत छेर-কৰ্ষ 'সাধন ক্ষিয়াছিলেন, তদপেকা অদ্যার্পি কেহই কি মুনাত্রও উন্নতি ক্রিতে

পারেন নাই। কেহ কেছ বলেন বে প্রা-होन व्यार्याता खेवधव्याताता **छ**्क्र वरहेन কিন্তু তাঁহাদিগের অস্ত্র-চিকিৎসার বিশেষ নিপুণতা ছিলনা। দেহতত্ব সম্বন্ধে ও ব্যবক্ষেদ বিদ্যায় পুরাতন হিন্দুদিগের অপেকা নবা পাশ্চাতা ডাক্তারদিগের দক্ষতা আমি অস্বীকার করিনা, কিন্তু যাহারা আর্ঘ্য ভীষক্দিগকে চেছদন-কার্য্যে অনিপুণ বলেন তাঁহায়া বোধ হয় শুক্তত গ্রন্থ সমাক পর্যালোচনা করেন নাই। যাঁহারা একস্থানের মাংস , অন্য সংযোজনা করিতে পারিতেন. ভগ্নভান্থি বিবিধ কৌশলে প্রকৃতিন্ত করি-তেন, ও ঘাঁহারা চ্ছেদন ব্যাপার সম্পাদন জন্য বিবিধ প্রকারের অসংখ্য ছরিকার সৃষ্টি করিয়াছিলেন, জাঁহাদিগকে শস্ত্র-চিকিৎসায় অপারদর্শী মনে করা কতদর সঙ্গত তাহা বলিতে পারা যায় না। বহু-কালাবধি অস্থাদেশে আয়ুর্বেদ শাস্তের আলোচনার অভাব হইয়া আসিতেছে; রাজপ্রসাদ অভাবে কবিরাজ মহাশয়েরা মৃতশরীর ছেদন পূর্বক ব্যবচ্ছেদ কার্য্য শিক্ষা করেননা, তথাপি আজিও এক এক জন ডোম ডাক্তার চক্ষুর ছানি তুলিতে অনাবিধ দেশীয় চাকুষ অন্তক্রিয়ায় এরূপ নিপুণতা প্রকাশ করিয়া থাকেন যে শুনিলে বিস্ফাপর হইতে र्भ ।

ম্নিগুণ আমাদিগের দেশীয় ঔষধ সকল যত দ্ব সম্ভব পরীক্ষা করিয়াছি-লেন। আমাদিগের শরীর ও ধাতুর

বলিয়া বোধ হয় না। এক ণকার বাসালি আসিষ্টাণ্ট সার্জনেরা যদি পুরাতন বৈদাদিগের গ্রন্থ 'অবলোকন পূর্ব্বক উভয় মত পরীকা করতঃ দেশ কাল ও বোলীর বলাবল বিবেচনা করিয়া ঔষধ প্রয়োগ করেন ভাষা হইলে ভারত-वानी मित्रात यञ्जभात लागव इरेवांत मञ्जा-

বিষয়, তাঁহারা বিশক্ষণ অবগত ছিলেন।

তাঁহাদিগকৈ একেবারে উপেক্ষা করিয়াকে-

वल चित्र आछीय मृत्रम्भवागीमिरगत का-

ৱাই চিকিৎসিত হওয়া স্বিবেচনার কার্য্য

ভারেও কাতর হইতে হয় না।

বনা। এবং অনর্থক তাঁহাদিগকে বায়-

দ্বিতীয় পরিচেছদ।

ष्यग्रद्धारम त्य व्यनानी করিয়া চিকিৎসা করিবার উপঁদেশ আছে ভাছা এক প্রকার ব্যাখ্যা করা হইল। এইকণ হোমিয়পাথি নামক নবোদ্ভাবিত চিকিৎসা সম্বন্ধে অনুসন্ধান করিতে আমরা প্রবৃত্ত হইলাম। পূর্কেই উক্ত হইয়াছে ফে এলোপাথি চিকিংসা বিশেষ ফল-প্রদ নহে। হানিমন নামক একজন স্থাপিদ্ধ ডাক্তার এইমতে চিকিৎসা করিতেন, কিন্তু কিয়ৎকাল পরে ইহাতে বিশেষ উপকার না দেখিতে পাইয়া এলোপাথির উপর তাঁহার ঘোর বিদেষ ও অশ্রদ্ধা উপস্থিত হইল।

তিনি এইরূপে সাত পাঁচ ভাবিতে ভাবিতে একদা স্থ শরীরে কুইনাইন স্বন করিয়া জ্বাক্রাস্ত ইইলেন। তদ-

বধি তাঁহার এই বিশ্বাস জ্মিল যে কুই-नारेन अठास त्रवत्न खुत्र रह विनिशाहे ইহা বারা জর আনরোগ্যও হইয়া থাকে। এই সিদ্ধান্ত নিঃসম্পেহ রূপ স্থির করি-বার জন্য অন্যান্য কণেক ব্যক্তিকে নিকোনাসার সেবন করিতে দিলে, তদ্ভ-কণে তাঁহাদিগের শরীরেও জার উপস্থিত হইল। এই বাাপার প্রভাক্ষ করিয়া भरन कतिरलन ऋक भतीरत रय উবৰ অধিকমাতায় প্রয়োগ শরীরে যেরূপ বৈলক্ষণা দৃষ্ট হয়, यদি স্বাভাবিক পীডার সেই সমস্ত লক্ষণ বৰ্ত্তমান থাকে তাহা হইলে ঐ ঔষধ সেবনে शीषा छेलभासः इहेरवः। वक्रकालाविध বিপরীত দারা তদিপরীতের উপশমন. (কণ্টে বিয়া ক •ট রিবস্ কিউরেণ্টর) এই বিধি চলিয়া আসিতেছে; কিন্তু হানিমন-উদ্ভাবিত নৃতন মতে জন্মরূপ দ্বারা অনু-পের উপশ্মন (নিমিলিয়া নিমিলিবিস ফিউরেণ্টর) প্রণালী অমুদারে চিকিৎসা কার্যা সম্পন্ন হওয়া কর্ত্তবা। স্বস্থশরীরে विषयांक विष (Nux Vomica) व्यक्तिक-মাতায় সেবন করিলে পকাঘাত রোগ উৎপন্ন হয়, অতএব পক্ষাঘাত রোগে উহা মহৌষধি। এইমতে লগাম্বিচে পিত্ত-নাশ; ক্রবর্বে অতিসার দমন, ও অহি-क्टिन उदके छेई (तांश नहें इस । हानि-মন সিকোনা বাজীত আরও কডক গুলি ঔষধ পরীকা করিয়াছিলেন, ভাহাতে তাঁহার পূর্ব্ব সিদ্ধান্ত আরও বন্ধমূল रहेन।

এই নৃতন মতে ঔষধি শরীরাভ্যস্তরে কিরপ কার্যা করিয়া 'রোগ দুরীকরণে সমর্থ, তাহা আমরা হানিমন-প্রকা-শিত কোন গ্রন্থে দৃষ্টি করি নাই, কিন্তু স্চরাচর এইমতাবল্ধীরা নিম্নলিখিত রূপ ব্যাখ্যা করিয়া থাকেন দ ''ঔষধের পরীক্ষা দ্বারা প্রকাশ হয় যে প্রত্যেক ঔষধেই এক একটী স্বঙাবদিদ্ধ পীড়া আনীত হয়। যদাপি এই ঔষধ জনিত পীড়া স্বাভাবিক পীড়ার সদৃশ হয়, তাহা হইলে ইহাও শরীরের অন্তর্গত সমীপার কার্যোর জন্য উৎপন্ন হইবে। যদি ক্লাডাৰিক পীড়ার উপরে আমরা ममान लक्क न- विभिन्ने धकति छेवन स्वितिक পীড়া উত্তেজিত করিতে পারি, ভাহা হইলে স্বাভাবিক পীড়ার সমস্ত অংশই वृक्षि इहेटव नत्मह नाहे, य टिक् উভয় বিক্ততি কাৰ্য্যই সমভাবাপন। স্কুতরাং এই ঔষধ জনিত পীড়ার সংযোগ হওয়াতে ঔষধের স্বভাবনিদ্ধ প্রতিক্রিয়া উদাম, শরীরের প্রতিক্রিয়া উদামের সহিত সংমিলিত হইবে.— যে হেতু উভয়ই সমভাবাপশ্। বছ-দর্শিতা দারা আমরা জানিতে পারি যে পীড়া ওয়ধ-জনিত অলমাত্রা ঔষধ সেবনে উত্তেজিত ছইলে সহজেই শারীর দারা পরাভূত হয়; এবং দরীরের যে ষ্মবস্থাতে এই আরোগা সমাধা হয় সেই অবস্থা আরোগোর পরেও কিছুক্ষণ অব-স্থিতি করে। এই অবস্থা শরীরের প্রতি-ক্রিয়া অবস্থা, এবং ঔষধ-জনিত পীড়ার

আরোগ্যের জন্য স্বাভাবিক আরোগ্য উ-দ্যমের অবশিষ্টাংশমাত। গ্রাভাবিক ও ওরধ-জনিত পীড়ার পরস্পর যোগ হইলে ঔষধ-জনিত পীড়ার প্রতিক্রয়া-উদামের এই অবশিষ্টাংশ, স্বাভাবিক পীড়া জানিত অসম্পূর্ণ প্রতিক্রিয়াতে সংযোজিত হয়. যে হেতু উভয়-পীড়া-জনিত প্রতিক্রিয়া উত্তেজিত শরীরের একস্থানে স্থাভাবিক এবং ঔষ্ণ-জনিত পীড়া ভিন-সভাব সম্পন্ন হইলে ইহা न ए । धक्रा मक त्वा है खड़ी कि इहेर व যে ঔষধের পরবর্তী কার্যা সাধন रुग्न. দৈহিক প্রতিক্রিয়া-উদায় উত্তেজিত করিব তাহা এই পরবর্ত্তী কার্যা দারাই সাধিত চইতে যতক্ষণ প্রতি-ক্রিয়াশক্তি ক্ষীণ্ডা জন্য পীড়া দুর করিতে আঁক্ষম, ভতক্ষণ ইহা শরীয়ে অবস্থিতি করিতে পারে, প্রতি-ক্রিয়া শক্তি বলবতী হইলেই তৎক্ষণাৎ পীড়া বিলুপ্ত হটবে। এই বল আমরা **সমকার্যা-বিশিষ্ট** ঔষধ দ্বাবা করিতে পারি বলিয়া "বিষ্যা বিষ্মৌ-वंधः ' वावष्टाञ्चमादा ममकादी-विभिष्टे ঔষধ আবিষিয়া করিতে পারিলেই কুচ্ছ-সাধ্য পীড়ার প্রাহর্ডাব-ভন্ন ও পীড়ার সম্ভাবনা দূর হইভেছে।" (১)

(>) ইহা বিখ্যাত চিকিৎসক প্রীয়ক্ত বাব্ বিহারী লাল ভাছড়ী কর্তৃক ক্বভ ''চিকিৎসা বিজ্ঞান'' হইতে উদ্ভ করা হইল।

बहे वाथा **अ**श्रमात প্রতিক্রিয়া ছারা যদি হোমিওপাথি ঔষ্ধে রোগের বিনাশ হয় তাহা হইলে এলোপাথি ও আয়ুর্বেদের মূলে কুঠার পতিত হইল। ধরম্ভব্লির কাল হইতে প্রাচীন চিকিৎ-সকদিগের পরিপ্রম মাত্র খেষ। ও চরক আপন আপন গ্রন্থ প্রকাশ করিয়া কৈবল রোগের রদ্ধি করিয়াছেন। তাঁহা-দিগের বারা মানব জাত্রি কিছুমাত্র উপকার হয় নাই। যাঁহারা আয় কেন মত ও হোমিওপাথি চিকিৎসার এই বাাধ্যা সমাক পর্যাবেক্ষণ করিয়াছেন তাঁহারা অবশ্যই একবাক্যে श्रीकांब कतिरवन, यमि न्वाग्रं हिकिएमाञ्चर्गा-লীতে প্রতিক্রিয়া দারা রোগ নিরাময় হয় তাহা হইলে এলোপাথিতে অবশাই উহার বৃদ্ধি ছইবে: কিন্তু থখন আমরা ঐ ব্যাপার প্রত্যক্ষ দেখিতে পাই-তেছি না তথন এই ব্যাখাতে আমরা সহসা অসুমোদন করিতে পারিনা। আয়ুর্কেদজ পতিতদিগের ন্যায় ইহা-রাও আমাদিগকে স্বভাবের কর্মচারী বলিয়া পরিচয় দিয়া থাকেন। সকলেই **(मिथ्रांट्स्न (य अद्रध-टेडन (म्वन** করিলে বিরেচন ক্রিয়ার পর ধারকতা রূপ প্রতিক্রিয়া আসিমা উপস্থিত হয়। नम् छ छेव्य चांबारे मानवभवीद्व भर्ताप्त क्राय এই किया ও প্রতিক্রিয়ার উদয় छ-हेबा शारक। हैँ हानिरशत मर्छ ध्वकृष्टि. অবিকল এইরূপ প্রতিক্রির বলেই রো-পের হস্ত হইতে মুক্ত হইয়া থাকেন।

নংগত প্রণালীতে নিতাম অল্লমাতায় खेवध क्षांच बहु वा थारक। श्राटिक श्राद উত্তেজনাড়েই রোগ আরোগা উল্লিখিত হোমিওপাথি ব্যাখাঁতে প্রতি-ক্রিয়া বেরূপ অর্থে প্রযুক্ত হটয়াছে তাহাতে , বোধ হয় ভাহড়ি মহাশ্য রোগের বিপরীত রোগ বঝাইবার জন্য এই শব্দটী প্রয়োগ করিয়াছেন: যথা বিরেচক ঔষধির প্রতিক্রিয়া ধারক হওয়া কিন্তু প্রকৃতি এইরূপ প্রতিক্রিয়া দার। রোগ হইতে অব্যাহতি পান কি না তৎপক্ষে বিশেষ সন্দেহ আছে। বিক সবল শরীরে এরও তৈল দারা বিবেচনের পর যে পরিমাণে ধারকতা রূপ প্রতিক্রিয়া উপস্থিত হয় তদপেকা হৰ্মণ শরীরে সেইরূপ প্রতিক্রিয়া অধিক পরিমাণে অধিকক্ষণস্থায়ী হইয়া থাকে। স্বাস্থ্যরক্ষণী ক্ষমতা ও এই প্রতিক্রিয়া সমাক বেভিন। একটা বৃক্ষশাথাকে নত করিয়া ছাডিয়া দিলে - যে ক্ষমতা দারা,সে পূর্বাবস্থা প্রাপ্ত হয় তাহাকেই স্বাস্থ্যরক্ষণী শক্তি বলা যাইতে, পারে। স্বস্থানে দুঢ়ুরূপে অবস্থিত হইবার পুর্বে উহাকথঞিং স্বকীয় স্থান অতিক্রম করি-য়াও যে দিকে নত হট্য়াছিল বিপরীত দিকে গমন করে। স্থান অতিক্রম করত বিপরীত মুখে গমন করাইবার শক্তিকে ভাত্তি त्वां रत्र श्राकिक्षा व्यापा श्रामि कति-शांह्न। यनि अ वाशुत्रकृषी मंकि कियात বিপরীত বলিয়া উহাকেও নাায়-সঙ্গত

প্রতিক্রিয়া আখা প্রদান করা বাইজে পারে; তথাপি রোগের বিপরীত নোগের সহিত খান্থারকণী ক্ষমতার বিভেদ করিবার জনা একটাকে খান্ডান রক্ষণী শক্তি ও অপরটাকে প্রতিক্রিয়া বলা বোধ হর অসকত হর না।

इष्ट ७ विष्ठं भन्नीत्त गथन स्वा छ চুর্বল শরীর অপেক্ষা প্রতিক্রিয়া অল শরিমাণে দৃষ্ট হয় তথন এই প্রতি-ক্রিয়াকে স্বাস্থ্য শ্রত্যাবর্তনের মূল উপায় বলিয়া নির্দেশ করা কত দূর যুক্তিসিদ্ধ তাহা আমরা খণ্প বৃদ্ধিতে বৃথিতে পারি না। আবার ক্রিয়া শরীরে অধিক পরিমাণে উত্তেজিত না হইলে প্রতি-ক্রিয়ার কার্যা দৃষ্ট হয় না; তবে অনুমাত্র छेवथ आद्यारण (य किया च्यम्भा वीकिया প্রতিক্রিয়া শরীরে সজ্বটিত হয় তাহা-ইবা কিরুপে প্রমাণীরত হইল ? হয় হোমিওপাথি চিকিৎসকেরা বলি-বেন যে ইছার উত্তর সহজ। অধিক পরিমাণে ঔষধ সেবন করিলে অধিক প্রতিক্রিয়া দৃষ্ট হয়, ঔষধের অনুমাত্র সেবনে অমুমাত্র প্রতিক্রিয়া ঘটিয়া থাকে। ক্রিয়া অতাল হওয়ায় উহা সমাক্ দৃষ্ট হয় না। কিন্তু প্রতিক্রিরার ভাগ উপর্যু-পরি বর্দ্ধিত হওয়ায় উহা দৃষ্ট হয়। 💉

কতকগুলি বস্তু সমবেত হইয়া যথন কোন ক্রিয়া সাখন করে, তথন প্রত্যেক বস্তই ঐ কার্য্য সম্পন্ন করিতে কিঞ্চিৎ কিঞ্চিৎ সাহায্য ক্রিয়া থাকে, তাহাতে সন্দেহ কি ৪ কিন্তু উহারা সমবেত হইয়া

মধ্যে প্রভাকেই একাকী সেই কর্মের किश्रमः कतिए मंगर्थः धरे जान योका নিতান্ত অসমত, শত জন লোক একতে ৮০ মদ পরিমিত এক প্রকাণ্ড প্রস্তব্ধ খণ্ড শত হাত উর্দ্ধে উত্তোলন করিল। একং বে জিজ্ঞাসা এই যে: ইহাদিগের মধ্যে এ-কাকী কেছ অনোর সাহায় উপেক্ষা করিয়া ঐ প্রস্তরণত এক হতে উত্তোলন করিতে সমর্থ কি না ? কথনই সম্ভাবিত নহে। দুর ছইতে একটী বন অবলোকন कतित्व भागवर्ग भवनगृह पृष्टे द्य ; किन्छ উহাদের মধ্যে প্রত্যেকটা সমস্ত পত্র একত্রে আমাদের দর্শন ব্যাপার ঘটাইতেছে: কিন্তুহিরার কোনটাই স্বয়ং ঐব্যাপারের কিয়দংশও সম্পন্ন করিতে जनमर्थ। वकु छः अधिक পরিমাণে ঔষধ সেবনে শরীরে প্রতিক্রিয়া দৃষ্ট হয় বলিয়া ঐ ওষধ অমুমাতায় সেবন করিলে কথ-ঞ্চিৎ প্রতিক্রিয়া উদ্দীপ্ত হইবে-এই-রূপ অনুমান করা যায় না। একটা কারণ কোন কার্য্য উৎপন্ন করিয়াছে বলিয়া. উহার অর্দ্ধ পরিমিত কারণে ঐ কার্যোর অদ্ধেক সংসাধিত হইবে ইহা যুক্তিসিদ্ধ भट ; देश्त्राक कां जि देशांक Fallacy of Division देखन ।

ক্রিয়ার অপেক্ষা প্রতিক্রিয়া দাধারণত পরিমাণে অর ও স্বরক্ষণস্থারী। পটলের মূলে ষেরূপ ভয়ানক বিরেচন ক্রিয়া উপ-স্থিত হর,ভাহার সহিত্ত উহার প্রতিক্রিয়ার তুলনা করিলে ঐ প্রতিক্রিয়াকে নিতাম্ভ

অলকণস্থায়ী ও মুত্ন বলিকা বোধ হইবে। याहा रता इहेन-जाहा यनि मका हम, जाड़ा হইলে ভাগুড়ি মহাশবের তর্কের মূল চ্ছে-দিত ছটল। সাম্বারক্ষণী শক্তি অপেকা বাধির কারও বলবান্না হইলে শরীয় পীড়িত হয় मा। মনে কর স্বান্থ্য দংব-র্দ্ধনী ক্ষমতা 🕏, ও রোগের বল ১০, হোমিওপাথিক নিরমান্ত্রদারে রোগীকে ঔষধ সেবন করান হইলে তাহার শরীবে ঔষধ-জনিত পীড়া উত্তেজিত হটল। উহার বল ২, ও ঐ ঔবধ-পীড়ার প্রতিক্রিয়ার বল ١. সর্বাসমেত পীড়ার বল ১২ এবং স্বাস্থরক্ষণী শক্তি ও ঔষধজনিত প্রতিক্রিয়ার বল একরে 👟। এই প্রতিক্রিয়া হারা হাস হইয়া পীড়ার বল ৬ রহিল; আর ঔষধক্রিয়া ও প্রতিক্রিয়া যদি উত্তেজিক না হইত তাহা হইলে কেবল স্বাস্থ্য-প্রবর্তনী শক্তি দারা হাস হটয়াপীড়ার বল ৫ হইল অর্থাৎ পূর্বের পীড়া যাহা ছিল অল্পমাত্রায় পীড়ার সমধন্মী ঔষণ ব্যবহারে পীড়া তাহা অপেকা অলপ বৃদ্ধি পাইল; এই-রূপে ক্রমান্বয়ে ঔবধ সেবিত হটলে बाधि बारतांगा ना इहेबा वतः विक्रिक হইবে। সাধারণ বুদ্ধিতে যাহা অমুমিত হয়, যুক্তিতেও তাহাই হইল; অর্থাৎ রোগীর সমধর্মী ঔষধে রোগ বৃদ্ধি পা-ইল। ভাত্ডী মহাশয় হয়ত বলিবেন যে তিনি পূৰ্বেই ৰলিয়াছেন ঔষধ-পীড়া নিতান্ত অল্প হওয়া প্রযুক্ত স্বভাবের বলে উহা ৰতঃই হাদ হয়। তাহা হইলে

প্রতিক্রিয়া একের দ্বারা মূলয়োগ নাশের সাহায্য হইতে পারে। স্বভাবের বল বারা বদি ঔষধ-জনিত পীড়ার হাস হয় তাহা হইলে দ্বাস্থা-প্রবর্তনী শাক্ত ক-মিয়া যাইবে। স্বভাবের বল ৫—ঔষধ-পীড়া ২ — স্বভাবের বল ৩ । ঐ ৩ প্রতিক্রিয়ার সহিত যুক্ত হইলে ৪ হইল। মূল পীড়ার বল ২০, অতএব পীড়ার বলের আদিক্য ৬ বহিল, অর্থাৎ অর্থা যেরূপ সিদ্ধান্ত হইয়াছিল এক্ষণেও তাহার অন্যথা হইল না।

- ঔষধ-প্রতিক্রিয়া শরীরে উত্তেজিত ক-রিয়া যে পীডার আরোগা হয় না তাহা আর একটি বিষয় বিবেচনা করিয়া দে-থিলে সহজেই সমাক প্রতীতি হইবেক। অধিক পরিমাণ কুইনাইন সেবনে যে জর শরীরে প্রকাশিত হয়, প্রতিক্রিয়ামত সভা হইলে ঐ কুইনুইন্ অনুমাতায় সেবনে জরের অরোগ্য হইবে। কেমনা উহাদারা ঔষধ জনিত পীড়া ও তাহার প্রতিক্রিয়া উত্তেজিত হইলে জনিত রোগ নিতান্ত অল হওয়ায় স্বভা-त्वत्र वरण चलःहे ध्वःम প্राश्च हर्हैत्व. এবং প্রতিক্রিয়ার বলে মূল রোগ কথঞিৎ ্নিরাময় হইবে। এইরূপে বারম্বার অফু-মাতায় কুইনাইনু সেবন করায়া রোগীর অবশেষে স্বাস্থ্য লাভ করিবার সন্তাবনা; কিন্তু এইরূপ প্রতিক্রিয়ায় রোগ বৃদ্ধি পায় বলিয়া হোমিওপাথিক চিকিৎ-সকেরা কুইনাইন প্রয়োগ করা উচিত মনে ক্লুরেন না। উছার বিপরীত-গুণ-

সম্পন্ন (Antidote) ঔষধ সেবন কবাইয়া রোগ আরোগ্য করণের উ-থাকেন। প্রতিক্রিয়ার দারা রোগ যদি আরোগা হইত তাহা হইলে শীতল ক্রিয়াম পিওবৃদ্ধি ও উন্ম ক্রিয়াদ্বারা শ্লেমার সঞ্চার হওয়াই সন্তা-বনা। পিপপলী ও শুগী প্রভৃতি কটু-রসাত্মক দ্রব্য কর্ত্তক কফের হানি না इटेबा वबक वृक्ति इटेरव। आंब्र (व्यक्ति। মুঘায়িনী চিকিৎসায় রোগের বিপরীত-গুণ-সম্পন্ন ঔষধ প্রয়োগে পীড়ার উপ-শমের কিছুমাত্র সম্ভাবনা থাকিতে না; বস্তুত: ক্রিয়া ও প্রতিক্রিয়া উভয়ই বিপরীত-ভাবাপর বলিয়া প্রতিক্রিয়া দারায় চিকিৎসার কিছু মাত্র একতা নাই। ইহার মধ্যে একটি প্রণালী সত্য হইলে, অন্যতম প্রণালী অবশ্যই মিথা। ইইবে; স্কুতরাং যদি আয়ুর্কেদ মতে চিকিৎসায় কোন রেংগ দুরী-ভুক্ত হয় তাহা হইলে হোমিওপাথি মতে চিকিৎসিত হইলে উহা কথনই নিরাময় ছইবে না।

তবে কি হোমিওপাথি মত কারনিক ? ইহা বারা কি তবে কিছুমাত্র
উপকার হয় না ? এই প্রশ্নের উভরে
কেহ কেহ হয়ত বলিবেন, যে—প্রতিক্রিয়া মত অসত্য হইলেও হোমিওপাথি
চিকিৎসার প্রতি আমরা অবজ্ঞা করিতে
পারি না। ক্রারণ এই নবাগত মতে বিচক্রণ চিকিৎসক ঘারা চিকিৎসিত হইয়া অনেকে ভয়ত্বর রোগের হন্ত হইতে পশ্নিত্রাণ

পাইতেছেন। বস্ততঃ আমি স্বয়ং হোমিও-পাথিক ঔষণ বভবিধ রোগে পরীকা করিয়াও আশাতীত ফললাভ করিয়াছি। চিকিৎসক-দর্প থর্ব-কারী বিস্টিকা রোগে যে ইহা দারা অপেষ উপকার হইয়া থাকে তাহা এইক্ষণ मकल्बर श्रीकांत कविया शाक्त। आयु-র্বেদ শাস্ত্রে এইরূপ চিকিৎসায় যে সমুদায় ঔষধের কল্পনা দেখা যায়, হোমিও-পাথিতে সেই সমস্ত বিদামান রহিয়াছে। আমবা উহার প্রথম অবস্থায় কপুরারিষ্ট প্রভৃতি পাচক ঔষণ বাবহার পরিয়া নবাগত মতাবলম্বীরাও সেই অবস্থায় স্পিরিট ক্যাক্ষার সেবন করিতে উপদেশ দিয়া থাকেন। ইহার পরক্রমে যথন প্রকৃত ওলাউঠার জীবন-সংঘাতক ভেদ-বমি ভইতে সংক্ষাচ-অবস্থায় পরিণত হয়, তখন বৈদ্য-শাস্ত্রাত্মসারে স্চিকাভরণ, কস্তুরিভূষণ প্রভৃতি উত্তে-জক ঔষধ নিচয় সেবন করাইতে বিধান আছে। হোমিওপাথিকেরাও ঐ অবস্থায় আদেনিক, কোব্রা প্রভৃতি ব্যবহার कत्रियां थोटकन।

পূর্বেই আমরা বলিরাছি যে হোমিওপাথিক ঔষধ সেবনে রোগ আরোগ্য
হইতে আমাদের দৃষ্টি-গোচর হইরাছে;
কিন্তু প্রত্যক্ষ পরীক্ষার প্রথমে ইহা দারা
পীড়া বৃদ্ধি হইরা পড়ে, আরোগ্য হইতে
ভামরা দেখিনাই। বস্ততঃ ইহা দারা
রোগের বিক্লদ্ধ ভাষাপন্ন ক্রিবার পীড়িভ
ব্যক্তির শরীরে উঠিছেভিত হইরা রোগ

नित्रामय हरेया थात्क। धाराता विवस्य षासूनकान कतिए हेका करतन. रहामिछ-পাথিক ঔষধ ব্যবহার করিয়া দেখিলে ইচা সহজেই মীমাং সিত হটতে পারিবে। ফলকথা এই সভা বিষয়টী অনেকেই প্রতাক্ষ করিয়াছেন, কিন্তু প্রতিক্রিয়া মত পাছে মিথা৷ প্রমাণ হয়, এই জনাই হউক অথবা অন্য কোন কারণেই হউক. হোমি ওপাথিক ডাক্তারদিগের মধ্যে এক সম্প্রদায় বলেন যে ঔষধ অনুমাত্রা সেবনে রোগীর শরীরে কেবল প্রতিক্রিয়া উৎপুর হট্যা থাকে, ইহামারা ক্রিয়া উত্তেজিত হয় না। ক্রিয়ার অভাবে কি-রূপে প্রতিক্রো সম্ভব হয় তাহা সমাক অমুধাবন করা আমাদের সংস্থীণ বুদ্ধির लाहत नरह। अधुमाद्या खेयथ त्मवतन ক্রিয়ার উৎপত্তি না হইয়াই প্রতিক্রিয়ার मकात इत्र, देशं नां विलया-- किया नि-তাস্ত অল স্ওয়ায় উহা দৃষ্ট হয় না; কিন্তু প্রতিক্রিয়ার উৎপত্তিতে ক্রিয়ার পূর্ব্ব-স্থিতি অমুমান করিতে হইবে—প্রতি-ক্রিয়ার মতাবলম্বীরা যদি এইরপ বলি তেন, তাহাহইলে তাঁহাদিগের বিশাস-যোগা না হউক কথঞ্চিং বোধ-প্ৰা হইত। সভাকে অসভা করিয়া। অসত্য সমর্থনের জনা এত প্রয়াস পাট-বার প্রয়োজন কি ? বস্তুতঃ হোমিয়পাথিক ঔষধ রোগের বিপরীত জিলা সংস্থাপন করিয়া পীড়া তিরোহিত করে। সচরা-চর লোকে এলোপাথী ও বৈদ্যক মতের यिक्रण विद्रांश ভাবেন তাহা मुम्मुर्व खन्।

क्रो-वद्मल-धाती ব্রহ্মচর্য্য-পরায়ণ চিন্তাশীল আর্গোঃ কোন একটা নতন বিষয় উদ্ভাবন করিবার জনা সংসারের কোলাহল পরিত্যাগ ष्पत्रगा मधा পৰ্ব হ-গুহায় আদীন হইয়া স্থবিস্তীর্ণ সংসার সাগরের হর্ভেদ্য ক্রিয়া-কলাপ নিবিষ্ট ধানি কবিতে করিতে আত্মজ্ঞান বিশ্বত इवेट वन । ইহাঁরা চিন্তার উপবিষ্ট ছইয়া মডোমগুল ভ্ৰমণ করিতে করিতে স্থামগুল হইছে সেই জ্যেতি-শ্বঁয় পদাৰ্থেৰ সাহায্যে সমস্ত গ্ৰহনক্ষত্ৰ 😘 কীটাতু হইতে মতুষা পৰ্যান্ত জীব সমূহের অন্তিত্ব স্পষ্টচক্ষে করিতে পারিকেন। পুরাকালের পরম পূজা আর্যা মুনি-ঋষিণণ, চিম্বার প্রভাবে তর্ভেদ্য অর্থলবদ্ধ নিবিড় তিমিরাচ্ছ# নির্জন কুটার মধ্য হইতে অভিপ্রেত পদাৰ্থ নিচয় অৱেষণ কৰিয়া আনিতেন। কি বিজান, কি সাহিত্য, কি দর্শন, চিকিৎসা-বিজ্ঞান, ধর্মাচত্ব, কি **এট সমস্ত বিষয়েব মধ্যে যে যে স্থান** च ठा छ क हिल, त्र त्य इ र्ड 🕪 विषय व हे ग्र পাশ্চাতা সভোরা অদ্যাবধি বিবাদ করিতেছেন, পুরাকালের আর্যোরা তত্তবিষয়েও চূড়ান্ত মীমাংসা করিয়া গিয়াছেন। মুনিঋষিরা 'হেতুবাধির্বিপ-ৰ্যন্তো ৰিপৰ্যন্তাৰ্থকারীণাং ৷ ঔষধান্ন বিহা-রাণাং উপযোগং স্থাবহং॥'' চিকিৎসা এই মহাবাকা স্থির आयुर्व्यम विकास উপদেশ मिया गियाट्य ।

contraria contraris curane similia similibus curan-এট মত সকলের স্ত্রপাতও হয় নাই। সমরে সমরে যে ঔষধ म कम সমণ্যী হটয়া রোগ বোগের করিতে সমর্থ হয়, তাহাও আঁহাদিগের নিকট অজ্ঞাত ছিলন।। ফলতঃ জরে পীডিত বাজির উদব ভক্ষা বস্তুতে পরিপূর্ণ। স্বাভাবিক বমনোবেগ থাকিলে শাস্তে মদন ফলের দ্বারা বাস্ত কার্য্য সমাধা করিতে বিধান আছে, কিন্তু এম্বলে রোগী ঔষধের ক্রিয়া দারাই আরাম প্রাপ্ত হয় প্রতিক্রিয়া দারা নহে। জ্বর রোগে জঠরাগ্রি নির্বাণপ্রায় হয়, তথন ভুক্তায় সম্যক পরিপাক না পাওয়ায় উদ্বের জিম্মা বমনোমেগ থাকে স্বতরাং ঐক্তলে বাস্তকার্য্য সমা-हिड इहेटल अजीर्जनिङ বোগের वृक्षि इहेवांत्र मुखावना थारकनार्र क्षेहे-স্থূলে বমনোদ্বেগ প্রভৃতি লক্ষণ যে প্রকৃত পীড়া ভাহাও নহে। অনেকেই জানেন যে স্ফোটক হইলে বসান অপেকা পাকাইতে চেষ্টা করা উচিত্ত. ফলত স্ফোটক অন্যান্যজাতীয় অনেক চর্মারোগকে বাস্তবিক পীড়া রূপে গণা ना कतिया भेतीरतत ख्राविध शीड़ा रुटेट मूक रुटेवात शांखांविक छेनाम বলিলে বোধ হয় অসকত হয় না। কারণ শরীরের রস্ ও ব্রক্ত ত্রিত रुखप्रात्र के छुड़े शमार्थनिहत्र (प्लांह-কাদি রোগ-বারা পূঁজরূপে নিশ্ত হইতে

यि • हर्षाद्राश সিদ্ধান্ত সত্য হয়, ভাহা ছইলে প্রজেপ व्यर्भका ब्रक्ट भाषक छेयध के वाधिए অনেক স্থলে প্রশন্ত। এইরূপে চিকিৎ-निত रहील आयुर्वनाक्यां दी (बारशव বিপরীত ক্রিয়া উচ্চীপন ছারা রোগ আরোগ্য হইবার সম্ভাবনা। এবস্তুত কারণ मुटि दोध इम्र इक ত ক্ষত রোগের ব্যোগ विविशा जागा करतम मा। यशिष्ठ প্রকৃত-পক্ষে বিবেচনা ক্রিভে হইলে স্বাস্থ্যের विभवीज बहेना बहिताई त्मरे बहेनातक রোগ আখা প্রদান করা যাইতে পারে. তথাচ যথন শারীরিক বিশেষ যন্ত্ৰের কাৰ্য্যের ব্যাদাত অগ্নিলেই व्यानक व्यानिष्ठे तक्षण युग्रश् পায়, তখন প্রতি লক্ষণকেই রোগ না বলিয়া ঐ যান্ত্ৰিক বিক্লভিকেই রোগ ব-লিলে চিকিৎসা বিজ্ঞানের পক্ষে অনেক উপকার হইবার সম্ভাবনা।

-00-

তৃতীয় পরিচেছদ।

বোধ হয় কেছ কেছ আপত্তি করিবেন যে, হোমিওপাথি চিকিৎসা অন্যান্য
চিকিৎসার ন্যায় রোগের বিপরীত ক্রিয়া
শরীরে উত্তেজিত কবিয়া প্রধানত রোগ
নাশ করিয়া থাকে — ইহা সভ্য হইলেও
হানিমান-উদ্ধাবিত চিকিৎসা-প্রণালী
অসভ্য বলিয়া প্রমাণ হইতেছে না।
কারণ যে ঔষধ অধিক মাত্রার সেবন
করিলে শরীরে অনিই লক্ষণ সকল প্রকাশ

পায় সেই ঔষধই অমুমাতা ব্যবহারে শরীরের বিশেষ উপকার হইতে পারে। যে বিষ অধিকমাত্রার জীবননাশক, তা-হাই আবার অনুমাত্রায় সেবন করিলে थांगवाशुरक मवन कतियां नर्ववाधि नि-र्या न करता मानव भंबीरत अक श्रियांग ঔষধ একদ্মপ ক্রিরা উত্তেজিত করে. আবার পরিমাণভেদে ব্যবহৃত সেই ঔষধই ঠিক তাহার বিপরীত ক্রিয়া चछाउँ एक भारत । আমি এই যক্তির প্রতিবাদ করিতে চাহি না। নতন ম-তের চিকিৎ দারুযায়ী ঔষধ রোগের বিপ-রীত-গুণদম্পার হটয়াই রোগনাশে সমর্থ হয়—ইংই প্রতিপর করা আমার উদ্দেশ্য। ष्यधिक পরিমাণে ঔষধ মানবদরীরে রো-গের সমধ্যী হয় কি না ভাল বিজ্ঞাববিৎ পঁতিতদিগের পরীক্ষাসাপেক किन धरे मछ नजा इहेरल अ यथन छ हात অমুমাত্রা (যে মাত্রায় রোগের নাশ ইইতেছে) শরীরে রোগের বিপরীত ক্রিয়া উৎপন্ন করিতেছে তথন প্রদত্ত ঔষধ ষে বোগের বিপরীত গুণ-সম্পন্ন হয় তাহা অবশাই স্বীকার করিতে হ-हेर्द। रा अवध अधिक माजांत्र राज्यन যে যে অনিষ্ঠ লক্ষণ উৎপন্ন করে. তাহাই° আবার অণু মাত্রায় ঐ এ অনিষ্ট-লক্ষণ-युक्त शीड़ा पृत कत्रत्। नमर्थ। বিজ্ঞানবিৎ প্রভিতেরা অকট্য ক্রপে প্র-मान कबिरम उँवर विकारनव जात अकी উপায় ছইভে পারে; কিন্তু আযুর্কেন ও এলোপাথির মূল মডের কিছুই আ

निष्ठे घर्डिदना । कात्रण त्य शतिभारण खेयथ রোগনাশক হইল তাহাই যথন রোগেয় বিপরীত ক্রিয়া উৎপন্ন করিল তথন সে ঔষধ রোগ্রের সমধর্মী হইরা রোগ নাশ করিয়াছে এরপ বাকা কখনই হইবেনা ৷বরং সেপ্টেষধ রোগের বিপরীত-গুণ-সম্পন্ন বলিয়াই রোগ নাশে সমর্থ হইয়াছে, এক্রপ বাকা नाप्रिक । वास्त्रविक शत्कः आयुर्त्तान, এলোপথি ও হোমিওপাথি-ইহাদিগের মধ্যো কোন প্রভেদ শাথা প্রশাধার কিছু কিছু বিভিন্নতা থাকিতে পারে। এই ত্রিবিধ চিকিৎসা ल्यशंनीत मस्था त्रांशःविद्यास[े] श्रेष्ठास्य দেখিলে এত দ্বিষ য়ে किছू मत्नर थाकिरव ना। त्य (मैंका বিষ হোমিওপাথি মতে উদরাময় দোষ বিকার ও জরের অমোঘ ঔষণ বলিয়া সা-क इहेब्राट्ड, डाइडि এলোপাথীक आयु-র্বেদ্বিৎ পণ্ডিতেরাও উক্ত রোগে বিশেষ-कल श्रकः विषय निर्देशः कतियाद्वन । যে পারদাও গন্ধক হোমিওপাথি মতাব-লম্বীরা চর্দ্ম রোগে ব্যবহার করিয়া থাকেন, তাহাই আবার অনাতর দ্বিবিধ চিকিৎ-সাতেও অবার্থ ঔষধ বলিয়া প্রদত্ত হয়! যে বিষ ভিস্তক নবমতাবলখীরা পিত্রজ বিকারের অভিতীয় উহধ বলিয়া প্রয়োপ করেন, তাহাই আবার বিক্র-মতাব-লখীরা পিছের এক মাত্র ঔষধ বলিয়া হোমি ওপাথিতে অমৃত-বিষ खेवन विनिद्या निर्मिष्ठ **अ**थाव

বিক্লমতাবলম্বী আয়ুর্কেদ-বিৎ পণ্ডিতদিগের মতে উক্ত ঔষধ বাতীত জ্বের প্রদাহ-নিবারক ঔষধ আর যে সপ্ৰিষ হো•্মওপাথিরা জীবনের চরমাবস্থার ব্যবস্থা দেন. উক্ত সময়ে হলাহল বাতীত বৈদাদিগের মতেও मना-कल लाम अवध विनया जना मुद्दे इय না। আর যে সিকোনা বাক ২ইতে হোমীরণাথির মূল সূত্র সঞ্চার হয়, যাহা এলোপাথিক ডাক্তারদিগের জ্রের একমাত্র खेयथ, তाहां डे आहीन हिन्दुमिश्तत (महा-নিম্ব) আয়ুর্কেদ গ্রন্থে জুরের অব্যোঘ छेश्व विषया निर्मिष्ठ चारह। এইরূপ দেখান যাইতে পারে বে প্রায় সমস্ত বীর্ষা-भाली छेवधरे (याशांत्र कार्या প্রত্যক দেখা যায়) ত্রিবিধ চিকিৎসা প্রণালীতে একরূপ মতেই বাবহার হট্যা থাকে। বস্তুতঃ এইরূপ একতা থাকাতেই ज्यातक मगाय छेल्य मालत गाउत वाटेमका থাকা সভেও ঔষধ রীতিমত বাবস্থিত থাকাতে উভয় কর্ত্তকই রোগ-সমূহের আ-রোগা হইতে দেখা যায়। তবে এই ত্রিবিধ মতের মধ্যে কেবল ঔষধের মাত্র। বাতীত मुल विषयात : व्याव किছू हे करिनका দৈখা যাইতেছেনা। কিরূপ মাতার ঔষধ প্রয়োগ করিলে শীড়া আরোগা হয় তাহা श्रुत्वरे উল্লেখ कंत्रिशहि; এই कन এই जि-বিধ চিকিৎসা প্রশালীর মধ্যে কিরূপ মাতায় खेयर धामें के इट्टा गानव-मंदीत निव्रक ম্বন্ধ পাকিতে পারে তাহার বিচার করা এলোপাথির মাতা মানব

জাতির পক্ষে বিশেষভঃ বঙ্গবাসীদিগের পকে বিষড়লা পূর্বে একরূপ প্রমাণীকৃত रहेग्राटह। এই कन आग त्र्यम ७ ट्रामि 9-পাথি এই উভয়ের পরিমাণের ভিত-কারিতার বিষয়ে বিচার করিতে গেলে হোমিওপাথিরা যেরূপ পথ অবলম্বন ক-রিয়া আদিতেছেন তদপেকা আরও কিছ নিমগামী হইলে আবে উভয়ের সহিত আর কিছুই বিবাদ থাকিবে না। মান-কণ্পিত ঔষধ প্রস্তুত-করণ-প্রণালীর সহিত এইক্ষণকার হোমিওপাথিক্দিগের যেরপ মতভেদ ঘটিয়া উঠিয়াছে, ভাহা ক্রমে আলোচিত হইলে এবং আয় র্কেদ-মতামুযায়ী ঔষধ-প্রস্তুত-প্রণালীর সহিত পরস্পর তুলনা করিলে - ঔষধের বীর্ঘ্য হীন করিয়া অতি অপ্প পরিমাণেই ব্যবহার করা উভরেরিট छे कि भा এবং নব-মতাবলম্বীরা আয়ু:র্বদের পথামুখায়ী হইতেছেন-ইহা স্পষ্টই প্রতীয়মান इहेर्व का

হোমিওপাথি ওষধ প্রস্তুত করণ প্রণালী।

যতদ্র সম্ভব টাট্কা বস্ত লইয়া অতি উৎক্রই পরিষ্কৃত আসব দারা তাহার সম্ভ বাহির করিয়া লইতে হইবে। ইহারই নাম মাদার টিন্চার। এই টিন্চারের এক বিন্দু, নিরেনক্রই বিন্দু পরিষ্কৃত আসবে মিলাইয়া নাজিলে প্রথম ডাইলিউসন প্রস্কৃত হয়। এই প্রথম ডাইলিউসনের এক বিন্দু প্নর্কার নিরেনকর ই আসবে মিলাইলে দ্বিতীয়

ডাইলিউসানের ঔষধ প্রস্তুত হয়। এই-क्रि निया यमुष्ठाक्राय दानिमात्न म-ময় হইতে ডাইলিউসান বুদ্ধি করা হইত। হানিমানের ঈদৃশ ঔষধ প্রস্তুত করণ প্রণালীতে ওষধের সত্ব কিছুই না থাকায় এবং তাঁহার পরবর্তী চিকিৎসকগণ উক্ত-রূপ ঔষধে প্রভাক ফল কিছু না দেখিতে পাওয়া তাঁহারা নয় ফোঁটা স্পিরিটে এক ফোঁটা মাদার টিনচার দিয়া ঔষধ প্রস্তুত ক-রিতে লাগিলেন: এবং এইরূপ ঔষৰ প্র-স্তুত করিয়া কিছু ফল দেখিতে পাইয়া বর্ত্ত-মান সময়ের ছোমিওপাথিক মাতেই এই দশমিক রীতি অবলম্বন করিয়াছেন। হানিমানের সময় হইতে এই সময় পর্যান্ত হোমিওপাথি ঔষধের পরিমাণ কত বৃদ্ধি হইয়াছে তাহা এক প্রকার সকলেই तिथितन। এইकन आवार छेक महा-আব সময়ের পর বর্তমান ডাক্তার মহা-भग्नितित छाडेनिछेगात्नत गादा श्रापा দেখিলে আরও বিস্ময়াপল হইবেন। হানিষান বর্ত্তমান পীডার সমকার্যা-বি-শিষ্ট ঔষধ প্রদত্ত হইলে পীডা পাছে বৃদ্ধি হয় এই আশক্ষায় তাঁহার সময়ের ঔষধ প্রস্তুত মতে ত্রিংশত ভাইলিউ-সানের নিছে কথনই ঔষধ বাবহার করি-তেন না: কিন্তু বর্তমান সময়ের ডাক্তার মহাশ্যেরা দাশ্মিক রীতির ততীয় ডাই-লিউসান কপ্পন কথন বা ষষ্ঠ ডাইলিউসান বাবহার করিয়া থাকেন। আর আমি কোন বিশিষ্ট হোমিওপাথিক চিকিৎসকের निकडे खा उ इहेगाहि यथन डाहारवर्त्र

পীড়া সত্তর আরোগ্য করিতে নিতাম্ভ আবিশাক হয় তথন কথন কথন মাদার টিনচারও বাবহার কবিয়া এইকণ স্থামটই প্রমাণীকত হটতেছে যে হোমিওপাথি মতে ওঁধণের পরিমাণ এত বেশী 'বাবগত হওয়াতেও পীডার উপশম ব্যতীত, রোগের সমকার্যা-विशिष्ठे छेय्। अत्यादग, वृद्धि (प्रथा याग्र ना। ইহাঁরা সকলেই একবাকো श्रीकांत्र करवन (य. (यथान পীডার আবোগা সত্তর আবিশাক. সেম্বানে তাঁহারা নিম্ন ডাইলিউসানের **ऐस** वावश्रा (मन। এই का मकताई विवा তেছেন যে, হানিমানের গময়ের যে ঔষধ ত্রিংশৎ ডাইলিউসানের নিম্নে ব্যবস্থা ক-রিতে সমকার্য্যবিশিষ্ট পীডার বৃদ্ধি সতত আশকা করা হইত, এইকণ দাশমিক রীতির বশবর্তী হটুয়া তালার ভূতীয় ডাইলিট্লনেও পীড়া বৃদ্ধি হইতে দেখা যায় না বরং পীড়া শীঘ্রই নিরাময় হইয়া थारक।

আর্য্যজাতির ঔষধ প্রস্তুত প্রকরণ ।

হোমিওপাথি ঔষধ প্রস্তুতকরণের
ন্যায় আয় জাতির ঔষধ প্রস্তুত প্রকরণ
কোন একটা সাধারণ নিয়সাবদ্ধ নহে।
আর্যোরা বিষাক্ত ক্রব্যেরতেকোহীন করিয়া
ঔষধ সম্বন্ধে পীড়িত যদ্ভের উপযোগীতা
বিবেচনা করত এক একটা প্রধান প্রধান
ঔষধের অমৃততুন্য যৌগিক গুণ সংস্থা
প্রন করিয়া গিয়াছেন। ইহাঁদিগের প্র-

ত্যেক ঔষধ প্রস্তুত প্রকরণ ভিন্ন ভিন্ন নিয়মাবদ্ধ; স্বভ্রাং সমস্ত ঔষধ প্রস্তুত প্রকরণ প্রকাশ করা এই সামান্য প্রবন্ধে স্থানাভাব বিবেচনার প্রধান প্রধান ঔ বধেরই শাম উল্লেখ করা গেল।

'শ্বর্ণদলং পলগ্রৈর রসেত্রঞ্চ পলাষ্টকম্। রসস্য দ্বিগুণং গদ্ধং তেনৈর কর্জনী কৃত্যম্॥ কুমারিকা রসৈভাব্যং কাতপাত্রে নিধা-

বাল্যজে চসাস্থাপ্য ক্রমান্দিনত্তরং পচেং॥
সাঙ্গ গীতং সমাদার পুশ্পর্ভরকঃসমম্।
ববমাত্রং প্রদাভবামহিবলী দলেন্চ॥
এত দভাাসত শৈচব জরামরণনাশনম্।
অনুপানবিশেষেণ করোতি বিবিধান্
শুণাম॥

জ্বরং ত্রিদোবজাং খোরং মুম্পাগ্রিস্মরো-চক্ম।

अनाधाक विविधान्याशान्नाभटयञ्चाख-जन्मग्री ॥''

আর্ব্যেরা মানবদেহে পারদের অপরিসীম ক্ষমতা প্রভাক্ষ করিয়া স্থির করিয়াছিলেন যে, অবশাই ইহা বিশোধিত
করত হীনবীর্ব্য করিয়া ব্যবহার করিতে
পারিলে ইহা ঘারা মানব-শরীরের সমস্ত
পীড়াই দূর করিতে পারে; এই অভিপ্রায়ে সাধ্যাভীত কৌপলের সহিত ইহার
মলদোষ বিষদোষ পরিহার করিয়া অপরিসীম বীর্ব্য ধ্বংস করিবার ক্ষম্য গন্ধক লারা
রাসায়নিক সংযোগে কর্জনী করিলেন।
কিন্তু দেখিলেন যে, এবিশ্বধ অবস্থাতেও
ইহার অপকারিভাশক্তি ভক্ষিত হয়।

তথন পুনব্বার এই কক্ষনী কাচভাতে
নিহিত করিয়া বালুকা যক্ষ হারা একক্রমেতিন দিবস উত্তাপ দিতে দিতে
যথন উহা দগ্ধ হইয়া বালস্থ্যাভ-বিশিপ্ত
হয়,তথনই তাহা বাবহারোপয়োগী হইবে
ক্রমেই এইরূপ সিদ্ধান্ত করিলেন। এই
পারদ * কি রূপে অমৃত তুলা গুণ ধারণ
করে তাহা ভারতবাসাদিগের মধ্যে
সকলেই অবগত আছেন।

কেঁকে -বিষা

দক্তত্ব বাণিজিরসং দক্তা তালং স্কৃনিম।
পুন:পুনশ্চ সংমদি গুকংক্তরা পুটে দহেং॥
দৃদ্স্থাল্যাং ধৃতং ক্ষারং পলাশকাপুপর্যধঃ।
এই শেষ সিদ্ধান্তে উপনীত ত্রীয়াছেন। তিনি বলেন— "সে সকল বিষয়ের बना (कन वाष्ठ इड, (य नकल विषय़-যত্ই কেন প্রয়োজনীয় হউকনা—আমরা किइरे कानि न। এবং कानिएड পারি না? আমরা যে পৃথিবীতে বাস করি हेशहर् অজ হাও তঃথ বিস্তর, ইহা সকলেই জানি। এবং সহজেই বুঝা যায় যে এই পৃথিবীতে জ্মিয়া যদি ইহার কণামাত্র অংশ হইতে কিয়ৎ মাত্র অজ্ঞতা ও ছ:খ দূর করিতে পারি তাহা इटेटलहे खोरन সার্থক-এবং প্রত্যেক মানবের তাহাই কর্ত্তব্য। এই কর্ত্তব্য সাধনে ছুইটা বিশ্বাদের প্রয়ো-জন। প্রথম, যে প্রকৃতির নিয়ম সকল আমাদিগের শক্তিতে আয়ত হটতে পারে: দ্বিতীয়, যে আমাদিগের ইচ্ছা প্রকৃতির ঘটনা-স্রোত পরিবর্ত্তিত করিতে পারে। ভূয়োদর্শনে আমরা জানি যে উক্ত হইটী বিশাসই সত্য ও প্রমাণ-মূলক।"

শ্ৰীম:

চক্রদেখরে শৈবলিনী।

বালক যেমন উদ্যানে প্রবেশ করিলে কি পক্ষ কি স্থপক সকল ফলই সমান আগ্রহের সহিত উৎপাটন ও ভক্ষণ করে, সেই প্রকার সাধারণ পাঠক গ্রহ্-গত সৌন্দর্ব্য, হিতোপদেশ ও কর্পদেশ স্কলই সমানভাবে গ্রহণ করিয়া থাকে।

স্ক্রিকাংশ গঠিকই স্ক্রুচি- সম্পন্ন নহেন,

বিচারে অক্ষম, অতএব অধিকাংশ লোকে বে সকল পুত্তক যত্ন ও উৎসাহ সহকারে পাঠ করে, সেই সকল পুত্তকেরই সমা-লোচনার প্রস্কৃত প্রস্থোজন। এই জন্য আর্য্যদর্শনে সমঙ্গে সময়ে ক্রিপ্রসিদ্ধ কা-ব্যের বিস্তৃত সমালোচনা হুইয়া থাকে।

এই জনाই अर्भू वात् "कलां नक् कना अ देशविन्नी हतित गर्गात्लाहर्म, यक्नील হইরাছিলেন। উল্লেখ শৈবলিনী সমা-(नाहनात अनुद्ध इहेता औयुक्त वांतू ला-ক নাগ চক্রবর্তী আখিন মাদের আর্যা-দর্শনে এক স্থুদীর্ঘ প্রতিবাদ ক বিয়াছেন। তিনি বলেন কপালকু ওলা-চরিত্রের গৌরব, কপালকুণ্ডলা-চবিত্রের গঢ় সৌন্দ্র্যা, পূর্ণবাবু অনেক পরিমাণে (मथाउँगाएकन। किन्द डिनि इःथिनी देश-বলিনীর প্রতিবভ অত্যাচার করিয়াছেন। শৈবলিনীর প্রতি তাঁহার নির্দিয় বার-शांत्र आमात (लथनी भारत्यत कार्य। শৈবলিনীর প্রতি তাঁহার ব্যবহারে আমবা বাস্ত্রিক অস্তরে বাথিত হট্রাছি। লোকধর্দারুরাগের প্রাবলো প্রতাপময়-জী-বিভা শৈবলিনীকে স্বামিগৃত পরিভাগ জনা ভৎ नेना क विशाहनः देशविनोः क शहन करतनं नाहै। शूर्न वातू त्वाध হয় কঠোবভর লোকপর্মনীভির দাস. তাই শৈবলিনীর প্রতি এত কটুকাটব্য প্রয়োগ করিয়াছেন '। যাহা কিছু কটু কাটণা তাহা বিভুত শৈবলিনী সমা-লোচনার নিমোদ্ত এই मश्यारे जिलेगा

"পূর্বেই শৈবলিনী সমাজের অতি
পবিত্র নিয়ম ভক্ত করিয়া এরূপ কল্মিত
ভাবে আমাদিণের কর্মনাকে অধিকার
করিয়াছেন যে সে অপবিত্র সংস্কার কিছুতেই অপনীত হয় না। শৈবলিনীতে
আমলা একটী কুলটা রনণীর চিত্র এরূপ

উজ্জ্বল বর্ণে দর্শন করি যে, তাঁহার সাধুভাবের সংস্কার আগাদিগের মনে কতপ্রতীত হয় না। শৈবলিনীর ন্যায় কোন
রমণীর চিত্র আমাদের তর্জণী-গণের
সমক্ষেধরিতে আগরা সাহসী হইনা।"

এই করেক পংক্তির মধ্যে কুলটা শক্ষটা व्यवनाई कड़े, किछ शूर्ग नातू कि कतिरवन তিনি সভোর • অনুরোধে. ष्यस्तास खेशांक कृति। विवास वाधा হইয়াছেন। যে বমণী পুহ ত্যাগ, স্বামী-তাগি করিয়া প্রেরভির বশবর্তিনী হইয়া অন্য পুক্ষের অনুসরণ করে, ভাগকে (क ना कूलछ। विलाद ? देशविन नी नि-জেই আপনাকে ভ্রেটা বলিয়া জানিত। এই শুরুন-নে প্রণয়পাত প্রহাপ ক-র্ত্তক প্রত্যাথ্যাত হইয়। পুনর্বার আপনার দেবোপম পতির চবণে পড়িয়া কি বলি-তেছে শুরুন "মরিবার আগে ভোমাকে একবার ছেখিতে সাধ হইয়াছিল। এ ক-থায় কে বিশ্বাস করিবে ? কেন বিশ্বাস করিবে ? যে ভ্রষ্টা হইয়া স্বামী ত্যাগ করিয়া আনিয়াছে, তাহার আবার সামী रमिथवात **माध कि ?'' य**नि देश- लिनीत হাদয় বিশুদ্ধ হইত যদি ভাহার প্রাণয় সম্ভোগ-বাদনাশূন্য পবিত্র হইত, তাহা হটলে সে কখনই আপনাকে ভ্রষ্টা বলিয়া মনে করিত না এবং পূর্ণ বাব্ও ভাহাকে কুলটা বলিতে সাহদ করিভেন না। কিন্তু ভাহার প্রণয় উচ্চ নছে, পবিত্র নহে। ইতর-বাসনাজাত সামান্য। শৈব-হিনী যথন জানিতে পারিল যে প্রতা

পের সভিত ভাহার জাতিও সম্ম হার সহিত বিবাহ হওয়া অসম্ভব, তথন সে গ**জা**য় ডবিয়া মরিতে গিয়াছিল: কিন্তু গৌবনের প্রবলা ভূষণ অতৃপ্ত চিল বলিয়া মরিতে পারিল না "ভাবিল কেন মবিব ? প্রভাপ আমার কে?" ঘরে ফি িয়া আসিল, আসিয়া চক্ত্রেশথর শর্মা-क प्रिथिन। চন্দ্রমেখর তথন যুবা পুরুষ দাতিংশং বংসর মাত বয়েস। ''তাঁহার আকাব দীর্ঘ, ততুপযোগী বলিষ্ঠ গঠন"। চক্রশেথর তাহাকে প্রার্থনা করিলেন, তাছার জননী তাছাতে ুসমাত হইল, শৈবলিনীও দিজজি করিল না – তাহাদের বিবাহ হট্যা গেল। থৈ-বলিনী অবশাই ভাবিয়াছিল যে চল-শেথরের সহিত স্থথে কালাভিপাত করিছে পারিব, নতুবা দে যে প্রকার প্রকৃতির (मा. क्षांठ विवाद मध्य व वरे ज ना। যে প্রথম প্রণয়ে বাধা পাইরা ভবিয়া मितिए शिया हिल, "(शीन्मर्यात (यालेकला" थाक्रेन क्रिया मर्खक्रन समरक मन्द्रप्र গঙ্গাপার হইয়াছিল, যাহার নায় নিভীকা, निर्विका. (उक्षिमी त्रम्गी शक् को वत्म তার ইচ্ছার বিরুদ্ধে বিবাহে হইয়াছিল ? কথনই নহে। ভাহার নিজের हैका ना थाकिला कथनहे तम विवाह সমাত হটত না। শৈবলিনী চক্ত্রশেশর সহ মিলনে স্থাপর আশা করিয়াছিল তাই বিবাহে সম্মত হইয়াছিল। স্থানী-ও জে হইতে পারিত, পারে নাই কেবল

তার প্রস্তুর দোষে —ফ্রার চরিত্রের পোষে। চক্র শেখর ভাহাকে প্রাণ হইতেও প্রিয়তরা জ্ঞান করিতেন. স্থেহ করিবার, ভালবাদিবার দৈবলিনী ভিন্ন সংদারে তাঁহার আর •কেছই ছিল না। ভাঁহার মত সদাশ্য, সুধার্মিক জগ-তে জলভি—তাঁহার মত পতি কোন শাস্তশীলা ভদুমহিলা আপনাকে কুখিনীও সৌভাশালিনী জ্ঞান না কবে; কিন্ত শৈবলিনী তাহা করে নাই। শেখরের চিস্তাশীল গন্ধীর শ্বভাব ভাহার ভাল লাগিতনা, তাঁহার বিদ্যামুরাগ পাপিষ্ঠার বিষ্তুলা বোধ হইত--সে যে আশায় চক্রশেথরকে বিবাহ করিয়াছিল সে আশা ভাহার চরিতার্থ হয় নাই। চৰুদেখৰ যদি মহুদাত পরিতাপি করিয়া পশুত অবন্ধন করিতে পারিতেন—যদি তিনি উচ্চ চিক্তা ও শাসালোচনার জলা-ঞ্লি দিয়া অহমিশি তাহার সহিত আমো-দ প্রমোদ ও ক্রীড়া কৌতুকে কালাতি-পাত করিতে পারিতেন, তাহা হইলে শৈবলিনী নিশ্চয়ই আপনাকে স্থাপনী ব-বোধ করিত এবং ভাষা হটলে প্রাণ্ডুল্য বোধ হয় তাহার বালবন্ধ প্রকাপকে নিকটে দেখিলেও আর চি-নিতে পারিত লা। আমাদের এই কথার পরিপোষণার্থ "চক্রদেখর" হইতে একটি मृत्भात किंग्रमः म. शर्ग कतिलाम। कडे-রের নৌকার নাপিতানী-বেশধারিণী স্থ-मती क्रोक्त्रवित महिक टेम्विनीत कि কথোপকপন হুইতেছে পঠিক শ্ৰবণ কৰুনু।

''বৈশ্ব ৷—আমি ঘরে ফিরিয়া ক্রিয়া কি' ত্র-কারে মুথ দেগাইব ?

স্থলরী। যাহা অদৃষ্টে ছিল, তাহা ঘটিয়াছে--সেত আর কিছুতেই ফিরিবে না। কিছুক্লেঁশ চিরকালই ভোগ করিতে হইবে। তথাপি আপনার ঘরে থাকিবে।

শৈ। কি ফুণে ? কোন্ সুথের আ-শার এত কট সহ্য করিবার জন্য, ঘরে ফিরিয়া ঘাইব ? ন পিতা; ন মাতা, ন বন্ধু।

স্থা কেন স্বামী? এ নারী-জন্ম আনর কাহার জন্য?

देव। भवत जान-

ছ। জানি। জানি যে পুথিধীতে যত পাপী আছে, তোমার মত পাপিষ্ঠ কেল নাই। যে স্বামীর মত স্বামী জগতে ত্বভ্ৰ, তাঁহার স্বেচে তোমার মনউঠে না, কি না, বালকে যেমন থেলাঘরের পুত-লকে আদর করে, তিনি স্ত্রীকে সেরূপ वानत कतिएक बादनम ना, कि ना, वि-ধাতা তাঁকে সং গড়িয়া রাঙ্গত। দিয়া সা-জান নাই-মানুষ গড়িয়াছেন। তিনি ধর্মাত্মা, পঞ্জি; তুমি পাশিষ্ঠা; ভাঁহাকে তোমার মনে ধরিবে কেন ? তুমি অন্ধের অধিক অন্ধ, তাই বুঝিতে পার না, বে ভোমার স্বামী ভোমার যেরপ ভাল বা-त्मन, नाती-खत्म तमक्र छानवामा कर्नछ-অনেক পুণাফলে এমন স্বামীর কাছে তুমি এমন ভালবাসা পেয়েছিলে---" অপিচ প্রভাপ কর্ত্ব ভিরস্কৃত ও পরি-তাক ছইয়া অমুতাপিনী শৈবলিনী

স্বগত কি বলিতেছে তাহাও অনুন্-

"-- আর তিনি যিনি আমার স্বামী---তাঁহাকে কি বলিয়া মরিব? কথা ড মনে করিতে পারি না। মনে করিলে বোধ হয়, আমাকে শত সহস্র বৃশ্চিকে দংশন কবে—শিরায় শিবায় জলে। আমি তাঁহার যোগ্যা নহি, ধরিয়া আমি তাঁহাকে তাাগ করিয়া আসিয়াছি। ভাতে কি তাঁর কোন ক্লেশ হটয়াছে? তিনি কি ছঃখ করিয়াছেন গ না,—আমি তাঁহার কেহ নহি। পুতিই তাঁহার দব। তিনি স্মানার জন্য ছঃখ করিবেন না——" স্বপত্নী পুঁতিই শৈবলিনীর স্থথের পথে কণ্টক হইয়াছিল, পাপ পুতির জনাই তাহার যৌবনের প্রবলা তৃষ্ণা পরিতৃপ্ত হয় নাই, এবং কেবল পুঁভির জালায় তাহাকে গৃহভাগে, কুলভাগ ও স্বামীতাগ করিতে হইয়াছিল। যদি প্রতাপের প্রতি শৈবলিনীর প্রণয় বিশুদ্ধ হইত, যদি সে প্রতাপের স্থাথে স্থাথিনী, প্রতাপের ছঃখে তঃখিনী হট্যা, কার্মনে তাঁহার মঙ্গল কামনা করিয়া, উাহাকে দেখিয়া মাত্র সম্ভ থাকিতে পারিত, তাঞা হটলে কাহার সাধাকে ভাহাকে কুলটা বলে ? किन्द्र जाश दम शादत नाहै। दम थाना-পকে পাইবার জন্য -- পাপম্ব্যে প্রতাপের নিকট দেহ বিক্রম করিবার জন্য লালামিত হইয়াছিল। পাঠক নিম্নোদ্ধ কএক পংক্তি পাঠ করিলেই আমাদের কথার প্রমাণ পাইবেন।

"প্রতাপ বলিলেন, তুমি পাপিষ্ঠ

তাই তোমীয় গালি দিই। আমার দোষ?

ঈশ্বর জানেন, আমি কোন দোষে দোষী
নহি। ঈশ্বর জানেন, ইদানীং আমি তোমাকে সর্পিনী মনে করিয়া, ভয়ে ভোমার
পথ ছাড়িয়া থাকিতাম। তোমার বিষের
ভয়ে আমি বেদগ্রাম ভ্যাগ করিয়াছিলাম। ভোমার নিজের হৃদয়ের দোষ.
ভোমার প্রবৃত্তির দোষ। ভুমি পাপিঠা
আমার দোষ দাও। আমি ভোমার কি
করিয়াছি

গ'

रेगविननी शर्डिया छेप्रिन-विनन. "তুমি কি করিয়াছ ? কেন তুমি, তোমার ঐ অতুলা দেবতা মূর্ত্তি লইয়া আবার আমায় দেখা দিয়াছিলে ? আমার ফুটনো-নুথ যৌবন কালে, ও রূপের জ্যোতি কেন আমার সমুথে জালিয়াছিলে গ যাহা একবার ভুলিয়াছিলাম আবার কেন তাহা উদ্দীপ্ত করিয়াছিলে? জামি (कन टामांक (क्थियाहिलाम? (क्थि-য়াছিলাম, ত ভোমাকে পাইলাম না কেন ? তুমি কি জান না তোমারই রূপ ধাান করিয়া গৃহ আমার অরণ্য হইয়াছিল ? তুমি কি জান না, যে ভোমার সহিত সম্বন্ধ বিচ্ছিল হইলে যদি কথন তোমায় পাইতে পারি, এই আশায় গৃহত্যাগিনী इदेशाहि ?"

শৈবলিনীর ছণ্চরিত জন্য আমরা শৈবলিনী চিত্রের দোব দিই না, কারণ কাব্যে স্ক্চরিত্র ও কুচরিত্র উভায়েরই সমান প্রয়োজন আছে—ওজ্জলা ও মা-লিনাকা থাকিলে চিত্রপট প্রক্রেত্বৎ

বোধ হয় না। অন্ধ কার না থাকিলে আলোকের উপযোগিত। তত বঝিতে পারিভাম না এবং থাকিলে অধর্ম না ধর্ম্মের গৌরবও আমরা তত অমুভব করিতাম না। ইয়াগো কল্লিত না হইলে ওথেলোর সৃষ্টি হইত না। রাবণ রূপে কম্পিত না হলৈ. রাবণে বি গ্রহ ঘটিত না। পৃথিবীর অধিতীয় কাবা রামায়ণ জন্মিত না. এবং যে রাম আ*চর্য্য <u>जिल्ला</u>ल সহস্র বৎসর সমস্ত ভারত মোহিত হইয়া আছে সেই অশেষগুণালকৃত রামচক্র কেও কেহ চিনিত না। লেডি মাাকবেথ ना थाकित्व माक्तिय कि ? इत्राधन না থাকিলে মহাভারত কি ? এবং সয়-তানের স্ষ্টিতেই মিলটন মহা কবি। কিন্তু রাবণের সহিত কাহার সহামুভূতি হয়, হুর্য্যোধনের সহিত কাহার সহারুভূতি হয়, সমতানের সহিত কাহার সহাত্ত্তি হয় ? ইয়াগোকে কে না ঘুণা করে, মাাক্-বেথ-মহিলাকে কে না ঘুণা করে? প্রত্যুত শৈবলিনীর কুচরিত্র এরপ প্রলোভনবর্ণে চিত্রিত হইয়াছে যে তাহার পাপকার্য্যের দহিত পাঠকের সহামুভূতি জন্মে এবং সেই সহামুভূতি জন্মে বলিয়াই চরিত আলোচনায় কুফল আছে বলিয়াই পূর্ণ বাবু বলিয়াছেন যে "শৈবলিনীর নাায় কোন চিত্র' আমাদিলের তক্ণী-গণের সমক্ষে ধরিতে আম্বা कति ना "। (लांकनाथ वावू वर्णन "रेमब-निनी त्रम्भीतक, देनदेनिनी (ध्यम्प्रनी,

শৈবলিনী উচ্চহদয়। তিনি যদি উচ্চ-ছালয়া না হইবেন. তবে ভালবাসিতে চল্লপেথরকে পরিভাগে করিয়া গেলেন, তাঁহার গৃহ তাাগে তাঁ-হার অভাবে অস্থা হট্যাছেন মনে করিয়া সেই চক্রশেখরের জন্য তঃথ ক-রিবেন কেন ?" শৈবলিনী ছঃথ করিয়া-ছিল। কথন ? যথন প্রতাপ তাঁহার প্রবৃত্তির দোষ দেখাইয়া, তিরস্কার করিয়া চলিয়া গেলেন। প্রতাপ তাহাকে উপ-পত্নীত্বে গ্রহণ করিলে কথনই সে অমুভাপ कविक ना। वेशांटक देशविनीत डेक्टर्शन-য়তার কি পরিচয় পাইলাম ? উচ্চগ্রদয় তাঁহার, যিনি প্রবল চিস্তাবেগ দমন ক-রিয়া কর্ত্তবা সাধন করিতে পারেন। উচ্চ-হাদয় তাঁহার, যিনি আপনার সুখ উপ্রেক্ষা করিয়া অপরের জঃধ বিমোচনে यञ्जान इन। উচ্চ-जनत छांशात, याँशांत দয়া আছে, ধর্ম আছে, উদারতা আছে এবং যিনি ঘোর অনিষ্টকারী পরম শক্রকেও ক্ষমা করিতে পারেন। উচ্চ-क्षमञ्ज প্রতাপের, উচ্চ-ছদয় চক্রশেখ-(त्रत्र, डेक्ट क्षम् मलनीत, উচ্চ-হাদয় শৈবলিনীর নছে---- সে তার নীচ প্রবু-खित मानी। धार्जानं, हट्यास्थतं, पननी কবির অপূর্ব্ধ সৃষ্টি। এপ্রকার সৌন্দর্য্য-পূর্ণ, ধর্মভাব-উদ্দীপক আশ্চর্য্য চরিত্র-কলনা আমত্রা অতি অন্নই দেখিতে পাই। চক্রশেখর উপনাবে এই তিনটি মহচ্চি-ত্রের জন্য আমরা হৃদয়ের সন্থিত বৃদ্ধিম वांबुद्ध काश्वा धनावाम मिटे धवः महस्र

মুথে তাঁহার অসামানা ক্ষিত্র প্রশংসা করি। চিত্তসংযমে, ইন্দ্রিয়-শাসনে ধে शास्त्रीया. त्रीन्स्या ७ व्यर्गावत्रीय वीवव আছে তাহা তিনি প্রতাপ-চরিত্রে উক্তল বর্ণে বিচিত্রিত করিয়াছেন। চক্রশেখরে, छेमार्था, महत्व, कमा, धुकि ও ब्लारनत পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন এবং দল-নীর রমণীয় চরিতে তিনি ৰমণী-মত-नीतक भिका निग्राष्ट्रम (य. यिनि यथार्थ সতী, যাঁহার প্রকৃত পতিভক্তি আছে. তিনি স্বামীর মঙ্গলের জন্য আত্মবিসর্জ্জনেও পরাঙমুখ হুন না। কিন্তু তাহাব শৈবলি-নীর নিকট সমাজ কি শিক্ষা প্রাপ্ত হয় ? रेगविनो कुर्हाकरीत नाम युवे मिशक विनटि एक त्य, এ अभात मः नादत देखि-মুম্বথ-ভোগই সার। ইন্দ্রিয়-ম্বথে ঝাঘাত ঘটিলেই সংসার অন্ধকার এবং তারস্বরে সমুস্ত যুবকবুন্দকে উপদেশ দিতেছে "যে ভোমাদের বিদাাতুরাগ থাকিলে যুবভীর मन जुनाइ राज भावित्य ना, यनि तमगी तमन क्ट्रेंट हां क क्लाह विमाहिकी क्रिय मा। পুস্তক, পুঁতি, গ্রন্থ সব ভস্মনাৎ করিয়া निवस्त आत्माम श्रामाम गर्छ श्रांक. न-তবা আমার অসুথী স্বামী চক্রশেখু তোমাদের ঘটবার সন্তা-. বনা। যদি অগ্রেই তিনি পুঁতির স্কার করিতেন, তাহা হইলে তিনি স্থী হইতে পরিতেন এবং আমাকেও স্থাপর ভারে কাঙ্গালিনীর মত পথে ২ বেড়াইতে হইত না।" পাপচিত্রের অধিক বোধ হন্ন পূর্ণ বাবু

कताहे देन बैनिनी हिर्द्धत সকল অঙ্গ যথাৰথ বিৰুত করিয়া দেখান নাই। এই চিত্রে পাপের ঔজ্জ্বলা অধিক কি না তাহা বিবেচনা করিলেই একা যায়। শৈবলিনীর চরিত্র দিখা বিভক্ত চইতে প্রথম ভাহার প্রেমপ্রবৃত্তির পাণময় আখ্যায়িকা, তৎপরে তাহার অনুতপ্ত হৃদয়ের বিবরণ। এই উপনাা-দের কোন ভাগটি অধিকতব 'চনাকর্ষক ভাৰা পাঠক মাত্ৰেই ব্ঝিতে পারেন। সকলেই বোধ হয় মুক্তকণ্ঠে স্বীকার ক-বিবেন যে, তাঁহার প্রবৃত্তিঘটিত উপাখ্যান-ই অধিকতর উজ্জ্বল এবং তজ্জনা কম্পেনা-কে অধিক চর অধিকার করে। এই ভা-গের অনেক সংস্থানই পাপ প্রলোভনে প-রি পূর্ণ, এই জনা ইহার অধ্যয়নে যে কুফল উৎপন্ন হয় তাহা সহজে অপনীত হয় না। পূৰ্ণ বাবু এই কথাই বলিয়াছেন। শৈবলিনী উপন্যাদের শেষভাগ তত উ-फ्लम नटर, हेराट कन्नना-तक्षन घटना-সমাবেশ নাই। বৃদ্ধিয় বাব প্রস্পরার যদি এই শেষ ভাগ প্রথম ভাগের ন্যায় कोजूक-উত্তেজक ও ঘটনাপূর্ণ করিতে প্রারিতেন তাহা হইলে কেহই শৈবলিনীর নিশা করিত না। তাহার উপনাদে পাপ পুণোর প্রয়োজনীয় পরিমাণ নাই, এই নিমিত্ত "চক্রশেখর" পাঠের ফল यम इहेबा माँजाइ। जला वर्षे देशवनिनी অমুতাপ করিয়াছিল, কিন্তু প্রতাপকে পাইলে, সে কখনই অমুতাপ করিত না, এই নিমিত্ত তাহার অন্ত্তাপে কোনই

क्ल मर्थ नारे।

न व

আত্মঙ্গিক পত্র ৷

কঠোর ধর্মনীতির আদর্শে কবির कर्छवाकर्छवा निर्द्धावत्र कतिएक (गर्ग. মানব প্রব্রুতি যথায়ণ চিত্র করিবার অধি-কার হইতে কবিকে বিচাত করিলে, কবি-র বিচরণ-ক্ষেত্র সংকীর্ণ হট্যা পড়ে কি না; বাহা কিছু পাপ-সংস্পৃষ্ট ভাহা কৰির कावा-मर्या खरवन क्रिट शाहरव ना. এবং যাহা কিছু উজ্জ্বল, যাহা কিছু কৃষ্ণা-ভা-বৰ্জ্জিত তাহা ভিন্ন অন্য কিছু কবির চিত্র-সমূহের অংশীভূত হইবে না—এই নিয়মে কবিকে আবদ্ধ করিয়া প্রকৃতির ক্ষেত্রে তাঁহার বিচরণ-শক্তি সীমাবদ্ধ করিলে, ভাগার প্রকৃতি-বৈচিত্রাপ্রদর্শন-শক্তির লাঘব করিলে, কবির কবিত্ব শক্তির লাঘৰ করিলে, কবির কবিত্ব-শ-হইতে পারে ক্তির সর্বাঙ্গীন বিকাশ কি না : তাঁহার অঙ্কিত ডিব্র গুলি সকল ञ्चल स्मात, मानाहत এवः शृशीवश्वनम्भन হয় কি না: পূর্ণ বাবুর সহিত তাহার ৰিচারে প্রবৃত্ত হইবার ইচ্ছা আমার নাই। দেখিলাম এ বিষয়ে আমার সহিত তাঁহার সম্পূর্ণ মত-ভেদ। ধর্মনীতি শিকা দিবার জনা কবিছ শক্তির স্ষ্টি হইয়াছে আমি এরপ মনে করি কবি প্রকৃতির চিত্রকর; প্রকৃতিই তাঁহার উপাস্য দেবতা। প্রকৃতিকে পরিত্যাগ করি-য়া যথন তিনি নীতিঁবা অন্য দেবভার

পুজায় প্রবৃত্ত হন, তথন তিনি, আমার मार्क, श्रामां जुरेष व्यवदार्भव के वस्का প্রকৃতির বিকৃতি আছে, এই বিকৃতির আবার ভয়ানক ফলও আছে। বিক্লতির এবং বিকৃতির ফল এতত্তয়ই কবির वर्गनीय। कृथवृत्तित উत्त्रिक ক্রচির পরিপোষক বিরুত প্রাকৃতির চিত্র ভিল অনা চিল যিনি অন্তিত কবিতে জানেন না, তিনি কবি নামের যোগ্য নহেন। স্বভাৰের বিকার সকল আপাত-মনোরম শোচনীয়-পরি-ণাম দুশোর উৎপত্তি, সেই সকল দুশ্য দেখাইয়া যিনি তৎপ্রতি হৰ্বল চিত্ত আরুষ্ট করিতে পারেন, অথচ এরূপ পাপ-দশো আসক্তির বিষময় ফল প্রদর্শনে অসমর্থ-প্রকৃতপক্ষে তিনি পাপের দৃত, কবি নাম তাঁহার ছল্প বেশ, তুর্বল-হৃদয় মানবকে প্রভারিত করা তাঁহার বাবসায়. তিনি সমাজের অনিষ্টকারী, তিনি সর্বাথা-পরিতাজা। "কামিনী কুমার" "চক্রনাথ" প্রভৃতি গ্রন্থের প্রণেভাগণ এই শ্রেণীর লোক। কাবা-গ্রন্থে নৈতিক থাকিবে না আমি এরপ বলিতেছি না ! নৈতিক উপদেশ প্রদান করা যে কবির কার্য্যে নহে তাহাই বলা আমার উদ্দেশ্য। কবি প্রকৃতিকে চিত্রিভ করিবেন, তাঁহার চিত্রগুলি স্বতই উপদেশ-পূর্ণ হইয়া উঠি-नीजितक लक्षा कतिया जिनि कांचा निथिए विश्वतिन ना। अक्साक (मीम-যা তাহার লক্ষা, সৌন্দর্যাই তিনি বর্ণন कतिरवन, त्रीम्पर्गाहे. जिनि एष्टि कतिरवन।

ভবে যাহা স্থলর ভাছাতে শকুৎসিভ কিছু থাকিতে পারে না, ভাছা নৈতিক-উপদেশ-বিহীন কথনও ছয় না; স্থভরাং নীতি কবিব উদ্দেশ্য না ছইলেও, জাহাব কাব্যে নৈতিক উপদেশের অভাব লক্ষিত ছইবে না। বরং কাব্য ছইতে ফে উপদেশ গৃহীত ছইতে পারে, মনুষ্য-মনে ভাছা যত কার্যাকারী ছয়, পৃথিবীব সমস্ত ধর্ম-শাস্তের উপদেশ একত্রিত করিলেও, ভাহা তত কাকার্যারী হয় না।

পূর্ণবাব সম্পূর্ণ সাধ্চিত্রের পক্ষপাতী। মানব প্রকৃতির যথায়থ চিত্র ভাঁহার মতে "প্রতিমূর্ত্তি অঙ্কন" সদৃশ। মনুষ্য-জীব-নের প্রাত্যহিক ঘটনাবলীর অধিকল চিত্র প্রতিমৃত্তি-অঙ্কন সদৃশ বটে, কিন্তু মানব-প্রকৃতির যথায়থ চিত্র বলিলে যে বর্ণন প্রাত্যহিক জীবনের ঘটনাবলীর ব্ঝায় আমার এরপ বোধ প্রাত্যহিক জীবনে কয়টি আয়েসা দৃষ্টি-গোচর হইয়া থাকে? পুথিবার श्रु पुर পর্যাস্ত প্রতাপের ना अ কয়টি মহাপুরুষ ভূমগুলে গ্ৰাছণ করিয়াছেন ? মনুষ্য-সমাজের প্রথম গঠন-কাল হইতে বর্তুমান সময় পর্যাস্ত চক্র শেগরের মত উল্লভ্যনা উদার্চিত্ত কয়টি সাধু মহুষ্য-সমাজকে অলফুত করিয়া-ছেন ? এই সকল চিত্রকে কি তবে মানব-প্রকৃতির যথায়থ চিত্র বলিব না ? মানব-कीवत्तत्र यथायथ हिं वा वात्र मानव-श्रकः তির যথায়থ চিত্র এ ছইটা এক কথা নহে। যে শৈব্লিনীর চিত্র লইয়া এভ

বিত্তা দেই শৈবলিনী কি মানব-জীবনের যুপায়ণ চিত্ৰ, না শৈবিদ্দনী মানব প্রাক্ত-তিতে কি সম্ভবে তাহারই একটি দু-ষ্টাস্ত ?—নাহয় মানব প্রাকৃতির যথাযথ চিত্ৰ প্ৰতিমৃত্তি-অন্ধন সদৃশই ठठेल । এরপ চিত্র যদি প্রতিমৃত্তি অঙ্কন বলিয়া দৃষণীয়, কাব্যের পাত্রমাত্রকেট নিবব-চিছন সাধুতার অলক্ত করিলে কি অনেক প্ৰিমাণে বৈচিত্ৰাবিহীনতা এবং নবীনত্ব-শুনাতা দোষ ঘটে না? আর চিত্রবিশেষকে সাধুভাবপূর্ণ করিতে গেলে যথন ভাহাকে কলুষিত চিত্রের সংঘর্ষে আনিলে হয় না; পাত্রবিশেষের জিতে জিয়ত প্রতিপাদন করিতে হইলে. যুখন প্রলোভন-মধ্যে ফেলিয়া मात्तव घरेलच अपर्मन कश आयोजन, তথন কাব্যে কলুষিত চিত্রের সম্পূর্ণ পরিহারট বা কিরূপে সম্ভবে? হয় ত পূর্ণ বাবু বলিবেন তিনি কবিকে পাপ-চিত্র সম্পূর্ণ পরিহার করিতে সলেন না; नायक, नायिका এवः अनाना अधान পাত্র গুলিকে পাপ-ভাব-বিরহিত করিয়া প্রদর্শন করিলেই হটল। এরপ করি-বারও যে সকল স্থলে আবশ্যক হয় না তাহা আমি শৈবলিনী-চরিত-সমালোচ-नाम (प्रथारेमाछि। नामक वा नामिकात চরিত্র কোন অংশে কলক্ষিত করিলে, यनि विट्निय कान छेट्या नाधिक दत्र; यिंग डाहारङ कान कृकल ना कलिशा, স্থফলেরই উৎপত্তি হয়. পকান্তরে **जार्क बात्रा यमि काट्यात त्रयगीत्र हा मञ्च**

দ্ধিত করিতে পারা যায়; তবে ভাহাতে আপত্তি করিবার আমি কোন কারণ দেখিতে পাই না। উৎকৃষ্ট ভাবময় চিত্রে সম্ধিক ফল দর্শে এ কথায় নাই। কিন্ত দ্বিগত হটবার স্ভাবনা পাপস্পর্ব চইলেই, কলম্ব-রেথা পড়িলেই, যদি কোন চিত্র উৎক্লন্ট ভাবময় হইতে না পারে; এ হেন শৈবলিনী-চিত্রও যদি উৎকৃষ্টভাবময় না হয়, তবে উৎকৃষ্টভাব-ময় চিত্র কাহাকে বলে ভাহা আমি ব্ঝিতে অকম। সাধুকে জগতে পূজিত হটতে দেখিয়া, সাধুকে স্বৰ্গ-স্থুণ ভোগ করিতে দেখিয়া, জগতে আদৃত চটবার এবং স্বর্গ-রূখ ভোগ করিবার আশয়ে. যদি সাধুর চরিত্র অনুকরণ ঐকাস্তিক ইচ্ছা জন্মে; তবে পাপীকে गरूया-मगार्क चुनिक इटेरक (निशिल, ভাহাকে নরক-যন্ত্রণা ভোগ করিতে দে-থিলে, সেই ঘুণার ভয়ে, সেই যন্ত্রণার ভয়ে পাপ-কার্যোর প্রতি অপরক্তি হইবে না কেন, তাহা আমি বুঝিতে পারি না। সাধুচবিত্রে প্রগাঢ় অহুরাগ জন্য যেরূপ क्ल मार्भ, भारभेत खेडि क्रममनीय चुना **८**इकु (সইরূপ ফল দর্শিবে না একথারই বা অৰ্থ কি ? তবে দোষ-গুণ-বিমিশ্ৰিত চিত্র সম্বন্ধে আপত্তি হইতে পারে; কিন্তু এরপ চিত্রও কবি যদি পাঠকের সমক্ষে এন্নপ ভাবে উপস্থাপিত করিতে পারেন যে তাহাতে লোক-সমাজের অনিষ্ঠ না रहेमा देहें रख्यारे मुखाबिज हरेमा फैर्फ, ভাছা হটলে এক্লপ চিত্ৰেই বা দোৰ

कि ? कान वां कि द खरन्द कथा खनिया তাঁহার প্রতি যে শ্রদ্ধা জন্মে, সেই ব্যক্তির চরিত্রে আবার দোষ দৃষ্ট হইলে যে সেই হাস হয় छे हा নতা বলীয়া গ্ৰহণ কৰা যাইতে পারে। দোষের প্রকৃতি-ভেদে স্থল-বিশেষে ভঙ অশ্রদ্ধা নাও হটতে পারে. এবং এক বার হইলে. পরকালিক অবস্থা দত্তে সেই অশ্রন্ধা সম্পূর্ণ বিদ্যাতি হওয়াও সর্বা Of vice in others but enhancing প্রকারে সম্ভবপন: তথাপি যে বাকিলর মণ দেখিয়া তাঁহার প্রতি প্রগাচ ভক্তি , The charms of virtue in their just জনো এবং তাঁহার মত ইইতে চেষ্টা হয়. চরিত্রে কলঙ্ক দপ্ত হটলে উচার প্রতি কিছু বীতশ্রম হইতেই হটবে, অধিকাংশ তলেই ইহা সভা। আর ইহা যে মানব প্রকৃতি এবং সেই জন্য অনিবার্যা তাহাও আমি সীকার করি। কিন্তু এরপ হইলেই যে হৈতিক ফল সম্বন্ধে কোন্দ্রপ অনিষ্টের উৎপত্তি হর এমন অনুমাৰ বোন হয় না; বরং একাপ স্থলে অনুকরণ-কারীর অনুক্তের দোষাংশ পরিহার পুকা ক আপনাব চরিত্র সম্পূর্ণ পবিত্র এবং मर्त्राथा कलक-गुना कतिवात रेष्ट्रा ममधिक প্রবন হট্যা উঠে এই আমার বিশ্বাস। নিজ জনয়ের গতি পর্যাধেকাণ করিলী সাধারণের মানসিক গজি যদি কিকিৎ পরিমাণেও অমুমিত করিতে পারা যায়, ভাহা হইলে আমি নিশ্চয় विलिटंड शाति, मूल्या-मान এই क्रान अवहि স্বাভাবিক শক্তি নিহিত আছে ৷ সংপথে মাঁহার চিত্ত একবার ধাবিত হইয়াছে.

পাবু ভাবের প্রতি যাতার একবার প্রাপাচ অনুবাগ জনিয়াছে, অনোব কুংদিত চরি-এ দৃষ্টে উাহার চিত্তবলের বৃদ্ধি ভিন্ন काम क्या गा। देश्यक कवि कार्नेशांत डिश जानारत मानव-अन्त्य क्रे महिन्त অস্তিত্ব স্বীকার করিয়া গ্রিয়াছেন :--Nor can example hurt them ; what they see more.

esteem.

আমিও শৈবলিনীর মান্সিক ছক্র-লতা অনুমোদন করিতে প্রস্তুত নহি। তিনি যে ভাঁহার চুৰ্মলতাৰ জনা মুণার পাত্র নতেন, ভাষার দোবের জন্ম বে ভাগাকে ভিরন্থার কথা উচিত নতে, ভা-হাই বলা আমাৰ উল্দেশ্য ছিল। एक छ शकीय (थैंग द्रम्भी-अन्याद इयन. বৈশ্বলিনীর দোষ সেই উচ্চ ও গভীর প্রেম इडे. • इ ६९% मा। आगड़ा यनि भागाखिक অনাায় নিয়মের ভ্রীন হট্যা লোকের পাপ-পুণোর বিচার ন। করিশাম, दर्छ-মানে মানব সমাজের যেরূপ কুংসিত গঠন তাহা না হইয়া যদি প্রশন্ত এবং উচ্চ নিয়নে সমাজ গঠিত ২ইত, তাহা उठेरल रेग्यालनीत দোষ দোষ বলিয়া পরিগণিত হইত না।মানব প্রাকৃতির স্বাভাবিক প্রবণতার প্রাত দৃষ্টি রাণিয়া यान मगाक शिष्ठ इहेफ, खाडा इहेल लिय-লিনীর দোষ দোষ বলিয়া পরিগণিত ইইত

মানব প্রকৃতির স্বাভাবিক প্রবণ-তার প্রতি দৃষ্টি না রাথিয়া যে সমাজ গঠিত হয়, যে নিয়মে স্বাভাবিক মনো-বৃত্তি স্মৃহের পরিচালনের ব্যাঘ্ত জন্মায়, যে সমাজ এরপ নিয়মে শাসিত, সে সমাজ কথনও সুখী হইতে পারে না। সমাজে নিয়ম সকল চিত্ত-বৃত্তি সমূহের স্বাধীন পরিচালনের যতই অনুকূল হইবে, সমাজ ততই অধিকতর স্থ্থ-ভোগে সমর্থ হইবে। মনে করুন্ সংসার-স্থ-বিরাগী পরকাল-চিন্তা-প্রবণ মানব-স্বভাবানভিজ্ঞ कान लाक-मस्थाना यह नियम क्रिलन ठाँशाम्त्र म्याद्य खी-भूक्ष-ग्राधा প্রেমানুরাগ-জনিত আদক্তি হইতে পারি-বে না, কারণ এরপ আসক্তি পরমেখর-চিন্তার ব্যাঘাত জনায়। প্রেমানুরাগ मञ्चा मत्तव अकिं इक्षमनीय वृद्धि ; देश-র গতিরোধ মানুষের আয়ত্ত স্বতরাং এই নিয়মের পুনঃ পুনঃ ভঙ্গ ভনিত যে পাপ তাহা এই সমাজে সচরা-চর ঘটিবে এবং সেইরূপ পাপাচরণ হইতে যে অস্থার উৎপত্তি তাহা এই সমাজকে সভত ভোগ করিতেই হইবে। স্থলে প্রেমামুরাগ বশতঃ কোন উল্লিথিতরূপ সামাজিক লিয়ম করিলে ব্যক্তির দোষ্ট অধিক বলিব না, এইন্নপ কুৎসিত সমাজ গঠন-প্রণালীর (मांवरे अधिक वनिव। धः श्रुत नमाञ्च-शंठन-कर्छानिगरकहे अधिक (नावी विनिट्ड हरेट्य। देशांट यूजिएक हरेट्य ना द কোন সামাজিক নিয়ম তুপা তিপালা

বা অন্যায় বোধ হ'ইলে তাহা লভ্যন করাতে পাপ নাই, আমি এইরূপ বলি-তেছি। এরপ নিয়ম-ভঙ্গ জনা যত দিন সমাজের সুথ-সমষ্টির ছাস হইবে ততদিন এরপ নিয়ম ভকে অবশা পার্প আছে। এবন্ধিধ পাপকে উদাব-চিত্র প্রেশকার:-करण वाक्तिता कर्छात्र हत्क (मर्थन ना. কঠোর চক্ষে দেখাও উচিত নহে, ইহাই আমার বলিবার ইচ্ছা। সমালোচ ককে উদার্চিত্ত এবং প্রশস্থান্তঃকর্ণ করে জগতে বিধি/প্রচলিত 'নাই, থাকিলেও ভাহা य व्यनाधावन क्षेत्रार्था-१३८न देशविनोदक চন্দ্র শেখর কুলত্যাগিনী পুনগ্রহণ করিয়াছিলেন, মহুষ্যমাত্রেরই হইবে. সে দিল যে মানব-সমাজ চরমোল-তি লাভ করিবে, অস্তে স্থাপর অধিকারী হইবে, তাহাতে আমার সম্পূর্ণ বিশ্বাস। ..

পূর্ণ বাব্র বিশ্বাস প্রতাপের ন্যার
চিত্ত-সংযম থাকিলে, শৈবলিনী রমণীরত্ম হইতে পারিতেন; আমি বলি প্রতাপের ন্যার চিত্ত-সংযম না থাকিয়াও শৈবলিনী রমণী-রত্ম। প্রতাপ-রত্ম উজ্জ্বল,
নির্মাল, কলক্ষ-শৃন্য; শৈবলিনী-রত্মও উজ্বল, তবে শৈবলিনী-রত্ম নির্মাল নহে,
তাহাতে একটা কাল রেখা পড়িয়াছে।
কিন্ত্র তাই বলিয়া রত্মের যে আদর, এ
রত্ম সে আদরের অন্তপ্রত্ম নহে; বিশেষতঃ এই রত্মের স্কৃষৎ মলিনতাই যথন
আন্য রত্মের শোভা নির্মাক পরিবর্জিক

করিবার কারণ, তথন কে বলিবে "শৈব-লিনীর কলঙ্ক দ্র কর, তাহাঁতে প্রতাপের যে মহত্ব বাড়িয়াছে, তাহা ক্ষিল ক্ষিলটা"

ক্ষমার সহিত সমালোচকের সহর নাই, আমি এ মতের সম্পূর্ণ অহুমোদন করিনা। কাব্যের রসাম্বাদন কির্পে হয়; কাব্যান্তভূতি পাত্রগণ মুধ্যে কাহা-কে কিরপ চক্ষে দেখা উচিত, কে ঘুণার পাত্র, কে ক্ষমার উপযুক্ত; কোন পাত্রের চরিত দৃষ্টে মাননিক কোন বুক্তি পরি চালিত হয়, এবং মানসিক বিভিন্ন বৃত্তির এইরূপ পরিচালন হেডু যে বিভিন্ন স্থার উৎপত্তি তাহা কিরূপে অমুভব করিতে পারা যায়; সাধারণ পাঠককে ভাহা শিক্ষা দেওয়া যদি সমালোচকের কর্ত্তব্যের মধ্যে পরিগণিত হয়, তবে তিনি ক্ষমার সহিত একেবারে সম্বন্ধ বিচ্ছেদ করিতে পারেন কি প্রকারে আমি বৃঝিতে পারি না। ধেখানে দ্যা করিতে হইবে, क्या (मथाईटड इहेटव, द्रियान कि जिनि নিষ্ঠ্রতা শিকা দিবেন ? সমালোচন-বাবসার অবলম্বন করিতে হইলেই কি কোন কোন মানসিক বুত্তিকে উল্লেভ করিয়া ফেলিতে হইবে ? জানি না, পৃথিবীর সমালোচকগণ কোন্ পাপে পা-भी, **जारे मञ्दा-मत्मद इरे**ने मरडी दृष्टि পরিচালনে যে স্থা ভাহা হইতে তাঁহারা বঞ্চিত থাকিবেন।

বর্ত্তমান সময়ে ইউরোপীর সমাজের বেরুপ উন্নত ভাবস্থা, জুলিরেটের সময়েও

ঠিক দেইরূপ ছিল, আমিও তাছা বিখাদ করি না, কিন্তু বঙ্গে পরিণয়ের পূর্বে প্রাণ-য় যেরূপ পাপের কথা, লঙ্জার বিষয়, ইউরোপীয় সমাজে এরূপ ভার কখন বিদ্য-মান ছিল এমত বোধ হয় না। জুলিয়েট যে সেক্ষণীয়রের স্ষ্টি, সেই সেক্ষণীয়য়ের নাটকাবলীতেই দেখিতে পাওয়া যায় যে পূৰ্বকালেও ইউরোপে স্বাধীন ভাবে প্রণয়-স্থাপন চরিত্র-কলক্ষ বলিয়া পরি গণিত ছিল না। তবে প্রভুত্বপ্রিয় পিতা মাতা কন্যাদিগের প্রণয়-পাত্র তাঁহাদের-মনোনীত না হইলে, অনেক সময়ে, সেই প্রণয়-পাত্রের সহিত তাহাদের প্রণয়-স্মিলনের প্রতিবাদী হইয়া দাঁড়াইতেন। একে वात्राणी-ममार्क विवादहर शुर्व প্রেম হরপণেয় কলক্ষ, তাহাতে আবার জ্ঞাতি-সম্বন-হেতু শৈবলিনী প্রভাপের পরিণেতবা। ছিলেন না। সমাজের অবস্থার কথা ছাড়িয়া দিলেও কোন ক্ষতি দেখি-তে পাই না। চক্রশেখর গ্রন্থের পুনঃ পাঠে বেরপ দেখিলাম তাহাতে আমি সামাজিক-অবস্থাগত তর্ক ছাড়িয়া দিতেই ইচ্ছ ক ৷ কোন চিত্ৰ সাৰ্বকাৰিক এবং मार्काक करेल करेल मस्य वित्नव এবং সমাজ-বিশেষের সহিত ভাষার কোন সম্বন্ধ থাকিতে পারে না; কারণ ভাহা থাকিলে সেই সময়ের অবসানে **এवः '(गरे गमान जिस्र अनाव तारे हिं**व সর্বাংশে সাভাবিক ও সুনার বলিয়া (वाध इस मा। कालिमान अवेश त्मक्लीया-त कान विश्व नगास्कत वा विश्व नग-

(शव ठिबक्व इहेटन, ठिइनिन জগতে সমভাবে পজিত হইতেন না। ৰফ্লিম বাব ও গেঁ আধুনিক বাজলা স্মা-জের প্রতি দৃষ্টি রাথিয়া তাঁহার শৈব-লিনীকে চিত্তিত করিয়াছেন এরপ বোধ হয় না। প্রতাপকে শৈবলিনী হাদয় মন উৎসর্গ করিয়াছিলেন: প্রাপ্তে তিনি তাঁহার জনয়-সক্স गटन করিতেন: প্রতাপ ভিন্ন পৃথিবীতে তাঁহার স্থুখ নাই ইহা তিনি জানিতেন। তথাপি প্রেন্থ ভিন্ন অনা ব্যক্তি কতাকৈ প্রিণীত হটতে তিনি কিঞ্চিনাত্ত আপত্তি করিলেন না, ইহা কিঞিৎ অসাভাবিক বলিয়া নোগ হইতে পারে। এই অস্থাভাবিকতা নিরা-করণ জন্য স্কুচতুর কবি স্থকবিস্থলভ যে কৌশল প্রয়োগ করিয়াছেন তাঙা এটঃ—প্রতাপ শৈবলিনী উভয়ই যুগন জানিতে পারিলেন ভারাদের fasts इहेवात मछावना नाहै: यथन বঝিতে পারিলেন তাঁহাদের হৃদয়-যুগলে যে ४প্রম-প্রবাহ, প্রবাহিত হইতেছিল ভাহা তাঁহাদের স্থাব জন্য न्दर: উভয়ে পরামর্শ করিলেন, ভাগীর্থীর জলে ডুবিয়া মরিবেন, ভাগীরথী প্রবাহে তাঁহাদের প্রেম-প্রবাহ মিশাইয়া ভাচার লোপ-সাধন করিবেন। পরামর্শ रहेल. এक मिन छरे क म সম্বৰণ ক্রিভে করিতে ভীর ছাডিয়া -জনেক দুরে গমন ক্রিলেন; গিয়া প্র-তাণ বলিলেন ''শৈবলিনী এই আমা-(एव विरयः"। रेगविन्नी विनातन "कांत्र

কেন এই থানেই " প্রভাপ হইলেন, কিন্তু শৈবলিনী ডুবিতে পারি-লেন না। তাঁহার ভয় ত্তিনি মনে ভাবিলেন ''কেন মরিব ? প্রভাগ আমার কে? আমার ভয় করে মরিতে পারিব না "বালো মহুষা-হাদ্যে ভারের প্রাবলা ভাগিক। আবার পরিণত বয়সে আমরা প্রেমামুরাগ প্রভৃতি স্থ দ্ব ত্তি সমূহের বেগ প্রকাশো যেরূপ বোদ করিয়া থাকি, বাল্যে এর পকোন ভাব क्रमार क्रियान ও वक्रमून इरेला छ ভাহার প্রবলভা অনুভত হয় না। শৈবলিনী পরিণত-বয়স্কা নহেন, শৈবলিনীর স্বাভা-বিক চিত্ত-দৃচ্তাও প্রতাপের ন্যায় নছে; ए। हे छाँशत हिटल छत्यत श्रावमा इहेन বলিয়া প্রতাপের প্রতি তাঁহার অমুরা-গের বেগ কণ কালের জন্য স্থগিত দেখিতে इडेल। रेभविलनी छीदा छेठिएल (यमन তাঁহার ভাষের কিঞ্ছিৎ শমতা হটল, ভাষ নি প্রতাপ-প্রণয়ের কথা মনে প-পডিল. ডিল. প্রতিজ্ঞার কথা মরিতে পারিলেন না বলিয়া ল জ্জিত इहेरनन। ज्य ছाजिया भाग, नका था-ুদিয়া তাঁহার মন অধিকার করিল; তিনি প্রতাপকে মুথ দেখাইতে পারিলেন না। প্রথম ভয়ে, ভাহার পর देन्विनीएक किছु निरमत পের পর পর করিয়া ভূলিল; শৈবলিনীর यन (क्यन (क्यन इहेब्रा छिठिल; देगव-निनी जाननात मत्नक अवश जाशन

ভাল করিয়া বুঝিতে পারিলেন না। যথন শৈবলিনীর মানসিক অবস্থা এইরূপ. সেই সময়ে চক্রশেথর তাঁছাকে বিবাহ क्रिलन: रेम्बलनी কোন আপতি করিলেন না। তাহাব পর যথন প্রতাপের রূপ-বারি-সঞ্চারিত তেজ হেতু শৈবলিনীর দমিত-বর্জন শুক্ষভাবা-পর অথচ নিতাজীবন প্রণয়াত্মর পুন-রায় সতেজ হইয়া উঠিল, তথনই তাঁহার হাদয় যেন হুদিমনীয় ভাব ধারণ করিল। देशविनी ज्यन भविषठ-वश्या, देशविनी তখন পূৰ্ব্ব-প্ৰণয়-স্মৃতিতে উত্তেজিত, শৈ-বলিনী তথন নব-দ্লপ-মোহে অভিভৃত; তথন তাঁহার ভয় নাই, লজ্জা নাই, স্থপথ क्रथ छान नारे. श्रीश छारात श्राह्म তথন একাধিপতা করিতে লাগিল।

শৈবলিনী-চরিত সমালোচনার এক
স্থানে আমি বলিয়াছি ''আমি এক জনকে ভাল বাসিলেই সে আমাকে ভাল
বাসিবে এই যদি প্রকৃতির নিয়ম হইত,
তাহা হইলে পৃথিবীর অনেক ছংথ
কমিয়া যাইত। বলিতে পারিনা, বোধ
হয়, সেই সঙ্গে সঙ্গে অনেক ছংও
উঠিয়া যাইত"। স্থুও উঠিয়া যাইত কেন ?
স্থুও উঠিয়া যাইত এইজনা কোন রম্নীকে এক সময়ে একাধিক প্রুমে ভাল
বাসিতে পারে। প্রকৃতির নিয়য়—ভাল
বাসিতে ভাল বাসিতে, হইবে; স্তরাং
সেই রম্নী এই প্রস্বদিগের প্রত্যেককেই ভাল বাসিবে। শত শত প্রুষ্
থাকিতেও কোন রম্মী বিশেষ কোন

বাক্তির প্রতি অনুরক্ত-এই চিস্তায় সেই ব্যক্তির যে স্থথ, রমণী একাধিক পুরুষকে ভালবাসিলে ভাহার সুথ কথন হইতে পারে না। সর্বব্যাথিনী ভালবাসার কথা বলিবেন: সে ভিন্ন কথা। বলিজে পারেন, যদি কোন রম্ণী এক সময়ে শতবাকিকে ভাহার ভাল-বাসায় স্থা করিতে পারে, তবে তুমি ভাহার প্রতিবাদী হইবার কে? কোন বুমণী যদি এক সময়ে শুভ জদয়ে স্থান দিতে পারে তবে হুদ্য তুমি তোমাতে আবদ্ধ রাথিতে চাও কেন ৷ তুমি ফুদুছ্দয় তাই তো-মার একণ ইচ্ছা; তোমার এ ইচ্ছার মলে অবশানীচ স্বার্থপরতা রহিয়াছে। স্বীকার করি স্বার্থপরতা হইতেই এরপ ইচ্ছার উৎপত্তি; সর্কান্তঃকরণে ইচ্ছা করি মহুষা-মনের সেই অবহা আসিয়া শীঘ্র উপস্থিত হউক হয় অবস্থায় এরপ সার্থজ্ঞান মনুষা-মন হইতে বিদুরিত হইবে। কিন্তু মনুষ্য-মনের এতদুর উন্নত অবস্থার অন্তিত্ব এখনও কম্পনাতেই রহিয়াছে। মাত্র এতদুর উনত হুইতে পারে কিনা তাহা এখনও ুসাপেক্ষ। উক্ত কথা কয়েকটী লিখিবার সময় আমার মনে প্রাধানতঃ যে ভাবের উদর হইয়াছিল, এখন দেখিতেছি ভা-ষায় দেই ভাব তত পরিকটে হয় নাই। কোন ব্যক্তির ভাল বাসাই যদি তাহার প্রতি অন্যের ভাল বাসার এক মাত্র कांत्रम इंडेड, डांहा इंडेटन (य ध्वनश्-विषय-

ক সুথের অনেক হ্রাস হইত, তাহা বোধ হয় অনেকেই স্বীকার করিবেন। আজি যে রম্ণীর ভার্যাসার পাত্র হইতে ইচ্ছা করি, যাহার ভালবাসা আমার জীবনের श्रधान सूच विनया गतन कति, তाहात চিত্ত স্বতই আমার প্রতি আকুই, আপনা-আপনি সে আমার প্রতি অমুরক্ত-এই চিস্তায় আমার যে স্লখ্ দেই রমণীকে আমি ভাল বাদিয়াছি বলিয়া সে আমাকে ভাল বালে: তাহার ভালবাদা কুতজ্ঞ-তা মূলক এরপ চিন্তায় ধ্যে সেই স্থ অনেক পরিমাণে কমিয়া যায় তাহার णात जल कि ? रेभवनिनी-हित्र के नगारना-চনার এক স্থানে দেখিলাম মুদ্রিত হইয়াছে:—"তিনি শৈবলিনীর প্রণয়াত্রাগ দেখিয়া, প্রতাপের সহিত देशविनीत थानरात त्रांष ज्वामा नि য়াছেন।" প্রতাপের সহিত শৈবলিনীর প্রাণয়ের কোন দোব আছে, এরপ णामि कथन अस्त कति नाहे : ध्वथन-ও করিনা। বঙ্গদর্শনে 'চেক্রশেথর" যে আকারে প্রকাশিত হর, ভাহাতে পাঠক প্রতাপ-শৈবলিনীর শৈশব-প্রপরের কথা প্রথমেই জানিতে পারেন না। তিনি শৈবলিনীকে স্থামিগৃহ পরিত্যাগ করিতে দেখিয়া. মনে মনে তাঁহার চরিত্রে কলক আরোপ করেন: পরে প্রভাপের প্রতি ভাঁছার প্রেমাত্রাগের উৎপঞ্জি কোন্ जनत्त्र এवः किक्रभ व्यवशांत्र इहेताहिन यथन बानित्छ शास्त्रन, छथन टेमंद-লিনীর চরিত্র সম্বন্ধে, উহার সমস্ত অপ-

বিত্র ভাব অপনীত হয়; ইহাই আমি
বলিতে মনস্থ করিয়াছিলাম। আমার
নিকট যে হস্তলিপি আছে ভাহাতে এইরূপ লিখিত আছে "তিনি শৈবলিনীর
প্রণয়ামুরাণ দেখিয়া প্রভাপের সহিত শৈবিলীর শৈশব-প্রণয়ের কথা জানিতে
পারিয়া, শৈবলিনীর দোষ (স্বামী-গৃহপরিত্যাগ-দোষ) ভূলিয়া গিয়াছেন।"
প্রবর্গটি আর্য্য-দর্শনে প্রকাশিত হইবার
জন্য যে হস্তলিপি পাঠাইয়াছিলাম,
ভাহাতে ভ্রমক্রমে যদি এই অংশ পরিবর্ত্তিত করিয়া দিয়া থাকি তাহা বলিতে
পারি না।

শ্রীলোকনাথ চক্রবর্তী।

শৈবলিনী-চরিত্র লইয়া ঘোরতর
আন্দোলন উপস্থিত হইয়াছে। উভয়
পক্ষের বায়া কিছু বলিবার ছিল তাহা
আমরা অনিরন্তিত ভাবে বলিতে দিয়াছি।
আর্যাদর্শন ওকবিষয়ক য়াধীনতা-প্রিয়।
য়তরাং সকলেই সাধারণ বিষয়ে য়াধীন
ভাবে ইহাতে মতামত প্রকাশ করিতে
পারেন। শৈবলিনী-চরিত্র সমালোচনেও
উভয় পক্ষ স্থাধীন ভাবে আপনাদিগের
মতামত প্রকাশ করিয়াছেন। এক্ষণে
আমাদিগের অন্থরোধ অতঃপর এবিষয়ে
তাঁহারা ক্ষান্ত হউন্।

বে মূল বিষয় লইয়া এই আন্দোলন ভাহা অভি সংক্ষেপে বৰ্ণনীয়।

পূৰ্বাব্ ও তৎপক্ষ-সমর্থক লক্ষীনারা-মণ বাব্ বলিভেছেন—শৈবলিনী সমাজের অতি পবিত্র নিয়ম ভক্ষ করিয়াছেন;

তিনি সামাজিক প্রণা বিষয়। শৈবলিনী শাসনের যদি অমু তাপিনী প্রকৃত প্রস্তাবে रहेट जन-जाश रहेटल देशविनी दक ক্ষমাকরা যাইতে পারিত। কিন্তু শৈব-লিনী প্রকৃত অনুতাপিনী হয়েন নাই: প্রতাপের প্রতি তাঁহার আশক্তি অবিচ-লিত থাকায় তাঁহার প্রায়শ্চিত্তের কোনও ম্ল্যনাই। আর বিশেষতঃ ক্ষম। ব্যক্তি বিশেষ বা সমাজের কর্ত্তবা হটলেও. সমালোচকের সহিত ইহার বিশেষ সম্বন্ধ নাই। - সমালে চক কোন চরিত্রকে যের-প পাইবেন, সেইক্লপ বিচার করিবেন। দোষ দেখিলে তিরস্কার কবিবেন, গুণ पिथित्व **अ**भः ग कतिर्वन ।

লোকনাথ বাবু ইহার প্রভাততের এই বলেন যে— শৈবলিনী সমাজের নিয়ম ভঙ্গ কবিয়াছেন সভা, দে জন্য তাঁহার চরিত্রে একটা কলস্করেথা পড়িয়াছে বটে; কিন্তু ভাই বলিয়া তিনি দঙনীয়া বা ঘ্রণাম্পদ হইতে পারেন না, কারণ সমাজের নিয়ম জতি কঠোর ও ন্যায়বিগহিত না হইলে, তাঁহাকে ত সামাজিক নিয়ম ভঙ্গ জনিত পাপে পতিত হইতে হইত না। সমাজের নিয়ম উচ্চ নৈতিক আদর্শে গঠিত হইলে প্রতাপের প্রতি শৈবলিনীর প্রেম কথনই অপবিত্র বলিয়া পরিগণিত হইত না। স্কুতরাং এই কঠোর ও অসক্ষত্ত না। স্কুতরাং এই কঠোর ও অসক্ষত্ত

নিরমের ব্যভিচারের দণ্ড শৈবলিনীর ক্ষেত্র আরোপিত করা অন্যায়। আর সমা-লোচক যথন সাধারণের শিক্ষক, তথন দয়া ও ক্ষমার, সহিত তাঁহার সম্পূর্ণ স-য়য়। তিনি অক্ষমা ও নিষ্ঠুরভার দৃষ্টান্ত প্রদর্শন করিলে, সাধারণ শিক্ষকতাভার গ্রহণের অনুপযুক্ত হইবেন।

. প্রস্থের নৈতিক কল সম্বন্ধে পূর্ণবাবু
ও তৎপক্ষমর্থক লক্ষীবাবু বলেন যে—
শৈবলিনী-চরিত্রের ক্ষকভাগ অতিরঞ্জিত
হওয়ায়, এ গ্রস্থের নৈতিক সমস্থিতি বিনফ্ট হইয়াছে। এগ্রন্থপাঠে পাঠকগণের
মনে পাপের প্রতি বিরাগ অপেক্ষা পাপের
প্রতি অমুরাগের প্রাবল্য হইয়া উঠে।

लाकनाथ वात् वलन-विक्रम वात् শেক্ষণীয়র ও কালিনাদের ন্যায় একজন সার্ব্যকালক ও সার্ব্যদেশিক চিত্রকর। প্রতাপের প্রতি শৈবলিনীর অনুরাগ বন্ধ-দেশে কি ভাবে গৃহীত হটবে সে চিন্তার তিনি ব্যক্তল নহেন | বিশ্ববাপিনী নী-তির আদর্শে শৈবলিনীর অনুরাগ অপবিত্ত নত-এইজনা তাহার অভিরঞ্জনে তিনি कुष्ठिं इ रामन नाहे ; তবে প্রাদেশিক नी তির মুলে আহ্বাত ক্রিতেও তিনি অনিচ্ছুক, এই জনাই তিনি প্রায়শ্চিত্রের বাবস্থা করিয়াছেন। স্থতরাং देगविनी- हित्रज भार्क शक्र शक्राद थाएमिक वा विश्व-জনীন কোন নৈতিক সমন্থিতিই বিন্তু হইতেছে না ৷

যোগ। দ্বিতীয় প্রস্তাব।

প্রনাভালে যোগাভালের প্রথমাব-সাত্তিকাচার ও প সাত্তিকাহার করা নিভান্ত কর্ত্বা। যথা ক্ষীরাক্ষ-প্রা-मनः भन्छम। भिवजी छ। को बार्थ (शांवा ছগ্ধ, অক্ষার্থ গোবা বৃত্ত, পান করা অতীব প্রশক্ষ। এত্তির মহাহবিষারে হবিষাামও ভোজন করিতে পারে। এই কেবল যোগাভাবের **প্র**থাম দি বস গোন্ত ও তথা মাত্র কুধা নিবৃত্তির জন্য পান করিবে । যাঁথার চন্ধ আর মুতে কুধা নিবারণ নাহয় তিনি মহা হবিষা করিবেন। তৎপর এক পক্ষ এই নিয়মে ক্ষণা নির্বাত্তি করিয়া বোঁগ দাধনা করি-বেন। তংপর ৩ মাস পর্যান্ত হবিমাার ও একাছার করিয়া অকট্টে কাল যাপন করিবেন মাস্ত্রয়ের পর নাডী শুদ্ধ হইলে ছুইবার হবিষাার ভোজন করিতে পারেন। তামূল কি তামকুট কি আদৰ দ্বী একেবারে পরিত্যাগ করিবেন। সম্ভোগ বিষয়েও সতক হটকো। এই প্রকারে অনাানা ভোগ স্থথ বিনি বিদর্জন করিতে পারেন তিনিই যোগসিদ্ধ হইতে পারেন। যিনি ইহাতে ক্ষপারগ হটবেন তিনি যেন এরপ যোগ সাধনায় প্রবৃত্ত নাহন ৷ পুরুষাপেকা প্রকৃত ব্রহ্মচ্গ্যাব-निष्नी विश्वा जीत्मक युवि द्वाव नाधना করেন ভবে ভিনি বর্ত্তমান সময়ে অবি-

লবে যোগফল প্রাপ্ত হুইতে পারেন ভাগতে সন্দেহ নাই।

खीत्नात्कत त्यमन हे क्तिय-तुखि श्रीवन, তেমনি ধৈৰ্য্যবৃত্তিও বলবতী। বিশেষতঃ कुलकामिनी याशास्क वरल, त्मरे कुल-কামিনীরা সভীত্বলে না করিতে পারেন এমত সৎকর্ম দেখিতে পাওয়া যায় না সীত। সাবিত্রীর ত কথাই নাই তাঁহারা সতী হবলে যাহা যাহা করিয়া গিয়াছেন उৎসমুদাম পুরাণে প্রকাশ থাকার পৃরি-बीट अक्षकाम नारे, किस है हैं। ता शकि-সেবা-পরতন্তা ছিলেন। বিধবা লোকের, কঠোর ত্রহ্মচর্যাই প্রাধান ধর্ম ও ভ্ৰণ। ইছার মধ্যে যিনি যোগ সাধন করেন তিনি অপ্রাক্তর মানবী। সংপ্রতি जानाशियार जनारे-निवाभी ভূমাধি-কারী মৃত বাবু রামনারায়ণ মুখোপাধ্যারের বাটীর একটি কুলবধু অল্লাল হইল বিধ-বা হইয়া কঠোর ব্রহ্ম গাঁবত যথাশাস্ত্র প্রতিপালন করত প্রনাভাাস যোগ সাধনা করাম, অতি পরিশ্রমে বোগাভ্যা-**নের কিঞ্চিৎ প্রাশ্রক ফলও লাভ করিয়া-**য়াছেন। ভিনি ২াও ঘণ্টা পর্যান্ত কুম্বক করিয়া অফেশ্রে থাকিতে পারেন। স্থার के कुछ क नगरम ठाहात जानन, जन ভূশুনা হইতে থাকে ৷ তাঁহার আহার মুত कांत्र क्योत । अवश्वित जाहात स्वतास्त्र

कथन मूथ झान इब ना। द्वान छाँशिक म्लार्क कतिएक क्रम्याम् नरह। ताथ इय তিনি অন্তিবিল্ছেই সমাধিসাধনার সিদ্ধ হইয়া ধর্মের অন্তিম সীমার উপস্থিত **ইটবেন। 'বর্তমান সময়ে এরপ মহিলা** অতি চর্ভ। ইনি ভোগ-স্থ-ম্পৃহা क्रिन मक्न प्रथरे रेहाँद क्रवलक हरेल পারিত। ইহাঁর তপ:প্রভাবে পতিকুল পিতৃকুল অ্কয় স্বৰ্গ ভোগ করিতেছে। वेकें।दक मर्नन कितिरल दमव मर्नद्भित क्य লাভ হর। চ:পের বিষয় এই যে এত-ক্ষেশের পৌরবাণিকারী আর্যা পুরুষগণ अजानम त्यामञ्चल धाकवादत विकले। बाँशनिभटक कुछविमा वना याय छाँछा-রা কেবল বাহাজগতীয় স্থথের আশয়ে वृथा कीवन क्या कविटल्स्न।

যাহাই হউক এক্তে শোচনীয় (मथा याहेर ७ एक ভাহাতে হিন্দুজাভির পক্ষে প্রাচীন। আর্যাচার ব্যবহার করা व्यक्षाबन इटें एक । नाइ विक्रानीय शा-শ্চাজ্যাচাটের বঙ্গালেশ উৎসর যাইবার উপক্রম ছইয়াছে। রোগ শোক পরিতাপ প্রভৃতি রেশ যত বছদেশে দেখা যায় ভারত্তের অন্য কোন দেশে এড ছ:थ क्षतां वांच नां । 'द्य नक्न द्वारा वक-(मर्म विवास कविराज्**क दे**लवा वा खना बाहेटलर्फ, ७० । १० वर्मन शृद्ध सम-(म:म प त्रक्त त्रांश (मधा सङ्ग्रिकार) ভাষার নিদান নিশাচন করিছে কটলে স্পষ্ট বোধ হয় ৩০ । ৭০ বংসর পূর্বের বঙ্গে এখন যেমন পাশ্চাভ্যাচার প্রবল ভখন ছাহা ও ছিল না। এ নিমিন্ত বিচিত্র রোগ ও আছুত চিকিৎসা দেখাও যায় নাই। এইকল সেই বক্স-দেশে যে সকল বিকট রোগ প্রাচ্ত্তি হইতেছে ভাহার নিদান পাশ্চাত্যাচার বৈ আর কিছুই বোধ হয় না।

যেমন রোগ, আবার ভাগাক্রমে ভেমনি চিকিৎসা-প্রণালীও প্রচারিত ইইতেছে। ইহাতে গৃহষ্ঠ লোকের আর্থিক ও মানসিক যতদূর কট হটতে পারে তাহা ঘটিতেছে। वक्रवामी विक वाकिता हैश (य वृत्यु বুংঝন না ইহাই আক্রেণের বিষয় এচনা বঙ্গ আর্যাগণের সস্তান সম্ভতিদিগকে আ-याहार्यानरभव आहार बावहात अभवामन रहेए एक अविस्त्र अधिक वाग्रवाह्या नाहे: কেবল সদগুরুর সংমিলন আবশাক ৮ পুরাকালে এতত্ত্য বিষয়ই স্থলভ ছিল उन्जीना उरकारम के डेन्यविथ कार्या व সৰ্বব্ প্রচলিত পাকায় লোক সকল स्रशो हिल देखा বল

বিধিপূর্ব্ব সোমরস পান করিলে

যে ফল লাভ হয় নিম্মাত্যায়ী
প্রনাভ্যাস যোগ সাধনা করিলে তলপ্রকা অধিক ফল লাভ হয়। সোমর্স
বোগীদিগের যে সেবা তাহার স্থানাণ
প্রয়ের বলা যাইতেছে যথা—

যুগে যুগেছপি কর্তব্য বোগিনো যোগ-

পিবেৎ গোমরসং ভজে আরুর্মেধাবলপ্রদং ॥ ইতি দিবসংহিত। ॥

মুজ্ঞত ১৯ বিংশতি অধায়। षाणि शृक्षकारम-अत्रा-मत्रण ह्रवण कात्रण দেবভারা বেমন অমৃত স্ঞ্জন করিয়া मिबलाटकत हिछ माधन कतिशाहितन ভজ্ঞপ মর্ব্যলোকে মানবগণের হিতার্থ সোমরদের সৃষ্টি করিয়াছেন। সেই সোম-রস কোন বস্তু ছইতে উৎপন্ন হয় তাহা वना वाहेरलहा (मायनला नायक धक প্রকার লভা আছে দেই সোমলভার মূল ক্টতে সোমরস নির্গত হয়। সোমরস ছথের ন্যায় শ্বেড ও তরল। এই সোমরস যে প্রকারে নির্গত করাইতে হয় ভাহা शांत बना यारेति । এখন সোমनতা कछ প্ৰকার পৃথিবীতে স্ফল হইয়াছে ভদ্বিণ এই সোমলতা স্থান নাম ও আক্রতি (छाए २८ विः **में जि. श्रेकां**त्र। यथा। অংশুমান ১ ভূঞ্মান্ ২ চন্দ্রমা ৩ রাজত প্রভা ৪ চর্কাদীম ৫ কনীয়ান ৬ খেপ্তাক ৭ কনকপ্রভা 🍃 প্রতানবান ৯ তালবুস্ত ১০ कत्रवीत ১১ ष्यः भवान ১২ श्रयस्थल ১৩ মহালোম ১৪ গরড়াছত ১৫ গায়-ত্ত্ৰাইভ ১৯ পাছজ ১৭ জগতে ১৮ भाक्त ५२, व्यक्षिरहोम २०, देत्रवछ २५, विभनीयुका २२, शाम्रकी २०, উড় পতি ২৪। এতাদুশ বিভিন্ন নাম ও क्रमधारी त्रांच (वरशंक नार्य गांड। हेशिक्तित छेशामनात नित्रम शुबक् नत्स्। अन कार्यक्त नमज्ञन ।

त्नांब द्रन्यत्वत्र विद्रम् ।

वड अकाब त्यारमंत्र कथा वलाइहेल তাহার মধো যে কোন সোম পান করিবে. তাহার সেবন-নিয়ম क्रके खकाव। লোম দেবন করিতে হইলে স্কল প্রকা-র উপকরণ ও পরিচারক-বিশিষ্ট ভিনটি আবরণে আবুত একটি পরিষ্কৃত স্বাস্থাকর আ এম-গৃহ নির্দ্ধাণ করাইবে। मिटन मंदीत मार्किंड ও পবিত্র করিয়া গুড সময়ে অংগুমান নামক সোম গ্রহণ করিয়া-আজ্ম-গৃহ মধ্যে প্রবিষ্ট হইয়া যজ্ঞকলৈপ অভিষেচন ও হবন করিবে। পরে কুতমজল হইয়া সোম-মল স্থবর্ণ স্চী দারা বিদ্ধ করত স্ববর্ণ পাত্রে অঞ্জলি পরিমিত ক্ষীর গ্রহণ করিবে। সেই ক্ষীর অনাস্থাদিত ভাবে পান করিবে। তৎপর আচমন করিব। আচমনানস্তব दम योजा श्रोकिरव कदिर व। যম নিয়ম ছাগা মন: ও বাজ্য সংযত করি-য়া স্ত্ৰুৎগণ, বেষ্টিত হট্মা নবাশ্ৰমের मर्था एक चारमांत व्यामात्तव महिल বাস করিবে বিসায়ণ সেবনানন্তর মন্দা-নিল সঞ্চারিত স্থানে তথ্যনা ও পবিত্র खारब द्वाहरेव, किन्नु निक्षा चाहरब ना।

সায়ংকালে সোমরস পান জারতে কুল শ্যার ক্রফাজিন বিভার ক্রিয়া তাহাতে শারিজ ও স্তজ্জ্মগণে বেটিড হইয়া থাকিবেক ভ্রিত হইলে পরিমিত মানোর দীতল জল পান ক্রিবে। প্রাভঃ-কালে পানোধন পুর্কক শান্তি প্রবণ

कत्रक कु उमझन इहेगा शान्मर्भ शूर्सक वागत वागीन इहेरत। जुक त्राम कोर्न इहेल वमन इहेट आबस इहेटव । ७९-কালে শোণিতাক্ত ক্লমি-মিঞ্জিত हहेत्न माय्रकात्न भाककता भीउन इक्ष **छ** छीत्र निवटन कृशि-পান করিবে। मिश्रिक विद्युष्ठन इटेट्य। एक्स्नां मंत्रीत मः (माधिक हरेरव'। তদ স্তর কালে স্নান করিয়া পূর্ব্ববৎ ছগ্ধপান করিবে धवः भगाटङ পद्वेवञ्च विखीर्व कतिहा भवन कविरव। ठेक्थ मिवरम भवत्र जन्म অর্থাৎ শোথ অন্মে তৎপর সর্বা শরীর হই-তে ক্বমি নিৰ্গত হইতে থাকে। এই দিবস ভন্ন বিকীর্ণ শ্যায় শয়ন করিবে পরে রাত্তিকালে প্রব্বং শীতল कतिरन। भक्षम ७ वर्ष निवाम ९ নিয়ম প্রতিপালন করিবে বিশেষ এই थिनियम भी जन कक्ष करेवात शान कतिरव। मक्षम निवास अधि-हर्ममात भीर्न-कालवत रहेरव। এই मिरान मार नेवक ज्ञा সেচন করিবে এবং তিল জেষ্ঠ মধু আর খেত চন্দন পিদিত করিয়া গাত্রে অহু लिश कतिरव। षाहेब पिर्देश खीछःकाल ঈষহ্য ছগ্ন গাত্তে সিঞ্চন ও খেত চন্দন লেপন ও উষ্ণু তথ্য পান করিয়া পাংশু শ্বা পরিভাগি পুর্বক পট্টবন্তবিস্ত ভ পৃথক भशास भवन क्रिट्य। ७९भव ब्रियम रहेट्ड शांख . मार्म दुवि रहेट्ड थाकिरव ; किन्त श्राजन मुख नथ रक्ष । (ताम मकल পण्डिल इरेट्य। न्यम विवन क्ट्रेंट्ड प्रकारक प्रमुख्य थे शावरम्हरन

নোমবন্ধ অর্থাৎ শ্বেত-থদির-জল ব্যবহার
করিবে । দশম একাদশ ও বাদশ দিবস
পর্যন্ত এই নিরম প্রতিপালন করিবে।
ইহাতে অ্কের স্থিরতা জ্বিবে। অয়োদশ
দিবস হইতে বোড়শ দিবস পর্যান্ত কেবল
মাত্র সোম বল্কের করার পরিষেচন
ব্যবহার করিবে। তৎপর সপ্তদেশ ও অন্তা
দশ দিবসে থৈত্ব্য ক্ষ্ণীক তুলা দৃঢ় দন্ত
সমস্ত জ্বিবে।

পরে পঞ্ বিংশতি দিন পর্যন্ত শালি তভুল সংযোগে হয়ে যবাগু অর্থাৎ যবমণ্ড পাক করিয়া সেবন করিবে। পঞ্চবিংশতি দিবসের পর প্রাতে ও সায়াছে শালি তভুলের কোমলার হয় সহযোগে ভোজন করিবে। পরে ২৬ দিন হইতে ৩০ দিন মধ্যে রক্তবর্ণ দৃঢ় নথ ও মিগ্ধলক্ষণ-সম্পন্ন কেশ সকল জারিবে এবং গাত্রের ত্বক্ নীলোৎপলের স্থায় আভাবিশিষ্ট হইবে।

প্রকর্মান পরে কেশ মৃত্তন করিয়া বেনা-মৃল, চন্দন, ক্লফ তিল পিসিয়া সর্বা পাত্রে লেপন করিবে পরে গোব্য ছুট্টে লান করিবে। ইহার সপ্ত রাজ্ঞির পরে লমবের ন্যায় ক্লফবর্ণ কুঞ্চিত কেশরাশি ক্লমিবে ইহার ও দিন পরে আশ্রম-গৃহের প্রথম আবরণ হুইতে বাহির হুইয়া মুহুর্তা মাত্র অবস্থিতি করিয়া পুনর্বার আশ্রম গৃহে প্রবেশ করিবে। তদন্তর বেনা ভৈল অভ্যালার্থে, পিষ্ট বব উন্বর্তনার্থে জ্লম-ক্লয়ার উৎপাদনার্থে সৌরীবা কুপো দক প্রানার্থ, চন্দন অস্থলেপনার্থ, আমলকরস-মিপ্রিত ত্পাঁ বা যুব এবং ছন্দ্র ও
ষষ্টিমধু সহবোগে কৃষ্ণ ভিল সিদ্ধ অবচারণার্থে প্রয়োজা। এই নিয়মে ১০
রাত্রি কাল অতিবাহিত করিয়া পরে
ঐ নিয়মে আবার ১০ রাত্রি কাল আশ্রমের
দ্বিতীয় পরিসরে অব স্থতি করিবে।
তৃতীয় পরিসরে আবার ১০ রাত্রি কাল
মনঃ স্থির পূর্কক অবস্থিতি করিবে।
কিঞ্চিৎ আতপ ও বায়ু সেবন করিয়া
প্রকার গৃহে প্রবেশ করিবে। দর্পণে
আজ্ম-দর্শন করিবে না। পরে আর ১০
রাত্রি কাল ক্রোধাদি পরিত্যাগ করিয়া
সকল প্রকার আহার করিবে।

বল্লী প্রাতনও কুপ এই সকল প্রকারের সোমবিশেষ ভক্ষণীয় ইহারদিগের সেবনের পরিমাণ সাদ্ধি ৩ মৃষ্টি। অংশুমান সোম দৌৰ্ণ পাত্ৰে, চন্দ্ৰমা রক্ষত পাত্ৰে, অভি-ষেচন পূর্বক সেবন করিবে। हेर्हाट অট্টেশ্বর্যা ও ঈশানত লাভ হয়। উদ্ভিদ্ধ সকল প্রকার সোম তাত্র পাত্রে বা মুনায় পাত্তে গেবন করিবে। শুদ্রবাতীত অপ-র ৩ বর্গ সোম পান করিতে পারিবে। সৌম পান করিয়া চতুর্থ মাসে পোর্ণ মাসী তিথিতে পৰিতা দেশে বানা সমূহের অর্চ-ना कतिया आख्य शृह हेरेएउ निर्शेष्ठ ছইবে। ঔষধাধিপতি সোম বিধিমৎ সেবি-छ हरेल बानव नवीन जिह शावन केत्रिया मीर्चकीरी दशें। अधि, जन, विशे, नेज, हेशीत किंदूएडेहें 'छोशीत आयु: क्या केंद्रि-एक भारत ना। नेश्य कुश्चरित वेन भाग

সেবনে লাভ হয়। গতি অপ্রতিহত रव । अभेन कि किरताम नागत है सानव ও উত্তর করে পর্যান্ত গমন করিতে পা नाम काबि धार्व करत । हेश्व पर्मान नकलं लिंदिकत মন এতত্তির নিধিল সাকোপাঙ্গ বেদ ভাহার আয়ত্ত হয়। এইরূপ কোক নকল দেব-তার নাায় অমোঘ-সংকল হইরা অধিন জগতে বিচরণ করিতে পারে । সকল প্রকা-র সোমেরই পঞাদশ পতাজনো। পতা গুলি শুকু পক্ষে অন্মে, ক্লম্ভ পক্ষে পতিত হয়। ভক্ল পক্ষের প্রতি চল্লৈ এক একটি পত্র জন্মে। কৃষ্ণ পক্ষের প্রতি তিথিতে ঐ পত্ৰ গুলি পতিত হয় ৷ শুকু পক্ষের প্রতি দিন এক একটি করিয়া পত জিন্মা পোর্ণ মাদীর দিনে পঞ্চদশ পত্র म्म्भूर्न हम । क्रुक्ष भक्तित्र खिंछ भन्न इहैर्ड প্রতি দিন এক একটি করিয়া পতা শীর্ণ হইয়া পতিত হয় আমাবস্যাতে কেবল লতা মাত্র অবশিষ্ট থাকে। অংগুযান সোম ঘুতগন্ধ-বিশিষ্ট, রক্ষতপ্রভ সোমলতা বল-विनिष्ठे, दंगरे करनात आकात कम्लीकरनत-नात्रि। जुङ्गवान् त्राम लखरनत नात्रि পত-विभिद्दे, हं समा (माम स्वर्गांकावि निष्ठे, मर्सना जिल्ल कर्मा। भक्तफ्रीकंड ও খেতাক সোম উভয়েই দেখিতে দর্প-निर्धाक-कृता वृक्षाधानिक हरेबा पारक। चना नकले शकात ताम विधित वर्णकः मुख्यानत चीता हिकिए। नकनशकात त्मात्मत्र शक्तम् शति । भीत्र कम्मण्डां

বিবিধ-প্রকার প্রাথিশিট।
হিমাল্য, সহা, মাহেন্দ্র, মল্য, জীপর্বত, দেবগিরি, দেবসহ, পারিপাত্ত, বিদ্ধা, এই সকল পর্বতে ও দেব স্থল নামক ছুদ্দে বিভতা নলীর উত্তরে যে পর্বত আছে দেই পর্বতে এই সকল হানে লোম লতা পাওয়া যার। চক্রমা নামক দোম দিলু নামক মহানদে হঠবৎ

ভাসিয়া থাকে। সে স্থানে ভ্রাবান্ ও অংশুমান্ সোমও পাওয়া যাইতে পায়ে। কাশ্মীরে ক্লুড মানদ নামে যে দিবা সফো-বর আছে ভাছাতে গায়তাা, স্থাৈইভ, পংঙিজ, জাপত, ও শাক্ষর এবং অন্যা অ সোমও পাওয়া যায়।

ञ्कानीकमन नार्साखाम।

ভারতের আশা।

ভারতের আশা ? এ যে জ্বীক স্বপন ! যে আশা স্থদরে ধ'রে, অভাগা ভারত-নরে এত দিন জীয়ে ছিল;—সে আশা-রতন অতল জলেতে জাজি হরেছে মগন!

আনর্থক আঞ্চল্পনে ভাসাও বদন হে পভিত আর্য্যস্থত, কি ফলরোদনে এত ? জাননা কি ডোমাদের অরণো রোদন ? বিধাতঃ! দরিক্র ভাগ্য এতই পীড়ন!

দরিত্র; অধীন বটে ভারত-তনর: —
কিন্ত তব্ আজো ভার হদর অমিরাধার;
আজো ধমনীভে আর্য্য রক্ত-লোভ বয়!
আজো আর্য্য গর্কে ফীড ভারার হৃদর!

বা কিছু পবিত্র, বাহা উত্তত, কুলর, সেই দিকে আজোহার। আর্যাচিত বেগেনার; আ্যানতা চার কিছু না চার সম্বর। শোদিতে প্লাবিতে ধরা হার ক্তির। হে ভারত বর্তমান নিয়ামকগণ—
একথা রাথিও মনে, আর্যান্তত কি কারণে—
নীরব রোদনে আজি আছে নিমগন!
পশুভাব ভাহাদের নহেক সাধন!

সভাতার উচ্চতম, আদর্শ রতন আর্য্যস্ত্রত-লক্ষ্য ছিল, দৈ আশা ছরাশা হল; -ব্যক্তি-গত স্বাধীনতা কোথায় এখন ? কোথায় সম্বাদপত্র-স্বাধীনতা ধন ?

এই যদি ছিল মনে কেন জ্ববে হার, হেলার মলিন ভাতি, শত কহিমুর পতি— রতনে, প্রথমে তুলি পরিষা গলার, আজি পদত্তেল তারে দলিলে গুণার ?

ষারি আশে, ওছ কঠ, নিজ্জীব পশ্চিত,
মক্ষমানে পথিকেরে, বভনে ফুলিয়া করে,
স্পীতল বারি পাত করিলে প্রদান ?—
কেম কাড়ি নিলে পাত্র মা করিতে পার ?

2

ছিল আশা বৃটনের কেতন-ছায়ায়,
মৃতপ্রায় আর্যাজাতি, পরিহরি অংগাতিআবার ধরণীতলে লভি অভ্যাদয়,
ংখলিবে বিচিত্ত খেলা নিজ মহিমায় গ

.

মহা অফুডব অহে বুটন সস্ততি—
নাহি কি স্থাণে আর, ভ্লায়েছ কতবার
আশার কুছক-চছলে!—মরি কি ছুর্গভি-দেখায়েছ সুখ স্বপ্ন বিচিত্র-মূরতি ?

>:

ভোমরা না স্বাধীনতা-দারেতে প্রহরী ?—

যাক্ প্রাণ নাহি ভয়, ভোমরা না এ ধরায়,

স্বাধীনতা-হারকের ভীমতম অরি ?—

নেপোলিন্-বোনাপার্ট প্রচণ্ড-সংহারী ?

38

আবার পড়ে কি মনে দরার উচ্চ্বাসে.
হটয়া বিম্থা-চিত্ত, প্রাক্তত বীরের মত,
ভীম যুদ্ধে পরিত্তাণ করেছিলে দ্বাসে?—
দাস না বৃটিশ-রাজ্যে কোথা না নিবসে?

519

সে দিন বৃটিশ-কবি বীর বাররণ—
গৈরিক নিত্রৰ প্রায়, জদি যার তেলোময়,
তীব্র-জ্ঞালা-ময়ী যার কবিতা স্বন্দরী—
খাধীনতা তরে জন্মভূমি পরিহরি,

. 58

লকিয়া অমন্ত বানি চিন্ন বীলোক্ষল,
—ক্ষিক-দৰ্শণ-কানা, থন্নে বীন চিন্ত ছানা
—ক্ষাধীনভাষানে বানা অনন্ত প্ৰভ্নী,

কৈমেৰ্থ বেগশালী চিন্দু এমনি ভাঁবেনি—

54

বীর কৰি বায়রণ, নাই কি শ্বরণ, পভিত গিরিশ হংখে, কাঁদিলেন মনো হংখে, জাগালেন তুর্যা নাদে জড়েরো জীবন, — বেড়িয়া জল ধি, শৈল, ছাড়িল গর্জুন!—

410

আবার পতি 5 এীশ ছইল আধীন! এ দৃপ্ত কাহিনী-রাশি, আরি কি বুটন-বাসী চাহেরে পীড়িতে আর্ডা ভারত হৃঃধিনী, সভাতার শিশুদোলা, চির অভাগিনী ?

9

অরি মাত: ভিক্টোরিয়ে ! ভারত-ঈশ্রি ! এই কি ছিল মা মনে, বিসর্জিরা দয়াগুণে— সস্তানের প্রতি হলে হেন নিরদয় !— কুপুত্র যদ্যপি হর কুমাতাত কভ্নয় !

16

রাজ-ভক্তি পুরস্কার এই কি জননী ? ভক্তি-প্রীতি-ময় হারে, যে জাতি জর্চনা করে স্কৃদি যার তরজিনী, লিগ্ধ, স্থবিমল, বিধান পানীয় ভার ভীত্র হলাহল ?

32

কোপা বার্ক, সেরিডেন্, বাগ্মী-কুলেশ্বর ! কে আজি জীমৃত-মন্তে, প্রতিহ্বনি কেল্লে২ কাঁপাইয়া ধরাবাসী, করিবে ক্ষমন ভারে

ভারতের স্থীন্ত। ছরে বেই জন।

আশা আছে, জীবে আজো ত্রাইট, করেট্! তোমনা থকিতে ভবে, এদশা ভারত কবে, এই কি হে নাগীনৰ ছেদ্বিৰে নমনে ?— কে কবিবে প্রতিকার জোমানা বিহনে ? 65

না পার সাধিতে যদি এই প্রতিকার. কৃষ্ণ বেশ অঙ্গে ধর, বিলাসিতা পরিহয়,

मत्नाष्ट्रः श्रिक्षकराति कत्र विश्रक्षन. ডুবিয়াছে বুটনের (गोत्रव-छशन i **बी बी महस्य मख्यमात्र** ।

ইক্ষা

ভারতবর্ষে বভপ্রকার আবাদ হইরা थात्क, जन्नात्मा हेक्कृत व्यावान এक है। विश्वव नाज्यनक अवः देशांत्र हात्मत्र सना मकत्नत উচিত यে किছ উৎসাহ ध्वेमान धवः यप्न करवन। উত্তর পশ্চিমাঞ্চলে এবং পার্ব-তীর প্রদেশে ইহার বিশেষ সমাদর। কোন क्रयत्करे थात्र (अवना गारात किছू नक्रि আছে) ইহার আবাদের জনা তাচ্ছলা करत ना किस मकरन जारनन रच अरनरमंत्र ক্রমকেরা ক্লমি-কার্য্যে নিভান্ত অজ্ঞ। যাহা পুর্বাপর চলিয়া আসিতেছে তাহার অভি-त्रिक किছ वृद्धि कतिय नां, (कननां शृर्व পুরুষদিগের অপেকা ভাহারা কি এত বিজ্ঞ य छांशामित्रक छाजारेबा छेठि.व এर ज्या পতিত হইয়াই হউক কিয়া কোন কুতন ধারামুষারী করিলে পাছে শেষে বাঞ্ছিত कन-नाएक विकल इत (मरे क्राइ इडेक, অনেক ক্লয়ক জানিয়াও অজ্ঞের ন্যায় কার্য্য করে, কেননা একবার ব্যয় করিয়া ভাষতে । নিজের কার্য্য নহিলে নিজের বৃদ্ধি খাটাইতে विकिछ इहेला श्रमनात्र कार्यात त्य नाम करन এমন ধনী কৃষক ভ ভারতবর্ষের কোন श्वाल नाहे। किन्द्र अन्ते क्रमाई (व ভাহারা কৃষিকার্য্যে অনাহা দেখার ভাহা नहर । छोशांत्री माजन পরিশ্রম সহকারে এই কার্য্য করিয়াখাকে। ফ্যাপি না করিবে ভ

উদর পূরণ কিলে হয় এবং অনেক বৃদ কৃষক নিতান্ত মুর্থ হটলেও কৃষিকার্যা বছকাল করা প্রযুক্ত এমন পারদর্শি গা লাভ করিষাছে যে অনেত নবা সম্প্রদায় লোক রাশি২ পুত্তকর ভাদ করিয়াও তদ্রুপ क्रिंटिज भारतम कि ना मत्नह । किन्न यमाभि नवा मन्त्र मात्र क्रजविद्यात्। এই मकल বিষয়ে হস্তক্ষেপ করেন তাহা হইলে যে ভাঁহারা আমানিগের মত অজ্ঞ লোকদিগের অপেকা অধিক পৰিমাণে পাৰদৰ্শিত। লাভ করিবেন তাহাতে সন্দেহ নাই। আরও এখন অনেক ক্রতবিদাদিগের উচিত ছইতেছে (य जाराया व्यात भरतत हाकति नानमात्र পर्याहेन ना कतिया छह मकल कार्या इस-ক্ষেপ করেন। তাহা হইলে তাঁহারা যে কেবল আত্মপোষণে সক্ষম ছটবেন এমত নহে, আপনার মনোবৃত্তি সকল স্বাধীনভাবে পরিচালনা করিবার স্থবিধাও পাটবেন। ভর করে। আপনার কার্যোর দাদ ফরি-याम नाहे। बाज नकमान निष्कृहे (जाग कतिव: किन्त भारतम कार्या छाना स्म ना ভাছাদিগের কার্যা বাঁধা অমুবারী করিতে इहेर्द। ভাছাতে जां जक नान इव ভাহারাই ভোগ করিবে আমার ভাহাতে

কিছুই নাই। তজ্জনা বলিছেছি যে পরেব চাকবিতে গেলে নিজের মানসিক বৃত্তি সাধীনভাবে চালনা করিতে পারা যার না। অদ্য স্বহৃদয় পাঠকবর্গের নিমিত্ত এই প্রবন্ধের অব্ভারণা হইল।—

ইক্র চাস কশিতে হইলে প্রথমে সমতল ভূমি দেখা নিতান্ত প্রয়েজনীর। তালার
পর ভূমির ভারতমা দেখিরা জালাতে বপন
করা উচিত। উত্তর পশ্চিম এবং পার্বতীর বিভাগে ক্ষকেরা যে বারাম্যায়ী
ইলার আবাদ করিয়া থাকে আমি তালাই
লিপিতেছি এবং তাহাতে আর বারের
একটা তালিকাও দিলাম এক্ষণে পাঠকেরা
দেখিবেন যে কি লাভালাভ হয়। আম্মা
মতামত ইহাতে প্রকাশ করিতে
চাহিনা।

উক্তর পশ্চিম এবং পার্বি তীয়-অঞ্চলে-ভূমি-তিন প্রকার নামে আর্ণায়িত। তরাধাে ভাঁকর (চিক্কণ মাটীবিশিষ্ট) मर्स्वारकृष्टे विशेष (वांमर्ग (हिक्कन এवः বালী মিশ্রিত। এবং তৃতীয় রেভূলী (मन्पूर्व-वानी विभिष्ठ)। हेक्कूत-हारभत নিমিত্ত ভাকর অমিই-নিতান্ত-প্রয়োজনীয় তাহার জভাবে বোঁদলে জমিতেও আবা-म इहेबा थाटक किन्छ दब्जनी समिटक कथन रेक्ट्रव हान निट्ड (नथा बाब ना। अभिव ক বিয়া ভাহাকে ন্তিরভা বার সম্পূর্ণ স্কাপে কর্ষিত এবং মারেভা टेमह ধারা সম্পূর্ণ क्रार्थ व्यट गुक विचाटक ३७०। ১१० मर्ग अवटबन नोम

প্রায়োগ করে কিন্তু উক্ত সারের সভিত ইক্র আবর্জুনা ভন্ন প্রায় মিশ্রিত করিয়া मिटक (मश्री यात्र। विषयिक्त क्षात्रक এবং চৈত্র মালে ইহার আবাদ আরম্ভ করা হয়। জমি ঘথন বাবছারোপ-যোগী চইয়া যায় তথন কৃতি (আলী) কাটিতৈ আরম্ভ করে কুড়ি গুলি প্রায় এক হাত অন্তর স্থিত। ভাহার পর ইকুব বীজ মানিয়া নালিতে রোপন করে (অনেকে মনে করিতে পারেন যে ইক্ষুর ফল ফলিয়া বীজ হয় এবং তাহাই বপন করে) কিন্তু তাহা নতে. কেবল এক গাছী ইক্কে, চক্ অর্থাৎ গাঁইট গুলি রাথিয়া प्रेकता प्रेकता कतिरला वीक शहेल अवः এক এক টুকরার ২। ৩ গাঁইট থাকিলেও ক্ষতি নাই জমিতে বীজ বোপন করিবার : সময়ে চকু গুলি উপর দিকে করিয়া পাতিয়া দিয়া তাহার উপর ৪। ৫ অকুলি गां अक्षा करता है जावमदा अञ्चातन वना आवनाक त्य वाक्रमात थ श्रकात वी-জ রোপন পদ্ধতি নাই তথায় প্রথমে টকর। গুলি কোন জলাশরের পঞ্চ স্থানে भूँ जिल्ला (म उन्नां इन्न विदः (म है नकन अकृति के हरेया है। ६ अकृति वृष्टि थी थ इंटरन दकान वर्षाकानीन छेठाँहैं हो नहें। ক্ষমিতে রোপন করা হয়। এই প্রভেদের मुल जामात विद्यहनाम य छे छत शिक्त ध्वर शर्का छोत्र जकात वाक्रीता व जारनका শী চকালে তুষার অভ্যম্ভ পচিত হয় এবং" भीड अ कि अधिक कान वानी उज्जना वर्धमें कार कार्स वनर देवज मीर्टन

অমি কদাচ **ওছ বোধ হয়।** আরও এখানে माच किया कांसन माटन अकवात विणिष्टे क्रां श्रीम सन इंडेग्री यात्र जांगां व वकी জমির দিক্তভার কারণ। আরও অনেক বলা যাইতে পারে কিন্ত ভাগা আমার নিজের মত বলিয়া প্রাকাশ করিতে সন্দেহ করি. क्रेडिक মন:প্ত না **अंक्रिक्शारशका** क ला (Equator) निक्षेवर्शी. उज्जना উख्डा-মন আৰম্ভেট কুৰ্যা যত শীঘ্ৰ উপৰে উঠি-তে থাকে ত হ শীঘ্ৰ এথানে চইতে পাৱে না उद्धमा aथात भी छ शिक-कान-वाशी। আর প্রকৃত পকে দেখিতে গেলে বাঙ্গলা-পেকা (পার্ক হীয় অঞ্চল ত হইতেই পাবে) উত্তর পশ্চিম অঞ্চলে কিছু শীতাধিকা इ बता डिहि छ । छद्द य श्रीयाकंदल अवादन অভাস্ত উষ্ণ বোধ হয় ভাহার কারণ উক্তর পশ্চিমাঞ্চল বাঙ্গালার ন্যার উক্তরে পর্বত দ্বারা, পশ্চিমে এবং পূর্বেবন দ্বারা, एकिए। नमूख बाता आतुष्ठ नटर, आतात ভিতরে এক প্রকাণ্ড প্রকাশ ননীও माहि। উত্তর পশ্চিমাঞ্চলে এত বড় বড় মাঠ আছে বে চকুর ছারা ভাহার পরিধি করা যায় मা। কেবল চারিদিগে नमञ्ज मार्के एवंस, भरेश मरबा युक्क-मृता গ্রাম। বারও এক কারণ উন্তর পশ্চিমাঞ্-व्य श्रिमानदार निकडेवकी मी क कारन . भर्का छ । त्र मक्त छुवात भिक्छ बादक প্রীয় কালে তাহা কলরপে পরিবড बंदेश करम मिट्टरे निवर व पार्य, उक्तन

গ্রীম কালে এতদঞ্লে কুয়ার ह। १ ছাত নিমেট জল পাওয়া যায় কোন স্থানে কুয়া গরিপুর্বও থাকে। তাহাতেই ৰোধ হয় যদিও বান্সালাপেকা এখানে জমি শুক্ক দেখার ভতাচ নিয়ে সিক্ত उज्जना वांत्रवारभका अकाल द्वि বিশিষ্ট পরিমাণে উৎপক্স হয়। যাহা হউক এতক্ষণ আমাব উদ্দেশ্য প্রকাশ না করিয়া কতকগুলি প্রলাপ বকিলাম। এফনে রোপণ কার্যা শেষ হটলে বীজ অক্বিত হইগাঁ বৃক্রপে পরিণ্ত হইতে कालविलम इस प्रविशा अ श्रात्मं क्रम-কেরা থালি কুড়ি গুলিতে সমকালম্বায়ী ফলল আবাদ করিয়া লয়—বেমন ভামাক थला खु डेडा मि ।.

ডেরাডুন এবং ভব্লিকটবর্ত্তি জেলা मकरल थालात वनमवस्य द कात कल रमहन কার্যা স্থচারু ঝণে সম্পন্ন হটয়া থাকে। তজ্জন্য ইকুৰ চাসে কুষকেরা প্রায়ই লাভ শাইয়া থাকে। কিন্ত অপেকা ডেবাড্ন জেলায় জল সেচন সম্বন্ধে একটা বিশেষ অনিষ্ট আছে। এ জেলায় চা বাগিচা অনেক। তজ্জী মধ্যেই करणत व्यमार्गेम शाय हे इहेया थाटक। देव-॰ শাথ জৈষ্ট মাদের দারণ গুক্ষ সময়ে মৃত্র বোপিত চায়ে এত জল সেচন প্রয়োজন ্হয় যে তাহা পূরণ করিয়া অপরাপর ক্ষেত্রে आश इत्या याव ना। এ विश्वत्व भवर्ष মেণ্টের একটু পক্ণতিভা দেবা যায়। ছলি ও नकन्दर बरनद नमान मुना बिर्ड इय. बद्रश हेकू द्वर शांता अधिक शांत निष्ठ हता.

তবে কেন অণর গরিব লোকে স্থাপ্রাগ রূপে আপনং কেত্রে জল সেচন করিতে পায় না। যাহা হউক উক্ত বিষয়ে আর व्यक्षिक वला व्यामात এ शावुत्सत डेर्फ मा নছে ৷ তবে এই অসুবিধা বশতঃ প্রায়ট ক্ষকেরা অনেক সময়ে ক্তিগ্রস্ত হট্যা থাকে। আর ডেেবাড়ন জেলা বাতীত অপরাপর জেলার লোকেরা থাল আফিসের নিমুস্ত কর্মচারীদিগের দৌরাত্মো কথনং কতিগ্রস্ত হইয়া থাকে। ইক্ষু-ক্ষেত্রে জল সেচন ২০ দিন অন্তর হটলে ভাল। তবে অত্যক্ত ব্যা হটলে নাদিলেও চলে। वर्षा काला हेकू मकल गथन २। ३ ठाउ বৃদ্ধি হয় তথন তাহার মূলে উক্ত কুড়ি সকল হইতে যথেষ্ট প্রিমাণে মাটি ছড়া-ইয়া দেওয়া চাই। এমন কি উক্ত কুড়ি शुनित शारत नानि इ हे या यात्र। নই কেত্রে আবর্জনা বৃদ্ধি হইবে তথনই পরিষ্কার কার্যাচাই। বর্ষার প্রার্থক धकवात भूतनी किश्रा (कानानी भाता ७। ৪ অঙ্গুলি গভীর থোদন করিয়া দিলে ভাল হয়, वर्षात्र পরে যখন ইক্ষু বৃদ্ধি প্রাপ্ত হইয়া আপন ভরে ভূপতিত চইতে থাকে তথন ৪।৫ গাছী একত্র করিয়া তাহাদিগের পত্র ছারা বাঁধিয়া দেওয়া হয়, তাহাতে ভিতরে প্রয়োজন বশভঃ মজুরের যাইতে হইলে অস্থবিধা হয় না, **এ**दः मृंगाल किया हेक्द्र खन्डिकाही खर्ड नकल ভिতরে शहेश नहे कतिल क्वा-वर्कट्कव व्यनावादम व्यक्तीव्रमान रहा। न्यें कारन बन त्महन मर्जनाई हाई.

বিশেষ পৌৰ মাম মাসে যথৰ পালা (জমা শিশির) পড়িতে থাকে তথন ইক্ষু কেত্রের কমি শুষ্ক থাকিলে নিশ্চয়ট মবিভা यांडेरव. किन्द्र नीटहर किन कन दांता निक থাকিলে তাহা কথনই ছইতে পারে না। এ অঞ্লে ইকু বিক্রের বিষয়ে বড় স্থবিধা। এথানে কোন সম্বভিপন্ন ক্লয়ক নিজে ইক্ষুৰ আবাদ করিয়া থাকে এবং তৎসংস্থ একটী পেষণ-यञ्ज द्वारथ, यथन মहाज्ञरनद গুড়ের প্রয়োগন হয় তথন উক্ত কমকের निक छै किंदा कतिया यात्र এবং উক্ত ক্রমক আপন ঠিকা পুরণ করিবার জনা নিজের ইকু যত পেষণ করিয়া ফেলে এবং তৎসঙ্গে নিধ্ন একেবারে মুলা দিয়া ক্রেয় করে। এই স্থবিধা থাকা প্রযুক্ত সামান্য ক্লমকদিগকে বিক্রেয়ের জনা ইতস্ততঃ ভ্রমণ করিতে হয় না। এই সকল কার্যা কর্জে চলেনা। সমুদারই নগদ টাকার। याच यादम व অঞ্লে ইকু কর্তুন করিয়া থাকে।

ই ক্ষু রোপণ করিলে বে এক বংসার ই ভাছা সম্পান হইয়া গেল ভাহা নহে। যে ক্ষেত্রে গত বংসরে ইক্ষু হইয়াছে সে ক্ষে-ত্রের ইক্ষু বিক্রন্ন হইয়া ঘাইলে ক্ষেত্রাধি-কারী প্নরায় উহার মূলে রীতিমত সার প্রয়োগ এবং ধনন কার্যা শেষ করিয়া আগামী বংসরের হন্য ইক্ষু প্রস্তুত করে। এই পরবর্তী বংসরে পূর্ক্নতী বংসরের ন্যায় বার পড়ে না। এমন কি অর্থ্যেক ব্যবেও, সম্পান হইয়া যায়। ইহাতে বিশেষ প্রতি-পন্ন হইছেছে যে ইক্ষু একবার রোপণ

ভপরের তালকায় দৃষ্ট হৃহতেছে যে
প্রথম বংসরে স্থানর ফালল হয় না।
কিন্তু তাহা নহে, পতিত জমি আবাদ
করিয়া ইক্ রোপণ করিলে প্রথম বংসর
বিতীয় বংসর অপেকা জনেক অংশে
নান্হয় বটে, কিন্তু চুলিত ক্সমিতে ভাহায়

স স্পূর্ণ বিপরীত। যে তালিকা দেওয়া কেই
তাহা অনেক প্রাচীন কৃষকের মতাই
সাবে এবং আমার হস্তে করা প্রযুক্ত
তাহার বিশেষ হিসাব থাকায় উক্ত তালি
কার বায়ের অংশ অধিক ধলা
হুইয়াছে।

বিক্রের হটরাছে তাহাতে যে আর ধরা হইয়াছে ভাষা অর্কেক নাত্র। এক এক

এবংসরে যে জ্বাুলো ইক্-কেত্র বিদা ১৫০। ১৬০ টাকার বিক্রীত হই-ब्राट्ड ।

अक्रवन हामा ।

माच ३३৮8 ।

विषवृक्ष ।।

গুণে বহিষ বাব বঙ্গীয় আখ্যা মকা-লেগক দিংগব শীৰ্ষ স্থানীয় তিনি বঙ্গেব **रहेग्राइ**न. कारन প্রতি গুহের প্রতি হৃদয়ের উপাদা দেবতা-শ্বরূপ হইয়াছেন, তাহা চবিত্র চিত্ৰন ৷ আভান্তরীণ চরিত্র চিত্রনে তাঁহাব ক্ষমণা অসীম। বালাকিও ব্যাস, ভবভতি ও কালিদাস, এবং বাণ্ডট্রে প্র ভাবতে একপ চিত্রকর অল্পই জনারাছেন। কিন্ত যে চিত্রে •িনি এই অসাধাবণ পারদর্শি•া লাভ করিয়াছেন ভাগা হাদয়ের একটী মাত্র ভাবের। যে ভাবে মাহম দেবত প্রাপ্ত হয়, সেই ভাবেব। যে ভাবে পিশাত भिगाही अ (मर (मरी इस . मरे छात्तर। মাফুষের স্থুও ও চঃথের প্রধান নিয়ন্তা, সেই প্রণয়-ভাবের চিত্রনেই বস্থিন বাবর विश्य भारतमर्भिका। সে3 প্রাণ্যের বিভিন্ন বিভিন্ন আবর্তনে মনুষা ছদ্যে (य मकल खत्र खेथि ग्रंस, विकास नायुत्र আখাামিকা গুলিতে তাহাই পরিবাক্ত ভাঁহার আয়েষা ও তিলোভমা, বুণালিনী ও কপালকুওলা ও পলাবতী, मत्नात्रमा, रेमविन श प्रमा पूर्वा मुशी अ कूमा.

अविश्व का का अध्याप्त अवीखाः ब्रह्मपूर्ण राज शुक्ति । भूता ३००। विशला ଓ कमलगणि, होता अ तकनी ; अवर তাঁগার জগংসিংহ ও ওদমান, হেমচক্র ও পশুণতি, নবক্ষার ও নগেন্ত, প্রতাপ ও ह-मार्थात, व्ययत्राण अ भहीता - प्रयक्ष প্রণরেব বিভিন্ন বিভিন্ন প্রতিক্কতি। বঙ্কিম বাবু সেকুণীয়ার, দিলার, ফীল ডিং প্রাভূ-ভিব नाात প্রতিহিংসা, **রেষ, ত্রাকাজ্ঞা** প্রভৃতি অসংখা নিরুষ্টপ্রবৃত্তির: এবং ত্জাতিপ্রেম, মানবপ্রেম, দয়া প্রভৃতি উৎकृष्टे প্রতির উত্তেজনায় মানবছদমে যে অসংখা বিবর্ত উথিত হয়, মানব-কৰ্ত্তক ৰে সকল কাৰ্য্য অমুটিত হয়, াহার চিত্র দেখান নাই বটে: কিছ थानंत्रक ভावजहरा व व व व है कि यन है। হটতে উত্তালিত কবিয়া ছাত্তি উক্ত পবিত্র স্বর্গীয় সিংহাসনে সংস্থাপিত ক-विश्रा. वक्रानाम कार्जिक्छादा कक्री চমৎকার নৈতিক বিপ্লব অনুষ্ঠিত করিয়া-ছেন। বৃদ্ধিম বাবুর আখ্যায়িকা প্রচা-রিত হওয়ার পর অংশ বঁজীয় নর নারীকে বিদ্যাক্রন্দর ও পাঁচালীর কুৎসিত প্রেম-हिट्यत अपूनीनन क्षित्छ दश्था यात्र।

মধুষা ভাতিকে উন্নত কমার প্রধান উপায় প্রণয়। ভাল বাসাভেই মাছুবের धक्माज निर्मात धतः अविसम्बद्धः अव ।

ভাল বাসাই মনুযা-জাতির উন্নতির শেষ উপায়-মুহুষা মাত্রে পর্মপারে বাসিলে আৰু মনুষ্যক্ত অনিষ্ট পৃথিবীতে থাকিবেনা'। যিনি লোককে পবিত্ত ও নিঃস্বার্থভাবে ভাল বাসিতে শিথাইতে পা-রেন—তিনি জগতের একজন প্রধান শিক-ক ও মঙ্গলদাতা। যে স্তেই হউক আয়-বিসর্জ্জন শিক্ষা একবার আরম্ভ হইলে, ভাহা আধার হইতে আধারাস্তরে ক্রেমেই প্রসূত হুইয়া পড়ে । প্রাণয়-মাহাত্মো যিনি একবা-র এক জনের জন্য আত্মবিসর্জন করিতে পারিয়াছেন, অন্যের জন্য আত্মবিসর্জন ভাঁহার পক্ষে অতি সহজ ভইয়া দাঁড়ায়। যিনি সেই আত্মবিসৰ্জন শিকা দেন তি-নি মানবজাতির পর্ম বন্ধ সম্পেহ নাই। এই জনাই আমরা বৃদ্ধিম বাবকে বঙ্গীয় যুবক যুবতীর প্রিয় বন্ধু ও প্রধান শিক্ষক বলিয়া মনে করি।

বৌবনের প্রারম্ভে বধন ই ক্রিয়বৃত্তি

সকল উত্তেজিত হয়, তথন বিদ্য বাবৃর

আধারিকা সকল যুবক যুবনীগণকৈ

ক্রমনা ভোগলালসা হইতে আত্মবিস্মৃতিতে

ও আত্মবিসর্জ্জনে লইয়া যায়, যাগকে
ভাল বাসি ভাহার সহিত সভ্জোগের

ইচ্ছা হইতে, ভাহার স্থুখের জন্য আত্ম
স্থ বলিদান দিতে অগ্রস্ক করে। হুদরের

সেই ত্র্মকভার সমন্ত এক্লপ শিক্ষা

একান্ত প্রয়োজনীয়া

শান্তকর্তার ক্রোর নিরম, ও আর্থা-পলেটার হর্লভন্য শাসন লোকের মনকে ভোগৰালকা হইতে কিয়াইতে কথনই

সমর্থ হয় নাই। কারণ প্রেণমুবৃদ্ধির মূলে কুঠারাথাত করা উচ্চাদিগের লক্ষা। কিছ বৃদ্ধিম বাবুর লক্ষ্য ভোগলালসার মূলে কুঠারাঘাত করা; প্রাণয়-বৃত্তির মূলে নহে। বৃদ্ধিম বাবু জানেন যে প্রণয় সাতুষকে দেবতা করে, আত্মবিস্থাত করে, পংস্থা আতাবিসর্জন শিথায়: প্রণয় যত পরিপ্ট ভইবে ভত্ট জগতের মঙ্গল; ভোগলালসাই মাগুবের যত অনিছের মূল: ভোগলাল্সা হটতেই তাঁহাব ' নিষ্বুকের " সৃষ্টি। স্থাত-রাং ভোগলালদার সংখ্যান করিছে শিক্ষা দেওয়াট তাঁহার আখাঞ্জি নৈতিক উদ্দেশ্য। বিষরক্ষে এই নৈতিক লক্ষা বিশেষরূপে প্রতিভাত। নগেকের ভোগলাল্য। দম্ম করার শিক্ষার অভ। বই বিষরুক্ষের অঙ্কুর।

বৃদ্ধিন বাবু যে ক্ষণানি আথায়িক।

রচনা ক্রিয়া বঙ্গদেশের মুথ উজ্জ্বল ও

বঙ্গগাহিত্যের শ্রীরুদ্ধি লাধন ক্রিয়াছেন

তাহার মধ্যে 'বিষরুক্ষ" আমাদিগের মত

সর্কোৎক্রপ্ত। ভাবের গভীতায় ও রচনার

শিল্প-পারিপাটো ইহা বঙ্গভাবার্থী প্রতিহ্ব
স্থিরহিত।

এই চিত্রপটে ছয়টী ছবি উজ্জ্বলবর্থে জিক্কত হইসাছে। ছইটী পুরুষের। নগেল্র ও দেবেজের; চারিটী স্ত্রীলোকের ফ্রাম্থী, কুলক্লিনী, ক্ষলমনি ও হারার। শ্রীশ এ পুলাভবকের নবীন প্লব্যাত্ত। আমরা এই প্রকাণ্ড গুণ্ছটের এক একটী করিয়া কর্মটী

ছবির সতন্ত্র ফটোগ্রাফ তুলিয়া ভাষাদিগের প্রভাকের সৌন্দর্যা দেখাইয়া পাঠক-দিগকে পরিতৃপ্ত[ি]করিব।

--00--

নগেন্দ্র নাথ।

नशिक्तनाथ पछ शाविनार्भुतत विश्व-**উশ্বর্যাশা**লী জ্ঞ মিদার। বে विषद्गरकत वोक छेश्र इम्रं (म मम्म्र नर्श-ক্রের বয়:ক্রম ক্রিংশৎ বর্ষমাত্র। প্রকৃতি নগেন্দ্রনাথকে অশেষ স্তুথের অধিকারী করিয়াছিলেন। অনুপম কান্তি, অতুল धैर्यग्, ऋष भतीत, नर्सभाजावगहिनी বিদাা, শাস্ত ও বিনীত চরিত্র, পতিপ্রাণা প্রেমম্মী ভার্যা-এসমস্তই তাঁহার ভাগো घिँगां किल। नशास्त्र विमन ও উनात চরিত্রগুণে নগেক্ত আবৈশ্ব নিরবচ্চিত্র স্ব্রপ্রভাগ করিয়া আসিতেছিলেন। তিনি সভাবাদী অথচ প্রিয়ভাষী, পরোপকারী অথচ ন্যায়পরায়ণ, দানশীল অথচ মিঠ-বায়ী, স্বেহশীল অথচ কর্ত্তবাপরায়ণ ছিলেন। তিনি পিতৃ-মাতৃ-ভক্ত, ভার্ঘা-মুরক্ত, শক্রমিত্রসমদর্শী, আশ্রিভপ্রতিপা-লক, বন্ধুর হিতকারী এবং ভতোর প্রতি कृणावान् ছिलान । जिनि भन्नामार्ग विष्ठ-कन, कार्या डेमामभीन, आनार विनशी এবং রহসো বাকপটু ছিলেন। এরপ নির্মাল ও উদার চরিত্রের পরিণাম-নির-বিছিল বিমল স্থা। নগেন্ত আলৈশব তা-रात्र अधिकाती हिल्लम।

লগেক্সের জীবন-স্রোতে এডদিন কোন তরঙ্গ উঠে নাই। যে ঘাত-প্রতি-

ঘাতে মতুষা-জীবনে,ভীষণ বিবৰ্ত্ত উপিত নগেনের জীবনে এতদিন ट्यू. ষটে নাই। **Teto** যাহা বাঞ্নীয় गर्शासात मयस्र हिल-एए महाय. বিদেশে যশ; ভার্যার অবিচলিত, অপরি-মিত ও অকল্বিত প্রেমরাশি: দাস দাসীর অন্কৃত্রিম শ্রন্ধা; প্রজাগণের প্রগাঢ় বিপুল-ঐশ্বর্য-জনিত ভক্তি: এবং ভোগরাশি - নগেল্র এক সময়ে এ সমস্তই ভোগ করিতেছিলেন। অভাব কি এবং তজ্জনিত হঃখ কি নগেক এতদিন ভাহা জানিতে পারেন নাই। অভাবন্ধনিত ত্:থ দূর করণের ইচছাই নগেন্তের এতদিন কোন ছিল না, স্তরাং তজ্জনিত হ:খ, এবং त्मरे इ: अ मृत कत्र तात नानमां अ **अत्या** नार्छ। এতদিনে সেই অভাব দেখা দিল। বয়স সহকারে স্থামুণীর রূপের হাস इटेंटि लाशिल। एर्ग्रमुथीटि এटिमन নগেন্দ্রের রূপতৃষ্ণা ও প্রেমতৃষ্ণা উভয়ই নিধারিত হইতেছিল: কিন্তু রূপতৃষ্ণা এখন আর সম্পূর্ণ নিবারিত হইল না! এতদিনে নগের অন্তরে কিঞিৎ অভাব অমুভব করিতে লাগিলেন। তাঁহার হাদয়-বীজ ধারণক্ষম বিষরকের इहेन। (क्य कुछ इहेन, धकरन वीरवाद অপ্রতুল। তাহাও শীঘ সংযোজিত হইল। নগেন্দ্ৰ কুন্দনন্দিনীকে কলিকাভার আ-নিয়া যথন ভাহার মাতৃষ্সপতির বাটীর चक्रमसान कतिया छेठिएड भातिरमन ना, ভখন নিয়াশ্রয়া কালিতা বালিকার প্রভি

তাঁহার মমতা জন্মিল। কুন্দের রূপ বীজরপে তাঁহার কৃষ্ট হাদম-ক্ষেত্রে পতিত হইল। বীজ যে উপ্ত হইল, তাঁহার প্রিয়বন্ধু হরদেব ঘোষালকে তিনি যে পত্র লিখেন- তাহাতে পরিবাক্ত আছে। পত্রথানি এই;——

"वन दिश्व कान् वयरम जीदनाक স্বন্ধী ? তুমি বলিবে চল্লিশ পরে, কেন না তোমার ব্রাহ্মণীর আরও তুই এক বংসর হইয়াছে। কুন্দ নামে যে কন্যার পরিচয় দিলাম, ভাহার বয়স ভের বং-সর। তাহাকে দেখিয়া বোধ হয়, যে এই भिन्मर्यात मगग्र। প्रथम योवन मकारतत অব্যবহিত পূর্বেই যে রূপ মাধুর্য্য এবং সরলতা थाटक. পরে তত থাকেনা 1 এই কুন্দের সর্বতা চমৎকার: কিছুই বুঝে না। আজিও রাস্ভার বালক-দিগের সহিত খেলা করিতে ছুটে, আবার বারণ করিলেই ভীতা হইয়া প্রতিনিবৃত্তা হয়। কমল ভাহাকে লেখা পড়া শিখাই-তেছে। কমল বলে, লেখা পড়ায় তাহার मिवा वृद्धि। किन्त अना द्यान वृत्य ना। विलाल, वृहद, नीन, प्रहे ही--- भंतरज्ज भाषात अ**छ मर्त्वना** हे शक्छ জলে ভাগিতেছে—সেই হুইটী-চকু আ-মার মুখের উপর স্থাপিত করিয়া চা-হিয়া থাকে, কিছু বলে না আমি त्र ठक् एषिए एषिएकः व्यनामनक হই, আর বুঝাইতে পারিনা। स्मामात मिंडिसर्गात धरे पतिहत छनित्रा হাসিবে, বিশেষ তুমি বাতিকের PJB

গাছ কয় চুল পাকাইয়া ব্যঙ্গ করিবার পর ওয়ানা হাসিল করিয়াছ : কিন্তু যদি ভোমাকে সেই তুইটী-চক্ষের সন্মুখে দাঁড় করাইতে পারি, তবে ভোমারও মতি-স্থৈয়ের পরিচয় পাই। চক্ষুত্ইটী যে ্কিরণ, তাহা আমি এপর্যান্ত স্থির করিতে পারিলাম না। তাহা ছুইবার একরকম (पश्चिमाम ना: आमात (वाध इम्र (यन এ পৃথিবীর দে চোথ নয়; এ পৃথিবীর সামগ্রী যেন ভাল করিয়া (पद्यना , अखबीएक रंगन कि দেখিয়া नियुक्त चाह्न। कुन त्य निर्फाय स्नमती অনেকের সঙ্গে তুলনায় তাহা নহে। তাহার মুথাবয়ব অপেকাক্তত প্রেশংসনীয় বোধ হয়, অণ্ড আমার বোধ হয়, এমন ञ्चन्तती कथन प्रिथि नारे। (वांभ इत्र (यन, कुम्मनिमनीएक शृथिवी-हाड़ा किছू बाह्, त्रक भाष्ट्रमत (यम श्रृप्तेन नम्नः (यन हस्य कत কি পুষ্পসৌরভকে শরীরী করিয়া তাহাকে গড়িগাঁছে। তাহার সঙ্গে তুলনা করিবার माम श्री क्षार मत्न इसना। जाजूना भना-থটী, কাহার স্বাস্থীন শাস্তভাব-বাক্তি — यनि अञ्चल महाबद्ध भद्र अव्यक्ति कित्र ग সম্পাতে যে ভাব ব্যক্তি ভাহা कतिया (नथ, उत्व देशव मानुगा অহুভূত করিতে পারিবে। তুশনার অন্য সামগ্ৰীপাইল,ম না।"

অলোকিক স্থানতা ও স্কুলতার প্রতিবিধ কুলনন্দিনীর রূপ বেরূপ রমণীয় ভাব ধারণ করিয়াছিল, তাহার ঘাত প্রতিহত করা নগেন্তের অসাধ্য হটল।

নগেন্দ্র নিভূতে ও স্যঞ্জে (शाधिक कवित्त्र । सूर्याम्थीव अकृता-धासूत्रात्व कुम्मत्क वांनी व्यानित्तन: ভাবাচনণের সহিত কুন্দেব বিবাহ দিলে-न। जिन वर्भावत मासाठे कुन्म विभवा व्हेलन। विश्वां कुन्न नाशास्त्र शहरू আবার আশুর গ্রহণ করিলেন। এতদিন নগেন্দের কুন্দ-লালসাভস্মাজ্ঞাদিত বহিব নাার অদৃশা ও অভিভৃত ছিল। আবাব তাতা ক্রমে ক্রমে সক্রফিত হটতে লা-शिन। (य वीज नाशक्त अक्तिन नयाज লালিত করিয়া আদিয়াছিলেন, ভাচা এত দিনে অঙ্কুররূপে প্রিণ্ড চইল। কুন্দ-वाल्यां नर्शान्त्व गरन क्रांगडे হুইরা উঠিল কুলোর বয়স এখন ১৭।১৮। क्रमत क्रभना न्या ज्या क्रार जाता-কিত হইয়াছে—নগেল্রেব স্দর্ উদ্ভাষিত হইরাছে। অভাবের পরিপ্রণ না হটলে যে ছুঃথ-নগেল এখন কাচা অনুভব कतिए नाशिलन। नरशक्त व कुः रथत পরিহার জন্য চিত্ত সংযম্মে প্রাণ্পণ করিতে লাগিলেন। তাঁহার চিত্তসংয-মনের চেষ্টা সুর্যামুখীর পত্তে অতি সুন্দর রপে পরিবাক্ত হইয়াছে:——''আমি 'প্রতাহ দেখিতে পাই, তিনি প্রাণপণে আপনার চিত্তকে বল করিছেছেন। যে पिटक क्मनमिनी थाटक, সাধাাতুসারে कथन ^क (म फिटक नमन ফিরাণ না। নিতান্ত প্রাক্তন इटें ल ভাহার मूर्थ व्यातन ना । धेमन कि, खाशांत्र श्राप्त कर्क म बाद-

क दिया थाटकन। তাহাকে বিনা লোষে ভৎস্নাও গরিছে শুনিয়াছি"। এটরপে কুন্দলালসা উন্মালিত কবিতে প্রাণপণ চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু কিছুতেই কুত্ৰাগ্য হ'ইলেন না। স্পামুণী ভাঁহার প্রত্যেক স্থলন লক্ষ্য कतिएक वाशिल्यत । कथन कथन कूर्नित कना कनामरन नर्शः खत ठक्क अपिक उनिक् ठाटा: रूपाम्थीतक (मिश्रित नर्गम अभिन हक् कि बारेश लन ; कूरनाव कर्छ-প্রনি গুনিবার জন্য নগেলু হাতের গ্রাস হাতে করিয়া কাণ তুলিয়া থাকেন; হাতেরভাত হাতে থাকে, কি মুখে দিতে কি মুখে দেন, ভবু কাণ তুলিয়া থাকেন, আবার কুম্পের স্বর কাণে গেলেই বড় জোরে হাপুস হপুস করিয়া ভাত থাইতে আরম্ভ করিন; এবং অনামনম্ভ হইয়া मकल कथाएडरे "हँ" (मन। नर्शस्यत এট কুন্দময়তা স্থামুখীর নিকট অবিদিত इंडिन ना। कूरमत देवधवा अञ्चनाथि-नीज जातात गृत्य अनित्न नागत्मत कष्टे হইত। তিনি ভথা হইতে বেগে চলিয়া ঘাইতেন। তাঁছার মধ্যে মধ্যে গোতাখলন क्यून नारम अकबन नानीक ডাকিতে কুন্দ বলিয়া ফেলিংন। আর नर्जनारे जलाडिल अ क्रिज रहेर्डन। ক্রমে নগেন্যে কুন্দতৃষ্ণা এত প্রবল হইয়া উঠिन (४, তিনি कू नरक दिवाह कतिवात कर्ना क्रु ठमक्क इहेट्स्स । देवर्र क्योनाव ব্রাহ্মণণভিত আমিলে জাঁহাদিসের সহিত विमानागद महामय स्थितील विश्वविदेश

বিচার নামক পুস্তক লাইয়া তর্ক বিত্তর্ক করিতেন। খাঁহারা বিধবাবিবাহের শাস্ত্রীর হা শীকার করিতেন তাঁহাদিগকে সবিশেষ পুরস্কৃত করিতে লাগিলেন। কুন্দময়-জীবিত নগেক্ত ক্রমে পহি-প্রাণা প্রামুখীর অনাদর আরম্ভ করিলেন।

চিত্তসংঘ্যে অক্ষম হইয়া कुष्मचुनि विःलारभन ভাবলম্বন মদাপ চইলেন। ভাবিলেন মদো ভিনি কুন্দকে ভূলিবেন। যদি ভাগ নিভান্ত व्यमाधा इब. महाश इटेबा वास्टः टिनि ভাঁচাৰ প্ৰতি স্গামুখীৰ অনিচলিত ভক্তি हेनाहेरवन। लाहा इहेरल असटः डीहात ऋषरयत यां रुमा जारनक किंगरत। किंसु िनि **এडे युडे ल(काडे अक्डकार्ग) इटेलना** मामा कुनमञ्ज जित्र वित्यां न नाथन इडेन না, স্থ্যমুখীরও ভক্তি টলিল না। খাত প্রতিঘাতে নগেন্দ্রের হার্য ক্ষত বিক্ষত इटेटड नाजिन। नराज इटेब्रा फेंटिलन। नरशत्कत विषय गांब. আর পাকে না। একদিন সূর্যমূগী নগেন্দের घटें है हर्ग हा किया करहे का आवा সম্বরণ করিয়া অনেক অমুন্য বিনয় করিয়া विशासन "क्वन নগেন্দ্র কে जा:बाव षाकृत्यातम, हेडा जानि कत"। महन्त क्छिम। कडिलन "लाय कि ?" प्राम्थी वितिशन "(नाय कि, ভাহাত কেবল আমার অমুরোধ''! नरमञ्ज्ञ अकु छन कतिरमन "र्यामुधी।

আমি মাতাল, মাতালকে আমাকে শ্রদ্ধা করিও ১ নচেৎ আবশাক করে না"। এঞ্দিন তিন চাবি হাজার কাছাবির দরওয়াজায় श्रद्धा गरश्रक्त कतरपाएं चानिया माइडिया विना ला-গিল—"দে হাই হজুব—নারেব গোমস্তাব নৌরাজ্যো আর বাঁচি না। সর্বস্ব কাডিয়া वर्षेता वार्थाति ना द्राशित्व (क वार्थ भ" যে নগেন্দ্র ইভিপুর্বে একজন গোমস্তা এক জন প্রজাকে মারিয়া একটী টাকা লইয়াছিল বলিয়া ভাহাঁব বেতন হইতে দশটী টাকা काष्टिया नहेशा প্রজাকে দিয়াছিলেন. সেই প্রজাবৎসল কার-ণিক নগেন্দ আজ কি না ত্কুম দিলেন "প্ৰ হাঁকায় দেও"। नशिक रा एक हिता कहेर किन निन খলিত 🧦 . ভিলেন ভাষা তিনি নিজে বিল্ফণ বুঝিতে পারিয়াছিলেন। क्तरमय (चांबालात शरबंद छेंद्रा लिशिः য়।ছিলেন " আমার উপর রাগ করিও না - আমি অধঃপাতে ঘাইতেছি ।

নগেক্ত যথন দেখিলেন যে মদাপানেও
কৃষ্ণস্থৃতি বিলুপ্ত ছইল না, প্রাণপুনে চিত্ত
সংবমনেও কৃষ্ণলাল্যা দ্যিত চইলানা, তথল
তিনি কণে জন্তদিয়া সে জাতৃপ্ত নাল্যা
চিনি কণে জন্তদিয়া সে জাতৃপ্ত নাল্যা
ভিনিংখি করিতে কৃত্তদের নিকট হাদয়-কবাট
ভিন্তাটিত করিচা ও বিশ্বা-বিবাহেশ
শান্তীয়তা প্রতিগাদন করিছা হাছাকে
বিবাহে সম্মত করিবেন। এক দিন
প্রাদেশ কালে, উদ্যান-মধান্ত বাগীতটে বসিহা বুল্যাক্ষাী আত্ম আনুষ্ট ভাবিতে ভা

বিতে নির্ভিশয় কাত্র হইয়া দেহ বিদ-ক্রিক ক্রমিশ্চর চুইরা স্বপ্রবত মাতৃ-আজা भानमार्थ (यमम शीरत थे: रव याः रविधनम, অসলি পশ্চাং হটকে অজিনীরে ধীরে প্রে অঙ্গলি স্পর্শ আসিয়া क:न्म व কবিলেন ক বিয়: गःशक জি জাদা "কুন্দ ! কালি কলিকাতায় ঘাটবে ?" कुम्म (कान छे द्वर किति ना- हिक्कू मुहिल। নগেক আবার জিজাসা করিলেন " ক্-न ! हैका श्रक्त या है एक एक व्यापा त हकू मूहिल-(कान छेडते फिल ना। नश्चम बिछात्रा कतिरलन "'कुम !-काँ मिटिक (कन ?" कुन्न এवात काँ मिशा रफलिल। नार्शास्त्र देशर्ग विलुश्च इनेल। এতদিন নগেন্ যে ছদয় অতি কঠোর শাসনে রুদ্ধ করিয়া রাথিয়াছিলেন, আজ कूरन्तत अनुराष्ट्राटम रमहे अनुरात क्यां है সহসা উৎঘাটিত হটল। নগেক অবারিত ভাবে কুন্দকে তথায় প্রবেশ করিতে দি-∡লন। বলিলেন "গুন কুন্দ। আমি বহুকষ্টে এতদিন সহা করিয়াছিলাম, কিন্তু আর शादिलाय ना । कि कार्ड (य वाँ तिशाहि-লাম তাহা বলিতে পারি না। আপনার সঙ্গে যুদ্ধ করিয়া ক্ষতবিক্ষত হইয়াছি। ইতর হইরাছি। মদাপ হইরাছি। আর' পারি না। তোমাকে ছাড়িয়া मिट्ड পারি না। শুন কুল । এখন বিধবা-বিবাহ চলিত হইতেছে—আমি তোমাকে বিবাহ क्ति। जुमि विलात्न विवाह क्ति।"

কৃন্দ এবার কথা কহিল, বলিল "না"। স্বাবার নগেন্দ্র বলিলেন "১কন

বিধবাবিবাহ कुन्म ! কুন্দ আবার বলিল "না"। ञावांत विलालन, "जात ना (कन १ वन-वल - वल- आभाद शृहिनी इहेरव कि मा ? ভাল বাসিবে আমায় কু নদ প্ৰরপি विश्व জানবান নগেন্দ্র অজ্ঞানা নিকট পরাস্ত হটলেন। চটলেন। তাঁছার कुन्मलालमा পরিত্ত হইল না; কিন্তু এই প্রতিঘাতে সেই লাল্যানল নিকাপিত না হটয়া উদ্দীপিত হইল। কুন্দের প্রতি নগেন্ডের শ্রনা বাডিল-প্রেম গরতর হটল।

ইহার অনতিপরে একটা ঘটনায় নগেন্দ্রের কুন্দ-প্রেম প্রস্কলিত ত্তাশনের ना। य जिल्हा डेठिल। इतिमानी देवस्वी-त्रभी (मर्त्वस्य त महिक कूरमत निर्क्षन।माभ দেপিয়া একদিন স্থ্যমুপী কুলকে কুলটা সম্ভাবনা কবিয়া বিশেষ ভিরস্কার করেন। কুন্দ স্হিতে না পারিয়া রজনীযোগে গৃহ লগেকের পরিত্যাগ কবিয়া পলায়ন করেন। न(श्रम क्षनित्वन कुम्म निमनी र्यान्थीत ভিরস্কারে-हे (मभाजाशिमी वहेबाएकन। नाशिख्यत মস্তক ঘুরিল। বিষের জ্বালায় ভাঁছার भंतीय कड्ड तिङ हरेएड नाशिन। जिनि ष्यसःश्रुद्ध धार्यम क्रिया स्र्वाम्बीरक নিভূতে লইয়া গিয়া জিক্লাসা করিলেন " जूमि कुमनिष्मितीएक कि विनिधाहिः (म ?" क्वांचुकी कथांना धार्म डेड़ा हेशे विवाद (हमें) कदिएक, रिकट्रक

''কি বলিয়াছিলাম ?" নগেজৰ জিজ্ঞাসা कतितन "(कान इसीका ?" स्याम्थी তথন আর থাকিতে পারিলেন না। তিনি কাতর ভাবে কুম্পের কলক সম্বন্ধে যাহা গুনিয়াছিলেন তাহা আফুপুর্বিক নিবেদন প্রবিক স্বামীর নিকট আপনার অপরাধ ক বিয়া স্বীকার ক্ষ মা প্ৰোপ্ৰা করিলেন। নগেন্দ বলিলেন "তোমা-বিশেষ অপরাধ नारे। তুমি यেत्रभ कुत्मत कलक छिनियां छिल, जांश-তে কোন ভদ্র লোকের স্ত্রী তাকে মিষ্ট कथा विलाद, कि चात्र छान मित्व ? कि छ একবার ভাবিলে ভাল ২ইত যে, কথাটা পত্য কি ন। ? তুমি তারাচরণের কোন্ দিনের ঘরের থবর না জানিতে ? কুন্দে-त्र मरक एय ध्वकारत (मरवरख्यत रयक्रभ তিন বৎসরের আলাপ, ভাই কোন না শুনিয়াছ ? তবে মাতালের কথায় বিশাস क्तिरल (कन ?"

স্থামুখী বলিলেন "তখন দে কথা ভাবি নাই। এখন ভাবিতেছি"। নগেন্দ্র বলিলেন "ভাবিলে না কেন ?" স্থামুখী উত্তর করিলেন, "আমার মনের ভ্রান্তি জন্মিয়াছিল"। সে জ্রান্তির মূল বে স্থামুখী স্থামীর নিকট ইছা অকপটে স্থীকার করিবেন বলিয়া নগেন্দ্রের চরণযুগল হুই হল্তে ধারণ করিয়া জাগ্রে ক্ষমা ভিক্ষা করিলেন। নগেন্দ্র বলিলেন, "তোমার বলিভে হুইবে না। আমি জানি, তুমি সন্দেহ করিয়াছিলে ব্যানি জানি, তুমি সন্দেহ করিয়াছিলে

স্থামুথী অকপটে তাহা স্বীকার করিয়া আত্মকৃত কর্মের জন্য গভীর অনুশোচনা वाक कतिरलन। नशिस व्यत्नक ষ্টিরভাবে থাকিয়া, শেষ দীর্ঘ নিখাস তাাগ করিয়া বলিলেন, "স্গ্রমুখী! অপ-রাধ সকলিই আমার। তোমার অপরাধ কিছই নাই। আমি যথার্থ ভোমার নিকট বিশ্বাসহন্তা। यशार्थ है তোমাকে ভূলিয়। কুন্দনন্দিনীতে-কি বলিব ? আমি যে যন্ত্ৰণা পাইয়াছি, যে যন্ত্রণা পাইতৈছি, তাহা তোমাকে কি বলিব ? তুমি মনে করিয়াছ, আমি চিত্ত দমনের চেষ্টা করি নাই; এমত ভাবিও না। আমি যত আমাকে তিরস্কার করি-য়াছি তুমি কথনও তত তিরস্কার করিবে না। আমি পাপাতা, আমার চিত্ত বশ হইল না"। স্থামুখী তাহা সহা করিতে না পারিয়া কাতরস্বরে নগেন্দ্রকে বিরত হট-ए विल्ना। नशिख खनिलन गाः আবার বলিতে লাগিলেন—"না। তা নয়, স্ব্যামুখী ! আরও ভনিতে হইবে ! যদি কথা পাড়িলে, তবে মনের কথা বাক্ত করিয়া বলি—কেননা অনেক দিন হইতে বলি বলি করিতেছি। আমি এ সংসার ত্যাগ করিব। মরিব না — किन्छ दमभान्यदत्र याहेव। বাড়ী ঘর मश्मादत व्यामात स्थ नाहै। श्रामाद -कांगांत कांत्र स्थ्य साहे हैं , कांग्र रहान অবোগ্য স্বামী। স্থামি থাকিয়া তোমাকে কেশ দিব না

মন্দিনীর সপ্ত করিয়া আমি দেশ দেশাস্তবে ফিরিব। তুমি এ গৃহে গৃহিণী থাক।
মনে মনে ভাবিত, তুমি বিধবা—যাহার
স্থামী এরূপ পামর, সে বিধনা নয়ত কি?
কিন্তু আমি পামর হই আর যাই হই,
তোমাকে প্রবন্ধনা করিব না। আমি
অমাগত প্রাণ ইইর'ছি—সে কথা তোমাকে স্পষ্ট বলিব না এখন আমি দেশতাগ
করিয়া চলিলাম। যদি প্রতিনিনাকে
ভূলিতে পারি, ভবে আবার কাসিব!
মন্তেৎ ভোষার সঙ্গে এই সক্ষোৎ"।

এই নিষ্ঠার বাকা পতিপ্রাণা স্থা-মুখীর হাদয়ে কিনপ শেলসম বাজিবে राज्ञ नहान धक शह जाविशा (मनित्न িনি আয়ুদংয়ম করিতে অনেক (b) कित्रशहित्यम वरहे. कि ख वाज তাঁহার সকলই পও হটল। আংথীবন সুর্গ্যমুখীর সহিত তাঁধার যে প্রেম গাঢ় হুইতে গাড় এব হুইয়া আসিতেছিল, সেই গেমকক আজ ভিনি সহতে উন্পিত कतिरमा। छाइ।व धमाकात हिन्हांधमा হইতেই বিষরক্ষের ফলোৎপত্তি। তিনি যে কুন্দের জন্য আজ গৃহ পরিতাগি कतिया याष्ट्रेट চाहित्यन. डाँशव जमा-কার নিষ্ঠ রতা তাহার মৃত্যুর বীক বপন • করিল। তিনি বে সুর্যামুখীকে এতদিন প্রাণাপেকা ভাল বাসিয়াছিলেন, তাহার ভবিষ্য অমাত্রোচিত বন্ত্রণার আজ ভিনি স্ত্রপাত করিলেন। জিনি যে অমুভতর স্থ-হতে ভলসিঞ্চন হারা পরিপোবিত করিয়াছি-द्वान जाय कारा यहर अर्क्षाच्या कविद्वार ।

হ্রাম্থীর অন্ধেষ যন্ত্রণা ও কুন্দননিনীর মৃত্যুর দায়িত আজ তিনি নিজ মন্তকে এহণ করিলেন।

নগেন্দু মনে করিলেই—কিঞিৎ
বৈষ্য অবলধন করিলেই—ইকার প্রতিকার করিতে পারিতেন; স্থামুখী ও
কুলননিনী উভয়কেই বাঁচাইতে পারিতেন। স্থামুখা স্থামীর চরণ ধরিয়া
বলিলেন,—" এক ভিক্ষা"। নগেন্দু
বলিলেন "কি ?।" স্থামুখী বলিলেন
" আর একমাস মাত্র গ্রেক্ । ইতিমধ্যে যদি কুলননিনীকে না পারয়া যায়,
তবে তুমি দেশত্যাগ করিও। আমি মানা
করিব না"। নগেন্দু মৌনভাবে ব্যক্ত
করিলেন তিনি একমাস অপেক্ষা করিতে
প্রস্তুত, এবং অস্তঃপুর হইতে বাহির
হইয়া গেলেন।

ক্ষামুখী যেদিন সহসা কুন্দের সাকাং পাইলেন সেই দিন কুন্দকে বলিলেন "কুন্দ ও এবা— দিদি এসো! আর আমি তোমায় কিছু বলিব না"। এবার ক্ষান্মুখীর সক্ষর, কুন্দের হত্তে প্রাণপ্রতিম স্বামাকে অর্পণ করিয়া নিজে সয়াসিনী হইবেন। কমলমণিকে পত্র লিখিলেন 'তুমি কুন্দনজ্বিনীর কথা জিজ্ঞাসা করিয়াছিলে। তাহাকে পাওয়া গিয়াছে— শুনিয়া ক্ষী হইবে— ষ্ঠীদেবভার পূলা দিও। ভাছা ছাড়া আরও একটা খোসখবর আছে— কুন্দের সঙ্গে আমার স্বামীর বি-বাহ ছাইবে। এ বিবার্ছে আমিই ঘটক। বিধ্বাবিবাহ শাস্তে, আছে—তবে দোষ

কি? ছট এক দিনের মধ্যে বিবাহ হটবে।
ত্মি আসিরা জ্টিতে পারিবে না—নচেং
তোমাকে নিমন্ত্রণ করিতাম। পার যদি
তবে ফ্লশ্যার সময়ে আসিও। কেন না
তোমাকে দেখিতে বড় সাধ হইরাছে"।
কমলমণি ও শ্রীশচক্র এই সংবাদে চমকিত হইলেন। শ্রীশচক্র বাজ করিয়া
নগেন্ত্রক একথানি পত্র লিখিলেন।
নগেন্ত্রভারে প্রত্যান্তরে যাহা লিখিলেন,
ভাহা এই:—

" ভाই। आबादक चुना कवित्र ना। ख्याया त्म जिकार्ड वा काछ कि ? घुगान्नमरक ष्मवभा प्रगा कतिद्व । আমি এ বিবাহ क्तिव। यि पृथिवीत नकत्त आमारक ত্যাগ করে, তথাপি আমি বিবাহ করিব। महिद आमि डेमानशक इहेव-डाहात वड वाकि अ नाहे। ध कथा वनात भन्न, কিছু ৰলিবার আবশ্যক তেমিরাও ইচার পর নি-·বৃত্ত করিবার জন্য কোন কথা বলিবে ना। वीन वन, ভবে आबिश ভर्क कतिएंड প্রস্তুত আছি। "यनि কেই বলে যে, विधवी-विवाद हिम्मूशर्यविक्षा, তাহাকে বিদ্যাসাগর মহাশয়ের প্রবন্ধ পড়িতে णिहे, **(यथार्म जानुम भा**ञ्जविभावन महा-महाभाषात्र दलन (य. विश्वविवाद्यमाञ्च-मञ्च ; उथन दक देश अनाज विन्द ? षात वित वत, भाजमण्ड हरेल हे है। ममासमञ्ज नरह, श्रामि व विवाह क-विटन नगामहाज ब्हेव; जाहात के खत,

এ গোবিকপুরে আমাকে সমাজচ্।ত করে কার সাধা ? বেখানে আমিট সমাজ, সে-খানে আমার আবার সমাজচ্াতি কি ? তথাপি আমি তোমাদিগের মনোরক্ষার্থে এ বিবাহ গোপনে রাধিব—আপাততঃ কেছ জানিবৈ না।

"তৃমিএসকল আপত্তি করিবে
না। তৃমি বলিবেঁ, তৃই বিবাহ নীতিবিক্লদ্ধ
কাজ। ভাই, কিসে জানিলে, ইহা নীতিবিঁ
কল্প কাজ? তৃমিএ কথা ইংরেজের কাছে
শিবিরাছ, ন চং ভারতবর্ষে এ কথা ছিল
না। কিন্তু ইংরেজেরা কি অল্রান্ত ! মুসার
বিধি আছে বলিয়া ইংরেজদিগের এ সংস্কার
—কিন্তু তৃমি আমি মুসার বিধি ঈশ্বরবাকা
বলিয়া মানি না, তবে কি হেতুতে এক
পুক্ষেরে তুই বিবাহ নীতিবিক্লদ্ধ বলিব ?

"তুমি বলিবে, যদি এক পুরুষের ছই স্ত্রী ছইতে পারে, তবে এক জীর ছই স্থামী নাহয় কৈন ? উত্তর—এক স্ত্রীর হই স্থামী হইলে অনেক জনিষ্ট ঘটবার সম্ভাবনা, এক পুরুষের ছই বিবাহে তাহার সম্ভাবনা নাই। এক স্ত্রীর ছই স্থামী হইলে সম্ভাবনা নাই। এক স্ত্রীর ছই স্থামী হইলে সম্ভাবের শিতৃনিক্ষণণ হয় না—পিতাই সম্ভাবের পালনকর্ত্তা—হাহার অনিশ্চয়ে সামাজিক, উচ্চুত্রালতা জ্বিলিত পারে। কিন্তু পুরুব্দের ছই বিবাহে সম্ভাবের মাতার অনিশ্চয়তা ক্রেনা। ইত্যাদি আরও অনেক্ষক কথা বলা ঘাইতে পারে।

" বাহা অধিকাংশ লোকের অনিষ্ঠ-কারক তাহাই নীতি-বিক্ষ। ভূমি যদি পুক্ষের ছুই বিবাহ নীতি বিক্লছ বিবেচনা কর, ভবে দেখাও যে, ইছা অবিকাংশ লোকের অনিষ্টকর।

''গৃংছ কলহাদির কথা বলিয়া তুমি আমাকে যুক্তি দিবে। আমি একটা যুক্তির কথা বলিব। আমি নিঃসম্ভান। আমি মরিয়া গেলে, আমার পিতৃকুলেব নাম লুপু হটবে। আমি এ বিবাহ করিলে সপ্তান হইবার সম্ভাবনা—ইহা কি অযুক্তি?

"শেষ কাণত্তি— হুর্যাম্থী। সেইময়ী
পত্নীর সপত্নী-কণ্টক করি কেন ? উত্তর
— হুর্যামুখী এ বিবাহে ছুঃথিতা নহেন।
তিনিই বিবাহের প্রসঙ্গ উত্থাপন করিয়াছেন—তিনিই ইুগতে আমাকে প্রবৃত্ত
করিয়াছেন—তিনিই ইুগতে উদ্যোগী।
তবে আর কাহার আপত্তি ? তবে
কোন্কারণে আমার এই বিবাহ নিন্দনীয় ?"

নগেক্স পণ্ডিত ও বৃদ্ধিমান্ হর্য়াও অমে পতিত চইলেন । দ্বিবাহ বা বছবিবাহের বিক্ষে বে প্রধান আপ-তি গৃহে কলহাদি—তাহার কথা তিনি তৃলিলেন ৰটে কিন্তু সে আপত্তি'ত থণ্ডন করিলেন না।

আর তিনি তাবিলেন স্থাম্থী এ
বিবাহে ক্ষ্ণিতা নহেন—কারণ? স্থাম্থীই এনিবাহের প্রসদ ত্লিরাছেন—
তিনিই ইহাতে উদ্যোগী। কিছ
স্থাম্থীন বদদ যে এবিবাহের
পক্ষাতী নহে, তাহা তিনি ব্রিরাও বৃত্তি

লেন না। নগেক্স, ঘৌবনের প্রারম্ভ হইতে স্থাম্পীর সহিত এক জ বাস করি-য়াও স্থামুখীৰ স্কলে প্রবেশ করিতে পাবিলেন না।

স্থামুখী কুন্দের সহিত স্থামীর বিবাহ

দিয়া কমলমণিকে জানাইয়া তাঁহার

নিকট মনের হঃথ ব্যক্ত করিয়া সকলের

অজ্ঞাতসারে রজনীযোগে গৃহ পরিত্যাগ

করিয়া প্লায়ন করিলেন। নগেন্দ্রের
প্রারশ্ভিত আরস্ভ হইল।

বে কুলের জান্য নগেল সুর্বাম্থী হেন ভার্যাকেও পায় ঠেলিয়াছিলেন, আজ সুর্বাম্থী বিরহে সেই কুলও নগেলের চকুঃশূল হইলেন।

স্থামুখীর পলায়নের পর প্রাদোষে
নগেন্দু শয়ন করিয়া আছেন—কুন্দনন্দিনী শিয়রে ত্রনিয়া বাজন করিতেছেন।
আর কেহ নাই অথ্ চছই জনেই নীরব।
কুন্দ জিজ্ঞাসা করিলেন ''কি করিলে,
যেমন ছিল, তেমনই হয় १" ''কি করিলে
স্থামুখী ফিরিয়া আসে १''

নগেল উত্তর করিলেন 'এ কথাটি ত্মি মুথে আনিও না। তোমার মুথে অনিও না। তোমার মুথে ক্র্যামুথীর নাম শুনিলে আমার অন্তর্দাহ হয়—তোমারই জন্য ক্র্যামুথী আমাকে ত্যাগ করিয়া গেল''। কুল্প একথায় মর্মে বাধিত হইয়া নীরবে বাজন করিছে লাগিলেন। নগেল জিজ্ঞাসা করিলেন "কুলা ক্রিভেছ না কেন ? রাগ করিয়াছ গ' কুল বিশিল ''না ''া নগেলে ক্রিয়াছ গ' কুল বিশিল '' না ''া নগেলে

ৰলিয়া আবাৰ চুপ কলিলে ? ভূমি কি আমার আর ভাল বাস না ? কুন্দ বলিংলন "वामि वहे कि ?" नशिष्म, क शिलन " वामि वहें कि १" এ यে वामक जूनान কথা। কুল। বোধ হয়, তুমি আমায় কথন ভাল বাসিতে না'। কুন বলি (वन ''वत्रावत वानि"। नरशक् — मक्षां वालात भेरे मतल ७ अझवाक् (अभकाहि-भीत्र शकीत्र डा छेभलक्षि कदिएक शांतिरलन ना। छिनि विलियन, ''आमारक क्रामूशी বরাবর ভাল বাসিত। वानदित्र शनाग्र সহিবে কেন ?—লোগার মুক্তার হার শিকলই ভাল''। আজিকার মর্মাণী ভায় অনাথিনী কুল মৃত্যুপথে অর্দ্ধেক অগ্র-বর্ত্তিনী হইলেন। মৃত্যুদিবদের পূর্বের কুন্দের সহিত নগেন্দের আর দেখা হয় नारे। आक कुरन्तत सूर्शत (अव मिन।

ক্র্যাম্থীর পলায়নে নগেলের মনে ক্র্যাম্থী প্রেম দিগুলতর বেগে প্রবাচিত হইতে লাগিল। ক্র্যাম্থীর প্রতি নগে লের যে প্রগাঢ় অন্তরাগ ছট দিনের জনা কৃন্দনন্দিনীর ছারায় আছেয় হটয়াছিল, সে আবরণ অপসারিত হওয়ায়—আজ সেই অন্তর্গাপরিবর্দ্ধিত উল্লেল্যর সহিত্রনপেন্তের মনে প্রতিভাত হইল। সূর্যা, অন্তর পোনেই লংসালের চল্লু—ক্র্যা বিনা সংসার আধার; আরু আল ক্র্যাম্থীকে, ছারাইয়া নগেলে ব্রিলেন—ধ্র ক্র্যাম্থী বিনা ভাছার অংগার লংসার আধার—ক্র্যাম্থী বিনা ভাছার অংগার লবের একমার দ্বিতা

নগে**ন্দ্র** যে কুন্দকে ভাল বা বাদেন না এরপ নহে, কিন্তু সে ভাল-বাসা অনেকটা রূপবতীর রূপভোগ-লাপ-সা, প্রকৃত ও নি: সার্থ প্রেম নছে। "চিতের যে অবস্থায়, অন্যের স্থারে জন্য আমবা আত্মপুথ বিস্কুন করিতে স্বতঃ প্রস্তুত হট' এ সে ভালবাসা নহে! এ রূপজ গোহ্মাত। युग्न दीत দর্শনে যে চিত্র-বিক্ষৃতি উপস্থিত হয়, র্গ-ভোগে শীঘই তাহার তীক্ষতা অপনী-ভোগে দে রূপ তৃষ্ণার শীঘুই পরিতৃপ্তি জম্মে। নগেন্দ্র আজ পোনর দিন মাত্র কুন্দকে বিবাহ করিয়াছেন। এই পোনর দিনের ভোগেই নগেন্দ্রের কুদরপভৃষ্ণা অনেক পরিমাণেই উপশ-गिত হইয়।ছিল। এই জনাই সংবামুখীর পলায়নের পর অতি ক্রতবেগে কুলচ্ছায়া নগে:ত্রের হার্যাকাশু হইতে অপসারিত रहेल। এ প্রেম গুণজনিত প্রেম হইলে, পরিভৃপ্তি হইত না। এত, শীঘ্র ইহার প্রবিনের জলের ন্যায় এত শীঘ্র ইহা নগেল্রের চিত্তক্তে হইতে স্রিয়া ধাইত 41 1

গুণ-নিত প্রণয় গেমন বত্কালসাধা, তেমনই বত্কাল-ভাষা। 'প্রথমে বৃদ্ধির দ্বাবা গুণগ্রহণ, গুণগ্রহণের পর আসঙ্গ-লিপ্সা, আসঙ্গলিপ্সা সফল হইলে সংসর্গ, সংসর্গ-ফলে প্রণয়, প্রণয়ে আলো-বিসর্জ্জন,—বেপ্রেম জ্বমে এই সোপানাব-লী দিয়া উচ্চ হইতে উচ্চতম শ্লে আরো-হণ করে, ভাছাই প্রক্লন্ত প্রণয়; তাহা বত্-

इने ल ख অনস্তকালস্থায়ী; जाशांव विरुक्त चिति छ. मट्या म्हा তাহার বিলয় অসম্ভব। স্থামুখীর সহিত वछ्तित्व महवारम नरशास्त्र त्मरे (अभ জনিয়য়াছিল। এই खगा कि इ निरन त विटक्ट्रा (महे (अरमद विलयमाधन इहेन ना। हेश (यादानाक भावमीय हरस्व নাার আৰার অপূৰ্ব জ্যোতি कतिल। त्नरे हत्स्रत व्यविकारित मुर्वा-म्भीटक जूनिया कुन्न निमनीटक विवाह করিয়াছেন বলিয়া নগেকু অতুত্ত হট-লেন। সংখ্যমুখীর পলায়নের পর নগেক্ত श्रित्र वक् इवटमव (यावान'क (य অফরের তাহার অহতাপ পরিবাক্ত। সে পত্র থানি এই—

"তুমি লিখিয়াছ যে. আমি এ পৃথিবীতে
যত কাজ করিয়াছি, তাহার মধ্যে কুম্পনন্দিনীকে বিবাহ ক া. সক্ষাপেক্ষা ভ্রান্তিমূলক কাজ। ইতা আমি সীকার করিঃ।
আমি এই কাজ করিয়া স্থান্থীকে দারাইলাম। স্থান্থীকে পত্নী ভাবে পাওয়া বড়
জোর কপালের কাজ। সকলেই মাটী
থোঁড়ে, কহিছুর একজনের কপালেই
উঠে। স্থান্থী সেই কহিন্র। কুম্পনন্দিনী কোন্ গুণে তাঁহার স্থান পূর্ণিত
করিবে?

'তবে কুলনন্দনীকে তাঁহার স্থলাভিষিক্ত করিয়াছিলাম কেন? ভ্রান্তি! ভ্রান্তি। এখন চেতনা হইয়াছে। কুন্তকর্ণের নিজ্ঞাভক হইয়াছিল মরিবার জন্য। আফারও মরিবার জন্য ও মোহনিক্রা ভাঙ্গিরাছে। এখন স্থামুখীকে কোথার পাইব ?

"আমি কেন কুনন্দিনীকে করিয়াছিলাম ? আ মি ভাল ৰাসিতাম ? ভाল वंशिजाम देव কি—তাহার জন্য **डेगा**मश्र हरेट বসিয়াছিলাম—প্রাণ বাহির হুইতেছিল। কিন্তু এখন বুঝিতেছি, সেকেবল চোকের ভালবাসা। নহিলে আজি পনের দিবস মাত্র বিবাহ করিয়াছি-এখনই বলিব কেন, "আমি তাহাকে ভাল ভাসিতাম ? ভাল বাদিতম কেন ? এখন ও ভালবাদি-व्यामात र्याम्थी কোথায় (शल १ 0 07

নগেন্দ্রের কুল্পপ্রেম অনেকটা রূপজ্প মোত বটে, কিন্তু তথাতে গুণজ প্রেমও কিন্তু তথাতে গুণজ প্রেমও কিন্তুৎ মিশ্রিত ছিল। রূপজ মোতরূপ খাল পৃড়িয়া ভক্ষ হটল, কিন্তু গুণজ প্রেম-রূপ ফ্রেণিক লিকাটুকু গলিয়া নির্দান হটয়া পড়িয়া রহিল। এই জনাই নগেন্দ্র হুলর হইতে কুল্পস্থতি মুছিয়া ফেলিয়াও বলিতে বাধা হইলেন—''এখনও ভাল বাসি"। কিন্তু সেই সূর্যামুখীর প্রেমসাগরের নিকটে আনীত হইল, অমনি সেই অভল জলে পড়িয়া ডুবিয়া গেল, অমনি স্থ্রামুখী-স্থৃতি প্রেবল হটয় উঠিল—আর নগেন্দ্র বলিয়া উঠিলেন, ''কিন্তু আমার স্থামুখীবিলা উঠিলেন, ''কিন্তু আমার স্থামুখীবিলা উঠিলেন, ''কিন্তু আমার স্থামুখীবিলা উঠিলেন, ''কিন্তু আমার স্থামুখীবিলা বিলাম উঠিলেন, ''কিন্তু আমার স্থামুখীবিলাম গ্রিমণী

ष्ट्रसम्ब द्याराण अञ्चलक नामास्यक व्यानक द्याराणनः, व्यानक छेनामा দিলেন, বলুলেন "ত্মি নিরাশ হইও না। স্থামুখী অবশ্য প্নরাগমন করিবেন— তোমাকে না দেখিয়া তিনি কতকাল থাকিবেন? যতদিন না আদেন, ত্মি ক্লনন্দিনীকৈ স্নেহ করিও। তোমার পজাদিতে যতদ্র ব্বিয়াছি, তাহাতে বোধ হইয়াছে, তিনিও গুণহীনা নহেন। রূপজ মোহ দ্র হইলে, কালে স্থায়ী প্রেমের সঞ্চার হইবে। তাহা হইলে তাহাকে লইয়াই স্থাী হইতে পারিবে। এবং যদি তোমার জ্যেষ্ঠা ভার্যার সাক্ষাৎ আর না পাও, তবে তাঁহাকে ভ্লতেও পারিবে। বিশেষ কণিষ্ঠা তোমাকে ভাল বাসেম। ভাল বাসায় কথন অ্যত্ন করিবে না। • •"

"তদলব্বপদং স্থাদি শোক্ষনে প্রতিযাত-মিবাজিকমদা গুরোঃ।" কিন্তু দেই গভীর-ভাবপূর্ণ সারগর্ভ উপদেশগুলি শোকাভি-ভূত নগেক্তের অন্তরে স্থান না পাইয়া থেন বন্ধবরের নিকট প্রত্যাগমন করিল। नत्त्रक छेढदा निथित्तन, " जुनि यांश লিখিয়াছ, তাহা সকলই বুঝিয়াছি এবং তোমার পরামর্শ যে সংপরামর্শ, তাহাও জানি। কিন্তু গৃহে মন স্থির করিতে পারি ना। এक मान इहेल, आमात न्राम्थी আমাকে ত্যাগ করিয়া গিয়াছেন, আর তাঁহার কোন সংবাদ পাইলাম না। তিনি যে পথে গিয়াছেন, আমিও সেই পথে गहिरात कतना कतियाहि। आभि छ गृह अगांग कविव। दमर्ग दमर्ग जैहांव नक्षांन করিয়া বেড়াইব। তাঁহাকে পাই, न-ইলা গৃহে আসিব; •নচেৎ আর অ-ি দিব না। কুল্নল্নীকে লইয়া আর
গৃহে থাকিতে পারি না। সে চক্ষ্ণূল
হইয়াছে।তাহার দোষ নাই—দোষ আমারই—কিন্তু•আমি তাহার মুখদর্শন আর
সহা করিতে পারি না। আগে কিছু
বলিতাম না—এখন নিত্য ভর্ৎ দনা করি—
দে কাঁদে,—আমি কি করিব ? আমি
চলিলাম।"

নগেজের একণে চিত্তোন্মাদ জন্মিয়াছে।
তাঁহার স্বাভাবিক প্রিরম্বদতা ও দরার্জ্রচিত্ততা এর্থন বিলুপ্ত হইয়াছে। পূর্ণে
তিনি সামান্য দাস দাসীর প্রতি বেরূপ
সদর ব্যবহার করিতেন, আজ অভাগিনী
কুন্দের প্রতি তাদৃশ ব্যবহার করিতেও
অনিচ্ছুক। তিনি হুঃখিনী কুন্দকে দেই
শ্ন্য প্রীতে হীগার হতে সমর্পণ করিয়া
ও বিষরের রক্ষণাবেক্ষণের ভার দাওমানের
উপর নাত্ত করিয়া অচিরাৎ সূর্যামুখীর
অবেষণার্থ নির্গত হইলেন।

নগেল্ফ নানা দেশ পর্যাটন করিয়া
তথ্যস্থীর কোন জাত্মদান না পাইয়া
অবশেষে কাশীধামে উপস্থিত ক্ষুইলেন।
তথায় পৌছিয়া গোবিন্দপুরে দাওয়ানকে
সংবাদ দিলেন। দাওয়ান তাঁহার নামীয়

• যত চিঠিপত্র তাঁহার নিকট প্রেরণ করিলেন।
ন। তিনি ব্রহ্মচারীর পত্রে স্থ্যস্থী মধুপুরে হরমণি নামী এক বৈষ্ণবীর আলয়ে
মৃত্যুশ্যায় শ্রান—এই সংবাদ পাইলেন।

নগেলের মন্তকে বজ্ঞ পড়িল। তিনি কাতর দরে জগদীশ্বরের চরণে এই ভিক্ষা চাহিলেন—"জগদীশ্বর! মূহুর্ভ অন্য আমার চেতনা রাধ।" নগেক্রের সে প্রাথনা গ্রাহ্য হইল—ক্ষণেকের জন্য নগেক্রের চৈতন্য বিল্প্ত হইল না। সেই
অবসরে তিনি কর্মাধ্যক্ষকে ডাকিয়। হকুম
দিলেন "আজ রাত্রেই আমি রাণীগঞ্জ
যাত্রা করিব—সর্কাস্থ ব্যয় করিয়াও তুমি
ভাহার বন্দবস্ত কর।"

কর্মাধাক্ষও প্রভুর নিয়োগ পালন ক-রিতে গেলেন—নগেক্রও অনাচ্চাদিত ভূমিতলে শালন করিরা মুচ্ছিত হইলেন।

সেই রাজেই ,নগেন্দ্র মধুপুর বাজা করিলেন। শিবপ্রসাদ ব্রহ্মচারার পত্র আনেক দিন পরে পেঁ)ছিয়াছিল বলিয়া নগেল্রের মনে নানাপ্রকার আশঙ্কা হ-ইতে লাগিল। তাঁহার মনে স্বতঃ এই-রূপ তর্ক উঠিল—আজও কি স্ফ্র্য্য-মুখী সেইখানেই আছেন? যদি না থাকেন তবে "এখন স্থামুখী কোথায় ?"

লগেন্দ্র অনেক কটে পালীযোগে মধুপুরে আসিয়া কবিরাজ রামক্রঞ রায়ের
বাটীতে উপস্থিত হইলেন। তাঁহার নিকট একটী একটী করিয়া প্রশ্ন
করিয়া প্রনম ক্রমে এই অনুমানে উপনীত
হইলেন যে গৃহদাহে স্থ্যম্থীর মৃত্যু হইয়াতে !

বাতাহত কদলীর ন্যায় নগেন্দ্র চেয়ার হইতে ভূতলে পড়িয়া গেলেন। দারুণ আঘাতে মন্তিক আলোড়িত হইল—মূচ্ছ। কণকালের জন্য ভাঁছার যাতনা হরণ করিল। কবিরাজ নগেল্যের ভশ্রবায় নিরত হইলেন। নগেক্সের অদৃষ্টে কি শেষে এই চিল ?
কে ভাবিয়াছিল যে তাঁহার ছঃথে আল
পাষাণও বিগলিত হইবে? তিনি অতুল
সম্পত্তি, অনস্ত গুণরাশি, ছর্লভ স্ত্রীরত্নের
অধিকারী হইরাও—কেন আল পথের কাঙ্কালীরও শোচা? তাঁহার
কোনও অভাব ছিল না, তথাপি একটী
অভাবের স্পষ্ট করার আল তাঁহাকে সকল
থাকিতে বলিতে হইল—"আমার এত
দিনে সব ফুরাইল"।

"আসার এতদিনে সব ফুরাইল''—
এই ভাবিতে ভাবিতে নগেক্স সেই
দিনই সন্ধ্যাকালে পাকীযোগে মধুপুর
হইতে গৃহাভিমুথে যাত্রা করিলেন।

স্থামুখীর প্রাপ্তির আশার নগেন্দ্রের আজ সব ফুরাইল। " গোবিন্দপূরে গৃহে বাস করিতে চলিলে-ন না; গৃহধর্মের নিকট জন্মের विनाम लहेट हिलालन। বিলিব্যবস্থা কাজ। বিষয় আশায়ের कत्रिटा इरेटन। खमीनाती, বাড়ী, এবং অপরাপর স্বোপার্জ্বিত স্থাবর সম্পত্তি ভাগিনেয় সতীশচক্রকে দান পত্রের দ্বারা লিখিয়া দিবেন-অস্থাবর সম্পত্তি সকল কমলমণিকে দান করি-বেন-সেকল গুছাইয়া কলিকাতায় ভাঁহার বাড়ীতে পাঠাইয়া দিতে হইবে। কিছুমাত্র কাগজ আপনার সঙ্গে রাখি-বেন—বে কম বংসর তিনি জীবিত थारकन, महे क्या बंदमत डाहार है उँशिक निक वात्र मिकीए इटेरव। कूम-

निक्नीरक कमनमनित्र निक्षे शाठीहरदन। আার সূর্য্যমুখী যে খাটে শুইতেন, সেই थाटि छहेश এकवात कांनित्वन। स्वर्या-মুখীর অলম্ভার গুলিন লইয়া আসিবেন। त्म श्वी कमनमगिरक मिरवन ना-আপনার সঙ্গে রাখিবেন ৷ যেখানে यादन, माम वहेबा यादन। शाद यथन সময় উপস্থিত হইবে তথন সেই গুলি দেখিতে দেখিতে মরিবেন। এই সকল আবশাকীয় কর্ম্ম নিৰ্কাহ নগেন্দ্ৰ জন্মের শোধ ভদ্রাসন क्तियां श्रेनक्षांत्र (मन शर्याचेन क्तिर्वन। যতদিন वाहित्वन. পৃথি-বীর কোথাও এক কোণে লুকাইয়া थांकियां मिन यांभन क्रिंदिवन"। नरशक्त মনে মনে এইরূপ সঞ্চল করিতে করিতে শিবিকারোহণে গৃহাভিমুখে • যাইতে माशित्नन।

আজ স্থ্যামুখী যদি নগেল্রের এই সঙ্গল জানিভে পারিভেন, তাহা হইলে তাঁহার সমস্ত হঃথ পুর হইত!

নগেন্দ্রনাথ শিবিকার শরন করিয়া
আপনার অতীত জীবন-সম্বন্ধে অনেক
আলোচনা করিয়া অমুশোচনাবিদ্ধ হইতে
লাগিলেন—মনে মনে বলিলেন "সব
আমারই দোষ। আমার তেত্তিশ বংসর
মাত্র বয়ঃক্রম হইয়াছে। ইহারই মধ্যে
আমার সব ফুরাইল। অথচ জগনীখর
আমাকে যাহা দিয়াছিলেন, তাহার কিছুই ফ্রাইবার নহে। যাহাতে ফাহাডে
মহুষ্য সুথী, সে সব আমাকে সুখর বে

পরিষাণে দিয়াছিলেন, সে পরিমাণে প্রায় काशांदक अपन ना। धन, সম্পদ্, মান, এ সকল ভূমিষ্ঠ হইমা অসাধারণ পরিমাণে পাইয়াছিলাম। वृक्षि नहिरम ध मकरम रूथ इम्र ना-তাহাতে বিধাতা কার্পণ্য করেন নাই। শিক্ষায় পিতা যাতা ত্রুটি করেন নাই-গোবিন্দপুরে আমার তুল্য স্থশিকিঞ্চ কে ? রূপ, বল, স্বাস্থ্য, প্রণয়শীলতা, তাহাও প্রকৃতি আমাকে অমিত হত্তে দিয়াছেন। ইহার অপেকাও যে ধন চলভি—যে একমাত্র সামগ্রী এ সংসারে অমূল্য-व्याग्य व्यवप्रभानिनी माध्वी ভार्या-ইহাও প্রসম কপালে ঘটিয়াছিল। স্থথের সামগ্রী পৃথিবীতে এত আর কাহার ছিল ? আজি এত অস্থী পৃথিবীতে কে? আজি আমার ধন সম্পদ মান, ज्ञान (योवन विका) वृक्ति, नर्कश्व निरम, यनि আমি আমার শিবিকার একজন বাহকের সঙ্গে অবস্থা পরিবর্ত্তন করিতে পারিতাম, তাহ। হইলে স্বর্গস্থ মনে করিতাম। বাহক কি ? এই দেশের রাজকারাগারে এমন কে নরত্ব পাপী আছে, যে আমার অপেকা সুখী নয়, আমা হতে পবিত্র নয় ? তারাত অপরকে হত করিয়াছে। আমি হুর্যমুখীকে বধ করিয়াছি। আমি रेखिय ममन कतिल, स्रामुशी विलाभ আনিয়া কুটীরম্বাহে মরিবে আমি স্থামুখীর বধকারী—কে এমন পিতৃত্ব, মাতৃত্ব, পুত্রত্ব আছে যে, আমার অপেকা গুরুতর পাপী ? হুর্ঘামুথী ক্রি

আমার কেবল স্ত্রী ? স্থ্যমুখী আমার गव। मध्यक जी, माशार्फ लाडा, याज ভগিনী, আপাামিত করিতে কুট্রিনী, লেহে মাতা, ভক্তিতে কন্যা, প্রমোদে বন্ধ, পরামর্শে শিক্ষক, পরিচর্য্যায় দাসী। আমার সুর্যামুথী – কাহার অমন ছিল ? गःगाद महाय, शृद्ध नक्षी, श्रुप्त ধর্ম, কঠে অলভার। আমার তারা, श्रमटग्रत (माणिक, त्रिट्त कीवन, জीवना भक्तम। আমার তামোদে र्स, विशाम भाजि. हिन्दां विक. कार्या উৎসাহ! আর এমন সংসাবে কি আছে? আমার দর্শনে আলোক, শ্রবণে সঙ্গীত, নিখাসে বারু, স্পর্শে জগং। আমার বর্ত্তমানের স্থথ, অতীতের স্থৃতি, ভবিষা-ভের আশা, পরলোকের পুণ্য! আমি শূকর, রক্ন চিনিব কেন ?"

হুর্যানুখী! আজ নগেক্রের প্রেনসাগরে তোনার প্রেন তরন্ধিণী বিলীন হইল।
আজ প্রেনপ্রদর্শনে নগেক্রের নিকট
তুমি পরাস্ত হইলে। তোমার ন্যার
সৌভাগ্যশালিনী রমণী জগতে আজও
জন্মে নাই। কালিদাসের নারিকা শকুস্থলার জন্য ত্মস্ত এবং ইন্দুমতীর
জন্য অজ, কখন এমন গভীর প্রেমরাশি দেখাইতে পারেন নাই। এরূপ
প্রেনমিয় স্থানীর আদর্শ রামচন্দ্র ভিন্ন
আর কোন প্রেণ্যী কখন দেখাইয়াছেন
কি না জানি না। কবি এখানে তাঁহার
ভারুকতার যথেই পরিচয় দিয়াছেন।

ेनरशरकात एक्षमकानर्गन एक विश्वांत्र

আবদ্ধ রহিল না । পথে ঘাইতে ঘাইতে হঠাৎ তাঁহার মনে পড়িল যে স্থামুখী পদক্রজে ভ্রমণ করিয়াই পীড়াগ্রস্তা হইয়া-ছিলেন—অমনি পান্ধী চটতে गरश्रम নাশিয়া পদত্রজে গমন করিকে লাগিলেন। পদব্রজে যাইতে যাইতে মনে করিলেন "ইহ জীবন এই সুর্যানুধার বধের প্রায়-শ্চিত্তে উৎসর্গ করিব। কি প্রায়শ্চিত १ দ্রামুখী গৃহত্যাগ করিয়া যে সকল স্থা বঞ্জিতা হইয়াছিলেন—আমি সে সকল স্থভোগ ভাগে করিব। ঐশ্বা, সম্পদ, দাস, দাসী, বন্ধু, বান্ধবের আর কোন সংশ্ৰব রাখিব না। সৃষ্যমুখী গৃহত্যাপ করিয়া অবধি যে সকল ক্লেশ ভোগ করি-য়াছিলেন, আমিও সেই সকল ফ্লেশ ভোগ করিব। যে দিন গোবিন্দপুর হইতে যাত্রা করিব, সেই দিন হইতে আমার গমন পদত্রজে, ভোজন কদর, শয়ন রুক্তলে বা পর্ণকুটীরে। আর কি প্রায়শ্চিত ? यिशान यथान वनाथिनी जीत्नाक (म-থিক সেইখানে প্রাণ দিয়া তাছার উপকার করিব। যে অর্থ নিজ বায়ার্থ রাখিলাম. সে অর্থে আপনার প্রাণধারণ মাত্র করিয়া অবণিষ্ট সহায়হীনা জীলোকদিগের সে-বার্থে ব্যয় করিব। যে সম্পত্তি স্বত্ত ত্যাগ করিয়া সতীশকে দিব, তাহারও অদ্বাংশ আমার যাৰজীবন সভীশ সহায়হীনা खीलाकिमाश्रम नाहार्या वाम कतिरव, ইছাও দানপতে লিখিয়া দিব। প্রায়-শ্চিত ! পাপেরই প্রায়শ্চিত হয়। হঃথের ত প্রায়শ্চিত্ত শাই ৷ ছঃখের প্রায়শ্চিত

কেবল মৃত্যু। 🌞 " ," এইক্লপ ভাবিতে ভাবিতে নগেল পদত্রজে রাত্রি হুই প্রহ-রের সময় কলিকাতার প্রশাচন্দ্রের বৈটক-থানায় আসিয়া উপস্থিত হইলেন। এশ-চল্ল বৈটকপানায় বসিয়াছিলেন, জিজাসা করিলেন " স্থামুখী কোথায় ? " নগেল বলিলেন "মর্বে"। নগেক্ত পূর্বে স্বর্গ মানিতেন না; কিন্তু এখন প্রেম ও বাস-নার বশবন্তী হইয়া স্বর্গ স্থাষ্ট করিয়াছিলে-ন। " স্থামুখী কোথাও নাই " এ চিন্তা তিনি সহিতে পারিতেন না বলিয়া, "স্থ্য-मूथी ऋर्ग আছেন " विनश मनरक छारा ধ দিতেন। নগেক্তনাথ শ্রীশচক্তের মুখে উঁহোর অনুসন্ধানে ব্রহ্মচারীর গোবিন্দ-পুর ও কলিকাতায় আগমন, এবং ব্রহ্ম-চারীর মুখে আজ্ত স্থামুখীর বাটী হইতে वहिर्गमन मिन इहेरज बावजीय कछ विव-রণ শ্রবণ করিয়া মৃচ্ছিত হইলেন; অ-त्नक याञ्च टेड बना मधात हहेल छेटेक:-স্বরে ডাকিলেন, ''স্ব্যামুখী! প্রাণাধিকে! কোথায় তুমি ?" নগেন্দ্রের চক্ষে এতদিন জল ছিল না; আজ সেই সংক্র স্রোত व्यवन (वर्ग विश्न। 'नर्गक निमहस्त्र ক্ষমে মুথ রাখিয়া বালকের মত ৰভ্কণ রোদন করিলেন। ইছাতে বন্ত্রণার অনেক উপশম इहेन।

মগেন্দু গোবিন্দপুরে প্রত্যাগমন করিয়া ছাদমবেগ সংক্ষক করিয়া ধীর ও
প্রানাস্তভাবে পৌরবর্গের সহিত কথাবার্তা
কহিলেন। সূর্যামুখীর কথাও মুখে আনিলেন না। তাঁহার গন্তীর শোকে সকলেই

কাতর হইল। নগেন্দু সকলের সঙ্গেই কথাবার্ত্তা কহিলেন "কেবল একজনকে মনঃপীড়া দিলেন। চিরহুংখিনী কুম্দ-ননিনীর সঙ্গে সাক্ষাৎ করিলেন না"।

নগেলের আদেশান্ত্সংরে দাসীরা স্থ্যামুখীর শরন্মন্দিরে নগেলের শ্যা প্রস্থার শরন্মন্দিরে নগেলের শ্যা প্রস্থার শরন্মন্দিরে নগেলের শ্যা প্রকালে, সকলে নিজা গেলে, একাকী সেই
শরন্মন্দিরে প্রবেশ করিলেন। সে শরন্মন্দিরের উপমান এ জগতে নাই। কবির
মান্সী স্ষ্টে বিধাতার স্প্রতিকে পরাজিত
করিয়াছে। নগেলে ও স্থামুখীর অমান্ত্য প্রেম এই শয়ন্মন্দিরেই প্রতিভাত। এ
মন্দির—ইল্র ও শচী, মদন ও রতি, বিষ্ণু
ও লক্ষ্মী, হর ও গৌরীর জনাই যেন
নির্দ্মিত হইয়াছিল; সেই দম্পতিনিচয়ের
কোনটী যেন মানবশরীর ধারণ করিয়া
নগেল্র ও স্থামুখীদ্ধপে ধরায় অবতীর্ণ
হইয়াছেন।

'নগেন্দ্র শ্যাগৃহে প্রবেশ করিয়া

দার ক্ষ করিলেন। • থাটের পাম্বে

আর একটা দার খোলা ছিল—ুসে দার

দিয়া বাতাস আসিতেছিল না, সে দার

মৃক্ত রহিল'। নগেন্দ্র একটা সোফার
উপর বসিয়া অনেক কাঁদিলেন; উজ্জল
দীপালোকে স্থ্যমুথীর অভিমত ছবিগুলি

দেখিতে লাগিলেন। গৃহের দেউলে এক
ভানে স্থ্যমুথীর স্বন্তলিখিত এই অক্ষরগুলি দেখিতে পাইলেন—" ১৯১০ সম্বং
সরে ইউদেবতা স্থামীর স্থাস্থী কতুঁক

প্রতিষ্ঠিত হইল"। অশুজ্বলে নগেন্দ্রের বক্ষঃত্বল ভাসিয়া গেল। ক্ৰমে দীপ निकार्यामुथ इटेन-नरशस्य भवाम भगन করিতে গেলেন। অকমাৎ ষ্টিকা প্রবল হইয়৷ উঠিল-সেই ক্ষীণ দীপ ক্ষীণতর হইল। সেই অন্ধকারময় আলোতে নগেব্র এक व्यान्तर्या पृशा (प्रशिवन। थार्डेत পাশ্ব ত দেই মুক্ত দারপথে ক্ষীণালোকে এক ছায়াত্লা মূর্ত্তি দেখিলেন। ছায়া স্ত্রী-क्रिणी। • • जी-क्रिणी मुर्जि, स्याम्थीव অবয়ববিশিষ্টা । নগেক্ত অমনি পর্যান্ধ হইতে লক্ষ্য প্রদান পূর্বক ছায়াপ্রতি ধাবমান হইলেন। অমনি ছায়া অন্তর্গান করিল। ক্ষীণ দীপালোকও নির্বাণ হইল। নগেক মৃচ্ছিত হইয়া ভূতলে পড়িলেন।

ছায়াময়ী মূর্ত্তি মৃচ্ছিত নগেক্সকে উরু-দেশে রাথিয়া শুশ্রুষা করিতে লাগিলেন। ক্রমে নগেল্রের চৈতনা সঞ্চার হইল। তিনি কোমলতায় উপাধানকে রমণীর छेक्राम वृक्षिछ शाबिया कुमनिमनी म-**(मह क्रिय़) क्रिक्कामा क्रियान " (क्** তুমি १"। রমণী কোন উত্তর দিলেন না। ত্ই একবিন্দু অঞ্জেল নগেলের গাত্তে পতিত হইয়া তাঁহাকে জানাইল যে রমণী কাঁদিতেছেন। নগেক্স তাঁহার গাত্রস্পর্শ করিয়া স্থামুধী বলিয়া বোধ হওয়ায় **চমকিত इटेलन। एर्यामुधी अदनक मिन** মরিয়াছেন, ভাঁহার আগমন কিরূপে স্-ভব ? ব্রিতে না পারিয়া উঠিয়া বৃদি-त्मन । तमनी शीरत शीरत बारतारकत्म र्घालन । जीयूर्डि क्लकान मांड्राइन। নগেক্স সেই দুগুায়মানা স্ত্রীমূর্ত্তির চরণতলে পতিত হইয়া কাতরস্বরে অঞ্চপূর্ণ লোচনে বলিলেন, "তুমি দেবতাই হও, জার মহাযাই হও, তোমার পায়ে পড়িতেছি, আমার সঙ্গে একবার কথা কও। নচেৎ আমি মরিব"।

রমণী এবার কথা কহিলেন-কি কহি-লেন নগেক্ত ভাহা বুঝিতে পারিলেন না। কিন্তু স্বরসংযোগে সূর্যামুখী বলিয়া বুঝিতে পারিয়া তীত্রবেগে দাঁডাইয়া দণ্ডায়মানা রমণীকে হৃদয়ে ধারণ করিতে গেলেন। কিন্তু শরীর ও মন অবদল হওয়ায় বুক্ষ-চ্যুত লতার ন্যায় রমণীর চরণপ্রাস্তে প্-তিত হইলেন। আর বাক্যকুর্ত্তি হইল না। त्रमणी आवात्र छक्रातिर्म मञ्जक ताथिता বসিয়া রহিলেন । প্রত্যুষে নগেক্সের মোহনিদা তকু হইল। তিনি চকু না চাহিয়া বলিলেন, " कुन पूर्ति कथन आ-সিলে? আমি আজি সমস্ত রাত্রি সূর্য্য-মুখীকে স্বপ্ন দেখিয়াছি। স্বপ্নে দেখিতে-ছিলাম স্থামুখীর কোলে মাথা দিয়া আছি। তুমি যদি স্থ্যমুখী হইতে পা-রিতে, তবে কি স্থুথ হইত ?" রমণী অমনি वित्रा छे ठिलन, " महे পाड़ात मुशीक দেখিলে यपि जूमि এত স্থা হও, তবে আমি সেই পোড়ার মুথীই হইলাম "। নগেন্ চকু মেলিয়া দেখিলেন। তাঁহার मन ७३ ७ विषाय अधिकृष इरेग। जिनि আপনাআপনি বলিতে লাগিলেন, " আমি কি পাগল হইলাম—না স্থামুখী বাঁচিয়া बाह्म ? त्यद वह कि क्याल छिन ?

আমি পাগল্প হইলাম।" এই বলিতে বলিতে নগেন্দ্ৰ ধূলিবিল্টিত হইয়া অধোমুখে কাঁদিতে লাগিনেন।

এবার রমণী আর থাকিতে পারিলেন না। তিনি স্থামীর চরণযুগল ধরিয়া অঞ্চ-জলে অভিষিক্ত করিয়া বলিলেন, "উঠ. উঠ! আমার জীবন-সর্বস্থ! মাটী ছাড়িয়া উঠিকা বদো। আমি যে এত তঃথ সহি-য়াছি, আজ আমার সকল তঃথের শোষ হইল। উঠ. উঠ! আমি মরি নাই। আবার জোমার পদদেবা করিতে আসি-য়াছি ''।

নগেন্দ্রের ভ্রম বিদ্রিত হইল। তিনি উঠিরা হুর্গাম্থীকে গাঢ় আলিঙ্গন করি-লেন। তাঁহার বক্ষে মুখ রাখিয়া নির্বাক্ হটয়া অপ্রাস্ত রোদন করিতে লাগিলেন। পরে উভয়ের উভয়ের ক্ষক্ষে মুখ রাখিয়া কত রোদন করিলেন। একটী কথা কাহারও মুখ হটতে বাহির হইল না!

ইহা বলা বাহুল্য যে এই ছায়ানামক পরিচ্ছেদটা উত্তররামচরিতের ছায়ানামক অক্ষের আদর্শে গঠিত। সে অক্ষে তির-ক্ষরিণী বিদ্যাপ্রভাবে রাম সীতাকে দেখিতে পাইতেছেন না, অগচ সীতা বলিয়া ব্রিতেছেন, অগচ সীতাকে দেখিতে পাইতেছেন না। এই জন্য আপনার উন্মাদ আশক্ষা করিতেছেন। তিরক্ষরিণীর জ্ঞাবে এখানে কবির নির্ম্বাণাস্থা দী-পের অবতারণা করিতে ছইয়াছে। আক্ষিক্ষর আলোকে নগেক্স ছায়াময়ী ক্র্যা-কায়ময় আলোকে নগেক্স ছায়াময়ী ক্র্যা-কায়ময় আলোকে নগেক্স ছায়াময়ী ক্র্যা-কায়ময় আলোকে নগেক্স ছায়ায়য়ী ক্র্যা-

মথীকে চিনিতে পারেন নাই। দেখিয়া প্রথমে তিনি মচ্ছা যান। মচ্ছা-ভক্তে স্পর্শে সুর্গামুখী বলিয়া বোধ চইয়া-ছিল, কিন্তু স্থামুখী বাঁচিয়া আছেন ব-विशा नरशक्त कांभिएकन नां। अंके कना স্পর্শেন্তিয়কে বিশ্বাস করিতে পারিলেন না। সীতাবাঁচিয়া আছেন বলিয়ারামও জানিতেন না, এই জনা তাঁচারও স্পর্শেস্ত্র-য়ের প্রতি প্রভায় জন্মে নাই। প্রকাদিকে যখন প্রভাবেশদয় হইতে লাগিল, তথন নগেল স্ত্রীমৃত্তিকে কতক কতক দেখিতে পাইলেন। শেষে রমণীর স্বর শুনিলেন---यक नर्शत्सात मत्मर एक्षन रहेरक साशित. তত্ই তাঁহার মনে বিলয় সঞার হইতে লাগিল। মৃতা পুর্যামুখী কোণায় হইতে আদিলেন ? ভয়ে ও বিস্থায়ে তিনি আবার মৃচ্ছিত হইলেন। সীতা মৃতা বলিয়া রামচন্দ্রেও সংস্কার ছিল, এই জনা শুদ্ধ সীতাসংম্পর্কেরাম-চন্দ্রেরও সীতাজ্ঞান জন্মে নাই।

দিতীয়বার মৃচ্চ ভিক্লে অর্ক-বিভ্রাপ্ত
নগেল নিমীলিত নয়নে অক্ষাশ্রমণায়নী
রমণীকে কুন্দ মনে করিয়া যথাদী বলিতে
লাগিলেন তখনও তিনি স্থামুখীর মৃত্যোখান সভ্রপর বলিয়া মনে করেন নাই।
তাহার পর য়খন স্থামুখী "আমি সেই
পোড়ারমুখীই হইলাম" বলিয়া আত্মপরিচয় দিলেন তখনও নগেল্রের টৈডনা
হইল না। নগেল্র কেবল আপনাকে উন্মাদগ্রস্ত বলিয়া মনে করিতে লাগিলেন।
স্থামুখীর মৃত্যুসংবাদে নগেল্রের এক্রপ

অবিচলিত বিশ্বাস ছিল যে তিনি সন্থ-বর্ত্তিনী মুর্ত্তিকে উনাদবিজ্ঞিত ভিন্ন আব কিছু বলিয়া মনে কবিতে পারিলেন না। বমণী চবণপ্রায়ে পতিত্ হওরাতেই কেবল সেই ভ্রম বিদ্বিত হইল।

অনেকক্ষণ পরে প্রাম্থী নগেক্তের নিকট বিচ্ছেদ গালের সমস্ত আত্মবিররণ বলিলেন। সমস্ত গোবিন্দপুর আনন্দে উথলিয়া উঠিল। স্থ্যমুথীর স্থের আর ইয়ভার হিল না। কিন্তু পৃথিবীর স্থে সকলই অনিতা। স্থ্যমুথী স্থ্থ-গোপানে পা দিয়াছেন মাত্র এমন সময় এরপ একটী ঘটনা ঘটিল যাহাতে নগেক্তা ও তাঁহার স্থা কিছুদিনের জন্য ব্যাহত হইল। কুদ্দ নগেক্তোর অনাদরে বিব-পান করিলেন।

नरशन्त ७ ८ मरवन्त ।

আমরা বিষরকের সেই প্রকাণ্ড
গুল হইতে নগেন্দ চিত্রের স্বতন্ত্র কটোগ্রাফ্ তুলিয়া পাঠকবর্গের সম্মুথে ধারণ
করিলাম। নগেন্দ্রই বিষরকের পুরুষচরিত্রের শিরে।ভূষণ। নগেন্দ্রের হৃদয়
অতি উচ্চ ও উদান্ত ভাবে পরিপুরিত।
প্রণয়ই নগেন্দ্র-হৃদয়েয় প্রবল ভাব।
দেবেন্দ্রের প্রণয়ের নাায় নগেন্দ্রের প্রণয়
কলুষিত ছিল না। নগেন্দ্র ও দেবেন্দ্র
উভয়েই কুন্দনন্দিনীর অলোকসামান্য
রূপে মুঝ হইয়াছিলেন; উভয়েরই চিত্ত
অনিবার্যা বেগে কুন্দ্রের প্রতি আরুই
হইয়াছিল। কিত্ত দেবেন্দ্রের প্রতি আরুই

ব নানা অসৎ উপায়ে কুন্দকে গৃহত্যা-গিনী করিয়া সামান্য বেশার চেষ্ট্রা ক বিতে করিয়াছিল। নগেক্ত কুন্দকে করায়ত্ত পাইয়াও পাছে कुन्नहिर्द्ध कन्नइरिशेश हर्य धेरे जना নিয়ত চিত্তসংযম করিয়াছিলেন। চিত্ত সংযমে অক্ষম হইলেন —তথন অসং-থা বাধাবিপত্তি উল্লন্ডন করিয়াও কুন্দকে विवाह कतिलान । नशित्स्तत नाम् स्विभा পাইলে দেবেজ হয়ত কুন্দকে হীরার অবস্থায় পরিণত কবিতেন। নগেবদু ঘটনা-স্রোতে অবনত একটা উচ্চ ও উদাত্ত হাদয়ের প্রতিকৃতি, দেবেকা প্রণয়ে হতাপ একটা অধংপতিত হৃদয়ের ছবি। মনসী একবার ফলিতপদ হইলেও আবার উঠিতে পারেন—নগেক তাহার নিদর্শন। * ছার্মলচিত ব্যক্তি একবার প্ডিলে ক্রমেট নিয় হইতে নিয়ত্ম যাট-তে থাকে —দেবেক্স ভাহার দৃষ্টান্ত। চিত্ত-সংযমে অক্ষম যুৱা পুরুষ প্রেমমন্সী ভার্যার বঞ্জি হইলে কতদূর অধঃপাচে যাইতে পারে—দেবেক্ত ভাহার নিদর্শন। প্রোম-ম্য়ী ভার্যাসত্ত্বেও ক্ষণিক চিত্তসংয্মা-ভাবে মনীধীরও স্থালন অসম্ভব নয়— নগেন্দ্র ভাহার দৃষ্টান্ত।

দেবেজ্র পড়িরা নারকী, নগেজ্র উঠিরা উজ্জ্বতর দেবতা। তুলনার নগেজ্র-চরিত্রের সৌন্দর্যা বর্দ্ধনার্থই দেবে-জ্বের স্ষ্টি।দেবেজ্রের পাপের প্রায়শ্চিত্ত অভিযোর ও দীর্ঘকালব্যাপী, নগেজ্যের স্থান্ত্রের দণ্ড অভিক্রোমন্য ও ক্ষণিক।

क्षेण हता ।

যেমন নবীন শ্যামল পত্ৰদল একটা পুষ্পস্তবকের শোভা সম্বর্জন করে, সেইরূপ শ্রীশচন্দ্র এই গ পের সৌন্দর্য্য বর্দ্ধন করিছে-ছেন। সেবে ব্রেক্তর হতাশ প্রণয় ও মগেকের প্রতিহক্ত প্রণয়ের মধান্তলে গ্রীশচন্দের সভতভুক্ত ও অপ্রতিহত প্রণয়ের চবি অতি ফুলর। শ্রীশ—পত্নীগতপ্রাণ একটী নব্য বাঙ্গালী বাবুৰ প্ৰতিকৃতি। তিনি ক্মলম্পির হস্তে একটা ক্রীডনক মাত্র। क्रमनग्रि छेर्र विताल श्रीभावन छेर्फिएजन. বদ বলিলে বসিতেন | কমলমণি যেখানে শ্রীশন্ত সেইখানে। কমলমণির বন্ধির নিকট তাঁহার বুদ্ধি নিষ্প ভ হইত। কমণ-মণির সহাদয়তার নিক্ট তাঁহার হৃদয় হার মানিত। কমলমণির প্রবলতর চরিত্রের নিকট তাঁহার কীণ্ডর চরিত্র বৈত্সী বৃত্তি অবলম্বন করিত। কমলমণির নাায় প্রবলতর চরিত্রের যে তিনি উপাস্য দেবলা হটরাছিলেন, * ইহা অপেকা শ্রীশের গুণের অধিকতর পরিচয় দিবার আর কিছুই নাই ?

প্রীশচন্দের চরিত্রে কোন প্রথবল লোষও নাই। যে দকল সামাজিক ও পারিবারিক গুণ থাকিলে মুখ্য সুথে সক্ষলে ও নিবির্মাদে জীবনযাত্রা নৈর্মায় করিতে পারে, শ্রীশে কেবল দেই সকল গুণ ছিল। কিন্তু যে দকল দোষ থাকিলে শাস্থ সামাজিক ও পারিবারিক স্থানে বিকিন্ত হয়, শ্রীশে সে সকল দোষ কিছুই ছিল না। শ্রীশের জীবন প্রশাস্ত ও স্থানর শীতকালের প্রোত্রিনী।

দেবেক্সের চরিত্র বৃর্ধাকালীন স্রোত্তফিনীর ন্যায় আবিল। দেবেক্সে বে
দকল সামাজিক গুণ ছিল, যে টুকু মহনদ্যতা ছিল, তাহাতে কমলমণির মত
মহানয়া প্রেমম্যী ভার্যা। পাইলে হয়ত
তিনি শ্রীশের ন্যায় একটী নামাজিক
নাধুলোক হইয়া স্থথে স্বছনে কাল কাটাইতে পারিতেন, কিন্তু কি শ্রীশ কি
দেবেক্স—কেহই নগেজেব অভ্যুক্স চরিত্রের নিকটেও যাইতে হাক্সম।

मृश्रमूथी ७ कूनननिन ती।

विश्व मतान् श्रूक विषयित एव समन न त्यालन् स्वर्गीय, बीट्म शार्थित, ख एम त्वरास्त्र ना तक्षेत्र एक स्वरास्त्र ना तक्षेत्र एक स्वरास्त्र ना तक्षेत्र हो हो स्वरास्त्र के स्वरास्त के स्वरास्त्र के स्वरास्त्र के स्वरास्त्र के स्वरास्त्र के स्वर

স্থা স্থী ৪ কৃদ্দ স্থানীয় প্রেমের ছইটী বিভিন্ন আকৃতি। উভয়েরই ছাদর স্থানীর ভাবে পরিপূর্ব। উভয়েরই হাদরের অধিষ্ঠাতা দেব নগেন্দু। এ জগতে নগেন্দু ভিন্ন উভয়েই আর কিছুই জানিতেন না।

স্থাম্থীর প্রেম অমস্ত ও অসীম,
কুলের প্রেম অভলস্পার্শ। স্থামুণী
একটা বিকলিত কুসুম, কুল একটা
কুসুম-কোরক। সৌরভে উভয়েই জ্গজ্ঞাননোরঞ্জন। একজন স্থায়ের প্রভাক
দল খুলিয়া সকলকে দেধাইতেছেন, আর
একজনের হৃদ্ধদল লক্ষায় আকুবিভা

এक जन नड़ी वही नहा. বন-জ্যোৎ স্থা নবমালিকা। একজন প্রগল্ভা,একজন সৃগ্ধা। একজন সাংসিনী, একজন ভয়বিহ্বলা। একজন বাক্পট্, একজন ৰাক্বিধুরা। একজন লৌকিকজা, একজন সংসারানভিজা। যে পাবি নীচিত্রে ব্যাস ও যে সীতাচিত্রে বাল্টীকি জগৎ চম-কিত করিয়াছিলেন, এবং যে ভেদ্ভি মোনা চিত্রে সেক্ষণীয়র জগতের বিস্ময় উৎ-পাদন কাররাছেন; স্ব্যুম্থী সেই চিত্র। এবং (य मकु छलां हिट्य कालिमांन अवश (य मिद्रा-ন্দাচিত্রে শেক্ষপীয়র ভাগতের আরাধা इहेबाएक, कुल (भहे (अनीत विका। ज्या-মেযা-চিত্রে বে শৌল্ধ্য হুর্যমুথীতে তাহা वर्डमान, कशानकू धनात्र (य मिन्मर्ग) কুন্দে তাহা বিদামান। আয়েষা রেবে-কার প্রতিবিহ্ন, রেবেকা পাশ্চাতা রম-ণীর প্রতিকৃতি; সূর্যামুর্বাতেও পাশ্চাত্য-রমণীর প্রগল্ভতা ও সাহ্ব বিদামান। কপালকুওলা প্রাকৃতিহহিতা, সভাতার প্রোঢ়াবস্থার ছবি নহে, জাতীয় শৈশবের ছবি—মুভোখিত ভারতেই এ চিত্রের অ-তিত্ব সম্ভব ; সেই কপালকু শুলার সংসা-রামভিজ্ঞতা,মুগ্ধতা ও সরণতা কুন্দে বিদ্য-মান। স্বাস্থী সীতা ও ডেন্ডিমোনার मःशियान, कून मकूछना ও মিরানার সংমিএ। স্বামুখীর নমেক্রময়তা-স্বা-মুখীর প্রতি কার্যো ও প্রতি কথার পরি-वाक ; कूल्मत्र नश्मम मत्रका कूल्मत ख्रम-मात्र गृह उम व्यक्तरण मिन्न हिन्छ । नर्शमू दक र्लिशिल चार्यायनिवित्र बाक्निश्चरवत्र नाग्र

र्श्याभूथीत सन्य উচ্চলত হটয়া সহস্ৰ লোতে বাকো প্রবাহিত হটত ; কুন্দের স্দরে ঘোরতর তরক্ষ উথিত হইয়া ভূমি-कम्ल डेश्लामन क विक-मंद्राम् तक (म-থিলে ভাবপ্রাবলো কুন্দের হৃদেয় ফাটিবার উপক্রম হইত। উদামশীলা ও বাকা-পটু হ্যান্থী নগেন্দ্কে যতথানি ভাল বাদিতেন, তাহা কার্য্যে ও বাক্যে প্রকাশ করিতেন; ভাবময়ী ও বাকাবিধুলা কুন্দ নগেন্দের প্রতি ভালবাদা নগেন্দের নিকট গোপন করিবার চেষ্টা করিতেন। নগেন্দ স্বাম্থীর হৃদয়ের প্রতি অক্ষর পড়িতে পা-हैट उनः, किस्र कून्त-स्न तरात जनस्य वर्ग शिल उ িনি দেখিতে পাইতেন না। স্থামুখীর হ্র-দর শরৎকালীন পূর্ণ শশবর—নির্মাল,উজ্জ্বল ও স্থলদৃষ্টিরও গোচর; কিন্তু কুন্দের হৃদর শারদীয় তারকা—নির্মাল, উজ্জল কিন্তু— যদিও অনা জগতের প্রকাণ্ড হুর্যা—হুশ্র-দর্শনেরও সম্পূর্ণ গোচর নহে। নিরাবরণ পরীদেহের বে সৌন্দর্যা, ক্র্যামুখী-হাদয়ের (महें भोनवं। — इशिक्षन, चजून ७ मूध-कत ; व्यवश्रमवणी स्मन्तीत (य मोन्नव) कुलकारमद तारे त्रीक्या - नाकाका, অমুপম ও উন্মাদক।

मृश्रमूशी।

স্থামুখীর নগেক্রময়তা প্রতিবাকো পরিবাক্ত। "পৃথিবীতে যদি আমার কোন হয় থাকে, তুনে স্বামী; পৃথি-ধীতে যদি আমার কোন চিন্তা থাকে, তবে নে স্থামী; পৃথিবীতে যদি আমার কোন কিছু মম্পত্তি থাকে, তবে সে
সামী; • • পৃথিবীতে আমাব যদি
কোন অভিলাষ পাকে, তবে মে সামীর
মেছ।" ''তুমি আমার সর্কাস। তুমি
আমার ইহুকাল তুমিই আমার পরকাল। ভোমার কাছে কেন লুকাইব ?
কথন কোন কথা ভোমার কাছে লুকাই
নাই, আজ কেন একজন পরের কথা
ভোমার কাছে লুকাইব ?" এই সকল
বাক্যের প্রতি অক্যের নগেলুমরতা
দেদীপামান।

স্থামুখীর নগেন্দ্রয়তা শেষে আত্মো-ৎসর্গে ও আত্মবিসর্জনে পরিণত হইয়। ছিল। নগেনের স্বার্থ, নগেনের স্থ্ নগেলের জান হইতে স্থামুখীর সহল সার্থ, স্বতম্ব স্থা ও স্বতম্ব জ্ঞান ছিল ''তুমি যাহা জান না, তাহা আমিও জানি না।" এইখানে আত্ম-জ্ঞানের অপলাপ। ''কি বলিব ভোমায়? আমি যে তৃংখ পাইয়াছি—ভাহা কি ভোমায় বলিতে পারি ? মরিলে পাছে ভোমার ছাথ বাড়ে, এই জন্য মরি নাই-," "আমার স্ক্রিধন। তোমার পায়ের काँछ। छ जुनिवांत अना প্রাণ দিতে পারি। তুমি পাপ ক্র্যামুখীর জন্য দেশ-ভাগী হটবে গুড়মি বড়, না আমি ''আমি কে ? একবার ভোমার मामारक (मश्या चाइम--(म म्थड्या षास्त्राप (प्रश्रा भारेत : उथन कानित्व তোমার দাদা আৰু কত স্থাধ স্থী। তাঁহার এভ তথ যদি আমি চক্ষে দেখি-

লাম, ভবে কি আমাৰ जीवन माधंक হুবল না. ? কোন স্ববের আলায় তাঁকে মন্ত্ৰী রাখিন ? বাঁহাৰ এক দত্তেব অভগ দেখিলে সরিতে ইচ্চা করে, দেখি-লাম, দিবাবায় তাঁ: মর্দান্তিক অন্নথ--তিনি সকল সূথ বিশ্রজন দিরা দেশ जाशी इहेवात छित्माश করিলেন-তবে আমাল সূথ কি রহিল ? বলি-লাম, 'প্রভো! ভোমার স্থেই আমার স্থ-ভূমি কৃশকে বিবাহ ক্ব-আমি रूथी इर्टन, 👉 कार्ट विनाह कतिवास्त्रम ।"" —এই ৮লি সাম্বার্থ ও গায়সূপ জীবিজ-मक्य ग्राह्मत हरा छेरमर्ग कतात ক জলামান নিদর্শন। বাল্টা কর সীতা ও বাদের সাবিতী ভিন্ন আর কোন णारा कवित्र मानना कन्ता चारणां परर्शत এরপ পরিচর দিয়াছেন কি না জানি না।

न दश्क रूपानुशीत अभरतत व्यधिष्ठा वी দেবতা। মাহুষে যেমন দেবতাকে गार्खां के र्यंत जानमं चित्रा विद्युष्टना करत. कृत्यभी (महत्रभ নগে জ্ৰাক श्टर्याः कर्मेव जामर्भ विशिष्ठा **क्षानिएउन**। गरमा की शत हरक वाशायिक रमाध-म्प्रम्भा अक्षा भागम् शुक्य । मुची यथन পত्नে कमलम्बित निक्रे জাপনার জদয়ের যাত্না ব্যক্ত করি-তেছেন—তথন পাছে সেই যাতনাপ্ৰদা-ভার উপর কমলমণির ক্রোধ উদ্দীপিত इन, পাছে কমলমণি ভাবেল স্থামুখী আর্থান্তনা ব্যক্ত করিয়া যাতনাপ্রদা-ভাকে প্রকারান্তরে ভিরন্ধার কবিটে-

ছেন—এই আশস্কার ক্র্যামূথী লিখি-লেন, "তোমার সহোদরকে মন্দ বলিও লা। আমি তাঁহার নিন্দা করিতেছি না। তিনি ধর্মাত্মা, শক্রতেও তাঁহার চরিত্রের কলঙ্ক এখনও করিতে পারে না।"

নগেন্দ্র যথন ত্র্যাম্থীকে পায় ঠেলিলেম, তথনও ত্র্যাম্থী ভাবিয়া নগেদের দোষ পাইলেন না, আআ-অদৃষ্টের উশরও সন্দেহ করিতে পারিলেন
না—কমলকে বলিলেন, ''স্থামার কপালের চেয়ে কার কপাল ভাল? কে
এমন ভাগ্যবতী? কে এমন স্থামী
পেয়েছে? রূপ, এখর্যা, সম্পদ্—সে
সকলও তুচ্ছ কথা—এত গুণ কার
স্থামীর? আমার ক্রাল জোর কপাল—
ভবে কেন এমন হইল?" স্থাম্থী
আপনার হুংথের কারণ নগেন্দ্র ও নিজ
অদৃষ্ট ভিন্ন আর কিছু স্থির করিলেন।

নগেল অংশকা অধিকতর গুণবানের অন্তিত সন্থব বলিয়া স্থ্যমুখীর
বোধ ছিল না। তিনি গৃহ পরিত্যাগ
করিতে ক্রতসকল হইরা কমলমণির
নিকট বিদার গ্রহণ কালে রোদন
করিতে করিতে সতীশকে আশীর্কাদ
করিলেন, "বাবা! আশীর্কাদ করি,
মেন জোমার মাষাল মত অক্য গুণে
গুনবান্ হও। ইহার মাড়া আশীর্কাদ
আরি আর জানি না।

क्षिमीत त्थानरे एक्ष्म् भीत देशका क्ष्मिकान। त्य दिन विति त्यहे

স্বামি-ক্রেমে ব্ঞিত হইলেন—যে সময় তিনি নগেন্দের মুখে ভনিলেন ^ই'তোমাতে আৰার জার স্থুৰ নাই। 🗢 🗢 আমি অৰ্যাগতপ্ৰাণ হইয়াছি—" সেই দিন त्त्रहे नमग्न पर्याम्यीत क्लारा स्थल বিঁধিল, তিনি বলিলেন, "বাহা তোমার মনে থাকে, থাক্-আমার কাছে আর বলিও না। ডোমার প্রতি আমার বুকে শেল বিধিতেছে।" এত দিনে স্বামুখীর আত্মস্তি বলবতী হইল। এতদিনে স্থাশ্পী জানিলেন নগেন্দু হইতে স্ব্যসুথী পৃথক্—স্ব্য-মুখীর হেখ আর নগেক্তের হুখ এক नार । जधन क्यां मुथी नात्रम् (स क्रांथत প্রত্যাশী তাঁহাকে সেই হুখে সুধী করিয়া দেশতাগিনী হইলেন! যাইবার धक्षानि शरक মনের मिथियां कमलम्बित कना प्राथियां शिलना এই পত্রথানিতে স্থামুখীর তদানীস্তন বদয়ের ছবি সম্পূর্ণ প্রতিবিশ্বিত। পর্যথানি **परे** :---

"य निन जामीत मूर्य छनिनाम य, णामाट जात छात छात कि माज ज्यथ नारे, जिन क्या छात्राव्यछ , रहेरवन अथवा खानजान कतिरवन, दनरे निरम मरन मरन मरन सरकरण कतिनाम, यनि क्यानजीरक जावात कथन भारे, छरव छात्रात हाँछ जात्रीरक नमर्भन कतिना छात्रात ज्यानी क्यान क्यानी क्यान क्यानी सान कतिना जात्रात ज्यानी सान करिना जात्रात ज्यानी सान करिना जात्रात ज्यानी सान करिना जात्रात ज्यानी

কুলননিনীর হইলেন, ইহা চক্ষে দেখিতে পারিব না। এখন কুলনন্দিনীকে পুন-ব্যার পাইয়া ভাহাকে স্থানী দান করি-লাম। আপনিও গৃহত্যাগ করিয়া চলিলাম।

"কালি বিবাহ হইবার পরেই আমি
রাত্রে গৃহত্যাগ করিয়া যাইতাম। কিন্ত
খামীর যে স্থেথর কামনায় আপনার
প্রাণ আপনি বধ করিলাম, সে স্থ্য হই
একদিন চক্ষে দেখিয়া যাইবার সাধ
ছিল। * * আমার বিনি প্রাণাধিক, তিনি
স্থী হইয়াছেন, ইহা দেখিয়াছি। তোমার নিকট বিদায় লইয়াছি। আমি
এখন চলিলাম।

"আমার যে তোমার সঙ্গে নাকাৎ হইবে, এমন ভর্মা নাই। ,কুলনলিনী থাকিতে আমি আর এদেশে আসিব না— এবং আমার সন্ধানও পাইবে না। আমি এখন পথের কালালিনী হইলাম—ভিথারিণী-বেশে দেশে দেশে ফিরিব—ভিক্ষা করিয়া দিনপাত করিব—আমাকে কে চিনিবে? • আমার স্বামী, আমি ত্যাগ করিয়া চলিলাম—সোণা রূপা সঙ্গে লইয়া যাইব ?

"ত্মি আমার একটি কাল করিও। আমার আমীর চরণে আমার কোটি কোটি প্রণাম আনাইও। ৫ তাঁহাকে ব্যাইয়া বলিও বে, তাঁহার উপর রাপ্ত করিয়া আমি দেশাভরে চলিলাম না। ভাষার উপর আমার রাপ্ত নাই।

কথন তাঁহার উপর রাগ করি নাই, কথন করিব না। याँशारक मान इहेरलह আহলাদ হয়, তাঁহার উপর কি রাগ হয় গ তাঁহার উপর যে অচলা ভক্তি তাহাই রহিল, যতদিন না মাটীতে এ মাটী মিশায়, তত্দিন থাকিবে; কেন না ভাঁহার সহস্র গুণ আমি কথন ভুলিতে পারিব না। এত গুণ কাহীরও নাই বলিয়াই আমি তাঁহার দাসী। এক দোষে যদি তাঁহার সহস্র গুণ ভূলিতে পারিতাম, তবে আমি তাঁহার দাসী হইবার যোগা নহি। তাঁহার নিকট আমি জনোর মত বিদায় লইলাম। জ্ঞানোর মত স্বামীর কাছে বিদায় লইলাম. ইহাতেই জানিতেঁ পারিবে যে, আমি কত হঃথে সর্বত্যাগিনী হইতেছি।

"তোমারও কাছে জন্মের মত বিদায় লইলাম * শ আরও আশীর্কাদ করি, যে, যে দিন তুমি স্বামীর প্রেমে বঞ্চিত হইবে, সেই দিন যেন ভোমার আয়ু; শেষ হয়। আমায় এ আশীর্কাদ কেহ করে নাই।"

এই পত্রে প্রাম্থীর বলবতী আত্মস্থাতি ও প্রবল আত্মনান নাজলীনান।
বতদিন স্থাম্থী নগেলের আদরিণী
ছিলেন,তভদিন এ পৃথিবী প্র্যুখীর নিকট
স্থাবিধে হইয়াছিল এবং নগেলে দেই স্থর্গের দেবভা বলিয়া প্রতীত হইয়াছিলেন;
ভতদিন স্থাম্থী নিজের অভিছ জুলিয়া
গিয়াছিলেন; নগেলের জীবন, নগেলের স্থে-ভাষার জীবন, ভাষার
স্থাবিধিন হইয়া লিয়াছিল। তথ্য

তিনি জানিতেন যে নশেন্তে স্থী করিতে পারিলেই তাঁহার স্থণ, কারণ নগেন্দ তাঁহারট, স্থতরাং নগেন্দের সুথ ভাঁহারট সুথ। এইজনা তিনি নগেলের স্থবদ্ধনে নির্ভ ছিলেন। কিন্তু আজ তাঁহার নিদ্রাভঙ্গ হইল—আ্থা-স্মৃতি প্রবলবেলে প্রবাহিত হইল। তিনি দেখিলেন নগেন্দ যাহাতে স্থী, সে স্থা-मुथी नहर - कुलनिक्ती। जिनि नर्शक रक প্রাণভুক, ভাল বাসিতেন বলিয়া নগেন্দের সে স্থ ছই এক দিন চক্ষে দেখিলেন-দেখিয়া পরিতৃপ্তি জন্মিল। নগেলের অথ দেথিয়া স্থাম্থীর পরিতৃ-প্তি জন্মেনাই, কারণ এতদিন সে স্থথের অদ্ধাংশভাগিনী তিনি স্বয়ং ছিলেন। আজ পরিতৃপ্তি জন্মিল, কারণ সে হথের অর্দ্ধাংশভাগিনী কুন্দ।

আদ্ধ সুর্যামুণী গৃহতাগিনা, কারণ আজ
নগেল্রের স্বার্থ — সুর্যামুণীর স্বার্থ নহে।
এতদিন পরে আজ সুর্যামুণী নগেল্রে
সহস্র গুণের সহিত একটা দোষ দেথিলেন, কারণ আজ নগেল্র তাঁহার প্রতি
বিমুধ। আজ সুর্যামুণীর নগেল্রময়তার
সহিত তাঁহার স্বার্থপরতার সংঘর্ষ উপস্থিত হইল। স্বার্থপরতা বিজ্ঞানী হইল—
স্থামুণী গৃহত্যাগিনী হইলেন। কি
স্বার্থসাধনাদেশে স্থামুণী গৃহত্যাগিনী
হইলেন? নিজের স্বথ গুনা—কারণ
নগেল্র বিনা স্থামুণীর স্থ কোধার গুত্রে কি জনা গুনিজের স্থেবর ব্যতিবাতে
পরের স্থেবর উৎপত্তি দেখিতে অসমর্থতা

নিবন্ধন। তবে হ্র্যাসুখী কি নগেত্র-হুখ-দর্শন-কাতরা হইয়াছিলেন ? না-নগে-স্ত্রের স্থপ তিনি অস্লান বদলে দেখিতে> প্রস্তুত ছিলেন; কিন্তু সে স্থারে সহিত কুন্দের স্থথ তাঁহার অস্থ্নীয়। যে সপত্নী-দ্বেষ জী-সাধারণে বিদ্যমান, স্থর্যা-মুখীর অপার্থিব হৃদ্য সে পার্থিব ভাবকে আজ জায় করিতে অসমর্থ হইয়াছিল। এ পরাজয়ের কারণ আত্মবিশ্লিষ্ট ভাবে নগে-স্রাকে ভাল বাসা তাঁহার কথনই শিক্ষা হয় নাই। যথনই তিনি নগেল্রকে ভাল বাসিয়াছেন, তথনই পারিয়াছেন—নগেল তাঁহার। তাঁহা ভিন্ন আর কাহারও হইতে পারেন-এ ভাব ইহার পূর্ম্বে স্থাম্থীর মনে আর কথন উদিত হয় নাই। এ জনা সহসা এ ভাব-পরিবর্ত্তন তাঁহার অসহ-नीय इडेल।

আয়েষা বথন জগৎসিংহকে প্রথমে
দেখেন তথন হইতেই তিনি জানিতেন
জগৎসিংহ হিন্দু, তিনি নবাব-ছহিতা;
জগৎসিংহ তাঁহার নহেন এবং কথনও
হইতেও পারেন না। এই জন্য তিনি
যথন মনে মনে জগৎসিংহকে পতিছে
বরণ করেন,তথনই প্রস্তুত হন যে এ জীবন জগৎসিংহকে ওছ ভাল বাসিয়াই অতিবাহিত করিবেন—এ প্রেমের প্রতিদান
পাইবেন না। জ্বাণা ছিল না বলিয়াই
আরেরার স্বর্গীর প্রোমের পার্থিব ভাবের
সহিত কবন কোন সংঘ্র উপস্থিত হয়
নাই। স্বর্গীয়র জালা ছিল, এবং তাঁহার

মনে আশাভঙ্গের সম্ভাবনা পর্যাস্তও কথন উদিত হয় নাই: এই অন্য আশভিকে যে চিত্তৈর্থার আবশ্যকভা-তাঁহার তাহাশিকা হন্ন নাই । এই জন্য নগেলের সহিত কুলকে সংশ্লিষ্ট দেখিয়া আশাভঙ্গে আজ তিনি গৃহত্যাগিনী হইলেন। এই-জন্য আজ জগৎসিংহ-ত্রিলোক্তমা-সমাপ্রে चार्ययात नााय, मर्यामूबी नश्च-कूल-ममा-গমে চিত্তের গান্তার্য ও হৈয়গু ছই দিনের काधिक तका कतिएक शांतिरमन मा। मिः-স্বার্থ ও নিরাশ প্রণয়ে যে স্বর্গ হইতেও উচ্চতর ভাব, স্বর্গের স্থুখ অপেক্ষাও পবিত্রতর স্থূপ, আজ সে ভাবে ও সে স্থা তিনি বঞ্চিত হইলেন । নিরবজিছল-দেব-ভাব-পূর্ণ আয়েষার নিকট দেব-মানব-ভাব-भूर्ण र्याभूथी काज भवा छ रहे तमन। निव-ভিদ্দি ধর্মের নিকট স্বার্থরাংশিষ্ট ধর্ম পরাজিত হইল। এই পরাজয় হইতেই উপন্যাদের অৰশিষ্ট ঘটনা প্রস্ত। ন্র্যা-মুখীর গৃহত্যাগ, তদমুসন্ধানার্থ নগেন্দ্রের দেশপর্যাটন, নগেল্র ও স্বাম্থীর অশেষ कडे वज्रना, क्रामूथी-त्थ्रम श्रावत्ना नान-দ্রের কুলের প্রতি অনাদর, সেই অনা-मरत कृष्णत विवशान- **এই সম**স্ত छेल-ন্যাসিক ঘটনাই এই পার্থিব ভাবের নিকট স্বর্গীয় ভাবের পরাজদের ফল। যদি স্থর্গ্য-मूथी निताम ଓ निताका का वारत माहाया অমুভব করিতে পারিতেন, ভারা হইলে গুদ্ধ নগেন্দ্রকে দেখিয়াই তাহার অভুল আ-गम अधिक-नाशास्त्र ख्य दाविश छैं। श्रेश পর্যাপ্তি বোধ হয়ত না তিনি গুছে

एक नलिक कि एमिशा अधी व्हेटडन, धनः नागान व सुर्व হাদয় ভরিয়া (किलिएका: ছাডিয়া তিনি কথনট হইতেন না। তিনি সীতার নাায় বলি-তেন 'আমাকে সামানা প্রজাভাবে দে-থিলেও আমি চরিতার্থ হইব ' 1 । তাহা হটলে নগেনে রও বৈরাগ্য অবলম্বন করার প্রয়োজন হইত না, কুলকেও বিষপান করিতে হইত না। কিছু ভাহা হইলে र्यापूरी, नछान्म, कुन्म, कमनमनि ও हीता এ কয়টা চিত্রই অপরিপুষ্ট থাকিত: ঘ-টনা-বৈচিত্র্যাভাবে কবির অপূর্ব্ব সৃষ্টি विषवृक्त এकर्षे मामाना उपन्यामक्राप्त पत्नि-ণত হইত।

নগেলের সহিত তুর্গম্পীর অনেক पिन (पथा ना इ**उ**शाय पूर्ग म्थीत जाय-স্মৃতি আবার বিলুপ্ত হইল। নগেক্রময়-ভীবিতা সৃষ্টামুখী আঁবার আত্ম ভুলিয়া নগেলু-ধানে নিরতা হইলেন। এবার স্ণাম্থী আত্মবিলিট ও অনাসংশ্লিষ্ট ভাবে নগেন্দ্রকে ভাল বাসিতে এবার ভালবাসাক প্রতি-য়াছিলেন। ण्य्यामुयी नत्त्र-দাননিরপেক্ষ इहेश1 ন্দুকে ভাল বাসিতে লাগিলেন। নগেক্তের হৃদয়েখরী না হইতে পারেন.

† নৃপদ্য বর্ণাশ্রনপালনং যং

স এব ধর্মো মন্ত্রা প্রণীতঃ।
নির্বাসিতাপ্যেবমাতস্মাহং
ভপস্থিদামান্যমবেক্ষ্মীয়া॥

রলুবংশম্।

কিছ নপেন্ত তাহার হৃদ্যেশ্র--এই ভাবে তিনি এবার সদয়ে নগেন্দ্রপূজা আ-রম্ভ করিলেন। স্থামুখী এখন কেবল নগেলের দর্শনমাত্র-পিপাস্থ চইলেম। ন-গেল যাহারই হউন না কেন নগেল-দর্শ-নেই স্থামুখীর স্বর্গলাভ। সুগামুখী পাতি-ব্রতাধর্মজনিত পুণ্যের এক মাত্র ফলস্বরূপ নগে স্কুদর্শনের ভিথারিণী হঠলেন। তিনি ব্রহ্মচারীর পত্র প্রেরণেব পর ক্রদয় ভরিয়া कामीयातत निकछे आर्थना कतिरामन. "হে পরমেশ্ব! যদি তুমি সতা হও, আমার যদি পতিভক্তি থাকে, তবে যেন এই পতা খানি সফল হয়। আমি চির-কাল স্বামীর চরণ ভিন্ন কিছুই জানি না-हेशांट यमि भूगा थारक, उत्त (म भूरगांद ফলে আমি স্বৰ্গ চাহি মা। কেবল এই **हांडे, रयन मृ**ङ्गाकांटल आभीव मूथ दम्बिशा यति "।

প্রান্থী পতের উত্তব প্রতীকা করিতে পারিলেন না। নগেক্ত দর্শন-লালদা তাঁহাতে এতদ্ব প্রদীপ্ত হইল যে তিনি রক্ষচারীকে দক্ষে করিয়া গোবি-লপুরাভিম্থে গমন করিলেন। এদিকে নগেক্ত তাঁহার অভ্যন্তান করিয়া তাঁহার মৃত্যু সংবাদ ভনিয়া দেশে প্রভ্যাগমন করিলেন। নগেক্ত স্থামুথীককে শরান, দীপ নির্বাণোম্থ, এই অবস্থায় ছায়া-কলে নগেক্তকে দেখা দিলেন। মৃত্যু সংবাদ প্রবেশর পর ছঠাৎ পূর্ণ দর্শনে আনুন্দাভিশ্যে নগেক্তের শারীরিক প্র এইভাবে ত্র্যস্থী কবির অন্তুত কৌশলে কেমন ধীরে ধীরে নগেন্ত্রের সন্দেহ ভঞ্জন করিয়া অবশেষে এই বলিয়া নগেন্ত্রের মনে বিখাস জন্মাইয়া দিলেন, যে তিনি মরেন নাই এবং তাঁহার সন্মুথেই উপস্থিত—''উঠ! উঠ! আমার জীবন-সর্বস্থ! মাটী ছাড়িয়া উঠিয়া বসো। আমি যে এত হঃখ সহিয়াছি, আজ আমার সকল হঃথের শেষ হইল! উঠ! উঠ! আমি মরি নাই। আবার ভোমানর পদসেবা করিতে আসিয়াছি"।

विष्कृत पर्याम्थीत नेवान निर्मा-পিত হইয়াছিল, আন্মবিশ্লিষ্টভাবে নগে-স্রাকে ভাল বাসিতে শিখায়, কুন্দের অন্থিত্ব আর স্থামুথীর ক্লেশকর বোধ ছইল না। যে সূর্যামুখী গৃহপরিত্যাগ কালে কমলকে লিখিয়া গিয়াছিলেন "কুন্দননিনী থাকিতে আমি আর এদেশে আসিব না এবং আমার मकान अ शहित ना ", त्मरे स्यापूरी গুহে প্রত্যাগতা হইয়া কমলের কাণে কাণে বলিলেন, "চল, ভোমায় আমায় একবার কুনকে দেখিয়া আসি। त्म आमात्र काट्य द्यान द्यां कदा नारे আমার তাহার উপর ুনাই। সে আমার এখন কনিষ্ঠা ভগিনী"।

যে স্থামুণী একদিন কুলকে স্থামিপ্রথমের অংশ দিতে কাত্র হওয়ার,
"আবার আমার কথা কেন জিজ্ঞাসা কর,
আমি কেণু বলি কথন স্থামীর পারে
কাক্র ফুটিয়াছে দেখিবাছি, তথনই মনে

প্র্যামুখী পত্রের উত্তর প্রভীকা করিতে পারিলেন ना। नर्शस्य-१र्भग-नानमा डाँशास्त्र अवन्त्र श्रीश श्रेन যে তিনি ব্রশ্বচারীকে দঙ্গে করিয়া গোবি-ন্দপুরাভিম্থে গম্ন করিলেন। নগেন্দ্র তাঁহার অনুসন্ধান করিয়া তাঁহার মৃত্য-সংবাদ শুনিয়া দেশে প্রত্যাগমন कतिरान। नशिख स्र्गामूचीकरण भग्नान, मील निर्वारणासूथ, এই अवसात्र मृशामुनी ছায়ারূপে নগেন্দ্রকে দেখা দিলেন | মৃত্যা-मः वाम अवराव अब क्ष्रां भून मर्गान আনন্দাতিখব্যে নগেন্দ্রের শারীরিক ও মানসিক অনিষ্ঠ সংঘটিত হইতে পারে-এইভয়ে স্বামুখী কবির অন্ত কৌশলে **रकमन धीरत धीरत नरशरमात मरनार एक्षन** করিয়া অবশেষে এই বলিয়া নগেল্রের मत्न विश्वात क्याहिया पितन. १व जिन মরেন নাই এবং জাঁহার সম্মথেই উপ-স্থিত—''উঠ! উঠ। আমার স্ক্রি। মালী ছাড়িয়া উঠিয়া বুসো। আমি যে এত হঃখ সহিয়াছি. আমার সকল হঃথের শেষ হইল। উঠ। উঠ। আমি মরি নাই। আবার তোমা-व शरंदनवां कविष्ठ व्यानिग्रां हि"।

বিচ্ছেদে প্রযাম্বীর উর্বানল নির্বা-পিড হইরাছিল। আদ্মবিশ্লিষ্ট ভাবে নগে-স্রাকে ভাল বালিতে শিখার, কুন্দের অভিছ আর প্রাম্থীর ক্লেশকর বোধ হইল না। বে স্থাম্থী গৃহপরিভাগে ভালে কমলকে লিমিয়া গিরাছিলের "কুক্লনন্দিনী থাকিতে আরি আর এবেশে অধিব না এবং আবার সন্ধানও পাইবে না", সেই স্থানুগা আজ গৃহে প্রভ্যাগণা হইমা কনলের কাণে কাণে বলিলেন, "চল, শোষার আমায় এক্বার কুলকে দেখিলা আদি। সে আমার কাছে কোন দোব করে নাই —বা তাইার উপত্র আমার রাগ নাই। সে আমার এখন কনিষ্ঠা ভগিনী"।

व म्यापूरी এकिनन कुमारक श्रीन-প্রেমর অংশ দিতে কাতর "আবার আমীর কথা কেন জিজ্ঞাসা কর. আমি কে? যদি কথন সামীর পাষে কাঁকর ফুটিয়াছে দেখিয়াছি, তথ্নই মনে **২ইয়াছে, যে আমি ঐ থানে বুক পাতি**য়া **मिरे नारे (कन, श्रांगी आंगा**त উপর পা থাথিয়া যাইতেন।"-পতিপরা-য়ণতার এই অংশীকিক ভাব বাক্ত করার পরও, কমলমণি কর্ত্তক এইরপে ভিরম্মত হইয়াছিলেন: "তোমায় পায়ে ঠেলেছেন বলে তোমার অন্তর্ণাহ হতেছে। তবে কেন বল 'আমি কে ?' ভোমার অন্তঃক-করণের আধথানা আজও আমিতে ভরা: নহিলে আত্মবিসজ্জন করিয়াও অনুতাপ করিবে কেন ?"—সেই স্থানুখী আজ কুন্দকে লটয়া স্বামীর ঘর করিতে স্বীক্ত-छ। इहेलन। किन्छ नांग्रिका প্রতি পাঠকবর্গের মনকে অধিকতর (माक-श्रवण कतिवात सना, जाशमिरंगेत : হাদ্যে কাব্যের নৈতিক ফল ক্রিরাক্তরে অঙ্কিত করিবার জনা, এবং কবির वालीकिकी माननी कना। प्रवास्थी अ शाह

নি শোদার বশ্বর্তিনী হইয়া ভাব হইতে বিচাত এই জনা কবি স্থামুখীর গৃহে প্রত্যাগ-মনের অব্যবহিত পরেই স্বস্থা ও স্বহস্ত-धनाणिनी कुन्सदक লালিভা क्राहेश मात्रिश क्लिलिन। তাপার্থিব সুর্যামুথী নগেন্দ্রের নিকট রোদন করিতে केंद्रिएक विलियन, "कुन्नरक आणि वालि-কা ব্য়দ হইতে মাতুষ করিয়াছি: এখন त्म आयात छाउँ छिन्नी, विश्वति नाम তাহাকে আদর করিব সাধ করিয়া আসি-য়াছিল।ম। আমার দে সাধে ছাই পড়িল। করিয়াছে। '' অবি-কুন্দ বিষপান দ্বেষের ইহা অপেকা উজ্জালতর দৃ-है। ख जात कि इटेट शादा ? किस वडे চিত্তসংযম আর কিছু দন পুর্বে ঘটিলে, স্ব্যমুখীর চরিত্রশশধর নিজলক থাকিত, এবং স্বাস্থীর স্বর্গীয় হৃদয় বিলুমাত্রও পার্থিব-ভাব-মিশ্রিত হইত না। স্গ্রম্থী काँनिष्ठ काँनिष्ठ कूत्मत्र निक्छ शिशा कथिक दानन जबत्र कतियां कू स्मत প্রতি চাহিয়া বলিলেন, "ভাগাবতী ! ভোমার মত প্রসন্ধ অদৃষ্ট আমার হউক। चामि (यन এই कारण श्रामीत हत्राण मार्था রাখিয়া প্রাণ ভ্যাগ করি।" ইহা অপেকা चाप्तर्गतीत धार्यना चात्र कि हहेट उ পাৰে ?

कुम्पनिम्भी।

স্থামুথী সততভূক্ত ক্লণমাত্র-বিচিত্র অসীম ও অনন্ত প্রেমের ছবি, কুন্দ সভত নিরাশ ক্ষণমাত্রভক্ত গভীর ও অভলস্পর্শ প্রেমের প্রতিক্তি। স্থামুখী চিরদিন यांगिरमाशांत्रिनी हित्तन, दूनमञ्जायां रम **গোহাগ কেবল কয়দিন মাত্র আবরিত** হইয়াছিল; কুন্দ কয়দিন মাত্র নগেব্দ-অধিকারিণী इत्राहित्वत । অ ভাগিনীর জীবন চিবলিন ট প্রণয়ের অন্তর্দাহে ভস্মীভূত হইয়াছিল। স্থানুথী গৃহিণী, আদরিণী, সকল বিষয়েই তাঁহার অধিকার, কুন্দ নিরাশ্রা নগেন্দ্র-প্রতিপালিতা অনাথা বিধবা. সুভুৱাং নগেদ্ৰ-প্ৰাপ্তির আশাও ञ्चरत्र नानिङ করিতে অক্ষম। অথচধীরে ধীরে বালি-কার সেই হতাশ হাদয়ে নগেন্দ্রপ্রেম অঙ্গরিত হইতে লাগিল। সরলা সংসা-রানভিজ্ঞা বালিকার হৃদয়ও অস্পুশ্য নহে ৷ বহুমুখ-বিবিক্ষু পতক্ষের ন্যায় সরলা নগেন্তপ্রেমানলে ঝাঁপ निल्ना। नागासंत्र काकनाश्र्न मिवमूर्छि कुरम्मत श्रमशम्मातं अधिक्रोशिष्ठं इहेन। দেব যেমন মানবীর অলভা ও উপাস্য, नालख ७ कूरमत निक्षे त्रहेक्षे चल्छा ও উপাস্য মাত্র বলিয়া বিবেচিত হইলেন। नश्च र्याम्यीत श्रम्यां कात्मत हता, कृत्नत श्वनशकात्नत स्रा। स्राधिक्षी न्द्राटकत সহজ্র ভাগের সহিত একটা কলম্বরেথাও নে বিতে পাইতেন ; কিছ নগেন্দ্রের ঔজলো क्रामद वृष्टि व्यक्तिक रहेक। वर्गम्भी

প্রাণ ভরিয়া নগেব্রুকে দেখিতেন, যভ বার দেখিতেন অমৃতর্সে অভিধিঞ্চিত কুন্দদৃষ্টি নগেন্দ্রকে ধারণা করিয়া উঠিতে পারিত না। प्रत्य भी তুলনা করিয়া নগেব্রুকে পুরুষরত্ব বলিয়া স্থির করিয়াছিলেন; কুন্দ পৃথিবীতে নগে-**ट्यत** जूलना चाह्य विशा जानिएन ना। नशिक्त स्याम्भीत शृका जानर्न श्रुक्त, কিন্তু কুন্দের উপাস্য দেবতা। দেবচরিত্র যেমন মানবের অনালোচা, নগেজচরিত্র (महेक्क्ष कुत्मृत अनात्नां हिन; नर्श-দোষ-গুণ-গ্রাহে কুন্দের ভেরের হয় নাই। নগেক্র স্থামুখীর সাহস আদর্শ মানব, স্ত্রাং নগেক্সের সংস্র खन उ এक है। दमा ब अर्गा मुशी त नर्गा दन-ক্ষণ এড়াইতে পারে নাই। স্ধ্যমুখীর नरशक्तरत्थम व्यथान छः वृक्षि-वृद्धिमृतकः; कू त्मन नरशक - (श्रम नर्वथा क्षत्रु छिमूलक। স্গামুখী জানিতেন নগেলুকে তিনি কেন এত ভাল ভাগেন—নগেলের যত গুণ এত গুণামানবে হল্ল ভ ; কিন্তু কুল জানিতেন না যে নগেনের প্রতি ভাঁহার হৃদয় কেন এত व्यनिवार्या (वर्श व्यक्ति स्म - क्न वृद्धि नशिक्टरक मिथित कड़ीजुड इहेत्रा नत्त-ट्यत (माय-खन-विहादत **खनम**थी करेछ।. 'প্রথমে বৃদ্ধির দারা গুণপ্রহণ, গুণগ্রহণের পর আসকলিপু সা, আসকলিপু সা সফল इटेल मरमूर्ज, मरमर्ज-क्राला व्यनम, व्यनदा आषाविमर्कन' हेहा बांडा विक्रमतातू त्व था-नरम्ब উল্লেখ করিয়াছেন্- এবং ভবভূতি "कटिष्ठर स्थवः श्रात्रप्रक्षः मुक्ताच्य-

যক্ষিলহার্যোর**সঃ। কালেনাবরণাভায়াৎ** পরিণতে যৎ স্বেহদারে স্থিতম # 'যে প্রেম সুখ ও ছঃখ এবং সকল व्यवज्ञात व्यविष्ठिक, गृहारक क्रमरम्ब বিশ্রাম, বার্দ্ধকো যাহার বিলয় নাই; (य (श्रम वहकान मः मर्रा नड्डाड्यां मि সংকাচকারণের অপগমে স্বেহ্সারে পরি• ণত হয়'-এই শ্লোকে ভবভূতি যে প্রাণ-য়ের প্রাসঙ্গ করিয়াছেন, স্থামুখীর নগেন্দ্র-বিষয়ক প্রেম দেই প্রেম। আর—"ভূয়দা জীবিধর্মা এষ যদ্রসময়ী কসাচিৎ কচিং-প্রীতিঃ • • তমপ্রজিসংখ্যেমনিবন্ধনং (श्रमाणमामनित्र। অভেতুঃ পক্ষপাতো যন্ত্ৰস্য নান্তি প্ৰতিক্ৰিয়া। সহি স্বেহা-তাক-স্তত্তরস্তম সাণি সীবাতি 'দেখিতে পাওয়া যায় কাহার প্রতি কাহা-রও হাদর স্বতঃই প্রীতিপ্রবণ হয়; সেই প্রণয়ের মূল অনুসন্ধান তাহাকেই নিষ্কারণ প্রেম ৰলা যাইতে যে প্রেম নিকারণ, তাহা অপ্র-তিবিধেয়; সেট প্রণয় ছুইটী হাদয়কে অমুস্যত করিয়া দেয়'—ইত্যাদিশ্বারা ভব-ভূতি যে অহেতু ও অপ্রতিবিধেয় প্রেমের উলেখ করিয়াছেন, কুন্দের নগেব্রুবিষ-म्रक त्थ्रम मिट्टे त्थ्रम। विक्रमवाव कूटम ছবি প্রেমের দিয়াছেন কিন্তু প্রেমের বিশেষণ ও বিবরণছলে অপ্রতিবিধেয় প্রেমের এই অহেতু ও উলেখ करतन नारे, डाशात माज-नक्न (धावहे नाहकू; क्र

হইতে গুণ হইতে বা উভয় **হই**তেই প্রেমের উৎপত্তি সম্ভবপর, বিনা রূপ মোহে প্রেমোৎপত্তি অসম্ভব ! কিন্তু তিনি নগেল্রের প্রতি কুন্দের প্রেম কোন শ্ৰেনীভুক্ত তাহা বলেন নাই। च्र्याम्थी ७ नशित्सत भवन्भतत्थम छन्छ, নগেল্রের কুলপ্রেম রূপঞ্চ—কিন্তু কুন্দের নগেন্দ্র-প্রেম কোন্ প্রেণীর অস্তভুক্ত তাহার তিনি কিছু উল্লেখ করেন নাই। क्हें इंग्नीटक प्रिवाम, धक्ती शहरा মুল্রী, অপরাটা অপেকারত নিরুষ্টা, উভয়েরই গুণ আমার নিকট -অবিদিত; অথচ নিক্টার প্রতি আমার চিত্ত আরুষ্ট হইল-বিদ্ধিম বাবু এরূপ ঘট-নার রহস্যোদ্ভেদ কবিতে চেটা করেন নাই। ভবভূতি তাহার রহসাোডেদে অক্ষম হইয়া সেই প্রেমকৈ অকারণ বা অলৌকিক-কারণজনিত বলিয়া স্বীকার क्रियाशियार्ड्न।

জলনোনুথ বছিব নাম নগেলেপ্রেম কুন্দের হলমে প্রধ্মিত হইতেছিল, আজ কমলমণি দ্বারা সেই ধ্মায়মান প্রেম কিঞিৎ সকুক্ষিত হইল।
নগেলেকে ভালবাদেন—কুন্দ এ কথা
এজনিন কাহাকেও বলেননাই; সেই
প্রেম কুন্দ এজনিন ভালরের গুড়তম
প্রেমে নিগৃহিত করিয়া রাখিয়াছিলেন।
আজ কমলমণি কুন্দ ভালরের সেই গুড়তম প্রেমেশ হইতে সেই কথা টানিয়া
বাহিন ক্রিতে চেটা করিলেন—জিলানা
ক্রিলেন প্রুই দাদাকে বড়া ভাল

বাগিস।-না ?" ৷ সহসা এই कुत्मत्र क्षमत्र कांबरवर्श छेव्हनिक हहेन ; कुन कमरणत छात्रमरथा मूथ लुकारेमा काँनिए नानितन, किছू উखत निएड পারিলেন না। আজ এ প্রশ্নে কুন্দের হতাশাপীড়িত হাদয়ে কিঞ্ছিৎ আশার मकांत रहेन, कूर्लंत मान रहेन-नशिख्य छाँहाम खान दारमन, छाहे कुन्म नशक्तक ভाলবাসে कि ना छानिवात জনাই আজে কমলমণির वह अम। कुन्ननिन्नी मछ (कार्जानन এইজন্য করিয়া কমলের মুখ-প্রতি স্থির-দৃষ্টি হইয়া রহিলেন। কমলম্পি প্রশ্ন ব্রি-লেন, বলিলেন "পোড়ার মুথী চোকের মাথা থেয়েছ ? দেখিতে পাও না যে দাদা তোকে ভালবাদে ?"'

এ আশাতীত সংবাদ আজ কুন্দের
ভগ্নাশ হৃদয়ের পক্ষে অতিশয় বলবান্
হইল । বাতাহত তরুলিরের ন্যায়
ঘুরিয়া 'কুন্দের সেই উয়ত মন্তক আবার
কমলমনির বক্ষের উপর পড়িল । কুন্দ্
নন্দিনীর অঞ্চল্পলে কমলমনির হৃদয়
প্লাবিত হইল । কুন্দনন্দিনী অনেক
কণ নীরবে কাঁদিল—বালিকার ন্যায়
বিবশা হইয়া কাঁদিল।' কমল যে
প্রেম্ন করিয়াছিলেন, কুন্দের নীরব ক্রেন্দেন
তাহার পূর্ব উত্তর পাইলেন। সব দিক্
বায় দেধিয়া কুন্দকে কলিকাভার লইয়া
ঘাইবার জনা আগ্রহ প্রকাশ করিতে
আধিনেন। কুন্দ অনেক ভাবিয়া অঞ্চ
দৃহিয়া বলিকেন 'গাবা।' 'কুন্দনন্দিনী

পরের মঞ্ল-মন্দিরে আপুনার প্রাণের প্রাণ বলি দিল।' কুন্দ আপনার মঙ্গল একবার ভাবিলেন না, কারণ নিদিনী আপনার মঞ্ল বুঝিতে 'দাদা জোকে ভালবাদে'-কম-लित এই कथा कूत्मत श्रुपत्र आली-ড়িত করিল। এতদিন কুন্দ নগেন্দুকে শুদ্ধ ভালবাসিয়াই স্থাপনী ছিলেন। তিনি এতদিন নিরাশ প্রণয়ের মোহমঞ্জে ছিলেন। ভালবাদার প্রত্যর্পণ পাইবার আশা তাঁহার মনে একবারও উদিত হয় নাই। নগেন্তকে শুদ্ধ দেখিয়াই জীবন অতিবাহিত করাই তাঁহার সকল নগেন্দ্র তাঁহার হইতে পারেন এ ভাব কেবল তাঁহার মনে উদিত হইল ৷ কিন্তু আবার অদুটের প্রতি অবিখাদ জন্মিল। তিলি কাতর रहेश। अकिन अलाख नलात्मत्र जेमान-মধাস্থ বাণীতটে বসিয়া এই ভাবিতে লাগিলেন "ভাল, মরিলে হয় না? **क्या क्रिया ? ख्ला प्रविद्या ?** ७ ? मतिरम नक्क इव-छ। इरम-দেখিতে পাব—রোজ CATE দেখিতে পাৰ-কাকে ? मृत्थ কাকে, বলিতে পারিনে কি ? আছা নাম मू(थ चानिएक भावितन एकन? ত কেহ নাই—কেছ গুলিতে পাবে ना। धकरात मूर्य आनित ? जारे-गतन मार्य नाय कति। न-जर्ग-नरश्च नरशब्द, नरशब्द, नरशब्द, नर्गक, नर्गक, न्रांक, नर्गक,

আমার নগেজ ! আমলো ! আমার नशिक १ व्यामि तक १ व्याम्थीत नशिका। নাম করিতেছি-হলেম কি ? আচ্ছা--- पूर्वभूथीत मत्त्र विद्य ना इत्य ষদি আমার সঙ্গে হতো—দূর হউক— ডুবেই মরি। আছো বেন এখন ডুবি-লাম-কাল্ভেদে উঠ্বো-তবে দবাই ७न्द, ७६म नरशस-नरशस ! नरशस ! —নগেত্র— আবার বলি—নগেত্র নগেত্র नर्गा नर्गा एक कि विलिदिन १ ডুবে মরা •হবে না--ফুলে থাকিন-দেখিতে রাক্ষ্মীর মভ হব। यमि जिनि (मध्येन, ज विष মরিতে পারি ? কি বিষ খাব ? काथ। शाव-क बामाय धान मिरव ? দিলে যেন-মরিতে পারিব কি? পারি-কিন্ত আজি না-একবার আকাজ্জা ভরিষা মনে করি—তিনি আমার ভাল বাসেন। আচ্ছা, সে কথা কি সভা! কমল দিদি ভ বলিল-কিন্ত কমল कानिन किरम ? आमि পোড़ातमूथी বিজ্ঞানা করিতে পারিলাম না। ভাল বাদেন ? কিসে ভাল বাদেক ? কি (मर्थ डाम वारमन, क्रथ না क्रभ-(मिथ १-- मृत इडेक या স্থামুখী सम्मद्र, आंगांद (हर्ष इत्रानि विश्व चन्तरः मूक चन्तरः ठख चन्तरः धानव स्मवः वामा सम्बदः धामना স্থাব; আমার চেমে হীরা দাসীও शैता अभागात तहात रामन

हैं।; भागवर् श्राम कि इय-पूर जागात চেয়ে স্থার। তা রূপ ত গোলাই গেল—গুণ কি ? আছো দেখি (छर्व। - करें, मत्न छ रह ना। েলর মন রাখা কথা—আমায় কেন ভালবাসিবেন ? তা, কমল মন রাখা বল্বে (कन? (क कारन । কিন্তু মরা হবে না, ঐ কথা মিছে কথা। ত মিছে কথাই ভাবি। মিছে বথাকে সভা বলিয়া কিন্তু কলিকাতায় যেতে হবে যে. ত যেতে পারিব না। দেখিতে না যে। আমি যেতে পার্র না পার্ব না-পার্ব না। তা না গিয়েই कि कति? यनि कमलात হয়, তবে ত যারা আমার জন্য করেছে, তাদের ও অস্থা করিতেছি। স্থামুখীর মনে কিছু হয়েছে, বুঝিতে পারি। সতা হউক, মিথা। इडेक. কাজে কাজেই আমায় যেতে হবে। তা পারিব না। তবে ডুবে মরি। মরিবই মরিব। বাবা গো! তুমি কি আমাকে ভুবিয়া মরিবার জন্য রাখিয়া গিয়াছিলে;"--

এই টুকুর মধ্যে কুলের হৃদয়ে কত.
বিপরীত তরক উপিত হইল—কমরের
কথা একবার সভা বলিয়া বোধ হইল,
আবার ভাষা অসম্ভব বলিয়া বোধ
হইলা একবার হৃদয়ে ক্লভক্রতা বলবতী হওয়ার কলিকাভার যাওয়া হির
ইইলা, আবার নগেলের- অদর্শনভানিত

যাতনা মনে হইল—আবার সে সক্ষপা পরিতাক্ত হইল। যথন ক্লভক্ততা ও नशिक त्थाम উভয়ই প্রবল হইয়া উঠিল, তথন ডুবিয়া মরাই স্থির হইল। কুন্দ যথন এই শেষ সঙ্কল সাধনৈ অংগ্রসর হইতেছিলেন,তথন নগেন্দু পশ্চাৎ হইতে অতি धीरत धीरत कूरमत পृष्ठ जञ्जल স্পর্শ করিলেন। কুন্দ ভাঁহাকে তিনি জিজা গা "কুন্দ। কালি কলিকাভায় যাইবে ?" कुन छेखत भिरमन ना- त्करण हकू मूहि-লেন। তিনি আবার জিজ্ঞাসা করিলেন "কুন্দ! ইচ্ছাপূৰ্বক বাইতেছ ?" কুন্দ আবার চক্ষু মুছিলেন—কোনও উত্তর দি-त्वन ना । **जिन विल्लान "कुम्म ! काँ**नि-তেছ কেন?" এবার কুন্দের कांग्रिन-छिनि कांनिया (कलिएन। छिनि এতদিন নগেন্দের নিকট আলুগোপন করিয়া আসিয়াছিলেন, অভি রোদনে তাঁহার হাদয়দার সন্মুখে উদ্বাটিত হইল। এই বিশ্বাদের প্রতার্পণ জনাই যেন न रशन्त কুন্দের নিকট আপনার হুদ্য খুলি-লেন। নগেন্দের হাদয়ের সমস্থিতি আজ বিনষ্ট হইল, কিছ কুন্দ রোদন नेश्रज्ञ कतियां धारीत हिन्द्रभःयस्य कुछ-कार्या इहेरलम । आख वालिकात मनीयी भवाषिक इंटरनम । आ व नरशन कुन्मरक विवाद कविएक हाहिएनन, किन्न-कूम विलिट्णन "ना ।" ভাহার পর একদিন হর্ষামুরীর তিরভারে

কুল রঞ্জীবোগে গৃহ পরিত্যাগ করিলেন।
প্র্যাম্থী গৃঁহ পরিত্যাগ করিয়া দেশ
দেশান্তর পরিভ্রমণ করিয়াছিলেন, কিন্ত
কুল্ল-পত্তক নগেল্লু-বহি পরিত্যাগ করিয়া
অধিকদ্র যাইতে পারিল না। ঘ্রিয়া
ফিরিয়া জাবার নগেল্রের অন্তঃপ্রস্থ
উদ্যানে আদিয়া বদিল।

कूरमत याहेवात फिन नश्चिस (य मानी খুলিয়া আলোকপটে প্রতিবিধিত নিজ मृर्क्ति कून्मरक रमशहेशाहिरलन; आवात ষে সাসী বন্ধ করিয়া নগেক্ত तिया राल कुन मरन मरन विवाहितन 'নির্দিয়। ইহাতে কি ক্ষতি। না, ভোমার রাত্রি জাণিয়া কাজ নাই-নিদ্রা যাও-भंदीत अञ्च इटेरव । कुलनिम्नी मरत मक्क। ट्यामात माथा ना धरत, कून्लनन्नि-নীর কামনা এই'—আজ তিনি নগেলের উদ্যানে আদিয়া সেই সাসীর দিকে এক দৃষ্টিতে তাকাইয়া রহিলেন। তাঁহার মা-नम नार्शक्त डिठिया वाडायन-ममील मांडा-দেখিয়াই ফিরিয়া डेल डांडाक আদিবেন। কিন্তু আৰু অভাগিনীর দে यत्नात्रथ पूर्व इहेल ना। जिनि नश्न-ক্সকে দেখিতে পাইলেন না: কিন্তু পুষ্পচয়ন-বাঞা ক্র্যামুখীর নর্মপথে পতিত হইলেন। স্থাম্থী তাহার হত ধারণ করিয়া বাটীর ভিতর লইয়া (शत्न । एर्गभूशी अवाद निष्क উত্তর-नाध-ক হইয়া নগেজের সহিত তাঁহার বিবাহ मिरमन । कि व विवाद मित्रा नित्म निकासम् इहेरलन्। अञ्जिनीत अव-

बन्न अक अहेग !

কুল আজ আশাতীত স্থের অধিকারিণী হইয়াও অনুতাপানলে দগ্ধ হইতে লাগিলেন—মনে ভাবিলেন "স্থামুখী আমাকৈ অসময়ে রক্ষা করিয়াছিল—নহিলে আমি কোথায় ঘাইতাম—
কিন্তু আজি সে আমার জনা গৃহতাগী হইল। আমি স্থী না হইয়া
মরিলে ভাল ছিল।'

নিজ স্বার্থের সহিত পর স্বার্থের সংঘর্ষ উপস্থিত হটলে কুন্দ পরস্বার্থের নিকট নিজ স্বার্থ বলিদান করিতেন। যে দিন প্রথম নগেক্ত দেই বাণীভটে প্রাণ খুলিয়া প্রণয়-পুরিত বাকো তাঁহাকে বিবাহ করিতে চাহিয়াছিলেন, তথন তিনি উপকর্ীর ছ'শ ভাবিয়া চিত্ত-সংযম করিয়া বলিয়াছিলেন किन्छ यथन कृष्णमुत्री अग्नः छ । । । । হইয়া তাঁহার ঝিবাহ দিলেন. উপকত্রীকে অস্থানী করিব বণিয়া কুন্দের কোন আশঙ্গা হয় নাই। সুর্যা-মুখীর তাৎকালিক হাদয়ভাব—ঝটিকার অব্যবহিত পূর্ববতী প্রশাস্তভাব—চির-**मह** इत्र नार्यक है द्विष्ठ भारतन नाहे. সরলা ব্ঝিবে কিরপে ? তিনি নগেন্দ কে एक (प्रथियाई कीवन काठाइरवन शितं क्तिशाहित्नम, नाशित्मत श्रे इहेर्दन त्म आगा किनि अकिनि अ करतन नाई। তিনি নগেজেরই, কিন্তু নুপ্রেক্ত যে তাঁহার—তিনি একদিন ও ছাছা ভাবিতে गाइन करतन नारे। एक वन रमहे दिन माज

প্রদোষকালে বাণীতটে বসিয়া मत्न यत्न विवाहित्वन "स्रामात नशिक्ष ।" কমলমণির মুখে 'দাদা তোকে ভাল বাসে" এই কথা শোণার পরই জাঁহার এরপ সাহস হইয়াছিল। কিন্তু তৎ-क्र नार प्राप्त प्रशिक्ष प्रशिक्षी नार्शास्त्र , ''আমলো। অমনি বলিয়া উঠিলেন আমার নগেন্দ্র ? আমি 'কে ? মুখীর নগেজা।" কিন্তু আজ তাঁহার সে ত্রাশাও পূর্ণ হইয়াছে, তথাপি ছ: খিনী। কুল যে কুণ অনুত্ত অসীম ও অপরিমিত বলিয়া মনে করিয়াছিলেন. দে স্থাপ পদার্পণ করিতে না করিতেই ভাছার সীমা অবধি ও পরিমাণ দেখি-লেন। যাঁহাকে লইয়া তাঁহার সুথ তিনি আজ সূর্যামুখী-বিরহে নিরতিশয় কাতর ৷

र्याभूथीय भलाश्वत्य भवित श्रामा-বে নগেন্দ্রকে ব্যল্জন করিতেছেন, আর (कह नारे--अथि प्रदेखतारे नीत्रव। कुम लिब्बिड ও कृष्टिड इरेग्रा व्यास मूथ कृषिया नशिक्तरक विकाश कदित्वन "िक कतिरल, आवात रायम हिल, एउममह इश ?" नशिक्ष मत्मर क्त्रित्वन य कुन বিবাহজনা অমুভাপিনী। কুষ্প ইহাতে वाशा शाहेरमन् । विभागत. "তুমি धार्यात्क विवाह कतिया त्व श्रूषी कति-য়াছ—ভাহা আৰি ক্ৰম আশা ক্রি नारे। प्राप्ति छारा विन ना-मात्रि रिनाम (य, कि कतितन, एवी-म्थी कि किमा कारम"। नरभक्त-प्रश-थीत नाम शहरन कुरमञ्ज अधिकांत्र

নাই-কুলকে এইরূপ তিরস্থার করার কাতর হইয়া মনে মনৈ ভাবি-" এটি কি তিরস্বার গু ভাগ্য মন্দ-কিন্তু আমিত কোন দোষ করি নাই। স্থাম্থীইত এ বিবাহ দিয়া-আমরাও বলি কুন্দত দোষ করেন নাই ! 'বিবাহের বাল্যকালাবধি कुल नश्चारक ভাল वानिशाहिन-काशां वर्ण नारे, क्रिश कान्टि भारत नारे। नरशक्तरक भारे-বার কোন বাসনা করে নাই-আশাও করে নাই, আপনার নৈরাশা আপনি সহ্য করিত। তাকে আকাশের চাদ ধরিয়া হাতে দিল কে ?' বস্ততঃ সূর্যামুখীই কুলকে এই আশাতীত স্থথে স্থানী করিয়াছিলেন। তিনি অনাথিনীকে त्रमः ऋथिनी করিয়া আঞ পারাবারে ভাসাইয়া গেলেন, কিন্তু সে দোষ তাঁহার নছে—নগেদ্রের। अ कुम्प-निमनीत्क विवाह कतियां विमन र्याम्थीत्क भाष्य ना छिलिछन-यनि স্থামুথীর অলৌকিক ঔদার্য্য ও অতি-মাতুষ আত্মত্যাগের মাহাত্ম্য ব্যিয়া ভাঁহাকে পুলা করিতেন—ভাহা হইলে "विवह्नक" काकूदा विविधिख গোবিক্ষপুর স্বর্গাম হইত, স্থামুখী **७ कुमनिमनी छेल्डाई नशिक्ष-सिर्**य পারিতেন। সেবার নির্ভ হুইভে किन कारा रहेन ना। कविक्रतात वात **(क (द्रोध करहे ? कुल्क् जात्नकक्**व नीवन दम्बिना नदर्गक छानिद्यम कृत

রাগ করিয়াছেন। রাগ করিয়াছেন কি লা জিজাসা করার তিনি বলিলেন "না"। नशिख (छाउँछा "ना" कथांने खेनात्रीना ও ভালবাসার অভাবের পরিচায়ক বলিয়া মনে করিলেন। ভাল বাস কি না জিজাসা कतात्र कुन्म वनित्नन "वानि वहेकि ?" এই সরল হাবশূন্য অকৃত্রিম প্রণয়থাা-পনে নগেজন বিরক্ত হটলেন। যে नश्य-र्गामूथीत-"वामात नर्सक्षमा ! ভোমার পায়ের কাঁটাটি তুলিবার জন্য প্রাণ দিতে পারি" "তুমি আমার পরকাল " ইত্যাদি অসংখ্য স্থান্যদ্রাবক প্রেমখ্যাপনা শুনিয়াছেন, তিনি আজ সর্লার এই সংক্রিপ্ত প্রণয়েতিহাসে কেন পরিতৃপ্ত হইবেন ? নগের জিজাদা করিলেন "কুন্দু! বোধ হয় তুমি অামায় কথন ভাল বাসিতে না।" ক্ল আবার সরলভাবে উত্তর দিলেন "বরাবর বাসি।"

'नर्शक्त वृतिवां अ वृतिरानन ना त्य ध प्रश्रिक्षी नव। प्रश्रीयुवीत जाग वाना त्य क्ष्मनिष्नीत्ज हिल ना—जाश नत्य — किन्न क्ष्म कथा मानिर्जन ना। जिनि वालिका, जीक-चजात, कथा जात्मन ना, आत कि विगिर्दन है किन्न मर्शक्त जाश वृत्तिरानन ना। धहे कथा ना मानावे क्ष्मत धरः तत्र यून प्रदेश, क्ष्म नर्शक्त भन्नी प्रवेता मधिक मिन नर्शक्त व्यवित्रनी धाकिर्ज भाविरानन ना। विश्वित मृत्य-धाकिर्ज भाविरानन ना। विश्वित मृत्य-धाकिर्ज भाविरानन ना। विश्वित मृत्य-धाकिर्ज भाविरानन ना। विश्वित स्वय-धाकिर्ज भाविरानन स्वय-धाकिर्ज भाविरानन स्वय-धाकिर्ज भाविरानन स्वय-स्वयास स्वयित्राति हिर्मिन, विश्वाह स्वरेतन स्वयुक्त स्वयं स्व মোহও অপনীত হইল। নগেন্তের নিকট কুল স্থামুখীর সহিত ত্লনার যোগ্য বলিয়া বিবেচিত হইলেন না। কুল এখন নগেন্তের চক্ষুণ্স হইলেন। নগেন্ত কুলকে ফেলিয়া স্থামুখীর অন্যে-ষণে গৃহ পরিত্যাগ করিয়া গমন করি-লেন।

কুন্দনন্দিনী ভগ্ন পুত্ৰের ন্যায়, নগেক্ত কর্তৃক পরিত্যক্ত হইয়া একাকিনী সেই বিস্তৃতা প্রী মধ্যে অযত্ত্বে পড়িয়া রহিলেন।

নগেন্দ্রনাথ বিদেশ হইতে দেওয়ানকে পত্রাদি লিখিতেন—কিন্তু অভাগিনী
কুলকে একথানিও পত্র লিখিতেন না।
কুল দাওয়ানের কাছে দেই গুলি চাহিয়া
আনিয়া পড়িতেন, পড়িয়া, আর ফিরাইয়া
দিতেন না। সেই গুলির পাঠ ওাঁহার
গায়ত্রীজপ হইয়াছিল। সেই বিপ্ল
পুরীমধ্যে একাকিনী কুল নগেন্দ্রবিরহে
যে কি যাতনা পাইতেছিলেন ভাহা কে
জানিবে ? নগেন্দ্রের অনাদরে স্থাম্থীর
ো যাতনা হইয়াছিল কুনের প্রাম্থীর
ো যাতনা হইয়াছিল কুনের প্রাম্থীর
ভাহা অপেকা বিলুমাত্রও নান
ছিল না।

'নেই ক্ত হাদয়থানির মধ্যে অপরিমিত প্রেম! প্রকাশের শক্তি নাই বলিয়া,
তাহা কুন্দের নিরুদ্ধ বায়ুর ন্যায় সভঙ
নে হাদয়ে আঘাত করিত।' কুন্দ রাজিদিন ভাবিতেন—সূর্যামুখী আকাশের চাঁদ হাতে দিয়া কি দোবে ভাহা কাড়িয়া লইলেন ? 'কি দোবে ভাকে নগেন্দ্র পায়ে ঠেলিয়াছেন ? ভাল
নগেন্দ্র নাই ভাল বাস্থন—তাকে ভাল
বাসিবেন কুন্দের এমন কি ভাগা—
একবার কুন্দ তাঁকে দেখিতে পায় না
কেন? শুধু তাই কি ? তিনি,ভাবেন
কুন্দই অনর্থের মূল; সকলেই ভাবে
কুন্দই অনর্থের মূল।' কিন্তু অভাগিনী
ব্বিয়া স্থির করিতে পারিতেন না কি
দোবে তিনি সকল অনর্থের মূল, ব্ঝিতে
না পারিয়া কেবল দিন রাত্রি রোদন
করিতেন।

আবার কথন কথন কুন্দ সমস্ত দোষ निक मछ क नहेल्डन, ভावित्डन "श्र्या-मूथीत এই দশা जामा २८७ २३न । सूर्या-मूथी जामात्क त्रका कतियाहिल-जामात्क ভগিনীর ন্যায় ভাল বাষিত—ভাহাকে পথের কাঙ্গালিনী করিলাম; আমার মত অভাগিনী কি আর আছে? মরিলাম না কেন? এখনও মরি না অমনি নগেন্দ্রের (मवमृद्धि তাঁহার স্বৃতিপটে প্রতিবিধিত হইত— व्यमिन नरशस-मर्भनगानमां अमी अ इहे 5 —আবার ভাবিতেন, "এখন মরিব না। তিনি আন্ত্র-তাঁকে আর একবার द्राशि—किनि कि काद्र जागित्वन ना ?" नामकार्यन्ते कृत्मत्र वर्श-नाशकार्यन ভিন্ন কন্দ चात्र दनान त्नोहार्भात्रहे व्याचिनी नरहन। नरशस्य ७ स्याप्री ्षितियां व्यामित्न, नत्त्रक्रदक द्वाभियां, च्याम्बीव नश्चक च्याप्रवीत्क व्यक्तर्भव ক্রিয়া ব্রিব। আর ভার স্থাবের পথে

काँछ। इर नाध्य क्या व्यवसाय जाहाह

নগেজ বাটী আসিলেন এবং সেই मल्म मल्मेर (मरे तांबिएडरे स्पाम्बी (मर्था **मिर्लन । 'वाजै व्यानिका नर्शन्य क्रान्य**त मक्ष माकां र कतिराम ना। क्म आशन শয়নাগারে, উপাধানে মুথ নান্ত করিয়া সমস্ত রাত্রি রোদন করিল। যদি কেহ কাহাকে বাল্যকালে অকপটে আত্মদমপ্ৰ कतियां, (यथात्व ज्यमृता ख्रमय नियां हिन, **শেখানে তাহার বিনিময়ে কেবল তাছি-**ল্য প্রাপ্ত হইয়া থাকে, তবে সেই এ রোদনের মর্মচ্ছেদকত। অমুভব করিবে।' অনাদরে কুম্পের পরিতাপ জিমিল, কুন্দ ভাবিলেন, "কেন আমি यात्रिमर्भन-लालमाय थान त्रांथियाहिलाम । এখন আর কোন স্থাবের আশার প্রাণ রাথি ?" কুন্দ এইরূপ চিস্তায় সমস্ত রাত্রি অনিভায় ও রোদনে যাপিত করি-লেন। প্রত্যুষে হীরা আসিয়া দেখিল 'কুন্দের চকু ফুলিয়াছে, বালিশ ভিজিয়া-(इ'। शैत्रा क्रिकांना क्रिन, "धिक ? नमख बाजिहे (कॅलक् ना कि? (कन वां क्रिक् वरलस्ट्रम ?" क्रूम विमालन "(ক্ছু না"। এই বলিয়া কুল আবার विश्विषिठ द्या कैंसिए नागिरनन। নগেন্তা আসিয়া ভাঁছার সহিত কি কথা वाहा कहिलनं होता छाश जानिए हाहित । कुन्न चलिद्यम, "त्यान क्या वादी बालन नाहे।" शेश विनन "दन कि बा । अक शिरमंत्र शब राया स्टार्ग

কোন কথাই বলিলেন না ? । কুল বলিলেন, "আমার সক্ষে দেখা হয় নাই।"
এই শেষ কথা বলিতে কুলের হাদয়
ফাটিয়া গেল, উচ্ছালিত শোকবেগে
কুল কাঁদিয়া কেলিলেন। হীরা হাদিয়া
বলিল, "ছি মা! এতে কি কাঁদতে হয় ?
কত লোকের বড় বড় ছঃখ মাথার উপর
দিয়া গেল—আর তুমি একটু দেখা করার
বিলম্ব জন্য কাঁদিতেছ।"। ইহা অপেকা
"বড় বড় ছঃখ" আর কি হইতে পারে
কুল তাহা ভাবিয়া ছির করিতে পারিলেন না। হীরা বলিল, "আমার মত
বদি তোমাকে সহিতে হইত—ভবে এত
দিন তুমি আয়হত্যা করিতে"।

"আছহত্যা" এই অশুভস্চক ধ্বনি কুন্দের কর্ণ-কুহরে বজুধ্বনির ন্যায় বাজিয়া উঠিল। কুন্দ লে আঘাতে শিহরিয়া উঠিলেন। কে যেন তাঁহার কাণে কাণে আদিয়া বলিল "তুমি আত্মাতিনী হইতে পারিবে? এয়য়ণা সহা ভাল, না মরা ভাল ?" ভূতাবিষ্টার ন্যায় কুন্দ কিরপে আত্মঘাতিনী হইবেন কেবল এই ভারনার নিময় হইলেন। স্থবিধাও ভ্টিয়া গেল। হীরা যে বিষের কোটা ফেলিয়া গিয়াছিল,কুন্দ ভাহা হইতে বিষের মাড়ক চুরি করিয়া বিষ্ণান করিলেন।

পর্যাম্থী কমলকে সঙ্গে করিয়া কুন্দের র সহিত সাক্ষাং করিয়ার জন্য কুন্দের ঘরে প্রবেশ করিয়া কুন্দের অবস্থা দেখিয়া শিরে করাঘাত পূর্বক রোদন করিছে আর্মিনেন। এদিকে ক্ষম ভরবিক্লিই বদনে কুন্দের ঘর হইতে বাহির হইয়া
নগেন্দ্রকে ডাকিয়া পাঠাইলেন। নগেন্দ্র আসিলে তাঁহাকে কুন্দের ঘরে যাইতে বলিলেন। নগেন্দ্র তথায় সিয়া দেখিলেন স্থাম্থী কাঁদিতেছেন।

নগেল্ড জিজ্ঞাসা করিলেন "কি হইয়াছে ? "। তুর্ঘামুখী বলিলেন "সর্কানাশ
হইরাছে।"নগেল্ড ভয় ও বিশ্বয়ে অভিভূত
হইরা গৃহে প্রবেশ করিয়া দেখিলেন,
'কুন্দনন্দিনীর মুখে কালিমা ব্যাপ্ত হইয়াছে। চকু হীনতেজ হইয়াছে, শরীর
অবসর হইয়া ভাজিয়া পড়িতেছে'।

আজ এই শেষ দিনে অনাথিনীর
সাহস বাজিল—আজ প্রথম ও শেষ দিনে
ছঃথিনী কুল হুদায়-নিগৃহিত গভীর প্রেম
বাক্য ও কার্যো প্রেকাশ করিলেন, নগেক্স
নিকটে আসিলে অক্সজল দরবিগলিত
ধারায় তাঁহার গণ্ড বহিয়া পড়িতে লাগিল। তিনি ছিয়মূল লতার ন্যায় নগেক্স
চরণে লুক্তিভিনির ছইলেন। নগেক্স
খালিত কণ্ঠে বলিলেন, "একি এ কুন্দ!
ভূমি কি দোবে আমাকে ত্যাশ করিয়া
যাইতেছ ?"

কুল নগেজকে দেবতার ন্যার দেখি-তেন, তিনি আপনাকে নগেজের কথার, উত্তরপ্রত্তর দিবার যোগ্যা বলিয়ামনে করিতেন না। কিন্তু আজ কুল শেষ দিনে নির্মুক্তভাবে তাঁহার কথার উত্তর প্রত্যুত্তর দিতে লাগিলেন। কুল কুমুম ভঙ্ক হইবার পুর্বে ক্লেব্রেল জন্য লবং প্রাকৃতিত হইল। কুল বলিলেন

"তুমি দোষে করিয়াছ ?"

নগেজ্ঞ অবাক্ হইয়া নতশিবে কুল্পের পাখে উপবেশন করিবেন। তথন আবার বলিলেন, "কাল যদি তুমি আসিয়া এমনি করিয়া একবার কুন্দ वित्रा ডाकिटड-कान यनि আমার নিকটে এমনি করিয়া বদিতে, তবে আমি মরিতাম না। আমি অল দিন মাত্র ভোমাকে পাইয়াছি—ভোমাকে দেখিয়া আমার আজিও তৃপ্তি হয় নাই। আমি মরিতাম না"।

এই প্রণয়পূরিত হাদয়-বিদারক বাক্য শ্রবণ করিয়া নগেন্দ্র বজাহতের न्याय বসিয়া পডিলেন। মুখে নগেন্তের বাক্যফর্তি হইল না।

আজ কুল স্থামুখী অপৈকাও বাক্-পটু ৷ আজ কুন্দের প্রেমবৃহ্ছি আধার-স্তরপ হানয় ভস্মগাৎ করিয়া বাহিরে ছালিয়া উঠিল ৷ ক্ষণপ্রভার বিলসনের ইহা আজ জগৎ আলোকিত করিল। কুল বলিলেন "ছি! তুমি অমন করিয়া নীরব হইয়া থাকিও না। আমি ভোমার হাসি-মুখ দেখিতে দেখিতে यतिमाम खुरव , आयात , मत्र १५७ छूप नारे"।

পভিতেমের ইহা আপেকা প্রবল্ভর मृडीक एर्वाबुबीध स्त्याहरू भारतम नारे। किन् जान अ त्थामशानान कृत्मन कि गांच । जवन गांच गांच विनिवाद कांव क्ष महित्री-शार्थमा नरे शार्थि कवित्रा कृतिएक भारत गारे । न-

ধনের সলেহ স্পর্ণিতে পারে না বলিয়াই आंत्र कुम नर्शित्सव मन्त्रात्भ वनत्र श्रीन-(मथा हेटन ভাল বাসিবেন—এ আশার সৃহিত আজ কোনও সম্বন্ধ নাই বলিয়াই আজ কুন এত নিৰ্শ্ব ক ভাবে নগেলকে ভাল বানা দেখাইলেন।

নগেক্ত এতদিন কুন্দের প্রেমের গভী-রতা ও নিঃস্বার্থতা উপলব্ধি করিছে পারেন नारे। आफ (भवित्त छे भविक कि विश्रा মর্মপীড়িত হইয়। কাতর স্বরে বলিলেন, "কেন তুমি ,এমন কাজ করিলে? তুমি আমায় একবার কেন ডাকিলে না ?'

कुल मोलांभिनी-विनत्रत्व नांत्र मृष् মধুর হাসিয়া বলিলেন, "তাহা ভাবিও না ৷ যাহা ৰলিলাম তাহা কেবল মনের বেগে বলিয়াছি। ভোমার আসিবার আগেই আমি স্থির করিরাছিলাম বে. ভোষাকে দেখিয়া क्रियाष्ट्रिलाम (स. আসেন, তবে জাহার তোমাকে রাথিয়া আমি मतिय-जात তাঁহার স্থাবের পথে কাঁটা হটয়া থাকিব না। আমি মরিব বলিয়াই শ্বির করিয়া-हिनाम- ७१व को मारक क्षितन जामां में मतिएक हैका करत नाग्या नाग्या

- नश्चादक प्रिथित कृत्मम महिर्छ हैका इम् ना-वर्ष हेक्टबर् कूटबा व्यामत्र माश्यानी नाशकानमान कृत्मत्र পরিভূপ্তি। নলেপ্রভোগদাল না কুলাকে কথ-

গেক্স আজ কুন্দের সেই অপার্থিব প্রেমের নিকট পরীক্ষিত হুটলেন। আজ নগেক্স চিরমুগ্ধা বালিকার বাকাগান্তীর্যো ও বাক্য-মাহায্যো পরাস্ত হুইলেন।

कुंस क्रिकां विश्रास्त्र श्रेष था-বার বলিতে লাগিলেন, " আমার कथा कहिरांत्र छुका निरांत्रण रहेन ना-আমি ভোমাকে দেবতা বলিয়া জানি-তাম-নাহদ করিয়া কথন মুধ ফুটিয়া কথা কহি নাই। আমার সাধ মিটিল না--আমার শরীর অবসর হটরা আসি-ভেচে—আযার মক लकाईटाइ --জিব টানিতেছে—আমার আর বিলম্ব নাট।" এট বলিয়া কৃষ্ণ পৰ্য্যস্কাবল-খন পরিত্যাপ করিয়া, ভূমিশ্যায় শ্রন করিয়া, নগেল্রের আঙ্কে মন্তক রাথিয়া मुनिष्ठ-नम्रन ७ नीत्रव इटेर्झन। मुक्रा আসম দেখিয়া কুষ্প স্থামুখী ও কম-नक (मथिए हाहितन। व्यामित्व कुष्म छौहांनिर्शत চরণ-রেণু মন্তকে গ্রহণ করিয়া স্বামীর চরণযুগল यत्था भूषं नुकारेतन । विश्रक्टांकना इटेबा, श्रामीत श्रमयुगन मर्था मुथ साथिता, नवीन वत्रत्म कुन्त मानववीना मचत्र कतितन।

কৃষ্ণ-কুষ্ণ মূহ্র্তমাত্ত শ্বাথ বিক্সিত হইছা অংশর মত শুকাইরা পেল।
সেই স্বাহিত্সনের নৌস্বালা—কেই
অন্তিপরিষ্ট কোরতের নৌস্বালা—
সম্ভার পাঠকবর্গের বানস্বালা আন্তর্ভার

চিরছ: থিনী অনাথিনী নিরপরাধিনী
নগেক্রময়জীবিতা কুন্দের হুংখে—কুন্দের
মৃত্যুতে পাষাণেরও ক্রনয়ে সহামুভূতি
উদ্দীপিত হয়, রক্তমাংসনির্দ্দিত মানবের হৃদরে যে সহামুভূতি উদ্দীপিত
হুইবে তাহাতে আর বিচিত্র কি?
কুন্দের হুংখ ও কুন্দের মৃত্যু সংঘটিত
না হুইলে "বিষঁবক্ষের" হৃদয়দ্রাবণী শক্তির
অর্কেক বিনষ্ট হুইত।

. কমলমণি।

যেমন স্থালোক বিনা সৌধরাজিবিভাগিত নগরনগরী-থচিত জগৎ
আঁধার, যেমন দীপালোক বিনা রজ্বরাজি-থচিত কারুকর্ম্ম-বিচিত্রিত ক্ষটিকনির্মিত গৃহেরও শোভা হয় না, সেইরূপ কমলমণি না থাকিলে এই বিচিত্রচিত্রনিচয়-থচিত "বিষর্ক্ষ"ও তমসাচ্ছের হইত। চক্রকিরণ যেমন হাঁসিয়া
হাঁসিয়া দরিত্রের কুটীর হইতে রাজপ্রাসাদ পর্যান্ত সমস্ত আলোকিত করে,
কমলের ভাল্য-ভ্যোৎ রাও সেইরূপ দীন
হংধীর অন্তর হইতে ধনীর অন্তর্ম পর্যান্ত
সকলই উজ্জ্বলিত করিত।

क्यालं कीरात कान खंडां हिन ना। धनवान ७ खंडांन जांजा, अवर्धा-मानी ७ जनावल-छांच चामी अवर मान्ने छां-वहि छांगाधिक भूव—क्यालंव अ नव-खंडे हिन। मरगाविनी य महान खूर्डां वि छांचिनी क्यान का नवल खूर्डांडे चिक् कांचिनी हिर्जुन है क्यालंक निरुद्ध का

ष्य छाव, निष्मत पृ:थ डिन ना विनशाह, कमल পরের खार्कात, পরের ছঃথে এত সহাত্ত্তি করিতেন। যে নিজের অ-ভাবে, নিষের ছঃখে অভিভূত, সে পরের অভাবে ও পরের তুঃখে সহাতু-ভৃত্তি প্রকাশ করি ত অবদর ও স্থবিধা পায় না। যাহার নিজের অভাব ও ण: थ नांहे. (त यकि पदा **ए** আধার হয়, সে যত অপরের অভাব ख फु: थ पुत कतिएक ममर्थ इटेरन, व्यथरत ভাচা পারিবে না। কমলের নিজের কোন অভাব ও চু:খ ছিল না, এবং তাঁচার ফদয় অপরিমিত দয়া ও স্লেহের আধার ছিল, এইজনা কমল সকলেরই भाखिमात्रिनी ছिल्ना। नरगरस्यत विश्व-প্রেমিকভা ও ওদার্যা কমলেও অনেক পরিমাণে ছিল। এইজনা কমল আপন পর বড বিবেচনা कतिर्टन ना । कमल और भंत. कमल नरशरस्त्र कमल তুর্যাম্থীর, কমল সভীশের. क्रम् कूरमत, कमल जान जानी প্রভৃতি সক-কমল যাহারই সংমিশ্রণ আসিতেন, ভাহারই সুধে ও চু:থে সহাত্ত্ত প্রকাশ করিতে পারিতেন। गश्चर्य शास नारे यिनता कमत्त्रत पत्रा, कमरलंब त्युर, कमरलंब तिचाटश्रीके छा, क्यामत जेगारी क्यामें खड़ान उरक्र निश्रा आद्याहन करत नाहे वरते ; किन्द প্ৰভিক্তিৰীক আবাৰ নিৱ হুইতে নিয়-ভার আদেশেও কথন অবন্যিত ইয় নাই। সেই সকল কোমলতর বৃত্তি

নিলের ন্যায় সম্ভত মৃত্যক প্রবাহিত হইত। ক্মলের কোমলতর যের সেই মুছ্মন্দু প্রবাহে যেই পতিত হইত, তাহারই শোক তাপ্র ও অভাব ছঃখ দুর হইত। ছাসাময়ী যে দিকে একবার ভাকাইতেন, অন্ধকার সে দিক इटेट अवायन कतिकः। व्यानसम्बी (यथार्म योहेटजन, (महे थार्महे (यम আনন্দ ছড়াইয়া পড়িড ! র্বিক্ডা, সহদয়তা ও গান্ধীর্যোর এরপ সংমি-শ্রণ অভি অল্লই দেখা যায়। মণির পতিপ্রেম নিতান্ত সাধারণ চিল না। তবে স্থ্যমুখী ও কুন্দের পতি-প্রেম ৰাধা পাইয়া যেরূপ পরিপুট ছই-য়াছিল এবং ভব্জির সহিত সংমিশ্রিত হইয়া যেরূপ স্বর্গীয় ভাব ধারণ করি-মাছিল, কমলের প্রেম সেরূপ পরিপুষ্ট ও স্বর্গীয়-ভাব-পূর্ণ হয় নাই।

প্রকৃতি যেমন কমলকে বাহা ও আভ্যস্তরীণ ८मो**म्म** (पा मकल প্রকার বিভূষিত করিয়াছিলেন, কমলের পিতাও ভাঁহাকে আহার্যা শোভার শোভিত করিতে যত্তের কটী कदर्गन नाहै। পিতার বিশেষ যত্নে কমল রীতিমত লেখাপড়া শিথিয়াছিলেন। কমল পিতার সাধের একমাত্র কন্যা ছিলেন বলিয়া किकिए आप्तिनी हिरमन। सीवरन छ এ আদ্বিণী-ভাৰ ভাহাকে ভাগ কৰে नारे। "जामनिषी कारवद नहिल যৌবনে বালিকাস্থলত চপলতা ও সর-बाडा मध्यि कि स्वाम, कमनाविध

অতি অপুর্ব শোভা ধারণ করিয়াছিল।
কমল সকলের সহিতই হাস্য কৌডুক
করিতেন; বালিকার নির্বিকার হাস্য
কৌভুকে মেমন সকলেই আনন্দিত
হয়, সেইরূপ কমলের হাস্য কৌডুকে
সকলেই প্রীক্ত হইজেন। লংসারানভিভের সরলতা ও ঘোরতর মংসারীর
বৃদ্ধিপ্রথাতা—কমলে এই ছই বিক্লম
ভাব অতি ক্লমররূপে সংমিশ্রিত ছিল।

নগেন্দ্র অপরিচিত বালিকা কুন্দকে क्रमलात हास्य नमर्भन করিয়া যেই পশ্চাৎ ফিরিলেন অমনি 'কমল কুন্দুকে काल जुलिया नहेश मिजिलन । একটা টবে কতকটা অনতিভগ্ত ছিল, অক্সাৎ কুন্দকে তাহার ভিতর कुल मशकीकां हरेल। (क्लिल्न । হাদিতে হাদিতে স্থিয় ক্যল তথ্ন সৌরভযুক্ত (मान इटड नहेग्रा তাহার গাত্র ধৌত করিতে আরম্ভ করি-লেন।' 'কমল স্বহন্তে কুন্দকে মাৰ্জিত এবং সাত' করাইয়া 'ভাহাকে অমল খেত চাক বস্ত্র পরাইরা, গন্ধতৈল সহিত खादात्र (कमारहना कतिया नित्नन: धवर কতকগুলিন অলভার भवाटेयां निश्चा यगिरमन, "बा. এখन मामा वांबुरक প্রণাম করিরা আরু । আর দেখিস— रबन धवाफीय बाबुटक खानाम करत क्लिन मा-ध्याजीव वाव त्रिश्तिह वित्र करत (कणिरव ।" । अष्ट्रेक्ट कमरणत কেইত্কপ্রিয়তা ও সম্পর্কার ক্রেমন समात्र इवि !

প্র্যার্থী যথন নগেল্ডের হলর কুলাসম্জ বলিয়া সন্দেহ করিয়া কমলের নিকট
তঃথ প্রকাশ করিয়া পর্তা লিখেন, কমল
তথন তাহার প্রত্যুত্তরে এইরূপ লিখিয়াছিলেনঃ

"তুমি পাগল হইরাছ। নচেৎ তুমি
আমীর হৃদয় প্রতি অবিশাদিনী হইবে
কেন? আমীর প্রতি বিশাদ হারাইও না, আর যদি নিতাস্কই দে
বিশাদ না রাধিতে পার—ভবে দীবির
জলে তুথিয়া মর। আমি কমলমবি
তর্কদিদ্ধান্ত বাবসা দিতেছি, তুমি দড়ি
কলসী লইয়া জলে তুবিয়ামরিতে পার।
আমীর প্রতি যাহার বিশাদ রহিল না—
তাহার মরাই মঙ্গল।"

সতীর জাদর্শ ক্র্য্যমুখীও এখানে পতিভক্তিতে কমলের নিকট পরাস্ত হইলেন। কমল স্থামীর হৃদয়কে অবি-শ্বাস করাও স্ত্রীলোকের পক্ষে পাপ বলিয়া মনে করিছেন।

শৃসারর সের তিন্টী ভাগ—পুর্বরাগ সভোগ ও বিপ্রবাজ । পূর্বরাগ ও বিপ্রবাজ । পূর্বরাগ ও বিপ্রবাজ ও সংঘার মহতী বৃধি ভিচর উদীপিত ও পরিপৃষ্ট হয়। ভবভূতির সীতার শুর্বরাগ, সভোগ ও বিপ্রবাজ; বিছ্কান্ত বিপ্রবাজ ও সভোগ; ক্রেল পূর্বরাগ ও বিপ্রবাজ ও সভোগ; ক্রেল পূর্বরাগ ও বিপ্রবাজ, ক্রেলার বিশ্বেভ, ক্রেলার ভালানাসের শকুন্তলা রম্নীর পূর্ব চিত্র বিটে—রমণীস্থাক তির অবস্থার রমণীস

मामत किन्नान देविका अध्यक्तिक তাহার ছবি প্রকাশ করার কালিদাদের मकुरुला मर्कनमील কবিছের কীৰ্ত্তিস্তম্ভ श्वाकिरक সংক্র কিন্তু ভবভৃতির , শী ভা विक्रम्ब र्यामुथी ७ क्लाब नाम কথন এত दूत इत्यक्षां वर्गी इहेटक ना। ও স্থামুখীর মধ্যে কুন্দ আবার স্থামু-থী অপেক্ষাও অধিকতর হৃদয়ক্তাবণী, কারণ স্থামুখীর প্রেম সম্ভোগপর্য্যবসায়ী, কিন্তু কুন্দের প্রেম চির-বিপ্রলম্ভ-পর্যাবসায়ী। কমলের প্রেমের উন্মাদকী শক্তি আছে वर्षे ; किन्न श्रमायनावनी मक्ति किन्न नाहे. (व ८२० हेश चामुलम छाशांचक। हेशांड স্বাসীয় ভাৰোচছাদ নাই বটে, ইহা পার্থিকস্থহিলোলে - अवम्र र्वनभीन । 'মহাদমর' নামক পরিচ্ছেদে এইপ্রেমে-র ছবি অতি স্থলর প্রদত্ত হইগাছে। कमल प्राम्बीत भक्त भारेता यथन (शावि-ন্দপুরে গমন করিলেন, তথন তিনি সূর্যা-মুখী ও কুম্ম উভয়ের 🕻 প্রতি অতি চমৎ-কার ব্যবহার করিলেন। তাঁহার আগম-নেই নগেলের গৃহ আলোকিত হইল, ভাঁহার সহাস্য বদন দেখিয়া ত্র্যমুখীরও नवन-वन खकाईमा मरशरमात (मचा-क्त मू यमे थरन हे क्मरन इ क्वय-रक्तार का विविविध इबेन । कमन र्यामुबीन इःरव गहाइएक क्षेत्राम कतिए शिया-कृत्म-बंध हा: (व कार्कद बरेबा शक्तान । स्वीमू-খীৰ কটিকোদাৰ কৰিতে পিলা, সে কণ্টক निषेत्र निर्वत कारत छनिया नहेरलन ।

কুল বধন কমলের নিকট ছিলেন, কমলের চিরপ্রেমমনী প্রকৃতি তথন ছইতেই
তাঁহাকে ভাল বাসিতে আরভ করিয়াছিল, মধ্যে কর বৎসর অদর্শনে কতক
কতক ভূলিয়া গিরাছিল। কিন্তু এক্ষণে
কমলের সভাবগুণে, কুলেরও সভাবগুণে,
সেই ভালবাসা আবার নৃতন হইরা বৃদ্ধি
পাইতে লাগিল।

কুলের সহিত কমলের প্রথম সন্তা
যণ এইরূপ হইল "ওলো কুঁদী মুদী
হঁদী—ভাল আছিদ ত কুঁদি?" কুন্দ
অবাক্ হটয়া রহিলেন। কিছুকাল ভাবিয়া
চিস্তিয়া উত্তর স্থির করিয়া বলিলেন,
"আছি"। কমল বলিলেন আছি
দিদি, আমায় দিদি বল্বি—না বলিস্ত
প্রিয়া থাকিবি আর ভোর চুলে আগুল
ধরিয়ে দিব। আর নহিলে গায়ে আরস্লো ছাড়িয়া দিব।"

কমল কুন্দের চুল বাঁধিতে বসিলেন।
'চুল বাঁধা সমাপ্ত ছাইলে কুন্দের মাথা
তুলিরা, কমল ভাহার মন্তক আপনার
কোলে রাধিলেন। অঞ্চল দিয়া ভাহার
চল্ মুছাইয়া দিলেন। এই সব কাল
শেষ করিয়া শেষে জিজ্ঞানা করিলেন,
"হুঁদি, কাঁদিভেছিলি কেন?"

कुल विनन, "ज्ञीय गार्व देन?"
किमलयनि धक्ते हातिस्त्र । किन्द्र रक्षित इरे हत्कत सन रत शांति मानिन ना—ना विषद्या क्षित्र किन्द्र सातित त्रास्त्र विद्या हातित किन्द्र सातिता नक्षित्र । 'ক্ষলমণি বলিলেন, 'ভুডাতে কাদিব কেন ৭০'

'কুন্দ। তুমিই আমার ভাল বাস।

কম। "কেন—আর কেছ কি ভাল
বাসে না ?" "কে ভাল বাসে না ? বউ ভাল বাসে না—না "দাদা ভাল-বাসে না ?"

কিছুতেই কুন্দের উত্তর নাই। কর্মল আবার বলিলেন, "বদি আমি ভোমায় ভাল বাসি—আর তৃমি আমায় ভাল বাস, ভবে কেন আমার সঙ্গে চল না ?" কুলা এবারও নিক্তর। ক্মল নাভাড়, আবার বলিলেন—"যাবে ?" এবার কুন্দের ঘাড় নড়িল বলিল—"যাব না"।

চত্রা কমল কুন্দের হৃদয় ব্ঝিলেন , তথাপি কুন্দের মুখ হইতে তাঁহার মনের কথা বাহিব করিবার জনা জিজাদা করিলেন, "তুই দাণাকে বড় ভাল বাসিস—না ?"

कूम नीतरव कगरणत क्षेपत गर्था ग्रंथ ण्कारेमा कांपिट लागिरलन। 'ति कांपिन, आवात शरतत हरकत करन छारात हेन जिल्लिमा रशना। जान वामा कारारक वर्षा, दमागान केमल जारा लानक। अकः कतरमत आकं:कतम गर्था, कुमामिन-नीत हः एवं प्रश्नी, स्टब्स स्टेग । क्षेपनाणिमीत हक्ष महिया करिल, 'कुमा । आवात मरन, हल।' क्रम्पन हरक आवात आवात मरन, हल।' क्रम्पन हरक आवात आवात मरन, हल।' क्रम्पन हरक आवात अविद्राल कृरे वर्ष रशन, माना वरम ছারথার-গেল। "কুদ্দ কাঁদিতে লাগিল।
কমল বলিলেন "যাবিঃ মনে করিঃ।
দেখ্—দাদা কি হয়েছে, বউ কি হয়েছে?"।
প্রেমমন্ত্রীর দরাজ ভাবের এথানি রমণীয়
ছবি।

কমল এক মুহুর শ্রীশের বিরহ সহা করিতেপারিতের না। শ্রীশ আফিনে গেলে কমলের সে টুকুও পতিবিরহিণী হইয়া গহে থাকা কটকর ঝোদ হইত। কমল একদিন সতীশের কাছে এই বিবহাসহি-ফুতা কেমল স্থলারপে বাক্ত করিতেছেন দেখুনঃ——

''অ, সত্বাব্, আফুবে আণিদে যায় কেন, বলিছে পার ?'' সত্বাব্ উত্তর দিলেন, ''ইলি—লি—ব্বা''

'ক। "সতু াবু তুমি কথন আপিচে বেও না।"

'সতু বলিল "হামু !"

'কমমমণি বলিলেন, ''ভোমার হাষ্ করবার ভাবনা কি ? ভোমাকে হাঙ্ করার জন্য আপিলে যেতে হবে না। আপিলে যেওনা—আপিলে গেলে বৌ হুপর বেলা বলে বলে কাঁদৰে দু

কমলের বৃদ্ধির নিকট প্রীলের বৃদ্ধি
পরাঞ্জিত ইইজ্ঞা জীপ অপেকা যে কমল
অধিকতর লোকচরিত্র-রহস্যোভ্রন্দমর্থ
ছিলেন, নিয়ে প্রদর্ভ হিয়াছে—

ত্ব্যম্থী তথং নগেলেক সহিত কুলের বিবাহ দিবেন এইক্স মধ্য ক্মৰ্গকে একথানি পাল লিখেন। ক্ষম পত্ৰ থানি শ্ৰীংশর হাতে দিলেন, শ্ৰীণ পত্ৰী পড়িয়া বলিলেন, "এটা ভাষাসা!"

'ক। কোন্ট। তামাসা? তোমার কথাটানা পত্র থানা?

'ঞীশ। পত্ৰ থানা।

'কম। আজি মন্ত্রিমশাইকে ডিশ্চার্জ করিব। অটে এ বৃদ্ধি টুকুও নাই? মেয়ে মান্ত্রে কি এমন তামানা মুথে আনিতে পারে?'

কমল স্থামুখীকে একদিন শিখাইয়া-ছিলেন—যে পতির প্রতি অবিষাদিনী হওয়া রমণীর পক্ষে ঘোরতর পাপ। আজ স্থামুখীর প্রত্ব পাইয়া গোবিলপুরে গিয়া স্থামুখীকে: শিখাইতেছেন যে পতি পায়ে ঠলিলেও স্ত্রীয় পতিপ্রেম্বিচ লিভ হওয়া উচিনয়। কমল বলিলেন,—

'ভোমার পারে ঠেলেছেন বলে ভোমার অন্তর্লাহ হলেছে। তবে কেন বুল "আমি কে ।" ভোমার অন্তঃকরণের স্থাধধানা আজ্ব আমিতে ভরা; নহিলে আজ্ববিস্ক্তিন করিয়াও অন্তর্গণ করিবে কেন ।"

কখন সুর্যামুখীকে তিরস্কার করিলেন,
 কিন্ত স্থামুখীর কাতরতায় তাঁহার হলর
গলিয়া গেল। স্থামুখী কাঁদিলেন।
কমল তাঁহার মাধা আগন হাদরে আনিয়া
হাত দিয়া ধরিয়া রাখিলেন। কথায়
য়ৈকল কথা বাক্ত ছুইতেছিল না—কিন্ত
অস্তরে আন্তরে কথোপকথন হইতেছিল।
আন্তরে আন্তরে কমলখনি ব্রিতেছিলেন
বে স্থামুখী কন্ত ছু:বী'।

কমলেব নির্মাণ, কাটিক ছাপরে আপন পর সকলেরই চুঃখই প্রতিবিশ্বিত হইত। मकल मगरब्रे कमल अद्रष्ट्राध्य काउत र्गामु थीरक छ বিশেষ তঃ হইতেন। ক্দকে তিনি অভিশয় ভাগ বাসিভেন। वेद्दारमत् छः स्थ मञ्जूष्टे काजत इहेर्जन একদিন মাত্র এই ভাবের বাজিক্রম দেখা शियाहिल। এक मिन, 'अन्यात देनदारमात সময়, কমলমণি ভাঁহার ছঃথে इहेबा, डाहाटक (कारन नहेबा हरकात কল মুচাইয়া দিয়াছিলেন' বলিয়া আজ কুন্দ নগেন্দ্রের তিরস্কারে মর্মণীড়িতা হইয়া म्झन्या, (अहमश्री क्यनमनित्र निक्छे व्याषाद्यम्मा सामाहेट्ड निया किছू वनिट्ड नानातिया विवया श्हेमा कांनिट्ड कानि-लन। 'कमनमनि कुन्तनिमनी क दमिश्र। व्यथनत हरेलन-कुन्तरक काष्ट्र चानित्उ -দেখিয়া বিশ্বিত হইলেন, কিছু বলিলেন না। কুল তাঁহার কাছে আসিয়া বসিয়া, কাদিতে লাগিলেন। কমলমণি विणितन नाः; बिकामां अक्तिरणन नाः, कि इहेबाएए। स्र्यंताः कूमनीमनी আপনা আপনি চুপুকরিলেন। কমল তথন বলিলেন, "আমাৰ কাল আছে," व्यमस्त्र के विद्रा (शतना !

विश्व स्वाम्थीत म्ड्रामधान श्रमित्रा कमन वर्षन श्रीविष्णगृद्ध स्वामित्नने, 'मिथित्रा कुम्मनिक्तित्रीत्र द्वाध देवेन, स्वाबात स्वामाण अवित्र स्वाब्ध स्वाव्य स्वाव् মণিব ছজ্জ ব জোপ, মুখ দেখিতেন না।
কিন্তু এবার আদিয়া কুন্দনন্দিনীর শুছ
মৃত্তি দেখিলা কমল্মণির রাগ দ্র হইল —
হংগ হইল। তিনি কুন্দনন্দিনীকে প্রাক্
লিত করিবারে যত্ত ক্রিতে লাগিলেন—
নগেক্ত আদিতেছেন, স্থাদ দিয়া কুন্দের
মুখে হাদি দেখিলেন'।

স্থামুথীর মৃত্যুসন্বাদে প্রথম প্রথম কমল অনেক কালিয়াছিলেন। তাঁহার হাদয় শোকের অধিগমা ছিল বটে, কিন্তু ইহা শোকে অভিভূত হইত না। স্ত্রীসাধারণের ন্যায় তিনি শোক-বিধুরা হইয়াও কর্ত্তব্যবিমুখা হইতেন না। তিনি পরে ভা বলেন, 'কালিয়া কি করিব ? আমি কালিলে প্রীশচন্ত অস্থী হন—আমি কালিলে ভ স্থামুখী ফিরিবে না, তবে কেন এদের কালাই ? আমি কখন স্থামুখীকে ভূলিব না; কিন্তু আমি হাদিলে ঘদি স্ভীশ হাসে, তবে কেন হাস্ব না।"

আনলমন্ত্রীর চরিত্রে তৃইটী সল্পূর্ণ বিপরীত ভাব অতি অন্ত তরুপে সংমিত্রিত ছিল।তিনি কথন গান্ত্রীগ্রহী প্রগলভা গৃহিণী, কথন নর্ত্রনশীল চঞ্চলা বালিকা। কথন পরতঃথকাতেরা সহল্যা প্রোচা গৃহিণী, কথন পরস্থা স্থানী আহলাদিনী বালিকা। এতৃ ই এক চরিত্র বলিন্তা অনেক্ সময় সংক্রহ উপস্থিত হয়। আমরা শোষোক্ত ক্রম ভাবের একটী প্রিচর নিয়ে প্রদান ক্রিতেছিঃ

व्यापनी कितियां वानितन-' मक्तरक

বেড়িয়া বেড়িয়া কনলমণি শাকি বাজাইতৈছেন, ও জলু ধ্বনি দিতেছেন, এবং
কদিতে কাদিতে হাসিতেছেন— এবং
ক্ৰম কথন এদিক্ ওনিক্ চাহিয়া, এক
একবার নৃত্যু করিতেছেন।

, हीता।

শেমন রামায়ণের ঘটনাত্রোভের মূল অভিনেত্রী মন্থরা, সেইরূপ বিষরুক্ষেব घটनात्यारकत मृत जिल्लाको होता। চবিত্রের দৃষ্ট ভা বিষ ে शैরা, বিষরুকের সকল পাত্র পাত্রী অপেকা শ্রেষ্ঠ। হীরা সকলকেই কার্যো অধিনীত করিত, নিজে কাহাবও দারা অধিনীত হটত না. জী-বনে কেবল একথাৰমাত্ৰ দেবেক দাবা অধিনীত হটয়াছিল। আত্মবিশাতি কা--शांक वरण शीता छांग कानिक नाः **जीवरन दक्तन এकवात माज स्मरवरम्ब** নিকট আত্মবিমাত হটয়।টিল। স্বার্থ-পরতা, প্রতিহিংদা ও প্রেম-হীরার হৃদয়ে এই ডিনটা রুণ্ডিই অতি বল্ৰতী ছিল। কিন্তু স্বার্থপরতা ও প্রতিভিংসা এ इंडेंडे वृद्धि शैवात (अमवृद्धित महहती মাত্র ছিল। প্রেম ভিন্ন হীরার আনে কিছু चार्थ हिन ना; (मेंडे अम्बल कार्य मार्यना **ज**ना होता महञ्जलात्कव सार्थ वनिष्यः व-तिर के व्यक्ष क हिन ; (महे यार्थ नाधरन इकाम इरेबा रोबा अ डिशिशालवाबना इरेबाडिन। পতিকে বড় করার বলবতী ক্রিছা বেমন ब्लिंडि माक्टबर्थत नमेखे केटिमा व नितामक किन, त्रारक्षादक गांछ कि रीत देखा (मह-

কাপ হীরার সমস্ত কার্যোর নিয়ন্ত্রী চিল।

যেমন সেই অভিলাষ চরিতার্থ করিবার

ফনা লেডি ম্যাক্বেপ সহস্র নবহুদা ও
ভীষণ বিশাস্বাহক হাতেও কৃত্তিত হুমেন

নাই, সেইরূপ দেবেন্দু-প্রাপ্তির ইচ্ছা
চরিহার্থ করিবার জনা হীর। আক্রমদাত্রী

স্থাম্পীর সর্বনাশ কবিতে ও নিরপরাধিণী কৃন্দের প্রাণবিনাশের উপায় স্থরূপ হুইতে বিন্দ্যাত্রও কৃত্তিক হর নাই।

हि:मा - जना- छ स्टिय - शैतात কটী স্বালানিকী বৃত্তি। কবি হীনার সেই বৃ-তিটী কেমন স্থলবর্ত্তপে ব্যক্ত করিয়াছেনঃ-" আছো। সুর্যামুপীর উপর আমার এ হ-বাপটবা কেন্ত্র তে কথ্ন আমার किছ मन करत गारे : ववः जानरे वारम. ভালই করে। তবে বাগ কেন ? তা কি शैवां जारन ना ? शैवां ना जारन कि ? (कन, वलरा।? स्र्गामुशी स्थी, आमि धरेक जना আমার রাগ ৷ সে বড় আমি ছোট, সে মুনিব, আমি স্থতরাং ভার উপরে আমার বড রাগ। যদি বল ঈশ্বর তাকে বড় করিয়াছেন, তবৈ দোষ কি ? আমি তার হিংসা করি কেন ? তাতে আমি বলি, ঈশ্বর আমাকে হিং স্কুকে করেছেন, আমা-बरे वा दाव कि ?"

কিছ হারা এই সাভাবিকী বৃত্তিক সংগত ক্রিতে জানিত। হারা বিনা সার্থে হিঃ ক্রুতি চরিতার্থ করিত না। ভাহার জীবনের একমাত্র লক্ষ্য প্রের রেবেজ্ঞান্যা। সেই দেকেজ্বলান্য

চরিতার্থ করার প্রধান অস্করায় দাসাবৃত্তি। কারণ হীতার বিশাস ছিল " আমরা গত্র थांकिएस थांके; व्यामजां अयकि खांन थांके, ভাল পরি. পটের বিবির মত ছরে ভোলা থাকি, তা হ'লে আমরাও অমন হতে भारत ।" मामावृद्धि छाड़िया छाल थाईटन পরিলে কুন্দের মত হটতে পারিব—তাহা इंडेटन कुत्मद नाम (मरवरमुद लाव भावी হইতে পারিব – এই আশায় হীরা হিংদা-वृद्धिक श्रार्थमाधान निरम्नाखिक कविन: विनन " किन्नु यमि जात मन कतिहान আমার ভাক হয়, তবে না করি কেন? আপনার ভাল কে না করে ? ভা হিদাব कित्रा (मथि, किएन कि छन्। এथन व्यागांत रुला किছ होकांत पत्रकांत, व्यात मात्रीलना लाति ना । हाका ज्यातित्व (कांश থেকে ? দত্র, বাড়ী বই আর টাকা কোথা ? তা দত্তবাড়ীর টাকা নেবার ফিকির এই-नथरे कारन (य. कुरमन डेभन नर्गम বাবুর চোথ পড়েছে-বাবু এখন কুন্দ মন্ত্রেব উপাসক। বড মাতুষ লোক, মনে क्रिलिहे भारत। भारत ना टक्रवन स्वा-मुशीव करा। यमि छक्त এक है। हते।-**हाँछ इब, छ। इत्त आंत्र क्छ. ऋशामुशी**व খাতির কর্বে না। এখন যাতে একটু **हिंग्हें हैं हैं हैं अभिने क्रिंट हरने** ।

গাণিটা হীয়া এই সহপ্সাধনে ক্লন্ত-কাৰ্য্য হইল। ত্থামুখী ও নগেন্তে মনাত্ৰ-কাৰ্য্য বিয়া তুলাকে নগেন্তে নহিত নিলিভ কৰিল এবল ক্ৰাৰ্থীকে
গ্ৰহ্মানিনী কৰিল।

দেবেন্দ্র হীরার হৃদয়ের একমাত্র অধি-शेखी (क्वेंडा ! शेवा मंग्रत चर्मत (क-বল দেবেক্সেরট ধার্টিন নিরতা ছিল। দেবে-स्त्रत खना शेता खेमापिनी—विवर्णा। CF-বেলদৰ্শনেরপর্বে হীরা ভাল বাদা কাহাকে বলে তাহা জানিত না, 'ভালবাসার কথা ভনিলে' হাসিত। বলিত, 'ও সব মুখের কথা, লোকে একটা প্রবাদ আছে মাত্র।' শেষে পরের চোর ধর্তে গিলা হীবা ष्यापनात लाग्हा कातात्र। इतिमानी देवसा-वीत मकान कविएक शिमा त्य मिन तम्दर-त्मक महिक दीवांत थायम मांकांद व्य সেই দিন ছইতেই হীরা দেবেলগত প্রাণা ছটল। কেবল এক বার হীরা ধর্মান্তরে দেবেক্স-প্রেম ভুলিতে চেষ্টা করিয়াছিল—" দুর (हाक, ७ मव कथा याक्। ७ পথেও ত धर्मात काँहै।। ইহ জ্যোক তথ ছ:খ व्यत्नक काल श्रेक्तरमत्र नियाहि। * *

কিন্তু যে রাজি দেবেক্স কুন্দের অনুসকানে আসির। হারার বাড়ীতে আতিথ্য গ্র
হণ্ড করেন,সে রাজি হারার সে ধর্মের বাঁধ
ভালিয়া গেল। সে রাজি কণকালের
জন্য হারার সম্পূর্ণ আত্মবিস্মৃতি অন্মিল,
সে যে হারা, এই যে দেবেক্স, ভাহা ভূলিয়া গেল। মনে করিতেছিল, ইনি
সামী আমি পত্নী। মনে করিতেছিল,
বিধাতা তুই জনকে পরস্পারের জন্য স্কান
করিরা, বছকাল হইছে মিলিভ করিয়া
হলে, বছকাল হইছে যেন ভুল্মের অবর্থ
স্থেইভারে জ্বী। এই বোকে অভি

म्बर्स शिवात मृत्थ । व्यक्तिनान्छ चरत छनित्वन (य, शैता प्रतिक्रांक अस्न মনে প্রাণ সমর্পণ করিয়াছে। পরে হীরার চৈত্তনা হটল। সে উন্মাদিনীর ন্যায় দেবেক্তকে বলিল, " আপনি শীঘ্ৰ আমার ঘর চইতে যান "। ভীরার উন্মা-मिछा ও वाक्षिण एमिश्रा (मरवस्य भति-शंग कतिया विल्ल धितके वरल श्ली-চবিত্র। এই পবিহাদে হীরার ক্রোগা-নল উদ্দীপিত হটল, বলিল "স্পীচরিত্র প স্কীচরিত্র মন্দ নতে। তোমাদিগের ন্যায় পুরুষের চরিত্রই অতি মন্দ্ তোমাদের धर्माङ्कान नारे-- भरतत ভान सम्म (बाध নাই--কেবল আপনার সুথ খঁজিয়া বে-**७।** उ— किरन किरन की लाकित मर्कनाभ कतिरव, त्में दहारी एकत। নহিলে কেন ভূমি আমার বাড়ীতে ব-সিলে ? আমার সর্বনাশ করিবে, জে মার কি এ অভিপ্রায় চিল নাণ তুমি আমাকে কুলটা ভাবিয়াছিলে, নভিলে কোন সাহসে বসিবে ? কিন্তু আমি কু-লটা নহি। আমরা তঃখী লোক, গতর থাটাইয়া থাই --কুলটা হুইবাল আমা-দের অবকাশ নাই-বড মাতৃষের বৃত্তী হটলে কি হুইতাম বলিতে পারি না". পরে মদনশরাসনের নাায় দেবেক্সের জ্র-যুগল বল্কিমভাবে হীবার অভিমুখে লক্ষ্যী-कुछ इहेटल हीता विवना इहेबा (कामन-छत्र चरत स्टिक्टक वेगिर्ड नानिन. ' প্রভো! আমি আপনার রূপ তুণ **(मिया गांशन इत्याद्धि क्रिक्क बामार**

কুলট। বিবেচনা কনিবেন না। আমি
আপনাকে দেখিলেই সুঝী হই। এজন্য
আপনি আমার ঘরে বসিতে চাহিলে
বারণ করিতে পারি নাই বলিয়া কি আপনার বসা উচিত হইয়াছে ? আপনি মহাপাপিঠ, এই ছলে ঘরে প্রবেশ করিয়া
আমার সর্বনাশ করিতে চেটা করিয়াছেন। এখন আপনি এখান হইতে
যান "।

দেবেক্স ইহাতে আবার উপহান কবিলে হীরা মর্মাহত হইয়া রুষ্ট ও কাতর; স্বরে বলিস ''আমি আপনার উপহাদের যোগ্য নই— আপনাকে অতি অধম লোকে ভাল বাসি-লেও, ভাহার ভাল বাসা লইয়া রহস্ত করা कर्जुवा न म । व्यामि भार्मिक नहि, धर्म विका ना-धदर धर्म आयात यन नारे। তবে যে আমি कुल हो नंहे विलयां न्याकी করিলাম, ভাহার কারণ এই, আমার মনে মনে প্রতিজ্ঞা আছে, আপনার ভাল বাসার লোভে পড়িয়া কলঙ্ক কিনিব না। ষদি আপনি আমাকে একটুকুও ভাল বাসিতেন, তাহা হইলে আমি এ প্রতিজ্ঞা कविजाम ना-चामात धर्म-छान नाहे, ধর্মে ভক্তি নাই—আমি আপনার ভাল-বাদার তুল্নায় কলক্ষকে তৃণজ্ঞান করি ৷ किन्द ञाशनि ভान वारमन ना-त्रथात क्ष्यत विनिमात्र कल्क किनिय ? কিসের লোভে আমাৰ স্বাধীনতা ছাড়িব ? অাপনি যুৰতী স্ত্ৰী হাতে পাইলে ক্ৰন ভাগি করেন না, এলন্য আ্যার জা এহন করিলেও করিছে পারেন, কিন্তু কাল আমাকে হয়ত ভূলিয়া যাইবেন
নয়ত বদি অবণ বাথেন, তুর্বে আমার
কথা লইয়া দলবলের কাছে উপাহাস
করিবেন—এমন স্থানে কেন আমি আপনার অধীন হইব ? কিন্তু যে দিন, আপন
আমাকে ভাল বাসিবেন, সেই দিন আপনার দাসী হইয়া চরণ সেবা করিব।"

এই দেবেন্দ্রময়তাই হীবার কৃষ্ণ চ-রিত্রের একমাত্র উজ্জ্বল রেখা। सके शैतात जीर्थमर्पा, त्मावक है शैतात নীতি কৰ্ম। দেবেক্তই হীরার ইহকাল; দেবেন্দ্রই হীরার পরকাল। (मदवस्त है হীরার জদরাকাশের একমাত ধ্বতী্রা। (मटवटता अनारे शेवा कनाइनी। शेवाव हि: मा, शैवाब (धर, शैवाब नवट्याहि ग ममछ हे (सरवरसात स्ना.) দেবের ভিন্ন হীরার অন্য কোন স্বার্থ ছিল না। ন্তির হীরার জীবনের আর কোন लक्षा हिल ना। होता (मरवसंदक महन् (मार्यत व्यक्षिकाती कानियां छ, পক্ষপাতিনী ৷ হীরা দেবেলকে বিশাস-্ঘাতক : লম্পট জানিয়াও, জাহার পক্ষপা-পাতিনী। রমণীর সতীজনাশ দেবেক্সের নিভা ব্ৰত জানিয়াও হীরা তাহার জন্য , उन्नामिनी। नाशकात्थात्म इन्नाम् इरेमा एर्स) यूथी (मणकाशिमी, नश्यक (आय বঞ্চিত ইইয়া কুল প্রাণত্যাগিনী, কিন্ত (मरदम्म,दश्राम इर्मा होता देखा-मिनी । अन्य अखिहक दश्वात प्राम्थी ও कुरमद चनराद प्रशीय छात नकन প्रिक्त है हहेगू, क्षश्र क्षिट्र हु इस्तान হীরার হালুরের নারকীয় ভাবেদকল প্রচণ্ড ভাব ধারণ করিল। প্রশন্ত প্রতি

ঘাতে হীরা রাক্ষনী, প্রণয়-প্রতিঘাতে স্থান

মুখী ও কুন্দ দেবী। প্রভ্যাধানে করিয়াও

নগেন্দু—স্থামুখী ও কুন্দের উপাস্য,
প্রবিহেংস্য। নগেন্দুপ্রেমে বঞ্চিত

হইয়াও স্থামুখী ও কুন্দ নগেন্দের শুভাকাজ্রিকী দাসী, দেবেন্দুপ্রেমে বঞ্চিত

হইয়া হীরা দেবেন্দ্র অমঙ্গলে উল্লাসিনী
প্রতিহিংসা-প্রায়ণা রাক্ষনী। এই নরক
ও স্বর্গের একত্র সংক্ষিত হইয়াছে।

উপসংহার।

"বিষর্ক" একটা রমণীর উদ্যান i এই উদ্যানে প্রবেশ করিলে নানা-জাতীয় পুল্পের সৌরভে ভ্রমণকারীর চিত্ত সংহাই
উনাদিত হয় : ইহাইত এত সৌরস্ত
স্বতঃ প্রস্ত হইতেছে, যে স্থান্ধ আত্রাণ
করিবার জন্য কাহারও ফুলের মালা বা
ফুলের তোড়া কিনিতে অভিক্রচি হয়
না ৷ তথাপি এত ফুলের সমাবেশ দেখিয়া কোন্ মালাকর মালা না গাঁণিয়া বা
তোড়া প্রস্তত না করিয়া পাকিতে
পারে ?

এই নশ্বনকাননে কোন জঞ্জাল নাই
বা পরিপাটোর কোনও ক্রাট নাই, আমরা
তাহা বলিতে প্রস্তুত নহি। কোন্কানন
সম্পূর্ণ জঞ্জালশ্না, কোন্ উদ্যান
নির্দোষ পারিপাটোর আধার ? আমরা
সেই সকল সামান্য দোষ ও সামান্ত ক্রাটর
উল্লেখ করিয়া অপনাদিগের অসহাদয়তার
পরিচয় দিতে ইচ্ছা করি না।

मगाथ ।

নিশীথ-পাপিয়া

শারদ নিলি—হাসিছে দিশি,
উসরি জোছনা, বিকাশ মুথে;
অর্ত তারা, গগণ ভরা
থসিছে কেহবা, আবেস হথে।
অলিহে চাদ, নিছুনি হাঁদি,
স্পীত জ্ডানী, জুরিই সেহে;
চম্চম্চম্, কাস্তার নিগম,
ভালার মাঝারে তুমি ও কেছে?
ছাড়িছ তান, ভরিয়া প্রাণ

ঝ্যক ঝ্যান, বিজ্ঞানে চান,
ত্বাকুল প্ৰনে সে ধ্বনি টুটি ।
আকুলি দিক্, উথলি দিক্,
উঠিছে উঠিছে উঠিছে গান;
চোক্ গেল যা, (নিষাদে সে রা)
যড়জ হইতে চড়িয়া তান।
প্রবহ প্রনে, বিস্তৃত বিজ্ঞান,
ভ্রেম্বরত ভোমারি ব্ব;
জীবিত যেন, নিশীধে হেন,
ভূমিই প্রাশি ভোমাতে স্ব।

ৰিজয়ী বেশ খাসিছ দেশা, প্ৰভাবে জগৎ আয়তি নিয়ে; আদেশ বায়, কম্পিত বায়,

প্রতিনাদে দিক্ উঠিছে চিয়ে ।

ঙ্গোহা---

ধন্যরে পাথি, কিবা এ দেখি. কোথা বা ভুই লঘু'ত সেই,

কোথা সে কণ্ঠ, জীণ সে কণ্ঠ, নিনাদে ভারি কি চমক এই ?

লমু সে কার, দেখা না যার, প্রভাবে সে তার ভগৎ টুটে.

কৌণ হণ ছাড়ি, উঠি তান-কারী আবহ প্রদেশে খেচছায় ছুটে!

আহা ——

বেই কঠ সে, কীণ তম সে,
হউক না কেন হউক সে যত,
সংস্থানে হেন, না দিবে কেন,
বিজয়ী তানের মাধুরী এত ?

নাহি সে শেহ, অপর কেহ, কেবল সে তুই জগৎ আর,

, নিশীপি আজি, ঘটকী সাজি, মিলায়েছে বর ভোরে সে ভার।

हांडेट्ड मिक्, शूडली मिक्,

জীবৃস্ত বরণে চিত্রিত ধেন, নিম্পান ভোর, প্রেমেডে ভোর,

অবাকু অবশ দেখি সে হৈন।

পাতার পুঞ্জে, হৃদ রু কুঞ্জে,
দাধার দাপটি বাঁদিরা তোরে,
আবেশ পবনে, শীৎকার সনে,
থর থর সীধু তুহিন ঝোরে।
আহা———

क्षांन कर्श्व (म, क्षोंन उम (म, इडेक ना (कन, इडेक ना यड,

मःशास्त (इन. ना नित्व (कन,

হুদি ভেদী-তান মাধুরী এছ।— . জগতের প্রেম. ভাবনার প্রেম,

মনসিজ যাহা স্থপন বাজী,

প্রতাক্ষ তাই, দেখিতে পাই, উথলে স্বরগ ভোতে সে আজি।

জাহা——

ধনা রে পাঝি, ভাজাজি কি দেখি, তুইই ভাগাধর জগতে একা;

দেখিনি যা, দেখালি তা, - অনস্ত প্রেমের মিলন দেখা।

আঃ, রে সাম শান্তি! কে লঘু ভোর, কে কুল ভোর

क्षु वपू तह जूहे (त **क**कहे;

তুই সে শক্তি, ্ লয়ু সে শক্তি।
অথণ্ড বিলয়ী আজি এ দেখি।

े श्रीदांगह**सः मृत्यां**भाषाांच ।

बीबा वाह।

পঞ্চদশ শতাকীর মধ্যভাগে মীরা বাইর কার্য্যপরস্পরা, অনির্ব্ধচনীয় দেবভক্তি ও অনির্বাচনীয় স্বার্থত্যাগের একটা জলম্ভ मृष्टीख । भीता वारे व्यवना-सन्देशत व्यथ-কারিণী ও অবলাস্থলভ কমনীয়তা প্র-ভূতি গুণের আম্পদ হইয়াও যেরূপ ক ঠোর ব্রতথর্ম প্রতিপালন করিয়া মানসিক দুঢ়তার পরিচয় দিয়াছেন, তাহা মনে করিলে হাদয় ভক্তি ও প্রীতিতে উছলিয়া উঠে। य नकन कामिनी कूनवध् नारम পরিচিত, যাহারা ক্লেশের সামান্য এক-টুকু আঘাত পাইলেই হুগ্ধফেননিভ পর্যাঙ্কে বাতত্লিত লভার ন্যায় তুলিয়া পড়েন, যাহাদের নবনীত নিশিদ দেহ তপ লের এক-টুকু তাপেই উনিয়া পড়ে, যাহাদের নিকট নিদ্রার নাম পরিশ্রম, আল্সোর নাম উৎসাহ, এবং নিক্সা হইয়া থাকার নাম স্বার্থত্যাপ, ভাষাদের সহিত মীরা বাইর অনেক প্রভেদ। মীরা বাই ঈশ্বর-ভক্তি ও ঈশার-প্রেমের নিমিত্ত যেরূপ কঠোর ব্রত প্রতিপালন করিয়াছেন, স্ক্প্রকার ভোগ হথে তাছিলা দেখাইয়া মৃর্তিমতী সারসভী শুক্তির ন্যায়, বেরপ তদগত-চিতে সীয় বর্ণীয় দেবভার গুণ গাঁন कतिशाहिन, व्यवा-श्रक्षाहित्व (म्रज्ञ ७-शचि-धर्ष थात मृष्टिशाहत स्त मा। निम्नति-थिक विवेदन शार्क (मुद्दे जिमद्रनिर्देश ए ভক্তিপরামণভার বিষয় কুপঞ্চিৎ অস্থমিত 17 美国大学的 医眼球毒素

মীরা বাই মেরতা নামক একটী কুল রাজ্যের ভানৈক রাঠোর-বংশীয় রাজার কনা। মীবারের রাণা কুন্তের সহিত তাহার বিবাহ হয়। কুন্ত ১৪১৯ থী-ष्टारम भी वादात देशकिक शनिएक आद्रा-হণ করেনা মীরা অর্পযুক্ত ব্যক্তির इट्ड পড़েन नाई। माइम. भग्नेक्स छ শাসন-দক্ষতায় কুস্ত মীবারের ইতিহাসে স্বিশেষ প্রসিদ্ধা যে গৌরবস্থ্য কাগার নদের তীরে অনন্ত-প্রসারিত শোণিত-দাগরে নিমগ্নপ্রায় হইয়াছিল, ছুরস্ত পাঠান-রাহুর পরাক্রমে যাহার প্রচণ্ড কিরণ অন্ধ-কারে পরিণতি পাইয়াছিল, রাণা কুস্তের শাসনপ্রভাবে তাহা ধীরে ধীরে সমস্ত মীবার আলোকিত করিয়া তুলে। কুন্ত প্রায় অর্দাতাকীকাল মীবারের সিংহা-সনে অধিষ্ঠিত থাকিয়া অনেক সংকার্য্যের অফুষ্ঠান করেন। তিনি অসামান্য পরা-ক্রমে ও অসামানা সদাশয়তায় তৎসম-कानीन অনেক রাজাকে অধ্যক্ত করিয়া ছিলেন। থিলিজি বংশের অত্যয়ে কয়ে ক্টী মুদ্দমান রাজ্য শিলীর অধীনতা-मुख्यम উচ্ছেদ করিয়া সম্প্রধান হইয়া উঠে। ইহাদের মধ্যে মালব ও রাটের অধিপতি সমবেত ইইয়া কুজের विकर्ण अञ्चार्थिक रायम। ३६८० औ-होट्स मामरवत विद्यीर्थ स्थाप्तरत देखा পক্ষের ঘোরতর যুদ্ধ হয়। বুভ এক नक रेगना ए हरू में एक रहीत नाइस्या

ভাহাদিগকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া খীয় রাভধানী চিভোরে প্রত্যাগমন ক-রেন। এই যুদ্ধে মালবের অধিপতি রাণা কুস্তের বন্দী হয়েন। কুম্ভ পতি, ভ শক্রর প্রতি অসৌজন্য দেখান নাই | তিনি বীর-ধর্ম ও বীরপদ্ধতি অসুসারে সমরে দীকিত इहेबाहित्वन, विक्रवाचीत श्राम नाट्यत আশায় অতুল পরাক্রমের নহিত প্রাণপণে युक्त कतिशाकित्तन, शतितार विकशी ए-हेशा (महे दीतथर्णात व्यवमध्यमा करतम नोहे. जवः वीत-शक्छित शीववहाती हरमन নাই। কুম্ব মালবের অধিপতিকে অনেক অর্থ দিয়া বন্দিত্ব হইতে বিমৃক্ত করেন। **बहे कार्या कुरख**त अकिंगिक राजान वीर्या वखा ध्यकाम शाहेर छह, अनामिरक रमहे-রূপ সৌজন্য ও সদাশয়তা পরিস্কৃট क्ट्रेटक ।

टमशा-(क वन রণদক্ষতা ইয়াই নিরস্ত হয়েন নাই। তিনি মিবারে অনেক গুলি জয়স্তম্ভ ও অনেকগুলি शिति-वर्ग निर्माण करतन। भीवात ब्रक्तार्थ যে চৌরাশীটা হুর্গ নির্মিত হয়, তাহার মধ্যে চৌত্রিশটী রাণা কুম্ব সংগঠিত ক-(त्रन, कुछ-मित्र (প্রচলিত নাম কমল-মিয়র) রাণা কুস্তের অসাধারণ কীর্তিস্তম্ভ। এই दुर्ग भक्तममधित अएछमा वनिता চিরকাল রাজস্থানের ইতিহাসে প্রসিদ্ধ। द्रांगा कुरखद खन (जीवर किरन धरे সমস্ত কাৰ্যোই পৰ্যাবদিত হয় নাই। স্থবি-चान क सक्ति विवास छ। होता भाषिक ना । हेहा श्रीवेदगिन्नी व्याक्ष्मणीय व्यक्तिपणि क्ल्पिक व्यादिक व्यादिक व्यादिक विवादिक व

कुछ वामन कविकृत नितामनि कन (मार-র প্রণীত গীতগোবিন্দের একথানি টীকা প্রস্তুত করেন। वह जिका वक्रा সচরাচর পাওয়া বার না। যাহাহউক, সৌভাগালন্দীর মীরা বাই কিরূপ ক্রোডে সমর্পিত হটয়াছিলেন, আমরা তাহাই পরিস্কৃট করিবার নিমিত্ত এই স্থোদ্ধা, সুরাজ ও স্থবিদ্বানের বিষয়ে এতকথা কহিলাম। মীরা বাই পতির এই সৌভাগ্য শ্রীর কতদুর অংশভাগিনী হইয়াছিলেন, এক্ষণে ভাহাই বিবৃত इटेडिड ।

छक्ति समरग्रत मधीवनी मंकि। ক্ষণকালের তরেও ভজির কার্যা স্থাগিত र्य, তাহাহইলে ছদম বিশুদ্ধ বুস্কচাত কুস্থমের নাায় নিভাস্ত শোভাহীন হইয়া পড়ে। ভক্তি নিয়ত উর্দ্বগমিনী। গতিও **উ**थान विषय हैश क्णाना (क e व्यथ:-ক্লত করিয়া থাকে । যাহার হাদর সর্বাদা ভক্তিরসে পরিপ্লাভ থাকে তিনি মানব হই য়াও দেবলোকের পবিত্রতম ক্থ সভোগ करतन धवः मखा इहेबां अभव सन-ভোগ্য পৰিত্ৰ সুধার त्रमायोग পুথিৰীতে যাহা কিছু স্থ-शांकन। म्मृत, यादा किছू बदलायम् याश किंद्र श्रीजिलात छ १ ममून इ এক ক্ৰে প্ৰথিত ছইয়া নিম্নত ভাহার **श्वा क**िया शास्त्र। छक्ति कथन्छ क्षान व्यक्त शार्वक शहर कम्बिक हम

जीवन (छाविनी। यथार्थ छक्तिमान वाकि কখনও নীচতা ও হীনভার কর্দমে নিময় थारकम ना । छांहात समझ वीहि-विस्त्रा-**७** मृना फ्रब्ह मिना कारू वीत नाम निर्मन ও कमनीय थारक। जिनि समत हृषिण প্রভাত কমলের মনোহর মাধুরী দেখিয়া বেরূপ পরিতৃপ্ত স্থা হয়েন, সেইরূপ অনস্ত জড ভগতের অনস্ত শক্তির বিকাশ দেখিয়াও সুখী ও পরিতপ্ত হইরা থাকেন। ভরজায়িত সাগরের অট হাস্য, মেঘ शंहेत्क्व अशाह नीविमा, ज्यान নি:স্ত চল সৌদামিনীর অপূর্ব বিকাশ, উত্ত স শৃঙ্গপোতী ভূধর মালার গন্তীর पृष्ठा. मिश्रमाहकात्री मार्वानम এवः श्रमञ् ঝঞ্চাবায়ু প্রভৃতিতে তাঁহার হুদয় সেই অনস্ত শক্তির অনস্ত লোভের মিশিরা বার। ভিনি সংসীরী হটয়াও যোগী, মানব इटेग्रां अ एक्ट वाक्यां मी এবং সংস্থার সমৃত্রের নগণ্য জল বুদ্বুদ্ . হইয়াও মহারসী শক্তির অবিতীয় অবল-ध मध्र क्रशंक ध कीवलांक्र क्रिक विकाल **তাহার** ल्ला मखरव ना।

যথার্থ ভক্তি এইরপ পবিত্র ও অনবল্য, বথার্থ ভক্তি নানবের হালর এইরাঝ
উচ্চতম প্রায়ে সমায়ত। ভক্তি অনেক
বিষয়ের দিকে প্রথাবিত ছইরাঝাকে।
ইহার মধ্যে দেবভার কিকে নে ভক্তি
প্রধাবিত হর, মীরা নাই ভাহার অন্যই
সকলের নিকট শ্রমা প্রতীতির পূলার্কনি
লাইতেছেন। দেবভক্তি অপুর্বন্ধ পরি-

পূর্ণ ও অস্থলরকে সৌলর্ব্যের রেখা পাতে স্লোভিত করে। মনুষ্য এই অভ্তগতে ক্ষতৰ জীব। প্ৰতি মৃহুর্তেই ইহার अञ्चित्र अञ्चादित विज्ञांश्या स्वरम इहेटड-एक। अनिविध (यमन कियु किन) कतियां क्लाधित धानस वाति वाभित সহিত মিশিয়া যায়,উর্মিমালা যেমন গৌর-বে কিয়ৎক্ষণ বক্ষকীত করিয়া জলগভে বিলয় পায়, বিজ্ঞালত। যেমন মাত্র প্রভা বিকাশ করিয়া নবজ্ঞলধর পটলে অন্তৰ্ভিক হয়, নখর মানব ও সেই রূপ এই নখর জগতে কিয়ৎক্ষণ লীলা করিয়া কালের অনস্ত স্রোতে হইতেছে। অপূর্ণ অস্থায়ী জীব ভক্তির माशार्या महस्क्रहे (महे भदिशूर्व मिक्किनानम পরাংপরে সংযতচ্তি হইয়া পরিদৃশামান সংগারের নিজের অন্তিত্বের অস্থায়িত্ব ভাবিয়া মনুষ্য আপনা হইতেই অনস্ত শক্তিমান দেবতার শরণ লয়. এবং এই দেবভক্তির ৰলে সৌন্দর্য্যের উচ্চতম গ্রামে আরোহণ করিয়া পবিত্র আনন্দের রসাম্বাদ, করিতে शांक । क्य निशंत्र नां देकर विद्या দেয় না, তথাপি এই ভক্তি উদ্ধে উড্ডীন रहेशा मञ्चारक উচ্চতम वत्रीय स्वर-**जांत श्रक्तश किसांग नियां किस करन।** विषया गाधना वनवजी हर, वदः वह कनारे जनगा मरीयनी स्त्र। जबक्रिनी বেমন সাগরের দিকে অবিয়াম-গতি थवाहिक रम ; बीवल छिन्त थवन-(बर्श गांधवा के खन्मां । ट्राइक् श्रव-

মাত্মার দিকে প্রথাবিত হইরা থাকে।
কেহই এই অসীয় ভক্তির গতি রোধে
সমর্থ হয় না। বিনি শক্তিতে অসীম, দয়ায় অসীম, পরিমাণে অসীম, অমীম ভক্তিস্রোতঃ বথন তাঁহাকে পাইবার জন্য
তাড়িত বেগকেও উপহাস করিয়া ধাবমান হয়, তথন সন্ধীর্ণভিত্ন, সন্ধীর্ণকৃতিও
সন্ধীর্ণসিমাবদ্ধ সামান্য মনুবা কিছুতেই
সেই ভক্তিস্লোতঃ আপন ক্ষমতার আয়ত্ত
করিভে পারে না। এরূপ স্থলে মান্বী
শক্তি আপনা হইতেই সন্ধৃতিত হইয়া
আইসে এবং কুর্মের নাায় আপনাতেই
আপনি ল্রামিত হইয়া থাকে।

মীরা বাই এই জীবস্ত দেবভক্তির উৎসাহে পরিপূর্ণ হইয়া সর্ব্ধপ্রকার পা-িথি ভোগস্থু পরিত্যাগ করিয়াছিলেন। বিণাতা যদিও তাঁহাকে সক্ষপ্রকার গুণ-সম্পন্ন ও সর্বপ্রকার ধনসম্পত্তির ভাধি-পতি পতি দিয়াছিলেন, তথাপি মীরার ভাগো রাজ্যের ভোগত্বথ ঘটিয়া উঠে নাই। মীরা নিতাস্ত বিষ্ণুভক্তিপরায়ণা ছিলেন। তিনি স্বামিগ্রে যাইয়া পরম বৈষ্ণবী হট্যা উঠিলেন, এবং আত্মসংযুক্ত ও ভক্তিপরায়ণ হইয়া রণছোড নামক আরাধ্য ক্লফ্র্যুর্ত্তির আরাধনায় রত হট-বোন। কিন্তু এদিকে ভাঁহার স্বামির অ-ন্যান্য পরিবারবর্গ প্রগাঢ় শক্তিউপাসক এত্রিবন্ধন স্থামিগ্রহে গ্র-ছিলেন। নের অব্যবহিত পরেই মীরার সহিত তাঁ-श्री विवास वर्षितिका छे देव है विवास चा-विक्रम् व भीतात स्था मीतात विक्र

উপাসনার বিরক্ত ও শক্তি উপারনার প্রা রন্ত করিতে অনেক চেটা পাইলেন; কিছ তাঁহার চেটা কিছুতেই ফলবতী হইল না। মীরা যে ভক্তির প্রোতে গা ঢালিয়া দিয়াছিলেন, রাজমাতা দে প্রোত নিক্ষ করিতে সমর্থ হইলেন না। এই জনা রাজমাতা মীরাকে গৃহ হইতে নিঙ্কা-শিত করিলেন *। মীরা গৃহ-বহিদ্ধৃত হইলেন বটে, কিছু ভক্তি হইতে খালিত হইলেন না। তিনি যে ব্রতে দীক্ষিত হইয়াছিলেন, প্রপাচ ভক্তিযোগ সহকারে তাহা প্রতিপালন করিতে লাগিলেন। বোধ হয় রাণা কুন্তু মীরার আবাসের নি-মিত্ত ক্ষতন্ত্র স্থান ও ভরণ পোষণের নি-মিত্ত কিছু ভার্যও নির্দ্ধারিত করিয়া দিয়া-

 শ্রীযুক্ত অকর কুমার দত্তকের উপা-সক সম্প্রদারে লিখিত আছে, রাণা মী-রাকে গৃহ হইতে নিষ্কাসিত किस अमिरक कर्लन छेछ निश्चित्राष्ट्रन. রাণা কুন্ত গীতগোবিদ্দের একখানি টীকা-श्रास करंत्रम । किलकाका विविधित লেখকের মতেওঁ গীতগোবিন্দ রাণার প্রিয়তম গ্রন্থ ছিল। রাধা ক্লফের প্রতি কিছু শ্রন্থা না থাকিলে গীতগোবিন্দের প্রতি এতদূর আন্থা ছওয়া সম্ভাবিত নয়। ष्यस्मान इत्र, भीतांत्र खळाहे धर्षाविनात-নিবন্ধন শীরাকে গৃহ হুইতে তাড়াইয়া तिन । व्यथानक छैक्तमन छ छेत्रथ कति-য়াছেন বাজমাজার সহিত বিবাদ হওয়াতে মীরা রাণার অভ:পুর ছইতে ভাড়িত हरम्न ।

ছিলেন। । যাহা হটক. • মীরা স্বামী হইতে শ্বতন্ত্র হইয়া রণছোডের আরা-ধনায় রভ হটলেন। অনেক নিরাশ্রয় বৈবাগী তাঁহার আশ্রয়ে আসিয়া ব স করিতে লাগিল। মীরা এইরূপে নিরা-**अंद्रात व्याश्चिम इरेश म्याधर्मा नताश्ची** কালান্থিত করিতে তপশ্বিনীর ন্যায় লাগিলেন। কিছুদিন পরে তিনি মথুরা ও দ্বারকা তীর্থে গমন করেন। আছে মীরা যংকালে দারকায় ছিলেন, **ज्यात ज्ञाना श्रीय अधिकांत्र टेवस्थ**व-দিগের উপর অত্যাচার আরম্ভ করেন। করেকজন ব্রাহ্মণ এই অব্দরে মীরাকে আনয়ন করিবার জন্য স্বারকায় প্রেবিত হয়। মীরা দ্বারকা হইতে প্রস্থান করি-বার পর্বের আপনার আরাধ্য দেবের নিরুট বিদায় হইবার নিমিত্ত মন্দিরে প্রবেশ ক-রিয়া উপাদনা আরম্ভ করিলেন। উপা-मना मभाक्ष इटेरन कुरुम्खि विशा विভক्ত হটল, এবং মীরা ভাছাতে প্রবেশ করি-বামাত্র উহা পূর্ববং অবিভক্ত হটয়া গেল। এই অৰ্ধি মীরা বাই চিত্রকালের मा हेश्ताक हरेल च खर्हि हरेलन। ष्मगानि भौरादत त्रशहाफ नामक कृष-মৃত্তির সহিত মীরা বাইর পূজা হটয়া थारक। कियमखी अक्रेश निर्मा करत (य, এই शृष्णा तगरहार के कारांद्र मीता বাইর অন্তর্জানের শ্বরণস্থাচক বাতীত आत किहूरे नरह,। कथिङ , आरह, भीश बाहे श्रीत हेडे (एवडाव निक्छ धाई (भ्य বিৰায় প্ৰাৰ্থনার নিষিত্ব নিয় লিখিত ভাবে

ত্টী পদ রচনা করেন:-

১ পদ। "রাজন্ বণছোড়। স্বারকার আমার স্থান দাও, এবং জোমার
শভা চক্র, গদা, পদ্ম বারা যমভয় নিবারণ
কর। তোুমাব পবিত্র মন্দিরে নিভা
শাস্তি বিরাজ করিতেছে, এবং ভোমার
শভা ও করন্তালধর্বনিতে পরম আনন্দ বিদামান রহিয়াছে। আমি আপনার
রাজা, সম্পত্তি, পতি প্রেম সমুদয়ই বিদজ্জন দিয়াজা। ভোমার দাসী মীরা ভোমার শরণার্থনী হইয়া আদিয়াছে তুমি
ভাহাকে সর্বভোভাবে গ্রহণ কর।"

২ পদ। "তুমি যদি আমায় নির্দোষ
জানিয়া থাক, তবে গ্রহণ কর। তোমাবিনা আমায় দয়া করে এমন আর কেহ
নাই। আমাকে কমা কর। কুধা, ক্লান্তি.
উৎকঠা, ও অন্তিরতায় যেন আমার শরীর ভগ্ন না হয়। ুহে মীরা-পতি। হে
প্রিয় গিরিধক! মীবাকে গ্রহণ কর। তোমার সহিত যেন আর কথনও আমার
বিয়োগ না হয়।"

(উপাসক সম্প্রদায় হইতে উদ্ধৃত।
এই পর্যন্ত মীরা বাইর পরিচয়।
অভাগা দেশের দেংফেই হউক, অথবা
কোন বিপ্লব-ঘটনাতেই হউক, মীরা বাইর
কোন ধারাবাহিক জীবনচরিত বর্তমান
নাই। এক্ষণে মীরার সম্বন্ধীয় প্রায় সন্মন্ত ঘটনাই উপকথায় পর্যাবসিত হইয়াচে। মীরা পরম ক্ষারী ছিলেন
সৌন্ধ্যা সরিমার ভৎকালো প্রায় কেহই
তাহার তস্নীয়া ছিল্লা

म्हित भीमर्था व्यरभक्ता क्षरमद्भव भीमर्था অধিক ছিল ৷ তাঁহার ষ্টুবু পরিচয় পাওয়া গিয়াছে তাহাতেই ঈশ্বরভক্তি জীখরপ্রেম ও স্বার্থত্যাগের জ্লাজ্জলামান চিক্ত পরিদষ্ট হয়। মীবা দেবভক্তির নি-মিত্ত অতুশ রাজত্বত্ব ও অতুল ভোগ-বিলাস পা দিয়া ঠেলিয়াছিলেন। ইহার জনা তাঁহার কিছুমাত্র মনঃকোভ উপস্থিত হয় নাই। প্রগাত সাধনা ও প্রগাড় তপ-সাায় ঠাচার ছাদ্রে অফুক্ষণ প্রিত্র আন-লেব ভ্রক্ত জীড়া করিত। খীরা বাইর অন্তর্দ্ধনেঘটনা যদিও নিরবচ্চিন্ন কল্লনা-মলক ও অবিশাসযোগ্য, তথাপি উহা জাঁচার উৎকট সাধনার পরিচয় দিতেছে। বজাত: মীরা বাট যে আপনার সাধনায় अत्मकाः ए प्रमिश्व इहेब्रोहित्नन, उधि-ষয়ে সন্দেহ নাই। এই সাধনা ও তপ-সারে জনাই তিনি আল পর্যান্ত অনেকের নিকট দেবীভাবে পূজা পাট্যা আসি তেছেন।

মীবা বাই স্থকবি ছিলেন। বাঁহার ফদর ভক্তির প্রবাহে উচ্চ্ লিত হয়, কবিভার মোহিনী নাধুরী সহজেই উাঁহার
দিরাম্ম শিরার সঞ্চারিত হইয়া থাকে,
পবিত্র ভক্তির মহিমার নীরার কবিভাও
হিমাচল-নি:সভা পবিত্র সলিলা আক্ষবীর
ন্যায় অবিরল ধারায় নির্গত হইত। মীরা
বাইর রচিভ পদাবলি অনেকে আদর পুক্ষিত্র প্রহণ করিয়াভেন। নানকপ্রী ও
ক্ষিরপন্থী প্রভৃতি ক্ষুসন্দ্রদায়ের উপাক্ষাণভক্তি মধ্যে ভারার অনেক সীভ

পাওয়া বায় । ৢয়ঢ়নালৈপুণা বাতু তৈ মীরা বাইর সংগীত শান্তেও অসাধারণ পারদর্শিতা ছিল। কথিত আছে, স্প্রেসিদ্ধ
মোগল সমাট্ আকবরসাহ মীরা বাইর
অসামানা সংগীত শক্তির বিধরণ শুনিয়া
প্রিসিদ্ধ সংগীতবিং ডানসেনকে সঙ্গে লইয়া উাহার নিকট গমন করেন, এবং
ডদীয় কোমলকপ্রবিনিঃস্ত সময়ুর গীতাবলি শ্রবণ করিয়া পরম পরিভোষ প্রাপ্ত
হয়েন। ভক্তমালপ্রান্তে লিখিত আছে
মীরা বাই আকবর সাহের সমকালে বর্ত্তমান ছিলেন। এই নির্দ্ধেশ সমীচীন বোধ
হয় না।

মীরা বাইর নামে একটী স্বতন্ত্র সম্প্রদার বর্তমান আছে। এই সম্প্রদায়ের
বৈষ্ণবেরা মীরা বাই এবং উাহার ইউদেব
রণছোড়কে বিশিষ্ট ভক্তি ও শ্রদ্ধা করিয়া
থাকেন। মীরা বাই সম্প্রদায়কে বল্লভাচারী সম্প্রদায়ের একটা শাখা ব্লিলেও
বলা যায়।

সীরা বাইর ক্বত অনেক গুলি পদ আছে। আমরা এই ছলে একটী উচ্চৃত করিলাম। ইহাতে তাঁলার প্রগাঢ় ঈশ্বন-ভক্তি ও ঈশ্বপ্রপ্রেমের পরিচয় পাওয়া যাইবে।

"মেরে গিরিধর পোপাল দ্সরো ন কোল। বাকে শির মৌর মুকুট মেরে পতি সেল ॥
কৌজভ মণি কওপানক উরসি দেশ জোল।
শহ্ম চক্রে গদা পদ্ম কওমাল সোলী ॥
বৈজে আই উজি ভানি যুক্তি দেখি মোল।
আঁহিলান জল সীচি সীচি প্রেম বীজ

সাধুন্ সঙ্ ইবটি বৈটি লোক লাজ খোল ।
আবতো বাত ক্ষল গলী জানে সব কোল ।
প্রেমকী মথানী মণি যুক্তি সে বিলোজ ।
মাথন স্থত কাড়ি নেত ছাঁছ পিয়ে কোল ॥
রাজন মর জন্ম নেত সবে বাত হোল ।
মীরা প্রভু লগত লগী হোনি হো সো

" গিরিধর গোপালই আমার; দি তীর কেহ নাই। বাঁহার মন্তকে ময়ুবমুকুট তিনিই আমার পতি। তাঁহাব গলার কৌস্কভ মণি ও বক্ষঃস্থলে ভৃগুপদ চিহ্ন দেখা বায়। তিনি শহ্ম, চক্র, গদা ও পদ্ম ও কণ্ঠমালার স্থাণোভিত। আমিতো ভক্তি জানিরা আসিয়াছি। যুক্তি

দেখিরা মুশ্ধ হইয়াছি। অঞ্জেশ সেচন
কবিরা প্রেমবীজ বপন কঁনিয়াছি; দাধুগণের সহিত উপবেশন কবিয়া লোক
লক্ষা ক্ষয় করিয়াছি। এখন তো কথা
প্রোচার হইয়াছে, সকল লোকেই হানে।
প্রেমরূপ মন্থনদণ্ড দ্বারা যুক্তিপূর্বক মন্থন
করিয়া আমি মখিন দ্বত বাহির করিয়া
লইয়াছি, যে হয় ঘোর খাক্। রাজগৃছে
জম্ম গ্রহণ করিলে সকল ক্রথ সভ্জোগই
হইতে পাবে ॥ কিন্তু প্রভূব প্রেতি মীবার
প্রেমান্ত্রাগ হইয়াছে; ইহাতে যা হবার
তা হউক। "

উপাদক সম্প্রদায় চইতে উদ্ধৃত। শ্রীরঃ

আমাদের আর কি আছে!

ভাবতের স্কর্তবাক্শক্তি সম্বাদ-পত্রসম্পাদকগণ প্রস্তাব শীর্ষে "আমাদের
ভার কি অছে '' দেখিয়া মনে মনে
বলিবেন, "আমাদের আর কি আছে; ''
রাজকার্যাদির স্বাধীন সমালোচনা-রূপ
যে,অন্ত লইয়া ভারতের হিতত্রত সাধনে
প্রস্ত হইয়াছিলাম, তাহা অক্সাৎ ভাকিয়া গেল। ভাকিয়া বাইবে কে মনে
করিয়াছিল; ভারতের উল্লভিয়োত এরূপে প্রতিহত হইবে কে জানিয়াছিল;
ভারত-বক্ষে অক্সাৎ এ বক্সপাত হইবে
কে ভানিত ? শাসন-প্রণালীর দোষগুণ
ক্রিম্পন এবং উচ্চভারে, উত্তেজিত করিয়া

নিতেজ ভারতবাসিকে মহুষাত্ম উরয়নের স্বাধীনভাই আমাদের সর্বস। প্রভৃত-বলশালী রাজা ত্র্বলের এই সর্বস্বাপহরণ করা মহন্ত্রবিহীনভার পরিচায়ক বলিয়া মনে করিলেন না। উনবিংশ শ্রুভালীর সামাবাদা উচ্চমনোভিমানী ইংরেজ ব্বিজ্লন না, তৃংধীর ক্রন্দনের, উৎপীজ্তের আর্ত্রনাদের, অধংপতিতের উয়তি-চেটার স্বাধীনভা মাহুষের প্রাকৃতিক স্বস্থ; ব্রিলেন না ক্ষমভার অযথাবাষহারে তৃংধিনী ভারতের আল কি সর্ব্রনাশ সংঘটিত হইল; ব্রিলেন রা ক্ষহতরোপিত বৃক্ষের জীবনবান্ধির উৎশ্ব এক চুৎকারে

एक कतिया सिया कि কিনিলেন—অন্তপ্তিভ ভারতসন্তানকে পূর্ক গৌরবে উঠাইতে গিয়া যে অক্ষয় কীর্ত্তি স্থাপিত করিভেছিলেম পলকেব মণো ভাল কিজপে বিনষ্ট ক্রিলেন। यकर्त्तरा-मण्णामन कना (य भक्ति लहेश কাৰ্যাক্ষেত্ৰে অবতীৰ্ হট্যাছিলাম, ভাহা হাবাইলাম। আমাদের আব কি আছে; আমরা কি লট্য়া জীবন ধাবণ কবিব? –ভাবতের করপীড়িত দ্রিক্ত প্রজা-সমূতের হ্বদয় নিম্পিষ্ট করিয়া এই বাক্য প্রতি-হাদয়ের তুঃখনিঃখাসে প্রতিধ্বনিত প্রতি क्रमग्न काँमिया উঠিবে. প্রভিন্ন বলিয়া উঠিবে, নির্জ্জনে যাতা বলিয়া কতবার ক্রন্দন করিয়াছি, কে खाझ म्लंहे कविया (महे कथा बनारक व-দিল: এ চিবছ:খীর মন্ত্রপীড়ায় পীড়িত কোন ব্যক্তি আজ সকলের নিকট বলিতে উপস্থিত, 'ভারতের প্রজার অনস্ত চু:খ, ভারতের প্রকার সোপার্জ্জিত অর্থ পর-अप्र-वर्कतन्ते निः श्विष्ठ। ভাৰতেৰ প্রজা যাহা কিছু উপার্জন করে তাহা মহাজনের তহবিল-পুরণে এবং জমিদা-রের উদর পোষণেই ব্যয়িত। তাহার আর কি আছে ? দিন দিন ভাহার উপর নুতন কর স্থাপিত করিয়া কেন তাহার मर्पादमना वृद्धि कत्र १ किन डांशक छम-রালে বঞ্চিত কর ?' শীতের শিশিরে, বর্ষার कर्मात्म महीद्रामांशिष धन कतिहा मञ्जक-বেদ পায়ে ফেলিয়া যে সামান্য উপাৰ্জন क्तिमा शांकि डाहा स्ट्रेंटिंड बावात टांडि

वरमत किছ किছ भथकत ना मिल इहेरव নাঃ বৃষ্টি হটলে সিক্ত শ্যাায় শ্রন করা আমার জন্মে ঘুটিল না. আমাকেট আবার প্রকার্য্যের বায়ভাবের অংশ গ্রহণ ক-রিতে হটবে যাহার গৃহে নিতা ছার্ডিক বিরাজমান, ভাহাকেই আবার ভাবী হ-র্ভিক্ষ নিবারণ এবং গত ছর্ভিক্ষের ব্যয়-मकुलान कतिवात जना ताजरकारयत अर्थ বৃদ্ধি করিতে হটবে: স্ত্রীপুত্রদিগকে ষে অর্দ্ধার দিয়া জীবিত রাখিতেছি, সেই অর্দ্ধানার চলতেও আবার কিঞিৎ কমা-ইতে হইবে। ইহার উপর আবার নিতা-ভক্ষক ছুৰ্বলপীডক জমিদার রক্ত শোষণ করিতেই আছেন। বিধাত: ; সুপীর স্থবৰ্দ্ধন জনাই কি তৃমি অসুথীকে সৃষ্টি করিয়াছিলে? ধনীর ধনকোষ পূর্ণ করি-वांत सनार्ट कि निधनोत अम् रहेशाहिल ? वलभानीत वल श्राह्मा जना है कि इन्स्ल-স্ষ্টির প্রয়োজন ব্ঝিয়াছিলে?"---ক্ষীণবৃদ্ধিবৃত্তি বীতভোগস্পৃহ গতকার্যা-भक्ति ভারতবৃদ্ধগণ ভাবিবেন, উ।হাদের नमशः शै कान वाकि लाज आर्यापर्गत উাহাদেরই হু:থের কথা বলিতে উপস্থিত। মনে মনে বলিবেন, " আমাদের আর कि चाट्ह ?' (योवत्नत वृक्ति नाहे, योव-त्नत्र म्लुश नाहे, योवत्नत्र मंख्नि नाहे; আর দেরপ হথের আকাজ্ঞা,যশের লিপুদা কর্তব্যের জ্ঞান খাস্তরকে উৎসাহিত করে ना, कार्या, ध्वतृष्ठि खंगात मा। रशेवश्य যে জ্ঞান উপাৰ্জ্জন করিয়াছিলাম, তাহার कामत त्योवत्न है किन ; अथन कात छाहा ह

मिक्रण जानव नारे, छादाव मिक्रण कार्या-কারিতাও নাই, বৃদ্ধির্তির অধরতাঙ जित्ताहिक इंडेबाट्ड। टगोवटन द्यक्र छेदगार्वत महिक कार्या धावत हरेमाहि. कार्या श्रावृष्ठ रहेश रमक्रश श्र्भाकृष्ठव कतिश्रोष्ट्," कार्या त्मक्रश छे प्राह आत হয় না. সেক্লপ সুধ আর অমুভৰ করিতে পারি না ৷ যৌবনে কত কি আশা করিয়া-ছিলাম, কত কি করিব ভাবিয়াছিলাম ! যাহা করিব সংক্র করিয়াছিলাম, তাহা कतिवात्र कृत्याश हरेल ना : यांश हरेत व्यामा कतियाहिलांग छात्रा त्मिर्ड शाहे-लाम ना। कार्यात चात मंकि नार्टे: चा-भार मक्लाका मध्यक चार विश्वाम नाहे। छः (थरे अमा शहन कतियाहिनाम, इः १४)रे बीवन (भव इठेल । आभा भून इटेल ना বলিয়া, আকাজ্ঞা পরিতৃপ্ত করিতে পারি-লাম না বলিয়া, চিরকাল আত্মসতে विकेष्ठ शांकिनाम विनेत्रा. य अन्ति आ-जन्म स्नि एक हि, धर्म ६ ति स्मार मन প্রাণ বিদ্যু হইতেছে ;-- পুড়িতেছি কিছ क्रामंत्र माजा पूर्व अथन इ स्व नाई विन-बारे दुबि मुबिए हि ना। এই अभीम इ:-(भव कीवान कीश्रवा पत मुश्रम्पान (व किह्न माखि शाहेजात, रामवञ्चनात्र जाराटक अ বঞ্চিত্ত হইয়াছি। স্ক্রিয়াৎ ভারতের ধাংস गःगाधिक प्रदेशांव स्वाहे वृश्वि क्रक्रिक-बाउ-(बारण अवर अमार्किशंत कावक मित्रव-क्षित अभीकि वरेएक्ष । बाबाना कुकि-(क्षत्र कहान करन हरेएक क्षत्री लाहेटकटक प्राथीम भारति विवय शक्त-स्वारत्व स्वायन

अनाजिठाम वधा करेमा विनाम खांछ हरे-তেছে।"-- वञ्च डः आर्यामर्भन वास्त्रिः विरम्दित वा जन्म नात्रविरम्दा कृःदश्त কথা লইয়া ফ্লাজ সাধারণ-সমক্ষে উপন্থিত नहर । এই विजीर्ग छात्र छ-महामाभारत আত্মসত্বোধসম্পদ্ধ স্বজাতি-গৌরব-জ্ঞান-সম্বিত প্রত্যেক আর্যাসন্তানের ক্রদ্য ধে व्यनत्त शतिमध इटेटिड्ड. त्य कः १४ व्य-তোক হিন্দস্থতের অদয় দেহ অর্জরিত করিতেছে; আমরা আজ আবার সেই অনলের জালা ছদয়ে ধরিয়া, সেই ছঃথের অঞ্জ চক্ষে করিয়া, ভারতবাসীর নিকট দগুরমান। আজ আবার আর্যাসস্থানের निकरे (गरे ख्रांत ख्रनख छः (श्रम कांग्रा कैं। पिट श्रवुखा कानि ना कैं। निशं नाक कि. कानि ना कांप्रिया (कान फल पहेंदर কি না জানি না কত দিনে ভারতবাসী ভারতজনরের এ অনল নিবাইতে চেষ্টা कतित्व। क्षमय-त्वश् मस्त्रण कतित्क भाति ना. छाटे काँपिए विश्वाहि, मात्राविनी আশার কুহকে না ভুলিয়া থাকিতে পারি ना, जारे डाहात मुद्र निनाद्यत अक्षुतामी হুইতেছি। ভারতবাসীয় এ অনম্ভ ছ:-(अब कोबरम जाया खेतीन त्य किन निका-शिष्ठ इटेरन, कीवन-अमीश निर्वाणिक कता तिहे जिल आत महाशांश विकास कविटक शांतिय मा ।

ভারত-গৌরব আর্যজাভির কি জিল না ? বল বল, বীর্যা বল, সার্ক্ বুলে।— বীরোচিত এ সকল অবেদ্ধ কোন্ ভবে আর্যজান্তির সমক্ষা বিলিত ? একজা

वल, खकाि छिम वल, खालभानू तांग वन ;-- कोन् ममा देकान् त्नरण हिन्तु-জাতি অপেকা এ সকলের উজ্জলতর पुष्ठी छ पुष्टिशां इत इरेबा छ ? ज्ञान नन, ধর্ম বল, নীতি বল, -পৃথিধীর কোন্ জাতি এ সকলে পূর্বতন আর্যাগণকে অতিক্রম করিতে পারিয়াছে ? সাহিত্য वन, मर्भन वन, अक्ष्माञ्च वन; - देशा কোনটিতে হিল্জাতি অনাগাতি হইতে ন্যন ছিল ? সভাতা বলঃ রাজনীতি বল, সমাজতত্ত্ব वल :-- এ সকলের অনেক বিষয়েই কি পূর্বকালীন আর্যাগণ, এখনও পৃথিবীর উপদেশ-স্থল নহেন ? কোন্ বিষয়ে আর্যাকাতির গৌরব ছিল না ? কোন গুণে আর্যাগণ জগতে পূজিত না হইয়া:ছলেন ?

কতিপয়মাত্র व्यागायकान প্রথমে পঞ্নদ প্রদেশে অবস্থান করেন। এই অলসংখ্যক আর্যায়ত ভারতফেত্রে ক্রমে কি কীর্ত্তি স্থাপিত না করিয়াছিলেন ? কোন স্থের অধিকারী না হইয়াছিলেন ? उৎकालीन आर्यानिरगत स्मोर्या, अधाव-সায়, একতা, স্বজাতিপ্রেম, স্বদেশারুরাগ প্রভৃতি গুণের আলোচনা করিলে, বিশায়ে পूर्व इट्रेंड इस् । अगाधात्रण माहम, आ-कर्या अक्छाब्यन, अपूर्णम वीवष हिन ৰণিয়াই, কৃতিপন্ন মাত্র আহা অহার-আক্সাধিষ্ঠত এই ভারতভূমে একাধিপত্য श्वालिक अविदेश भारिताहित्यन ; मनागरी ভারতভূমির একেশ্বর হইতে কুত্রবার্থা वर्षेश्वीदाशन । सिविस्त्री (तरे पार्था-

জাতির সম্ভানগণের আজ কি হীনাবস্থা! কি কলম্বিত জীবন! আর্যাস্তান আজ বল-বীর্যা-বিহীন ভীক্ষত্বভাবসম্পন্ন বলিয়া জগতে ঘণিত। ভারত-সম্ভান আজ তে-জোহীনতার প্রতিমূর্ত্তি, একভাবিহীনভার উজ্জলতম দৃষ্টান্ত। আর্য্য বীরগণ ! এক সময়ে তোমরা ধীরদর্পে পদভরে পৃথিবীকে বিকম্পিত করিয়াছিলে; আজ ভোমা-দের সম্ভতিগণ পরপদতলে দলিত, মফু-ব্যন্থ-বিহীন কাপুরুষ বলিয়া পৃথিবীসমীপে ঘুণিত। আজ তোমাদের কুসস্থানগণ পৃথিবী হু সকলেরই নিন্দাবাদে তিরস্কৃত, সকলেরই পদাবাতে অবনত। স্কাণে ইংরেজজাতি ভুবনবিখাত, খ-জাতিপ্রেমে ইংলগুবাসীর ন্যায় পৃথিবীতে আজ দিতীয় নাই। আজ তিনশত বংসর হইতে চলিল, ভারতবাসী এই ইংরেজের নহবানে রহিয়াছে, আজ কিঞ্চিন তিন-শত বৎসর ধরিয়া, ইংরেজ হিন্দুসন্তানের শিক্ষক স্বরূপ ভারতে অবস্থান করিতেছে। किन्तु हिन्दू मञ्चान देश्दा छ नाश्यात्र, हेश्दास्त्रत वीवायत, हेश्दास्त्र अक्षांत्र, हे: द्वाद्वत्र श्रमाजित्थात्मत क्लामाज्य শিথিতে পারিল না। ছন্তর সাগরপার হইতে এই একতার, এই জাতীয় সৌহা-ক্রে অমুকরণ-আদর্শ ভারতবাদীর গুছে আসিয়া উপন্থিত, তথাপি ভারতবাসী নিশ্চিত নিরুদাম। ভারত সম্ভান। সমুধে अप्रेम के काम निष्य निष्य के अपन कि ममान ना निश्रिक, अक्डारकमान छेनकांक्षिण हो विद्या ७१व

জীবিত রহিয়াছ কেন ? আধানামের কলম বুদ্ধি করিতেছ কেন ? স্থণিত জীবন হইতে মরণ কি সহস্রগুণে আদরণীয় নহে ?

জ্ঞান-ধর্মনীতির জনা পূর্বকালীন আ-র্যাগণ এখনও অগভীভলে পূজিত; এখনও তাঁহাদের জ্ঞান-ধর্মনীতি পৃথিবীর পণ্ডিত মগুলীর নিকট অতি আদরের সামগ্রী। আর্যা ঋষিগণ জ্ঞানের অনস্ত উৎস: আর্যা ধর্মের বিস্তীর্ণতার পরিমাণ করা তুঃসাগা; আর্থা-নীতির গঢ় তাৎপর্যা ধিনি বৃঝিয়া-ছেন, তিনি সনিমায়ে আর্য্যবৃদ্ধির প্রশংসা না করিয়া থাকিতে পারেন না। সস্তান জ্ঞান-ধর্মানীতি-বিষয়ে যদিও পূর্বন-গৌরব একেবারে হারাইয়াছেন, তথাপি আর্যাগৌরব বাঁহারা হৃদয়ঙ্গন করিতে পারিয়াছেন তাঁহাদের নিকট তিনি স্থণার পাত্র নহেন। পূর্বপুরুষের তে গৌরবের बना हिन्दू गञ्जान व्यापत्तत व्यवां गा इहे-য়াও পরকর্ত্তক আদৃত, হিন্দুসম্ভান নিজে সেই গৌরবের আদর করিতে শিখিলেন না, যে গৌরব হারাইয়াছেন ভাহার পুন-क्षांद्रत जना यज्ञवान् इटेटलन ना ।

দেবভাষা হিন্দুজাতির মাতৃভাষা। আর হিন্দুসন্থান সেই দেবভাষার পরিশীলনে বিরস্ত। সংস্কৃত থাহার মাতৃভাষা আর ভাহার নিকট সংস্কৃতের আদর নাই, আরু সংস্কৃতের আদর ভিন্ন দেশে। সংস্কৃত এখন আর হিন্দুল ভাষা নহে, সংস্কৃত এখন জারাহিন্দুল ভাষা নহে, সংস্কৃত এখন জারাহিন্দুল ভাষা নহে, সংস্কৃত এখন জারাহিন্দুল ভাষা আম্মাণুজাতি আরু বিশ্বিশ্ব ভাষা আম্মাণুজাতি আরু

ভারতীয় হিন্দুগণ প্রাকৃত আর্য্যসন্তান নহে —ইহাই প্রমাণ করিতে স্মগ্রসর। সংস্কৃত সাহিত্য সম্পূর্ণ পরিরক্ষিত হয় নাই। যবন-হস্তে ইহার অনেকাংশ ধ্বংস প্রাপ্ত হটয়াছে। তৃথাপি কোন্ জাতীয় সাহি-তোর তুলনায় লংস্কুত সাহিত্য নিকৃষ্টণ গ্রীকেব হোমার গোমানের ড্যান্তি, ইংরে-জের মিল্টন যে সকল মহাকাবা রচনা কবিয়া গিয়াছেন, কাদের ভারত, বালুমী-কিব রামায়ণ, ভাষা অপেকা উৎকৃষ্টভর মহাকাবা। " যে সেক্ষপিয়র ইংরেঞ্জি সা-হিত্যের গৌরবস্থল, যে গেটি জন্মাণ কা-বোর চরম শোভার সৃষ্টি করিয়া গিয়া-ছেন, ভারতের কালিদাস সে সেক্ষপিয়র নে গেটি অপেকা নান নচেন। সংস্কৃত দর্শনের ন্যায় ব্যাপক দর্শনশাস্ত্র আর কুত্রাপি দেখিতে পাওয়া যায় না। রোপীয় আধুনিক দার্শনিকগণ যে সকল তত্ত্বে আবিষ্কার করিয়া যশের উচ্চ শি-থরে, আরোহণ করিতেছেন, সংস্কৃত দর্শন অমুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় সেই সকল তত্ত্ব কত শত বৎসর হইডে কোন না কোন আকারে আবিষ্ণত ছইয়া বহিয়াছে। আঁগ্ৰাতি গণিত-শাস্ত্রে সর্বাগ্রগণ্য। আর্যান্ধাতিই গণিডের প্রথম স্থা, আৰ্য্যজাতি হইতেই পৃথিবীর গণিত শিক্ষা। ইউরোপে যে জ্যোতিষের এন্ত উন্নতি হইয়াছে, তথাপি শত শত বৃৎসর शृद्धं वाहीन सरिशन त्याबिर्विष्याक (य-क्र क्रिकि क्रियाहिएक, अधने शा-कांका शिक्कांगरक खाद्या त्मिता निका

चार्याशंग (य मक्न (च्या-তিষিক ছাত্তের আবিষ্কার করিয়াছিলেন, বহুচিন্তার উদ্ধাবিত, বছ বত্নে স্থানিশিতি यञ्जनिहासत्र वावहादि अथन 'दक्वन सह পুনরাবিভার সকল তত্ত্বের माळा। न्या दिस्स, এই दिस्स शिवदिहैन করিয়া প্রাহগণ স্ব স্থ গতিপথে অনবরত ভ্রমণ করিতেছে; পৃথিবী গোলপিও এবং শুন্যে অবস্থিত; পৃথিবী চতুর্দ্ধিকেই আ-কাশ-বেষ্টিত, স্থতরাং পৃথিরীর পড়িবার স্থান নাই: পৃথিবীর আকর্শন-শক্তি আছে বলিয়াই শুন্যে নিকিপ্ত বস্তু ভূতলে প-**जिज इम्र,-- अ मकल नुजन कथा नाह**; এ সকল সভ্যের প্রথম আবিষ্কার ইউ-রোপে হয় নাই। হিন্দুপঞ্জিদিগের নিকট এ সকল সভ্য অবিদিত ছিল না ; এ সক-नहे डाँहां बानिएक। व नकन विमा -বুদ্ধিত আমাদের নাইই, আমাদের শ্লাঘা कतिवात (य धरे मकन शोतरवत कथा রহিয়াছে তাহাও আমরা জ্ঞাত নহি।

ষার্থত্যাগ এবং পরহিতপ্রতে জনসাধারণের হুণবুদ্ধি করিবার ইল্ছা যদি
সভ্যতার উচ্চতম লক্ষণ হয়, তাহা হইলে
হিন্দুজাতির ন্যায় সভ্যজাতি এখনও
পৃথিবীতলে জয় প্রহণ করে নাই। প্রাচীন আর্যাগণ স্বার্থত্যাগ ইতদ্র করিতে
শিধিয়াছিলেন, ইতদ্র করিতে পারিতেন,
আধুনিক সমাজনিচয়ের কুজাপি নেয়প
সাধিজালের ক্ষতা দেখিতে পাওয়া বার
না প্রার্থিতে জনাই জীবন ধারণ,
বৈ কার্যালং বিশ্বাস ক্রিভেন, জীব

माटकरे नत्राक्षकान, य चारात्रन कर्मवा বলিয়া মানিতেন: সেই আৰ্যালণ যে মানব প্রকৃতির পশুভাবকে সম্পূর্ণ পরা-অর করিয়াছিলেন, দৈব ভাব যে জাঁছা-म्त अत्नक मृत अधिकृष्ठं इहेश्राहिन. তাহা কে অস্বীকার করিতে विथाा रेश्टब मार्गीनक मिन मान-বোরতির যে করিজ চরমের জন্য भिनात्क मर्स्काक कवि विनिद्या निद्याहरून, হিন্দু সস্তানের যে এত দূর অধঃপত্ন रहे बाट्ड ज्थां शि हिन्तु-क्षत इहेट उन्हें কলিত "চরমের (Beau ideal) এখনও সম্পূর্ণ তিরোহিত হয় নাই। এখনও হিন্দু মতে জীব মাতেই দয়া প্রকাশ, মহুষা মাত্রেই ভাতভাব, ধার্মিকতার পরাকাঠা। সেই হিন্দুলাভি আৰু অসভ্য বলিয়া পরিচিত, সভাতা জানেন না বলিয়া, সেই হিন্দু সম্ভানের আজ সভ্য সমাজে মিশিবার অধিকার নাই। প্রাচ্য নুপতি-গণ প্রজাপীড়ক এবং যথেকাচারী বলিয়া क्षशंक वांका-मामन-विषय স্বেচ্ছা মত কার্য্য করিতে পারেন বলিয়া, ক্ষগণ এথনও সভানামের সম্পূর্ণ যোগ্য नरह ; ब्रिकिंग ब्राष्ट्रा ध्वर व्याद्यविकांत मिमिनिक लातन-मगृह **श्रिकामीधात्रर्वत्र** गठ अहर भातिक हम बिना, और हुई त्रात्यात व्यक्षिमानिशन म्लालात के ल शत्न व्यवश्रित , त्रोक्डिश नर्शाक्षत स्थापित, मकरणक व्यक्ति मुगान नाव का बहारतह, wavis alout, wallene elweibn STEET STATE FRANCE

প্রবৃত্ত; জন্যান্য সভ্য দেশের ভূপজিপন. वाधीय ভাবে চলিলে, বেকাচারী-সহিষ্ণ প্রজাগণ কর্ত্ত পাছে পদচাত হয়েন এই ভাৰিয়া ভার বিব্রভ। পুরা-ভন ভারত বাজভৱে শাসিত হইত বটে, কিছ সে রাজভন্তে এরণ অন্তর্থ-চিন্তার কারণ কিছুই ছিল না। হিন্দু-রাজতন্ত্র প্রণালীতে গঠিত হইয়াছিল। হিন্দুরাজাগণ প্রজার স্থপ-চিন্তাভেট ব্যাপু-ভ থাকিতেন, প্রজার স্থবর্দ্ধনের চেষ্টাই क्रमां कर्खवा कांच विश्वा मत्न कति-তেন। হিন্দু নুপতিগণ দেবতার ন্যায় প্রস্থা শাসন করিতেন, ভাই প্রস্থাগণ তাঁহাদিগকে দেবভার নাায় ভক্তি ক-রিত। প্রজাপীড়ন কাহাকে বলে হিন্দু রাজাগণ জানিতেন না, রাজার প্রতি অভক্তিও ছিন্দু প্রভাগণের নানে স্থান পাইত না। সমাজ-তত্ত্বের অঞ্জতা জন্য-ও हिम्मू-नमांक नामांकिक सूर्य विकेष्ठ ভিল না।

দকল বিষয়েই, হিন্দুজাতির গৌরব ছিল, এখন কোন বিষয়েই নাই। কুক্ল-ক্লেড যে জাতির রণভূমি, কর্ণার্জ্ন যে জাতির বীর-পুরুব, সেই জাতি জাল গুরুপ্রালনের বছির্নমনেও ভীত, সেই লাভি আল সীণিলিকা দংশনেও আছিয়, শক্ত-শল্ভলে ধলিত হুইলেও নির্মাত্ ও বিশ্চল। যে জাভির বিজ-রণভ্যা একনিন পুরুব আমেরিকা হেলে-ও উদ্ধান বুইরাজিক সেই জাভিয় স্বার্থ বিজ্ঞান বুইরাজিক সেই জাভিয়

हेक्चा त्महे विसन्न-भाजांका छेक्चाहेद्वरक, डीशांख काशाव अत्मना द्वाध माहे. व्यानिक नारे, প্রতিরোধের ইচ্ছা নাই। रा कां अकिनन वीतमार्श ममस शृथि-बीदक विकल्लिक कतियाहिन, दनहे साछि बाब এक बन वीत्र शुक्ष (पश्चित करा विक्विष्ठि। (य क्वित्र करमक कन माज जाम्हर्या युक्क-(कोभारन धरे विश्वीर्ग ভারতভূমে অকাধিপতা স্থাপিত করিয়া-ছিলেন, সেই জাতির কোট কোট লোক আৰু আত্মরক্ষায় অসমর্থ। যে জাতির বীরত্বের নিকট এক দিন সমস্ত পৃথিবী অবনত হইয়াছিল, সেই জাতি আজ সকলের চরণ-ভলে ৷ যে জাতি এক দিন ভারতকে জগতের শিরোভূষণ করিয়া স্থদেশামুরাগের পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন, সেই জাতি আজ আত্ম-स्थितियात्र निमयः, स्टाम्टल विकादिक छेनात्रीन। (य काञ्चित क्षत्रज्ञानकत्र धक नमरत्र चकाछि-त्थामत मृत् वस्तान धक হাদরের নাায় কার্যা করিত, যে জাভির এक अद्भारत शास्त्र (कह आचां कि कितान, সমস্ত কাতি বীরদর্শে গর্জিয়া উঠিত. সেই জাতি আৰু আপন ভাতাকৈ শক্ৰ-शनकरण मणिक कहेरक स्विट्यं दिवना (वाध करत ना, श्राष्ठिकात-वामनात छेएछ-ক্ষিত ছয় না। যে ভাতির ক্লানের विश्व कारणाह्या कविरत श्थिवीत शिक्ष यक्नीत्क निष्ठक हरेल हन् हन्हें का-किंद महामनन जान वर्षमाक्रामिक्रीम । त्र वाकि का नाम अपन श्विते।

धर्मामिकारकत्र शाम व्यथितावन कत्रिया-ছিল, শাকাসিংচ শক্ষরাচার্য্য প্রভৃতি যে জাতির ধর্ম-প্রচারক, সেই জাতি সভ্য-भन्द्र विकाश श्रीत याखक शब भन्द्र-मिका প্রদানে প্রয়াসী। যে জাভির প্রাত্যহিক জীবনের প্রত্যেক কাজের সহিত নীতির সম্বন্ধ, শত্রুকেও অন্যায় উপায়ে পরাভূত করা যে জাতি অধর্ম বলিয়ামনে ক-বণিক মুখে রিত, আজ হইল সেই জাতি নীতি-বিরহিত, জাল, মিথা। বাবহারাদি সেই জাভির আত্মর-ক্ষার এবং পরানিষ্ট্যাধনের অন্তম্বরূপ। রামায়ণ মহাভারত, শকুস্তলা উত্তর-চ-রিত যে জাতির কাব্য-গ্রন্থ; ব্যাস বাল মী-বে জাতির কি, কালিবাস ভবভৃতি কবিরত্ন, সেই জাতির কবিগণ আজ ইং-রেজ কৰির অন্নকরণে প্রবৃত্ত, ইংরেজ কবির নাম অভিহিত ठ हे त्म পুলকিত-চিত্ত। গৌতম কণিল প্রভৃতি মে জাতির দার্শনিক, আজ ইউরোপীয় দর্শনশাস না হইলে সেই জাতির দর্শন जिका क्या ना । ভামরাচার্যা আহাভট-প্রভৃতি যে জাতির জাতির্বিদ্রণ. শেষ ভাতির জ্যোতির্বিদ্যার পঞ্জিকাগণনে, সেই জাতির জোতিয়-শিক্ষা इंडेटबाणीब : **ब्यालियक** . खद्दशार्ठ । एव জাতির ভাষরাচার্যা সর্ব্ধপ্রথমে নাধ্যা-অৰ্থণ আবিকার করিরাছিলেন, সেই জান कित माथा कर्न- निका- एव मिडि हेटन त करा-প্ৰজন-বিচাৰ । তেওঁ জাতিৰ জন্ম-ভূমি সঞ্চ जनात रिक्नन-जृति, जीमानकीत जीमा

হাল, নেই ছাত্তির সন্তানগণ আ্ফ বিদার जना भन्नभूथारभक्ती, त्महे खांडीक बननी-কুল আজ অনক্ষর অজ্ঞান। যে জাতি এক সময়ে জগতের সভ্যভামার্গের নেতত্ত্ব অধিষ্ঠিত হইয়াছিল, সেই ধ্বান্তি আজ অগতের নিকট অসভ্য বলিয়া পরিচিত। যে জাতির ভূপতিগণ প্রজারঞ্জনার্থ স্বীয়া প্রিয়তমা ভার্যাদিগকেও বনবাস দিতে কুটিত হইতেন না. আজ সেই জাতির তর্লমতি কর্ত্তবাজ্ঞানবিহীন ক্রর-২তার জন্য কারাবাদ করিতে হয়। যে জাতি এক সময়ে গগনস্পৰ্লী হিমশৃঙ্গ-বং উচ্চে অবস্থান করিত, আজ নেই জাতি ভূকেক্স-স্পাৰ্ম-প্ৰয়ামী মহাময়ক্ত-বং গভীর পতন-থাতে পতিত। জাতি এক সময়ে রাজরাজেখারের পদে অধিষ্ঠিত হুইয়াছিল, আৰু সেই জাতি পথের ভিথারী। যে জাতির মাতৃভূমি त्रज्ञ-श्रमविनी विषया ज्वन-विशाज, आक সেই জাতি অল্লের কাঙ্গালী। আর त्र कर्व नारे. त्र चर्डन नारे. त्र जीम नाई, त्र काल्यिया नाहे : त्र कार्यावीत्रष नारे, आर्या-मारम नारे, आर्याकां जित्र श्रामाञ्चात्र नाहे, श्रवाञित्यम नाहे; कार्गमञ्जान काम वीत्राष त्मरकार, मा-হনে ভীরতার প্রতিশবা আর নে বুহুস্তি নাই, সে অত্তি নাই, সে আর্থা-कान नाई. ता आर्था-विकासाई : असी-न्यान वाक कर्यराकाना विशेत, स्थापान मस्ति पांच विद्या विभारामा । भार त्म काशिक्षाम आहे दम अनुक्रि मार

সে গৌতম নাই সে ক্ণাদ নাই, সে थना नाहे ति नोनावजी नाहे; त आंधा-कविष नारे। आर्या-मार्गनिक-अञ्चनकान माहे, तम व्याची-द्रमणीतज्ञ नाहे; व्याची-সস্তানের আবল কবিছ-প্রকাশ কুৎসিত-नांहेक लावश्रत धरः मर्मन-श्रीशान जान-নার যথেচ্ছাচার সমর্থনে, আগানারীর व्याम खन्थकां क कन न-क तरन वादः शृह-विष्ठिम-मः घछेता। जात तम ताम नारे, সে যুদিষ্ঠির নাই; সে আর্গ্য-রাজনীতি নাই, সে আর্য্য-নাায়পরতা নাই; আর্যানারীর আর সেরপ আদর নাই, দেরপ মান भगाना नाहे; आगामशानगन व नकनहे হারাইয়াছেন। আর দে আর্ঘ্য-গোরব নাই, সে আর্যান্ত্রখ নাই, সে আর্যা শান্তি নাই; আর্থা-সম্ভান আজ অধঃপতনের শেষ দীমায় উপনীত, আর্যানেরবস্থা আৰু একৈবারে অস্তমিত। হুর্ভাগ্য ভারত-वांनीत अपृष्टे कि तम स्पांत प्रतक्षत ঘটিবে না ? জড়প্রকৃতি ভারতসন্তান কি त्म म्टर्गात भूनकम् । तिथिवात ८५ छ। क-রিবে না ? আর্যা-সন্তান আর জড় পদার্থ व উভয় চিরকালই कि এক অর্থে বাব-ছাত হটবে? রোম গ্রীদের অধংপতন হ্ইয়াছিল, তাহাদের পুনক্থান হইল;

বনপ্ৰকৃত্বাসী কত অসভাজাতি পাজ সুসভা বলিয়া পরিচিত; ভারতই কি কেবল চিরকাক এই ঘুণিত অবস্থায় থা-কিবে? ভারতেরই কি কেবল হুর্ভাগ্য ইছ-कत्य पूर्वात ना १ इड़ाशा ! 'এই विस्तीर्व পৃথিবী-তলে ভোমার ক্রীড়াম্বল কি আর মেলে না ? তোমার কার্য্য-ক্ষেত্রের কি ইহ জ্যো পরিবর্তন হইনে শা ?—ভারত-বাসি ! পৃথিতী পর্যাবেক্ষণ করিয়া দেখ, क आज हेक शाम उठिए गाइड नार ; কে আজ ছাতীয় গৌরব স্থাপনে ব্যগ্রণা প্রকাশ করিতেছে না। দেখ, তোমাদের নাায় নিশ্চেষ্ট, নিশ্চল, স্জীবভাবিহীন জাতি পৃথিবীর আর কোন দেশে দেখিতে পাও ? ভাতৃগণ ! সিংহের সন্তান ইইয়া আর কভদিন শুগালের বেশে ভীবন ধারণ করিবে? দেবসন্তান হইয়া পশুবৎ নি-কুষ্টভাবে আর কতকাল থাকিবে ? এক বার ভাবিয়া দেখ কি ছিলে কি হটয়াছ! দেখ, দেবকান্তি উজ্জ্বল মুখ কতদুর বিকুত হইয়াছে। আর উদাসীন থাকিবার সময় নাই। ভ্রাতাকে ভাল বাসিতে শেথ; তুঃখিনী জন্মভূমির মুখে। জ্বল করিতে যত্বান হও। শ্ৰীলোকনাথ চক্ৰবন্তী।

(योग।

(পুর্ব্ব প্রকাশিভের পর।)

খেলিরা সর্বপ্রকার যোগসাধনাতে বেমন সোমরস সেবন করিয়া শরীরস্থ যাবতীয় রোগ বিনষ্ট করিয়া বলির্চ শরীর দৃঢ় কায় শ্রীমান্ আঃমুখান ও নিরোগী হন, সোমাভাবে পার্থিবামৃত সেবা করিতে পারিলেও সোমসেবার কতক ফল লাভ করিয়া থাকেন। পার্থিবামৃত শব্দে যে জল ব্রায় তাহা অমরকোষাভিধান আর ঋক্রেদে বিবৃত আছে।

পর: কিলালমমূরমিতামরকোষ:॥
অপুস্তবমৃত্মপৃস্থ ভেষজমপৃস্থ ভেজঃ
প্রশন্তরে দেবা ভবত বাজিন:। ৠক্বেদ
। ১।২৩। ১৯॥

অর্থ। কলের মধ্যে অন্মৃত ঔষধ ও তেজঃ পদার্থ আছে। অতএব প্রোকিত সকল আপনারা সত্তর হইরা জলের আরা-ধনী কক্ষন।

্জপ্ত মে সোমো অত্তবীদস্তবিশ্বাদি ভেৰজা অগ্নিফ বিশ্বশস্তবং আপশ্চ বিশ্ব-ভেৰজী: ॥ ১। ২৩। ২০।১১। ব।

সোমদেব আমাকে বলিরাছেন বে আলের মধ্যে তাবং প্রকার ঔবর ও অমৃত এবং ডেবাঃ সর্বানা বিদ্যমান আছে। এতারির কল বে পাপনাশক ভাষাও ঐ বেদে লিখিত আছে। বঝা।— ইবসাপঃ প্রবৃত্ত বংকিঞ্চিদ্ধরিতঃ

ववारमञ्जूदान वदा त्वन क्रेकानुकः ॥

वाच 1

হে জল-সমূহ! আষার শরীরে বে কোন পাপ থাকে অথবা যদি আমি কোন লো-কের অনিষ্ট আচরণ করিয়া থাকি, যদি বা সাধু লোককে শাপ দিয়া থাকি, কিমা কোন সময়ে মিথ্যা কথা বলিয়া থাকি সেই সকল পাপ আমার দেহ হইতে দ্র কর। ১। ২০। ২২।

এইক্ষণ কি প্রকারে যোগিদিগের পক্ষে क्रम (मवा हरेशाहि जोशे (मथा यारेटजरह ज्ञात পात कल (यमन (म्वनीय, क्रष्ट-(थों एक (महेक्स विटम्ब श्रास्त्रीय । य-রূপে অন্তর্ধে জি করিতে হইবে তাহার বুতাস্ত বলা যোগিরা ুবান্ধমূরুর্তে গারোখান রাত্রিবাস পরিত্যাগ পরে বিহিতাচমন করত "প্রিয়দভারে শুভে নমঃ" এই মন্ত্ৰ পাঠ পূৰ্ব্বক চরণ ক্ষেপণ कतिरव । भरत "उक्ता मुतातिखिश्रासकाती ভাতঃ শশী ভূমিহুতো বুধক গুরুক ওকে: খনিঃ রাহ-কেন্তু কুর্মন্ত সর্মে ক্ষ खू श्रकांखः "। अहे सञ्च भार्र ७ महार्ष िछा कतिरव। यजार्थ **अहे—एडि विक्रि** थ नःशंत्र कर्छ। (य जन्ता विक निव, न्यातः निवाकत ७ निर्मानाय, आप मजन पूर् पुरुष्णि, श्राक, मनि, बांच, दक्क हेराता भाषात शाम स्थापास समस मधाद कवाम करूत। शाम किलिय कान द्यान हरेगा चात्र किया सक्रिय

ষণা "অহং দেবো নচানো দি একৈবাহং ল শোকভাক্ নচিলানক্ষরপোহং নিতামুক্তস্বভাববান। ' অর্থ । আমাতে যে
আত্মা বিদামান আছেন তিনি পরমাত্মা
ভিন্ন অন্য কিছু নহেন, এতাবতা আমিই
ব্রহ্ম, যিনি কোন খোকে আছেন হন না
আর যিনি সং চিৎ ও আনক্ষ রপ ধারণ
করিয়াছেন, তিনি সর্বাদা মুক্ত-সভাববিশিষ্ট পরব্রহ্ম, তৎপর ঐ পরমাত্মার নিকটে এইরূপ প্রার্থনা করিবেন। যথা "লোকেশ চৈতন্যমন্ত্রাদিদেব প্রীকাস্ত বিফো
ভবদাক্ষরের প্রাতঃ সম্থার তব প্রিরার্থং
সংসার-যাত্রামন্ত্র্যুবর্ত্রিষ্ক্যে"।

হে লোকেশ হে চৈতনা দেব হে
আদিকারণ হে শ্রীকাস্ত হে বিফ্লেব
আমি আপনার অফুজাক্রমে আপনার
তৃত্তি জনা সংসার যাত্রা নির্কাহার্থ নিযুক্ত
হইলাম। অর্থাৎ নিয়মসুযায়ি সংসারকার্য্য করিতে প্রাবৃত্ত হইলাম।

পরে নিশাজল অর্থাৎ সন্ধা-সময়ে
কোন একটা পাত্রে জল রাথিরা সেই জল
৪ দণ্ড রাত্রি থাকিতে উভয় বা একটি
নার্থা-রজু দিয়া ক্রমেক্রমে পান করিবে।
তৎপর আর বেন নিজাগন না হয়। পরে
বর্ধন অধিক পরিমাণে জল পান করিতে
ক্রমনার ইইবে তথন ও পান করা জল
হয় বমি না হয় ক্রম-বিশেবেয় বারা গুহা
নেশ দিয়া নিছত ছানে অথবা জল মধ্যে
বিলা নির্গত করিবে। এপ্রকার করিতে
পারিলা অরকাদের মধ্যে কুন্তক করিতে
পারিলা অরকাদের মধ্যে কুন্তক করিতে
পারিলা অরকাদের মধ্যে কুন্তক করিতে

ইডাপিঙ্গলা ও স্থ্যুমা নাড়ী পরিকার হয়। ইহাকে ধৌতি-যোগ বলে।

ক্রমাগত ৬ শীদ কাল এ কার্য্য করিতে
পারিলে নাট্টী-গুদ্ধি হইরা কুন্তক সিদ্ধ হইতে পারে। দিদ্ধ-কুন্তক বাক্তি যতকণ ইচ্ছা ততক্ষণ শাস ধারণ করিয়া নিক্র-বেগে আত্মাতে চিত্ত সমর্পণ করিয়া মানব-জন্ম সফল করিতে পারে। ইহাকেও আত্মমনঃসংবোগ বা সমাধি বলা যায়।

নিশাজল নিয়ম পুর্ব্বি ৬ মাস পান করিলে আরু কিছু হউক বো নাই ২উক শরীর ব্যাধি-বিবর্জ্জিত ও জ্বন্ত পুষ্ট ও শ্রীমান্ও বলবান হইবেই হইবে। শরীর রোগ-শূনা ও বলবান্ হইলে যোগ-সাধনা সহজ হইরা উঠে।

পূর্ব্বোক্ত প্রকারে নিশাজল পান করিয়া স্থান্যাদ্যের পূর্ব্বে বাটীর কিখা বাসার কিঞ্চিৎ অন্তরে নির্জন প্রদেশে পরিক্ত স্থানে বিধিবং মল মৃত্র পরিত্যাগ ও জল শৌচাদি ক্রিয়া সমাপনাজে নদ্যা-দিতে গমন পূর্ব্বক বৈধ স্নান করিবে। পরে প্রাতঃ সন্ধ্যা ও তর্পণ ক্রিয়া সমাপন করত গৃহে কিয়া বাসায় আসিয়া ব্রুষাগ-গৃহে প্রবেশ করিবে।

বোগ গৃহে প্রবেশ করত বিধিমত
পাদ প্রকালণ করত যোগাসনে বসিয়া
পদ্মাসন করিবে। পদ্মাসনের বিষয় পূর্বে
বলাহইয়াছে বলিয়া এখানে বলা ছইবা
না। ভহপর আচমন করিবে।

श्रुक्त कि छेखा मुबीन इट्डा मानक्गा

ইএর ত্রিগুণ কল দক্ষিণ হত্তের ত্রান্ম তীর্থ দ্বারা ৩ বার পান করিবে। পরে হস্ত প্রকালণ করিয়া দক্ষিণ হল্ডের বৃদ্ধাসুঠের व्यत्नाम शृष्ठे बाता व्यत्नामक, अर्थवय प्रे-বার মার্জন করিবে । পরে তর্মনী আর বুদ্ধাঙ্গ ঠের সংযুক্ত অগ্রভাগ উভয় নাগায় স্পার্শ ক্রিবে। তৎপর বৃদ্ধান্তুষ্ঠের ও মধ্যমার সংযুক্ত অগ্রভাগ উভয় চকে, তার পর বুদাঙ্গ ঠের ও অনামার সংযুক্তাগ্রভাগ উভয় কর্ণের মধ্যে, তৎপর ঐ বুদ্ধান্স ষ্ঠের আর কনিষ্ঠার সংযুক্তাগ্রভাগ নাভি-কৃপে ক্পাৰ্শ করাইয়া হস্ত প্রকালণ করিবে। ইহা সংক্ষেপাচমন। ইহার পর প্রাণায়াম।ইহা-র ক্রম পূর্বে বলা হইয়াছে। প্রাণায়ামের সময় যেমন নাসাগ্র দর্শন করিবে তেমনি পূর্ণব্রহ্ম চিম্বা করিবে। ত কারার্থ অতি সহজ ও সামান্য নহে, তবে সামান্যাকারে চিন্তা করিতে করিতে প্রকৃতার্থ অন্তরে প্রকাশ হইতে পারে। ইহার মূলার্থ সত্রজ্পুমো গুণ ৷ বাঁহার ক্রিয়া তাঁহাকে ভাবিবে। অনস্তর যোগী সকল প্রতাহ প্রাণায়ামের সময় স্কুঞ্লিনীকে করেন। ইহা ভান্তিক মত। যোগী প্রকৃতি দেবীকে কুণ্ডলিনী জান করিয়া আপনি अर्थाः असर्भ कीवीत्व क्रश्निमी ভাবিবেন। ইহার প্রমাণ "অনং তাবৎ তথা **करवर"। वर्ष—चा**शनिहे देहे (दर्श ष्टेरव। यात्र नाधना -कातीन करम कारम अर्ज विश्मिति खद्ध मश्झांस ও विश्रम कत्रत्र कीवाचा व तृश्वनिनीत्क धकीकृष

माधा माधक व लका व्याखन थाक ना । धहेन्न हिन्ना यथन यांत्रीह हरेटन, उसन তিনি বাহাজান-শৃনা হইবেন । এই অবস্থার অব্যবহিত পূর্বেষ ইট্চক্র ভেদ করিবে। ষ্টচক্র ভেদ আর ভূত-গুল্পি একই অথ। সেই ভূত-শুদ্ধির সংক্ষেপ বৃত্তান্ত নিমে धामक वर्ग।

মানব শরীর মিশ্রিত পাঞ্চেতিক মাত্র। সেই ভূত সকলের স্থায় ক্ল অংশ একজিত হইলে প্রারক্ত কর্ম বশতঃ পঞ কোষ জনায়া পরমাত্মাকে জাবরণ করিলে লিফ শরীর অর্থাং অবিনাশী অতী স্রিয় শরীর হইয়া সুথ চুঃথ ভোগ করত জীব-मः का धाश हय । हे हा कार्यानितात खान-শাস্ত্রের মত। সেই পঞ্চ কোষ বিলক্ষণা-ক্রান্ত ভোগ দেহের আধার স্ল দেহ। ष्ट्राण (पर्कान जन्दा। निकार पर धनाय-পর্যান্ত-স্থায়ী। সেই পঞ্চ কোয়ের বিশেষ विश्व नाम उ (य त्य कांच त्य त्य कार्या-काती ভাষার বিষয়। ঐ কোষ সকল বিভিন্ন বিভিন্ন থাকার পৃথক পৃথক নাম थाश हहेब्राट्ड। खेषम পार्थिव दकाव। य কোৰ আত্মাকে আৰব্ধ কৰিয়া রাখে ভাৰবি নাম অনময় কোষ । এইরপ অপমাপর ट्रिक कार नक्त्य नाम ग्राम् मत्र (कांग, महतामत्र दकान् विकासमेत्र (कांव, कान्यमत्र टकाव । कामन टकारन श्वन धारे (व देश महीदाक मात्र देखि कहाने, थानमय दकारमञ्जल-न्यानमञ्जलमात मात्र भ तीत मध्यदेव श्रीविक श्रादकः। स्टब्स्यक क्षिको शब्दोशांव विश्विक क्षिएक हर । कथन दिलांव द्वार विश्विष प्रदेश स्त्र अस् अस् भंश खान इहा विखानमह किथा **८ इक्** नत-সংবিবেচেনা করত কর্ত্তব্যাকর্ত্তব্য ভ্রির कता यात्र। व्यानभागा (कांव एक्ट्र क्वन আনন্ত অমূভৰ হয়। क्षे मक्न कांव সলোষ ছইলে বিপরীত ফল জম্মে। দশী শাস্ত এইরূপ বলিয়াছেন। বলেন প্রকৃতি হইতে তাবৎ কার্য্য হয়। দেই প্রকৃতিকে চতুর্বিংশতি তত্ত্ব বিধ্বংস করত পরমাত্মতে বিলীন করিতে পারিলে মোক্ষ লাভ হয়। প্রকৃতির অর্থ কুণ্ড-লিনী কিয়া জীবাত্মা হয়। ভন্ত মতে প্রকৃতি হইতে মহত্তত্ত, মহত্তত্ত হইতে অহঙ্কার, অহঙ্কার হইতে চত্তবিংশতি তত্ত্ব উৎপন্ন হয়। চত্ত্ৰবিংশতি তত্ত্ব হইতে ভৌতিক জগৎ উৎপন্ন হয়। যেমন অমুলোম ক্রমে উৎপন্ন হয়, সেইরূপ বি-लाम करम विनय श्राश्च एय। মতে যোগিগণ যেরূপে কুণ্ডলিনীকে ভাবনা করেন ভাহা বিবুত করা याहेट्डिए। यथा " मृनाधाद मरहाए-भरम अंतर्गक्रा ৰাসস্তবৰ্ণান্ধিতে माक् ट्रमम्हण भन्नारभन्नश्रह नार्क्षिक-ব্ৰতাৰিত। স্থা ত্ৰহ্মময়ী শিবৈকনিলয়া-য়াখা জগব্যোহিনী''।১॥ তন্ত্ৰ দেখ। মূলা-शास्त्र अकारमध्य । महान उद्भारत वर्षाद वक्तर्व हें वर्षक भाषा । भवन निव-मन्ति मृ-बच्च जिद्य । कर्गायाहिनी क्छनिनी । छैदिन निजा एक क्षित्रा छाशास्त्र निक गूरन वज्-सन्भाषा जानसन कतित्व। अञ्चादमञ् । ঋণশ্লাপর পথোর ব্যাক্ত পরে বলা मक्षि के मकन गन गर्म

অবলম্বন করিয়া আছে আর কুণ্ডালনী বাহাতে থাকিয়া বট্পদা ভেদ করতঃ পরমান্মায় মিলিভ হন তাহার ষৎকিঞ্চিৎ বৃত্তান্ত প্রকাশ করা যাইতেছে।

মানব দেহ একটি মেরুদ্ও আশ্রয় করিয়া আছে সেই মেরুর মধ্য ভানের वारम देजा, मध्या ऋबुमा, मिक्करन शिक्रला নামে তিনটি নাড়ী বীণাযম্ভের তারেব न्यांत लक्ष्मान व्याद्ध। त्मरे मध्या नाष्टी স্ব্রমার মধ্যে যে ছিন্ত আছে তাহাতে মৃণাল-তন্ত্র ন্যায় কুঙলিনী ষট্চক্র ভেদ করত ব্রহ্ম-রন্ধে যাতামাত করেন। ইছার প্রমাণ ষট্চক্র ভেদ প্রকরণে। যথা---"ঝিল্লীরবাক্তমধুরং কৃজ্ঞস্তি সততোখিত।"। ইহার অর্থ মধা রাত্রিতে যেমন মনুষ্য পশু शको नकन निर्माय घटिलना हहेता বিলীরব শুনা যায়, তজ্ঞা সুযুমা-নাড়ীস্থ कुलकुखिनिनी आफर्श मधुत विल्लीत्व করত মুলাধার হইতে অনাানা চক্র ভেদ করত সহস্র পদ্মে পরম শিবের সভিত মিলিত হন। যোগিদিগের ইত্যাকার চিন্তাকে কুওলিনী চিন্তা বলা যায়। মের-দত্তকে ৬ ভাগ করিলে যে সকল্প ভাগ হয়, তাহার প্রভ্যেক ভাগের নাম বলা বাইতেছে। প্রথম ভাগের নাম মূলাধার। धरे भूगाधात छशासान, छम्र्य चाधिशान, देश निक्रमृत्न। छन्ट्क मनिश्र, देश ना-ভিতে। छन्दि बनार्ड, रेश खन्द्र। छन्दि विश्वक, देशं कर्श-मृत्म। छमूर्क बाकाचा, हेश जमत्था। अहे मक्त शामाजितिक সহস্রায় সামক জায় এক পরা আছে ভারা

মূর্কতে। এই সকল পালের আকার প্রকার পরে বিবৃত হইবে। কেবল প্রনাজাসযোগিরা যে ষট্চক্র চিন্তা করিবেন এমত নহে, সাধক মাজেরই ষট্চক্র ভাবনা করা নিতান্ত প্রয়োজন।

বর্ত্তমান সময়ে আকাশ-কুস্থম-তুল্য
বট্চক্র চিন্তা করা কি নসন্তন্তর হইতে
পারে ? যে কালের লোক সকল প্রত্যক্ষ
প্রমাণের পক্ষপাতী হইরা বাহ্য-জগতীর
সৌলর্য্যে বিমোহিত তাঁহাদিগের অন্তরে
আধ্যাত্মিক চিন্তার স্থান পাওয়া কঠিন।
যে স্থানের শিক্ষা বলে আধ্যাত্মিক বিষমকে শশ-বিষাণ বলিয়া অগ্রাহ্য করা
হইয়াছে, সেই পাশ্চাত্য দেশের নবীন
বৈজ্ঞানিক পণ্ডিত-মণ্ডলীতে আধ্যাত্মিক
পদার্থের আবিভাবি হইতেছে ইহা দেখা বা
শুনা যাইতেছে। অতীত কালে ভারতীয়
আর্য্য-প্রবর হস্তামলক-নামা একজন

বোপ নাধক মূন ছিলেন। তিনি জগতের
অন্তর্বাহ্য এরপ জাত ছিলেন যে
কোন লোক ধাত্রীফল হচ্ছে লইরা দৃষ্ট
করত তাহার বুবান্ত পরিজ্ঞাত হইতে
পারেন, তত্ত্বপ এই জগতের অন্তর্বাহ্য
ভাবৎ বিষয় জানিতে পারিতেন বিলয়।
ভাবার নাম হস্তামলক হইয়াছিল।

যোগের যে সকল অঙ্গ প্রত্যঙ্গগুলি
বলা হইল সেই গুলি নিয়ম মত প্রতিপালন, আর যে সকল ঔষধির কথা বলা
হইল তাহা রীতি মত সেবন করিতে
পারিলে আধ্যাত্মিক জ্ঞানে বিশাস জ্ঞানি
বেই জ্ঞাবে।

ইতি বেদ ও উদ্রোক্ত যৌগ সাধনা প্রকরণে প্রথম পাদ।

> শ্ৰীকালীকমল সাৰ্ব্ধভৌম।

স্বর-বিজ্ঞান।

আমরা ইতঃপূর্বে ভারতবর্ষের সজীত লাজের প্রাচীনকাল হইতে আধুনিক সমর পর্যান্ত সমুদর বিবরণ সংক্রেপে একটা প্রান্তাবে সমালোচনা করিয়াছি। ভাতির নাট্য ও নৃত্য সম্বন্ধে হুইটা স্বতন্ত্র প্রভাব লিখিয়া প্রকাশ করিয়াছি। একাশ করিয়াছি। একাশ করিয়াছি। একাশ করিয়াছি। একাশ করিয়াছি। একাশ প্রস্কার কঠ-সজীত সম্বন্ধে ভতিশ্ব প্রস্কার লিখিতে প্রস্কৃত হুইলাম। এই সকল প্রায়হে বিস্ত্তপ্রায় খবি-

বিবিধ সম্বত প্রস্থা হইতে সারাংশ সমৃদ্ধ ছ হইবে এবং ইহার আলোচনা হারা পাঠক-গণ ভারতবর্ষের সঞ্চীত পাজের মুখ্য উদ্দেশ্য জ্ঞাত হইতে পারিবেন।

গানকরা মহ্ব্য মাজের প্রকৃতিসিত।
গান মহুব্যের হুবের সাবজী। গীতরস গওপকী প্রভৃতিকেও আর্থ্র করে,
এই জন্মই পণ্ডিভেরা বলিয়াছেন বে—
"শিশুবেডি সভবেডি বৈভিনীতর্মাকেশী"
শিশু, গভ, আনিই কি মর্গ বে এমন ক্রার্থ

লাতি, তাহারাও গীতরপে মুগ্ধ হয়।
"অজাতবিষয়াখাদে। বালঃ পর্যাভ্যশারী য:।
কদন্ গীতামূতং পীড়া হর্বোংকর্বং প্রপদ্

কোন বিষয়েরই আবাদ জানেনা, ঈদৃশ পর্যাক্ষণায়ী শিশুও রোদন করিতে করিতে গীতামৃতে শাস্ত হয় এবং আহলাদে মগ্র হয়।

এই গীতরদ জীব মাত্রের আস্থান্য হইলেও তাহার বিশেষ আছে। যে অংশ উহার বিদ্যা, সে অংশের আহাদ অভিজ্ঞ ব্যক্তি ভিন্ন ভোগ করিতে পারেন না, এবং তক্জন্যই পণ্ডিতেরা নানা গ্রন্থ প্রচার করিয়াছেন যথা—

"ব্রহ্মেশ-নন্দি-ভরত-ছুর্গা-নারদ-কোহলাঃ। দশাস্য-বায়ু-রস্তাদ্যাঃসঙ্গীতস্য প্রকাশকাঃ॥''

-- आपि भंदोदी बका, छ९भद नकी, তৎপরে ভরত, তুর্গাদেবী, নারদ, কোহল, রাৰণ, বায় বা বায়ু-পুত্র রস্তা ই হারা সঙ্গীত বিদ্যার সম্প্রদায় নিয়ত্তল मन्नी छाठाया निगदक हेहाँ निर्शत छान्निक भए। है চলিতে क्षेत्राष्ट्र । नव आहार्यात्रा मनी उ विका-নের কোন নৃতন বীজ সৃষ্টি করেন नाहे, खादामा श्रांडन त्रजी विमादक নানা অগভাৱে ভূমিত করিয়াছেন মাতা। অভি আদিৰ কালের গীত একপ্রকার हिन, ध्यम छोट्टात आकाह भतिवर्त ष्टेबारह । **উद्धार्शकं दुक्ति एव,** পরি-पर्किक रम, देश चकश्रीम वालाम। प्रथम दर्वान क्लन, नमक (चटवन कन्मन),

মৃচ্ছনা (পর হটতে পরাস্তরে প্রবেশ),
কোমল, তীব্র (হিরর), প্রভৃতি নামা
পরিচ্ছদে বিভৃষিত গীত উচ্চারিত হইয়া
থাকে, আদিকালে এরপ ছিলনা । শুর
স্বরকে কিরপে বিক্বত করিয়া ঐ সকল
নূতন নূতন আকার নির্মাণ করা বায়,
তাহার কৌশল্ভ বোধ হয় ভাৎকালিক
লোকেরা জ্ঞাত ছিলেননা । সেই জন্মই
আদিম কালের গান এখন আর কাহারও
চিত্র হরণ করিতে পারেনা ।

আদিম কালে শুদ্ধ স্বর অবল্যন করিরাই গীত হইত। ইউরোপীয় জাতির
গান এবং আমাদের বৈদিক গান তাহার
সাক্ষী। ইউরোপীয়গণ বরং কিছু উরাত
করিয়াছেন, কেননা, তাহারা শুদ্ধ স্বর
ও বিরুত স্বর ব্যবহার করিয়াছেন;
কিন্তু তাঁহারা গমক (স্বরের কম্পান)
কৌশল জানেননা এবং রীতিশুদ্ধ মুদ্ধানাও জ্ঞাত নহেন। আমাদিগের বেদগান আর উন্নত হইলানা, লৌকিক গানই
